Vol. No. 121

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Twenty-Second Session

(November to December Session, 2002)

(From the 9th December to the 19th December, 2002)

(The 9th,10th,11th,12th,13th,16th,17th,18th and 19th December, 2002)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price : Rs. 340/-

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 20,323
Dated 20/02/2014
Call No. 328.541402/U.E.S/L.A/P/2002/V.P.I/C.1
Price/Pages Rs. 340t

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI VIREN J. SHAH

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Buddhadeb Bhattacharjee,** Chief Minister and Minister-in-charge of Home Department, Information & Cultural Affairs Department, Science & Technology Department, Personnel and Administrative Reforms Department, Hill Affairs Department.

2. **Shri Nirupam Sen,** Minister-in-charge, Department of Commerce & Industries, Public Undertakings, Industrial Reconstruction and Development & Planning including Uttaranchal Unnayan Affairs & Paschimanchal Unnayan Affairs.

3. **Dr. Surjya Kanta Mishra,** Minister-in-charge, Health & Family Welfare and Panchayat & Rural Development Department.

4. **Shri Mohammad Amin,** Minister-in-charge of Labour Department.

5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department.

6. **Shri Subhas Chakraborty,** Minister-in-charge of Transport Department, Sports Deptt. and Hooghly River Bridge Commission.

7. **Shri Md. Salim,** Minister-in-charge of Department of Minorities Development & Welfare, Self Employment Scheme for the Urban Unemployed, Department of Youth Services and Technical Education Department.

8. **Shri Kamal Guha,** Minister-in-charge of Agriculture Department.

9. **Shri Biswanath Chowdhury,** Minister-in-charge of Women & Child Development & Social Welfare Department and Jails Department.

10. **Shri Nanda Gopal Bhattacharjee,** Minister-in-charge of Minor Irrigation and Water Investigation & Development Deptt.

11. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Fisheries, Aqua Culture Aquatic Resource and Fishing Harbours Department.

12. **Shri Prabodh Chandra Sinha,** Minister-in-charge of Parliamentary Affairs and Excise Department.

13. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Food & Supplies Department.

14. **Shri Amar Chaudhuri,** Minister-in-charge of Public Works Department.

15. **Shri Goutam Deb,** Minister-in-charge of Housing and Public Health Engineering Department.

16. **Shri Kanti Biswas,** Minister-in-charge of School Education and Madrasah Department.

17. **Shri Naren Dey,** Minister-in-charge of Co-operation and Consumer Affairs Department.

18. **Shri Manabendra Mukherjee,** Minister-in-charge of Information, Technology and Environment Department.

19. **Shri Asok Bhattacharya,** Minister-in-charge of Municipal Affairs, Urban Development and Town & Country Planning Department.

20. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Tourism Department.

21. **Shri Sailen Sarkar,** Minister-in-charge of Food Processing & Horticulture Department.

22. **Shri Satyasadhan Chakraborty,** Minister-in-charge of Higher Education Department.

23. **Shri Amalendralal Roy,** Minister-in-charge of Irrigation & Waterways Department.

24. **Shri Abdur Razzak Mollah,** Minister-in-charge of Land & Land Reforms Department.

25. **Shri Mrinal Banerjee,** Minister-in-charge of Power Department.

26. **Shri Bansagopal Choudhury,** Minister-in-charge of Cottage and Small Scale Industries Department.

27. **Shri Nisith Adhikary,** Minister-in-charge of Law and Judicial Department.

28. **Shri Upen Kisku,** Minister-in-charge of Backward Classes Welfare Department.

29. **Shri Anisur Rahaman,** Minister-in-charge of Animal Resources Development Department.

30. **Shri Jogesh Chandra Barman,** Minister-in-charge of Forest Department.

31. **Shri Nimai Mal,** Minister-in-charge of Library Services Department.

32. **Shrimati Nandarani Dal,** Minister-in-charge of Mass Education Extension Department.

33. **Shrimati Chhaya Ghosh,** Minister-in-charge of Agriculture Marketing Department.

34. **Shri Hafiz Alam Sairani,** Minister-in-charge of Relief Department.

35. **Shri Pratim Chatterjee,** Minister-of-State, Department of Fire Services.

36. **Shri Dhiren Sen,** Minister-of-State, Department of Panchayats & Rural Development.

37. **Shri Susanta Ghosh,** Minister-of-State, Department of Labour, Employment Exchange and Employees State Insurance.

38. **Shri Dasrath Tirkey,** Minister-of-State, Department of Public Works.

39. **Shri Maheswar Murmu,** Minister-of-State, Department of Forests and Paschimanchal Unnayan Affairs.

40. **Shrimati Anju Kar,** Minister-of-State, Department of Municipal Affairs.

41. **Shrimati Bilasi Bala Sahis,** Minister-of-State, Department of Backward Classes Welfare.

42. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State, Department of Irrigation & Waterways.

43. **Dr. Srikumar Mukherjee,** Minister-of-State, Department of Home (Civil Defence).

44. **Shri Kanti Ganguly,** Minister-of-State, Department of Sundarban Development Affairs.

45. **Shri Pratyush Mukherjee,** Minister-of-State, Department of Health & Family Welfare.

46. **Shri Narayan Biswas,** Minister-of-State, Department of Transport.

47. **Shri Nayan Sarkar,** Minister-of-State, Department of Refugee Relief and Rehabilitation.

48. **Smt. Ibha Dey,** Minister-of-State, Department of School Education.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Hashim Abdul Halim**

Deputy Speaker : **Shri Kripasindhu Saha**

Principal Secretary : **Shri Monoranjan Sarker**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Karim Choudhary, Shri (28-Islampur, North Dinajpur)
2. Abdul Mannan, Shri (181-Champdani, Hooghly)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East, South 24-Parganas)
4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar, Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak, Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola, Murshidabad)
7. Abu Taher Khan, Shri (61-Naoda, Murshidabad)
8. Abul Hasnat, Shri (54-Jangipur, Murshidabad)
9. Acharya, Shri Manik Lal (257-Kulti, Burdwan)
10. Adhikari, Shri Sisir (211-Contai South, Midnapore)
11. Adhikary, Shri Nisith (270-Burdwan North, Burdwan)
12. Adhikary, Shri Paresh Chandra [1-Mekliganj (SC), Cooch Behar]
13. Anisur Rahaman, Shri (60-Domkal, Murshidabad)
14. Ankure, Shri Saresh [266-Kanksa (SC), Burdwan]

B

15. Badal Zamadar, Shri (107-Bhangar, South 24-Parganas)
16. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC), Burdwan]
17. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC), Birbhum]
18. Bagdi, Shri Kirity [247-Indpur (SC), Bankura]
19. Bajaj, Shri Satyanarayan (143-Jorasanko, Kolkata)
20. Bakshi, Shri Subrata (111-Bishnupur West, South 24-Parganas)
21. Bala, Dr. Asim [80-Ranaghat East (SC), Nadia]
22. Bandyopadhyay, Smt. Nayna (145-Bowbazar, Kolkata)
23. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipur, Kolkata)
24. Banerjee, Shri Ambica (163-Howrah Central, Howrah)
25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
26. Banerjee, Shri Kalyan (260-Asansol, Burdwan)
27. Banerjee, Shri Mrinal (264-Durgapur-1, Burdwan)
28. Banerjee, Shri Pankaj (150-Tollygunge, Kolkata)
29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC), Jalpaiguri]
30. Vacant (164-Howrah South, Howrah)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

31. Basu, Smt. Manju (132-Noapara—North 24-Parganas)
32. Bauri, Shri Madan [263-Ukhra (SC), Burdwan]
33. Bauri, Shri Ramcharan [249-Gangajalghati (SC), Bankura]
34. Bera, Shri Dipak (203-Moyna, Midnapore)
35. Bera, Shri Nityananda [205-Sutahata (SC), Midnapore]
36. Bhadra, Shri Arup (104-Baruipur, South 24-Parganas)
37. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur, South 24-Parganas)
38. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan, Midnapore)
39. Bhattacharya, Shri Asok (25-Siliguri, Darjeeling)
40. Bhattacharya, Shri Rabindranath (183-Singur, Hooghly)
41. Bhowal, Shri Subrata (279-Purbasthali, Burdwan)
42. Bhowmick, Shri Prafulla Kumar (69-Karimpur, Nadia)
43. Bhunia, Shri Ajit (198-Daspur, Paschim Midnapore)
44. Biswas, Shri Haripada (131-Jagatdal, North 24-Parganas)
45. Biswas, Shri Kaliprasad (184-Haripal, Hooghly)
46. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC), North 24-Parganas]
47. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC), North 24-Parganas]
48. Biswas, Shri Narayan (35-Gangarampur, South Dinajpur)
49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC), Nadia]
50. Biswas, Smt. Susmita (250-Barjora, Bankura)
51. Bose, Shri Subrata (141-Shyampukur, Kolkata)
52. Bouri, Smt. Uma Rani [241-Raghunathpur (SC), Purulia]

C

53. Chakrabarty, Shri Biman (167-Jagatballavpur, Howrah)
54. Chakraborti, Shri Subhas (139-Belgachia East, Kolkata)
55. Chakraborty, Shri Tarapada (252-Onda, Bankura)
56. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha, Nadia)
57. Chatterjee, Smt. Nirupama (173-Bagnan, Howrah)
58. Chatterjee, Shri Partha (113-Behala West, South 24-Parganas)
59. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar, Hooghly)
60. Chatterjee, Shri Rabindranath (280-Katwa, Burdwan)
61. Chattopadhyay, Shri Sobhandeb (149-Rash Behari, Kolkata)
62. Chattopadhyay, Shri Tapas (275-Memari, Burdwan)
63. Chhetri, Smt. Shanta (24-Kurseong, Darjeeling)

64. Chaudhuri, Shri Amar (137-Baranagar, North 24-Parganas)
65. Chaudhuri, Shri Nripen (57-Nabagram, Murshidabad)
66. Choudhuri, Smt. Asima (47-Manickchak, Malda)
67. Choudhury, Shri Bansagopal (261-Ranigunj, Burdwan)
68. Chowdhury, Shri Biswanath (38-Balurghat, South Dinajpur)
69. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur, Bankura)
70. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur, Howrah)
71. Chowdhury, Shri Subhendu [45-Malda (SC), Malda]

D

72. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC), Cooch Behar]
73. Dal, Smt. Nanda Rani [219-Keshpur (SC), Midnapore]
74. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC), Birbhum]
75. Das, Dr. Debesh [154-Taltala (SC), Kolkata]
76. Das, Shri Jagadish Chandra (128-Bijpur, North 24-Parganas)
77. Das, Shri Jajneswar (125-Patharpratima, South 24-Parganas)
78. Das, Shri Nirmal (12-Alipurduar, Jalpaiguri)
79. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC), Murshidabad]
80. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC), Cooch Behar]
81. Das, Shri Ratan (277-Nadanghat, Burdwan)
82. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah, North 24-Parganas)
83. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur, Midnapore)
84. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West, Midnapore)
85. D'Costa Hart, Smt. Gillian Rosemary (295-Nominated)
86. Datta, Shri Binoy (194-Arambagh, Hooghly)
87. Datta, Smt. Tapati (87-Habra, North 24-Parganas)
88. De (Nag), Dr. Ratna (180-Serampore, Hooghly)
89. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge, South 24-Parganas)
90. Deb, Shri Goutam (96-Hasnabad, North 24-Parganas)
91. Deb, Shri Rabin (152-Ballygunge, Kolkata)
92. Dey, Shri Ajoy (78-Santipur, Nadia)
93. Dey, Smt. Ibha (177-Jangipara, Hooghly)
94. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar, Kolkata)
95. Dey, Shri Naren (186-Chinsurah, Hooghly)
96. Dhar, Shri Padmanidhi (166-Domjur, Howrah)
97. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC), Midnapore]

98. Dutta, Shri Gurupada (196-Chandrakona, Midnapore)
99. Dutta, Shri Parash (112-Behala East, South 24-Parganas)
100. Dutta, Smt. Sarmistha (88-Ashokenagar, North 24-Parganas)

G

101. Ganguly, Smt. Kanika (161-Bally, Howrah)
102. Ganguly, Shri Kanti (123-Mathurapur, South 24-Parganas)
103. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC), North 24-Parganas]
104. Ghatak, Shri Moloy (259-Hirapur, Burdwan)
105. Ghose, Smt. Manasi (254-Kotulpur, Bankura)
106. Ghosh, Shri Arunava (138-Dum Dum, North 24-Parganas)
107. Ghosh, Shri Bankim (83-Haringhata, Nadia)
108. Ghosh, Shri Bhakti Pada (286-Dubrajpur, Birbhum)
109. Ghosh, Smt. Chhaya (58-Murshidabad, Murshidabad)
110. Ghosh, Shri Dipak Kumar (204-Mahisadal, Midnapore)
111. Ghosh, Shri Nirmal (135-Panihati, North 24-Parganas)
112. Ghosh, Shri Pankaj (85-Bongaon, North 24-Parganas)
113. Ghosh, Shri Rabindra (171-Uluberia, Howrah)
114. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnanagar West, Nadia)
115. Ghosh, Shri Susanta (220-Garhbeta East, Midnapore)
116. Ghosh, Shri Tamonash (118-Falta—South 24-Parganas)
117. Giri, Shri Akhil (212-Ramnagar, Midnapore)
118. Goala, Shri Rajdeo (160-Belgachia West, Kolkata)
119. Golam Kibria Mia, Shri (64-Beldanga, Murshidabad)
120. Goswami, Shri Subhas (248-Chhatna, Bankura)
121. Guha, Shri Kamal (7-Dinhata, Cooch Behar)
122. Guha, Smt. Sonali (117-Satgachia, South 24-Parganas)

H

123. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar, North Dinajpur)
124. Haldar, Shri Jagaranjan [124-Kulpi (SC), South 24-Parganas]
125. Haldar, Shri Rishi (119-Diamond Harbour, South 24-Parganas)
126. Hamidul Rahaman, Shri (27-Chopra, North Dinajpur)
127. Hansda, Shri Upendra Nath [233-Banduan (ST), Purulia]
128. Hashim Abdul Halim, Shri (89-Amdanga, North 24-Parganas)
129. Hatial, Shri Bhabani Sankar (230-Gopiballavpur, Paschim Midnapore)
130. Hazra, Shri Bankim Chandra (127-Sagar, South 24-Parganas)

131. Hazra, Shri Samar [274-Jamalpur (SC), Burdwan]
132. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST), Purulia]
133. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST), Malda]
134. Hore, Shri Tapan (284-Bolpur, Birbhum)
135. Humayun Reza, Shri (51-Aurangabad, Murshidabad)

I

136. Id. Mohammad, Shri (68-Bharatpur, Murshidabad)

J

137. Jane Alam Mian, Shri (52-Suti, Murshidabad)
138. Jatua, Shri Choudhury Mohan [122-Mandirbazar (SC), South 24-Parganas]

K

139. Kabi, Shri Pelab (262-Jamuria, Burdwan)
140. Kalimuddin Shams, Shri (293-Nalhati, Birbhum)
141. Kanji, Shri Bansari Mohan [121-Magrahat East (SC), South 24-Parganas]
142. Kar, Smt. Anju (276-Kalna, Burdwan)
143. Kar, Shri Jyotirmoy (210-Contai North, Midnapore)
144. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (SC), Bankura]
145. Khan, Shri Kallol (71-Nakashipara, Nadia)
146. Khanra, Shri Saktipada (190-Polba, Hooghly)
147. Kisku, Shri Upen [245-Raipur (ST), Bankura]
148. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
149. Kundu, Shri Ranjit (129-Naihati, North 24-Parganas)

L

150. Lahiri, Shri Jatu (165-Shibpur, Howrah)
151. Lakra, Shri Paban Kumar [11-Kalchini (ST), Jalpaiguri]
152. Lakra, Shri Somra [18-Mal (ST), Jalpaiguri]
153. Laya, Dr. Tushar Kanti (216-Sabang—Midnapore)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong, Darjeeling)
155. Let, Shri Bishnu [290-Mayureswar (SC), Birbhum]

M

156. Mafuja Khatun, Smt. (37-Kumarganj, South Dinajpur)
157. Mahapatra, Dr. Saumen Kumar (199-Nandanpur, Midnapore)
158. Mahata, Shri Abinas (243-Hura, Purulia)
159. Mahata, Shri Khagendranath (222-Salboni, Midnapore)
160. Mahata, Smt. Shamya Pyari (234-Manbazar, Purulia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

161. Mahato, Shri Nepal (237-Jhalda, Purulia)
162. Mahato, Shri Shantiram (238--Joypur, Purulia)
163. Mahbubul Haque (Badal), Shri (41--Kharba, Malda)
164. Mainul Haque, Shri (50-Farakka, Murshidabad)
165. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC), Hooghly]
166. Maity, Shri Ardhendu (208-Bhagabanpur, Midnapore)
167. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST), Purulia]
168. Majhi, Shri Nandadulal [255-Indas (SC), Bankura]
169. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC), Burdwan]
170. Mal, Shri Asit Kumar [292-Hasan (SC), Birbhum]
171. Mal, Shri Nimai (192-Pursurah, Hooghly)
172. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC), Hooghly]
173. Mallick, Shri Jyoti Priya (86-Gaighata, North 24-Parganas)
174. Mallik, Smt. Sadhana (281-Mangalkot, Burdwan)
175. Mandal, Shri Kalipada (172-Shyampur, Howrah)
176. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)
177. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (ST), Midnapore]
178. Md. Salim, Shri (153-Entally, Kolkata)
179. Md. Yakub, Shri (92-Deganga, North 24-Parganas)
180. Mehbub Mondal, Shri (269-Galsi, Burdwan)
181. Mehta, Shri Nishi Kanta (236-Arsha, Purulia)
182. Minj, Shri Prokash [26-Phansidewa (ST), Darjeeling]
183. Mishra, Shri Kashinath (251-Bankura, Bankura)
184. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh, Midnapore)
185. Mitra, Shri Asit (174-Kalyanpur, Howrah)
186. Mitra, Smt. Sabitri (44-Araidanga, Malda)
187. Mitra, Shri Somendra Nath (156-Sealdah, Kolkata)
188. Modak, Shri Dhananjoy (72-Kaliganj, Nadia)
189. Mohammed Amin, Shri (114-Garden Reach, South 24-Parganas)
190. Mojibor Rahaman, Shri (56-Bhagabangola, Murshidabad)
191. Mondal, Shri Biswanath [66-Khargram (SC), Murshidabad]
192. Mondal, Shri Dilip [110, Bishnupur East (SC), South 24-Parganas]
193. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC), South 24-Parganas]
194. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
195. Mondal, Shri Mohan [170-Uluberia North (SC)—Howrah]
196. Mondal, Shri Nirmal Chandra [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
198. Mondal, Shri Tanmoy [91-Rajarhat (SC)—North 24-Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

199. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
200. Mostaque Alam, Shri (42-Harishchandrapur—Malda)
201. Mukherjee, Shri Apurba (265-Durgapur-II—Burdwan)
202. Mukherjee, Shri Ashoke (Gopal) (90-Barasat—North 24-Parganas)
203. Mukherjee, Shri Braja (288-Suri—Birbhum)
204. Mukherjee, Shri Kamal (182-Chandernagore—Hooghly)
205. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Kolkata)
206. Mukherjee, Shri Manas (136-Kamarhati—North 24-Parganas)
207. Mukherjee, Smt. Nabanita (285-Labhpur—Birbhum)
208. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Nikhil (239-Purulia—Purulia)
210. Mukherjee, Shri Pratyush (175--Amta—Howrah)
211. Mukherjee, Shri Sibdas (75-Krishnanagar East—Nadia)
212. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
213. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Kolkata)
214. Mukherjee, Shri Swaraj (179-Uttarpara—Hooghly)
215. Mukhopadhyay, Shri Ashutosh (187-Bansberia—Hooghly)
216. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
217. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
218. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)

N

219. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
220. Nanda Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
221. Naskar, Shri Gobinda Chandra [105-Canning West (SC)—South 24-Parganas]
222. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
223. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
224. Niamot Sk. Shri (62-Hariharpara—Murshidabad)
225. Noorar Rahman, Shri (120-Magrahat West—South 24-Parganas)

P

226. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
227. Pakhira, Shri Manturam (126-Kakdwip—South 24-Parganas)
228. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]
229. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
230. Pan, Shri Bhakta Ram (178-Chanditala—Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

231. Pande, Shri Sadhan (158-Burtola—Kolkata)
232. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
233. Paul, Smt. Maya Rani (63--Berhampore—Murshidabad)
234. Paul, Shri Paresh (159-Manicktola—Kolkata)
235. Paul, Shri Tapas (148-Alipore—Kolkata)
236. Pradhan, Shri D. K. (23-Darjeeling—Darjeeling)
237. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
238. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South 24-Parganas]

Q

239. Qamre Elahi, Dr. (294-Murarai—Birbhum)
240. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)

R

241. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
242. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Kolkata)
243. Ray, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
244. Ray, Shri Nirbed (202-Tamluk—Midnapore)
245. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
246. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
247. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
248. Roy, Shri Amalendralal (67-Barwan—Murshidabad)
249. Roy, Shri Chitta Ranjan [31-Raiganj (SC)—North Dinajpur]
250. Roy, Shri Gobinda (20-Jalpaiguri—Jalpaiguri)
251. Roy, Shri Gokul (30-Karandighi—North Dinajpur)
252. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Lakshmi Kanta [15-Dhupguri (SC)—Jalpaiguri]
254. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
255. Roy, Shri Nripendra Nath (6-Sitai—Cooch Behar)
256. Roy, Shri Samar (46-English Bazar—Malda)
257. Roy, Shri Saugata (151-Dhakuria—Kolkata)
258. Roy, Shri Tapas (144-Bara Bazar—Kolkata)
259. Rubi Noor, Smt. (48-Sujapur—Malda)

S

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]
261. Saha, Shri Pundarikakshya (77-Nabadwip—Nadia)
262. Sahis, Smt. Bilasi Bala [240-Para (SC)—Purulia]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

263. Samanta, Shri Rampada [217-Pingla—Midnapore]
264. Sanatani, Smt. Mina (231-Jhargram—Midnapore)
265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)
266. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
267. Saren, Shri Bhutnath [229-Nayagram (ST)—Midnapore]
268. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
269. Sarkar, Shri Dipak Chandra (4-Cooch Behar North—Cooch Behar)
270. Sarkar, Shri Nayan [79-Hanskhali (SC)—Nadia]
271. Sarkar, Shri Sailen (43-Ratua—Malda)
272. Seal, Shri Sudhangshu (142-Jorabagan—Kolkata)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)
275. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
276. Shamsul Islam Mollah, Shri (73-Chapra—Nadia)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Singh, Shri Arjun (130-Bhatpara—North 24-Parganas)
279. Singh, Smt. Jyotsna [272-Khandaghosh (SC)—Burdwan]
280. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
281. Singha, Shri Sankar (81-Ranaghat—West, Nadia)
282. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
283. Sinha, Shri Probodh Chandra (213-Egra—Midnapore)
284. Sk. Illias Mohammad, Shri (206-Nandigram—Midnapore)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
287. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Town—Midnapore)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]

T

289. Tamser Ali, Shri (8-Natabari—Cooch Behar)
290. Thakur, Shri Akshoy (5-Cooch Behar West—Cooch Behar)
291. Tirkey, Shri Dasrath [10-Kumargram (ST)—Jalpaiguri]
292. Tudu, Shri Makar [246-Ranibandh (ST)—Bankura]
293. Tudu, Shri Sadhu [40-Gazole (ST)—Malda]

U

294. Unus Ali Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 9th December, 2002 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 22 Ministers, 09 Ministers of State and 203 Members.

[11.00—11.32 a.m.]

OBITUARY REFERENCES

Mr. Speaker : Hon'ble Members, before commencement of business of the House I rise to perform a melancholy duty to refer to the sad demise of Vice President of India, former Governor of West Bengal, former Members of West Bengal Legislative Assembly and other renowned personalities who breathed their last after the last session of this Assembly.

Shri Krishan Kant, Vice President of India breathed his last on the 27th July, 2002 at the All India Institute of Medical Sciences, New Delhi following a massive heart attack. He was 76.

A man of versatility, Shri Kant was born on the 28th February, 1927 in an illustrious family at the village of Kot Mohd. Khan of Amritsar in Punjab of undivided India. As a brilliant student he was educated at D.A.V. College, Lahore and Banaras Hindu University. After obtaining his Master Degree in Science he started his professional career as a scientist. But soon he was involved in various political movements in the country. During his student life he actively associated himself with so many rebellious activities during the heydey of the country's freedom movement. When he was mere a boy of fifteen he suffered imprisonment for his active participation in the Quit India Movement and was interned for two years. By virtue of his sincerity and dedication he held many portfolios of the Congress Party during the period 1966-71. In the later part of his political life he was close to Jaya Prakash Narayan. In the year 1976 he played a key role in formation of the people's Union for Civil Liberties and Democratic Rights and became its Founder Secretary. A strong protagonist of India going nuclear he was a member of the Executive Council of the Institute of Defence

Studies and Analysis during the period 1978-88 and Later became its life member. An advocate of integrating science he was the founder Secretary of the Indian Parliamentary and Scientific Committee and became Convener of its Study Group on Science Education in Schools and Population Control and Family Planning. Besides, he adorned the Chair of President of the Indian Red Cross (Andhra Pradesh Branch) during 1990-97, servants of the People Society since 1991, Indian Council for Cultural Relations, Indian Institute of Public Administration, New Delhi and Ramkrishna Mission Institute of Cultures, Kolkata. As a man of distinguished personality he earned reputation while performing his duties as chairman of the jury of several institutions like Jawaharlal Nehru Award for International understanding, Dr. B. R. Ambedkar National Award for promotion of social understanding and uplift of weaker sections, Dr. B. R. Ambedkar International Award for social change, Preservation of India's Heritage and Culture and for upliftment of Rural and Tribal Communities, etc. He represented the Indian Parliament at the meeting of the Inter-Parliamentary Union held at Dakar, Senagal in 1968.

An outstanding parliamentarian Shri Kant was first elected to the Rajya Sabha from the Haryana State in the year 1966. He was also elected to the Lok Sabha from the Union Territory of Chandigarh in the year 1977. His farsightedness and discreetness enabled him to earn reputation while adorning the highest office of the Executive of the State of Andhra Pradesh as well as the State of Tamil Nadu as Governor during 1990-97. In the year 1997 he was elected the Vice-President of India and the ex-officio Chairman of the Rajya Sabha. He held that position till his death and left an undeniable impression as a true protector of the dignity of the Parliamentary system.

As a well-experienced politician Shri Kant used to contribute to a good number of prominent dailies and periodicals on issues relating to national and international politics, science and social policies and also defence and electoral reforms. He was the editor of 'Science in Parliament', a journal of the Indian Parliamentary and Scientific Committee. He had a keen affinity to Urdu Poetry. He travelled so many foreign countries viz. United Kingdom, France, West Germany, Soviet Union, South Africa, Italy, Malaysia, Switzerland, Bangkok, etc.

At the demise of Shri Kant the country has lost an able administrator, an outstanding Parliamentarian and an ardent social worker.

Shri Anthony Lancelot Dias, former Governor of West Bengal breathed his last on the 22nd September, 2002 in Mumbai. He was 92.

An administrator of high repute Shri Dias was born on the 13th March, 1910. He passed the B.A. in Economics in the first class from the University of Bombay and also passed the B.Sc. in Economics from the London School of Economics. During his student life he was awarded the London Cobden Club Gold Medal for Economics and at the London School of Economics the Huge Lewis prize for his Open Competitive Essay on 'the political ideas of Spinoza'. A brilliant student Shri Dias joined the civil service of Bombay Cadre in 1933 and served the Maharashtra Govt. in various capacities till 1960. Later he served under the Govt. of India as the Chairman of Bombay Port Trust from 1960 to 1964. In 1964 he was appointed as the Secretary to the Govt. of India. Department of Food, Ministry of Food & Agriculture and held that post till his retirement. At that time the country faced a continuing shortage of food which was aggravated by the unprecedented draught for two years in succession in Bihar and six other States. With his dedicated endeavour he tackled the situation successfully and in recognition of his services he was awarded the 'Padma Vibhushan' in 1970. In addition to his duties he was the Chairman of the Central Warehousing Corporation and the Chairman of Modern Bakeries. He also took a keen and active interest in and helped to formulate programmes and projects for correction of nutritional deficiencies particularly in the vulnerable age groups.

He was appointed Lt. Governor of Tripura in January, 1970 and made valuable contributions in the field of Food Administration, Agricultural Development and administrative reorganisation. In August, 1971 he was appointed as the Governor of West Bengal when the State was under Presidential Rule. During his tenure the State faced a traumatic situation like extensive floods, the problems of finding food, shelter and clothing for evacuees from the then East Pakistan when the State had to bear the burnt of the war with Pakistan in 1971. He successfully tackled all the situations. In 1970 he was also appointed by the Canadian Govt. on the Board of Governors of the International Development Research Centre in Ottowa.

As the Chancellor of the Calcutta and six other Universities in the State and the Chairman of Indian Institute of Management

he showed much enthusiasm in the matter of development of those Institutions. He was also the Chairman of the National Book Trust. He authored the book 'Food Policy and Administration.'

At his death the nation has lost an able administrator who distinguished himself in various capacities which is hard to be filled.

Shri Santi Ranjan Ghatak, former Minister of West Bengal breathed his last on the 1st November, 2002 at S.S.K.M. Hospital, Kolkata after a protracted illness. He was 80.

A veteran Trade Unionist, Shri Ghatak was born in the District of Faridpur now in Bangladesh in 1922. But before partition of the country he came to Ariadaha, 24 Parganas, alongwith the other Members of his family. He had his education at Ariadaha Kalachand School. He entered into politics when he was a student of class VIII. He also entangled himself in anti-British-imperialism and Tevaga movements. He started his career as a Teacher of Ariadaha Kalachand School. He joined the undivided Communist Party of India in 1941 and got its membership in 1943. He organised the jute-mill workers of Alambazar and Kamarhati and fought against extortion, oppression and injustice. As an astute trade Unionist he always tried to organise the workers in Organised Sectors as well as Unorganised Sectors. During 1948-1951 and 1962-1964, he went underground when the party was banned. He suffered imprisonment several times for taking part in various left democratic movements in the State. In 1960 he became a whole time worker of the party and was inducted in the District Secretariat of 24 Parganas. After the split in the party in 1964 he joined the Communist Party of India (Marxist). Till death he was a whole-time worker of the party. He played a vital role in the ideological struggle Inside the party.

He was elected first to the West Bengal Legislative Assembly in a bye-election in 1981 from 138-Dum Dum Constituency. Later he was also elected in 1982, 1987, 1991 and 1996. In 1982, he was the Minister of State of the Departments of Finance and Development and Planning and Labour. From 1987 to 2001, he was the Minister-in-Charge of Labour Department, Government of West Bengal.

At his death the State has lost a veteran politician, an able administrator and also a true friend of the toiling mass.

Shri Patit Paban Pathak, former Minister of West Bengal breathed his last on the 7th December, 2002 at his residence at Bally, Howrah after a prolonged illness. He was 85.

Shri Pathak was born on the 1st October, 1918 at Bally, Howrah. In his very tender age he went to Jamsedpur, Bihar now in Jharkhand to study there. After passing successfully Matriculation Examination from K.M.P.M. School there he came back to his native place and took admission into the Campbell Medical College now renamed as Nilratan Sircar Medical College and Hospital for higher study. But in the midway he discontinued his studies and indulged in so many political activities of the Communist Party. He initially concentrated his activities for the workers' movements in local industrial belt. Very soon he established himself as a rare breed of trade union worker by involving himself inseparably in a series of trade union movements especially in Jute Mills in his native district. As a devoted party worker and dedicated politician he got membership of the undivided Communist Party of India in 1937. After the split in the party in 1964 he joined C.P.I.(M). Later he became a member of the party's district committee of Howrah in 1985 and held that position till his death. During his long life of political career he was admired very much by all sections of workers for his sincerity, efficiency and above all his sense of humility in organising various movements. Besides, he endeared himself to the common people by virtue of his unostentatious life style and amicable behaviour.

Shri Pathak was elected Commissioner of Bally Municipality first in 1956 and than in the year 1961, 1978 and 1982. He joined the Seminar of Commonwealth Parliamentary Association held in West Minster, London in March 1985.

Shri Pathak was elected to the West Bengal Legislative Assembly first in 1969 and in then 1971, 1977, 1982 and 1991 from the Bally Assembly Constituency as a C.P.I.(M) candidate. He held the portfolio of Chief Government whip as well as the Parliamentary Affairs Minister in the year 1982. Afterwards in 1991 he was inducted in the State Cabinet as the Minister-in-Charge of Industrial Reconstruction and Public Undertakings Departments. As an able administrator he made him more eminent in discharging public duties in his tenure.

At the demise of Shri Pathak the State has lost an able administrator, a veteran communist leader and an ardent social worker.

Smt. Ila Mitra, former Member of the West Bengal Legislative Assembly and veteran Communist leader breathed her last on the 13th October, 2002 at the S.S.K.M. Hospital, Kolkata after a prolonged illness. She was 77.

An embodiment of versatility, Smt. Mitra was born on the 18th October, 1925 in an illustrious family in Kolkata. As a brilliant student she was educated at Bethune School and Bethune College, Kolkata. After obtaining her Master Degree in Arts successfully from the University of Kolkata, she started her professional career as a lecturer in City College, Kolkata. During famine in 1943 when she was engaged in cooking food for distribution in charity she came in close contact with the Communist party. Inspired by its ideology she soon got herself involved in the day to day works of the Party in the area of Malda and Rajsahi of undivided Bengal. By virtue of her dedication and sincerity she established herself as one of the key-leaders of the All India Students Federation first and then that of the Maheela Atmarakshya Samity. In 1946, during Tebhaga Movement it was under her leadership that the peasants were organised at Nachole in Rajsahi District now in Bangladesh. For her active participation in that mevement, she was arrested and imprisoned. Afterwards in 1954, she was released on parole. Her health broke down under the rigours of prison life but it could not bring down her spirit. After release from Jail, she played a majastic role in conducting the Women's and the Peasants' movements in the undivided Bengal apart from various Communist Movements in the Country. In her long life of struggles with a series of action and reaction, she had to suffer imprisonment for several times but her leading role with unparallel devotion and dedication in all spheres of political movements made her very much popular not only to her colleagues but also to the rank and file. The poet Golam Kuddus in his poem titled as 'Ila Mitra' regarded her as the daughter of Stalin. Besides her political career, she was one of the best athletes in the country too. She was elected as one of the Country's representatives for the Olympic held in Helsinki in 1940 but could not participate therein owing to the Second World War. She was a fellow of the Senate, University of Kolkata for consecutive five terms. She also became the General Secretary of the Indo-Soviet Cultural Society, West Bengal Committee and translated some Russian Novels and Poems into Bengali. She authored many books out of which 'Hiroshimar Meye' is remarkable. She was honoured with the Soviet Land Nehru Award for that book.

Smt. Mitra was elected a Member of the West Bengal Legislative Assembly from the Manicktala-Kolkata Assembly Constituency in the year 1962, 1967, 1969 and 1972.

At the demise of Smt. Mitra the State has lost an astute politician, a veteran communist leader and an outstanding parliamentarian.

Shri Abdul Haque, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 20th July, at S.S.K.M. Hospital, Kolkata following a severe heart attack. He was 67.

Shri Haque was born on the 1st September, 1936 in an illustrious family at Islampur, Jangipur in Murshidabad district. as a brilliant student he had his education at Jangipur High Madrasah, Jangipur College and Viswa Bharati. After obtaining master degree in History and B.Ed. from the University of Calcutta he started his professional career as Head Master of Jangipur Mundrieh High Madrasah in the year 1959. Later he served as Head Master of Kalachhara High Madrasah in Hooghly district and Rajar Hut High Madrasah. By virtue of his novle profession he earned an enviable reputation as a renowned educationist. As an active politician he was associated with so many social, cultural and philanthropic activities. In 1962 he was arrested under D.I. Act and suffered imprisonment. During his prison-life in Berhampore Jail he came in close contact with Tridip Choudhury, a key leader of Revolutionary Socialist Party. Inspired by political ideology of the party he became its member in 1967. As a true friend of common people he was elected the President of Sangjukta Kishan Sabha of Murshidabad District Committee. A man of simple, modest and austere life style he endeared himself very much to his colleagues and all Communities in his native district. During his life he played an important role in maintaining communal harmony in the State. He was the instrumental in setting up of Jangipur Sub-Divisional Hospital apart from other benevolent activities. Besides, he was a good orator too.

Shri Haque was elected to the West Bengal Legislative Assembly first in 1967 from Jangipur-Murshidabad Assembly Constituency as an independent candidate and then in the year 1969 and 1991 from the same Constituency as a Candidate of Revolutionary Socialist Party.

At the death of Shri Haque the State has lost a veteran parliamentarian, a reverred academician and an ardent social worker.

Shri Abul Basar, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 8th September, 2002 at S.S.K.M. Hospital, Kolkata after suffering from cardiac and respiratory problem. He was 78.

Shri Basar was born on the 10th September, 1924 at Noakhali now in Bangladesh. He had his education at Talmohamader Hat-Bamni Minor School. From his very tender age he had to struggle hard for two square meals due to poverty. He started his career as a Govt. Civic Guard during the 2nd world war. Later he worked temporarily in different professions, sometimes as a Thika worker and sometimes as a tailor. He was one of the founder member of the West Bengal Tailors' Union and soon he became its General Secretary. In 1941 he joined the Bata Company as a worker. In the next year he entered into the political movement as a trade union worker. Subsequently he was sacked from the company for his trade union activities. In 1947 he got membership of the undivided Communist Party of India. After the split in the party in 1964 he joined C.P.I.(M) and he was associated with many leftist trade union organisations. He was one of the active organisers of the Tram Workers' movement in 1953. He was imprisoned several times for his taking part in various trade union movements.

He was elected to the West Bengal Legislative Assembly from Maheshtala Assembly Constituency in 1987 and 1991 as a C.P.I.(M) candidate. His amiable behaviour and unostentatious life-style endeared him to his close associates and party colleagues.

At his death the State has lost a veteran politician and an ardent trade unionist.

Shri Sufal Murmu, former Member of the West Bengal Legislative Assembly breathed his last on the 11th September, 2002 at his residence at Sudapur, Malda after a protracted illness. He was 55.

Shri Murmu was born on the 15th August, 1947 at Mudapur in Malda. He had his education at Chitkul Ramkrishna Mission School. He was a cultivator by profession. From very tender age he was associated with Peasants' Movement. He became a Member of C.P.I.(M) in 1968. He was associated with the Krishak Samity. Besides, he was attached with many Philanthropic Organisations.

He was elected to the West Bengal Legislative Assembly from Gajole-S.T., Malda Constituency in 1971, 1977, 1982 and 1987 as a C.P.I.(M) Candidate.

At his death the State has lost a true friend of toiling mass and an ardent social worker.

Shri Ajit Khanra, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 23rd October, 2002 at his residence at Midnapore following a cardiac arrest. He was 63.

Shri Khanra was born on the 15th June, 1940 at Keshpur of undivided Midnapore. He had his schooling in the Anandapur High School. He took higher education at Midnapore College under the University of Kolkata. By profession he was a teacher. By virtue of his noble profession he made him more eminent in the educational arena in his native district. Initially he started his political career through his involvement in various movements in the interest of the teachers. Later he closely associated himself with the Congress Party and became the President of the Party's District Committee of West Midnapore. He also served as a Member of the Midnapore District Primary School Council Committee.

Shri Khanra was elected a Member of the West Bengal Legislative Assembly from the Bhagabanpur-Midnapore Assembly Constituency in the year 1996 as a Candidate of Indian National Congress.

At the demise of Shri Khanra the State has lost a veteran politician as well as an educationist.

Shri Debendra Nath Ray, former member of West Bengal Legislative Assembly breathed his last on the 5th October, 2002 at North Bengal Medical College and Hospital in Siliguri, Darjeeling after a prolonged illness. He was 77.

Shri Ray was born in the year 1925 in a peasant family at Tungail Bilpara Village in Uttar Dinajpur. A Cultivator by profession Shri Ray rendered distinguished services in different spheres as a true friend of the common people. A men of amicable personality Shri Ray stepped in Politics under the Congress banner and actively participated in almost all the activities of the party. He had a keen interest in cultural activities like drama, theatre, songs, etc. apart from organising local fair and festivals. He established a primary school at his native village.

Shri Ray held the chair of Pordhan of Bhandar Anchal during 1960-70 and that of Bhandar Gram Panchayat from 1983-85. He was also elected a member of the District School Board and Governing Body of Kaliaganj College.

Shri Ray was elected a Member of the West Bengal Legislative Assembly from the Kaliaganj (SC) West Dinajpur Constituency in 1971 and 1972 as a Congress Candidate.

At the demise of Shri Ray the State has lost an astute politician and ardent social worker.

Shri Susanta Chakraborty, former member of Parliament died on the 9th September, 2002 at Rafiganj, Bihar in a horrible train accident, He was 62.

Shri Chakraborty was born on the 1st September, 1940 at Bhairabpur in the District of Hooghly. He had his education at Jhikira School, Amta, Belur Vidyamandir and Scottish Church College, Kolkata He did his post-graduation in Economics from Kolkata University. He took up his profession as a teacher of Salkia Hindi High School. Thereafter he joined Madhya Howrah Sikshyalay as a teacher and Prabhu Jagabandhu College, Howrah as a lecturer. As an educationist Shri Chakraborty always tried to eradicate illeteracy and spread education in the rural areas for the backward classes by setting up schools in the backward areas, organising night schools for the peasants. Besides, he was associated with many social and educational institutions in various capacities. He took part in the villege reconstruction movement.

He was elected to the Parliament as a member from Howrah Lok Sabha Constituency in 1989 and 1991 as a C.P.I.(M) candidate.

At the untimely and tragic demise of Shri Chakraborty the State has lost an educationist, an astute politician, an ardent social worker as well as a true friend of the toiling mass.

Shri Annada Shankar Ray, an eminent author, poet and intellectual breathed his last on the 28th October, 2002 at S.S.K.M. Hospital, Kolkata after a prolonged illness. He was 98.

A doyen of Bengali literature Shri Ray was born on the 15th March, 1904 at Dhenkanal, Orissa. He passed the Intermediate Examination from Ravenshaw College, Cuttack in 1923 and did his graduation in English from Patna University in 1925. He stood first in the Indian Civil Service Examination in 1929 and

went to England. There he studied in University College, London School of Economics, and London School of Oriental Studies. In 1929 he returned back and Joined administrative service. After serving in various capacities in the Administration in 1951 he sought voluntary retirement to devote himself to literary persuits. Rabindra Nath Tagore, Sarat Chandra Chattopadhyay and Tolstoy were his inspiration. His first published book was 'Tarunya', which gave him footing as an essayist. He was a novelist too. Some of his novels like 'Asamapika', 'Aagun Niye Khela', etc. were acclaimed highly. His 'Pathe Prabasey' is a unique diary of his pleasant trip in Europe. He was equally versatile in rhymes. His collections include 'Urki Dhaner Murki', 'Ranga Dhaner Khai', 'Dalim Gachhe Mou', and 'Shali Dhanner Chirey'. His short poem 'Teler Shishi Bhanglo Boley/Khukur Pare Rag Karo' are of quoted. He also established himself as a short story writer. Some of his collections, viz. 'Prakritir Parihas', 'Man Pavan', 'Kamini Kanchan' and 'Katha' are remarkable. His outstanding contributions to Bengali literature and culture impressed our mind and won our hearts for which he had been compared with 'Voltair'. He received the Vidyasagar Smriti Award from the State Government. He was bestowed on the Desikottam and an honorary D.Litt. by the Viswa Bharati. He was also honoured 'Padma Bhusan by the Government of Inida. He was the founder Chairman of Pashim Banga Bangla Academy. A humanist, a rationalist and a secular in true sense, Shri Ray could never accept the Division of Bengal in his heart and became symbol of unity in culture and heritage of both the Bengal. He is perhaps the last of the greatest sons of Bengal of the Twentieth Century.

At his death the State as well as the nation has lost an able administrator, an urban author and a poet which is hard to be filled.

Shri Prankrishna Chakraborty, Veteran freedom fighter, versatile communist leader and legendary hero of Refugee Movements breathed his last on the 21st October, 2002 at the S.S.K.M. Hospital. Kolkata after a prolonged illness. He was 93.

Shri Chakraborty was born in the year 1910 at Rudragarh in Faridpur District of undivided Bengal now in Bangladesh. From his very tender age he was inspired to involve himself in the country's freedom movements. When he was more a student of Class VIII. he came in close contact with Sitanath Dey, a key

organiser of Anushilon Samity. who made him more inspired to be a dedicated and devoted soldier for the freedom of the country. As a relentless worker he organised so many rebellious activities after his association with the Anushilon Samity. In the year 1929 he was admitted in the Dhaka Medical Institute for his higher studies but after three years he left the College to aviod arrest by the British-rulers and performed various activities of the Samity from the underground. In the year 1932 he was caught red-handed at Jalpaiguri Railway Station while carrying some fire-arms and some of ante-British magazincs and papers in his suitcase. He was sentenced to imprisonment for seven years in trial. When he was transported to Kolkata from the Jalpaiguri Jail after a few days he took a leap from the running train and fled away to avoid imprisonment. In the very next year he was arrested again and was sentenced to life-term imprisonment. He was sent to Cellular Jail in Andaman where he organised the movements for the dignity of the political prisoners. Later he was shifted to Alipore and Dhaka Central Jail. During his stay in the Jails he was attracted to Marxism. After release from Jail in the year 1946 he joined Revolutionary Socialist Party and afterwards in the fifties the undivided Communist Party of India. After split in the party in 1964 he sided with the Communist Party of India (Marxist). For a brief stint he became a member of State Committee of the Party. Apart from these, he played a vital role in organising a series of Refugee Movements in the State. His leadership par excellence established himself as one of pioneers of Refugee movements and made him all the more eminent as a true friend of the refugees besides common people.

At the death of Shri Chakraborty the State has lost a veteran freedom fighter and an ardent communist leader.

Shri Gambhir Singh Mura, an eminent folk dancer breathed his last on the 10th November, 2002 in a Purulia bound train after massive cardiac arrest. He was 72.

Shri Mura was born in a poor peasant family associated with traditional Chhou Dance of Purulia. At a very tender age he showed ingenuity in folk dance. Later he earned much reputation as a distinguished folk dancer enchanting thousands of people at home and abroad through his brilliant performances. He made his first international debut as a folk dancer in 1972 when he

represented India abroad. In 1981 he was honoured with the award 'Padmashree'. He was also the recipient of Sangeet Natak Academy Award in 1982.

He visited America, England, Australia, Japan and France to perform folk dance.

At his death the nation has lost a luminary figure in the field of folk dance.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members rose in their seats and observed two minutes silence)

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Adjournment

The House was then adjourned at 11.32 a.m. till 11 a.m. on Tuesday, the 10th December, 2002 at Assembly House, Kolkata.

W.B. Legislature Library

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 10th December, 2002 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 18 (Eighteen) Ministers, 09 (Nine) Ministers of State and 192 (One hundred ninety two) Members.

[11.00—11.10 a.m.]

PRESENTATION OF COMMITTEE REPORT

PRESENTATION OF THE TWENTY-SEVENTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the Twenty-seventh Report of the Business Advisory Committee as follows :-

10.12.2002. Tuesday :	(i) Business remaining from 9.12.2002.	
	(ii) The Howrah Improvement (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing)	.. 1 hr.
	(iii) The Kolkata Improvement (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing)	.. 1 hr.

Now the Minister-in-charge of Parliamentary Affairs Department may move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the Twenty-seventh Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Starred Questions
(to which oral answers were given)

Ganguly Bagan Housing Estate

*1. (Admitted Question No. *58) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Refugee Relief Rehabilitation Department be pleased to state–

(a) Whether the tenants in Ganguly Bagan Refugee housing estate have been asked to vacate their flats by 31st October, 2002 ;

(b) if so, what alternative accommodation is being offered to them ; and

(c) the position, as on date ?

শ্রী নয়ন সরকার :

(ক) হ্যাঁ।

(খ) গাঙ্গুলীবাগানের তালিকাভুক্ত বৈধ আবাসিকদের গাঙ্গুলীবাগান এবং বৈষ্ণবঘাটা-পাটুলী টাউনশিপ এলাকায় জমি দেবার সিদ্ধান্ত হয়েছে। পরিবার পিছু ১৪ ছটাক জমি দেওয়া হবে। বৈষ্ণবঘাটা-পাটুলীতে তালিকাভুক্ত যোগ্য আবাসিকদের ইতিমধ্যেই জমি বরাদ্দ করা হয়েছে। গাঙ্গুলীবাগানে যাঁরা জমি পাবেন তাঁদের প্লট নং ইত্যাদি জানানো হয়েছে। বাড়ি ভেঙে যে জমি পাওয়া যাবে সেই জমি তাঁদের চূড়ান্তভাবে বরাদ্দ করা হবে।

(গ) (১) তালিকাভুক্ত ৪৩৬টি পরিবারের মধ্যে ৩৩০টি পরিবার ৩১.১০.২০০২ তারিখের মধ্যে বাড়ি ছেড়ে চলে গেছেন। বাকি ১০৬টি পরিবার এখনও বাড়ি ছাড়েননি।

(২) ইতিমধ্যে ১২৯টি পরিবার বৈষ্ণবঘাটা-পাটুলীতে জমির দখল পেয়ে গেছেন।

(৩) বাকি ১০৬টি পরিবারের ক্ষেত্রে গাঙ্গুলীবাগানের বাসস্থান খালি করার উদ্যোগ নেওয়া হয়েছে যাতে ২৬টি খালি ব্লক পি ডব্লু ডি (সি বি)-এর মুখ্য বাস্তুকারের হাতে পরবর্তী কাজের জন্য তুলে দেওয়া যায়।

শ্রী সৌগত রায় : স্যার, একটা জিনিস আপনাকে জিজ্ঞাসা করছি, প্রশ্নটা যদি ইংরাজিতে থাকে তাহলে লিখিত উত্তরটা কী ভাষায় হওয়া উচিত ? এই বিষয়টা ক্লারিফাই হওয়া দরকার।

মিঃ স্পীকার : এটা কিছুদিন আগে থেকেই হয়েছে, উত্তরটা বাংলাতেও দেওয়া যায়। আগে নিয়ম ছিল যে ভাষায় প্রশ্ন হবে, সেই ভাষাতেই উত্তর দিতে হবে। যখন মাননীয় প্রবীর

সেনগুপ্ত বিদ্যুৎ মন্ত্রী ছিলেন, তখন উনি ইনসিস্ট করতেন আমি বাংলা ভাষাতেই উত্তর দেব, ইংরাজি ভাষাতে উত্তর দেব না। তাই কেউ যদি বাংলায় উত্তর দেন তাহলে দিতে পারেন। তবে বেস্ট হচ্ছে যে ভাষায় প্রশ্ন থাকে সেই ভাষাতেই উত্তর দেওয়া উচিত। তবে যদি কেউ মনে করেন ইংরাজি ভাষাতে আমার অসুবিধা আছে বাংলাতেই উত্তর দেব, তাহলে বাংলাতেই উত্তর দিতে পারেন।

শ্রী সৌগত রায় : আপনি বললেন যে ভাষায় প্রশ্ন সেই ভাষায় উত্তর দেওয়া উচিত, এই মতের জন্য আপনাকে ধন্যবাদ জানাই।

১৯-০৬-২০০১ তারিখে গাঙ্গুলীবাগানে প্রায় ভেঙে পড়া ফ্ল্যাটগুলো সম্পর্কে ২৬টি ব্লক—প্রশ্ন দিয়েছিলাম, মাননীয় মন্ত্রী উত্তরও দিয়েছিলেন। ঠিক দেড় বছর পরে একই প্রশ্ন করছি। ওনার হিসেব মতো এখন পর্যন্ত ১০৬টি পরিবার বাড়ি ছেড়ে চলে যায়নি, যদিও লাস্ট ডেট ছিল ৩১ অক্টোবর। আমি যতদূর জানি, তাদের মধ্যে ৫২টি পরিবার এখনও জায়গা পায়নি, এখনও কোয়ার্টারে আছে, তাদের ব্যাপারে কী করছেন ? যাঁরা এই ফ্ল্যাটে থাকতেন তাদের মধ্যে কিছু বলছেন জমি না নিয়ে মাল্টিস্টোরেড ফ্ল্যাট করবে—এরকম ১৩৬ জন আছেন। তাদের ব্যাপারে কী করছেন ? মাননীয় মন্ত্রী কি ওই জায়গার সামনের জায়গা নিয়ে কোনো শপিং কমপ্লেক্স করছেন ? বিস্তৃতভাবে যদি ব্যাপারটা বলেন তো ভালো হয়।

শ্রী নয়ন সরকার : ১০৬ জনের মধ্যে যে ৫২ জনের কথা বললেন, মাননীয় সদস্য-আবাসিকদের সঙ্গে আমাদের আলোচনার মধ্যে দিয়ে ঠিক হয়েছে যে এই বাড়ি ভাঙা জায়গা নিয়ে তারা নিজেরাই নিজেদের জায়গা ঠিক করে নেবেন, সরকারের সেখানে কোনো দায়িত্ব নেই। ওখানে মার্কেট কমপ্লেক্স একটা করার সিদ্ধান্ত আছে। আপনি ৫২ জনের কথা বলেছেন।

শ্রী সৌগত রায় : আমি বলেছি কিছু লোক জমি নিতে রাজি হয়েছে, কিছু লোক বলছে ফ্ল্যাট করবে।

শ্রী নয়ন সরকার : সংখ্যাটা ১২৮। তারা কো-অপারেটিভ সোসাইটি করে বসে আছে। প্রত্যেককে ১৪ ছটাক করে জমি ১২৮ জনের নামে দেওয়া হয়েছে। তারাই ঠিক করবে কীভাবে বাড়িঘর হবে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী বললেন আবাসিকদের সঙ্গে আলোচনা হয়েছে। আমি জানতে চাই আবাসিকদের কোন সংগঠনের সঙ্গে আলোচনা হয়েছে ? সেই আলোচনায় স্থানীয় বিধায়ককে ডেকেছিলেন কি ? যদি না ডেকে থাকেন, তাহলে তার কারণ কী ?

শ্রী নয়ন সরকার : গাঙ্গুলীবাগানে উদ্‌বাস্তুদের যতগুলো সংগঠন আছে, সেই সংগঠনের সমন্বয় কমিটি হয়েছে, তাদের সঙ্গে আলোচনা করে ঠিক হয়েছে। আপনি বলছেন, আপনাকে নিশ্চয় ডাকব। ইউ সি আর সি নয়, টেনামেন্টস সংগঠন আছে তিনটি, তাদের নাম চাইলে পরবর্তীতে দিয়ে দেব।

শ্রী সৌগত রায় : এই আলোচনায় কখনও স্থানীয় বিধায়ককে, স্থানীয় জনপ্রতিনিধিকে ডেকেছিলেন কি ? আপনি কি এই আলোচনায় স্থানীয় বিধায়ককে ডেকেছেন ? স্থানীয় জনপ্রতিনিধিকে না ডেকে থাকলে কেন ডাকেননি ?

[11.10—11.20 a.m.]

শ্রী নয়ন সরকার : উদ্‌বাস্তু সংক্রান্ত ব্যাপারে গাঙ্গুলীবাগানের ব্যাপারে বিধায়ককে ডাকার কিছু নেই। তবে আপনি যখন বলছেন তখন নিশ্চয় পরবর্তীকালে আপনাকে ডাকা হবে।

শ্রী সৌগত রায় : এই বামফ্রন্ট সরকার কি রকমভাবে চলে এটা তারই একটা প্রমাণ। ওই এলাকা থেকে বামফ্রন্টের প্রার্থী হেরে গেছে। গাঙ্গুলীবাগান টেনামেন্টের ডিভিশন হল, ওরা লোকাল এম এল এ-কে ডাকার কোনো দরকারই মনে করলেন না। তিনটি সি পি এম-এর সংগঠন তাদের সাথেই আলোচনা হয়েছে। ১০৬টি পরিবার এখনও ছাড়েনি এবং সমস্যা রয়েই গেছে। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, এই মোট প্রকল্পের জন্য কত টাকা খরচ হবে এবং এই প্রকল্প রূপায়ণে থাকার জন্য মন্ত্রী কতবার গাঙ্গুলীবাগানে গিয়েছেন ?

শ্রী নয়ন সরকার : এটা প্রকল্প নয়। এই বাড়িগুলি ধ্বংস হওয়ার জায়গায় চলে গেছে। পি ডব্লু ডি ডিপার্টমেন্টের পক্ষ থেকে ওইগুলি ভেঙে ফেলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যাঁরা ওখানে আছেন, যাঁরা পাওয়ার যোগ্য, উদ্‌বাস্তু পরিবারের, তাঁদের ওখানে ১৪ ছটাক জমি বন্টন করে দেওয়া হবে এবং তাঁদের ৩০ হাজার টাকা করে দেওয়া হবে।

শ্রী সৌগত রায় : কত টাকা খরচ হবে, এই যে জমি দেবেন, ৩০ হাজার টাকা দেবেন। এতে আপনার কত টাকা খরচ হবে এবং আপনি ওখানে কতবার গিয়েছেন ?

শ্রী নয়ন সরকার : এগুলি নোটিশ দিয়ে দেবেন আমি জানিয়ে দেব।

(ভয়েস : ওখানে আপনি জমি দেবেন, ৩০ হাজার টাকা দেবেন। ওখানে ফ্ল্যাট হবে, আপনি বলতে পারবেন না ? কত টাকা খরচ হবে ?)

আমরা ফ্ল্যাট করছি না। আমরা জায়গা দিয়ে দিচ্ছি।

শ্রী সৌগত রায় : কবে থেকে বাড়িগুলি ভাঙা শুরু হবে ? কারণ এর মধ্যে বাড়ি ভেঙে পড়লে কেউ আহত হলে সেটা আপনার দায়িত্ব। আপনি কবে থেকে ভাঙার সিদ্ধান্ত নিয়েছেন ? রাইটার্স বিল্ডিং-এ বসেই আপনি সিদ্ধান্ত নিলেন সি পি এম-এর সংগঠনের সাথে আলোচনা করে। এইভাবে উদ্‌বাস্তু দপ্তর চলতে পারে না। আপনি কবে থেকে ভাঙার কাজ শুরু করছেন ?

শ্রী নয়ন সরকার : মাননীয় সদস্য অহেতুক কিছু বিষয় বললেন। আমি বলছি, গাঙ্গুলীবাগানে আমি এবং আমার দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি-সহ সমস্ত অফিসারদের নিয়ে গেছি। যাই না—এই কথা সঠিক নয়। ১০৬টি পরিবার এখনও রয়ে গেছে। আমি গেছি একবার।

শ্রী সৌগত রায় : এত বড়ো প্রজেক্ট। এই দেড় বছরে আপনি মাত্র একবার গেছেন !

শ্রী নয়ন সরকার : মাননীয় সদস্যের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, এই যে ১৪৪ জন পরিবার ৩৩৬ জনের মধ্যে তারা বৈষ্ণবঘাটা পাটুলীতে পেয়েছে। ১৪ ছটাক করে জমি দেওয়া হচ্ছে। তবে এখানে কোনো ফ্ল্যাট সরকারের পক্ষ থেকে করা হচ্ছে না। পি ডব্লু ডি থেকে জানিয়েছে যে, কেউ যদি ওই ফ্ল্যাটে থাকে, তাহলে তারা টেন্ডার করতে পারবে না। তাই ১০৬ জন লিখিতভাবে জানিয়েছে যে, "৩১-১২-২০০২ সাল পর্যন্ত সময় দিন, আমরা চলে যাব এবং তারপর সেখানে কাজ শুরু হবে।"

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলবেন কি টেনামেন্ট স্কিমে গাঙ্গুলীবাগানে কতগুলো পরিবার আছে ? বৈধভাবে অনুমতি নিয়ে আছে এরকম কতগুলো পরিবার বাস করেন এবং অবৈধভাবে কতগুলো পরিবার বাস করেন ?

শ্রী নয়ন সরকার : আমাদের কাছে যে তালিকা আছে সেগুলো তো বৈধভাবেই আছে। বৈধভাবে ছাড়া তো আমরা তালিকা করতে পারব না। সেই তালিকাভুক্ত পরিবারের সংখ্যা হচ্ছে ৪৩৬। আর আমাদের বিভিন্ন দপ্তরের কিছু কর্মচারী এখানে আছেন, তার মধ্যে উদ্‌বাস্তু দপ্তরের ৬টা পরিবার এখানে আছে, আর ছিল বি এইচ সি এইরকম দুটো দপ্তরের আছে। তাছাড়া প্রায় ৫৮টা পরিবার আছে যাদের কোনো তালিকা আমাদের নেই।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : এই পরিবারগুলোর কী হবে যাদের খাতায় নাম নেই অথচ তাঁরা সেখানে থাকেন, এঁদের কী হবে ?

শ্রী নয়ন সরকার : মাননীয় সদস্য ভালো করেই জানেন যে, উদ্‌বাস্তু দপ্তরের কাজ কী। যাঁরা উদ্‌বাস্তু এবং উদ্‌বাস্তু প্রমাণিত এবং ১৯৭১ সালের ২৫ মার্চের মধ্যে যাঁরা এসেছেন তাঁদের ব্যতিরেকে উদ্‌বাস্তু দপ্তরের পক্ষে জায়গা দেওয়া যায় না। এই টেনামেন্ট যখন হয় তখন উদ্‌বাস্তু পরিবারে যাঁরা সার্ভিস করতেন তাঁদেরকে ভাড়ায় দেওয়া হয়। কাগজপত্র যাঁদের আছে তাঁদের ছাড়া আমাদের কিছু করার নেই।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় মন্ত্রী মহাশয়, বৈষ্ণবঘাটা, পাটুলীতে দু হাজার ফ্যামিলি বাস করত সুন্দরবন থেকে। ১৯৯৭ সালে তাদের উচ্ছেদ করে দিলেন। এখন সেখানে লোকাল কাউন্সিলারদের ইচ্ছেমতো কিছু তালিকা নিয়ে লোক ঢোকানো হয়েছে তাদের সংখ্যা কত ? গাঙ্গুলীবাগান থেকে চলে গেছে বৈষ্ণবঘাটা, পাটুলীতে যে পরিবারগুলো, যাদের সেখানে স্থান দেওয়া হয়েছে এই তথ্যটা ঠিকমতো জানান।

শ্রী নয়ন সরকার : বৈষ্ণবঘাটা, পাটুলী টাউনশিপে গাঙ্গুলীবাগান থেকে ১৪৪টি পরিবারের মধ্যে ১২৯টি পরিবার চলে গেছে। বাকিরা এখনও আছেন, তাঁরা এই মাসের মধ্যে চলে যাবেন আমাদের বলেছেন।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : ১৯৯৮ সালে ৪০০টি ফ্যামিলিকে বৈষ্ণবঘাটা পাটুলীতে আবাসনের ব্যবস্থা করলেন, কাদের ব্যবস্থা করলেন ?

শ্রী নয়ন সরকার : না, এইরকম কোনো সিদ্ধান্ত হয়নি। এখানে আমাদের ৪৩৬টি পরিবার নথিভুক্ত আছে। ১৪৪টি পরিবারকে দেওয়া আছে। আরও দুশোটা প্লট আমরা পেয়েছি।

বাজারের সঙ্গে যোগাযোগের রাস্তা

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৯) **শ্রী ইউনুস সরকার** : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাজারের সঙ্গে যোগাযোগের জন্য কৃষি বিপণন বিভাগ কিছু রাস্তা (মার্কেটিং লিঙ্ক রোড) তৈরি করে থাকেন ; এবং

(খ) সত্যি হলে, গত আর্থিক বছরে কোন কোন জেলায় এইরূপ কোন কোন রাস্তা নির্মিত হয়েছে ?

শ্রীমতী ছায়া ঘোষ :

(ক) হ্যাঁ, কৃষি বিপণন বিভাগ রাজ্যের বিভিন্ন জেলায় বাজার সংযোগকারী রাস্তা নির্মাণ ও অন্যান্য উন্নয়নমূলক কাজ করে আসছে।

(খ) গত আর্থিক বছরে (২০০১-২০০২) এই বিভাগের মঞ্জুরীকৃত অর্থ থেকে বিভিন্ন জেলা পরিষদ মারফত রূপায়ণের জন্য বেশ কিছু বাজার সংযোগকারী রাস্তার প্রকল্প অনুমোদিত হয়েছে। যার বিবরণ খতিয়ান আকারে সংযোজিত করা হল। এছাড়া বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতি নিজস্ব তহবিল থেকে ২০০১-২০০২ সালে যে সমস্ত গ্রামীণ সংযোগকারী রাস্তা নির্মাণ করেছে এবং নির্মাণ করার কাজ হাতে নিয়েছে তারও একটি তালিকা সংযোজিত হল। উল্লেখ করা যেতে পারে, ২০০১-২০০২ সালের বাজেট বরাদ্দ অনুযায়ী বাজার সংযোগকারী রাস্তার যে সমস্ত পরিকল্পনা জেলা পরিষদে পাঠানো হয়েছে, কয়েকটি জেলা ছাড়া অন্যত্র কাজের অগ্রগতি আশানুরূপ নয়।

বিগত আর্থিক বছরে (২০০১-২০০২) এই দপ্তরের মঞ্জুরীকৃত অর্থে বিভিন্ন জেলা পরিষদের তরফে নিয়ন্ত্রিত বাজার সমিতির এলাকাভুক্ত স্থানে "বাজার সংযোগকারী রাস্তা নির্মাণ / উন্নয়ন প্রকল্পের" অনুমোদিত খতিয়ান।

	জেলা পরিষদের নাম	নিয়ন্ত্রিত বাজার সমিতি	রাস্তার নাম
১.	মুর্শিদাবাদ	লালবাগ	দৌলতাবাদ থেকে হুলাশপুর মোড় (৫.৭৫ কিমি)।
		কাশিমবাজার	৩৪ নং জাতীয় সড়ক পঞ্চাননতলা মোড় থেকে ডাকঘর মোড় (১২০০ মিটার)।

	জেলা পরিষদের নাম	নিয়ন্ত্রিত বাজার সমিতি	রাস্তার নাম
২.	জলপাইগুড়ি	বেলাকোবা	ক) মেরিয়ম রাজ্য সড়ক থেকে ফকিরধীপ স্কুল রাস্তা (৫৫০ মি.)।
			খ) বটতলা হাটের অভ্যন্তরীণ রাস্তা (বটতলা হাট থেকে আমবাড়ি-ফালাকাটা রাস্তা) (২০০ মি.)।
			গ) বটতলা থেকে মালি ভিটা (২.৫ কিমি)।
		আলিপুরদুয়ার	কামাখ্যাগুড়ি হাই স্কুল থেকে কামাখ্যাগুড়ি উপবাজার চত্বর।
৩.	মালদহ	ইংলিশবাজার	ক) ইংলিশবাজার মুখ্য বাজার চত্বরের পাইকারি সবজি বাজারের মধ্যবর্তী রাস্তা (২০০ মি.)।
			খ) ইংলিশবাজার মুখ্য বাজার চত্বরের পাইকারি সবজি বাজারের পার্শ্ববর্তী রাস্তা (২০০ মি.)।
		সামসি	ক) সামসি মুখ্য বাজার চত্বরের অভ্যন্তরীণ রাস্তা।
			খ) সামসি মুখ্য বাজার চত্বরের গেট ও কালভার্ট।
৪.	দার্জিলিং (শিলিগুড়ি মহকুমা পরিষদ)	শিলিগুড়ি	সপ্তিগুড়ি উপবাজার চত্বর থেকে বেডিংগাছ পর্যন্ত।
৫.	কোচবিহার	মাথাভাঙা	ক) নিশিগঞ্জ পি ডব্লু ডি রাস্তা থেকে নিউমার্কেট।
			খ) মাথাভাঙা ডাকঘর মোড় থেকে খোকসাডাঙা হাটের পাটবাজার পর্যন্ত।
			গ) খোকসাডাঙার সবজি বাজার থেকে গবাদিপশুর বাজার পর্যন্ত।

জেলা পরিষদের নাম	নিয়ন্ত্রিত বাজার সমিতি	রাস্তার নাম
	দিনহাটা	নোটকাবাড়ি হাট থেকে নোটকাবাড়ি চৌপতি পর্যন্ত (৬৩২ মি.)।
	তুফানগঞ্জ	ক) মদনমোহনপাড়া রাস্তা থেকে সুভাষ কর্মকারের বাড়ি পর্যন্ত (বক্সিরহাট)। খ) চিলাখানা মুখ্য রাস্তা থেকে বর্দ্ধিত বাজার পর্যন্ত। গ) তুফানগঞ্জ মুখ্য বাজার চত্বরের সংযোগকারী রাস্তা। ঘ) নাটাবাড়ি হাটের রাস্তার উপর কালভার্ট।
৬. বর্ধমান	কালনা	জিউধারা মুখ্য বাজার চত্বরের রাস্তার সংস্কার।
	কাটোয়া	কাটোয়া মুখ্য বাজার চত্বরের অভ্যন্তরীণ রাস্তা (৫৫ মি.)।
	আসানসোল	রামবাগান খেলার মাঠ থেকে রোনাই ইদ্‌গা মোড়।
৭. পশ্চিম মেদিনীপুর	মেদিনীপুর সদর (পশ্চিম)	মালীডাঙা থেকে নালবোনা (০.৯ কিমি)।
	ঘাটাল	ক) নিমতলা বাসস্ট্যান্ড থেকে মনোহরপুর তেমাথানি (সাদীচক হয়ে)। খ) খারার পৌর কার্যালয় থেকে জালসোর। গ) কোলোরা পাকা রাস্তা থেকে তেমাথানি সেতু।
৮. পূর্ব মেদিনীপুর	তমলুক	ক) নোনাকুরি (কাকতিয়া) উপবাজার চত্বরের অভ্যন্তরীণ রাস্তা।

জেলা পরিষদের নাম	নিয়ন্ত্রিত বাজার সমিতি	রাস্তার নাম
		খ) রতুলিয়া হাই স্কুল থেকে ৬ নং জাতীয় সড়ক (পলতাবেড়িয়া এবং পশ্চিম অর্জুনডা)।
	এগরা	ক) কানকুলিপুকুর থেকে তালামি হাট (২ কিমি)।
		খ) বকুয়াবাঁধ থেকে বালিয়াবিহারী রাস্তা।
৯. বীরভূম	বোলপুর	রুপুর থেকে ধাল্লা।
	রামপুরহাট	কায়েম্বা-পাঠোনাপোদ্দা রাস্তার সংস্কার (তেন্তুলিয়া হয়ে)।
	সিউড়ি	ক) হজরতপুর থেকে নবাসন (৮ কিমি)।
		খ) হেতমপুর স্কুল বোর্ডিং থেকে অসতগঞ্জ বাগদিপাড়া (৫০০০ ফুট)।
		গ) বাহারাকুড়িগ্রাম থেকে বাবুইজোড় বাজার (৩৩০০ ফুট)।
		ঘ) রানীপাথর হাটতলা থেকে খয়রাশোল হাটতলার দিকে (বাগাশোলা ময়নাদল এবং পানগুড়ি গ্রাম হয়ে)।
১০. হুগলি	চাঁপাডাঙা	চাঁপাডাঙা সিয়াসারা রাস্তার নির্মাণ (১২০০ মি.)।
	পাণ্ডুয়া	বিলসারা হাইস্কুল থেকে বড়গ্রাম (২ কিমি)।

জেলা পরিষদের নাম	নিয়ন্ত্রিত বাজার সমিতি	রাস্তার নাম
১১. উত্তর ২৪-পরগনা	ব্যারাকপুর	ক) ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেসওয়ে থেকে ফলতাপাড়ার দিকে (৬৫০ মি.)।
		খ) ডাকঘর মোড় থেকে কাউগাছি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের দিকে।
	বারাসাত	ক) পঞ্চঘোড়িয়া (রামপুরহাট) থেকে খোরু পাকা রাস্তা (৩ কিমি)।
		খ) অর্জুনপুর চৌমাথা থেকে রামনাথপুর শিলারী (২ কিমি)।
		গ) গোসাইপুর থেকে গাঙনিয়া অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় (১ কিমি)।
১২. নদিয়া	করিমপুর	পন্থাকাটা মোড় নারায়ণপুর বাজার রাস্তা (২৫০০ মি.)।
	বেথুয়াডহরী	বেথুয়াডহরী মুখ্য বাজার চত্বরের স্টল এবং নিলামঘর সংযোগকারী রাস্তা।
১৩. বাঁকুড়া	বিষ্ণুপুর	ক) সুপুর থেকে দিকপুর খালঘাট (২ কিমি)।
		খ) শালকাড়া থেকে মামুদপুর (বৈকুণ্ঠপুর হয়ে) (২৩০০ মি.)।
		গ) রাধামাধবপুর মোড় থেকে পার্শ্ববর্তী সিরিঙ্গা রাস্তা (১.৫ কিমি)।
		ঘ) বিষ্ণুপুর কুমারী সিনেমা হল থেকে বাসুদেবপুর (২য় পর্যায়ের ১ কিমি)।

বিগত ২০০১-২০০২ আর্থিক বছরে বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতি নিজস্ব তহবিল থেকে নিজস্ব এলাকাধীন বিভিন্ন বাজার সংযোগকারী রাস্তা নির্মাণ / উন্নয়ন করেছে—তার তালিকা

জেলা	নিয়ন্ত্রিত বাজার সমিতির নাম	বাজার সংযোগকারী রাস্তার নাম
বর্ধমান	কাটোয়া	১) শ্যামবাজার ধনিয়ারুখি রাস্তা ২) কুরচি গ্রামীণ রাস্তা।
	কালনা	১) মেদগাছি বাজার থেকে খরিনান ২) জামালপুর মোড় থেকে কুকসিমলা ৩) এস টি কে কে রাস্তা থেকে কল্যাণপুর গ্রাম ৪) কালনা মুখ্য বাজার চত্বরের অভ্যন্তরীণ রাস্তা।
বীরভূম	বোলপুর	দুসকোল গ্রাম থেকে দেবগ্রাম।
কোচবিহার	হলদিবাড়ি	১) আঙুলদেখা উপ-বাজার চত্বরের সংযোগকারী রাস্তা ২) আঙুলদেখা উপ-বাজার চত্বরের সংযোগকারী রাস্তার পরিবর্ধন।
দার্জিলিং	কালিম্পং	১) অ্যালবার্ট ভিলা থেকে রামকৃষ্ণ স্কুল (১ম পর্যায়) ঐ (২য় পর্যায়) ঐ (৩য় পর্যায়) ঐ (৪র্থ পর্যায়)।
হুগলি	চাঁপাডাঙা	১) আনকুটি চন্দনপুর রাস্তা নির্মাণ ২) ঐ ৩) চাঁপাডাঙ্গা-পিয়াসারা রাস্তা (উন্নয়ন) ৪) ঐ (সংস্কার) ৫) কনকপুর থেকে গজের মোড় ৬) গুড়িয়া থেকে গোয়েশপুর ৭) বৈকণ্ঠপুর রাস্তা নির্মাণ ৮) সরাই-মন্টোতলা মোড় বাজার রাস্তা ৯) হরিণখোলা-পূর্ব কেশবপুর রাস্তা ১০) রাসপুর থেকে চন্দ্রহাটি ১১) মুখ্য বাজার চত্বরের অভ্যন্তরীণ রাস্তা।

জেলা	নিয়ন্ত্রিত বাজার সমিতির নাম	বাজার সংযোগকারী রাস্তার নাম
হুগলি	পাণ্ডুয়া	১) মানসপুর বস্তির সরু রাস্তা ২) বানাভারাই রাস্তা ৩) কৃষ্ণপুর বাজার রাস্তা।
জলপাইগুড়ি	আলিপুরদুয়ার	১) তালতলা থেকে কামাখ্যাগুড়ি বাজার চত্বর ২) তালতলা থেকে কামাখ্যাগুড়ি বাজার চত্বর রাস্তার উভয় পার্শ্ব সংরক্ষণ।
পঃ মেদিনীপুর	মেদিনীপুর সদর	১) আওশাবর্ধি থেকে পরশুড়া ২) ধনিয়া থেকে চুয়াশোল।
মালদহ	ইংলিশবাজার	মুখ্য বাজার চত্বরের রাস্তা উন্নয়ন।
	সামসি	১) সামসি-নাটিগঞ্জ বাটনা ২) ভালুকা রাস্তা।
মুর্শিদাবাদ	কাশিমবাজার	১) বেহরা রাস্তা ২) বিষ্ণুপুর-কালীবাড়ি রাস্তার উপর কালভার্ট।
	লালবাগ	তুলতুলি পাড়া থেকে লোকমানু মোড় (হারামপুর)।
	জঙ্গিপুর	মোড়গ্রাম-সাগরদিঘি-আজিমগঞ্জ।
উঃ দিনাজপুর	কালিয়াগঞ্জ	১) হাট কালিয়াগঞ্জ থেকে মুখ্য বাজার চত্বর ২) তালবাড়ি থেকে ইটাহার হাট ৩) সুরুন হাসপাতাল থেকে পূর্বপাড়া ৪) সুরুন এফ পি স্কুল থেকে পাজোল ৫) বালিয়াপাড়া থেকে কচুয়া ৬) পুরানো বাসন্তীতলা থেকে খানপুর।

৪৮টা আর এম সি-র মধ্যে ৪৬টা আর এম সি ফাংশনিং তাদের ডিটেলটা যদি আপনারা না জানতে চান তাহলে আপনারা ভাববেন যে আমরা কাজ করছি। আমার মনে হয় এর ডিটেলটা আপনারা শুনুন সেটাই বেটার। আমাদের অতীশবাবুর জায়গায় বড়ো বাজার হচ্ছে। অতীশবাবু নিশ্চয়ই বলবেন যে আমরা বাজার করেছি। কাশিমবাজারে আমরা বাজার করেছি। অধীর চৌধুরী নিশ্চয়ই স্বীকার করবেন জঙ্গীপুরে ১ কোটি টাকা খরচ করে মার্কেট কেনা হল। সাগরদিঘিতে ২০ লক্ষ টাকা খরচ করে রাস্তা করা হল। প্রত্যেক জেলাতেই আমরা কাজ করছি। কোটি কোটি টাকার কাজ এই দপ্তরের মাধ্যমে হচ্ছে।

[11.20—11.30 a.m.]

শ্রী ইউনুস সরকার : আমি ওনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি শুধু মার্কেট লিংক রোড সম্বন্ধে জানতে চেয়েছিলাম। মার্কেট লিংক রোড ছাড়াও বাজার যেগুলি হয়েছে তিনি তার সবগুলিই বলেছেন এবং উনি বিগত বছর ছাড়াও তার আগের বছরের হিসাবটাও এখানে প্লেস করেছেন। ওনার নির্বাচনী ক্ষেত্র মালবাড়ি (২)(১)। পাশাপাশি গ্রাম পঞ্চায়েত আছে। এই দুটো অঞ্চল একেবারে বাজারের সঙ্গে সংযোগ বিচ্ছিন্ন। এছাড়া ডোমকল ফার্ম মোড় থেকে কুটির মোড় এবং জলঙ্গীর সাহেবপুর মোড় থেকে চাঁদেরপাড়া ঘাট পর্যন্ত এলাকাগুলো বাজারের সঙ্গে যোগাযোগ করতে পারছে না। উনি ওখানে গিয়ে একটা আলোচনা করেছেন। আমি জানতে চাইছি ওই জায়গাগুলো ধরার ব্যাপারে কোনো পরিকল্পনা আছে কিনা ? বিশেষ করে বকুলতলা থেকে ডারকাটি মোড়, এটা ধরার কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রীমতী ছায়া ঘোষ : ডোমকলের দুটো রাস্তা, একটা বড়ো রাস্তা করেছি। এটা আনিসুরবাবু জানেন। একটা রাস্তা ইঞ্জিনিয়ারিং কলেজে যাবার জন্য। একটা লিংক রোডের প্রস্তাব—প্রস্তাবের মধ্যে আছে। সেটা করা হয়নি। এগ্রি-মার্কেটিং দপ্তর করছে। এছাড়া বিশাল, প্রায় ২০ লক্ষ টাকা দিয়ে আগের মাননীয় মন্ত্রী একটা রাস্তা করেছেন। আপনি যে রাস্তার কথা বলেছেন, কাশিমবাজার, আমার প্রস্তাবের মধ্যে আছে। কিন্তু স্টেট বাজেট থেকে একটা পয়সাও পাইনি। যা একটু পেয়েছি আর এম সি করেছি। টাকা পেলে নিশ্চয়ই করব। মাননীয় ফিন্যান্স মন্ত্রীর সঙ্গে কথা বলেছি নিশ্চয়ই টাকার ব্যবস্থা করে দেবেন। ওনার কাছে ফাইল পাঠানোর স্কিম তৈরি করছি।

শ্রী ইউনুস সরকার : আপনি জানালেন পরবর্তী সময়ে রাস্তাগুলো করার পরিকল্পনা আছে। আমি জানতে চাইছি, রাস্তা তৈরি করার সময় পঞ্চায়েত সমিতির সিলেকশন ছাড়া করা হয় কিনা ? পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের দ্বারা সিলেকশন করা হলে সুবিধা হয়। বিশেষ করে দুর্লভের পাড়া রাস্তাটা পঞ্চায়েত সমিতির সিলেকশনে তৈরি করা হয়েছিল কিনা ? যদি দুর্লভের পাড়ার রাস্তার পরিবর্তে সাহেবরামপুর রাস্তাটা সিলেকশন করতেন তাহলে সুবিধা হত। তাই জানতে চাইছি, এ ক্ষেত্রে পঞ্চায়েত সমিতির রেজ্যুলেশন ছিল কিনা ?

শ্রীমতী ছায়া ঘোষ : পঞ্চায়েত সমিতির কোনো রেজ্যুলেশন আমি পাইনি। তবে পরবর্তীকালে আপনার সাথে আলোচনা করে রাস্তা করবার চেষ্টা করব এবং আমাদের দপ্তরের যে নির্দিষ্ট আইন-কানুন আছে সেইভাবেই করতে হবে।

শ্রী ইউনুস সরকার : মার্কেটিং লিংক রোড ছাড়া কিছু মার্কেট করা হয়েছে। বর্তমান বছরে ওইরকম মার্কেট অন্য কোনো জেলায় করার পরিকল্পনা আছে কিনা ?

শ্রীমতী ছায়া ঘোষ : অনেকগুলো করা হয়েছে। কালনাতে করা হয়েছে। বোলপুরে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং করা হয়েছে। আমি এবং মাননীয় সাংসদ সদস্য সোমনাথ চ্যাটার্জী গিয়ে মার্কেটের ভিত্তি প্রস্তর করে এসেছি। লালবাগে পৌনে ৪ কাঠার বাজার করে এসেছি। বোলপুরে যেটা আছে সেটা প্রায় পৌনে ৩ কোটি টাকার স্কিম। এই স্কিমের বাজারগুলো তাড়াতাড়ি তৈরি হবে। এছাড়া, লালবাগে পৌনে ৩ কোটি টাকার স্কিম আছে। নিশীথবাবুর কাছ থেকে জমি নিয়েছি। ওই এলাকার মানুষের অনেক দিনের চাহিদা ছিল। অতীশবাবুর এলাকা কান্দীতে অনেক মার্কেট বিল্ডিং করছি, অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং করছি। এর পর বাজারের বিষয়গুলো দেখব। জঙ্গীপুরে ১ কোটি ২০ লক্ষ টাকা দিয়ে প্লট কিনেছি। কিন্তু এখনও অধিকার পায়নি, পেলে কাজ শুরু হবে।

[11.30—11.40 a.m.]

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়ার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—মালদাতে সামসি রেগুলেটিং মার্কেট দীর্ঘদিন ধরে আছে, কিন্তু কোনো কমিটি ওখানে করা হয়নি। ওখানে একজন অফিসার মালদার সামসি এবং মালদা এই দুটো মার্কেটের চার্জে আছেন, উনি নিজে যা ভাবছেন তাই করছেন, ওখানে এক্সিকিউটিভ যা পারছেন তাই করছেন। মাননীয়া মন্ত্রী মহাশয়া দয়া করে বলবেন যে, দীর্ঘদিন ধরে ওখানে কেন কমিটি করা হয়নি ? আপনি মার্কেট সংলগ্ন রাস্তার কথা বলেছেন, সেখানে চাঁদমণি ১ নম্বর গ্রামপঞ্চায়েতে এই মার্কেট সংলগ্ন কিছুটা রাস্তা আপনাদের মার্কেটিং ডিপার্টমেন্টের পক্ষ থেকে করা হয়েছে, কিন্তু বাকি রাস্তার কাজ বন্ধ আছে। কী কারণে এই রাস্তার কাজ বন্ধ আছে এবং কবে নাগাদ এই কাজ সম্পূর্ণ হবে ?

শ্রীমতী ছায়া ঘোষ : আপনি ওই এলাকার মানুষ, আপনি নিশ্চয়ই জানেন যে, তাপস মিত্র নামে একজনকে অন্য দপ্তর থেকে সেখানে সেক্রেটারি হিসেবে আনা হয়েছিল, তিনি ইংলিশবাজারের অনেক ক্ষতি করেছেন, এই ক্ষতির পরিমাণ আপনারা নিশ্চয়ই জানেন। তারপর থেকে লস চলছিল—কটা কনট্রাক্টরকেও টাকা দেওয়া হয়নি, যে ঘরগুলো অ্যালটমেন্ট করা হয়েছিল সেগুলোকে নন-বিজনেসম্যান লোকদের দেওয়া হয়েছে—যেমন ডাক্তার, উকিল, কম্পাউন্ডার এরকম লোকদেরকে দেওয়া হয়েছে, তারা ওখানে কোনো বিজনেস করছে না। বিনয় পোদ্দার আসার পরে ওখানে সমস্ত দেনা শোধ হয়ে এসেছে। ওখানে আমি শৈলেন সরকারের সাথে কথা বলেছি। সেখানে ইমিডিয়েটলি ডি এম-কে নিয়ে মিটিং করে বাজার বসানোর চেষ্টা করছি। সামসি নিয়ে অনেক আলোচনা হয়েছে। ওখানে ৪-৫টি রাস্তা.....

শ্রীমতী সাবিত্রী মিত্র : আমি জানতে চাইছি দীর্ঘদিন ধরে মালদাতে সামসি রেগুলেটিং মার্কেট আছে, কিন্তু ওখানে কোনো কমিটি করা হয়নি কেন ?

শ্রীমতী ছায়া ঘোষ : আমি আসার পরে অনেক জায়গায় কমিটি করেছি, আস্তে আস্তে সব জায়গায় কমিটি হবে।

শ্রী অশোককুমার দেব : মাননীয়া মন্ত্রী মহাশয়া একটু আগে বললেন যে, সব জেলায় মোটামুটি কাজ হয়েছে। আমার জেলায় আমার জানা নেই যে, আপনার দপ্তর সেখানে কোনো কাজ করেছে কিনা। আমার জেলা দক্ষিণ ২৪ পরগনার ক্ষেত্রে কোনো কাজ হয়ে থাকলে আপনি নিশ্চয়ই সেটা বলবেন। আর আমার জেলায় যদি কোনো কাজ না হয়ে থাকে তাহলে কাজটা করবেন কিনা সেটা হাউসকে আপনি বলবেন। আমি আপনার সঙ্গে ২-১ বার দেখা করে কথা বলেছি, প্রোপোজাল জমা দিয়েছি। কিন্তু এখনও পর্যন্ত কিছু হয়নি।

শ্রীমতী ছায়া ঘোষ : আপনার বক্তব্য অত্যন্ত সত্যি। আমি আগেই বলেছিলাম যে, গভর্নমেন্ট থেকে কোনো টাকা-পয়সা আমরা এখনও অবধি পাইনি। দক্ষিণ ২৪ পরগনায় যে আর এম সি আছে, সেখানে ওই আর এম সি-র কোনো ইনকাম নেই—ওটা দিন আনে দিন খাচ্ছে, তারা শুধু স্টাফদের পেমেন্ট করছে। আমি প্রেসার ক্রিয়েট করে বলেছি যে, শুধু স্টাফদের পেমেন্ট করলে হবে না, ৫০ পার্সেন্ট উন্নয়নমূলক কাজ করতে হবে। সেই মতো দক্ষিণ ২৪ পরগনায় মাননীয় রেজ্জাক মোল্লা মহাশয়ের সঙ্গে কথা বলেছি এবং আমাদের অফিসারকে সেখানে পাঠিয়েছিলাম। আমরা টাকা পাওয়ার আশ্বাস পেয়েছি, টাকা পেলে আমরা এই কাজটা করব।

শ্রী আনন্দগোপাল দাস : আমি প্রথমে ধন্যবাদ জানাচ্ছি মাননীয় মন্ত্রীকে যে, কৃষকরা ফসল নিয়ে যাতে সরাসরি এসে বাজারে বিক্রি করতে পারে তার জন্য অনেকগুলি ব্যবস্থা নিয়েছেন। প্রথমে বাজার তৈরি করেছেন, পরবর্তীকালে বাজারে আসার জন্য রাস্তা তৈরি করেছেন। আমি যে প্রশ্নটা জানতে চাইছি যে, বাজারে যে রাস্তাগুলি আপনি তৈরি করেছেন, এটার সিলেকশন কীভাবে হচ্ছে এবং যে রাস্তাগুলি হচ্ছে সেগুলি ত্রিস্তর পঞ্চায়েতকে দিয়ে করা হচ্ছে কিনা এবং ত্রিস্তর পঞ্চায়েতের পরিকল্পনামাফিক করা হচ্ছে কিনা সেটা আপনি জানাবেন।

শ্রীমতী ছায়া ঘোষ : আমাদের অফিসাররা যাঁরা আছেন তাঁরা জায়গাটা দেখে আসেন এবং তাঁদেরই এলাকায় রাস্তা হয় যাঁরা নির্দিষ্ট সেই আর এম সি ভুক্ত এবং সেই আর এম সি-র সদস্য যাঁরা আছেন তাঁদেরই রিকোয়্যারমেন্ট মতো আমরা সেখানে রাস্তা করি। আমি বিভিন্ন জনপ্রতিনিধি যাঁরা আছেন তাঁদের সাথে প্রথমে কথা বলে নিই।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন যে, আমার এলাকায় রেগুলেটেড মার্কেট চালু হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাইছি যে, এখানে কতজন লোক নিযুক্ত হয়েছে এবং এখানে কোন কোন রাস্তা নতুন করে তৈরি করবার পরিকল্পনা উনি গ্রহণ করেছেন।

শ্রীমতী ছায়া ঘোষ : আপনি তো মুর্শিদাবাদ জেলার মানুষ, আপনি জানেন যে আপনার এলাকার লোকেরা একবার কোনো কারণে জানি না কীভাবে অ্যাপয়েন্টমেন্ট লেটার পড়েছিল চতুর্থ লেফ্‌ট ফ্রন্টের আমলে। ১২৬ জন হাইকোর্টে মামলা করে এবং ৩ বছর ধরে এই মামলা লড়ে আমাদের দপ্তর, আমি আসার পর দেখলাম এখানে লক্ষ লক্ষ টাকার যে রেভিনিউ আসত সেটা মার খাচ্ছে। তাই আমাদের উকিল হাইকোর্টে প্রেয়ার করল, যে ঠিকভাবে লাগাব ফেজ বাই ফেজ যেমন যেমন ইনকাম হবে তেমনভাবে লাগাব। ৪৯ জন ছেলেকে প্রাথমিক অবস্থাতে লাগিয়েছি কনট্রাক্ট বেসিসে যাঁরা ২ হাজার টাকা করে বেতন পাচ্ছেন। এতে ৪৫ লক্ষ টাকা তাঁরা ইনকাম করছেন। ফলে আপনার বাজার করতে পারব বলে আশা করছি।

শ্রী তপন হোড় : আমি বলতে চাইছি এই যে মার্কেট লিংক রোড বিভিন্ন জেলায় তৈরি হচ্ছে, প্রত্যন্ত গ্রামগুলিতেও তৈরি হচ্ছে এটা ভালো ঠিকই, কিন্তু তফসিলি জাতি এবং উপজাতি অধ্যুষিত এলাকাগুলিতে এই লিংক রোড খুবই জরুরি, সে ক্ষেত্রে আপনার দপ্তর কি কি ব্যবস্থা নিয়েছেন সেটা একটু বলবেন।

শ্রীমতী ছায়া ঘোষ : আমাদের এইভাবে রাস্তা করা হয় না। কারণ আমি এর আগের প্রশ্নের উত্তরেও বলেছি যে, যাঁরা আমাদের সদস্য হবে, তাঁদের আবেদন মতো যে সমস্ত কৃষক আজকে সদস্য হবেন, তাঁদের এতেই আমাদের রাস্তাঘাট করা হয়। আপনাকে আমি বলি যে, দোলতাবাজার এবং সংলগ্ন এলাকায় বেশকিছু আদিবাসী আছে, কোনো আদিবাসী গ্রাম বলে করা হয় না, তবে এই যে রাস্তাগুলি করা হচ্ছে তাতে নিশ্চয়ই এস সি, এস টি-রা সুযোগ পেয়েছে, আমি নিজে গিয়ে দেখে এসেছি, তারা খুশি।

* 3. Not called.

[11.40—11.50 a.m.]

প্রাণী খামার

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩) **শ্রী শেখ জাহাঙ্গীর করিম** : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কতগুলি প্রাণী খামার আছে ;

(খ) উক্ত খামারগুলিতে মোট প্রাণীর সংখ্যা কত ; এবং

(গ) এই খামারগুলি রক্ষণাবেক্ষণ করার জন্য কতজন কর্মচারী নিয়োজিত আছেন ?

শ্রী আনিসুর রহমান :

(ক) ৮৯টি (৩০-১১-২০০২) পর্যন্ত ;

(খ) ৬৮,১২৭টি ; এবং

(গ) ৪৫৭ জন।

শ্রী শেখ জাহাঙ্গীর করিম : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন আমাদের গ্রাম এলাকার অর্থনীতি কৃষির সাথে সাথে প্রাণীসম্পদের ওপর অনেকখানি নির্ভর করছে। স্বাভাবিকভাবে উন্নতমানের, উন্নত প্রজাতির প্রাণী যদি গ্রামবাংলায় সরবরাহ করা যায় তাহলে তা গ্রামবাংলার অর্থনীতির ভিতকে মজবুত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সে কারণে আমি জানতে চাইছি, গ্রামাঞ্চলে আরো নতুন প্রাণী খামার তৈরির রাজ্য সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী আনিসুর রহমান : আমাদের রাজ্যে এখন ৮৯টি প্রাণী খামার আছে এবং বেশির ভাগ জেলাতেই আছে—কোনো জেলায় সংখ্যায় কম, কোনো জেলায় সংখ্যায় বেশি। এখন আর বেশি পরিমাণে ফার্ম তৈরি করা আমাদের লক্ষ্য নয়। এখন আমরা প্রত্যেক জেলায় একটা করে বড়ো কম্পোজিট ফার্ম তৈরি করতে চাইছি, যেখানে সব রকমের প্রাণী থাকবে। সেখানে সব রকম প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে, ডেমোনেসট্রেশনের ব্যবস্থা থাকবে। এখন আমরা পরীক্ষা করে দেখছি কোন কোন জেলা পিছিয়ে আছে, কোন জেলায় বেশি আনকভার্ড এলাকা আছে, সে অনুযায়ী আমাদের পরিকল্পনা তৈরি করা হচ্ছে। আমরা আর সাধারণ নতুন ফার্ম তৈরি করতে চাই না।

শ্রী নেপাল মাহাতো : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, বর্তমানে পুরুলিয়া জেলাতে কতগুলি প্রাণী খামার আছে এবং সেগুলি কি অবস্থায় আছে ?

শ্রী আনিসুর রহমান : আমাদের পুরুলিয়া জেলায় দুটো খামার আছে। একটা পুরুলিয়া শহরে 'স্টেট পোলট্রি ফার্ম', সেটাকে ডিস্ট্রিক্ট কম্পোজিট ফার্মে পরিণত করা হচ্ছে। আর সাঁওতালডিহিতে একটা ক্যাটেল ফার্ম আছে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : স্যার, আমাদের মুর্শিদাবাদ জেলা বর্তমানে রাজ্যের সবচেয়ে বড়ো জেলা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, রাজ্যের মোট ৮৯টি ফার্মের মধ্যে আমাদের মুর্শিদাবাদ জেলায় কতগুলি ফার্ম আছে ? এই জেলার দূরবর্তী গ্রামাঞ্চলে যেসব বেকার যুবকরা আছেন তাঁদের অনেকেই প্রাণীসম্পদ বিকাশ সংক্রান্ত কাজ করতে ইচ্ছুক, সেই পরিপ্রেক্ষিতে মুর্শিদাবাদ জেলায় আর কোনো খামার নির্মাণের সরকারের পরিকল্পনা আছে কি ?

শ্রী আনিসুর রহমান : আমি যা হিসেব দিয়েছি তাতে বলেছি যে, মুর্শিদাবাদ জেলার বেলডাঙায় স্টেট লেভেল র‍্যাবিট ফার্ম আছে, তার সঙ্গে অনেকগুলি বিষয় যুক্ত আছে। বহরমপুরে স্টেট পোলট্রি ফার্ম আছে, সেখানে কোয়েল আছে। আরো কিছু কিছু ব্যাপার আছে। এই দুটো ফার্মের স্ট্রেনদেনিং-এর প্রশ্নটাই এখন আমাদের কাছে বড়ো প্রশ্ন। এ ছাড়াও ছোট কিছু কিছু ফার্ম কিছু কিছু এলাকায় তৈরি করা হয়েছে। ছোট ফার্ম আর আমরা এখন করতে চাইছি না।

শ্রী প্রবোধ পুরকাইত : মাননীয় মন্ত্রী জানাবেন কি যে, এই দপ্তরের পরিচালনাধীন যে সমস্ত খামারগুলি আছে তাতে উন্নতমানের যে বীজ উৎপন্ন হয় তার পরিমাণ কত এবং তা কীভাবে চাষীদের কাছে পৌঁছে দেওয়া হয় ?

শ্রী আনিসুর রহমান : আপনি যা বলছেন এবং আমি যা বুঝছি তার মধ্যে বোধ হয় কিছু পার্থক্য থেকে যাচ্ছে। সিমেন কালেকশন সেন্টার বা ফ্রোজেন সিমেন ল্যাবরেটরি আমাদের জেলা স্তরে ৪টে আছে। শালবনীতে একটা সবচেয়ে বড়ো এবং মডার্ন ল্যাবরেটরি আছে। হরিণঘাটায় আছে, বেলডাঙায় আছে আর শিলিগুড়িতে আছে। এই ৪টি ফ্রোজেন সিমেন ল্যাবরেটরিতে সিমেন কালেকশন হয় এবং ফ্রোজেন করা হয়। আমাদের রাজ্যের যা প্রয়োজন তার থেকে উৎপাদন ক্ষমতা বেশি। আগামী ৫ বছরে আমাদের রাজ্যের যা প্রয়োজন তার থেকে উৎপাদন ক্ষমতা অনেক বেশি হবে। এটা মেইনলি কোয়েশ্চেন ছিল ফার্মের বিষয়ে আর এটা হচ্ছে ফ্রোজেন সিমেন ল্যাবরেটরি। ফার্মের যেগুলি হচ্ছে সেগুলি আলাদা বিষয়।

শ্রী শীতল সর্দার : আপনি বাজেটে বলেছিলেন, প্রাণীসম্পদ বিকাশের ক্ষেত্রে বহু মানুষের চাকরি হবে, কিছু বেকার ছেলের সংস্থান হবে। এইরকম কত ছেলের প্রাণীসম্পদ বিকাশের ক্ষেত্রে উন্নতি হয়েছে এবং তার মধ্যে হাওড়া জেলায় কতজনের হয়েছে ?

শ্রী আনিসুর রহমান : এর জন্য আলাদা নোটিশ দিতে হবে। এটা এখানে প্রাসঙ্গিক নয়। এখানে প্রশ্ন হচ্ছে ফার্মের বিষয়ে আর আপনি কর্মসংস্থানের কথা তুলে ধরলেন। তবে আমি এইটুকু বলতে পারি, অনেকখানি অগ্রগতি হয়েছে আর সুনির্দিষ্ট সংখ্যা যদি জানতে চান তাহলে আলাদাভাবে নোটিশ দিতে হবে। এই প্রশ্ন এর সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

শ্রী আবুল হাসনাৎ : জঙ্গীপুর বিধানসভার অন্তর্গত রঘুনাথপুরে একটা প্রাণীসম্পদ হাসপাতাল তৈরি করার পরিকল্পনা ছিল এবং শিলান্যাসও হয়ে গিয়েছিল। সেটা এখন কি পর্যায়ে আছে তা জানাবেন কি ?

শ্রী আনিসুর রহমান : জঙ্গীপুর ব্লক হেলথ সেন্টার করার জন্য সিদ্ধান্ত হয়ে আছে, টাকার অনুমোদন হয়ে আছে এবং টাকা রেডি আছে। জমি নিয়ে সমস্যা হয়েছিল, কয়েকবার জমি দেখা হয়েছিল। এখন মোটামুটি ঠিক হয়েছে। কয়েক দিনের মধ্যে ফাইনাল হয়ে গেলে সেখানে কাজ শুরু করা যেতে পারে।

শ্রী সুনির্মল পাইক : মেদিনীপুর জেলা সদ্য দুই ভাগ হয়েছে। আপনি পূর্ব মেদিনীপুর জেলায় যেসব প্রাণী খামারের কথা বললেন সেটা কটা আছে এবং কোথায় কোথায় আছে ?

শ্রী আনিসুর রহমান : আগে মেদিনীপুর একসঙ্গে ছিল। মেদিনীপুরে মোট ৪টি স্টেট লেভেল ফার্ম ছিল। ভাগ হয়ে যাওয়ায় পশ্চিম মেদিনীপুরে ৩টি আর পূর্ব মেদিনীপুরে ১টি আছে। পশ্চিম মেদিনীপুরে যে ৩টি আছে তার মধ্যে একটা হচ্ছে জেলা শহরের পাশেই আছে স্টেট কম্পোজিট ফার্ম, দুই হচ্ছে এক্সয়টিক ক্যাটেল ব্রিডিং ফার্ম, শালবনী, আর শালবনীতে আছে শিপ অ্যান্ড গোট ফার্ম। পূর্ব মেদিনীপুরে স্টেট পোলট্রি ফার্ম আছে। এই ৪টি মেদিনীপুর জেলায় আছে।

'গ্রে' এলাকা চিহ্নিতকরণ

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬) শ্রী অতীশচন্দ্র সিংহ : জলসম্পদ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের কতগুলি মৌজাকে 'গ্রে' এলাকা হিসাবে চিহ্নিত করা হয়েছে ; এবং

(খ) এইসব এলাকায় চাষের জন্য দূষণমুক্ত জল জোগানের কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য :

(ক) ভূগর্ভস্থ জলের চরম সেচ-ক্ষমতা ও দ্বিতীয় ক্ষুদ্র সেচ সুমারিতে প্রাপ্ত সৃষ্ট সেচ-ক্ষমতার পরিমাণ হিসাবে রাজ্যের ৩৩টি ব্লক 'গ্রে' হিসাবে চিহ্নিত করা হয়েছে। এই সঙ্গতি নির্ধারণ করা হয়েছে ব্লক ভিত্তিক। মৌজা ভিত্তিক নয়। জেলা ভিত্তিক 'গ্রে' ব্লকের হিসাব সারণি নং (১)-এ দেওয়া হল ;

(খ) 'ডার্ক', 'গ্রে' বা 'হোয়াইট' হিসাবে শ্রেণিবিন্যাস করা হয়েছে ভূগর্ভস্থ জলের চরম সেচ-ক্ষমতা ও দ্বিতীয় সুমারিতে প্রাপ্ত সৃষ্ট সেচ-ক্ষমতা অনুপাতের ভিত্তিতে। এর সঙ্গে জল দূষণের সরাসরি সম্পর্ক নেই। অবশ্য পশ্চিমবঙ্গে ৭৮টি ব্লকে 'আর্সেনিক' দূষণ, ৩টি ব্লকের 'ফ্লোরাইড' দূষণ এবং সমুদ্র উপকূলবর্তী ৬০টি ব্লকের ভূগর্ভস্থ জল লবণাধিক্যের দূষণ দেখা গেছে। এই দূষণ সাধারণত অগভীর জলস্তরে লক্ষিত হয়েছে এবং তা পানীয় জলের নলকূপের ক্ষেত্রে প্রযোজ্য।

সারণি নং ১ : 'ডার্ক' ও 'গ্রে' ব্লকের তালিকা
(দ্বিতীয় ক্ষুদ্র সেচ প্রকল্প সুমারি অনুসারে)

ক্রমিক নং	জেলা	'ডার্ক' ব্লক	'গ্রে' ব্লক	মন্তব্য
১।	মুর্শিদাবাদ	(১) জলঙ্গী (২) বেলডাঙা-১ (৩) বহরমপুর (৪) রানীনগর-২ (৫) বাড়োঁয়া (৬) ভগবানগোলা-১ (৭) ডোমকল (৮) হরিহরপাড়া	(১) সাগরদিঘী (২) রানীনগর-১ (৩) মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ (৪) লালগোলা (৫) খড়গ্রাম (৬) ভগবানগোলা-২	ব্লকের ভূগর্ভস্থ জলের চরম সেচ-ক্ষমতার ৬৫%-৮৫%-এর মধ্যে উন্নয়ন হলে 'গ্রে' হিসাবে চিহ্নিত এবং ৮৫% ও অধিক উন্নয়ন হলে 'ডার্ক' হিসাবে চিহ্নিত।

ক্রমিক নং	জেলা	'ডার্ক' ব্লক	'গ্রে' ব্লক	মন্তব্য
২।	মেদিনীপুর	(১) সবং (২) মোহনপুর (৩) ডেবরা (৪) নারায়ণগড় (৫) এগরা-১ (৬) এগরা-২ (৭) পিংলা (৮) পটাশপুর-১ (৯) পটাশপুর-২ (১০) দাঁতন-১	(১) খড়গপুর-১ (২) খড়গপুর-২ (৩) পাঁশকুড়া-১ (৪) ভগবানপুর-১ (৫) ভগবানপুর-২ (৬) গোপীবল্লভপুর-২ (৭) সাঁকরাইল (৮) কেশপুর	ব্লকের ভূগর্ভস্থ জলের চরম সেচ-ক্ষমতার ৬৫%-৮৫%-এর মধ্যে উন্নয়ন হলে 'গ্রে' হিসাবে চিহ্নিত এবং ৮৫% ও অধিক উন্নয়ন হলে 'ডার্ক' হিসাবে চিহ্নিত।
৩।	উঃ ২৪-পরগনা	(১) আমডাঙা (২) বারাসাত-১ (৩) বনগাঁ (৪) স্বরূপনগর (৫) হাবড়া-২ (৬) বসিরহাট-১ (৭) বসিরহাট-২ (৮) গাইঘাটা	(১) বাদুড়িয়া (২) হাবড়া-১ (৩) দেগঙ্গা (৪) রাজারহাট	
৪।	উঃ দিনাজপুর	(১) রায়গঞ্জ (২) ইটাহার (৩) হেমতাবাদ (৪) কালিয়াগঞ্জ (৫) করণদিঘি (৬) গোয়ালপোখর-২	(১) গোয়ালপোখর-১	
৫।	দঃ দিনাজপুর	(১) গঙ্গারামপুর (২) হিলি	(১) বালুরঘাট	
৬।	মালদা	(১) রতুয়া-১ (২) রতুয়া-২ (৩) কালিয়াচক-৩ (৪) চাঁচোল-১ (৫) চাঁচোল-২ (৬) হরিশচন্দ্রপুর-১ (৭) হরিশচন্দ্রপুর-২	(১) কালিয়াচক-২	

ক্রমিক নং	জেলা	'ডার্ক' ব্লক	'গ্রে' ব্লক	মন্তব্য
৭।	বর্ধমান	(১) পূর্বস্থলী-১ (২) পূর্বস্থলী-২ (৩) কালনা-১ (৪) কালনা-২	(১) কাটোয়া-১ (২) কাটোয়া-২ (৩) মন্তেশ্বর	ব্লকের ভূগর্ভস্থ জলের চরম সেচ-ক্ষমতার ৬৫%-৮৫%-এর মধ্যে উন্নয়ন হলে 'গ্রে' হিসাবে চিহ্নিত ৮৫% ও অধিক এবং উন্নয়ন হলে 'ডার্ক' হিসাবে চিহ্নিত।
৮।	বীরভূম		(১) নলহাটি-২ (২) ইলামবাজার	
৯।	বাঁকুড়া	কোতলপুর		
১০।	হাওড়া		উদয়নারায়ণপুর	
১১।	হুগলি	(১) পুরশুড়া (২) আরামবাগ (৩) খানাকুল-১	(১) বলাগড় (২) গোঘাট-১ (৩) গোঘাট-২	
১২।	নদিয়া	(১) নবদ্বীপ (২) হাঁসখালি (৩) হরিণঘাটা (৪) তেহট্ট-১ (৫) চাপড়া (৬) কালীগঞ্জ (৭) কৃষ্ণনগর-১ (৮) কৃষ্ণনগর-২ (৯) রাণাঘাট-২ (১০) করিমপুর-১ (১১) করিমপুর-২ (১২) শান্তিপুর	(১) নাকাশিপাড়া (২) কৃষ্ণগঞ্জ (৩) তেহট্ট-২	

[11.50—12.00 noon.]

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন তিন ভাগে ভাগ করা হয়েছে ভূগর্ভস্থ জলের অবস্থানকে—ডার্ক, গ্রে, হোয়াইট। গ্রে সম্বন্ধে যে প্রশ্ন করা হয়েছে তার উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, সারা পশ্চিমবাংলায় ৩৩টি ব্লককে গ্রে হিসাবে চিহ্নিত করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে, গোটা একটা ব্লক কখনও গ্রে হিসাবে চিহ্নিত হতে পারে না। একটা ব্লকের কোনো গ্রামপঞ্চায়েত এলাকায় হয়তো বেশি জল উঠিয়ে নিয়েছে, সেটা হতে পারে, সেখানে অন্যান্য মৌজাতে জলের প্রাচুর্য রয়েছে। আমার প্রশ্ন, ব্লককে গ্রে হিসাবে চিহ্নিত না করে মৌজা বা পঞ্চায়েত হিসাবে এটাকে

চিহ্নিতকরণ করার কথা বিবেচনা করবেন কিনা ? উদাহরণস্বরূপ আমার কান্দির কথা বলছি। উনি ভালোভাবে জানেন যে, হিজল বলে একটা জায়গা আছে সেখানে জলের প্রাচুর্য রয়েছে এবং সেখানে যত মিনি ডিপ, ডিপ টিউবওয়েল বসানো হোক না কেন জল পাওয়া যাবে। কোনো পঞ্চায়েতে হয়তো পাবেন আবার কোনো পঞ্চায়েত এলাকাতে হয়তো পাবেন না। ব্লক হিসাবে চিহ্নিতকরণ না করে পঞ্চায়েত হিসাবে চিহ্নিতকরণের কাজটা করার কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : অতীশবাবু যে প্রশ্ন করেছেন তাতে প্রথম কথা হচ্ছে মৌজা ভিত্তিক এখনও পর্যন্ত পরীক্ষা-নিরীক্ষা করে চিহ্নিত করার কাজটা সম্পূর্ণ করা যায়নি। এটা করা দরকার। আপনার সঙ্গে আমি একমত যে এটা করা দরকার। কেন না এখন এখানে অ্যাকুইফারে হয়তো জল পাওয়া যায় ওখানে হয়তো পাওয়া যায় না—এরকম অবস্থা হতে পারে। সুতরাং মৌজা ভিত্তিক এই চিহ্নিতকরণের কাজটা সম্পূর্ণ করা প্রয়োজন। এদিকে এই কাজে আমরা যখন অগ্রসর হচ্ছি—এখানে একটা নতুন তথ্য আপনাকে এবং অন্যান্য মাননীয় সদস্যদের দিই যে, এটা তো পশ্চিমবঙ্গ সরকার, আমরা এককভাবে করি না। ভারত সরকার তারা আবার এই গ্রে, ডার্ক এবং হোয়াইট এই বিষয়টাকে নতুনভাবে মূল্যায়ন করে বলছেন—সেফ, নিরাপদ, সেফ। সেমি ক্রিটিক্যাল, ক্রিটিক্যাল এবং ওভার এক্সপ্লয়টেড। এভাবে গ্রিন, ডার্ক এবং হোয়াইট ব্লকগুলোকে নতুনভাবে মূল্যায়ন করবার জন্য বলেছি এবং সেভাবে ভারত সরকার এবং আমরা পশ্চিমবঙ্গ সরকার যুক্তভাবে সেই কাজে অগ্রসর হচ্ছি নতুন মূল্যায়নের ক্ষেত্রে। কাজেই আমার মনে হয়, ডার্ক, গ্রিন এবং হোয়াইট যা ছিল তার অনেক ক্ষেত্রে হয়তো অনেক জায়গায় জল উত্তোলনের সম্ভাব্যতা বাড়বে এবং অনেক জায়গায় জল উত্তোলনের সম্ভাব্যতা কমবে। কাজটা বিজ্ঞানভিত্তিক করতে সেভাবেই আমর এগোচ্ছি।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আমার দ্বিতীয় প্রশ্ন, চাষের জন্য মিনি ডিপ টিউবওয়েল বসাতে গেলে সিনিয়র জিওলজিস্টের পারমিশন দরকার হচ্ছে। আমি জানতে চাইছি, যে সমস্ত ব্লককে গ্রিন বলে চিহ্নিত করেছেন, ৩৩টি ব্লককে করেছেন, সে সমস্ত জায়গায় মিনি ডিপ টিউবওয়েল বসাতে গেলে, চাষের জন্য, সিনিয়র জিওলজিস্টের পারমিশন প্রয়োজন হবে কি হবে না, সেই পারমিশন তিনি সহজে দেবেন কি দেবেন না ? কারণ অনেক চাষী ওয়াটার লেভেল পারমিশন পেতে হয়রানি হচ্ছেন হোয়াইট এবং গ্রিন এলাকাতেও। যতক্ষণ পর্যন্ত জেলা পরিষদ থেকে ক্লিয়ারেন্স দেওয়া না হচ্ছে ততক্ষণ পর্যন্ত সিনিয়র জিওলজিস্ট পারমিশন দিচ্ছেন না। এই ব্যাপারটা সহজ করবার জন্য, চাষীদের হয়রানি দূর করবার জন্য কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আমি প্রথমে বলতে চাই, জেলা পরিষদ বা প্রশাসন, এমনকি মন্ত্রীর নির্দেশও বৈদ্যুতিক সংযোগ দেবার ক্ষেত্রে কোনোরকম কাজ করে না। বৈদ্যুতিক সংযোগ মানে হচ্ছে, যে কেউ টিউবওয়েল বসাতে পারেন এবং বসাবার পর—আমাদের প্রশাসনিক আদেশ বহুদিন ধরে দেওয়া আছে—তাতে বিদ্যুৎ সংযোগ পেতে হলে

'স্যুইড'-এর কাছে আসতে হবে, 'স্যুইড' অনুমোদন ছাড়া বিদ্যুৎ সংযোগ পাওয়া যাবে না। এটাই হচ্ছে প্রশাসনিক আদেশ। এ ব্যাপারে জেলা পরিষদের কিছু বলবার নেই, মন্ত্রীরও কোনো নির্দেশ দেবার ক্ষমতা নেই ; সে ক্ষেত্রে বিজ্ঞানীরা যা বলবেন সেটাই হবে। মাটির তলায় জলের অবস্থ কি সেটা দেখে অনুমোদন দেওয়া হবে কি হবে না তা বিজ্ঞানীরাই স্থির করবেন। অনেক জায়গায় জল পাওয়া যায়, অথচ অনুমোদন দেওয়া হচ্ছে না বলে যা বললেন, বিষয়টা ব্যক্তিগত কোনো বিষয় নয়, এটা রাজ্যের স্বার্থের বিষয়। এর সঙ্গে কৃষকদের স্বার্থ জড়িত। যেমন ধরুন, গত বন্যায় কাঁদিতে জল জমে ছিল সাতদিন ধরে। সেখানে আমরা পরীক্ষা করে দেখেছি, সেখানে জল জমে থাকবার পরেও ওখানকার মাটির অবস্থা এমনই যে মাটির তলায় স্যুইড ওয়াটারের অনুপ্রবেশ ঘটেনি, জল জমে থাকবার ফলেও ভুগর্ভস্থ জলের লেভেল ওঠেনি। এটা হচ্ছে এখানকার মাটির অবস্থা। সেই অবস্থার জন্য এটা ঘটেছে। সুতরাং অনেক সময় আমাদের দেখে মনে হয় এখানে জল প্রচুর, কিন্তু জল পাওয়া যাবে না। মাটির অ্যাকুইফায়ারে জল আছে কি নেই এটা জল-বিজ্ঞানীরা বলতে পারবেন, আমরা বলতে পারব না।

Starred Questions
(which answers were laid on the Table)

উন্নতমানের বীজ উৎপাদন

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭) শ্রী জ্যোতির্ময় কর : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গবেষণা তথা উন্নতমানের বীজ উৎপাদনের জন্য ব্লকে ব্লকে কৃষি খামার আছে ; এবং

(খ) সত্যি হলে, কতগুলি কৃষি খামারে গবেষণার কাজ হয় ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গে ৩৩৫টি কৃষি ব্লক আছে। এর সবগুলিতে কৃষি খামার নেই ;

(খ) বীজ উৎপাদন এবং গবেষণার কাজের জন্য এই রাজ্যে মোট ২০০টি কৃষি খামার আছে। এর মধ্যে গবেষণার কাজও করা হয় ৬২টি কৃষি খামারে।

প্রাণীসম্পদের পরিপূর্ণ ব্যবহার

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০) শ্রী রামপদ সামন্ত : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) গ্রামীণ মানুষকে স্ব-নির্ভর করতে প্রাণীসম্পদের পরিপূর্ণ ব্যবহারে কী ধরনের সরকারি পদক্ষেপ নেওয়া হয়েছে ; এবং

(খ) প্রাণীবন্ধু প্রকল্পের জেলাভিত্তিক অগ্রগতি কীরূপ ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গ্রামীণ মানুষকে স্ব-নির্ভর করতে প্রাণীসম্পদ-এর পরিপূর্ণ ব্যবহারে নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া হয়েছে :

১। উন্নত জাতের প্রাণী বিজ্ঞানসম্মত পদ্ধতিতে পালনের জন্য সাধারণ মানুষকে আগ্রহী করা ও ব্যাপকভাবে তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

২। স্ব-নিযুক্তির বিভিন্ন প্রকল্পের সঙ্গে যুক্ত করা হচ্ছে বেকার যুবক-যুবতী-সহ গ্রামীণ মানুষকে।

৩। দেশী নিম্ন জাতের প্রাণীর প্রজাতিগত মানোন্নয়ন ও উন্নত জাতের প্রাণীর সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে।

৪। রোগ প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থার বিকেন্দ্রীকরণ ও আধুনিকীকরণ করা হয়েছে।

৫। উন্নত পুষ্টিকর সবুজ প্রাণী-খাদ্যের চাষ বাড়ানো ও সুষম খাদ্যের সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

৬। প্রাণীজাত পণ্যের বিশেষ করে দুধের পরিকল্পিত বিপণের বিপণন ব্যবস্থা গড়ে তোলা হয়েছে। অন্যান্য দ্রব্যের বিপণনের চেষ্টা হচ্ছে।

(খ) জেলাগুলিতে জুন ২০০২ পর্যন্ত নিম্নলিখিত সংখ্যক প্রাণীবন্ধু কাজ শুরু করেছে এবং তাদের কাজের অগ্রগতি আশাব্যঞ্জক।

জেলা	কাজে নেমেছে
কোচবিহার	২০
জলপাইগুড়ি	১৪
শিলিগুড়ি	৭
উত্তর দিনাজপুর	১৯
দক্ষিণ দিনাজপুর	২৩
মালদহ	৫৭
মুর্শিদাবাদ	৩৪
নদিয়া	১৬
উত্তর ২৪ পরগনা	২৫
দক্ষিণ ২৪ পরগনা	৪৩
হাওড়া	১৬
হুগলি	৩৮
পূর্ব মেদিনীপুর	৯৭
পশ্চিম মেদিনীপুর	৫০
পুরুলিয়া	১৩
বাঁকুড়া	২৭
বর্ধমান	৩৫
বীরভূম	৩৩

বন্ধ চা বাগান

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩) শ্রী নির্মল দাস : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় বর্তমানে কতগুলি চা বাগান বন্ধ আছে ;

(খ) এর ফলে কত বাগিচা-শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন ; এবং

(গ) বন্ধ চা বাগানগুলি খোলার জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১২টি ;

(খ) এর ফলে প্রায় তেরো হাজার (১৩,০০০) বাগিচা-শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন ;

(গ) বন্ধ বাগানগুলি মীমাংসা বৈঠকের মাধ্যমে খোলার জন্য নিরন্তর প্রয়াস চালানো হচ্ছে।

[12.00—12.10 p.m.]

MOTION UNDER RULE 199

Mr. Speaker : Hon'ble Members, I have received a notice of 'No Confidence Motion' under Rule 199 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly from Shri Pankaj Banerjee, Shri Sobhandeb Chattopadhyay, Shri Saugata Roy and Shri Subrata Mukherjee that "This Assembly expresses its want of confidence in the Council of Ministers".

This motion is in order and admitted by me.

Now, I put the matter before the House for grant of leave. I would request the Hon'ble Members who are in favour of granting leave to rise in their seats.

I see that more than 30 Members have risen in support of granting leave. So, the motion is adopted.

Date and time for discussion of this motion will be informed later on.

.....(Noise).....

At this stage the

.....(Trinamul Congress members were shouting slogans).....

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received five notices of Adjournment Motion. The first one is from Shri Atish Chandra Sinha, Shri Asit Mitra and Shri Abu Taher Khan, the second one is from Shri Jyotipriya Mallik, Shri Ashok Kumar Deb, Shri Kalyan Banerjee and Shri Arunava Ghosh, the third one is from Shri Debaprasad Sarkar, the fourth one is from Shri Saugata Roy and the fifth one is from Shri Nirmal Ghosh on the same subject of enhancement of Court fees and consequential situation arisen.

The subject matters of the Adjournment Motions relate to the day to day administration of the Government and is not such that may call for adjournment of the Business of the House.

Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.. I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অশোক দেব : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল, ওয়েস্ট বেঙ্গল কোর্ট ফি অধ্যাদেশ দ্বারা অস্বাভাবিক কোর্ট ফি বৃদ্ধি সাধারণ মানুষকে দুর্দশা ও গভীর সংকটের মধ্যে ফেলে দিয়েছে। এই বৃদ্ধি অগণিত সাধারণ মানুষকে বিচার পাওয়ার অধিকার থেকে বঞ্চিত করছে। কোর্ট ফি বৃদ্ধি বর্তমান কোর্ট ফি-র তুলনায় ৪০০/৫০০ শতাংশ বেশি। কোর্ট ফি বৃদ্ধির প্রতিবাদে ইতিমধ্যেই জনসাধারণ রাস্তায় নেমেছে। এই ফি বৃদ্ধির প্রতিবাদে পশ্চিমবঙ্গের সমস্ত আদালতের আইনজীবীরা কর্মবিরতি পালন করছেন এবং পশ্চিমবঙ্গ বার কাউন্সিল এই অস্বাভাবিক কোর্ট ফি বৃদ্ধির সরকারি প্রস্তাবের বিরোধিতা করে কজ ওয়ার্ক চালাচ্ছে।

শ্রী অসিত মিত্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল, গত ৫ই জুলাই ২০০২ তারিখে সুপ্রিম কোর্টের পরামর্শ অনুযায়ী কোর্ট ফি বাড়িয়ে নিম্ন কোর্টগুলিতে জজের সংখ্যা বাড়াবার বিরোধিতা করে রাজ্য সরকার কোর্ট ফি অস্বাভাবিক হারে বাড়িয়ে দিয়ে মামলাকারীদের সংকটে ফেলেছেন। যেখানে ভারতের অন্যান্য রাজ্যগুলিতে কোর্ট ফি বাড়ানো হয়নি সেখানে রাজ্য সরকার শতকরা ৫০০ ভাগ হারে কোর্ট ফি বৃদ্ধি করে উকিলদের দীর্ঘ স্ট্রাইকের পথে ঠেলে দিয়েছেন। ফলে বিভিন্ন কেসে যাঁরা পুলিশের হাতে ধরা পড়ছেন তাঁরা জামিন পাচ্ছেন না, জেল হাজতগুলিতে লোক ভর্তি হয়ে পড়েছে এবং অস্বাস্থ্যকর অসহ্য পরিবেশের মধ্যে তাদের দিন কাটাতে হচ্ছে। এই সমস্যা

সমাধানের জন্য এ পর্যন্ত রাজ্য সরকার কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। তাই সভার কাজ মূলতবী রেখে এই অস্বাভাবিক অবস্থার কিভাবে মোকাবিলা করা যায় সে সম্বন্ধে আলোচনা করা হোক।

(At this stage Trinamul Congress members walked out)

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, দীর্ঘ এক পক্ষকালের অধিক হয়ে গেল রাজ্যের আইনজীবীরা বর্ধিত কোর্ট ফি সংক্রান্ত অর্ডিন্যান্স প্রত্যাহারের দাবিতে আন্দোলন করে যাচ্ছেন অথচ রাজ্য সরকার এ ব্যাপারে কোনো ইতিবাচক পদক্ষেপ নিচ্ছেন না। এমনিতেই রাজ্যের বিচার ব্যবস্থা অত্যধিক ব্যয়সাপেক্ষ হওয়ায় অধিকাংশ গরীব মানুষ যখন এর সুযোগ থেকে বঞ্চিত তখন কোর্ট ফি বৃদ্ধির এই সিদ্ধান্ত বিচার ব্যবস্থাকে আরও সংকুচিত করবে।

আইনজীবীরা স্বাধীনতা আন্দোলনের পর এই প্রথম জনগণের স্বার্থে এমন এক গুরুত্বপূর্ণ আন্দোলন করছেন—আমরা দাবি করছি জনস্বার্থ-বিরোধী এই অর্ডিন্যান্স অবিলম্বে প্রত্যাহার করা হোক।

(At this stage S U C I members walked out)

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely :–

	Subject		Name
(i)	Reported missing of 63 trawlers and 630 fishermen in the coastal areas of East Midnapore and South 24 parganas Districts on 12 . 11 . 2002	:	Shri Kashinath Misra, Shri Asish Banerjee, Shri Moloy Ghatak and Shri Manturam Pakhira.
(ii)	Deplorable conditions of jails in the State due to increase in number of prisoners	:	Shri Asit Kumar Mal and Shri Abdul Mannan.
(iii)	Reported non-supply of drinking water at Joypur	:	Shri Santiram Mahato

	Subject		Name
(iv)	Reservation for the candidates of other Backward Classes in the Educational Institutes	:	Shri Nepal Mahato
(v)	Progress of infrastructural development of Leather Complex and shifting of tanneries at Bantala	:	Shri Tapan Hore

I have selected the notice of Shri Kashinath Mishra, Dr. Asish Banerjee, Shri Moloy Ghatak and Manturam Pakhira on the subject of reported missing of 63 trawlers and 630 fishermen in the coastal areas of East Midnapore and South 24 Parganas Districts on 12 . 11 . 2002.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 13th December, 2002.

LAYING OF ORDINANCES

The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Ordinance, 2002

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, sir, with your permission, I beg to lay the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Ordinance, 2002 (West Bengal Ordinance No. IV of 2002) under article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002

Shri Nisith Adhikary : Sir, I beg to lay the West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002 (West Bengal Ordinance No. III of 2002) under article 213 (2) (a) of the Constitution of India.

The West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to lay the West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002 (West Bengal Ordinance No. I of 2002) under article 213 (2) (a) of the Constitution of India.

The Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to lay the Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002 (West Bengal Ordinance No. II of 2002) under article 213 (2) (a) of the Constitution of India.

LAYING OF RULES

The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and other conditions of service of the Chairman and other Members) Rules, 2002

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, sir, with your kind permission, I beg to lay the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and other conditions of service of the Chairman and other Members) Rules, 2002 published in the Kolkata Gazette, Extraordinary of the 24th October, 2002 under Notification No. 3185-L. Ref./1A-05/2002, dated 24th October, 2002.

LAYING OF BILLS

The West Bengal Water Resources Conservation, Protection and Development (Management, Control and Regulation) Bill, 2000

Mr. Speaker : I beg to lay the West Bengal Water Resources Conservation, Protection and Development (Management, Control and Regulation) Bill, 2000 as returned by the Governor for reconsideration under rule 130 (2).

Shri Prabodh Chandra Sinha : Sir, we would not like to proceed with this in this current session.

[12.10—12.20 p.m.]

MENTION CASES

শ্রী নেপাল মাহাতো : (নট প্রেজেন্ট)

শ্রী আবুল হাসনাৎ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় অর্থাৎ মুর্শিদাবাদ জেলায় বর্ডার এলাকা। বিভিন্ন বর্ডার এলাকায় বি এস এফ-এর অত্যাচারে মানুষ অতিষ্ঠ হয়ে পড়েছে। গত ১৮-৮-০২ তারিখে জঙ্গিপুর বিধানসভার অন্তর্গত গিরিয়া অঞ্চলে বি এস এফ-এর কয়েকদিন ধরে তাণ্ডবের ফলে মানুষ ঘরছাড়া হয়েছে। এছাড়া গত ৫-১২-০২ তারিখে সূতি বিধানসভা কেন্দ্রের হাসানপুরে ২ জনকে বি এস এফ দারুণভাবে মারধোর করার ফলে তারা হাসপাতালে ভর্তি আছে। এছাড়া রাঢ় অঞ্চলে যেসব কৃষক জমির ধান তাদের বাড়ি থেকে নিয়ে এসে ট্রাকে বোঝাই করে, তাদেরকে কিছু কিছু জায়গায় এমবাঙ্কমেন্ট-এর উপর দিয়ে চলতে হয়—তাদের সেই ট্রাকে বোঝাই করে ধান নিয়ে যাওয়ার সময় দারুণভাবে তাদের উপর অত্যাচার করা হচ্ছে এবং তাদের সেই ধান নিয়ে যাওয়ার ব্যাপারে একটা প্রতিবন্ধকতা হয়ে দাঁড়াচ্ছে। যাতে তারা অত্যাচারি বি এস এফ-এর হাত থেকে রক্ষা পায় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মাল : (নট প্রেজেন্ট)

শ্রী তপন হোড় : মিঃ স্পীকার স্যার, কিছুক্ষণ আগে একটা নাটক আমরা দেখলাম। এই কোর্ট ফি বৃদ্ধির ব্যাপারে একটা নাটক কংগ্রেস, তৃণমূল কংগ্রেস করলেন। আমার বক্তব্য হচ্ছে, আজকে বিভিন্ন কোর্টে যে অবস্থা তৈরি হয়েছে সেটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে এই ঘটনা ঘটাচ্ছে এবং সেখানে আমরা দেখতে পাচ্ছি যে, নমিনাল কারণে যাদেরকে হাজতে থাকতে হচ্ছে, তাদেরকে এখনও হাজত বাস করতে হচ্ছে। আজকে এই যে দুর্ভোগ, এই দুর্ভোগের কারণ হচ্ছে গোটা ব্যাপারটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে তাঁরা করছেন। যেখানে আমরা জানি, রাজ্য সরকার একটা বিল আনছেন, রাজ্য সরকারের সঙ্গে তারা আলোচনা করতে পারত, আলোচনা করে ব্যাপারটা মীমাংসা করা যেতে পারত, কিন্তু গোটা ব্যাপারটা এমনভাবে তৈরি করা হয়েছে গোটা পশ্চিমবাংলায় প্রতিটি জেল প্রতিটি হাজতে আজকে কোর্টেও একটা অচল অবস্থা তৈরি হয়েছে। এর মূলে হচ্ছে তাদের মধ্যে একটা হতাশা সৃষ্টি, গোটা রাজ্যে আইন-শৃঙ্খলা থেকে আরম্ভ করে বিশৃঙ্খল পরিস্থিতি তৈরি করার এদের যে চক্রান্ত, তাঁরা করছেন, সেখানে দাঁড়িয়ে আমি বলতে চাই, রাজ্য সরকার তারা বিষয়টি বিবেচনা করছেন। হ্যাঁ, কোর্ট ফিজ যেটুকু বাড়ানো হয়েছে সেটা বেশি মনে হতে পারে, সেই জায়গায় আলাপ-আলোচনার মাধ্যমে একটা রিজিনেবিল জায়গায় আসতে হবে, সেই প্রস্তাব তারা দিন। রাজ্য সরকার আলোচনায় রাজি আছেন। সেখানে দাঁড়িয়ে নিশ্চয় বৃদ্ধি করা এতটা সমীচীন হয়নি, সেখানে কমাতে হবে।

শ্রী সাধন পান্ডে : মাননীয় স্পীকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী এখানে নেই, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে খালপাড়ে একটা সাফাই অভিযান হচ্ছে। সেখান থেকে উচ্ছেদ হচ্ছে বহু মানুষ। আমরা চাই, কলকাতা পরিষ্কার হোক এবং খালপাড়ও পরিষ্কার হোক। এই ব্যাপারে আমরা একমত। কিন্তু এখানে যাঁরা উচ্ছেদ হচ্ছেন, মাননীয় মন্ত্রী বলেছিলেন, বিধানসভায় উনি আর একবার বলুন, যাঁরা উচ্ছেদ হচ্ছেন তাঁদের ব্যাপারে একটা মাস্টার তালিকা কম্পিউটারাইজড থাকা দরকার এবং তাঁদেরকে কেন্দ্রীয় সরকারের যে বাল্মীকি রোজগার যোজনা আছে, এটা প্রত্যেকটি গরীব মানুষকে ৬০ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। এর মধ্যে ৩০ হাজার টাকা অনুদান আর ৩০ হাজার টাকা দিতে হবে। মাননীয় মন্ত্রী এটা মেনেও নিয়েছেন। তাই বলছি, এই ব্যাপারে একটা মাস্টার তালিকা হোক। ২০ কোটি টাকা ইতিমধ্যে এসে গিয়েছে। টালিনালা থেকে, বেলেঘাটা খাল থেকে যাঁদেরকে উচ্ছেদ করা হচ্ছে তাঁদেরকে মাত্র ২ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। সেই সব গরীব লোকেদের কলকাতার আশপাশে ডানকুনি বা অন্যান্য জায়গায় যদি জায়গা দেওয়া যায় তাহলে ভালো হয়। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন কেন্দ্রীয় সরকারের বিভিন্ন যোজনায় টাকা আসছে। যারা উচ্ছেদ হচ্ছে তাদের একটা লিস্ট তৈরি করে যদি কলকাতার উপকণ্ঠে তাদের থাকার ব্যবস্থা করা যায় তাহলে ভালো হয়। যারা উচ্ছেদ হচ্ছে তারা যদি ত্রিশ হাজার টাকা দেয় এবং ত্রিশ হাজার টাকা যদি অনুদান হিসাবে দেওয়া যায় তাহলে তারা বাড়ি পাবে। মাত্র দু হাজার টাকা দিয়ে ঐ গরীব মানুষগুলোকে উচ্ছেদ করা ঠিক নয়। এই ব্যাপারে দলমত নির্বিশেষে সবাই একমত হয়ে যদি কাজ করা যায় তাহলে ভালো হয়। আজকে চল্লিশ বছর পরে ঐ গরীব মানুষগুলোকে চলে যেতে হচ্ছে। বাল্মীকি রোজগার যোজনায় কেন্দ্রীয় সরকারের প্রচুর টাকা আসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি মন্ত্রী মহাশয়কে ডাকুন এবং আপনি নিজে যদি এই ব্যাপারে উদ্যোগ নেন তাহলে ভালো হয়। এই ব্যাপারে আমি আপনার কাছে আবেদন রাখছি।

শ্রী দীপক সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে একটি বিষয় উত্থাপন করতে চাই। কেন্দ্রীয় রেল মন্ত্রক রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে রেলের বিভিন্ন বিভাগগুলো ভাগ করতে শুরু করছে। আগামী এপ্রিল থেকে আমাদের উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ডিভিশন তারা ভাগ করে আসামের রঙ্গিয়া ডিভিশনের সঙ্গে যুক্ত করবে। অবিলম্বে এই সিদ্ধান্ত আমরা বাতিল করার দাবি জানাচ্ছি এবং এই সিদ্ধান্তের প্রতিবাদে উত্তরবঙ্গের বহু মানুষ গত ২৯ অক্টোবর আলিপুরদুয়ারে ডি আর এম অফিসের সামনে ফরোয়ার্ড ব্লকের নেতৃত্বে জমায়েত ও বিক্ষোভ প্রদর্শন করেছে, যাতে এই সিদ্ধান্ত কার্যকরী না হয়। ১৬৬৬ কিলোমিটার লাইনের মধ্যে থেকে ৮৫০ কিলোমিটার লাইন চলে যাবে রঙ্গিয়া ডিভিশনে, সতেরো হাজার কর্মচারীর মধ্যে পঞ্চান্ন শতাংশ কর্মচারী চলে যাবে রঙ্গিয়া ডিভিশনে এবং ১৪১টি রেলওয়ে স্টেশনের মধ্যে ৮০টি রেলওয়ে স্টেশন চলে যাবে রঙ্গিয়া ডিভিশনের মধ্যে। এমনিতেই উত্তরবঙ্গ পিছিয়ে পড়া এলাকা এবং সেখানে সন্ত্রাসবাদ মাথাচাড়া দিয়ে উঠছে ও ওখানকার কৃষকরা আলিপুরদুয়ার রেলওয়ে বাজারে তরিতরকারি, শাক-সবজি বিক্রি করে তাদের জীবিকা নির্বাহ

করে। আজকে তারা ভীষণভাবে মার খাবে। এর ফলে উত্তরবঙ্গের আর্থ-সামাজিক অবস্থা আরও খারাপ হয়ে যাবে। আগামী ৩রা জানুয়ারি, ২০০৩ সালে এই ডিভিশন বিভাগের বিরুদ্ধে পাঞ্জিপাড়া থেকে জোড়াইমোড় পর্যন্ত সমস্ত রেলপথ বারো ঘন্টার জন্য আমরা অবরোধের ডাক দিয়েছি। আমরা আশা করছি এই ব্যাপারে রাজ্য সরকারের উচিত কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে কথা বলা।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উত্থাপন করতে চাই। মানবিক দৃষ্টিভঙ্গী থেকে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজ বেলেঘাটা থেকে বাগবাজার পর্যন্ত খালপাড়বাসীদের বিনা পুনর্বাসন ব্যাতিরেকে পাঁচ হাজার পরিবারের ত্রিশ হাজার মানুষকে উচ্ছেদ করার কাজ শুরু হয়েছে। স্যার, আপনি জানেন দুলাল দাস নামে এক খালপাড়বাসী কোনো উপায় না দেখে গতকাল আত্মহত্যার পথ বেছে নিয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাচ্ছি, এর আগে টালিনালার ধারেও পাঁচ হাজার পরিবারকে উচ্ছেদ করা হয়েছিল, অথচ আম্বেদকর যোজনায় ২৭ কোটি টাকা এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের ৪৪ কোটি টাকা, মোট ৭১ কোটি টাকা যথাযোগ্যভাবে ব্যবহার করতে পারলে এই মানুষগুলোকে পুনর্বাসন দেওয়া সম্ভব হত। ১৯৭০ সালে ৩৪ শতাংশ মানুষ পূর্ববাংলা থেকে বাস্তুচ্যুত হয়ে এখানে এসেছিল, কিন্তু তাদের কোনোদিনই জবরদখলকারী বলা হয়নি। তাদের আইনসঙ্গত অধিকার দেওয়া হয়েছিল বলেই তারা চল্লিশ বছর ধরে সেখানে বসবাস করেছে, তারা রেশন কার্ড পেয়েছে, পরিচয়পত্র পেয়েছে, ট্রেড লাইসেন্স পেয়েছে, লোন পেয়েছে, অর্থাৎ একটার পর একটা সরকারি স্বীকৃতি তারা পেয়েছে। কিন্তু আজকে তাদের জবরদখলকারী বলে বিনা পুনর্বাসনে উচ্ছেদ করা হচ্ছে।

[12.20—12.30 p.m.]

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কোচবিহার ১নং ব্লকে চান্দামরীতে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। এই স্বাস্থ্যকেন্দ্রটি ৪টি গ্রাম পঞ্চায়েতের ৪০ হাজার মানুষের চিকিৎসা দিত আগে। কিন্তু ১৯৯৫ সাল থেকে জানি না কি কারণে এই স্বাস্থ্যকেন্দ্র থেকে ডাক্তার, নার্স তুলে নেওয়া হল। এই স্বাস্থ্যকেন্দ্রটিতে রোগী দেখবার জন্য একটি আউটডোরও আছে। ডাক্তার, নার্স, জি. ডি. এ., সুইপারদের থাকারও ব্যবস্থা আছে, পাকা ঘর আছে। বর্তমানে ওই সব মানুষদের চিকিৎসার প্রয়োজনে বহু দূরে কোচবিহার সদর হাসপাতালে যেতে হয় অনেক কষ্ট করে এবং পয়সা খরচ করে। যাতে অবিলম্বে স্বাস্থ্যকেন্দ্রটিতে ডাক্তার, নার্স, ওষুধপত্রের ব্যবস্থা করা হয় তার জন্য আবেদন করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার মাননীয় সদস্যদের, বিশেষ করে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর প্রান্তিক, ক্ষুদ্র, মাঝারি চাষীরা তাদের উৎপাদিত ধান ৫৩০ টাকা কুইন্টাল প্রতি বিক্রি করতে পারেনি, ২৫০ টাকা দরে বিক্রি করতে বাধ্য হয়েছিল। এবারেও প্রায় সেই অবস্থার সৃষ্টি হচ্ছে। ডিসট্রেস সেল শুরু হয়েছে, কিন্তু আপনারা নিতে পারছেন না,

প্রোকিওরমেন্ট ফেল করছে। গতবার আপনারা পারলেন না, ডিস্ট্রিক্ট কন্ট্রোলার অফিসগুলোও ফেল করেছিল। আগে এই ফসলটা কালেকশন করত ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া। আমরা জানি আপনারা অনেক ক্ষেত্রেই চিন্তা-ভাবনা পাল্টাচ্ছেন। যে আর্থিক দুরবস্থা সৃষ্টি হয়েছে তার মূল কারণ আপনাদের অযোগ্যতা। এখনই বিপদগ্রস্ত চাষীদের বাঁচাতে হলে এফ সি আই-কে দিয়ে ধান কেনাতে চেষ্টা করুন, তাহলে প্রোকিওরমেন্ট যেমন সফল হবে, তেমনই চাষীরাও বাঁচার সুযোগ পাবে। মন্ত্রিসভার মাননীয় সদস্যদের, বিশেষ করে খাদ্য দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করছি, দাবি করছি এই ব্যবস্থা গ্রহণ করুন, না হলে চাষীরা মারা পড়বে।

শ্রী শান্তিরাম মাহাতো : (অনুপস্থিত)।

শ্রী নৃপেন্দ্রনাথ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভা এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবঙ্গে ২ হাজার ২০০ কিলোমিটার সীমান্তবর্তী এলাকা। সেই সীমান্তবর্তী এলাকায় কাঁটাতারের বেড়া দেওয়া হয়েছে। এই কাঁটাতারের বেড়া পশ্চিমবঙ্গে ৬০টি ব্লকের মধ্যে পড়ছে। পশ্চিমবঙ্গে ২ কোটি মানুষ বসবাস করে। বি এস এফ-এর অত্যাচারে এলাকার মানুষ জর্জরিত। সীমান্ত এলাকার কৃষকরা চাষ করতে পারে না কাঁটাতারের বেড়ার ভিতর যে সমস্ত নাগরিক আছে, তারা ভারতের আইনগত সুযোগ-সুবিধা তারা পাচ্ছে না। সীমান্তবর্তী এলাকার কৃষকরা চাষের অধিকার হারাচ্ছে। দেশের মানুষ বেকার হচ্ছে। উত্তরবাংলার সন্ত্রাসবাদী এলাকার কৃষকরা বাইরে চলে যাচ্ছে। তাই আমার দাবি ওই এলাকার মানুষরা চাষবাস-এর সুবিধা পায় এবং কাঁটাতারের বেড়া সকালবেলায় সরে যায় এবং সন্ধ্যা পর্যন্ত খোলা থাকে। সেখানে যারা আছে, তারা যেন ভারতের আইনের সুযোগ-সুবিধা পায় সেই দাবি করছি। এছাড়া এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে যোগাযোগের জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী দীপক ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে সভার এবং পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মহিষাদলের এক নম্বর ইটামগরা অঞ্চলে সি পি এম-এর নেতা প্রধান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের জন্য লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছে। গত জুলাই মাসে ৩টি প্রকল্প—পাড়াগ্রামে রাস্তা তৈরির জন্য ২৫ হাজার টাকা, খাল কাটার জন্য ৭ হাজার টাকা, ইন্দিরা আবাসনের জন্য ৪ হাজার টাকার কোনো কাজ হয়নি। এটা ধরা পড়ে। ১৫ই নভেম্বর বি ডি ও-র কাছে ডেপুটেশন দেওয়া হয়। সেখানে আমিও কথা বলি। ২০শে নভেম্বর পঞ্চায়েত অফিসে গিয়ে খাতাপত্র সিজ করে নেওয়ার পরেও অ্যাকশন নিতে পারছে না। ক্যাশ বই সিজ করতে পারেনি। গ্রাম সংসদ থেকে প্রধান বাইরে থেকে লোক ডেকে নিয়ে গিয়ে বলেছে যে ভবিষ্যতে সেই কাজগুলি করে দেবে। তারপর বি ডি ও এস ডি ও-র কাছে লিখেছে। এফ আই আর করা হয়নি। কাজকর্ম বন্ধ হয়ে রয়েছে। এখানে পরিষদ নীরব হয়ে বসে আছে। পঞ্চায়েত নির্বাচনে সি পি এম-কে বাঁচাবার জন্য জেলা পরিষদ নির্মমভাবে দলবাজি করছেন। এই কথাগুলি আমি সভার এবং পঞ্চায়েতমন্ত্রীর সামনে রাখছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ই নভেম্বর বিধ্বংসী ঘূর্ণিঝড়ে এবং অতি বর্ষণের ফলে নন্দীগ্রামের খাতুন জান্নাত মাছ ধরার ট্রলার দীঘা থেকে দুশো কিলোমিটার দূরে বঙ্গোপসাগরের জলের তলায় তলিয়ে যায়। ১০ জন মৎস্যজীবীর মধ্যে ৬ জন উদ্ধার হয়েছে। ৪ জন নিখোঁজ। এই ৪ জন যাঁরা নিখোঁজ তাঁদের তিনজনই নন্দীগ্রামের। এঁদের নাম হচ্ছে বিপ্লব দাস, শ্রীহরি ভুঁইঞা, নূর ইসলাম, শেখ আবদুল খামিদ। প্রথম দুজন হচ্ছে বি পি এল তালিকাভুক্ত। এদেরকে আর্থিক সাহায্য দেওয়ার জন্য অনুরোধ করছি।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই সভা নিশ্চয় অবগত আছেন যে, রামপুরহাট বিধানসভার অন্তর্গত তারাপীঠ-এর সাধারণ মানুষের ঘরবাড়ি ভেঙে দেওয়া হয়েছে, উচ্ছেদ করা হয়েছে এবং সেখানে উন্নয়নের নাম করে ব্যাপক উচ্ছেদ চালানো হয়েছে। আমি দাবি করছি সাধারণ মানুষের পুনর্বাসন যাঁরা ওখানে গরীব খেটে খাওয়া মানুষ, রোজগারপাতি করে খাচ্ছিলেন। তারা উচ্ছেদ হলেও নানা বিপর্যয়ের মুখে পড়েছে। আমরা অনুরোধ করব যে, এদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। সঙ্গে সঙ্গে এটাও জানাব যে, এই উচ্ছেদ চলাকালে, কাজের সময় অবহিত করে স্থানীয় পঞ্চায়েতকে জানানোর একটা সৌজন্যও তাঁরা দেখাননি, যেহেতু স্থানীয় পঞ্চায়েত হচ্ছে তৃণমূল কংগ্রেসের, শুধু তাই নয় সেখানে তৃণমূল দলের বিধায়ক সে জন্য সি পি এম নেতৃত্ব স্থানীয় ব্যক্তি প্রশাসনের কাজের সঙ্গে যুক্ত এই কাজ করেছেন, সেখানে বিধায়ককে জানানোর কোনো প্রয়োজন মনে করেননি। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং অবিলম্বে সেখানকার মানুষদের পুনর্বাসন দাবি করছি।

[12.30—12.40 p.m.]

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দু-একটি কথা বলতে চাই। ৫ই ডিসেম্বর রাত ৯টা। ঈদের নামাজ পড়ার আনন্দে যখন ডগমগ সেই সময়ে তাকে বি এস এফ ধরে নিয়ে গেল, তাকে পেটাল, তাকে অজ্ঞান করে দিল, তাতেও তাদের নেশার ঘোর কাটল না, তার বাবাকে ধরে নিয়ে এসে অঘোরে পেটাল, গ্রামের লোকদের তাড়া করল। আজকে সফিউর এবং তার বাবা জঙ্গিপুর মহকুমা হাসপাতালে মৃত্যুর সঙ্গে যুঝছে। এইভাবে মুর্শিদাবাদ জেলায় বি এস এফ তাণ্ডব চালাচ্ছে। মুর্শিদাবাদের মানুষ, হাসানপুরের মানুষ, সূতি বিধানসভা এলাকার মানুষকে রক্ষা করার জন্য একটা স্থায়ী ব্যবস্থা করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে তপনবাবু না জেনে অনেক কথা বললেন। এখানে নিশীথবাবু বসে আছেন। নিশীথবাবু বার কাউন্সিলের সঙ্গে আলোচনা করে কোনো কাজ করেননি। শরিক দলের অনেকে কাগজে স্টেটমেন্ট দিয়েছেন যে, নিশীথবাবু যে ব্যবস্থা করেছেন ঠিক কাজ করছেন না। মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন যে তিনি ঠিক কাজ করেননি। এটা আমাদের ব্যাপার নয়, এটা আইনজীবীদেরও ব্যাপার নয়, এটা জনসাধারণের ব্যাপার। এবারে আমি আসছি আমার আসল পয়েন্টে, এই রাজ্যে ট্রেনে খুন হচ্ছে, ডাকাতি হচ্ছে, রাহাজানি হচ্ছে, দিনেদুপুরে ট্রেনে ডাকাতি হচ্ছে, খুন হচ্ছে,

দূরপাল্লার ট্রেনে খুন হচ্ছে। মুখ্যমন্ত্রীকে অনেকবার বলা হয়েছে, এই রাজ্যের মধ্যে খুন, ডাকাতি, রাহাজানি হচ্ছে কিন্তু কোনো আসামীকে ধরা যাচ্ছে না। মুখ্যমন্ত্রীকে বলার পর উনি বলেন ঠিক আছে দেখছি। এই কথাই উনি বলে যাচ্ছেন। এই অবস্থায় দাঁড়িয়ে এই রাজ্যে মানুষের কোনো নিরাপত্তা নেই। আলিপুরের মতো জায়গায় ডাকাতি হচ্ছে। কারা এগুলো করছে তাদের আইডেন্টিফাই করা দরকার। এটা না করতে পারলে বলুন পুলিশ কিছু করতে পারছে না। আমি আশা করব আগামী দিনে এই রাজ্যের মানুষ যাতে শান্তিতে থাকতে পারে মাননীয় মুখ্যমন্ত্রী দায়িত্ব নিয়ে সেই কাজ করবেন।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় দমকলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি এখন সভায় উপস্থিত আছেন। মেমারী গ্রাম এলাকা থেকে পৌরসভায় উন্নীত হয়েছে গত ৮ বছর আগে এবং দ্রুত মেমারী শহর বাড়ছে রেল এবং সড়ক যোগাযোগ ব্যবস্থা ভালো হওয়ার কারণে। ব্যবসায়িক ক্ষেত্রেও মেমারী শহর প্রতিষ্ঠিত। ছোট ছোট শিল্প গড়ে উঠেছে। মেমারী শহরে প্রতি বছর বইমেলা হয় এবং সুনামের সঙ্গে এই বইমেলা সংগঠিত হচ্ছে। স্বাভাবিকভাবেই এখানে একটা দমকল কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা আমরা অনুভব করছি। ইতিমধ্যেই আমি মাননীয় দমকলমন্ত্রীর কাছে কয়েকবার চিঠি লিখেছি, এর আগের সেশনেও কোশ্চেন দিয়েছিলাম। মেমারী শহর থেকে বর্ধমান দমকল স্টেশনটি ৩০ কিমি দূরে অবস্থিত। কাজেই যখন প্রয়োজন হয় তখন এটা পাওয়ার ক্ষেত্রে খুবই অসুবিধা হয় এবং কোনো অগ্নিকাণ্ড ঘটলে মেমারীর মানুষদের একটা চরম অসুবিধার মধ্যে পড়তে হয়। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে দাবি করছি, মেমারীতে একটি অগ্নি নির্বাপক সংস্থা প্রতিষ্ঠা করার জন্য।

শ্রী মলয় ঘটক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র হীরাপুরে ৩টি থানা এলাকা নিয়ে গঠিত এবং তার মধ্যে একটা থানা হচ্ছে হীরাপুর থানা। এখানে ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোম্পানি অবস্থিত। সেখানে লোহা চুরিকে কেন্দ্র করে একটা বিরাট চক্র কাজ করছে। ওখানকার অফিসার-ইন-চার্জ জানেন কোটি কোটি টাকার লোহা পাচার হচ্ছে। ওখানে ১ বছরে ২০-২২ জন মানুষকে খুন করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে এই খুনগুলির নিরপেক্ষ তদন্ত করা হোক, কারণ এর পিছনে পুলিশের এক অংশ জড়িত আছে।

শ্রী সুভাষ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র আউসগ্রাম কৃষিপ্রধান এলাকা এবং তার সঙ্গে সঙ্গে সেখানে ব্যাপক ফাঁকা মাঠ পড়ে আছে, সেটাকে শিল্প জোন হিসাবে চিহ্নিত করা হয়েছে। এখন কৃষিতেও বিদ্যুতের চাহিদা বাড়ছে। গত ২০০০-২০০১ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে ৩৩ কে ভি সাব-স্টেশন নির্মাণের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয় এবং অনুমোদন দেওয়া হয়। শিল্প বিকাশ এবং কৃষি বিকাশের স্বার্থে যাতে ওই এলাকায় দ্রুততার সঙ্গে এই সাব-স্টেশনের কাজ শুরু হয় তার জন্য আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

শ্রী মন্টুরাম পাখীরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনা জেলার কাকদ্বীপ মহকুমার কাকদ্বীপ-গঙ্গাধরপুর বাস রাস্তাটি বেহাল অবস্থায় আছে। গত বিধানসভা অধিবেশনেও আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু আজ পর্যন্ত এই রাস্তাটি মেরামত না হওয়ার ফলে সেখানে বাস চলাচল করতে পারছে না। এর ফলে কাকদ্বীপের বিরাট অংশ এবং পাথরপ্রতিমার এক অংশের মানুষ দুর্ভোগের মধ্যে আছে। যাতে অবিলম্বে কাকদ্বীপ-গঙ্গাধরপুরের বাস রাস্তাটি মেরামত করে বাস চলাচলের যোগ্য হয় এবং সেখানে মানুষ যাতায়াত করতে পারে তার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মহববুল হক্ : (হাউজে অনুপস্থিত)।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ক্যানিং (পশ্চিম), সেখানে প্রায় প্রতিদিনই রাত্রে ৭, ৮টি ডাকাতি হচ্ছে। গত ১৫ দিনে ৬২টি বাড়িতে ডাকাতি হয়েছে। এই ডাকাতের দল, কারা এটা করে বেড়াচ্ছে, পুলিশ তাদের জানে। পিয়ালিতে গত ২৯ তারিখে ৮টা বাড়িতে ডাকাতি হয়। কালীপদ মির্ধার বাড়িতে এক ঘন্টা ঘিরে রেখে ডাকাতি করে সোনাদানা নিয়ে গেল ডাকাতরা। গ্রামের লোক ছুটে আসার পরও পর পর ৭টা বাড়িতে ডাকাতি হল। আগেও ৭টা বাড়িতে ডাকাতি হয়েছে। গোলাবাড়ি থানার ১৪টা বাড়িতে ডাকাতি হয়েছে। তার ৩ দিন আগে ক্যানিং-এ ধুমকাটি গ্রামে ৬টা বাড়িতে ডাকাতি হয়েছে। ঘুঁটিয়ারি শরিফে ঈদের আগের দিন ৫ তারিখে প্রফুল্ল গায়েনের দোকানে ডাকাতি করে জামা-কাপড় ও ৪৪ হাজার টাকা লুঠ করে নিয়ে যায়। আমরা পুলিশ ও এস পি-কে এ ব্যাপারে বারেবারে বলা সত্ত্বেও কোনো ব্যবস্থা হয়নি। এই দুষ্কৃতি দলেরা একটা বিশেষ রাজনৈতিক দলের মদতপুষ্ট হয়ে এই কাজ করে বেড়াচ্ছে। এইভাবে আজকে তারা পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে গ্রামে গ্রামে সন্ত্রাস করছে। এ ব্যাপারে আমি এস পি, এস ডি পি ও, ও সি, সি আই-কে জানিয়েছি কিন্তু কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমরা বারেবারে বলেছি পিয়ালির জনবসতি বেশি হয়ে গেছে। সুতরাং সেখানে একটা পুলিশ ক্যাম্প করা হোক। ঘুঁটিয়ারি শরিফ গাজীবাবার ধর্মীয় স্থান। তার সামান্য দূরে একটা পুলিশ ফাঁড়ি থাকা সত্ত্বেও পুলিশ কোনো ব্যবস্থা নিতে পারেনি। ঘটনা ঘটে যাওয়ার আধ ঘন্টা পরে যখন পুলিশ সেখানে গেল তখন ডাকাতরা পালিয়ে গেছে। ক্যানিং-এর ধুমকাটি গ্রামে ৬টা বাড়িতে ডাকাতি হল, সাপুইদের বাড়িতে ডাকাতি হল। কিন্তু পুলিশ কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারল না। বিষয়গুলোর প্রতি আমি মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনা জেলাতে পুলিশ প্রশাসন ভেঙে পড়েছে এবং পুলিশ সেখানে পক্ষপাতিত্বমূলক আচরণ করছে, চোর-ডাকাত-দুষ্কৃতিদের উপর কোনো ব্যবস্থা গ্রহণ করছে না। এই সব চুরি-ডাকাতি যাতে অবিলম্বে বন্ধ হয়, পুলিশ যাতে ডাকাত ধরার ব্যবস্থা করে এবং প্রয়োজন মতো ক্যাম্প করা হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের প্রতি আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবু তাহের খান : (অনুপস্থিত)।

শ্রী মুস্তাক আলম : (সভাতে অনুপস্থিত)।

[12.40—12.50 p.m.]

শ্রী নির্মল ঘোষ : স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এটা রাজ্য সরকারের একটা ব্যর্থতা। আজকে আমরা শুধু কলকাতাবাসীরাই নই সারা পশ্চিমবাংলার গ্রাহক, যাঁরা বিদ্যুৎ ব্যবহার করে থাকেন তাঁরা একটা অপরিসীম দুর্ভোগের মধ্যে পড়েছেন। রাজ্য সরকার তার নীতি নির্ধারণ করতে পারছেন না। গরীব মানুষ যাঁরা ১০,২০, ৩০ ওয়াট বিদ্যুৎ ব্যবহার করেন, একটা পাখা এবং একটা লাইট হয়তো জ্বালান বা ছোট ব্যবসায়ী যাঁরা ১০০, ২০০, ৩০০ ওয়াট বিদ্যুৎ ব্যবহার করেন তাঁদের সবাইকে যদি এক জায়গায় নিয়ে এসে একই হারে দাম ধার্য করা হয় এবং সেইভাবে সমস্ত রাজ্যবাসীর ক্ষেত্রে প্রয়োগ করা হয় তাহলে সেটা উচিত কাজ হবে না। যদিও রেগুলেটরি যে কমিশন, রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন, সেটা রাজ্য সরকারের অন্তর্ভুক্ত এবং স্যার, আমি আপনার মাধ্যমে সরকারকে বলতে চাই যে, এই ব্যাপারে এখনও রিট পিটিশনের সময় আছে। দি গভর্নমেন্ট স্যুড সাবমিট রিট পিটিশন টু দি সুপ্রিম কোর্ট। স্যার, এটা দেখা প্রয়োজন যে, একজন ব্যবসায়ীর হাইটেনশন বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে যে খরচ আর একজন সাধারণ গ্রাহক, যিনি লো-টেনশন থেকে বিদ্যুৎ ব্যবহার করছেন তার খরচ এক হতে পারে না। তাই হাইটেনশন এবং লো-টেনশন বিদ্যুতের গ্রাহকদের ক্ষেত্রে দুটো ভিন্ন নিয়ম করা দরকার। আলাদা আলাদা গ্রাহকের জন্য আলাদা আলাদা চার্জ, সারচার্জ, ফুয়েল চার্জ, ট্যারিফ করা দরকার। তা না হলে রাজ্যবাসী যারা সি ই এস সি-র গ্রাহক তারা শুধু নয় ডব্লু বি এস ই বি-র যে লক্ষ লক্ষ গরীব গ্রাহক আছেন তাঁদের আর সত্যিই কোনো পথ থাকবে না। তাই আপনার মাধ্যমে এই সরকারের কাছে আবেদন করতে চাই যে, স্টিল দেয়ার ইজ এ টাইম। মাননীয় মুখ্যমন্ত্রী অনেক সময় অহংকার করেন। কিন্তু শুধু রেগুলেটরি কমিশনকে ছেড়ে দিলেই চলবে না। এই সরকারকে ক্যাবিনেটের সিদ্ধান্ত নিয়ে এর জন্য হলফনামা সুপ্রিম কোর্টে দাখিল করতে হবে যে, কি অবস্থায় এবং কেন এটা করতে চাইছেন। অন্যথায় ১ কোটির বেশি মানুষ, প্রায় দেড় কোটি মানুষ যাঁরা বিদ্যুৎ গ্রহণ করে থাকেন তাঁরা বিপর্যস্ত, বিধ্বস্ত হবেন, কারণ তাঁদের অর্থনৈতিক অবস্থা খারাপ। এই জন্য তাঁরা আরও বেশি ভেঙে পড়বেন। তাই আপনার মাধ্যমে আমি এর প্রতিকারের দাবি জানাচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি দুর্ভাগ্যজনক সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি এবং এই সভা থেকে আবেদন জানাচ্ছি যাতে বাংলার মাননীয় মুখ্যমন্ত্রী বিরোধী দলের প্রতিনিধিদের নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানান। হলদিয়াতে হিন্দুস্তান ফার্টিলাইজারের যে ইউনিট আছে সেই ইউনিটে ১৩১৮ জন কাজ করেন, তার মধ্যে ১২০০ জন কর্মচারীর কোয়ার্টার আছে। এর আগে বি আই এফ আর-এ সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে, হিন্দুস্তান ফার্টিলাইজারের অবস্থা ভালো নয়, সে জন্য হিন্দুস্তান ফার্টিলাইজার বন্ধ করে দেওয়া হবে। হিন্দুস্তান ফার্টিলাইজারের ৩টি ইউনিটের মধ্যে দুর্গাপুরের ইউনিটে যারা আছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে

বলা হয়েছিল। কিন্তু হলদিয়াতে হিন্দুস্তান ফার্টিলাইজারের ইউনিটটির ক্ষেত্রে ২০০২ সালের ২০শে ডিসেম্বর ভি এস এস চালু করা হবে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। তার ফলে এখনই ওই ১২০০ কর্মচারীকে কোয়ার্টার ছেড়ে দিতে হবে। কিন্তু সামনেই মার্চ মাসে, এপ্রিল মাসে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষা। ওই ১২০০ কর্মচারীদের অনেকের ছেলেমেয়ে এবারে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবে। সুতরাং এখনই ওই ১২০০ কর্মচারীকে কোয়ার্টার ছেড়ে দিতে হলে তাদের ছেলেমেয়েরা সংকটের মধ্যে পড়বে। আমি আপনার মাধ্যমে আবেদন করছি যে, এই হাউসে সকল দলের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে চিঠি দিন। গত পরশুদিন দক্ষিণ কলকাতার এম পি মাননীয়া শ্রীমতী মমতা ব্যানার্জী কেন্দ্রীয় সরকারকে চিঠি দিয়ে জানিয়েছেন যে, "অবিলম্বে এই সিদ্ধান্ত পরিবর্তন করা হোক এবং ভি এস এস-এর ডেটটা পিছিয়ে দেওয়া হোক।" এর সঙ্গে এই রাজ্যের বিধানসভা থেকেও প্রতিবাদ জানানো হোক। ১২০০ কর্মচারী অসহায় অবস্থায় পড়েছেন। তাঁদের ছেলেমেয়েদের পরীক্ষা দেওয়ার ব্যাপারে সংকটের সৃষ্টি হয়েছে। এখনই যদি ওই ১২০০ কর্মচারীকে কোয়ার্টার ছেড়ে দিতে বাধ্য করা হয় তাহলে গোটা হলদিয়ায় তারা বাড়ি সংক্রান্ত ব্যাপারে অসুবিধার সম্মুখীন হবে এবং সামাজিক সংকটের সৃষ্টি হবে। এই বিবয়টাকে গুরুত্ব দিয়ে দেখা দরকার। ১২০০ কর্মচারীকে যাতে কোয়ার্টার ছাড়তে বাধ্য না করা হয় এবং ভি এস এস-এর ডেটটা অন্তত এই আকাডেমিক ইয়ার পার করা পর্যন্ত পিছিয়ে দেওয়া হয় তার জন্য আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেন অবিলম্বে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানান।

[12.50—1.00 p.m.]

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের আর একটি অমানবিক কাজের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজ সকাল থেকে এই তথাকথিত গরীবের বন্ধু বামফ্রন্ট সরকার বেলেঘাটার খালপাড়ে যারা বসবাস করে সেই গরীব মানুষদের জোর করে উচ্ছেদ করছে—পুলিশ, র‍্যাফ, বুলডোজার নিয়ে গরীব মানুষদের কুঁড়েঘরগুলো ভেঙে দেওয়া হচ্ছে। আমরা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বারবার বলেছি যে, শহর সুন্দর করতে চান ভালো কথা। কিন্তু পুনর্বাসন ছাড়া কোনো উচ্ছেদ করা যায় না। এর আগে টালিনালায় এই অমানবিক উচ্ছেদ হয়েছিল, আমরা তার বিরোধিতা করেছিলাম, মাননীয়া শ্রীমতী মমতা ব্যানার্জী বিরোধিতা করেছিলেন। এরপর আমার কেন্দ্রে লেক গার্ডেন্স-এ গোবিন্দপুর রেল কলোনিতে উচ্ছেদ করা হয়েছিল, আমরা সরকারকে, পুলিশকে আটকে দিয়েছি, আজকে সুপ্রিম কোর্টে ব্যাপারটা গিয়েছে। বেলেঘাটার খালপাড়ের লোকেরা সুপ্রিম কোর্টে আবেদন করেছে, তা সত্ত্বেও সরকার জোর করে বেলেঘাটার খালপাড়ের লোকেদের উচ্ছেদ করছে। বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা না করে, ২০০০ টাকার একটা স্লিপ ওদের হাতে ধরিয়ে দিয়ে এই অমানবিক কাজ হতে পারে না।

এই বামফ্রন্ট সরকার যে সম্পূর্ণ গরীব মানুষদের বিরুদ্ধে, তারা যে ঝুপড়িবাসী মানুষদের বিরুদ্ধে আর একবার এটা প্রমাণ হল। আমরা দেখেছি টালিনালা সংস্কারের নামে ঝুপড়ি ভাঙার পর আজও গঙ্গার খালের কোনো কাজ শুরু হয়নি। দেড় বছর হয়ে গেল

টালিনালার বাসিন্দাদের জন্য ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা জানি বেলেঘাটা থেকে গরীব মানুষদের উচ্ছেদ করা হয়েছে, কিন্তু বেলেঘাটা খাল সংস্কারের কাজ এখনও বিশ বাঁও জলে। বামফ্রন্ট সরকার একের পর এক কলকাতা শহর যেহেতু তাদের বিরুদ্ধে, কলকাতা শহর থেকে গরীব মানুষদের তাড়িয়ে দেওয়ার চেষ্টা করছেন। আমাদের নেত্রী মমতা ব্যানার্জী এর আগে বিবৃতি দিয়েছেন এর বিরুদ্ধে, আমরা আমাদের পার্টির পক্ষ থেকে সর্বশক্তি দিয়ে প্রতিবাদ করছি, বিশেষ করে এখানে কেন্দ্রীয় সরকার বাল্মীকি আম্বেদকার যোজনা করেছেন সেখানে লোকেদের বিকল্প কোনো ব্যবস্থা না করে দিয়ে সেখানে লোকেদের ২ হাজার টাকা দেওয়া হয়েছে। বামফ্রন্ট সরকারের লোকেরাও এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন। কালকেও আমি দেখেছি যে, বামফ্রন্ট সরকারের কাউন্সিলর ছিলেন কে পি ঘোষ তিনিও এই লোকেদের কমপক্ষে ৫ হাজার টাকা করে দেওয়া দরকার বলেছেন। আর সি পি আই-এর যে কাউন্সিলর ছিলেন তাঁরা একদিন আগে ৫ টাকা করে সংগ্রহ করেছেন খালপাড়ের বাসিন্দাদের কাছ থেকে। আজকে এই সমস্ত মানুষের পাশে কেউ নেই। গতকাল একজন আত্মহত্যা করেছেন এই অবস্থার মোকাবিলা করতে না পেরে। যাঁরা ভ্যান চালান, যাঁরা লোকের বাড়ি কাজ করেন, যাঁদের যাওয়ার জায়গা নেই। আজকে তাঁদেরকে নির্মমভাবে তুলে দেওয়া হচ্ছে পুলিশী সহযোগিতায়। আমি তার তীব্র নিন্দা করে এ ব্যাপারে কোনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা সেটা দেখবেন—এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : অনারেবেল ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং গোর্খা অটোনমাস কাউন্সিলে বিভিন্ন দপ্তরে যে ট্রান্সফার করা হয়েছে আজ পর্যন্ত এই বছরের ২০০২ সালের যে স্টেট ফান্ডের টাকাগুলো এখনও পর্যন্ত পাওয়া যাচ্ছে না। এখানে সেন্ট্রাল গভর্নমেন্ট যে আর্থিক সহায়তা দেন সেই টাকার উপরও এমবার্গো আছে। আমাদের যতগুলি ডিপার্টমেন্ট আছে সেই ডিপার্টমেন্টে যাতে অতি সত্বর ফান্ডগুলি দেওয়ার জন্য আবেদন করছি। ধন্যবাদ।

শ্রী বিমান চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার দৃষ্টি আকর্ষণ করছি। জগৎবল্লভপুর ব্লকে অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন তুলতে অসুবিধা হচ্ছে। তাঁদের হাওড়া সদর বা ডোমজুরে এস বি আই ব্যাংক থেকে পেনশন তুলতে হয়। আমি মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি তাঁরা যাতে নিজেদের এরিয়ায় যে কোনো ন্যাশনালাইজ ব্যাংক থেকে টাকাটা যাতে তুলতে পারেন সেটার ব্যবস্থা করুন। যেমন উলুবেড়িয়াতে এই সমস্যা নেই। হাওড়া সদরের ক্ষেত্রে কেবলমাত্র এস বি আই থেকে টাকাটা তুলতে হয়, ফলে শিক্ষকদের অসুবিধা হয়। এটা যাতে লোকাল এরিয়ায় যে কোনো ন্যাশনালাইজ ব্যাংক থেকে পেনশন তুলতে পারেন তার ব্যবস্থা করুন।

ZERO HOUR

শ্রী লক্ষ্মীকান্ত দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ঘটনার উল্লেখ করতে চাই যা অবিলম্বে উচ্চশিক্ষা মন্ত্রীর হস্তক্ষেপের প্রয়োজন। আমার এলাকায় একটা সিটি বিল্ডিং হয়েছে, সেখানে ৩টি কলেজ পরিচালিত হয়, আনন্দমোহন, রামমোহন এবং সিটি। সেখানে কিছু বহিরাগত দুষ্কৃতিরা এসে লাইব্রেরি রুম, লাইব্রেরির বই, টেবিল,

চেয়ার ভাঙচুর করে আগুন লাগিয়ে দিয়েছে, এইগুলি নিশ্চয়ই কোনো ছাত্রের কাজ হতে পারে না। বহিরাগত লোকের কাজ। ওখানে কলেজগুলি বন্ধ হয়ে আছে। এই কলেজগুলির যে সমস্যা আছে সেই ব্যাপারে মন্ত্রীর হস্তক্ষেপ প্রয়োজন, যাতে কলেজগুলি খোলে। আমি আমার উন্নয়ন ফান্ড থেকে কিছু টাকা ওই লাইব্রেরির বই কিনে দেব বলে স্থির করেছি, কিন্তু সব থেকে দুঃখের ব্যাপার এই কলেজগুলি এখনও খুলছে না। যেদিন এই ঘটনা হয় সেদিন দুপুরবেলা তৃণমূলের এক বিধায়ক সেখানে উপস্থিত ছিলেন এবং ছাত্র সমাবেশে ভাষণ দিয়েছিলেন। তারপরই ঘটনার সূত্রপাত হয়, বই পোড়ে, লাইব্রেরির বই পোড়ে। এটা খুবই দুঃখের ব্যাপার। আমরা ধরে নিই প্রত্যেক বিধায়কই রেসপন্সিবল পার্সন। তিনি হঠাৎ ছাত্র সমাবেশে উপস্থিত হয়ে এমন কিছু বক্তৃতা করলেন, যে বক্তৃতার মধ্যে দিয়েই কলেজের বই পোড়ানো হল, লাইব্রেরি ভাঙা হল, টেবিল-চেয়ার ভাঙা হল এবং তিনটে কলেজ বন্ধ হয়ে গেল। আমার অনুরোধ, সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় বিষয়টিতে হস্তক্ষেপ করুন যাতে তিনটি কলেজ সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে। বইপত্র এবং বেঞ্চ ইত্যাদির ব্যবস্থা করুন যাতে ছাত্ররা ঠিকভাবে পড়াশোনা করতে পারে। আর কলেজের ইন্টারনাল গণ্ডগোল যা আছে তা কর্তৃপক্ষ মিটিয়ে নিন। কোথায় কখন কি ক্লাস হবে, কোন ঘন্টায় কি হবে, না হবে সেটা তাঁদের ব্যাপার। কিন্তু বই পোড়ানো কোনো কাজের কাজ নয়, এতে ছাত্রদের ক্ষতি হয়ে যায়। তাই আমি আবার মাননীয় মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। কলেজ যাতে চলে সে ব্যাপারে নিশ্চয়ই তৃণমূলের অন্যান্য বিধায়করা আমার সঙ্গে একমত হবেন—কলেজ তিনটি যাতে বন্ধ না হয়ে যায়, চলে তা দেখা উচিত।

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আই অ্যাম অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্ল্যানেশন, বিকজ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি বিষয়টা তুলতে পারতাম, কিন্তু আমি এটা নিয়ে জল ঘোলা করতে চাইনি। অথচ একজন সিনিয়র বিধায়ক বিষয়টা তুললেন। ওনার সাহস থাকলে উনি সেই তৃণমূল বিধায়কের নাম বলবেন। তৃণমূলের বিধায়ক কি হিজড়েদের সমাবেশে ভাষণ দেবে, ছাত্রদের সমাবেশে ভাষণ দেবে না ? কারা ওই ঘটনা ঘটিয়েছে তা আনন্দমোহন কলেজের প্রিন্সিপাল এবং সিটি কলেজের প্রিন্সিপাল জানেন। ওটা অন রেকর্ড—প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক মিডিয়ার সামনে ঘটেছে—কোন ছাত্র সংগঠন করেছে তা সবাই জানে। আমরা বলেছি, আমাদের ৬ জন বিধায়ক সারা বছর ধরে ৫ লক্ষ টাকা দেব। আজ আমরা ওখানে যাচ্ছি, আমাদের লিডার অব অপোজিশন-ও যাচ্ছেন ছাত্র সমাবেশে ভাষণ দিতে। ওখানে বহিরাগত দুষ্কৃতিদের নেতৃত্ব দিয়েছিলেন আমাদের এই [***] মাননীয় মুখ্য সচেতক। আমি প্রাক্তন ছাত্র নেতা, As a Member of the Legislative Assembly, I can go anywhere and can deliver my speech over there.

শ্রীমতী শান্তা ছেত্রী : অনারেবল ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কনস্টিটিউয়েন্সি এবং দার্জিলিং কনস্টিটিউয়েন্সির মধ্যে তিনধারিয়া থেকে দার্জিলিং পর্যন্ত এন এইচ-৫৫ রাস্তাটি খুবই খারাপ

*** Expunged as order from the chair

অবস্থায় রয়েছে। আমি এই হাউসে অনেক দিন আগে এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু এখন পর্যন্ত কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীকে আবার বলছি দার্জিলিং-এ ন্যাশনাল হাইওয়ে-৫৫-র অবস্থা খুবই খারাপ। অথচ সারা বিশ্বের ট্যুরিস্টরা ওখানে আসে। রাস্তাটার খুবই বেহাল অবস্থা। আমি মন্ত্রীকে অনুরোধ করছি, অবিলম্বে ওই রাস্তাটি-সহ দার্জিলিং-এর সমস্ত রাস্তাগুলি সারানো হোক। ধন্যবাদ।

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর কাছে একটা বিষয় উত্থাপন করতে চাই। স্যার, বেলেঘাটা খাল সংস্কারের জন্য রাজ্য সরকার এবং কলকাতা পৌরসভা যৌথ উদ্যোগ গ্রহণ করেছে। উভয় পক্ষের মধ্যে আলোচনার পরিপ্রেক্ষিতে কালীপুজো এবং রমজানের আগেই ওখানে উচ্ছেদ করার কথা ছিল। পরবর্তীকালে আলোচনার ভিত্তিতে আজ থেকে ওখানে সেই কাজ শুরু হয়েছে এবং অত্যন্ত শান্তিপূর্ণভাবে কাজ চলছে। একটু আগে মাননীয় সদস্য সৌগত রায় ওই কাজের বিরোধিতা করে বক্তব্য রাখলেন। অথচ কলকাতা পৌরসভা ওই কাজে সর্বতোভাবে সহযোগিতা করছে। রাজ্য সরকার ও কলকাতা পৌরসভা যুক্তভাবে এই কাজ করছে। এখানে কোনো জোর-জুলুম হয়নি। এখানকার মানুষ আগে থেকেই সরে দাঁড়াচ্ছে। কেবল কিছু স্বার্থান্বেষী মানুষ আগুন জ্বালিয়ে দিয়ে একটা উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা করেছিল। এখন শান্তিপূর্ণভাবেই চলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, আমি দাবি করছি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে, এই খালপাড় থেকে উচ্ছেদ করার পর খালটিকে যেন যথার্থভাবে সংস্কার করা হয়, জলের প্রবাহ যেন অব্যাহত থাকে এবং খালের দুই পাড় যেন বাঁধিয়ে দেওয়া হয়। একটু আগে সৌগতবাবু এবং সাধনবাবু বললেন। কলকাতা পৌরসভার যে জমি রয়েছে সেই জমি তারা দিলে, আসুন, আমরা সবাই মিলে চেষ্টা করি, কেন্দ্রীয় সরকারের যে বাল্মীকি আম্বেদকর প্রকল্প রয়েছে বা বিভিন্ন প্রকল্প রয়েছে সেই প্রকল্পের টাকা দিয়ে যারা উচ্ছেদ হয়েছে, যাদের অন্য কোনো উপায়ন্তর নেই তাদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা করি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সেই দাবি রাখছি।

[1.00—1.10 p.m.]

শ্রী মানিক উপাধ্যায় : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বারাবনী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ২টি ব্লক আছে। একটা বারাবনী আর একটা শালানপুর। আই সি ডি এস প্রোজেক্ট বারাবনীতে স্টার্ট হয়েছে, কিন্তু অনেকগুলি পোস্ট এখনও পর্যন্ত খালি পড়ে আছে। সেখানে কোনো পার্মানেন্ট অফিস বা সি ডি পি ও-র বা কোনো অফিসারের বসার জায়গা নেই। শালানপুর ব্লকে ১৯৯৫-৯৬ সালে অ্যাপ্রুভড হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত সেটা কার্যকরী হয়নি, ওই অবস্থায় পড়ে আছে। এখন বলা হচ্ছে, টাকার অভাব। টাকার যদি অভাব থাকে তাহলে এই সমস্ত শিশু কল্যাণ কেন্দ্র করার যুক্তি কি আছে ? তাই এই সরকার যে প্রোগ্রামগুলি নিচ্ছেন তা কার্যকরী হচ্ছে না। ১৯৯৫-৯৬ সালে অ্যাপ্রুভড হওয়া সত্ত্বেও শালানপুর ব্লকে এখনও পর্যন্ত স্টার্ট হয়নি। একটা সি ডি পি ও-কে ওখানে অনেক দিন যাবৎ ট্রান্সফার করা হয়েছে। বর্ধমানের পূর্বস্থলীর কোনো জায়গা থেকে বহুদিন হয়ে গেল

ট্রান্সফার করা হয়েছিল, কিন্তু এখনও পর্যন্ত একজনও সি ডি পি ও এলো না। ফলে কাজ পরিচালনা করার ক্ষেত্রে ভয়ানক অসুবিধার সৃষ্টি হচ্ছে। এই সরকার একটা অন্ধকারের রাজত্ব কায়েম করেছেন। প্রতিটি ক্ষেত্রে প্রোগ্রাম নিচ্ছে অথচ টাকা নেই বলছেন। আমার প্রশ্ন, টাকা যখন নেই তখন কোনো প্রোগ্রাম নিতে যান কেন ? তাই আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীকে আমার অনুরোধ, কোনো প্রোগ্রাম নিলে অতি সত্বর সেগুলি ইমপ্লিমেন্ট করা দরকার। ওই জায়গায় একটা অফিস করা দরকার, অফিসার দরকার এবং মাল-মেটিরিয়ালস দেওয়া দরকার। অর্থাৎ যা যা দরকার সেখানে দেওয়া উচিত। ওখানে টাইমলি খাবার-দাবার ঠিকমতো পাচ্ছে না, বসার জায়গা নেই। কোনো ক্লাব বা বাড়ি যেখানে স্টার্ট করা হয়েছে সেখানে যাবার রাস্তা নেই, বর্ষার সময়ে মানুষ বেরুতে পারে না। তাই আমার অনুরোধ, শালানপুর ব্লকে ইমিডিয়েটলি স্টার্ট করা দরকার।

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ অর্ডার। মাননীয় চীফ হুইপ [***] যখন বক্তব্য রাখছিলেন তখন তাঁর বিরুদ্ধে মাননীয় সদস্য শ্রী তাপস রায় কয়েকটি মন্তব্য করলেন। তিনি বলবার সময়ে কারো নাম করেননি, তিনি কেবল একজন বিধায়ক বলে উল্লেখ করেছেন। অথচ শ্রী তাপস রায় [***] বিরুদ্ধে সরাসরি অভিযোগ আনলেন। এই হাউসের নিয়ম অনুযায়ী তিনি তা করতে পারেন না ?

মিঃ ডেপুটি স্পীকার : যদি থাকে তাহলে নাম বাদ দেওয়া হবে।

শ্রী তপন হোড় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, একথা আমরা সকলেই জানি যে, সাম্প্রদায়িক সম্প্রীতি এ রাজ্যের বরাবরের একটা ঐতিহ্য। সেই ঐতিহ্যকে আক্রমণ করার একটা জঘন্য চক্রান্ত চলেছে এবং এই তৃণমূল কংগ্রেস তার অন্যতম শরিক। স্যার, গুজরাটে নির্বাচনের উপর যেভাবে ফ্যাসিস্ট আক্রমণ চলছে সেটা আমরা জানি। সেখানে আমেদাবাদ থেকে শুরু করে সৌরাষ্ট্র পর্যন্ত সর্বত্র ফ্যাসিস্ট আক্রমণ চলছে। যারা সেই আক্রমণ চালাচ্ছে এই তৃণমূল নেত্রী মন্ত্রীত্বের লোভে ঝাঁপিয়ে পড়ে সেই শক্তিকে সমর্থন জানাচ্ছেন। এটা আমাদের রাজ্যের পক্ষে অত্যন্ত ক্ষতিকারক। আজকে গুজরাটকে কেন্দ্র করে ওরা সারা ভারতবর্ষকে নিয়ে একটা ষড়যন্ত্র করছে এবং যে সাম্প্রদায়িক সম্প্রীতি আমাদের ঐতিহ্য তাকে ভেঙে চুরমার করে দেবার চেষ্টা করছে। সেখানে কেন্দ্রের অটলবিহারী বাজপেয়ী সরকার এবং তার স্বরাষ্ট্রমন্ত্রী আদবানী যে নোংরা খেলা খেলছেন, যে চক্রান্ত শুরু করেছেন তা সকলকে বুঝতে হবে। গোধরা নিয়ে ওরা যে নোংরা খেলা শুরু করেছেন এই তৃণমূল নেত্রী মন্ত্রীত্ব পাওয়ার লোভে তাকে যেভাবে সমর্থন জানাচ্ছেন আমি তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি, নিন্দা করছি। সেখানে আমরা দেখছি গোধরা নিয়ে গেঞ্জি বিলি করছে ওই নরেন্দ্র মোদী। তবে আমি মনে করি, গুজরাটের শুভবুদ্ধিসম্পন্ন মানুষরা সঠিক পথেরই নির্দেশ দেবেন এবং সেখানে সাম্প্রদায়িক শক্তি নয়, সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষের মানুষরা জয়ী

*** Expunged as order from the chair

হবেন। পশ্চিমবঙ্গে আমরা যেভাবে সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুণ্ণ রাখতে পেরেছি গুজরাটের মানুষরাও সেদিকেই তাদের রায় দেবেন এবং ওই নরেন্দ্র মোদী, অটলবিহারী বাজপেয়ীদের চক্রান্তকে রুখে দেবেন।

[1.10—1.20 p.m.]

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখছি ওই তৃণমূল কংগ্রেস যাদের সমর্থক সেই কেন্দ্রে বি জে পি সরকার দেশটাকে পুরোপুরি বিক্রি করে দিচ্ছেন। সেখানে আমরা দেখছি তারা নতুন করে ভারতের দুটি লাভজনক রাষ্ট্রায়ত্ত সংস্থা—ভারত পেট্রোলিয়াম এবং হিন্দুস্থান পেট্রোলিয়ামকেও বিক্রি করে দিলেন। অথচ এই তৃণমূল কংগ্রেস সে বিষয়ে একটি কথাও খরচ করছেন না। কেন্দ্রীয় সরকার আজ যেভাবে দেশের সাম্প্রদায়িক সম্প্রীতিকে নষ্ট করার চেষ্টা করছেন সে বিষয়েও তারা মুখে কোনো রা কাটছেন না। স্যার, আমরা পশ্চিমবঙ্গের মানুষরা সাম্প্রদায়িক সম্প্রীতিকে বরাবর মর্যাদা দিয়ে এসেছি অথচ আমরা দেখছি কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী এবং উপ-প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী আদবানি একনাগাড়ে সাম্প্রদায়িক কথা বলে যাচ্ছেন। আমি মনে করি, পশ্চিমবঙ্গের মানুষ, আমরা এর সর্বোতভাবে বিরোধিতা করছি। আমরা তৃণমূল ভাইদের বলছি, আপনারা এগিয়ে এসে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সোচ্চার হোন ; দেশকে বিক্রি করে দেবার বিরুদ্ধে, রাষ্ট্রায়ত্ত কোম্পানিগুলিকে বিক্রি করে দেবার বিরুদ্ধে সোচ্চার হোন।

শ্রী দীপক সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অত্যন্ত মর্মান্তিক ঘটনা। আমাদের উত্তরবঙ্গে কিছু কিছু নার্সিং হোম গরীব রোগীদের প্রতি দুর্ব্যবহার শুরু করেছে। শিলিগুড়ির প্যারামাউন্ট নার্সিং হোমের বিরুদ্ধে এই অভিযোগ উঠেছে। বিগত ২২-১০-২০০২ তারিখে কোচবিহারে জে ডি হাসপাতালের সামনে একটি মোটর ট্যাক্সির দুর্ঘটনা ঘটে এবং তাতে সাতজন আহত হন এবং তাঁদের মধ্যে একই পরিবারের তিনজন আহত হন, যার মধ্যে রিক্সাচালক রমাপ্রসাদ রাউত এবং তাঁর ছেলে গৌতম রাউত রয়েছে। গৌতমকে কোচবিহার হাসপাতালে নিয়ে গেলে তাঁরা তাঁকে শিলিগুড়িতে রেফার করেন এবং তাকে শিলিগুড়ির প্যারামাউন্ট নার্সিং হোমে ভর্তি করা হয়। কয়েকদিন পরে নার্সিংহোম কর্তৃপক্ষ রামপ্রসাদ রাউতকে জানায় যে, ৭৭ হাজার টাকার বিল হয়েছে, টাকা না দিলে ছেলেকে দেখা যাবে না। সকলের সাহায্য নিয়ে ২৫ হাজার টাকা তুলে শিলিগুড়ি গেলে তাঁকে ছেলের সঙ্গে দেখা করতে দেওয়া হয়নি এবং তখন তাঁকে জানানো হয় যে, ওই পর্যন্ত বিল ১ লক্ষ ১৫ হাজারে দাঁড়িয়েছে। এইভাবে ছেলেকে আটকে রেখে তাঁদের প্রতি নার্সিংহোম কর্তৃপক্ষ মানসিক অত্যাচার চালাচ্ছে। এই ঘটনার কথা আমরা সবাই মিলে পুলিশ সুপারকে বললে পুলিশ গিয়ে শিলিগুড়ি থেকে ছেলেটিকে উদ্ধার করেছে। শিলিগুড়ির কিছু নার্সিংহোম এভাবে গরীব মানুষের উপর অত্যাচার চালাচ্ছে। তারই জন্য আমি নার্সিং হোম কর্তৃপক্ষের বিরুদ্ধে শাস্তি বিধানের দাবি করছি এবং তাদের লাইসেন্স বাতিলের দাবি জানাচ্ছি।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি করুণ ঘটনার প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার আমার বন্ধুবর তাপস রায়ের সঙ্গে ঐতিহ্যমণ্ডিত সিটি কলেজে গিয়েছিলাম, যে কলেজের সঙ্গে ব্রাহ্মসমাজের দিকপাল হেরম্বচন্দ্র মৈত্রের স্মৃতি জড়িত, ১২৫ বছরের কলেজ। ওই কলেজে রাতে যে ইউনিয়ন রয়েছে, এস এফ আই, তারা তাণ্ডব চালিয়েছে সেখানে এবং কমন রুম, এন সি সি রুম এবং প্রিন্সিপালের ঘর তছনচ করে দিয়েছে। আমি নিজে গিয়ে দেখেছি, লাইব্রেরিতে পোড়া বই সব পড়ে রয়েছে এবং তার মধ্যে পালগ্রেভের গোল্ডেন ট্রেজারি, মডার্ন রিভিউর মতো বই রয়েছে। হেরম্ব মৈত্র যে টেবিল ব্যবহার করতেন সেটা ভেঙে উল্টে দেওয়া হয়েছে। সেখানে প্রিন্সিপাল বলছিলেন যে, তিনি কোনরকমে প্রাণ বাঁচিয়েছেন। সেখানে ফিজিক্স ল্যাব ভেঙে গেছে। আমি এই ধরনের ভ্যান্ডালিজম সাম্প্রতিককালে দেখিনি। আমাদের সাংসদ, তিনি তাঁর তহবিল থেকে ওই কলেজকে ৫ লক্ষ টাকা দেবার প্রতিশ্রুতি দিয়ে এসেছেন। কলেজটা বন্ধ রয়েছে। সকাল-বিকেলে ক্লাস হচ্ছে না। সেখানে ছাত্রদের পড়াশোনা অনিশ্চিত। সেখানে সকালের ইউনিয়ন তৃণমূল ছাত্র পরিষদের এবং সেটা ওদের সহ্য হচ্ছে না। তাই রাতে সি পি এম-এর ইউনিয়ন এস এফ আই কলেজ ধ্বংস করে। মুখ্যমন্ত্রীর উভয় পক্ষকে মিটিং-এ ডেকে কলেজে যাতে শান্তি-শৃঙ্খলা বজায় থাকে তার ব্যবস্থা নেওয়া উচিত। এর আগে খানাকুলে লাইব্রেরি পোড়ানোর ব্যাপারে এরা দোষারোপ করেছিল। আজকে খোদ কলকাতার বুকে ১২৫ বছরের ঐতিহ্যমণ্ডিত লাইব্রেরি সি পি এম-এর ছাত্র সংসদ পুড়িয়ে দিয়েছে। কোনো সুস্থ মানুষ এটা করতে পারে বলে আমার জানা নেই। কলকাতার বুকে এইরকম একটা কলেজ ৭ দিন ধরে বন্ধ হয়ে রয়েছে। অবিলম্বে ব্যবস্থা নেবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নিজের চোখে না দেখলে বুঝতে পারতাম না যে এইরকম ভ্যান্ডালিজম সি পি এম-এর ছাত্র সংসদ করতে পারে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এখানে বসে থাকা মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২২-২৩ নভেম্বরে যে প্রাকৃতিক দুর্যোগ হয়ে গেল, যে টর্নেডো হয়ে গেল তাতে পূর্ব মেদিনীপুর থেকে আরম্ভ করে উত্তর ২৪-পরগনা, বর্ধমান, দক্ষিণ ২৪-পরগনা, পশ্চিম মেদিনীপুর জেলাগুলিতে যে ক্ষতি হয়ে গেল তাতে ৬৩ কোটি টাকার উপর ফসলহানি ঘটলো। এটা নিয়ে কি আজ পর্যন্ত সরকার কোনো স্টেটমেন্ট দিয়েছে ? বিভিন্নভাবে বলছেন, কিন্তু তার জন্য প্রতিকার কিছু হয়নি। শস্যহানি হল, চাষীরা ক্ষতিগ্রস্ত হল। তার জন্য কি ব্যবস্থা নিলেন ? পাশাপাশি দেখতে পাচ্ছি প্রচুর ঘরবাড়ি ভেঙেছে। সেই ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে। চাষী, সাধারণ মানুষ এবং সমস্ত স্তরের মানুষ সেখানে ক্ষতিগ্রস্ত হয়েছে এই টর্নেডোর মাধ্যমে। এই যে শস্যহানি ঘটলো, এই যে ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হল এর জন্য কেন্দ্রীয় সরকার কি করছে সেই ব্যাপারে একটা স্টেটমেন্ট দিন। এই ভয়ঙ্কর অবস্থার জন্য আপনারা কি করছেন, কেন্দ্রীয় সরকার কি করছেন সেটা জানার জন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে যদিও এই হাউসে উল্লেখ করা হয়েছে তবুও আমি আর একবার উল্লেখ করতে চাই। স্যার, এই ব্যাপারে সহানুভূতির সঙ্গে বিচার করার আবেদন জানাচ্ছি। বেলেঘাটা খালের দু-পাশে যে ঝুপড়ি আছে সেগুলো উচ্ছেদ করার সিদ্ধান্ত হয়েছে। সেই সিদ্ধান্ত অনুযায়ী আজকে সকাল থেকে পুলিশ এবং র‍্যাফবাহিনী উচ্ছেদের জন্য নেমে পড়েছে। আমি সহানুভূতির সঙ্গে বিবেচনার অনুরোধ জানাচ্ছি, কেন্দ্রীয় সরকারের যখন একটা প্রকল্প রয়েছে এবং সেই প্রকল্পের মাধ্যমে ৩০ হাজার টাকা পর্যন্ত অনুদান পাওয়া যেতে পারে, সেখানে মন্ত্রী মহাশয় ২ হাজার টাকা দিয়ে তাদের পুনর্বাসনের কথা বলছেন। ২ হাজার টাকা দিয়ে পুনর্বাসন করা সম্ভব নয়। আজকে সংবাদপত্র বলেছে যে, তারা ঘরের খোঁজে বেরিয়েছে। ৭০০-৮০০ টাকার নিচে কোনো ঘর ভাড়া পাওয়া যাচ্ছে না এবং তার সঙ্গে মোটা টাকার অ্যাডভান্স চাইছে। এই ব্যাপারে সরকার সুষ্ঠুভাবে একটা পরিকল্পনা করুন। কোনো একটা জায়গা দেখান, সেখানে নতুন করে পুনর্বাসনের ব্যবস্থা করে দিন জমি দিয়ে। তবেই পুনর্বাসন করা সম্ভব হবে। আজকে সেখানে একটা ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। টালিগঞ্জের টালিনালার দুপাশে ঝুপড়ি উচ্ছেদের কাজ আজকে সকাল থেকে শুরু হয়েছে। সেখানে যারা থাকে তারা সমাজের দরিদ্রতম মানুষ, কেউ রিক্‌শা চালায়, কেউ বাড়ি বাড়ি ঝি-এর কাজ করে, কেউ ফল বিক্রি করে। সমাজের দরিদ্রতম মানুষ আজ অত্যাচারিত। এই ব্যাপারে সরকার একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করুক, কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা রয়েছে, সেই পরিকল্পনার সুযোগ নিয়ে তাদের পুনর্বাসন দেওয়ার ব্যবস্থা হোক এই আবেদন আমি জানাচ্ছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বন্ধুরা বিশেষ করে বামপন্থী বন্ধুরা পার্লামেন্টে আমাদের রাজ্যের কেন্দ্রীয় সরকারের বিলগ্নীকরণ নীতি নিয়ে বলেন। ভারত সরকার যে বিলগ্নীকরণ করছে, আমরা তার বিরোধিতা করছি। ভারতবর্ষের সাম্প্রদায়িক সম্প্রীতির ক্ষেত্রে আমাদের নেত্রী পার্লামেন্টে দাঁড়িয়ে বলেছেন মোদী সরকারের পদত্যাগ চাই। অতএব এই ব্যাপারটা বলার অপেক্ষা রাখে না। সেই কারণে আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ৬৭টি যে রাজ্য পরিচালিত কোম্পানি তার মধ্যে ১৪টি কোম্পানি এবং ৩টি আই পি পি-কে বাছাই করে বার করা হয়েছে। ওই ১৪টি কোম্পানির মধ্যে আবার ৬টি প্রফিটেবল, ওই কোম্পানিগুলো হল—সরস্বতী প্রেস, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, স্যাক্সবি ফার্মার এবং গ্লুকোনেট। এই ১৪টি রাজ্য পরিচালিত শিল্প মালিকদের হাতে তুলে দেবার জন্য রাজ্য সরকার যে নীতি, যে বিলগ্নীকরণ নীতি গ্রহণ করেছেন তাতে আমি শুধু এই ট্রেজারি বেঞ্চে সরকার পক্ষের সকলকে আপনার মাধ্যমে বলতে চাই যে, এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রীকে এই হাউসে আনাতে হবে এবং তাঁকে বলতে হবে কেন কি কারণে এই রাজ্য সরকার পরিচালিত সংস্থাগুলো বন্ধ করে দেবার কথা বলেছেন। এই ১৪টির মধ্যে পড়ছে সরস্বতী প্রেস, ইলেকট্রো মেডিসিন এবং ব্রিটানিয়া কোম্পানি। এই সমস্ত ভালো ভালো কোম্পানি ভালোভাবে চলছে অথচ সেগুলোকে বিলগ্নীকরণ করে, প্রাইভেটাইজেশন, ব্যক্তি মালিকানায় বিক্রি করে দেবার যে নীতি নির্ধারণ করেছেন তার আমি বিরোধিতা করছি। এই ১৪টি শিল্প কোন কোন শিল্প তার হিসাব এই পবিত্র হাউসে মন্ত্রীকে জানাতে হবে সেই আবেদন আমি আপনার মাধ্যমে জানাচ্ছি।

[1.20—1.30 p.m.]

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্যানিং থানার গোলাবাড়িতে একটানা গোলা বর্ষণ চলছে। জনৈক নেতা সি পি এম-এর মদতে ৪০০/৫০০ জন কর্মী আর এস পি-র সঙ্গে লড়াইয়ে নেমেছে। এর ফলে পরস্পরের মধ্যে একটানা গোলা বর্ষণ চলছে। এই সংঘর্ষের ফলে বুধাখালি, মধুখালি, সন্দেশখালি, তঁতুয়া, ভেটকা, চেটো প্রভৃতি গ্রামে সন্ত্রাস চলছে। গ্রামের লোকেরা ঘরছাড়া এবং ঘরদোর ইচ্ছামতো লুঠপাট করছে। ওখানকার বিখ্যাত প্রধান বারীন রায়ের নেতৃত্বে এই লুঠ, সন্ত্রাস এবং গুলি বিনিময় চলছে। ইতিমধ্যেই ২৫ জন লোক হাসপাতালে এবং গ্রামকে গ্রাম লোক ঘরছাড়া। ওখানকার হাটবাজার, দোকানপাট সব বন্ধ রবিবার থেকে। এই ব্যাপারটা এস পি-কে বলা হয়েছে, কিন্তু কোনো ব্যবস্থা আজ পর্যন্ত গৃহীত হয়নি। ওই গুলি চালানোর ফলে সাধারণ মানুষের জীবন বিপর্যস্ত। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে করে ওখানে গুলি চালানো বন্ধ হয় এবং র‍্যাফ পাঠানোর ব্যবস্থা করেন, আর যারা ঘরছাড়া তাদেরকে ভরসা দিয়ে ঘরে ফিরিয়ে আনার ব্যবস্থা করেন।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গল দস্যু বীরাপ্পনের বিপ্লব সারা ভারতবর্ষের মানুষকে স্তব্ধ, বিব্রতবোধ করে দিচ্ছে। রাজনৈতিক দলের নেতা, অভিনেতা তাদেরকে অপহরণ করে হত্যা করা এইসব কাজ তার কাছে নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সম্প্রতি কর্ণাটকের প্রাক্তন মন্ত্রী জনতা 'ইউ' গোষ্ঠী নাগাপ্পাকে অপহরণ করে, তাকে নারকীয়ভাবে যে হত্যা করা হল এই ব্যাপারে কর্ণাটক সরকার এবং তামিল সরকার যদি যথাযথ ব্যবস্থা নিত তাহলে হয়তো এই ধরনের হত্যাকাণ্ড কোনোদিনই ঘটতে পারত না। তাই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি যে, বীরাপ্পন দমনের ব্যাপারে যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা দরকার তা তাঁরা গ্রহণ করুন।

শ্রী মুস্তাক আলম : অনুপস্থিত

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী এবং বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁদের হস্তক্ষেপ প্রার্থনা করছি। আমরা সবাই জানি যে, হুগলির ডানলপ কারখানা একটি বিশ্ব বিখ্যাত কারখানা। এই কারখানাটি আড়াই বছর ধরে বন্ধ আছে, এই কারখানাটিকে পুনরুজ্জীবিত করার জন্য বি আই এফ আর-এর কাছ থেকে এ আই এফ আর-এর কাছে এক সপ্তাহ আগে যাবার অনুমতি পেয়েছে এবং কারখানাটি খোলার একটা প্রক্রিয়া শুরু হয়েছে। ইতিমধ্যে ডানলপ কারখানায় উৎপাদন বন্ধ থাকায় এবং ডব্লু বি এস ই বি যারা বিদ্যুৎ সরবরাহ করেন তাঁদের কাছে ডানলপ ম্যানেজমেন্টের ১০ কোটি টাকার উপর পাওনা হয়ে গেছে, বকেয়া থাকার জন্য সেখানে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছিল। বিদ্যুৎ কর্তৃপক্ষ ডানলপ এস্টেট-এর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে চেয়েছিল, ওখানে সিটু, আই এন

টি ইউ সি সমস্ত ইউনিয়ন বিচ্ছিন্ন না করার জন্য আবেদন করেছিল এবং গত এক মাস আগে মাননীয় শিল্পমন্ত্রী এবং মাননীয় বিদ্যুৎমন্ত্রী আমাদের সঙ্গে একটা মিটিং করে। সেখানে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ডানলপ এস্টেট-এর যেসব শ্রমিক কর্মচারী বসবাস করেন তাঁদের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে না। পরিবর্তে ওই শ্রমিক কর্মচারী ডোমেস্টিক কনজিউমারের কানেকশন হিসাবে যে বিদ্যুৎ ব্যবহার করবেন তার বিল তাঁরা দেবেন। কিন্তু এটা জেলা প্রশাসন এবং বিদ্যুৎ প্রশাসনের কার্যকরী করার কথা, কিন্তু পদ্ধতিগত জটিলতা সৃষ্টি হয়েছে বলে সেটা কার্যকর হয়নি। আমি এখন খবর পেলাম—এটি আমার বিধানসভা এলাকার মধ্যে কারখানাটি—ওইখানে আজকে বিদ্যুৎ পর্ষদ কর্তৃপক্ষ আবাসিক এলাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করছেন। শ্রমিক-কর্মচারীরা রাস্তায় বসে আছেন। ওইখানে সমস্ত ইউনিয়ন তারা এর প্রতিবাদ করেছে এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন না করার জন্য আবেদন জানিয়েছেন। আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি এই ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য, যাতে ডানলপ এস্টেট-এর শ্রমিক-কর্মচারীর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা না হয়। এর ফলে সেখানে জল ব্যবহার, সুয়ারেজ ব্যবস্থার বিপর্যয় হয়ে যাবে। এর ফলে সেখানে পরিবেশ দূষিত হবে, একটা অস্বস্তিকর পরিবেশ সেখানে সৃষ্টি হবে। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি মাননীয় মন্ত্রীদ্বয়কে যাতে বিদ্যুতের সংযোগ ব্যবস্থা বহাল থাকে।

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলায় কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়তে ছাত্র ভর্তির সমস্যা নিয়ে কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে ছাত্র সংসদ গত ১০ দিন ধরে তারা অনশনরত। আজকে নদিয়া জেলায় ছাত্র ধর্মঘট তাঁরা ডেকেছেন এবং কৃষ্ণনগরে বন্ধ ডেকেছেন। ১২০ জন ছাত্র ফার্স্ট ইয়ারে ভর্তি না হওয়ার জন্য সকলে তাঁরা অসুবিধার মধ্যে দিন গুণছেন। আমি আবেদন করব হাউসের সমস্ত সদস্যর কাছে, উচ্চশিক্ষামন্ত্রী তিনি নদিয়া জেলা থেকে বিধায়ক হয়ে এসেছেন, তাই তাঁর কাছে আবেদন করব, অত্যন্ত গুরুত্বসহকারে তিনি এটা দেখুন। ছাত্র সংসদ-এর দাবি বিবেচনা করে দেখুন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাতে ১২০ জন ছাত্রকে ভর্তির ব্যবস্থা করে এবং আগামীদিনে তাদের পড়াশোনা করার সুযোগ করে দেওয়া হয় এই আবেদন আমি জানাচ্ছি।

শ্রী সুধাংশু শীল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। এখানে কয়েকজন বিধায়ক বন্ধু বললেন, আমার বিধানসভার অন্তর্গত, তাঁরা যে বিষয়টি নিয়ে আলোচনা করেছেন সেটা হল, আনন্দমোহন কলেজের লাইব্রেরি রাত্রিবেলায় পোড়ানো হল, গোটা বিষয়টা পরিষ্কারভাবে না বললে মাননীয় সদস্যদের মনে একটা বিভ্রান্তি করা হচ্ছে। ঘটনাটা হচ্ছে যে, একই কলেজে তিনটি সেকশন চলে। সেখানে ডে কলেজে রয়েছে ছাত্র পরিষদ, নাইটে আনন্দমোহনে রয়েছে এস এফ আই। এই দুটি কলেজের সময়ের ব্যবধান ১৫ মিঃ, ঢোকা বেরুনো নিয়ে। সেটা নিয়ে সমস্যার সমাধান হওয়া উচিত। সেটা না করে রাত্রে আনন্দমোহন কলেজের লাইব্রেরি জ্বালিয়ে দেওয়া হয়েছে। সৌগতবাবু বলেছেন এস এফ আই করেছে। এস এফ আই জ্বালায়নি, ছাত্র পরিষদ ইউনিয়ন এটা করেছে। আমার আবেদন, উচ্চশিক্ষামন্ত্রী এই ব্যাপারে হস্তক্ষেপ করে কলেজ চালু করার উদ্যোগ নিন।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি, আবার আমরা মিলিত হব ২-৩০ মিনিটে।

(At this stage the House was Adjourned till 2-30 p.m.)

[2.30—2.40 p.m.]

POINT OF INFORMATION

শ্রী আনন্দগোপাল দাস : স্যার, অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন। স্যার, গতকাল স্বল্পকালীন বিধানসভা শুরু হয়েছে এবং শোক প্রস্তাবের পরে বিধানসভা মুলতবী হয়ে যায়। কিন্তু একটা দুঃখজনক ঘটনা কালকে লক্ষ্য করলাম, বিধানসভা মুলতবী হয়ে যাওয়ার পরে তৃণমূল বিধায়ক মহাশয়রা নকল বিধানসভা, বিধানসভার মধ্যে চালানোর চেষ্টা করেছিল। আপনি যে চেয়ারে বসে আছেন ওদের একজন বিধায়ক সেই চেয়ারে বসে বিধানসভাকে কলঙ্কিত করেছেন। তৃণমূল বিধায়কদের দীর্ঘদিনের আশা মাননীয় মন্ত্রীদের চেয়ারে বসবার। তাই ওরা দুধের স্বাদ ঘোলে মেটাতে চাইছে। ওই চেয়ারের সম্মানকে ওরা নষ্ট করেছে তাই ওদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার। এই ব্যাপারে আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাউসের মধ্যে যদি কেউ অসত্য কথা বলে হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করে সেটা দণ্ডনীয় অপরাধ, এটা কোয়াসি জুডিসিয়ারি ফর্ম। এখানে মাননীয় সদস্য বললেন, আপনি যে চেয়ারে বসে আছেন ওই চেয়ারে বসে মক পার্লামেন্ট কালকে হয়েছিল। যদি আপনার চেয়ারে বসে নকল বিধানসভা হয়ে থাকে তাহলে যিনি বসেছিলেন তাঁকে দণ্ড দিন, না হলে যিনি অসত্য কথা হাউসে বলেছেন তাঁকে হাউস থেকে বার করে দিন।

MOTIONS UNDER RULE 296

Shri Nisith Adhikary : Sir, I beg to move that–

"Whereas, in terms of the Motion adopted in the House on the 9th July, 2002, under rule 296 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the Select Committee on the West Bengal Lokayukta Bill, 2001 is scheduled to present its Report by the end of the current session of the Assembly ; and

Whereas, the deliberation on the Bill is still going on and the Select Committee is also not in a position to prepare and present its Report during the current session ;

This House, therefore, resolves that the time-limit for presentation of the Report of the Select Committee on the West Bengal Lokayukta Bill, 2001 be further extended till the end of the next session of the Assembly."

The motion was then put and agreed to.

Shri Ashok Bhattacharya : Mr. Deputy Speaker sir, I beg to move that–

"Whereas, in terms of the Motion adopted in the House on the 17th July, 2002, under rule 296 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the Select Committee on the West Bengal Municipal Corporation Bill, 2002 is scheduled to present its Report by the end of the current session of the Assembly ; and

Whereas, the deliberation on the Bill is still going on and the Select Committee is also not in a position to prepare and present its Report during the current session ;

This House, therefore, resolves that the time-limit for presentation of the Report of the Select Committee on the West Bengal Municipal Corporation Bill, 2002 be further extended till the end of the next session of the Assembly."

The motion was then put and agreed to.

LEGISLATION

THE HOWRAH IMPROVEMENT (AMENDMENT) BILL, 2002

Shri Ashok Bhattacharya : Sir, I beg to introduce the Howrah Improvement (Amendment) Bill, 2002.

(Secretary then read the title of the Bill)

Mr. Deputy Speaker : Here is a motion given by Shri Kashinath Mishra for circulation of the Bill. Now I call upon Shri Mishra move his motion.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st January, 2003.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী হাওড়া উন্নয়ন (সংশোধন) বিধেয়ক, ২০০২ যেটা সভায় উপস্থাপন করেছেন, এই বিষয়ে একজিস্টিং প্রভিশন ছিল, সেকশন ৯২

(1) The duty imposed by the Indian Stamp Act, 1899, shall be increased.

(a) on instruments of sale and gift, respectively, by two per centum on the market value of property, respective of value set forth in such instruments ; and

(b) on instruments of a usufructuary mortgage, by two per centum on the amount secured by such instrument.

where such instruments, referred to in clause (a) or clause (b), affect immovable property situated in any area within the jurisdiction of the Howrah Municipal Corporation or of any Municipality of Howrah and executed on or after the commencement of this Act.

এবার ওনারা চাইছেন, It shall be deemed to have come into force with effect from the 31st day of January, 1994.

এফেক্টটা ১৯৯৪ সাল থেকে চাইছেন। ওনাদের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে যেটা বলছেন, এই পদ্ধতিটা—কীভাবে টাকা আসবে, কোথা থেকে আসবে। এটা ২৬ বছর চিন্তা করলেন না, এখন টাকা উপার্জন করার জন্য বিভিন্ন বিল আনছেন, কিছু আইনের পরিবর্তন ঘটিয়ে একটা এফেক্ট চাইছেন। সেই জিনিসগুলোর প্রতিবাদ করছি। এই ব্যাপারে একটা জনমত হওয়া দরকার। কারণ ইন্ডাস্ট্রিয়াল বেল্ট। সেল বা গিফটের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, পার্সেন্টেজ বাড়ছে। সেই পার্সেন্টেজে একটা অসুবিধার সৃষ্টি হবে। কাজেই যেটা ছিল সেটাকে উনি রাখতে পারতেন। উনি জনমত নিতে পারতেন। এতে মনে হয় ভালো হত। সেই পরিপ্রেক্ষিতে জনস্বার্থে এটা প্রচারের জন্য আবেদন জানাচ্ছি।

[2.40—2.50 p.m.]

শ্রী অশোক ভট্টাচার্য : কাশীনাথবাবু যে মতামত জানালেন, আমি তার বিরোধিতা করছি। এটা খুবই সামান্য বিষয়। '৯৪ সালে West Bengal stamp prevention of under valuation of Instrument Rules, 1994. এবং যেটা অ্যামেন্ডেড হয়েছিল দু হাজার এক সালের পয়লা মার্চ, সেই অনুযায়ী মার্কেট ভ্যালুয়েশনের উপরই স্ট্যাম্প ডিউটি নিয়ে আসা হচ্ছিল। তাছাড়া যে কোনো আইনেই সেটা রেট্রোস্পেকটিভ এফেক্ট দেওয়া যেতে পারে। এটা নিয়ে সুপ্রিম কোর্টে ভারডিকট আছে—আপনারা জানেন। সুপ্রিম কোর্ট বলেছে যে, The Power to make a law includes power to give it retrospective effect. এবং এটা কোনো অসংবিধানিক কিছু নয়, বেআইনী কিছু নয়। এটা একেবারে সাধারণ বিষয়। তাই কাশীনাথবাবু যেটা বলেছেন, সেটাকে আমি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Kashinath Mishra that the Bill be circulated for the purpose of eliciting public opinion by 31st of January, 2003, was then put and lost.

শ্রী অশোক ভট্টাচার্য : হাওড়া উন্নয়ন (সংশোধন) বিধেয়ক, ২০০২ সভায় উত্থাপন করছি।

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ পঙ্কজ ব্যানার্জী দুটো বিল একসঙ্গে করলে আপত্তি আছে ?

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আমাদের মেন স্পীকাররা বাইরে গেছেন। আমি একটু সময় নিচ্ছি।

THE KOLKATA IMPROVEMENT (AMENDMENT) BILL, 2002

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কলকাতা উন্নয়ন (সংশোধন) বিধেয়ক, ২০০২ সভায় উত্থাপন করছি।

(Secretary then read the title of the Bill)

Mr. Deputy Speaker : There are two motions for circulation of the Bill given by Shri Kashinath Mishra and Shri Saugata Roy. I call upon Shri Kashinath Mishra to move his motion.

Shri Kashinath Mishra : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by 31st January, 2003.

স্যার, ব্যাপারটা যেটা হচ্ছে আমরা যে একজিস্টিং প্রভিশনগুলো দেখছি যা ছিল সেগুলো হঠাৎ করে পরিবর্তন হয়ে গেল '৯৪ সালের এফেক্ট চেয়ে। যে কথাগুলো বলেছেন তাতে একটা অসুবিধা সৃষ্টি হচ্ছে ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ব্যাপারে প্রপার্টি সেলের ব্যাপারে বা গিফটের ক্ষেত্রে একটা অসুবিধা দেখা দেবে আপনারা সেটা ভাবছেন না। সেখানে দু পার্সেন্ট করা হচ্ছে। এই ক্ষেত্রে একটা চাপ সৃষ্টি হবে। আজকে সরকারের দীর্ঘদিনের গাফিলতির ফলে এই জিনিসগুলো হচ্ছে। আজকে হঠাৎ করে ঠিক হচ্ছে। আপনাদের আর্থিক অনটন হচ্ছে। সেই অনটন থেকে রক্ষা পাওয়ার জন্য যেটুকু পাওয়া যায়, যা কিছু আনা যায় সেটাই চেষ্টা করেছেন। ২৬ বছরে একটু একটু করে করতেন তাহলে এই বার্ডেনটা আসত না। এই বোঝাটা আসলে অসুবিধার সৃষ্টি হবে। আর্থিক অনটন থেকে রক্ষা পাওয়ার জন্য আপনারা এটা করছেন। এটা জনসাধারণের উপর ইনডাইরেক্ট চাপ সৃষ্টি করবে, সেটা প্রত্যক্ষভাবে বলুন বা পরোক্ষভাবে বলুন সে চাপ আসবে। জনসাধারণ ভয়ঙ্করভাবে একটা দুর্ভোগের মধ্যে পড়ে যাবে। এইগুলোকে যদি রেট্রোসপেক্টিভ এফেক্ট দিতে হয় তাহলে সবকিছু আগেকার ধরে টানতে হয়, সেখানে একটা অসুবিধার সৃষ্টি হবে। আপনারা তো বারবার জনসাধারণের কথা বলেন, এতে জনসাধারণের অসুবিধা হবে। '৯৪ সাল থেকে করতে হলে ৮ বছরের

রেট্রোসপেক্টিভ এফেক্ট দিতে হবে। এই জন্য আমরা বিরোধিতা করছি। দুটো ব্যাপারই সমানভাবে বলছি, এইগুলো হওয়া উচিত না। এইগুলো ঠিকভাবে মানুষের স্বার্থে হওয়া উচিত।

শ্রী অশোক ভট্টাচার্য : স্যার, আমার মনে হয় বিষয়টা কাশীবাবু ভালো করে বুঝতেই পারেননি। প্রথম বিষয়টা হচ্ছে ২ পার্সেন্ট, এটা বহুদিন ধরেই আছে। '৯৪ সাল থেকে কলকাতা এবং হাওড়ার ক্ষেত্রে ৬ পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি নেওয়া হয়। তার উপর কলকাতা এবং হাওড়ার ক্ষেত্রে যখন কোনো ট্রানজাকশন হবে, কোনো সম্পত্তি বিক্রয় হবে তখন তার ওপর অতিরিক্ত ২ পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি দিতে হবে। স্ট্যাম্প ডিউটি বহুদিন থেকেই আছে। বিষয়টা হচ্ছে স্ট্যাম্প ডিউটি রাখা ছিল কে আই টি অ্যাক্ট এবং এইচ আই টি অ্যাক্ট এই দুটো অ্যাক্টের মধ্যে লেখা ছিল যে দলিলে যে কথাটা, যে অর্থের কথা লেখা থাকবে তার উপর স্ট্যাম্প ডিউটি দিতে হবে। '৯৪ সালে ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট তৈরি হয়েছিল, সেখানে যে রুলস হয়েছিল ওয়েস্ট বেঙ্গল স্ট্যাম্প প্রিভেনশন আন্ডার ভ্যালুয়েশন অব ইনস্ট্রুমেন্টাল রুলস—'৯৪ এবং সেই রুলস অনুযায়ী যখন কোনো সম্পত্তি ট্রান্সফার হবে সেটার মার্কেট ভ্যালুর উপরে স্ট্যাম্প ডিউটি দেওয়ার কথা। এটা গ্রামেও হয় এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রেও হয়। কলকাতায় সেটা হবে। এতে আইনের জটিলতা দেখা দেওয়ায় এটা দূর করার জন্য এই দুটি আইনের মধ্যে একটা সঙ্গতি আনার জন্য এই আইনটা সংশোধন করতে হচ্ছে। 'রেট্রোসপেক্টিভ এফেক্ট' মানে যে ক্ষেত্রে রেজিস্ট্রেশন হয়ে গেছে তাদের ক্ষেত্রে কোনোরকম কিছু করতে হবে না, যারা রেজিস্ট্রেশন করেনি তাদের ক্ষেত্রেই এটা এফেক্টিভ হবে। অন্য ক্ষেত্রে এটা এফেক্টিভ হবে না। এছাড়াও কলকাতা এবং হাওড়ার ক্ষেত্রে ৬ পার্সেন্ট হচ্ছে মার্কেট ভ্যালুর উপরে, আর ২ পার্সেন্ট হচ্ছে দলিল লেখার রেটের উপরে। তাহলে দেখা যাবে গ্রামে বা পৌরসভা যেগুলি আছে বা সব ক্ষেত্রেই মার্কেট ভ্যালুর উপরে ৮ পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি নেওয়া হয়। এই অসঙ্গতি দূর করার জন্য এই সংশোধনী আনা হয়েছে। আমার মনে হয় আপনি এটা বুঝতে পারেননি।

[2.50—3.00 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মার্কেট ভ্যালুর ব্যাপারটা আপনারা ফিকস করে দিয়েছেন, কিন্তু সেটা হওয়া উচিত নয়। সেকশন ৮২ (১)-তে যেটা আপনারা বলেছেন এগজিস্টিং প্রভিশন সি আই টি অ্যাক্ট ১৯১১-তে যেটা আছে সেখানে অস্থাবর প্রপার্টির উপর মর্টগেজের ক্ষেত্রে আপনি বলছেন ২ পার্সেন্ট, ৬ পার্সেন্ট যেটা ছিল—যেগুলি ট্রান্সফার হয়ে গেছে সেটা আলাদা, রেজিস্ট্রেশন যেটা বাকি আছে সে ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে একটা অসুবিধা দেখা দেবে, মার্কেট প্রাইস যদি ফিকস করে দেন তাহলে সেখানে এটা সেভ হতে পারে। সেকশন ২৭ "ইন্ডিয়ান স্ট্যাম্প ডিউটি অ্যাক্ট ১৮২৯", সেখানে যেটা বলা আছে সেটা তো দেখতে পাচ্ছি। এই পরিপ্রেক্ষিতেই এই প্রশ্ন আমরা করছি।

শ্রী অশোক ভট্টাচার্য : এটা তো আছে, যেমন গ্রামে আছে, বাঁকুড়া, চন্দননগর, চাঁপদানী, ব্যারাকপুরে সেখানে মার্কেট প্রাইসের উপর স্ট্যাম্প ডিউটি দিতে হয়। কলকাতা এবং হাওড়ার ক্ষেত্রে মার্কেট প্রাইসের উপর এতদিন স্ট্যাম্প ডিউটি দিতে হত না। এর জন্যই দুটো মামলা হয়। কেউ কেউ প্রশ্ন তোলেন যে সি আই টি অ্যাক্ট এবং এইচ আই টি অ্যাক্টের মধ্যে কোথাও লেখা নেই যে মার্কেট প্রাইসের উপর স্ট্যাম্প ডিউটি দিতে হবে। আমরা এটা সংশোধন করে কে আই টি অ্যাক্ট এবং এইচ আই টি অ্যাক্ট এই দুটো অ্যাক্টের মধ্যে মার্কেট ভ্যালুর কথাটা লিখে দিলাম। পুরনো আইনে যাদের রেজিস্ট্রেশন হয়ে গেছে সেখানে এই রেট্রোসপেক্টিভ এফেক্ট হবে না। একমাত্র যাদের রেজিস্ট্রেশন হয়নি তাদের ক্ষেত্রেই এফেক্ট হবে। এই জায়গায় অসঙ্গতি দূর করার জন্য এটা করা হয়েছে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মার্কেট প্রাইস গভর্নমেন্ট যেটা ঠিক করে দিচ্ছে, এটা তো গভর্নমেন্টই ঠিক করে দেয়।

শ্রী অশোক ভট্টাচার্য : স্ট্যাম্প ডিউটি আইন যখন এসেছিল তখন এটা নিয়ে বিতর্ক হয়েছে। এটা আমার ব্যাপার নয়, এটা অর্থ মন্ত্রকের ব্যাপার। আমার উদ্দেশ্য হল আইনের অসঙ্গতিটাকে সংশোধন করা। আইনের অসঙ্গতির মধ্যে একটা সঙ্গতি আনার জন্যই এই বিল আনা হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : এটা যেটা করছেন সেটা প্রোমোটারদের স্বার্থে করছেন। প্রোমোটাররা এটাকে কাজে লাগিয়ে মানুষকে বিব্রত করবে।

The motion of Shri Kashinath Mishra that the Bill be circulated for the purpose of eliciting public opinion by 31st of January, 2003, was then put and lost.

Shri Asok Bhattacharya : Sir, I beg to move that the Howrah Improvement (Amendment) Bill, 2002 be taken into consideration.

Shri Asok Bhattacharya : Sir, I beg to move that the Kolkata Improvement (Amendment) Bill, 2002 be taken into consideration.

শ্রী জটু লাহিড়ী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'দি হাওড়া ইম্প্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' যেটা এখানে আনা হয়েছে আমি তাকে সমর্থন করতে পারছি না, বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কথা শুনলাম। উনি মূলত হাওড়ার উন্নয়নের ক্ষেত্রে ২ পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি বাড়ানোর কথা বলেছেন এই বিলের মধ্যে দিয়ে। বলা হয়েছে, ইম্ম্যুভাবেল প্রপার্টি, সেটা গিফ্‌ট হোক বা সেল হোক তার উপর ২ পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি চার্জ করা হবে। হাওড়ার ক্ষেত্রে ২ পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি অলরেডি আছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে এটা ক্লিয়ার করে দেবেন যে, যে ২ পার্সেন্ট অলরেডি কালেকশন হচ্ছে তার উপরে আরো ২ পার্সেন্ট নেওয়া হবে কিনা আজকের এই অ্যামেন্ডমেন্ট গৃহীত হওয়ার পরে ? নাকি যেটা ছিল সেটাই থাকবে ? এটা একটু ক্লিয়ার করে দেবেন। না হলে

দেখা যাবে ২ পার্সেন্ট দেওয়ার পর আরও ২ পার্সেন্ট দিতে হল। নতুন করে আরও ২ পার্সেন্ট চাপানো হবে কিনা এটা ক্লিয়ার করে দেবেন। দ্বিতীয়ত, ১৯৯৪ সালের ৩১শে জানুয়ারি থেকে এটা এফেক্ট হবে বলে বলেছেন। কিন্তু যেগুলো অলরেডি রেজিস্ট্রার্ড হয়ে গেছে তাদের কাছ থেকে কি করে নেবেন ? যদিও আপনি বলেছেন, করবেন না সেখানে। বলছেন হাওড়ার উন্নয়নের জন্য এই বিল। কিন্তু আপনারা হাওড়ার উন্নয়ন কীভাবে করছেন ? হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট কীভাবে হাওড়ার উন্নয়ন করেছে ? আজ পর্যন্ত স্ট্যাম্প ডিউটি বাবদ যে টাকা আদায় হয়েছে সেই টাকায় কি কাজকর্ম হয়েছে হাওড়ার মানুষ সেটা জানে না। এই বিল আনার আগে দুবার অ্যামেন্ডমেন্ট করা হয়েছে হাওড়ার ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ব্যাপারে। একবার বললেন, হাওড়ার কর্পোরেশনের ইম্প্রুভমেন্টের জন্য, হাওড়ার ইম্প্রুভমেন্টের জন্য একজন চেয়ারম্যান হবেন। পরবর্তীকালে তিনি সাংসদ হয়ে চলে গিয়েছেন এবং পরবর্তীকালে তাঁকে আবার হাওড়ার চেয়ারম্যান করবার জন্য এখানে বিল এনেছেন। তারপর বললেন, হাওড়া কর্পোরেশনের মেয়র থাকতে হবে না। এখন সরকার স্থির করবেন কাকে হাওড়া ইম্প্রুভমেন্টের চেয়ারম্যান করবেন। তারপর সাংসদ আবার ফিরে এলেন হাওড়ার চেয়ারম্যান হিসাবে। কিন্তু তাতে হাওড়ার কোনো উন্নতি হয়নি।

[3.00—3.10 p.m.]

হাওড়া ইম্প্রুভমেন্ট বোর্ডেতে প্রায় ৯০০ মানুষ কাজ করে, তাদের কি কাজ ? তাদের কাজের ক্ষেত্রে ফিন্যান্স কি বাজেট দেয় ? হাওড়ার উন্নয়ন এইচ আই টি-র মধ্যে দিয়ে ঘটছে না। সেখানে ৯০০ জনের মধ্যে ৭০০ জন টেকনিক্যালি হ্যান্ডস, ১০০ জন কেরানি, ১০০ জন সাব-স্টাফ, পিওন ইত্যাদি আছেন। অনেক গাড়ি চলছে, ৭০০ টেকনিক্যাল স্টাফ রয়েছেন। তাঁদের কি কাজ ? কোনো কাজ নেই। তাঁরা বসে বসে মাইনে পাচ্ছেন। তাঁদের কাজ দিতে পারছেন না। কারণ কি ? কারণ হচ্ছে বাজেটে সেই প্রভিশন নেই। এইচ আই টি কাজ করবে সেইরকম প্রভিশন করেননি। ৭০০ টেকনিক্যাল স্টাফকে আপনারা বসিয়ে বসিয়ে মাইনে দিচ্ছেন, এর সঙ্গে ১০০ কেরানি এবং ১০০ স্টাফকে—তাদের মাইনে দেওয়ার জন্য স্ট্যাম্প ডিউটি ইত্যাদি করে গরীব মানুষের উপর থেকে আপনারা স্ট্যাম্প ডিউটি আদায় করছেন। আপনারা বাজার দর, মার্কেট ভ্যালু বলে ছেড়ে দিলেন, কিন্তু দেখা যাচ্ছে, বাস্তব অভিজ্ঞতায় দেখছি যে, রেজিস্ট্রেশনের ব্যাপারে আপনারা থানা ভিত্তিক একটা করে রেট করে দিয়েছেন স্ট্যাম্প ডিউটির। কিন্তু কোর্টে গিয়ে দেখা যাচ্ছে যে, স্ট্যাম্প ডিউটি যাই থাকুক না কেন, রেজিস্টার বলছেন যে, এখানে মার্কেট ভ্যালু এত নয়, বেশি হবে এবং সেইভাবে তিনি মার্কেট ভ্যালু বাড়িয়ে দিচ্ছেন, স্ট্যাম্প ডিউটি বাড়িয়ে দিচ্ছেন, তার জন্য প্রভিশন করেছেন, আপনারা বলছেন রেট করা আছে। কিন্তু যে রেট করা আছে তার উপর রেজিস্টার একটা করে মার্কেট ভ্যালু ঠিক করে তার উপর চার্জ করছে এবং রেজিস্ট্রেশন করতে গেলে রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ফি এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে যে সাধারণ মানুষ অসহায় হয়ে পড়েছেন, যে টাকা বলা হয় সেই টাকা তারা দিতে বাধ্য হয়। সরকার প্রদত্ত মার্কেট ভ্যালু সঠিক কিনা এবং তার উপর রেজিস্টার তিনি কোনো মার্কেট ভ্যালু ধার্য করতে পারেন কিনা সেটা জানাবেন। দ্বিতীয়ত, হাওড়া ইম্প্রুভমেন্টে ৭০০ টেকনিক্যাল স্টাফ আছেন। হাওড়া কর্পোরেশনে কতজন টেকনিক্যাল স্টাফ আছে ? খুবই সামান্য। অথচ হাওড়া

ইম্প্রুভমেন্টে ৭০০ টেকনিক্যাল স্টাফ আছে, তাদের কোনো কাজ নেই। হাওড়া জেলা পরিষদে টেকনিক্যাল স্টাফ দু-চারজন। আপনারা সেখানে কেন হাওড়া ইম্প্রুভমেন্টের টেকনিক্যাল স্টাফদের কাজে লাগাচ্ছেন না ? তাহলে কিন্তু এই বসিয়ে বসিয়ে মাইনে দিয়ে জনগণের টাকা নয়-ছয় হয় না। পঞ্চায়েত সমিতিতে কোনো টেকনিক্যাল স্টাফ নেই। অথচ দেখা যাচ্ছে, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, এমনকি পি ডব্লু ডি-র কাজ পর্যন্ত জেলা পরিষদের উপর ন্যস্ত হয়েছে। কিন্তু আমরা সেখানে কাজ করতে গিয়ে দেখছি যে, টেকনিক্যাল স্টাফ না থাকার জন্য পি ডব্লু ডি-র টেকনিক্যাল স্টাফকে সেই কাজ করতে হচ্ছে। জেলা পরিষদ কাজ পরিচালনা করবে অথচ টেকনিক্যাল স্টাফ দিতে হবে পি ডব্লু ডি-কে। ৭০০ টেকনিক্যাল স্টাফ হাওড়া ইম্প্রুভমেন্টে রয়েছে, কিন্তু আপনারা তাদের কাজে লাগাচ্ছেন না কেন ? এই বিষয়টি ভাবা দরকার। তৃতীয়ত হচ্ছে, হাওড়া ইম্প্রুভমেন্টে এত কর্মচারী রয়েছেন, তাঁদের জন্য আপনারা বাৎসরিক বাজেটে একটু প্রভিশন করুন যাতে উন্নয়ন খাতে কাজ করা যায়। আমার সবচেয়ে বেশি দাবি হল—হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট বা বোর্ডে কোনো বিধায়ক তার সদস্য নন, হাওড়ার উন্নয়নের জন্য এই ট্রাস্টে বা বোর্ডে বিধায়কদের রাখা উচিত। সেখানে কীভাবে কাজ হচ্ছে, কাজগুলো ঠিক ঠিক চলছে কিনা এই দিকগুলো দেখার জন্য হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টে বা বোর্ডে বিধায়কদের থাকার একটা প্রভিশন রাখা উচিত। এ ব্যাপারে বাজেটে যদি প্রভিশন রাখা হয় তাহলে যথার্থ হাওড়ার উন্নয়ন হবে এবং উন্নয়নের উপর আমাদের সজাগ, সতর্ক দৃষ্টি থাকবে। এই যে বিল এনেছেন এটা আমি বলব যে, এটা ঠিক হচ্ছে না, আবার নতুন করে মানুষের উপর দায় চাপাচ্ছেন। তাই আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

श्री लगनदेव सिंह : माननीय डिपुटि स्पीकर सर, अभी हाउस में माननीय मंत्री द्वारा पेश किया गया हावड़ा इम्प्रुभमेन्ट एमेन्डमेन्ट बिल २००२ और कोलकाता इम्प्रुभमेन्ट एमेन्डमेन्ट बिल २००२ को समर्थन करता हूँ औ इस बिल का समर्थन करते हुए दो–चार बाते कहना चाहता हूँ। इस बिल को पेश करते समय जो महत्वपूर्ण बाते है वह माननीय मंत्री द्वारा बता दिया गया है। काशीबाबु के सबाल को भी बता दिया गया है कि मामला जितना पेचिदा समझ रहे है उतना पेचिदा नही है। केबल स्टाम्प डियुटी २ % का सबाल है इसका क्या होगा। जैसा आपलोग कह रहे है। आप जानते है अभी तक होता यह था कि जो दलील बनाया जाता था तो अपने सुविधा के अनुसार दलील बनवाते को। या जो गिफ्ट दिया जाता था तो इसमे दलील मे कीमतो मे तब्दीली करते थे। सम्पत्ति की भल्यू का तब्दीली होता था। जिससे सरकार को काफी रेभेन्यू का नुक्सान होता था। इसमे सिर्फ यही हुआ है कि अब जो दलील बनाया जाएगा इसमें मार्केट भेल्यू आका जाएगा। और इसके नाम पर जो स्टाम्प डिपुटी का फॉकी है, यह बन्द होगा। क्लकाता और हावड़ा में काफी दिनों से यह परम्परा चली आ रही है कि रजिस्ट्रार मार्केट भेल्यू ठीक करते थे। मार्केट भेल्यू डिटरमाइंड वाई रजिस्टार। इण्डियन स्टाम्प एक्ट-99 इसमे यह अधिकार दिया गया है। और इस प्रकार जो रजिस्ट्रार मौजूदा परिस्थिति में होते है, ऑकते है। इसमे पहली चीज जो है जो दलील कम रूपया के बनाया जाता था इसके उपर अंकुश लगाया जा सकेगा। इस चीज को पता

नही जोटूदा या अन्य विरोध सदस्य क्यो नही समझ पा रहे है। सेक्शन 52 और 55 के तहत टेक्सेशन के सबाल पर, डिपूटी ओर प्रोपर्टी एक्ट है इसमें साफ शब्दों मे लिखा है। मानलिजिए अभी इसी के अधार पर भेल्यू ऑका जाएगा उसके आधार पर एमाउन्ट सेक्योरड होगा और इसी के मददेनजर किया जाएगा। उदाहरण के लिए आप एच० आई० ठी० मे एक मकान के लिए बैंक से रूपया लोन लेना चाहते है। जिसकी कीमत 50 लाख रूपया ऑका गया है। तो इसी के आधार पर स्टाम्प डियुटी देना होगा। हॉ रजिस्ट्रार को कुछ अधिकार दिया गया है, कुछ छूट दे सकते है। अन्दर यही है। एसे मामलो में स्टाम्प डिपुटी और मोरगेज के सबाल पर जो कीमत है बैंक अपना लोन इसी के मददेनजर देगी। यही चीज हमारे जोटू दा को समझ मे नही आ रहा है। जोटू दा जो कह रहे थे ड्रेनेज का विकाश या अन्य विकाश के पहलू पर वे तरह-तरह की बात कर रहे थे तो यह तो अलग मुद्दा है। बजट के समय इसपर चर्चा किया जाएगा। उस समय अपनी बात रखने को तो जोटूदा स्वतंत्र है। इस बिल के बाहर की बात करने का तो यहॉ पर कोई प्रयोजन नही है, लाभ नही है। हमारे मंत्री महोदय एक अच्छी परम्परा की शुरुआत किए है इसे सभी को मान लेना चाहिए। कुछ दिनो से जो परिपाटी चली आ रही थी इसी मे सुधार लाने के उदेश्य से यह बिल लाया गया है, इसमे कोई नया स्टाम्प डियुटी देने की बात नही है। हावड़ा और कलकत्ता मे जो एक अलग तब्दीली था इसे पूरे पश्चिम बंगाल की जो व्यवस्था है इस व्यवस्था के साथ जोड़ दिया जा रहा है। जैसा हमारे यहॉ परम्परा रही है। इसके साथ ही हमारे विरोधी सदस्यो के बीच जो कन्फयुजन है इसे दूर कर लेना चाहिए। क्योकि जहॉ तक मार्केट भेल्यू का सबाल है इसे न आप ठीक करेगे और न मै। यह रजिस्ट्रार की जिम्मेदारी है। और फिर इसका भी तो एक कैटेरिया है जो उचित है। इसी के साथ ही इस बिल का समर्थन करते हुए अपनी बात समाप्त करता हूँ।

[3.10—3.20 p.m.]

श्री शीतल सर्दार : माननीय उपाध्यक्ष महोदय, आजकके इस सभाय 'हाओड़ा उन्नयन (संशोधन) विधेयक, २००२' उथापित हयेछे। एই बिलের মধ্যে দিয়ে ২ % স্ট্যাম্প ডিউটি বাড়ানো হচ্ছে। এই ট্যাক্স যদি হাওড়া শহরের উন্নতির জন্য বাড়ানো হত তাহলে আমাদের কারো কিছুই বলার ছিল না। কারণ আমরা প্রত্যেকেই চাই উন্নয়ন হোক। কিন্তু আমরা দেখছি এখানে উন্নয়নের নামে যে টাকা সংগ্রহ করা হয় তা উন্নয়নের কাজে লাগে না, অন্য জায়গায় চলে যায়। আজকে এই যে স্ট্যাম্প ডিউটি বাড়ানো হচ্ছে, এই ট্যাক্স বাড়াবার কথা বাজেটের কোনো জায়গায় বলা ছিল না। তাহলে আজকে নতুন করে হঠাৎ কি দরকার পড়ল স্ট্যাম্প ডিউটি বাড়াবার ? কারণ একটাই, এই সরকার দেউলিয়া হয়ে গেছে। সরকারের এখন টাকার প্রয়োজন পড়েছে। তাই নতুন করে জনগণের ওপর ট্যাক্স চাপাতে হচ্ছে। হাওড়া প্রাচীন শহর, এটা আমরা প্রত্যেকেই জানি। কিন্তু হাওড়া শহরের আজকে কি অবস্থা ? এটা আজকে আমাদের চিন্তা করতে হবে। হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট বহুদিন আগে গঠন করা হয়েছে, কিন্তু তার দ্বারা হাওড়ার কি উন্নতি হয়েছে ? মুখে অনেক কথা বলা হয়েছে, কাজ কিছুই হয়নি। ওখানে বহু ভ্যালুয়েবল্ জমি আছে, সেই জমিগুলো জলের দামে বিক্রি করে দেওয়া হচ্ছে। ওখানে সব মাফিয়া ডনদের বসিয়ে রাখা হয়েছে এবং জমিগুলো তাদের জলের দরে দিয়ে

দেওয়া হচ্ছে। আমি বলছি হাওড়া শহরের কোনো উন্নয়ন হয়নি এবং কোনোদিন হবেও না। ট্যাক্স বাড়িয়ে ওখানে উন্নয়ন সম্ভব নয়। একটা জিনিস দীর্ঘদিন ধরে হয়ে আসছে, উন্নয়নের নামে জনগণের কাছ থেকে টাকা সংগ্রহ করা হচ্ছে এবং সেই টাকা অন্য খাতে চলে যাচ্ছে। এই যে ট্যাক্স বাড়ানো হচ্ছে, এই টাকাও অন্য খাতে চলে যাবে। হাওড়া শহর ছিল কারখানা অধ্যুষিত শহর, সেখানে বহু কারখানা ছিল, সেই কারখানাগুলো একের পর এক বন্ধ করে দিয়ে সেই সব জমিতে ফ্ল্যাট তৈরি করতে দেওয়া হচ্ছে, সেগুলো সব মাফিয়া প্রোমোটারদের হাতে চলে যাচ্ছে। ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এই কাজ করছে এবং এটা হচ্ছে এইচ আই টি-র প্রধান কাজ। তারা কোনোদিন হাওড়ার উন্নয়ন চায়নি, ফলে তারা কোনো উন্নয়নমূলক কাজ করেনি। তারা শুধু মাফিয়াদের প্রোমোটার বানিয়েছে। এখানে বলা হচ্ছে হাওড়ায় অনেক কাজ হয়েছে। স্যার, আপনি একবার গিয়ে দেখুন কোথাও কোনো রাস্তার চিহ্ন পর্যন্ত নেই। বিভিন্ন গলিগুলোর কি অবস্থা একবার দেখে আসুন। দীর্ঘদিন কোথাও কোনো গলির মেরামত হয়নি। কোনো কাজ না করে নতুন করে মানুষের ওপর স্ট্যাম্প ডিউটির বোঝা চাপানো হচ্ছে। আমি এর বিরোধিতা করছি। আমরা উন্নয়ন চাই, কিন্তু উন্নয়নের নামে জনগণের কাছ থেকে টাকা আদায় করে সেই টাকা অন্য খাতে ব্যয় করার আমরা বিরোধী। স্ট্যাম্প ডিউটি ৬ % ছিল, নতুন করে আরও ২ % সেখানে বাড়ানো হচ্ছে। তারপর মার্কেট ভ্যালুর কথা বলা হচ্ছে। স্যার, আমি বলছি, রেজিস্টার তার ইচ্ছেমতো, নিজের খেয়াল-খুশিমতো যেখানে যা খুশি মার্কেট ভ্যালু ঘোষণা করছে। এটা কি ঠিক হচ্ছে ? এই সরকার আগে আমরা দেখেছি মালিক-বিরোধী ছিল, এখন এরা বিভিন্ন ক্ষেত্রেই মালিকদের কেনা গোলাম হয়ে গেছে। মন্ত্রী মহাশয় কি আমাদের আজকে এই গ্যারান্টি দিতে পারবেন যে, ২ % স্ট্যাম্প ডিউটি বাড়িয়ে তিনি হাওড়ার উন্নয়ন ঘটাতে পারবেন ? আমরা দেখলাম কিছুদিন আগে হাওড়া শহরে বহু মানুষ আন্ত্রিক রোগে আক্রান্ত হল এবং বেশ কিছু মানুষ মারা গেল। আমি জানি, মাননীয় মন্ত্রী মহাশয় উন্নয়নের প্রতিশ্রুতি দিতে পারবেন না। আমি আবার বলছি, স্ট্যাম্প ডিউটি যা বাড়াচ্ছেন তা যেন অন্য খাতে না চলে যায়, এটা অন্তত একটু দেখবার চেষ্টা করুন। এই কথা বলে আমাদের পক্ষের সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে, বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুধাংশু শীল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী আজকে যে বিল উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। আজকে বিরোধী দলের কয়েকজন সদস্য বক্তব্য রাখলেন। মাননীয় মন্ত্রী বলার সময়ে বলেছেন, এটা কিছু নতুন ব্যাপার নয়, একটা বিলে কিছু অসঙ্গতি আছে, সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে একটা সঙ্গতি রাখার জন্য বিলটি ইন্ট্রোডিউস করা যেখানে কে আই টি এবং এইচ আই টি বিভিন্নভাবে বঞ্চিত হচ্ছিল। এখন আমি কে আই টি বা কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট সম্বন্ধে দায়িত্ব নিয়ে বলতে পারি, অতীতে কলকাতা উন্নয়নের প্রশ্নে কে আই টি যে গৌরবজনক ভূমিকা দেখিয়েছেন সেই ধারাকে অব্যাহত রাখার জন্য আমাদের যে আর্থিক সংকট সেই আর্থিক সংকট মেটাতে গিয়ে আমাদের অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে—কিছু কিছু ব্যক্তি কে আই টি-র সম্পত্তি যখন নেওয়ার প্রক্রিয়ার ভিতরে আসে তখন তারা মার্কেট ভ্যালু ঠিকমতো না দেখিয়ে একটা কম দাম দেখিয়ে আমাদের ২ পার্সেন্ট যে দেও টাকা তা থেকে বঞ্চিত

করছিল—সেটাকে আমরা আইনের মাধ্যমে গ্যারান্টি করতে চাই, যাতে আমাদের প্রাপ্য টাকা আমরা নিয়মিত পাই। কারণ কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্টের কাজের যে ধারাবাহিকতা, কলকাতা উন্নয়নের প্রশ্নে তারা যে কাজ করছে, বিশেষ করে বর্তমানে কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট কলকাতার বিভিন্ন প্রান্তে রাস্তাঘাট উন্নয়নের প্রশ্নে, ওয়াইডেনিং অফ ব্রীজ, ব্রীজের তলায় যে রাস্তা সেটা করার জন্য, বেলেঘাটায় সুইমিং পুল বা লেক সংস্কারের জন্য ধারাবাহিক যে উদ্যোগ নিয়েছেন সেটা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। কিন্তু এই কর্মধারাকে চালু রাখতে গেলে আর্থিকভাবে স্বয়ংম্ভর হতে হবে। আমরা যেমন বিভিন্ন ক্ষেত্রে হাউসিং প্রোজেক্ট করছি, তেমনি কে আই টি-র নিজস্ব যেসব জমি আছে তার মধ্যে বেশির ভাগ জমি জবরদখল হয়ে রয়েছে। আমরা অত্যন্ত বাধা-বিঘ্নের ভিতর দিয়ে কে আই টি-র নিজস্ব যে সম্পত্তি সেই সম্পত্তি আমাদের দখলে এনে অর্থাৎ পুনরুদ্ধার করার পর ডেভেলপমেন্ট করার পরিকল্পনা নিয়েছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই যে, উনি বিভিন্ন অঞ্চলে কে আই টি-র যেসব অব্যবহৃত জমি আছে সেইসব জমিগুলির ক্ষেত্রে সঠিক উদ্যোগ নিয়ে সেখানে একদিকে যেমন বড়ো বড়ো হাউসিং কমপ্লেক্স তৈরি হচ্ছে সমাজের মধ্যবিত্ত মানুষদের জন্য, তেমনি গরীব মানুষদেরও বন্দোবস্ত থাকছে। আবার অপরদিকে কলকাতার উন্নয়নের প্রশ্নে যেগুলি অত্যন্ত প্রয়োজন, যেগুলি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন করে না—সেই সব কাজগুলি আমাদের করতে হবে। যাই হোক, আমি মনে করি, সঠিকভাবেই এই বিল উত্থাপন করা হয়েছে এবং আমি মনে করি, কে আই টি-র যে পরিকল্পনা রয়েছে সেই পরিকল্পনাগুলিকে বাস্তবায়িত করতে গেলে আমাদের আর্থিকভাবে সাবলম্বী হতে হবে। আপনারা শুনলে আশ্চর্য হবেন, আমাদের কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্টের আন্ডারে প্রায় ৯ হাজার রেন্টেড ফ্ল্যাট আছে। সেই সব রেন্টেড ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণের জন্য বছরে সোওয়া ৩ থেকে ৪ কোটি টাকা খরচা করতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয় ইতিমধ্যে সিদ্ধান্ত নিয়েছেন এই রেন্টেড ফ্ল্যাটগুলি যার জন্য বছরে সোওয়া ৩ থেকে ৪ কোটি টাকা খরচা হয় এবং যেখানে ভাড়া কিছুই পাওয়া যায় না, তার বদলে যারা টেন্যান্ট আছে তাদের বিক্রি করে দেবার সিদ্ধান্ত নিয়েছেন। আমরা রাজ্য সরকারের কাছে এই ব্যাপারে প্রস্তাব পাঠিয়েছি এবং আমরা অপেক্ষায় রয়েছি, রাজ্য সরকার সেই প্রস্তাব যখন পাশ করে দেবেন তখন আমরা টেন্যান্টদের দিয়ে দেব। আমাদের লক্ষ্য একটাই, আমাদের যে মিস-ইউজ হয়, ড্রেনেজ হয় সেগুলিকে একদিকে প্লাগ করা পাশাপাশি উন্নয়নের প্রশ্নে নতুন নতুন প্রকল্প গ্রহণ করে সেই নতুন নতুন প্রকল্পকে বাস্তবে চেহারা দেওয়া। আমরা অনেক ডিপোজিট ওয়ার্ক করছি। কে এম টি-র অতীতের যে গৌরব সেটা আমরা জানি, আমাদের অনেক কোয়ালিফায়েড, দক্ষ ইঞ্জিনিয়ার আছেন, তাঁদের কাজ দিতে হবে। সেই কাজ দিতে গেলে একটা বাস্তব দৃষ্টিভঙ্গীর উপর দাঁড়িয়ে আমাদের সিদ্ধান্ত নিতে হবে। সেই সিদ্ধান্ত বাস্তবায়িত করতে গিয়ে আমরা দেখছি অর্থের সংকুলান হচ্ছে না। কাজেই টাকার যোগান বাড়াতে হবে এবং তা বাড়িয়ে পরিকল্পনাগুলির বাস্তব রূপায়ণ করতে হবে। এ ক্ষেত্রে যেটা আমাদের ন্যায্য পাওনা, যা থেকে আমরা বঞ্চিত হচ্ছি সেই ন্যায্য পাওনাটা আমাদের গ্যারান্টি করতে হবে এবং সেই জন্যই এই বিল আনা হয়েছে। এতে নতুন করে কিছু চাপানো হয়নি, সংযোজন হয়নি এবং সে কথা মাননীয় মন্ত্রী মহাশয় পরিষ্কারভাবেই বলেছেন। তিনি বলেছেন, একটা অংশের মানুষ আমাদের বঞ্চিত করছিল ন্যায্য পাওনা থেকে, সেই ন্যায্য পাওনাটা

গ্যারান্টি করে ভবিষ্যতে যাতে আমরা তা পেয়ে অর্থের অসুবিধা কিছুটা লাঘব করতে পারি সেই জন্যই এই বিল আনা হয়েছে। আমি আশা করি উপস্থিত মাননীয় সদস্যরা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিলকে সমর্থন করবেন। এই বলে পুনরায় এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, হাওড়া ইম্প্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২-এর বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, সুপ্রিম কোর্ট বলেছে লেজিসলেচারদের রাইট রয়েছে to give retrospective effect এটাতে ডিসএগ্রি করছি না। কিন্তু সুপ্রিম কোর্ট কোন কোন ক্ষেত্রে বলেছে ? সব জায়গায় নয়। সুপ্রিম কোর্ট বলেছে যে, যেখানে সাবসটেনটিভ রাইটটা অ্যাক্রু করে যাচ্ছে সেখানে কোনো রেট্রোসপেক্টিভ এফেক্ট হয় না। প্রসিডিউরাল ল-তে আপনি রেট্রোসপেক্টিভ এফেক্ট দিতে পারেন। যেখানে রাইটটা ভেস্টেড হয়ে যাচ্ছে, সাবসটেনটিভ রাইটটা অ্যাক্রু করে যাচ্ছে সেখানে রেট্রোসপেক্টিভ অপারেশনটা ব্যাড বলে ডিক্লিয়ার করেছে। আপনার মনে আছে যে বেনামী ট্রানজাকশন অ্যাক্টে যখন রেট্রোসপেক্টিভ এফেক্ট দিয়েছিল এবং মামলা যখন পেন্ডিং ছিল— সুপ্রিম কোর্ট মিথিলেশ কুমারের কেসে বলেছিল হ্যাঁ, রেট্রোসপেক্টিভ অপারেশন দিতে পারো কিন্তু আলটিমেটলি '৯১-এ এসে লারজার বেঞ্চ বলে দিলেন যে না, সাবসটেনটিভ রাইটটা অ্যাক্রু করে গেলে তার কোনো রেট্রোসপেক্টিভ অপারেশন হয় না। আপনি এখানে দিচ্ছেন '৯৪ থেকে এফেক্ট। ধরুন, সেকশন ৪৭— ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্টের, একটা জমি কেনার পর যখন পেন্ডিং রয়েছে, আন্ডার সেকশন ৪৭ যখন হিয়ারিং-এর জন্য বিফোর দি রেজিস্টার ইজ পেন্ডিং, তার তো কোনো দোষ নেই। সেকশন ৪৭-এ হিয়ারিংটা কনক্লুড হয়নি, তাহলে আজকে আপনার অ্যাক্ট অনুযায়ী যেদিন রেজিস্ট্রেশন হবে সেদিন তার রেট্রোসপেক্টিভ এফেক্ট দিচ্ছেন for the purpose of adjudication a matter pending before an adjudicating authority why a person will suffer ? এটা হতে পারে না। সাবসটেনটিভ রাইটটা অ্যাক্রু করে গেলে কোনো রেট্রোসপেক্টিভ অপারেশন হয় না। সেই জন্য এর বিরোধিতা করছি। আপনি প্রসিডিওরটা ঠিক করে করতে পারেন সেটা অন্য কথা। তারপর হাওড়া ইম্প্রুভমেন্ট অ্যামেন্ডমেন্ট যেটা নিয়ে আসছেন তার সেকশন টু-টা দেখুন। ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ক্ষেত্রে বুঝি কিছু উন্নতি হয়েছে। বেলেঘাটাতে সুভাষ সরোবর হয়েছে, রবীন্দ্র সরোবর স্টেডিয়াম হয়েছে, অন্যান্য হাউসিং হয়েছে, কিন্তু হাওড়া ইম্প্রুভমেন্টের ক্ষেত্রে আপনি একটা জায়গার কথা বলুন যে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট হাওড়ার জন্য কোনো উন্নত জায়গা করেছে ? সেখানে কোনো জায়গায় কোনো উন্নতি হয়নি। স্যার, এবারের বিধানসভায় দেখছি যত বিল আসছে সব টাকা তোলার জন্য বিল। রাজ্য সরকারের টাকা-পয়সা শেষ হয়ে গিয়েছে, ৯ দিনের জন্য বিধানসভা বসেছে এবং দেখছি একটার পর একটা বিল দিচ্ছেন যার মাধ্যমে টাকা তুলবেন। আপনারা করলেনটা কি ? ৬ মাসের মধ্যেই সব শেষ করে দিলেন। সব জায়গাগুলি তো বন্ধ করে দিচ্ছেন। হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের অবজেক্টস-এ রয়েছে....

(গোলমাল)

মার তো খাচ্ছেন বাইরে গিয়ে। কেমন সি পি এম মারছে ? সেগুলি কেমন লাগছে ? মারের চোটে তো বৃন্দাবন দেখাচ্ছে। এমন মারছে আর এস পি এবং ফরোয়ার্ড ব্লককে আর দেখতে হবে না। ওখানে মার খাচ্ছেন আর এখানে এসে চিৎকার করছেন। চিৎকার করে লাভ নেই। উত্তর দেবেন কি মানুষের কাছে গিয়ে ? এখানে হ্যা হ্যা করে যাচ্ছেন আর ওখানে গেলেই মার মার, মারের চোটে বৃন্দাবন দেখাচ্ছে, তবুও আপনাদের লজ্জা লাগে না। আজকে হাওড়ার এই যে শোচনীয় অবস্থা, এই শোচনীয় অবস্থায় আজকের এই অ্যামেন্ডমেন্ট বিল অসঙ্গতিপূর্ণ। হাওড়া ইম্প্রুভমেন্ট অ্যাক্ট, ১৯৫৬ আজকে হাওড়ার কোনো উপকারে আসবে না। আসলে বিজয়ার সময় দেখা করতে গিয়ে অর্থমন্ত্রীকে কথা দিয়ে এসেছিলেন নিশীথবাবু এবং অশোকবাবু। তাঁরা অর্থমন্ত্রীকে কথা দিয়েছিলেন যে, নভেম্বর মাসের মধ্যে টাকা তুলে দেবেন। তারই জন্য একদিকে অশোকবাবুর কম্পিটিশন, আর একদিকে নিশীথবাবুর কম্পিটিশনের জেরে আজকে এই জনস্বার্থ-বিরোধী আইনটা এসেছে। তার জন্য এই আইনের বিরোধিতা করছি।

[3.30—3.40 p.m.]

শ্রী তারক ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় মন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট বিল পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে বক্তব্য রাখছি। মাননীয় কে আই টি মন্ত্রী, তিনি কলকাতার উন্নয়নের জন্য কি করে কে আই টি-র রোজগার বাড়ানো যায় তার জন্য সেল ভ্যালুর উপর নয়, মার্কেট ভ্যালুর উপর ট্যাক্স ইম্পোজ করতে এই অ্যামেন্ডমেন্ট বিলটা এনেছেন। কিন্তু সেল-ডিড যখন হচ্ছে তখনই তো দর ঠিক করা যায় ? সেল-ডিড মানবো না, মার্কেট ভ্যালু খেয়াল-খুশি মতো ধরে ট্যাক্স বসাবো, এটা আইন মোতাবেক হতে পারে না। কাজেই এই বিল আনার যুক্তিসঙ্গত কারণ নেই। কে আই টি কলকাতা মহানগরের উন্নয়নের জন্য কোনো কাজ করছে না। সমস্ত উন্নয়নমূলক কার্যকলাপ তাদের বন্ধ। সে ব্যাপারে আপনাদের কোনো পরিকল্পনাও নেই। কেন নেই তার জবাব আপনার জবাবী ভাষণে আপনি দেবেন। স্ট্যাম্প ডিউটি যা আদায় করেন তার সব টাকা আপনারা কে আই টি-কে দিচ্ছেন না। ১৯৯৭ পর্যন্ত যে স্ট্যাম্প ডিউটি আদায় হয়েছিল সেটা ২০০২ সালের নভেম্বর মাসে তাঁরা পেয়েছেন। পরবর্তীকালে ১৯৯৭ থেকে আজ পর্যন্ত এই খাতে আদায় করা টাকা তাঁদের দেননি। এটা দেখার জন্য আপনার, মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীমণ্ডলীর জয়েন্ট রেসপন্সিবিলিটি রয়েছে। স্ট্যাম্প ডিউটির ১২৫ কোটি টাকা রাজ্য সরকার কে আই টি-কে দেননি ১৯৯৭ সাল থেকে আজ পর্যন্ত। আপনি কে আই টি দপ্তরের মন্ত্রী, এ সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিয়েছেন ? আজকে রাজ্য সরকার কে আই টি-র রিটায়ার্ড এমপ্লয়ীদের রিটায়ারমেন্ট বেনিফিটের টাকা—পেনশন, গ্র্যাচুয়িটির টাকা দিচ্ছেন না, আটকে রেখেছেন। সমস্ত দিক থেকে আপনাদের অবস্থা খুবই শোচনীয়। কে আই টি-তে ১২০০ পোস্ট খালি পড়ে রয়েছে, কোনো নিয়োগ করছেন না। আপনারা কি কে আই টি-কে তুলে দিতে চাইছেন ? পরিকল্পনা কি আপনাদের ? কিছুই বুঝতে পারছি না আমরা। আজকে কে আই টি-র অনেক জমি জবরদখল হয়ে রয়েছে। কবে সেসব জমি উদ্ধার হবে ? রাজ্য সরকার, কর্পোরেশন, সব কিছুই আপনাদের তত্ত্বাবধানে চলছে, কিন্তু সব কিছুকে একটা অদ্ভুত

পরিস্থিতির দিকে টেনে নিয়ে যাচ্ছেন। মনে হচ্ছে, কে আই টি-কে তুলে দিতে চাইছেন এবং এটা করবার জন্য ট্যাক্সের বোঝা চাপিয়ে বিব্রত করছেন জনগণকে। আজকে কে আই টি-র ওই জমি উদ্ধার করে কাজে লাগালে তাতে সোনা ফলানো যায়। তাই দিয়ে কে আই টি-তে সোনা ফলানো যায়, কলকাতা মহানগরীর অনেক উন্নয়ন ঘটানো যায়। সেই দিকে আপনার নজর নেই। দেখা যাবে ঘুরিয়ে-ফিরিয়ে আপনাদের লোকজন দখল করে বসে আছে, সেই জন্য উচ্ছেদ করতে পারছেন না। কে আই টি-র আয় বাড়ানোর চেষ্টা করছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, কে আই টি-র অডিট করেননি বছরের পর বছর, সি এ জি রিপোর্টে আছে। ৫-৬ বছর বাদে বাদে কে আই টি-তে অডিট হয়। লাস্ট অডিট হয়েছে ১৯৯৫ সালে। আজকে ২০০২ সাল হয়ে গেল, আজকে ৭ বছর হয়ে গেল কে আই টি-তে অডিট হয়নি। মন্ত্রী মহাশয় কি করে ট্যাক্স আদায় করে মানুষের ঘাড়ে বোঝা চাপানো যায়, সেই অর্থ কীভাবে তছনছ করা যায় তার চেষ্টা করছেন। কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা নেই। কে আই টি-র অডিট করতে পারছেন না সেখানে ট্যাক্সের বোঝা চাপিয়ে দেবার চেষ্টা করছেন। কে আই টি-র পরিচালনাধীন দুটি লেডিস হস্টেল আছে। ডাঃ বিধানচন্দ্র রায় বাগবাজারে একটা লেডিস হস্টেল করেছিলেন এবং ক্রিস্টোফার রোডে একটা লেডিস হস্টেল আছে। আমি এই পবিত্র বিধানসভায় দুবারের নির্বাচিত সদস্য, প্রথম থেকে বারেবারে বলে আসছি এই লেডিস হস্টেলগুলির রক্ষণাবেক্ষণ করুন, ভেঙেচুরে যাচ্ছে, নষ্ট হয়ে যাচ্ছে, অচল অবস্থার সৃষ্টি হচ্ছে, দয়া করে ব্যবস্থা নিন। আপনারা কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। সেখানে একটা পয়সাও খরচ করেননি। সেখানে প্লাস্টার ভেঙে পড়ে যাচ্ছে, ড্রেনের পাইপ ফেটে গিয়ে মহিলাদের ঘরে জল ঢুকে আসছে, আপনারা কিছু করেননি। উল্টে লেডিস হস্টেল তুলে দিতে চাইছেন। প্রোমোটারদের কাছে বিক্রি করে দিতে চাইছেন। আপনারা জানেন, বাগবাজারের এই লেডিস হস্টেল ডাঃ বিধানচন্দ্র রায় নিজে তৈরি করেছিলেন, দয়া করে এটা করবেন না। আপনার যদি এটা জানা থাকে তাহলে বিবেচনা করে দেখবেন। কে আই টি-র কোনো কর্মোদ্যোগ নেই, সমগ্র মহানগরীর উন্নয়ন ব্যাহত হচ্ছে। আপনারা নিজেদের বলেন উন্নততর বামফ্রন্ট, সুন্দর কলকাতা বানিয়ে দিচ্ছেন, কল্লোলিনী কলকাতা তৈরি করছেন। আজকে কি অবস্থা দাঁড়িয়েছে। কে আই টি যে ফ্ল্যাট বানিয়েছে সেইগুলো মেন্টেন্যান্স হয় না, রিপেয়ার হয়নি। এই অবস্থায় রয়েছে, আবার নতুন করে ট্যাক্সের বোঝা চাপিয়ে দিচ্ছেন, মার্কেট ভ্যালু অনুযায়ী স্ট্যাম্প ডিউটি দিতে হবে, বর্তমান থেকে ডবল টাকা মানুষের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, উনি যদি কে আই টি-কে ভালোবাসতেন, উনি যদি কলকাতাকে ভালোবাসতেন, উনি যদি কলকাতার উন্নয়ন চাইতেন, তাহলে কে আই টি-কে সেইভাবে পরিচালনা করতেন। কে আই টি-র অফিসার অন স্পেশাল ডিউটি, তিনি ৬ মাস ১ বছর থাকছেন। ৬ মাস কি ১ বছর তিনি দায়িত্বভারে থাকছেন, তারপর তিনি চলে যাচ্ছেন, নতুন ও এস ডি আসছে। কে আই টি-কে নিয়ে আপনারা ছিনিমিনি খেলছেন, কলকাতা মহানগরীকে নিয়ে আপনারা ছিনিমিনি খেলছেন, বাংলাকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছেন, কলকাতার উন্নয়ন স্তব্ধ করে দিচ্ছেন। আবার নতুন করে অ্যামেন্ডমেন্ট এনে বাজার দরের উপর ট্যাক্স বসাচ্ছেন। সরকার দেউলিয়া হয়ে গেছে।

সরকারি কর্মচারীদের বেতন দিতে পারছে না, তাদের বোনাস দিতে পারছে না, তাদের ডি এ দিতে পারছে না, তাদের পেনশন দিতে পারছে না। কি সরকার চালাচ্ছেন ২৫ বছর ধরে ? আপনি বলবেন যে আপনি এই সব জানেন না। জানেন না বললে হবে না, আপনাদের যৌথ দায়িত্ব। যৌথ দায়িত্ব আপনাকে গ্রহণ করতে হবে। আমাদের এই বিধানসভার বিরোধী দলের নেতা শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় বারেবারে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছেন সরকার এত দেউলিয়া হয়ে গেল কেন জানান। আমাদের রাজ্যের পণ্ডিত অর্থমন্ত্রী ভারতবর্ষের কাছে বিকল্প অর্থনীতির কথা বলেন, বিধানসভায় জিরো ডেফেজিট বাজেট পেশ করেন। আজকে ২৫ বছর বাদে ফানুস ফেটে গিয়েছে। আজকে বলছেন দেউলিয়া হয়ে গিয়েছেন, টাকা নেই। আমাদের দলের নেতা পঙ্কজ ব্যানার্জী মুখ্যমন্ত্রীকে বলেছিলেন আপনারা একটা শ্বেতপত্র বের করুন। ওই শ্বেতপত্র বের করে বলুন কেন ২৫ বছরের একটি পরিচালিত সরকার দেউলিয়া হয়ে গেল। তার পেছনে কি কারণ সেটা জানান তাহলে আমরা যুক্তি দিয়ে সেটা মেনে নেব। কিন্তু আপনারা চুপিসারে উন্নয়নের নামে টাকা তছনছ করে চলেছেন। বাগজোলা সংস্কারের নামে সমস্ত সরকারি অর্থ তছনছ করা হয়েছে। অথচ দেখানো হয়েছে সব পেমেন্ট করা হয়েছে। কিন্তু বাগজোলা সংস্কারের জন্য টাকা ব্যয় করা হয়নি। সমস্ত টাকা লুটেপুটে খাচ্ছে, পার্টি ফান্ডে টাকা বাড়ছে, পার্টির বাড়ি, গাড়ি বাড়ছে। পার্টির সংগঠকদের আর্থিক সঙ্গতি বেড়েছে। কিন্তু কলকাতা শেষ আর বাংলা শেষ এবং বাঙালিদের উন্নতিও ধ্বংস হয়ে গেছে। সেই কারণে আমার মাননীয় মন্ত্রীর কাছে একান্ত অনুরোধ মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে যে, এই জিনিস আপনি করবেন না, এটা করলে সমস্যার সমাধান হবে না। মার্কেট ভ্যালু বাড়িয়ে আজকে কলকাতা মহানগরী থেকে বাঙালিরা বিতাড়িত হচ্ছে। কলকাতায় আর বাঙালিদের থাকার অধিকার নেই এমন একটা জায়গায় কলকাতাকে নিয়ে এসে দাঁড় করিয়ে দিয়েছেন। তারপরে আবার নতুন করে কলকাতা মহানগরীতে উদ্বাস্তু তৈরি করছেন, আবার নতুন করে মার্কেট ভ্যালু, বাজার দর বাড়িয়ে ট্যাক্স বসিয়ে বাঙালিদের এখান থেকে উৎখাত করার ব্যবস্থা করছেন এবং নতুন করে উদ্বাস্তু তৈরি করছেন। ডাঃ বিধানচন্দ্র রায় সল্ট লেকে কলকাতার মানুষকে জমি দেবার ব্যবস্থা করেছিলেন। আজকে আপনারা সেই জমি বিক্রি করে দিয়ে কলকাতার থেকে বাঙালিদের উৎখাত করছেন এবং নতুন করে আবার রিফিউজি করছেন, এর আমি প্রতিবাদ করছি এবং এই অ্যামেন্ডমেন্ট বিলের বিরোধিতা করছি।

শ্রী নির্বেদ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা ইম্প্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ যেটা আনা হয়েছে সেই ব্যাপারে আমার পূর্ববর্তী মাননীয় সদস্যরা ঠিকই বলেছেন। আসলে পশ্চিমবঙ্গ বিধানসভার সব কিছুতেই সময় কমিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। সেই কারণে একদিকে যেমন বিরোধীরা যাতে বেশি কথা না বলতে পারে তার জন্য চেষ্টা হচ্ছে অধিবেশনের সময় কমিয়ে আনতে। আর পাশাপাশি এর জন্য ৯টি দিন ধার্য করা হয়েছে অসীমবাবুর হাত শক্ত করার জন্য। তিনি মোটামুটি আর্থিক স্বাধীনতা পাবার পর থেকেই টিভি-তে 'রোজগেরে গিন্নি'র মতো অনুষ্ঠানেও যাতায়াত শুরু করেছেন এবং এর থেকে এক একটা অনুষ্ঠানে ১০ হাজার টাকা পাবেন ঠিক হয়েছে, সুতরাং এইরকম অবস্থায় এসে

দাঁড়িয়েছে। এই বিলের অ্যাক্টটি ১৯১১ সালে তৈরি হয়েছিল একটি নির্দিষ্ট উদ্দেশ্য নিয়ে। ১৯২৫ সালে কলকাতার মেয়র দেশবন্ধু চিত্তরঞ্জন দাস গান্ধীজিকে কলকাতায় সম্বর্ধনা দেবার জন্য নিয়ে এসেছিলেন। গান্ধীজি কলকাতায় এসে বলেছিলেন, কলকাতার উন্নতি সত্যিকারের হবে সেদিন বুঝব—যেদিন শুধু অট্টালিকা নয়, পথঘাট তৈরি নয়, যেদিন কলকাতার বস্তির উন্নয়ন ঘটবে। এটাই গান্ধীজির বিখ্যাত কথা ছিল। ১৯১১ সালে যখন এই বিলটি নিয়ে আসা হয় তখন মূলত সি আই টি করা হয়েছিল বস্তি উন্নয়নের জন্য এবং এই বস্তি উন্নয়ন প্রকল্পে এক সময়ে চেয়ারম্যান ছিলেন শৈবাল গুপ্ত এবং করুণাকেতন সেনের মতো বিশিষ্ট ব্যক্তিরা। আজকে সি আই টি-র যে অবস্থা তাতে নতুন করে বলার নেই, সরকার তা নিজেও জানে। সি আই টি-র আজকে যে অবস্থা তাতে মূলত বস্তির উন্নয়ন বলে কিছু নেই। অথচ এক সময়ে এই বস্তি উন্নয়ন প্রকল্পের পাশাপাশি সেন্ট্রাল এরিয়া যে সমস্তগুলো রয়েছে, কলকাতার সেন্ট্রাল এরিয়ার সেইসব জায়গাগুলোতে কিছু উন্নয়নমূলক কাজ সি আই টি তখন খুব যোগ্যতার সঙ্গে করেছিল।

[3.40—3.50 p.m.]

এবং অটোনমাস বডি হিসাবে সি আই টি সেই সময় ফাংশান করতেন বস্তির ব্যাপারে। কিছু ব্যক্তি, যে ব্যক্তিদের কথা আমি বললাম, দুইজনের কথা উল্লেখ করলাম, এইরকম কিছু মানুষ যাদের উল্লেখযোগ্য উপস্থিতি সি আই টি-র বড়ো ইতিহাস গড়তে সাহায্য করেছিল। কারবালা ট্যাঙ্কে যখন সি আই টি উন্নয়ন করে, তখন পরবর্তীকালে সেই স্কিম এত বড়ো হয়ে যায় যে, মিডিল ইনকাম গ্রুপকে দিয়ে দিতে হয়। আজকে সি আই টি-র কি কাজ। সি আই টি-র কাজ হচ্ছে, মূলত ল্যান্ড প্রমোশন-এর একটা এজেন্সি হিসাবে কাজ করে থাকে। বস্তি উন্নয়ন মানে পথঘাট নয়, কলকাতার বস্তি উন্নয়ন মানে কলকাতার বস্তি সম্পর্কে একটা ডিটেল সার্ভে। এক সময় সি আই টি-র নির্মলকুমার বোসের সঙ্গে বসে এই কলকাতার বুকে সবচেয়ে উল্লেখযোগ্য সার্ভে করা হয়েছিল '৬০-এর দশকে। তার পরে, আজকে কোনো উল্লেখযোগ্য সর্ভে হয়নি। এটা আমাদের জানতে হবে। '৭৭ সালের পরে যখন গোল্ড কন্ট্রোলের প্রশ্ন হল, তার পরে যখন রিয়েল এস্টেটে সমস্ত টাকাটা রিয়েল এস্টেটকে ঘিরে বিনিয়োগ হতে শুরু করল, তার পরে যখন কলকাতার বুকে ১৩ হাজার টাকা কাঠা, হয়ে গেল ১ লক্ষ ৩০ হাজার করে এবং দামটা লাফিয়ে লাফিয়ে বেড়ে যেতে লাগল, তার সঙ্গে কালো টাকাও জুড়লো, তার সঙ্গে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রশাসনের সঙ্গে প্রমোটারের নেক্সাস গড়ে উঠল এবং রাজনৈতিক দুর্বৃত্তরা চলে এল, তার পরে আস্তে আস্তে সি আই টি শেষ সীমায় পৌঁছে গেল। যাদের এখন একটাই কাজ, টেন্ডারের মাধ্যমে বস্তি এলাকায় কোন কোন প্লটে হায়েস্ট বিডিং করা। যে কাজটা এক সময় পার্ক স্ট্রিটের কিছু কিছু অক্শান হাউস করত বা এখনও করে থাকে। সেই কাজটা আজকে সি আই টি নিয়েছে। কলকাতার কোনো জমি যদি হায়েস্ট বিডারের কাছে বিক্রি করে দেওয়া যায় সি আই টি এজেন্সি হিসাবে সেই কাজটা করছে। এমনকি ৬ লক্ষ টাকায় এক কাঠা জমি বিক্রি করে দেওয়া যায় তার এজেন্সি হিসাবে সি আই টি কাজ করছে। এই মার্কেট ভ্যালুর উপর দাঁড়িয়ে এত শতাংশ বাড়িয়ে, এত শতাংশ কমিয়ে তারা যেটা করছে,

এখানে সি আই টি-র চিন্তা হচ্ছে অসীমবাবুকে কিভাবে কতটা মুক্তি দেওয়া যায়, তাঁকে মাথা নীচু করার হাত থেকে যাতে খানিকটা রক্ষা করা যায়। এই ব্যাপারে বিস্তারিত তথ্য-টথ্য যা আছে তা আমরা দেবো, কি কারণে এবং কিভাবে আজকে এই জায়গায় পৌঁছেছেন অনাস্থার দিন সেটা আমরা বলব। রোম ওয়াজ নেভার বিল্ট ইন এ ডে, একদিনে রোম তৈরি হয়নি। এই অর্থনৈতিক অবস্থায় পৌঁছে দেওয়ার জন্য দীর্ঘদিনের পরিশ্রম, সেই পরিশ্রমেই তিনি পৌঁছেছেন, এই তথ্যটা সেদিন আমরা দেব। আজকে সি আই টি নিয়ে এই ধরনের যে বিল এল, কোর্টে আইনজীবীরা যেভাবে স্ট্রাইক করছে, আজকে সি আই টি-র পাশে সেই রকম কেউ নেই, সেই জন্য আজকে মূলত হাত তোলাকে সামনে রেখে এই বিলগুলি আনা হয়েছে। এটা কেন সঙ্গতিপূর্ণ নয়, অসঙ্গতি কেন ; এই ব্যাপারে আমার আগের বক্তা কল্যাণবাবু সেই ব্যাপারে ব্যাখ্যা করেছেন। আজকে এই যে মার্কেট ভ্যালু সম্পর্কে যে কথা বারবার বলা হয়েছে এই মার্কেট ভ্যালু কি হয়েছে, মার্কেট ভ্যালু মূলত ঠিক করছে কারা, ঠিক করছে সরকারের মূলত অ্যাডভাইসকারী বাইপাস ইন্ডাস্ট্রিয়ালিস্টরা। বাইপাস ইন্ডাস্ট্রিয়ালিস্টরা কি করেন, আমি এর আগেও বলেছিলাম, কিন্তু উত্তর পাইনি। আশা করি, আজকে বললেও মাননীয় মন্ত্রী উত্তর দিতে পারবেন না। সেটা হচ্ছে, বাই-পাসের উপরে গণপতি প্রপার্টিজের নামে যে বিশাল জায়গাটা বিক্রি হয়ে গেল তা কত টাকায় বিক্রি হল, সেটায় কতটা রাজ্য সরকারের লাভ হল বা অন্য সংস্থার কি লাভ হল সেটা দয়া করে জানালে ভালো হয়। এই সম্বন্ধে এর আগেও যেমন উত্তর পাইনি, আজকেও মাননীয় মন্ত্রী বলবেন—আমার রেকর্ডে নেই, উনি কোথা থেকে তথ্য যোগাড় করে আনছেন জানি না। এখানে মাননীয় মন্ত্রীকে বলি, সি এ জি-র তো নাম করা যাবে না, মাফ করবেন ; সুতরাং এই যে ভারতবর্ষের সর্বোচ্চ হিসাব পরীক্ষক সংস্থা তাঁরা বলেছেন, ৪৩ লক্ষ টাকা ডি ভ্যালু হয়েছে, সত্যজিৎ রায়ের নামাঙ্কিত ফিল্ম ইনস্টিটিউটের জন্য যে খরচ সরকারের তরফ থেকে হয়েছে, তাতে কার কি লাভ হয়েছে আমার জানা নেই। আমরা জানতে চাই, ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের দুই দিকে যে জায়গুলো বিভিন্ন সময় শিল্পপতিদের হাতে তুলে দিচ্ছেন, যেমন ওখানে আই টি সি-কে জায়গা দেওয়া হয়েছে। যাতায়াতের পথে দেখি আই টি সি ওখানে খুব ভালো হোটেল করেছে। কিন্তু আমরা শুনেছি, আই টি সি-র হোটেলের জায়গাতে ভারতবর্ষের কালচারাল হেরিটেজ হওয়ার জন্য প্ল্যানিং কমিশন একশো কোটি টাকা স্যাংশান করা সত্ত্বেও সেখানে আই টি সি-কে হোটেল করার অনুমতি দেওয়া হল কেন সেটা আমরা জানতে চাই। যদি এই ব্যাপারে আপনি জানতে চান তাহলে আমি কাগজপত্র দাখিল করব। মূলত এই ভ্যালুয়েশনের উপর ঠিক করে ছয় থেকে আট শতাংশের উপরে উঠবেন, নিশ্চয় দুই শতাংশ সরকারি কোষাগারে জমা করবেন। তবে ওই দুই শতাংশ দিয়ে কিন্তু সরকারি কোষাগারকে স্ফীত করা যাবে না। তবে আপনারা যে প্রচেষ্টা করছেন তার জন্য আপনাদের সাধুবাদ জানাই। তবে তার আগে বাংলার মানুষকে আপনাদের জানানো দরকার কোষাগারের এই অবস্থা কেন ? অসীম দাশগুপ্তের হাতে শতছিদ্র অ্যালুমিনিয়াম বাটির সেই ছিদ্রগুলো যদি ব্যাখ্যা করেন এবং যে শ্বেতপত্রের আমরা দাবি করেছি সেই শ্বেতপত্র বাংলার মানুষের কাছে রাখেন তাহলে ভালো হয়। তবে আপনাদের ছয় থেকে আট শতাংশে আমরা খুশি হচ্ছি না, হব না। আমাদের বিরোধীদের সমস্ত কটা অ্যামেন্ডমেন্টের পক্ষে থেকে আমার বক্তব্য শেষ করছি।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Twenty-Eightth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Twenty-eightth Report of the Business Advisory Committee as follows :–

11.12.2002, Wednesday :	(i)	The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing) 1 hour
	(ii)	The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Second Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing) 1 hour
12.12.2002, Thursday :	(i)	The West Bengal Court Fees (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing) 3 hour
	(ii)	The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing) 1 hour
13.12.2002, Friday :		Non-official Business

Now, the Minister-in-Charge for Parliamentary Affairs may move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the Twenty-eightth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

[3.50—4.00 p.m.]

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এবং হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট, এই দুটোর আইনের যে সংশোধনী বিধেয়ক এখানে উত্থাপন করা হয়েছে তার উপরে বিরোধী সদস্যরা কিছু বক্তব্য রেখেছেন। আমি তাঁদের বক্তব্যের এই দৈন্যতার প্রতি আমার কিছু করুণা প্রদর্শন করছি। বিরোধীদের বেশ কিছু সদস্য হয় তাঁরা এই বিলটির উদ্দেশ্য বুঝতে পারেননি এবং তাঁদের অনেকেই আলোচনা করতে গিয়ে অনেক দূর চলে গিয়েছেন। তাঁরা অনেকেই 'ধান ভাঙ্গতে শিবের গীত গেয়েছেন'। যে কথাগুলো সাধারণভাবে বাজেট বক্তৃতার সময় উত্থাপিত হতে পারে বা আলোচনায় আসতে পারে সেখানে না বলে, যেগুলো একেবারেই প্রাসঙ্গিক নয় সেই কথাগুলো এখানে বললেন। আমার প্রথম কথা হচ্ছে, দুই শতাংশ কোনোমতেই কলকাতা এবং হাওড়ার জন্য বৃদ্ধি করা হচ্ছে না। এটা ১৯৯৪ সাল থেকে চলছে এবং এটা চলবে। কিছুদিন আগে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে স্ট্যাম্প ডিউটি ছয় শতাংশ থেকে বাড়িয়ে আট শতাংশ করা হয়েছে। এটা আদায় করা হয় সম্পত্তির মার্কেট ভ্যালুয়েশনের উপরে। কলকাতা এবং হাওড়ার ক্ষেত্রে যেটা ৬ শতাংশ আদায় করা হত, সেটা মার্কেট ভ্যালুর উপর, আর ২ শতাংশ যেটা আদায় করা হচ্ছিল, সেটা সম্পূর্ণভাবে দলিলে যা লেখা থাকে তার উপর। যাঁরা সম্পত্তি ক্রয়-বিক্রয় করেন, তাঁরা অনেক সময় দলিলে আন্ডার ভ্যালু করে দেখায়। এটা যাতে না দেখানো হয় এবং এর মধ্যে দিয়ে সরকারের রাজস্ব যা প্রচুর ক্ষতি হচ্ছিল সেটা বন্ধ হয়, সেই জন্য অন্যান্য পৌর এলাকায় যেমন আছে, কলকাতা এবং হাওড়ার ক্ষেত্রে একই রকম ব্যবস্থা এই সংশোধনী বিলে রাখা হয়েছে। আমাদের সমস্ত আইনগুলোর মধ্যে, সমস্ত ব্যবস্থার মধ্যে একটা সংহতি সাধন করার জন্য এই দুটো সংশোধনী বিল আনা এর একমাত্র উদ্দেশ্য। এই জায়গায় অতিরিক্ত ২ শতাংশ করের বোঝা জনসাধারণের উপর চাপানো হল বলে যা বলা হচ্ছে সেটা একেবারেই সঠিক নয়।

দ্বিতীয় যে বিষয়টা এখানে বলা হয়েছে, মাননীয় কল্যাণবাবুও বললেন, সুপ্রিম কোর্টের ভার্ডিক্ট যেটা পড়ে শোনানো হল, যে কোনো আইনের ক্ষেত্রে রেট্রোসপেক্টিভ এফেক্ট হতে পারে। আমি আমার প্রারম্ভিক ভাষণেই বলেছি, যে সমস্ত সম্পত্তি রেজিস্ট্রেশন হয়ে গেছে, সেসব ক্ষেত্রে রেট্রোসপেক্টিভ এফেক্ট হবে না এবং যে সমস্ত সম্পত্তির রেজিস্ট্রেশন হয়নি, সেইগুলোর এফেক্টটা দেওয়া হবে। যে সম্পত্তির রেজিস্ট্রেশন হয়নি, সেই সম্পত্তির ক্ষেত্রে সেই রাইটস কখনো অ্যাক্রু করে না। যেখানে রাইট অ্যাক্রু করে না, সেখানেও এই রেট্রোসপেক্টিভ এফেক্ট দেওয়াটা বেআইনী নয়, অসাংবিধানিক নয়—যেটা কল্যাণবাবু উল্লেখ করেছেন।

এই প্রসঙ্গে কয়েকটি কথা কয়েকজন বলেছেন, বিশেষ করে হাওড়ার ক্ষেত্রে। স্ট্যাম্প ডিউটি অতিরিক্ত ২ শতাংশ যেটা আদায় হয়, তা থেকে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট নিয়মিতভাবে রাজ্য সরকারের কাছ থেকে পেয়ে থাকে। একমাত্র এই অর্থ দিয়েই যে উন্নয়ন হচ্ছে তা নয়। রাজ্য সরকার বিভিন্ন খাতে হাওড়া পুরসভাকে, এইচ আই টি-কে হাওড়া পঞ্চায়েত ব্যবস্থাকে আর্থিক অনুদান দিয়ে থাকে। সেই অর্থ দিয়ে সামগ্রিকভাবে হাওড়া শহর, তার গ্রামীণ এলাকায়

বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজ হয়ে থাকে। এই যে বলা হচ্ছে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টে প্রায় ৯০০ জন কর্মী আছে, যারা বসে বসে মাইনে পাচ্ছে, এটা ঠিক নয়। ৬০৮ জন কর্মী আছে। টেকনিক্যাল হ্যান্ডের ৩০০ জন নয়, ১০০ জন। এইচ আই টি-কে কীভাবে এফেক্টিভ করা যায়, সক্রিয় করা যায় তার চেষ্টা করছি। ইতিমধ্যে আপনারা জানেন, কোনা এক্সপ্রেস ওয়ের একটা বড়ো কাজ এইচ আই টি করেছে। এছাড়া হাওড়া কর্পোরেশনের কাজ করছে। এম পি, এম এল এ-দের টাকায় কাজ করছে, হাওড়া জেলা পরিষদের কাজও করছে। এর সঙ্গে পি এম জি এস ওয়াই বা গ্রামীণ সড়ক যোজনার কাজ করছে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট। এমনকি আমরা চিন্তা-ভাবনা করছি—এইচ আই টি-র কিছু টেকনিক্যাল কর্মচারী আছেন যাঁদের আমরা কাজে লাগাতে চাই। হাওড়া এবং হুগলি জেলার পৌর এলাকাতে কাজে লাগাতে চাই। এরকম উদ্যোগ আমরা নিচ্ছি।

আপনারা সবাই জানেন কে আই টি-র কাজের একটা ঐতিহ্য আছে। কে এম ডি এ ছিল, তারপর কে আই টি হওয়ার পর একই ছাতার নীচে দুটোকে আনা হয়েছে এবং সামগ্রিকভাবে একটা পরিকল্পনা করার জন্য আমরা কাজ করে চলেছি, অনেক বেশি সক্রিয় হয়েছে। অনেক রেমুনারেটিভ প্রজেক্ট নেওয়া হচ্ছে। অনেক আবাসন, কমার্শিয়াল কমপ্লেক্স, রাস্তাঘাট করছে। শুধু তাই নয়, আমরা কে আই টি-র কর্মচারীদের উপযুক্তভাবে ব্যবহার করছি। কে আই টি-র অ্যাকাউন্টস যেটা দীর্ঘকাল ব্যাকলগ ছিল, সেটা ১৯৯৯-২০০০ আর্থিক বছর পর্যন্ত আপডেটিং করা হয়েছে।

১৯৯৪-৯৫ সাল পর্যন্ত এই যে অডিট সেটাও কমপ্লিট হয়ে গেছে। বাকি অডিট করার জন্য অ্যাকাউন্টস রেডি আছে এবং যখন অডিট করতে চাইবেন, তখনই অডিট করতে পারবেন। এই ব্যবস্থা কে আই টি-র ক্ষেত্রে নিয়েছি। কিছু প্রসঙ্গ এখানে এসেছে। কে আই টি-র কর্মচারীরা নাকি বেতন, পেনশন পাচ্ছে না। এটা সঠিক নয়। কে আই টি বা এইচ আই টি-র একজন কর্মচারীর একদিনের জন্য বেতন হেল্ড আপ হয়ে থাকেনি। তাঁরা নিয়মিত বেতন পাচ্ছেন। পেনশন পাচ্ছেন এবং তাঁদের জন্য যথেষ্ট নিরাপত্তা এবং সিকিউরিটি আছে এবং সেই নিরাপত্তার অভাব কোনোভাবে ঘটেনি এবং ঘটবে না এবং বর্তমান আর্থিক বছরে কে আই টি-র ক্যাশ ইন ফ্লো প্রায় ৫৩ কোটি টাকা হবে এবং সেখানে ৫১ কোটি টাকা আউট ফ্লো হবে এবং ২ কোটি টাকা অতিরিক্ত কে আই টি-র তহবিলে থেকে যাবে এবং কে আই টি-কে ভায়াবেল অর্গানাইজেশনে উন্নীত করার চেষ্টা আমরা করে যাচ্ছি। সে ক্ষেত্রে আমরা সুফল পেয়েছি। এখানে কিছু মাননীয় সদস্য বললেন বস্তি উন্নয়নের ব্যাপারে। কলকাতা বস্তি উন্নয়ন, হাওড়া বস্তি উন্নয়নের যাবতীয় কাজ হয়েছে বামফ্রন্ট সরকারের আমলে। বামফ্রন্ট সরকারের আমলে শুধু কলকাতা বা হাওড়া নয়, পশ্চিমবঙ্গের সমস্ত শহরের বস্তি এলাকার মানুষ নবজীবন পেয়েছে। নতুন অধিকার পেয়েছে। শুধু পরিষেবা বা উন্নয়নের ক্ষেত্রে নয়, পরিকাঠামোর ক্ষেত্রে নয়, উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে যে অংশগ্রহণ, সেই সুযোগ মর্যাদা সেটা বস্তি এলাকার মানুষ পেয়েছে বামফ্রন্ট সরকারের আমলে, যেটা কংগ্রেস আমলে হয়নি এবং সেই সময় সবচেয়ে বেশি ওরা বঞ্চিত হয়েছিল। সেই সময় তাদের প্রতি বৈষম্যমূলক আচরণ করা হত।

তাদের জন্য কোনো অর্থ খরচ করা হত না। সেই সময় বস্তি তুলে দেওয়াটাই ছিল একমাত্র লক্ষ্য এবং তাদের একমাত্র নীতি। আজকে বস্তি এলাকায় পানীয় জল সরবরাহ, পয়ঃপ্রণালী, জল নিকাশী ব্যবস্থা যাবতীয় কাজ, সমস্ত কাজ বামফ্রন্ট সরকারের আমলে আমরা করেছি এবং আমরা এখনও করে চলেছি। স্বাভাবিকভাবে আজকে বস্তি এবং গরীব মানুষের উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার বড়ো সাফল্য অর্জন করেছে। এছাড়া আগেও বলেছি যে, ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসে কে এম ডি এ-র যৌথ উদ্যোগে আবাসন হয়েছে, সেগুলি আপনারা দেখে আসতে পারেন। কতটা হয়েছে, কত টাকায় জমি বিক্রি হয়েছে, কি পদ্ধতিতে করা হয়েছে এগুলি সবই আপনারা গিয়ে দেখে আসতে পারেন। অহেতুকভাবে মানুষের মনে সন্দেহ সৃষ্টি করাটা ঠিক নয় বলে আমি মনে করি। এছাড়া স্ট্যাম্প ডিউটি যেটা আমরা করতে চাইছি যে, অতিরিক্ত স্ট্যাম্প ডিউটি নয়, অতিরিক্ত স্ট্যাম্প ডিউটি আমরা আদায় করতে চাইছি মার্কেট ভ্যালুর উপর, অন্য কোনো বিষয়ে নয়। সমস্ত আইনগুলির মধ্যে একটা সঙ্গতি আনার জন্য আমরা এই সংশোধন বিধেয়ক এনেছি। এই বিধেয়ক আনার অন্য কোনো উদ্দেশ্য নেই। এই কথা বলে সকলের সমর্থন পাব আশা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Ashok Bhattacharya that the Howrah Improvement (Amendment) Bill, 2002 be taken into consideration was then put and agreed to.

Clause 1

Mr. Deputy Speaker : There is one amendment to clause 1 given by Shri Kashinath Mishra. It is in order. I now request Shri Mishra to move his amendment.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in clause 1, in sub-clause (2), in line 1 and 2, for the words "effect from .....January, 1994", the words "immediate effect" be substituted.

[4.00—4.10 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী যেসব কথাগুলো বললেন এবং এই কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এবং হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট থেকে আরম্ভ করে যে বিলটা নিয়ে এসেছেন, এইগুলো কতদিনের প্রতিষ্ঠান কীভাবে মানুষের পরিষেবা বৃদ্ধি করে এসেছে সেটা ক্রমশ কোথায় যাচ্ছে। ২৬ বছর ধরে যেটা চিন্তা করা উচিত ছিল সেটা করেননি। কিছু আর্থিক ব্যবস্থা যাতে করা যায় তার জন্য এটাকে নিয়ে আসলেন। এই কারণে বলছি যে এটাকে '৯৪ সাল থেকে না করে বিলটা পাশ করার পর এটা কার্যকরী করবেন এটাই চাইছি। এটা যদি করা যায় তাহলে আপনার কোনো ক্ষতি হবে না।

শ্রী অশোক ভট্টাচার্য : আমি তো আগেও বলেছি আবারও বলছি আমরা যেটা করেছি সম্পূর্ণ আইন মেনেই করেছি। মানুষের উপর কোনো অতিরিক্ত চাপ এতে পড়বে না। ইতিমধ্যেই যাদের জমি রেজিস্ট্রেশন হয়ে গেছে তাদের ক্ষেত্রে এটা কার্যকরী হচ্ছে না। কিন্তু যারা রেজিস্ট্রেশন করেনি তাদের ক্ষেত্রে এটা কার্যকরী হবে। উন্নয়ন সম্পর্কে আপনি যেটা বলার চেষ্টা করেছেন সে সম্পর্কে বলি উন্নয়নের যাবতীয় যা কিছু তো আমরাই করেছি। আপনাদের আমলে তো কিছুই হয়নি। শহরে গ্রামে পরিকল্পিত উন্নয়ন যা কিছু আমরাই তো করেছি, আমাদের সময়ে হয়েছে। এই যে কিছু অর্থ রাজস্ব, অতিরিক্ত অর্থ আসবে, এটা দিয়ে অনেক বেশি উন্নয়নমূলক কাজ আমরা করতে পারব।

The motion of Shri Kashinath Mishra was then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker : Now, I call upon Shri saugata Roy to move his amendment.

Shri Saugata Roy : Sir, I beg to move that in clause 2, in line 5 for the word "two", the word "one" be substituted.

শ্রী সৌগত রায় : আমরা জানি যে, সরকারের অবস্থা খুবই দেউলিয়া। যে কোনোভাবে টাকা তুলতে চাইছেন এবং সেজন্য সম্পত্তি হস্তান্তরের জন্য যা আগে ছিল তার উপরে দু পার্সেন্ট বাড়াতে চাইছেন, আমরা তো বলতে পারি না যে দু পার্সেন্টটা শূন্য করা হোক, এরকমভাবে অ্যামেন্ডমেন্ট দেওয়া যায় না, তাহলে তো বিলটার উদ্দেশ্যের বিরোধিতা করা হয়। সুতরাং আমি বলছি ঠিক আছে, এটা মেনে নিন দু পার্সেন্ট বাড়াবেন না, এক পার্সেন্ট বাড়ান। এই টাকা তো আসলে উন্নয়নের কাজে ব্যয় হবে না, এই টাকা যাবে সরকারের মাইনে দিতে। বাজেট ডেফিসিট। কলকাতা, হাওড়ার উন্নতির জন্য এই বছর এক পয়সাও দেওয়ার ক্ষমতা সরকারের নেই। যারা প্রপার্টি ট্রান্সফার করতে চাইছেন তাঁদের উপর বোঝা বাড়ছে। ফিনান্সিয়াল ডেফিসিট এক বছরে মেটানো যাবে না। তাই প্রস্তাব করছি দু পার্সেন্টের জায়গায় এক পার্সেন্ট বাড়ানো হোক।

শ্রী অশোক ভট্টাচার্য : আমি তো এক পার্সেন্টও বাড়াতে বলিনি। আপনি এক পার্সেন্ট বাড়াতে বলছেন, আমি তো এক পার্সেন্টও বাড়াতে বলিনি। আপনি বিলটা ভালো করে পড়ুন। আমি বলছি না এক পার্সেন্টও বাড়ানো হোক, শুধু বলা হয়েছে মার্কেট ভ্যালু অনুযায়ী, আপনি বিলটা ভালো করে পড়ুন।

The motion of Shri Saugata Roy was then put and lost (Amendment No. 3).

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Asok Bhattacharya : Sir, I beg to move that the Howrah Improvement (Amendment) Bill, 2002 as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

The Kolkata Improvement (Amendment) Bill, 2002

The Motion of the Shri Asok Bhattacharya that the Kolkata Improvement (Amendment) Bill, 2002 be taken into consideration was then put and agreed to.

Clause 1

Mr. Deputy Speaker : There is one amendment to clause 1 given by Shri Kashinath Mishra. It is in order. I now request Shri Mishra to move his amendment.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in clause 1, in sub-clause (2), in line 1 and 2, for the words "effect from .....January, 1994" words "immediate effect" be substituted. একটু আগেই আমি হাওড়ার ক্ষেত্রে বলেছিলাম, এ ক্ষেত্রেও আমি বলছি এটা যদি সম্ভব হয় আপনি একটু দেখবেন এবং জনস্বার্থে আপনি বলছেন আপনি কিছু বাড়াননি। তাহলে এই বিল আনার প্রয়োজন ছিল না। আপনি কিছু স্বার্থ পূরণ করার জন্যই এটা করেছেন। এটা জানুয়ারি '৯৪ নতুন করে বিল পাশ হয়ে যাবার পরে ব্যবস্থা করুন।

Shri Asok Bhattacharya : Sir, I do not accept it.

The motion of Shri Kashinath Mishra was then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Deputy Speaker : There is one amendment to Clause 3 given by Shri Saugata Roy. It is in order. I now request Shri Roy to move his amendment.

Shri Saugata Roy : I beg to move that in clause 3 in sub-clause (1) in line 4 for the word "two" the word "one" be substituted. একটু আগে আমি অন্য হাওড়ার একটা বিলে যখন অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম তাতে মাননীয় মন্ত্রী মহাশয়ের জবাব শুনে মনে হল আমি ইংরেজি বুঝতে পারিনি। তাহলে উনি আমাকে বুঝিয়ে দেন, আপনি স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনে বলেছেন যে, With a view to bringing consistency in the matter of adopting measures for levying stamp duty in accordance with the provisions of the Indian Stamp Act, 1899 (hereinafter referred to as the said Act) and for the purpose of augmenting revenue under the said Act... (in Beng.) It has been considered necessary to amend the Kolkata Improvement Act. অগমেন্টিং রেভিনিউ মানে রাজস্ব বাড়ানোর জন্য। আমি বলেছিলাম দেউলিয়া সরকার রাজস্ব বাড়ানোর জন্যই এটা করেছেন। আপনি বলছেন আমি কিছু বাড়াইনি। এই হচ্ছে পারপাস। এই সেড পারপাস অফ দি বিল অ্যাজ স্টেটেড ইন দি স্টেটমেন্ট অফ দি অবজেক্টস অ্যান্ড রিজনস-এ কি বলেছে দেখুন। এবারে আমাকে শুধু বলুন এই যে ইন দি প্রিন্সিপ্যাল অ্যাক্ট, ইন সেকশন ৮২ (১)-তে বলেছেন :

[4.10—4.20 p.m.]

"The duty imposed by the Indian Stamp Act, 1899, shall be increased–

(a) on instruments of sale and gift, respectively by two per centum on the market value of property, irrespective of value set forth in such instruments". 'ইনক্রিস' করার মানে যে বাড়ানো নয় এটা আমি জানতাম না। মাননীয় মন্ত্রী মহাশয় যদি বলে আমি ইংরেজি জানি না তাহলে আর কিছু বলার নেই। আপনি এক্সপ্লানেশনে বলেছেন, "The expression "market value" shall mean such value as defined in clause (16 B) of Section 2 of the Indian Stamp Act, 1899". মানে আপনি বলতে চেয়েছেন, যদি কেউ বিক্রি করার ক্ষেত্রে কম দাম দেখায়, গিফ্‌ট করার ক্ষেত্রে কম দাম দেখায় আপনারা সরকারের

পক্ষ থেকে যে মার্কেট ভ্যালু ঠিক করে দেবেন তার উপর ২ পার্সেন্ট ট্যাক্স বাড়বে। সুতরাং আপনি ট্যাক্স বাড়াচ্ছেন না, রেভিনিউ অগমেন্ট করছেন না, ২ পার্সেন্ট বাড়াচ্ছেন না—এটা অসত্য। এটা করার উদ্দেশ্য হচ্ছে রেভিনিউ অগমেন্ট করা। এটা সরকারের দেউলিয়া অবস্থাকে তুলে ধরছে। আমি তো এটা বলছি, আপনি যেখানে বলেছেন, ইনক্রিস বাই টু পার্সেন্টাম—'অন ইনস্ট্রুমেন্ট অফ সেল অ্যান্ড গিফ্‌ট, রেসপেক্টিভলি বাই টু পার্সেন্টাম'। —এটা ১ পার্সেন্টাম করুন। আপনারা তো নাম দিয়েছেন 'কলকাতা ইম্প্রুভমেন্ট বিল'। কিন্তু আপনারা তো সি আই টি-কে ফোঁপড়া করে দিয়েছেন। এই সি আই টি এক সময় অনেক বড়ো বড়ো কাজ করেছিল—রবীন্দ্র সরোবর, সুভাষ সরোবর, সি আর এভিনিউ তৈরি করেছিল। সেই সি আই টি-র এখন কাজ হচ্ছে জমি নিয়ে স্পট ডেভেলপমেন্ট করে দোকান ইত্যাদি করা। বামফ্রন্ট সরকারের আমলে সি আই টি-কে আপনারা সিস্টেমিটিক্যালি শেষ করে দিয়েছেন। তাই বলছি যখন মাইনেই দেবেন, তখন এটা টু পার্সেন্ট না করে ওয়ান পার্সেন্ট করুন। আপনিই বলুন ইনক্রিস করছে না ? এটা কোথাও লেখা নেই। তাই আপনি যেটা বলেছেন সেটা সঠিক নয়। আপনার বিল থেকে পড়ে শোনালাম যদি অন্য কোথাও কিছু থাকে তাহলে বলুন।

শ্রী অশোক ভট্টাচার্য : আপনি জানেন না এটা আমি বলছি না। বরং আমি জানি না। আপনি ইংরাজি জানেন না এটা আমি বলছি না।

এই যে ৬ পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি, এটা কলকাতায় ছিল, হাওড়ায় ছিল, কলকাতার বাইরে বিভিন্ন পুর এলাকায় ছিল। আর ৫ পার্সেন্ট ছিল গ্রাম এলাকায়। সুতরাং, ১৯৯৪ সালের এই যে রুল্‌স—ইন্ডিয়ান স্ট্যাম্প ডিউটি অ্যাক্ট যেটা আছে ১৮৯৯ সালের তার একটা রুল্‌স তৈরি করা হয়েছে। সেই সময় বলা হয়েছিল, 'কলকাতা এবং হাওড়ার মধ্যে যদি কোনো জমি কেনা-বেচা হয় তাহলে টু পার্সেন্ট অ্যাডিশনাল স্ট্যাম্প ডিউটি দিতে হবে' অর্থাৎ সিক্স প্লাস টু পার্সেন্ট। আমার বিলের মধ্যে দেখুন সিক্স প্লাস টু পার্সেন্টের অতিরিক্ত কি বলেছি ? আমার বিলের মধ্যে অন্য কোনো কিছু লেখা নেই। স্ট্যাম্প ডিউটি সিক্স পার্সেন্টই আছে এবং অ্যাডিশনাল স্ট্যাম্প ডিউটি আগে যা ছিল সেটাই এখনও আছে। কি বলা হয়েছে বিলে ? বলা হয়েছে, 'জমি যখন রেজিস্ট্রেশন করা হয় এই দুটো শহরে, কলকাতা এবং হাওড়া মিউনিসিপ্যাল এরিয়াতে তখন আন্ডার ভ্যালুয়েশন করে দলিলে দাম কম দেখানো হয়। কিছু লোক এটা করে, সবাই নয়। কিছু লোক ফাঁকিবাজি করে সরকারের রাজস্ব ফাঁকি দেওয়ার চেষ্টা করে। এটা যাতে বন্ধ হয় তার জন্য এই বিলে বলা হয়েছে যে, মার্কেট ভ্যালুর উপর স্ট্যাম্প ডিউটি দিতে হবে। কেন বলেছি ? ইতিমধ্যে অর্থ দপ্তর এই আইন তৈরি করেছে যে, কলকাতার বাইরে চন্দননগর, চাঁপদানি, শিলিগুড়ি, ব্যারাকপুর, যেখানেই সম্পত্তি কেনা-বেচা হবে সেখানে সিক্স পার্সেন্ট নয়, এইট পার্সেন্ট স্ট্যাম্প ডিউটি দিতে হবে এবং সেই এইট পার্সেন্ট সম্পূর্ণভাবে মার্কেট ভ্যালুর উপর নির্ধারিত হবে। কলকাতা এবং হাওড়ার বাইরের মানুষরা যদি মার্কেট ভ্যালুর উপর স্ট্যাম্প ডিউটি দেন তাহলে কলকাতার মানুষ কেন দেবেন না। এই যে

কথাটা এখানে লেখা আছে, 'উইথ এ ভিউ টু ব্রিংগিং কনসিস্টেন্সি'। যে ইনকনসিস্টেন্সি আছে সেটাকে দূর করার জন্য, 'জাস্ট টু রিমুভ ইনকনসিস্টেন্সি ফ্রম দি অ্যাক্টস অ্যান্ড রুল্‌স'। এটার জন্য এটা আনা হয়েছে।

(ভয়েস : এতদিন করেননি কেন ?)

আপনি বলার সময় আমি বাধা দিইনি। আপনি বলার সময় আমি আপনার বক্তব্যের একটা জায়গায় কেন আপত্তি করেছিলাম ? আমি বলেছি আপনি একজন বিজ্ঞ জন, আপনি একজন পণ্ডিত, আপনি আমার থেকে বহু শিক্ষিত, আপনি শিক্ষায়-দীক্ষায় কোনোমতেই কম বলিনি। আপনি বলেছিলেন যে, '২ পার্সেন্ট বাড়ানোর কথা কেন বলছেন ? না বাড়িয়ে ১ পার্সেন্ট বাড়ান।' আমি বলেছি, আমি তো ১ পার্সেন্টও বাড়ানোর কথা বলছি না। আমি ১ পার্সেন্ট বাড়ানোর কথা বলেছি ? উনি বলেছেন, ২ পার্সেন্ট বাড়ানোর কথা কেন বলছেন ? আমি ১ পার্সেন্ট বাড়ানোর কথাও বলছি না—এই আইনের মধ্যে, এই অ্যামেন্ডমেন্টের মধ্যে লেখা নেই। সুতরাং আপনি কীভাবে বললেন ? আমি এই প্রশ্নটাতে আপনার শুধু বিরোধিতা করেছি।

The motion of Shri Saugata Roy that in clause 3, in sub-clause (1), in line 4, for the word 'two' the word 'one' be substituted ; was then put and lost.

The question that the clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Ashok Bhattacharya : Sir, I beg to move that the Kolkata Improvement (Amendment) Bill, 2002 as settled in the Assembly, be passed.

শ্রী তাপস রায় : স্যার, আমি একটা বলছি যে, মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্যোগ আছে, তিনি পরিশ্রমীও। কিন্তু বিলটা তিনি নিজেই ভালো করে দেখেননি। বিল যেভাবে দেওয়া হয়েছে সেটা ঠিক নয়। দ্বিতীয়ত হচ্ছে যে, আমরা জানি যে, প্রসিডিউরাল ক্ষেত্রে—সেখানে রেট্রোসপেক্টিভ হতে পারে, কিন্তু যেখানে সাবস্ট্যান্টিভ ব্যাপার, সেখানে স্যার রেট্রোসপেক্টিভ হয় না, সেখানে প্রসপেক্টিভ হয়। এখানে আর্টিকেল ২০-তে, সাব-আর্টিকেল ১-এ পরিষ্কার দেওয়া রয়েছে, আমি পড়ে শোনাচ্ছি আপনাকে, যেখানে বলা হয়েছে— "No person shall be convicted of any offence except for violation of a law in force at the time of the commission of the act charged as an offence, nor be subjected to a penalty greater than

that which might have been inflicted under the law in force at the time of the commission of the offence." তাহলে উনি স্যার, অ্যাকুইজিশনের ক্ষেত্রে যে স্ট্যাম্প অ্যাক্ট রয়েছে ১৬ (বি)—সরকারের মন-মর্জি সেখানে সে কথার কোনো উল্লেখ নেই যে, অ্যাকুইজিশনের ক্ষেত্রেও আমি মার্কেট ভ্যালুটাই দেখব। সেটা অ্যাকুইজিশনের ক্ষেত্রে উনি যা খুশি তাই দেবেন। সুতরাং এই হচ্ছে প্রশ্ন। সুতরাং আমি বলব, জেদাজেদি না করে এখানে আমাদের মাননীয় সদস্যরা যে দু-একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং সেটা আইনসঙ্গত—ওনার ভুল রয়েছে, উনিবলেছেন অগমেন্টেশন অফ সি আই টি বা কে আই টি অ্যাবোলিশন করে দেওয়ার জন্য এবং অবলিভিয়নে কে আই টি-কে পাঠিয়ে দেওয়ার জন্য এই বিল আনা হয়েছে। সুতরাং এই বিলটা কলকাতা ইম্প্রুভমেন্ট বিল নয়, কলকাতাকে অ্যাবোলিশন বা এটাকে অবলিভিয়নে পাঠানোর বিল এটার যদি নাম দেওয়া যেত তাহলে ভালো হত এবং আমি মনে করি, এ ক্ষেত্রে কে আই টি-র যে ভূমিকা ছিল, উনি বললেন—আমরা জানি স্যার, যে কথা বলেছেন মাননীয় সদস্য—রবীন্দ্র সরোবর, প্রিন্স আনোয়ার শাহ রোড, সাদার্ন এভিনিউ থেকে শুরু করে বেলেঘাটা অঞ্চল, টালিগঞ্জ অঞ্চল এখনও যে সি আই টি-র সম্পদ রয়েছে এবং যে যে সি আই টি রোডগুলো রয়েছে বিভিন্ন জায়গায়—মধ্য কলকাতা এবং পূর্ব কলকাতাতে, আজকে আপনি বলুন, আপনার মন্ত্রীত্বের ৮ বছরে বা ২৫-২৬ বছরে কে আই টি-র ভূমিকা বা পূর্বতন সি আই টি-র ভূমিকাতে কী করেছে ? কটা রবীন্দ্র সরোবর হয়েছে ? কটা সুভাষ সরোবর হয়েছে ? কটা রাস্তা হয়েছে ? কটা ঘাট হয়েছে ? সুতরাং এটা জনমত গঠনের জন্য আমি বলব স্যার এই বিলটাতে দয়া করে মাননীয় মন্ত্রী মহাশয় অ্যামেন্ডমেন্টগুলো গ্রহণ করবেন এবং জনস্বার্থে, কলকাতার মানুষের স্বার্থে এইভাবে একঝাঁপে আগে আপনি নিচ্ছিলেন ৬ পার্সেন্ট, আবারও আপনি নিচ্ছেন। সুতরাং এগুলো মেনশন করেননি। বিলটা একটা সম্পূর্ণ বিল নয়, বিল সম্পূর্ণ নয়। আপনি কী করেছেন এবং কী করতে চেয়েছেন এর কোনো উল্লেখ নেই। আপনি বললেন ২ পার্সেন্ট, আপনার অবজেক্টে রয়েছে অগমেন্টেশন অফ রেভেনিউ। সুতরাং আপনি অর্থ আদায় করার জন্য আরও টাকা চাপাচ্ছেন হস্তান্তরের জন্য এবং সে ক্ষেত্রে দলিলটাকে আপনি গ্রাহ্য করছেন না। মানুষের ফান্ডামেন্টাল রাইট অস্বীকার করা হচ্ছে এবং আপনি রেট্রোসপেক্টিভ এফেক্ট দেওয়ার কথা বলেছেন। এতে আমার মনে হয় কনস্টিটিউশনকে উলঙ্ঘন করা হচ্ছে। আমি তাই অনুরোধ করব স্যার, জনমত গঠনের জন্য এই বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। না হলে, মাননীয় মন্ত্রী মহোদয় এই অ্যামেন্ডমেন্টগুলো গ্রহণ করুন।

[4.20—4.30 p.m.]

শ্রী অশোক ভট্টাচার্য : আরবান ডেভেলপমেন্ট মিনিস্টার, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, তিনি স্টেট আরবান ডেভেলপমেন্ট মিনিস্টার কনফারেন্সে যে বক্তৃতা দিয়েছিলেন, 'প্রপার্টি অফ গভর্নমেন্ট'-এর উপরে সেখান থেকে আমি পড়ছি। "Stamp duty rates which are as high as 15% in some of the States need to be brought to a level range between 5 to 10%".

তিনি বলেছেন, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ১৫ শতাংশ পর্যন্ত স্ট্যাম্প ডিউটি আছে। সেই হিসাবে আমাদের এখানে অনেক কম। রেজিস্ট্রেশনের উপর সুপ্রিম কোর্টের ভার্ডিক্ট আছে।

The Motion of the Shri Asok Bhattacharya that the Kolkata Improvement (Amendment) Bill, 2002 as settled in the Assembly be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4.22 p.m. till 11 a.m. on Wednesday, the 11th December, 2002, at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 11th December, 2002 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 18 Ministers, 11 Ministers of State and 186 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

সরকারী কর্মীদের মহার্ঘ ভাতা

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩১) **শ্রী কাশীনাথ মিশ্র** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকারী কর্মচারীরা প্রাপ্য বকেয়া ১১ শতাংশ মহার্ঘ ভাতা আজ পর্যন্ত পাননি ; এবং

(খ) সত্যি হলে, সরকার এই বকেয়া মহার্ঘ ভাতা প্রদানের বিষয়ে কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

ড. অসীমকুমার দাশগুপ্ত :

(ক) রাজ্য সরকারী কর্মচারীরা কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের তুলনায় ১১ শতাংশ মহার্ঘভাতা কম পাচ্ছেন।

(খ) আর্থিক অবস্থা বিবেচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, ১৯৭৯ সালে বামফ্রন্ট সরকার ঘোষণা করেছিল যে, রাজ্য সরকারের কর্মচারীদের তাঁরা কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ ভাতা দেবেন। কিন্তু বিগত কয়েক বছর ধরে তাঁরা তা দিতে পারছেন না। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি কি কারণে দিতে পারছেন না ? শুধু সরকারী কর্মচারীদেরই নয়, সরকার অধীনস্থ স্কুল, কলেজ-সহ বিভিন্ন স্তরের যে সমস্ত কর্মচারী আছেন তাঁরা কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের হারে মহার্ঘ ভাতা পাচ্ছেন না, কি কারণে তাঁরা পাচ্ছেন না, তাও মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কী ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, কেন্দ্র পঞ্চম বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে যে সিদ্ধান্ত নিয়েছিল সেই সিদ্ধান্ত

অনুযায়ী বেতন বৃদ্ধির প্রভাব সমস্ত রাজ্যের ওপর পড়েছে। আমাদের রাজ্যের ওপরও পড়েছে এবং আমাদের রাজ্যের ওপর একটু বাড়তি পড়েছে। কারণ আমরা মাননীয় শিক্ষক এবং শিক্ষাকর্মীদের বেতন দেওয়ার দায়িত্ব ভার গ্রহণ করেছি। ফলে গত পাঁচ বছরে এই খাতে ব্যয়-ভার দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে— বেতন, মহার্ঘ ভাতা, অবসরকালীন ভাতা ইত্যাদি নিয়ে সামগ্রিকভাবে এটা বৃদ্ধি পেয়েছে। সঙ্গে সঙ্গে রাজ্যের ওপর ঋণের বোঝা বেড়েছে মূলত স্বল্প সঞ্চয় খাতে সর্বভারতীয় নীতির জন্য। এই দুটো কারণ ছাড়াও বিগত বছরে কেন্দ্রীয় সরকারের কর আদায় কম হয়েছিল, রাজ্য সরকারেরও কম হয়েছিল মন্দার কারণে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পরিকল্পনা ব্যয়কে যদি রক্ষা করতে হয় তাহলে মহার্ঘ ভাতা ঠিক সমান সমানভাবে দেওয়া যাচ্ছিল না। আগেও আমরা পিছিয়ে পড়েছিলাম, আবার সমান জায়গায় গিয়েছিলাম। এই কঠিন পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমরা সমান হারে দিতে পারছি না। অন্য রাজ্যও দিতে পারছে না।

শ্রী কাশীনাথ মিশ্র : ভারতবর্ষের আর কোন কোন রাজ্য বর্তমানে তাদের অধীনস্থ কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিচ্ছে বা দিতে পারছে না, এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কী ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মুহূর্তে প্রত্যেক রাজ্যের তথ্য আমার কাছে নেই। তবে গত ১৮ই নভেম্বর প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীদের সম্মেলন ডেকেছিলেন তাতে রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরা বা মুখ্যমন্ত্রীদের প্রতিনিধিরা লিখিত বক্তব্য পেশ করেন। তাতে অধিকাংশ রাজ্যই বলছে, তারা আর কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিতে পারছে না। লিখিতভাবে তাঁরা এটা জানিয়েছেন। সর্বভারতীয় পরিস্থিতি বা চিত্রটা আমি বললাম এবং আমরা কি করণে পারছি না তাও বললাম।

শ্রী কাশীনাথ মিশ্র : রাজ্যের কর্মচারীদের সঙ্গে যে সকল বোর্ডগুলি আছে বা করপোরেশনগুলি আছে বা শিক্ষক-অশিক্ষক কর্মচারীরা আছে, এদের কত শতাংশ হারে মহার্ঘ ভাতা দেওয়া হয়—মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : নতুন নিয়ম আপনি জানেন, মূল বেতনের অংশ হিসাবে মহার্ঘ ভাতা দেওয়া হয়। আমরা ৪১ শতাংশ দিতে পারছি, কেন্দ্রীয় সরকার ৫২ শতাংশ দিচ্ছে তাদের কর্মচারীদের। অর্থ দপ্তর যে নির্দেশ জারি করেন তারপর অন্যান্য দপ্তর বা সংস্থা বা গ্রান্ট-ইন-এইড সংস্থা তাদের ক্ষেত্রেও সেই নির্দেশ দেন। তাদের সেই টাকা পেতে কয়েক মাস দেরি হয়। কিন্তু ৪১ শতংশ সকলকে দেওয়ার সিদ্ধান্ত হয়ে আছে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রীমহাশয় প্রশ্নের জবাবে বলেছেন যে, আমরা এখনো পর্যন্ত ৪১ শতাংশ হারে মহার্ঘ ভাতা দিতে পারছি এবং অন্যান্য বিষয়েও বলেছেন যে আমাদের এখানে সমস্ত স্তরের কর্মচারীদের রাজ্য সরকার বেতন দিয়ে থাকেন। আমার জিজ্ঞাস্য, কংগ্রেসী আমলে এই মহার্ঘ ভাতা কত শতাংশ দেওয়া হত ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটুকু তথ্য আমার কাছে আছে ১৯৭৭ সালের আগে যে তথ্য অর্থাৎ ১৯৭৪/৭৫ সালে, তখন সরকারী কর্মচারীদের মহার্ঘ

ভাতা দেওয়া হত মাসে অ্যাড-হক ভিত্তিতে ৭ টাকা থেকে ১৫ টাকা, এর মধ্যে। এখন এটা ঠিকই বলেছেন, ১৯৭৯ সালের পর থেকে এই বৃদ্ধি করে বলা হয় কেন্দ্রীয় সরকারী হারে রাজ্য সরকার দেবেন। যারা ১৯৭৭ সালের আগে ৭ টাকা পেতেন, এখন চতুর্থ শ্রেণির কর্মচারীরা ১ হাজার ৬৬ টাকা পাচ্ছেন অর্থাৎ ১৫২ গুণ বৃদ্ধি পেয়েছে আর সর্বোচ্চ স্তরে যেটা ১৫ টাকা ছিল (বি) গ্রুপ, সেটা ২ হাজার টাকায় উন্নীত হয়েছে। আর একটা কথা বলা ভালো, অন্যান্য রাজ্যের ক্ষেত্রে সবটাই তুলনীয় নয়। সেখানে মাননীয় শিক্ষক, শিক্ষাকর্মী বা অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই রাজ্যের মতো মহার্ঘ ভাতার দায়িত্ব গ্রহণ করেন না।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অর্থমন্ত্রীর উত্তর শুনে অবাক লাগছে, কারণ, আপনি যখন এই হাউসে প্রথম অর্থমন্ত্রী হয়ে এলেন তখন আপনি বক্তৃতায় বলেছিলেন, বিকল্প অর্থনীতি পশ্চিমবাংলায় এমনভাবে স্থাপন করবেন যেটা গোটা ভারতবর্ষ অনুকরণ করবেন অর্থাৎ অন্যান্য রাজ্য অনুকরণ করবেন। তখন আমরা রাজ্যের অধিবাসী হিসাবে এবং বিরোধী দলের সদস্য হিসাবে গর্ব অনুভব করেছিলাম যে আপনি একটা বিকল্প অর্থনীতি দেবেন এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্য সেটা ফলো করবে। কিন্তু আপনি নিজেই বিকল্প অর্থনীতি ভুলে গিয়ে অন্যান্য রাজ্যের আর্থিক অবস্থা কি সেটাকে টেনে আনছেন, এটা খুবই দুঃখজনক। এখন এই যে ১১ শতাংশ ডি.এ. বাকি আছে, আপনি বলছেন, কেন্দ্রীয় সরকার নির্দেশ জারি করেছেন। কেন্দ্রীয় সরকার এই নির্দেশ কবে জারি করেছেন এবং এই নির্দেশ জারির আগে পর্যন্ত সরকারী কর্মচারীদের ডি.এ. কি হারে দেওয়া ছিল ? আমার বক্তব্য কেন্দ্রীয় সরকারের নির্দেশ কোন তারিখে জারি হয়েছে এবং তার আগে কি হারে অর্থাৎ কত ডি.এ. দেওয়া হয়েছে ?

[11.10—11.20 a.m.]

ড. অসীমকুমার দাশগুপ্ত : পঞ্চম বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছেন ১-১-১৯৯৬ সাল থেকে। তারই ভিত্তিতে প্রত্যেক রাজ্যের উপর তখন এই দায়িত্ব এসে যাচ্ছে। তবে কেন্দ্রীয় সরকার নির্দেশ দেননি যে ওই হারে মহার্ঘ ভাতা দিতে হবে। এটা রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত। কেন্দ্রীয় সরকার কোনো রাজ্যকে বলেনি যে, এই হারে মহার্ঘ ভাতা দিতে হবে। কেন্দ্রীয় সরকার এটাও বলেননি যে তার বেতন কমিশনের যা সুপারিশ রাজ্যকে তা অনুসরণ করতে হবে। তবে রাজ্য সরকারগুলি—পশ্চিমবঙ্গের সরকারই সেখানে প্রথম নেতৃত্ব দেয় বলা ভালো, কেন্দ্রীয় সরকারের বেতন কমিশনের সুপারিশে যে হারে বেতন বৃদ্ধি হয়েছে সেই হারে রাজ্য সরকার চতুর্থ রাজ্য বেতন কমিশনের সুপারিশ গ্রহণ করে। এটা শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারতবর্ষের প্রায় প্রতিটি রাজ্যই তাই করেন। করতে যাবার পর যে বেতন বৃদ্ধিটা আসে—এই প্রসঙ্গে বলা ভালো প্রশ্নটা যেহেতু এসেছে, '৯৯ সালের ১৯শে ডিসেম্বর জাতীয় উন্নয়ন পর্ষদের বৈঠকে সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীরা, আমাদেরও সেখানে উপস্থিত থাকার

সুযোগ হয়েছিল, কেন্দ্রীয় সরকার এবং প্রধানমন্ত্রীকে বলেন যে, আপনারা যে বেতন বৃদ্ধি করেছেন তার প্রভাব তো প্রতিটি রাজ্যের উপরই পড়ছে। আপনাদের যে সমস্যা হয়েছে সেটা মেটানোর জন্য আপনারা রিজার্ভ ব্যাংকের কাছ থেকে ঋণ নিচ্ছেন, এক্ষেত্রে রাজ্যগুলিকে তাদের এই অতিরিক্ত ব্যয়ভারের সবটা দরকার নেই, অর্ধেকটার জন্য একটা মধ্যমেয়াদী ঋণ দিন, ঠিক যেভাবে কেন্দ্রীয় সরকার নেন। একই দেশ—কেন্দ্রীয় সরকার নিয়ে যাচ্ছেন সেখানে রাজ্যগুলি কেন পাবে না ? এই প্রসঙ্গে একটা তথ্য দিচ্ছি—গত বছর রাজ্যগুলির সম্মিলিত বাজেট ছিল ৪ লক্ষ কোটি টাকার বেশি এবং কেন্দ্রীয় সরকারের ছিল ৩ লক্ষ ৮০ হাজার কোটি টাকা। কেন্দ্রীয় সরকার ৯০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছিলেন আর ২৮টি রাজ্যকে একত্রিত করে ১০ হাজার কোটি টাকাও দেওয়া হয়নি। এই বৈষম্য কেন ? আমাদের যদি কিছুটা ঋণ দেন ঠিক যেভাবে কেন্দ্রীয় সরকার নিচ্ছেন আমরাও পারি। ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল-এর মিটিং-এ সিদ্ধান্ত হয়েছিল, বলা হয়েছিল প্রধানমন্ত্রীর স্তর থেকে যে যদি আপনারা রাজস্ব ঘাটতি রাজস্ব আদায়ের অনুপাতকে ৫ শতাংশ হারে কমাতে পারেন তাহলে এটা কনসিডার করা হবে। প্রতিটি রাজ্য এর জন্য উদ্যোগ নেয়। আমরা প্রথম বছরই ৩৮ শতাংশ কমাই কিন্তু কেউ কোনো অতিরিক্ত ঋণ পাইনি। রাজনীতি নির্বিশেষে সকলেরই এটা সমস্যা। আপনি যে দলের রাজনীতি করেন, সেই দলের মুখ্যমন্ত্রী, এন.ডি.এ.-এর সঙ্গে যারা যুক্ত আছে প্রত্যেকে এটা বলেছিলেন। এখান থেকেই সমস্যাটার সূত্রপাত। আর যে ঋণগুলি আমরা নিচ্ছি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে গড়ে সেখানে সুদের হার ১৩ শতাংশ আর কেন্দ্রীয় সরকার নিজে ৭ শতাংশ হারে ঋণ তুলতে পারছেন। এই সমস্যার যতক্ষণ না সমাধান হচ্ছে ততক্ষণ রাজ্যগুলি পারছে না। আপনার প্রশ্নের উত্তর হচ্ছে, না পারার পরে বিকল্প অর্থনীতি যেটা বললেন এরই মধ্যে সেটা আছে। ৯ম যোজনাকালে শেষ হয়েছে। পশ্চিমবাংলা কয়েকটি রাজ্যের মধ্যে অন্যতম একটি রাজ্য যে ১০০ ভাগ ৯ম যোজনার ব্যয়-এর লক্ষ্যমাত্রা পূরণ করতে পেরেছে। মোট উৎপাদন বৃদ্ধি প্রায় ৭.৬ শতাংশে গিয়েছে। বিকল্প নীতির সেটাই মূল জায়গা। আর কর্মী ও শিক্ষকদের পাশে দাঁড়ানোর জন্য এ বছরও এতো সমস্যার মধ্যেও আমি হিসাবটা এনেছি প্রথম ৬ মাসে গত বছর শিক্ষক ও কর্মীদের বেতনের জন্য যেখানে ব্যয় করা হয়েছিল ৪ হাজার ৫২৯ কোটি টাকা, এ বছর এতো সমস্যার মধ্যেও সেখানে ব্যয় করা হয়েছে তার থেকে বেশি—৪ হাজার ৫৫২ কোটি টাকা। এইভাবে উন্নয়ন, শিক্ষক ও কর্মীদের স্বার্থে এই টানাপোড়েনের বাজারেও আমরা এটা রক্ষা করার চেষ্টা করছি এবং বিকল্প নীতির মানে এটাই।

শ্রী নির্মল দাস : কেন্দ্রীয় সরকার তাদের কর্মীদের জন্য বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী যা বৃদ্ধি করেছেন সেটা তাদের নিজেদের ফান্ড থেকে নয়, বিভিন্ন রাজ্য থেকে সেই টাকাটা গিয়েছে সেটাই মাননীয় অর্থমন্ত্রীর ভাষণ থেকে বোঝা গেল। এখন জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে সেটার দায়িত্ব তো রাজ্য সরকারের নয়। সে যে কোনো দলেরই রাজ্য সরকার হোক না কেন। আমার প্রশ্ন, আপনারা যেটা দরবার করলেন এবং অন্যান্য রাজ্যেরও যেটা দাবি যে মহার্ঘ ভাতা ও বর্ধিত বেতন এটার দায়ভার কেন্দ্রীয় সরকারকে

নিতে হবে এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ভূমিকাটা কী ? কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রী রাজ্যগুলির অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীদের কি বলছেন ?

তৃতীয় প্রশ্ন, এই অবস্থায় যে ব্যয়ভার রাজ্য সরকারগুলির উপর চেপেছে সেটা কিভাবে আমাদের সরকার সামলাবেন, কেন্দ্রীয় সরকারের সুপারিশ অনুযায়ী ব্যবস্থা নেবার বিষয়টা কিভাবে মেক-আপ করবেন সেটা জানতে চাই ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : আপনি যা বললেন তার মধ্যে প্রাসঙ্গিক অংশের উত্তর দিচ্ছি। রাজ্য সরকারগুলি কেন্দ্রীয় সরকারের কাছে যেসব বক্তব্য রাখেন তার গোটা বিষয়টা মেনে নিয়ে একটি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি তাঁরা গঠন করেছেন, একজন কেন্দ্রীয় মন্ত্রী যার চেয়ারম্যান। ওই কমিটিতে ছয়টি রাজ্যের অর্থমন্ত্রীরা রয়েছেন পশ্চিমবঙ্গ সমেত। তার বিচার্য বিষয় হল, কেন্দ্রীয় সরকারের পঞ্চম বেতন কমিশনের কি প্রভাব লড়েছে রাজ্য সরকারগুলির আর্থিক অবস্থার উপর এবং সেটা সমাধানের ব্যাপারে কি পদ্ধতি নেওয়া যায় সেটা খোঁজা ; কেন্দ্রীয় অর্থনীতির কারণে সৃষ্ট রাজ্য সরকারগুলির ঋণের ভার লাঘব করবার জন্য কি পদক্ষেপ নেওয়া যায় সেটা খোঁজা। কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছেন যে, এই সমস্যা যা সৃষ্টি হয়েছে সেটা সর্বভারতীয় সমস্যা, এককভাবে কোনো একটি রাজ্যের সমস্যা নয়। ওই কমিটিতে যে রাজ্যগুলি রয়েছে তার মধ্যে কংগ্রেস এবং এন.ডি.এ. শাসিত রাজ্য সরকারও রয়েছে। তাতে যে সমাধানসূত্র বেরিয়ে এসেছে তাতে রাজ্যগুলির ঋণের বোঝা কমাবার ক্ষেত্রে কোনো লাভ হয়নি। আমরা বেতন-বৃদ্ধি, মহার্ঘ ভাতা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় বাজেট থেকে কোনো অর্থ চাইছি না ; শুধু বাজার থেকে কেন্দ্রীয় সরকার যে ঋণ তুলছেন—নয়গুণ বেশি তুলছেন—সামান্য অর্থ আমাদের বাজার থেকে তুলতে দিন, পরে করের হার বৃদ্ধি হলে দুই বছর পরে সেটা লাগবেও না। তার সমাধান এখনো হয়নি।

শ্রী দেবপ্রসাদ সরকার : বিষয়টা ঠিকই, আপনি যেটা বলছেন সেটা খুবই উদ্বেগজনক—অর্থনৈতিক সংকট। আর্থিক সংকট দূর করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করেছেন সেটা ভালো জিনিস। কিন্তু আমি বলতে চাইছি, রাজ্য সরকার তাঁর সীমিত ক্ষমতার মধ্যে আর্থিক সংকট কাটাবার জন্য যেটা করা সম্ভব সেটা করেছেন কিনা ? কারণ, শুধু ১১ শতাংশ বকেয়া ভাতার ব্যাপার নয়, কর্মচারীদের বোনাসও ৫০ পারসেন্ট করে দিয়েছেন ; ২,০০০ টাকার জায়গায় ১,০০০ টাকা করেছেন। রাজ্য সরকারী কর্মচারীরা সমস্ত পাওনাই পেতে পারেন যদি বকেয়া কর যা ছাড় দিচ্ছেন শিল্পপতিদের সেটা যদি বন্ধ করেন। ব্যয় সংকোচনের কথা বলছেন এবং সেটা আমরা শুনছি। মুখ্যমন্ত্রীর জন্য মালা কেনার টাকা নয়— এসব কথা বলা হচ্ছে, জ্যোতিবাবু এবং বুদ্ধদেববাবু এক গাড়িতে যাচ্ছেন খরচ কমাবার জন্য। কিন্তু আমরা দেখছি, দেড় লক্ষ টাকা খরচ হচ্ছে তৃতীয় একটি গাড়ির জন্য। এ.জি. থেকে এটা বলেছে। এখন রাজ্য মন্ত্রীরা এসি গাড়ি ছাড়া চড়েন না, বেশিরভাগ মন্ত্রীরা এসি গাড়িতে চড়েন। অর্থ সংকট দূর করতে ব্যয় সংকোচ করতে গিয়ে এসব বন্ধ করুন। কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করছেন, কিন্তু সীমিত ক্ষমতায় রাজ্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন ?

[11.20—11.30 a.m.]

ড. অসীমকুমার দাশগুপ্ত : একটা অনাস্থা প্রস্তাব গৃহীত হয়েছে, তার মধ্যে সম্পূর্ণ বক্তব্য রাখবার সুযোগ আসবে। আপনি যে দীর্ঘ প্রশ্ন করেছেন তার প্রাসঙ্গিক অংশের উত্তর দিচ্ছি।

আগের প্রশ্নকর্তা জানতে চেয়েছিলেন কেন্দ্রীয় সরকারের নীতি সম্পর্কে, তার জন্য শুধু সেটাই বলেছি, আমাদের সরকার কি করছেন সেটা বলবার সুযোগ হয়নি। সেটা এখন বলছি। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করছে না, ন্যায্য দাবির কথা বলছে। এটা মনে রাখবেন তাদের বিচার্য বিষয় অর্থাৎ রাজ্যের দাবিগুলি কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছেন। সুতরাং এখানে দরবার কথাটা না বলাই উচিত। এখানে জানতে চেয়েছেন কর এবং কর আদায়ের ক্ষেত্রে বিশেষ করে বকেয়া কর এবং শিল্পপতিদের ছাড় যেটা দেওয়া হয়েছে সেটা কত ? এখানে একটা কথা বলে রাখা ভালো বিক্রয়করের উপর ছাড় বা তাকে পেছিয়ে দেওয়া এইভাবে তাদের উৎসাহ দান প্রকল্পগুলি যেটা চালু হয়েছিল রাজ্যগুলিতে সেটা ফলপ্রসূ হয়নি। আমরা এটা বন্ধ করে দিয়েছি। আগে থেকে যেটা দেয়া আছে, আইনগত যেটা দেয়া আছে তার বাইরে কিছু নেই। আপনি আবার জিজ্ঞাসা করেছেন ব্যয় হ্রাসের ব্যাপারে। আমরা ব্যয় সংকোচের অনেকগুলি পদক্ষেপ নিয়েছি। এখন মনে হচ্ছে ৫০০ কোটি টাকার মতো আমরা বাঁচাতে পারব। আমি মনে করছি অতিরিক্ত কর এবং বকেয়া কর থেকে আরও টাকা আদায় করা সম্ভব হবে। আর একটা কথা আমাকে এখানে বলতে হচ্ছে আপনি বলেছেন বলে, আয় এবং পরিকল্পনা এবং পরিকল্পনা বহির্ভূত ব্যয় এই দুটির ভারসাম্য রেখে অতিরিক্ত মহার্ঘ ভাতা এবং বোনাসের ব্যাপারে আর্থিক পরিস্থিতি বিবেচনা না করে বলতে পারব না। বছরের শেষে আর্থিক পরিস্থিতি বিবেচনা করে বলব।

শ্রী রবীন্দ্র ঘোষ : আপনি বললেন বামফ্রন্ট সরকার ৪৬ শতাংশ মহার্ঘ ভাতা সরকারী কর্মচারী, শিক্ষক এবং শিক্ষাকর্মীদের দেওয়ার ব্যবস্থা করেছেন। আমার বক্তব্য হচ্ছে এক শ্রেণির কর্মচারী নানা রকম অশান্তির সৃষ্টি করছে। এই বকেয়া মহার্ঘ ভাতার টাকা এবং বোনাসের টাকা আপনি কত দিনের মধ্যে দেবেন ? পশ্চিমবঙ্গ সরকারের কি পরিমাণ অর্থ যেটা কেন্দ্র সরকারের কাছ থেকে পাওনা সেটা দেবার ব্যাপারে তারা অনমনীয় মনোভাব দেখাচ্ছেন এটা বলবেন কি ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : আমি প্রথমে যে অংশটি প্রাসঙ্গিক সেটা বলছি। মহার্ঘ ভাতা মোট ৪১ শতাংশ প্রদান করা হয়েছে। তাতে বর্তমান বছরে মোট ব্যয়, শ্রমিক কর্মচারী, মাননীয় শিক্ষক, শিক্ষাকর্মী শিল্প প্রতিষ্ঠান নিয়ে, ২৫১২ কোটি টাকা। এর আগে বছরের থেকে এটা বেড়ে গিয়েছে। এরপর বলেছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা কি পাচ্ছি না। একটু আগেই বলেছি, অতিরিক্ত অর্থ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাইছি না, শুধুমাত্র আমরা বলেছি কিছু ঋণ আমাদের বাজার থেকে তুলতে দিন। সেই অর্থের

পরিমাণ হচ্ছে ৩০০০ কোটি টাকার মতো। এটা দিলে আমাদের অনেক সমস্যা মিটে যায়, সেটা আমরা পাচ্ছি না। তারপর কোল সেস, সমস্ত রাজ্যকে দেওয়া হয়েছে পশ্চিমবাংলাকে বাদ দিয়ে। এই খাতে আমাদের ৩০০০ কোটি টাকা প্রাপ্য আছে। এরপর গঙ্গা-পদ্মা ভাঙনের ব্যাপারে কেন্দ্রীয় সরকার ৭৫ ভাগ এবং আমরা ২৫ ভাগ দেওয়ার কথা হয়েছে। এটা সেচমন্ত্রী ভালো করে বলবেন। একটা বড় অংশের টাকা আমাদের এখানে পাওনা আছে। আপনারা জানতে চেয়েছেন বলে বলছি। সি.এম.ডি.এ. এলাকায় মেগাসিটির ব্যাপারে একটা অর্থ আমাদের পাওনা আছে। ৩০০০ কোটি টাকা যদি চলে আসে তাহলে আমাদের আর সমস্যা থাকবে না। সুদের ব্যাপারে আমাদের ১৫০০ কোটি টাকা পাওনা হয়।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অর্থমন্ত্রী বলেছেন ১১ শতাংশ মহার্ঘ ভাতা দেওয়া হয়নি। আপনি ১৭ই জুলাই অধিবেশনের শেষ দিনে কনক্লুডিং ভাষণে বলেছিলেন বামফ্রন্ট সরকার তার দায়-দায়িত্ব শ্রমিক কর্মচারীদের প্রতি রক্ষা করে চলেছে। আপনি জুলাই মাসে বললেন সব ঠিক আছে, অক্টোবর মাসে এসে বলছেন বোনাস মহার্ঘ ভাতা দিতে পারব না। আপনার কথার মিল খুঁজে পাওয়া যাচ্ছে না। এই যে ১১ শতাংশ পাওনা আছে এই ১১ শতাংশ মানে কত টাকা ? what is the total involvement of money to give this 11% D.A. which is still due to the Government employees ? Would you kindly let us know ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : ৭২০ কোটি টাকা।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনি যখন বাজেট ভাষণ দিয়েছিলেন তখন তো এই ব্যাপার কিছু বলেননি। এই অভাবটা আপনার কবে অনুভূত হল জানাবেন কি ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : আপনি বিষয়টি ভালো করে দেখেননি তাই, কারণ বাজেটেই বলা হয়েছে মহার্ঘ ভাতার জন্য কোন কোন অতিরিক্ত বরাদ্দ করতে পারিনি এবং তাতে বলাও আছে পরিস্থিতির উন্নতি হলে দেব।

মুর্শিদাবাদ জেলায় নদী ভাঙন

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮) **শ্রী ইউনুস সরকার** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় নদী ভাঙন অব্যাহত আছে ;

(খ) সত্যি হলে, সেই ভাঙন কোথায় কোথায় কোন কোন ব্লকে হচ্ছে ; এবং

(গ) উপরোক্ত ভাঙন প্রতিরোধের জন্য আগাম কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না ?

শ্রী অমলেন্দ্রলাল রায় :

(ক) হ্যাঁ, গঙ্গা, ভাগীরথী, ভৈরব, জলঙ্গী, ময়ূরাক্ষী, কানাময়ূরাক্ষী, দ্বারকা, কুয়ে/বেলে নদীতে বিভিন্ন জায়গায় নদীর ধারে ভাঙন আছে।

(খ) (১) গঙ্গা অ্যান্টি ইরোশন ডিভিশন নং-১ এর অধীনে, ফরাক্কা ব্লকের গঙ্গার ডান তীরে ব্রাহ্মণগ্রাম থেকে মুন্সিনগর (মহেশপুর)-এর বিভিন্ন জায়গায় ভাঙন আছে।

এছাড়া, সামসেরগঞ্জ ব্লকের লালপুর-ঘোষপাড়া (ধুলিয়ান পুরসভা) ও নিমতিতা, সুতী ব্লকে কাশিমনগর থেকে নূরপুর, সৈয়দপুর থেকে ফতেল্লাপুর, রঘুনাথগঞ্জ ব্লকের গিরিয়াতে, লালগোলা ব্লকের মায়া, চিন্তামণি, শেখালিপুর ও তারানগরে ভাঙন অব্যাহত আছে। উপরোক্ত ভাঙনের জন্য ১৫টি বসতবাড়ি সমেত ১.৯৩ হেক্টর জমি নষ্ট হয়েছে।

(২) গঙ্গা অ্যান্টি ইরোশন ডিভিশন নং-২-এ গঙ্গা-পদ্মা নদীর ডানপাড়ে জলঙ্গী ব্লকে পরশপুর-এ, রাণীনগর ব্লক নং-২-এ চর রাজাপুর থেকে বামনাবাগ এলাকায় ভাঙন হয়েছে।

(৩) বহরমপুর সেচভুক্তির অধীনে ভাগীরথী নদীতে সুতী ১নং ব্লকে আলমপুর, রঘুনাথগঞ্জ ২নং ব্লকে ত্রিমোহিনী, শ্রীধরপুর, জঙ্গীপুর টাউন, কাসিয়াডাঙা, ভবানীপুর, কলাবাগ, রঘুনাথপুর, লালগোলা ব্লকে নসীপুর, সাগরদিঘি ব্লকে গাদী, কাবিলপুর, দস্তুরহাট, ভগবানগোলা ব্লকে বসন্তপুর, মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ ব্লকে মীরপুরহাট থেকে গণেশপুর, বাহাদুরপুর, দেবীপুর, কাশিয়াগঞ্জ, জিয়াগঞ্জ বার্নিংঘাট, নারকেলতলা ঘাট থেকে নসীপুর, লালবাগ-ইমামবাড়া থেকে দক্ষিণঘাট, লালবাগ রথতলা থেকে লালবাগ বার্নিংঘাট, বীনপাড়া, ঘোষপাড়া, বরানগর থেকে মেথরপাড়া ঘাট, বেলডঙা-২-নং ব্লকে মজলিশপুর, বীনপাড়া, শিমুলডাঙা, শক্তিপুর, গৌরীপুর, মঙ্গলপাড়া, গোড়াদাড়া, কাজিপাড়া বহরমপুর ব্লকে গোয়ালজান থেকে নিয়াল্লিশ পাড়া, ভাগীরথী ব্রিজ থেকে গোরাবাজার বার্নিংঘাট, গোরাবাজার বার্নিংঘাট থেকে হরিদাস-মাটি, হরিদাসমাটি-কৃষ্ণ মাটি, কলাবেড়িয়া, চরহালালপুর, চরমহুলা, খাগড়া ফেরীঘাট থেকে গোয়ালজান ঘাট, মশাবাড়ি বেলডাঙা ব্লক নং-১-এ বনমালীপুর, মেলিয়ানী, মহম্মপুর, কুমারপুর।

ভৈরব নদীতে ডোমকল ব্লকে জিৎপুর, বেলিয়াযানী, পঞ্চাননপুর, ভগীরথপুর হালদার পাড়া, বহরমপুর ব্লকে মদনপুর (নরমগাড়ি), ছয়ঘড়ী, কলাডাঙা, নওদা ব্লকে চৌকিয়া, আমতলা, রানীনগর-১ নং ব্লকে পাহাড়পুর, খোলসেপাড়া, লোচনপুর, সীসাপাড়, হড়হড়িয়া, হরিহরপাড়া ব্লকে তেকোনা স্বরূপপুর, পদ্মনাভপুর, জলঙ্গী নদীতে নওদা ব্লকে জৌলুসপুর, মহম্মদপুর,

এলেমনগর, ময়ূরাক্ষী নদীতে বড়ঞা ব্লকে ফুপড়া, পুলিয়া, কানাময়ূরাক্ষী নদীতে কান্দী ব্লকে বাসস্ট্যান্ডের নিকট, দ্বারকা নদীতে খড়গ্রাম ব্লকে মাদোল, রোহিগ্রাম, সুরখালী, কুয়ে / বেলে নদীতে কান্দী / ভরতপুর ব্লকে ভবানন্দপুর, সাবিত্রীনগর, কদমতলায় ভাঙন রয়েছে।

(গ) (১) গঙ্গা অ্যান্টি ইরোশন ডিভিশন নং-১-এর অধীনে চন্দ্রপাড়া, কাগজিপাড়া, লালপুর, কুলি, খোদাবন্দপুর, সাঁকোপাড়া, ময়া, লবনচুয়াতে পাড় বাঁধানোর জন্য পরিকল্পনা আছে।

তাছাড়া বেড্‌বার নং এস-১ (কাগজিপাড়া), ইউ-১ (দীপচাঁদপুর), ইউ-৩ (হাজারপুর,) বেডবার নং-এন-২ এবং ৪ (কামালপুর)গুলি মেরামত করার পরিকল্পনা আছে।

উপরন্তু, এন-১ বেড্‌বারের উপরের দিকে একটি নতুন বেডবার করার পরিকল্পনা আছে।

(২) গঙ্গা অ্যান্টি ইরোশন ডিভিশন নং-২-এ পরাগপুর এবং বাসনাবাদের ভাঙন প্রতিরোধে ২টি পরিকল্পনা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনাধীন অবস্থায় আছে। আখেরিগঞ্জের বাকী কাজ সম্পন্ন করা হচ্ছে।

(৩) বহরমপুর সেচ ভুক্তিতে ভাঙন প্রতিরোধের জন্য কিছু পরিকল্পনা ইতিমধ্যে তৈরি করা হচ্ছে এবং কিছু পরিকল্পনা তৈরি করার জন্য জরিপ করা হচ্ছে।

শ্রী ইউনুস সরকার : সাপ্লিমেন্টারি স্যার, মাননীয় মন্ত্রী, আমাদের জেলায় যে ১৩টি ব্লকে ভাঙন হচ্ছে, সেই সমস্ত ভঙনের নিখুঁত হিসাব তথ্য এখানে রেখেছেন। আমি স্যার, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, গঙ্গা-পদ্মা ভাঙনের জন্য এ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কী অর্থ ব্যয় করেছেন এবং গঙ্গা-পদ্মা ছাড়া আমাদের ময়ূরাক্ষী, বাঁশলাই, পাগলা, জলঙ্গী, ভৈরব, ভাগীরথী এই যে নদীগুলি আছে, এই নদীর ভাঙন রোধের জন্য কেন্দ্রীয় সরকার অলাদা কোনো টাকা দিচ্ছেন কিনা ?

শ্রী অমলেন্দ্রলাল রায় : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, গঙ্গা, পদ্মার ভাঙনের জন্য যে মেরামতির কাজ চলছে, সেই কাজে নির্দিষ্ট সিদ্ধান্ত অনুযায়ী ভারত সরকার যথাযথভাবে টাকা দিচ্ছেন। কিন্তু দ্বিতীয় যে প্রশ্ন আপনি করেছেন, সেই প্রশ্নোত্তরে আমাদের জানা দরকার যে, গঙ্গা, পদ্মা ছাড়া মুর্শিদাবাদ জেলায় আরও ১০টি নদীতে ভাঙন চলছে এবং তার মধ্যে একটি কথা আপনি উল্লেখ করেছেন, ভাগীরথী—এই ব্যাপারে আমাদের কাছে সমস্ত কাগজপত্র আছে, এই বছরে একেবারে ক্রিটিকাল ইরোশনের জায়গায় হিসাব করে দেখানো হয়েছে ৪৪টা জায়গায় একেবারে আহেরিগঞ্জ থেকে শুরু করে মুর্শিদাবাদ জেলার শেষ সীমান্ত পর্যন্ত পলাশী পর্যন্ত ৪৪টা জায়গায় ভাঙন মেরামত করার জন্য যে স্কিম করা হয়েছে, এই স্কিমে ২২ কোটি টাকা লাগবে। ভাগীরথীর এই কয়টি

মেরামতি করার জন্য। এই ব্যাপারে ভারত সরকারের সঙ্গে আরও বলার আগে আমরা জি এফ সি সি-তে স্কিম পাঠাই। জি এফ সি সি সেইগুলি পরীক্ষা করে যদি মঞ্জুর করেন তাহলে ভারত সরকারের টাকা দেবার কথা বিবেচনা করবেন। এখন এই সমস্ত স্কিম এবং অন্য যে নদীগুলির কথা বললেন সেই ক্ষেত্রে টাকা-পয়সা দেওয়া তো দূরের কথা—কোনো নদী ভাঙনে, এই যে এতগুলি নদী ভাঙনের তালিকা আছে—কোনো নদী ভাঙনের জন্য ভারত সরকার এক পয়সাও দিচ্ছেন না, আমরা দরবার করে যাচ্ছি।

শ্রী ইউনুস সরকার : গঙ্গা ইরোসান নাম্বার টু-তে পলাশপুর বামনাবাঁধ এলাকায় ভাঙন প্রতিরোধের জন্য আপনি ব্যবস্থা নিয়েছেন। কিন্তু আমি নির্দিষ্ট করে জানতে চাই জে.এফ.সি.সি. স্কিমে এই ভাঙন মেরামতির জন্য কোনো টাকা এসেছে কি ?

শ্রী অমলেন্দ্রলাল রায় : জি.এফ.সি.সি.-তে এই নিয়ে আলোচনা চলছে। ওরা এই স্কিমে টাকা মঞ্জুর করুন না নাই করুন, ভাঙন যেখানে হচ্ছে সেখানে আমাদের হাতে যে টাকা-পয়সা আছে তা দিয়েই আমরা কাজ করতে বাধ্য হচ্ছি। কারণ জি.এফ.সি.সি. স্কিম কবে মঞ্জুর হবে তার কোনো নিশ্চয়তা নেই।

শ্রী ইউনুস সরকার : আখেরিগঞ্জ, পলাশপুর এবং বামনাবাঁধ এই তিনটি জায়গায় রাজ্য সরকার এবং জেলা পরিষদ কী পরিমাণ টাকা দিয়েছেন এবং সেই টাকা কি পুরো খরচ হয়েছে ?

শ্রী অমলেন্দ্রলাল রায় : আমি যে ৭৫ লক্ষ টাকা স্কিমের কথা বললাম সেটা কারেন্ট ইয়ারের স্কিম। এর আগে সম পরিমাণ টাকা রাজ্য সরকার নিজেদের তহবিল থেকে খরচ করে বামনাবাঁধে কাজ করছে। গঙ্গা এবং পদ্মার ভাঙনে জি.এফ.সি.সি.-র টাকা এসেছে। এর বাইরেও কিন্তু বহু জায়গায় ভাঙন চলছে। সেইগুলোর স্কিম তৈরি করে আমাদের জি.এফ.সি.সি.-তে পেশ করতে হবে। জি.এফ.সি.সি. এটা মঞ্জুর করলে তবে টাকা আসবে। কিন্তু ভাঙন তো থেমে থাকবে না। আমাদের তহবিল থেকে আমরা যেটুকু সংস্থান করতে পেরেছি সেই টাকা দিয়েই আমাদের কাজ করতে হচ্ছে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, মুর্শিদাবাদ জেলায় তেরোটি ব্লকে অনেকগুলো নদীর ভাঙনের কথা এবং বরাদ্দ কী পাওয়া গেছে সেটা বললেন। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে সাদাল, রহিগ্রাম, সুরখালি এই রকম তিনটি জায়গায় ভাঙনের কথা উল্লেখ করেছেন। কিন্তু ব্রাহ্মণী এবং দ্বারকা নদীর উভয়কূলে টিঠিডাঙা, যাদবপুর, পোড়াডাঙ, পলাশী, পোড়াপাড়া এইসব এলাকাতেও ভাঙ্গন হচ্ছে এবং গ্রামগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে। গত বন্যার সময়েও অনেক জায়গায় বাঁধ ভেঙে গিয়ে গ্রামগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বাঁধগুলো মেরামতি করার ক্ষেত্রে কেন্দ্র এবং রাজ্য সরকারের তরফে কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

শ্রী অমলেন্দ্রলাল রায় : খড়গ্রামের মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, গোটা কান্দি মহকুমাই বন্যাপ্রবণ এলাকা, এখানে দশবার বন্যা হয়ে গেছে। যে জায়গাগুলোর নাম

আপনি করলেন প্রত্যেকটি জায়গাতেই ভাঙন হচ্ছে। এখানে কেন্দ্রীয় সরকারের এক পয়সাও এখনো পর্যন্ত আসেনি। এমনকি ময়ূরাক্ষী রিভার ভ্যালি প্রোজেক্টেও কোনো টাকা পাওয়া যায়নি। যেসব জায়গায় ভাঙন চলছে সেখানে ভাঙন মেরামতির কাজ আমাদের নিজেদের তহবিল থেকেই আমরা করতে চাই।

[11.40—11.50 a.m.]

শ্রী অতীশচন্দ্র সিনহা : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি—কেলকার কমিটির নির্দেশ অনুসারে এই আর্থিক বছরে গঙ্গা-পদ্মা ভাঙন রোধের জন্য কোনো টাকা পেয়েছেন কিনা এবং কেলকার কমিটির নির্দেশ ছাড়াও ভাগীরথী, ময়ূরাক্ষী, কানা ময়ূরাক্ষী, ব্রাহ্মণী এসব নদীর ভাঙন রোধের জন্য কত টাকা আছে মন্ত্রীর দপ্তরে এবং কাজ চলছে কিনা।

শ্রী অমলেন্দ্রলাল রায় : গঙ্গা-পদ্মা ভাঙন রোধের জন্য যে টাকার ব্যবস্থা আছে, সেটা নিয়মিতভাবে ভারত সরকার সেন্ট্রাল লোন অ্যাসিস্ট্যান্স হিসাবে দিয়ে যাচ্ছে। সেখানে কোনো অসুবিধে নেই। তা সত্ত্বেও আমাদের তহবিল থেকে টাকা খরচ করে ভাঙন মেরামত করা হচ্ছে। অন্যান্য নদীর ক্ষেত্রেও আমাদের তহবিল থেকে করা হচ্ছে। সেটা বাজেটেই ধরা আছে, নতুন করে বলার কিছু নেই।

শ্রী জানে আলম মিঞা : সূতি-১ ব্লকে নূরপুর, সোদপুর, রঘুনাথগঞ্জ-২ ব্লকে বিরিয়ার যে ভাঙন, সেই ভাঙন প্রতিরোধের জন্য কত টাকা বরাদ্দ হয়েছে এবং না হলে কখন টাকা বরাদ্দ হবে ? সেই সঙ্গে জঙ্গীপুর মহকুমার নদীগুলির গতিপ্রকৃতি লক্ষ রাখার জন্য জঙ্গীপুর মহকুমায় মহকুমা স্তরে কোনো অফিস করা হবে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী অমলেন্দ্রলাল রায় : আমাদের বাজেটের কাগজপত্রেই আছে কোথায় কত টাকা দিয়েছে। কেননা এর আগে গ্রান্ট ইন এইড-এর টাকায় জেলা পরিষদ যেখানে যা করা দরকার করেছে। এবং গ্রান্ট ইন এইড স্পিল ওভার ফান্ড থেকেও কয়েক কোটি টাকার কাজ করা হয়েছে। নির্দিষ্টভাবে যে এলাকার কথা আপনি বললেন, সেই এলাকার জন্য স্কিম করা হয়েছে, কিন্তু এই জন্য অর্থের সংস্থান জেলা পরিষদের ফান্ড থেকে আসবে কিনা বা অন্য কোথা থেকে জোগাড় করা হবে, সেটা স্থির হয়নি। আর, মহকুমা পর্যায়ের যে কথা বলছেন, সেটা বিবেচনা করা হচ্ছে।

Bonus to the Government Employees

*10. (Admitted Question No. *54) **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the amount of bonus paid to the Government Employees per head in 2002 and 2001 ; and

(b) the reason why employees were paid less amount of bonus this year ?

Dr. Ashim Kumar Dasgupta :

(a) The State Government Employees drawing emoluments upto Rs. 8300/- p.m. were allowed the benefit of Ad-hoc bonus for the accounting years 2001-2002 and 2000-2001 at the following rates respectively :

For the year 2001-2002 : Rs. 1,000/- per head.

For the year 2000-2001 : Rs. 2,000/- per head

(b) The reduction in the amount of ad-hoc bonus was due to the difficult financial condition of the State Government.

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী এটা স্বীকার করেছেন যে, রাজ্যের খুব কঠিন আর্থিক অবস্থা। যার জন্য রাজ্য সরকারী কর্মচারীদের বোনাস অর্ধেক করতে হয়েছে। উনি যখন স্বীকার করেছেন যে, রাজ্যের খুবই কঠিন আর্থিক অবস্থা, তখন আমি জিজ্ঞাসা করতে চাই যে, এই উপলব্ধি উনি কবে থেকে করলেন এবং রাজ্যের এই কঠিন আর্থিক অবস্থা কবে থেকে হল। তার কারণ মার্চের বাজেট বক্তৃতা আছে, তাতে উনি বলেননি যে, রাজ্যের দেউলিয়া আর্থিক অবস্থা। আমরা জুলাই মাসে প্রস্তাব নিয়ে এলাম, তখন উনি বললেন যে, সেন্ট্রাল যদি সুদের হার কমিয়ে দেন, তাহলে সব ঠিক হয়ে যাবে। সেপ্টেম্বরে ১০০ কোটি টাকা বাঁচাবার জন্য রাজ্য সরকারী কর্মচারীদের পেনশন অর্ধেক করতে হল। এই ব্যাপারে কেন্দ্রের দায়িত্ব নেই। কারণ কেন্দ্র ওঁকে বোনাস দিতে বলেননি। উনি কর্মচারীদের হাতে রাখার জন্য, কৃতিত্ব নেওয়ার জন্য বোনাস দিয়েছিলেন। এখন উনি উপলব্ধি করেছেন আর্থিক সংকটের কথা।

ড. অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট বক্তৃতার ৩ নম্বর অংশের ৩.২০ এবং ৪ নম্বর অংশের ৪.৭ পরিচ্ছেদে আর্থিক সমস্যার কথা পরিষ্কার করে বলা হয়েছে এবং এটা ৮ই মার্চ বাজেট বক্তৃতায় দেওয়া হয়েছিল। ডিয়ারনেস অ্যালাওয়েন্স, পে-রিভিশনের জন্য কোনো অতিরিক্ত অর্থ দিতে পারিনি নির্দিষ্টভাবে বলা আছে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী ৩.২০ অংশে ওই একই কথা। পঞ্চম বেতন কমিশন ইত্যাদি ইত্যাদি। ৪.৭ অংশে উনি বলেছিলেন যে, কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবি কিন্তু তখন স্বীকার করেনি যে, রাজ্যের চূড়ান্ত আর্থিক সংকট। এমনই অবস্থা যে, শিক্ষকদের বেতন পিছিয়ে দেওয়া হয়েছে। কর্মচারীদের ১১ পারসেন্ট ডি এ দেওয়া যাচ্ছে না। বোনাস অর্ধেক করতে হয়েছে এবং এই বছর প্র্যাকটিক্যালি কোনো ডিপার্টমেন্টকে তার অ্যালোটেড প্ল্যান বাজেটের ১০ থেকে ২০ পারসেন্টের বেশি দেওয়া হয়নি। ডিসেম্বর মাস শেষ হতে চলল, এই যে বাজেটে দাবি করেছিলেন যে, কেন্দ্রের যে ক্রাইসিস সবটাই অ্যান্টিসিপেটেড। একটা বাজেট যখন তৈরি করেন, তখন আগে থেকে বলেননি কেন যে, এমন অবস্থা যে

সমস্ত জায়গায় কাটছাঁট করতে হবে ? বোনাস অর্ধেক করবেন। শিক্ষকদের মাইনে দেরি করে দেবেন। প্ল্যান বাজেট দেবেন না। ডেসপারেটলি কোর্ট ফি বাড়িয়ে, ট্রান্সপোর্ট পয়সা বাড়িয়ে টাকা তুলতে হবে ? এই যে চূড়ান্ত সংকট, এই যে দেউলিয়াপনা, এটা কেন হল ? আগে থেকে ইন্ডিকেশন দেবেন না কেন ?

[11.50—12 noon]

ড. অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরেকবার বলছি এই বাজেট যখন এখানে উপস্থাপন করেছি তখন কী কারণের জন্য সংকট হচ্ছে, আজকে যেটা বলছি, নির্দিষ্টভাবে একই বাক্য বলছি। কেন্দ্রীয় স্তরে কী পদক্ষেপগুলো নিতে হবে, রাজ্যস্তরে কী পদক্ষেপগুলো নিতে হবে নির্দিষ্টভাবেই বলা আছে। রাজ্য স্তরে কি পদক্ষেপগুলো নিতে হবে এটা আছে ৪.৫-এ। বস্তুত সেই পদক্ষেপগুলো এখন থেকে নেওয়া হচ্ছে, তাকে ধরে ধরেই করা হচ্ছে এই বছরের মাঝামাঝি সময় থেকে প্রত্যেকটা রাজ্যের ক্ষেত্রে যে সমস্যা রূপ নিয়েছে, মাঝামাঝি সময় থেকে এটা বোঝা যেতে শুরু করে। আর্থিক সংকটের ক্ষেত্রে যে পদক্ষেপগুলো নিচ্ছি প্রত্যেকটা বলা আছে ট্যাক্স রেভিনিউ ১৫ পার্সেন্ট, নন-ট্যাক্সসেবল গ্রোথ ২০ পার্সেন্ট দিতে হবে। তার জন্য পথ ধরে ধরে পদক্ষেপগুলো নেওয়া হচ্ছে তার বাইরে এবং বোনাস—তার জন্য কোনো অর্থ বরাদ্দ করতে পারিনি নির্দিষ্টভাবেই বলছি। কেন্দ্রীয় সরকারের কাছে যে দাবিগুলো করা হয়েছে সেই দাবিগুলোর কোনো মীমাংসা হয়নি। কোনো নতুন কথা বলিনি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি একটা জিনিস বুঝতে পারছি না রাজ্য সরকারী কর্মচারীদের বোনাস দেওয়ার সঙ্গে, মহার্ঘ ভাতা দেওয়ার সঙ্গে কেন্দ্রীয় সরকারের কোনো যোগ নেই। আপনার যখন ক্ষমতা নেই তখন কে আপনাকে মাথার দিব্যি দিয়েছিল সেন্ট্রাল রেটে ডি এ দিতে হবে, কে আপনাকে মাথার দিব্যি দিয়েছিল যে কর্মচারীদের বোনাস দিতে হবে ? পলিটিক্যাল ফয়দা তোলার জন্য দিয়েছেন। গত কয়েক বছর ধরে রাজ্যের অর্থনৈতিক অবস্থা ভালো বলে যাচ্ছেন। আপনার বাজেটটা কী ? ২০০০-২০০১-এ ৭ হাজার ৫০১ কোটি টাকা ডেফিসিট, ২০০১-০২-তে ৭ হাজার ৯৮৫ কোটি টাকা ডেফিসিট, ২০০২-০৩-এ ৮ হাজার ১৪২ কোটি টাকা ডেফিসিট। আপনার টোটাল রেভিনিউ আর্ন হচ্ছে ১৭ হাজার ৫শো কোটি টাকা, ১২ হাজার কোটি টাকা ঋণের সুদ, ট্যাক্স রেভিনিউই যা দিয়ে ঋণের শোধ, মাইনে দিতে পারছেন না, ডেভেলপমেন্ট প্ল্যানিং তো দূরের কথা। এমন একটা জায়গা এসে পৌঁছেছেন যেখানে বিরাট সুদের বোঝা এসে গেছে। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে কবে এই আর্থিক সংকটের নিরসন হবে বলে আশা করছেন, কবে রাজ্য সরকার ফুল বোনাস এবং কর্মচারীদের বকেয়া ১১ পার্সেন্ট ডি.এ. দিতে পারবেন ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : যদিও প্রশ্নটা আপনি শেষ করেছেন কিন্তু প্রথমে আপনার একটা বক্তব্য আছে সেটা বলা উচিত। আপনার বক্তব্য হচ্ছে ক্ষমতা না থাকা সত্ত্বেও কেন কেন্দ্রীয় সরকারের হারে বেতন বৃদ্ধি করেছেন, বোনাস দিয়েছেন, ডি.এ. দিয়েছেন।

'৭৭ সালের আগে আপনারা তো শূন্য বোনাস দিতেন। বাস্তব চিত্রটা হচ্ছে এই যে পঞ্চম বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী ভারতবর্ষের কোনো রাজ্য সরকার নেই যারা তার বাইরে যেতে পারতেন। কারণটা সৌগতবাবু আপনি রাজনীতি ছাড়াও ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত আছেন। একটা ভবনের দুটো অফিস আছে একটা কেন্দ্রীয় সরকারের অফিস, একটা রাজ্য সরকারের অফিস, অফিসে দুজন লিফ্‌ট ম্যান আছেন একজন কেন্দ্রীয় সরকারের একজন রাজ্য সরকারের সেখানে ট্রেড ইউনিয়নের নেতা হিসাবে আপনি বলতে পারলেন যে দেওয়া উচিত না। মাননীয় সদস্য আপনি আমাদের ফরমুলেশনটা লক্ষ করুন সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীরা বলেছেন ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ, রিজার্ভ ব্যাংকের ঋণ নিয়ে সামলাচ্ছেন, তার বৃদ্ধি অর্ধেকের টাকা সীমিত সময়ের জন্য বাজার থেকে চাইছি। আর দরকার নেই সামলে দেব। কেন্দ্রীয় সরকার যতদিন না এটা মেনে নেবেন ততদিন আমরা পারব না। আমরা পক্ষের, বিপক্ষের সমস্ত কর্মী সংগঠনকে বলেছি তারা যে দাবি করেছেন সেই দাবি সংগত। একই ঋণের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে কেন্দ্রীয় সরকার যে সুবিধাগুলো পান যেহেতু তার বাজেট রাজ্যগুলোর তুলনায় কম। তার রেভিনিউ ডেফিসিট রাজ্যগুলির সম্মিলিত ডেফিসিটের দ্বিগুণ। তার পরে যেটা তারা চাইবেন—ওঁরা ৯০ হাজার কোটি টাকা পাচ্ছে, আমরা ১০ হাজারের জায়গায় ২০ হাজার কোটি টাকা চাইছি। এই জায়গায় সমাধান হওয়া উচিত। ওইটুকু ওঁরা মেনে নিন আমি সঙ্গে সঙ্গে উত্তর দেব, আমি পারব।

শ্রী ইউনুস সরকার : মাননীয় মন্ত্রী জানালেন ১৯৭৭ সালের আগে কোনো বোনাস ছিল না। আমি জানতে চাইছি পরবর্তী সময়ে ভারতবর্ষে আর কোন রাজ্যে শিক্ষক এবং রাজ্য সরকারী কর্মচারীদের এই বোনাসের ব্যবস্থা হল ?

ড. অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এটা হাউসকে বলা উচিত ভারতবর্ষে পঞ্চম বেতন কমিশনে অধিকাংশ রাজ্য বোনাস দিতে শুরু করেছিল, এখন সমস্ত রাজ্য বন্ধ করে দিয়েছে, কেরল এবং আমরা ছাড়া, আমরা অর্ধেক দিয়েছি। সৌগত রায়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই বোনাস ৩ ধরনের দেওয়া হয়। একটা হল অ্যাড-হক বোনাস, যেটা বোনাস অ্যাকেটর আওতায় পড়ে না। আরেকটা শিক্ষক মহাশয়দের ক্ষেত্রে যেটা আপনদের সময় শূন্য ছিল, সেটা বৃদ্ধি করতে করতে অর্ধেক সীমা ৮৩০০ টাকার বেশি হয় তাহলে ২০০০ টাকা, এবারে ১০০০ টাকা করে দেওয়া হয়েছে। ভারতবর্ষের অন্য সমস্ত সরকার বামপন্থী বা কংগ্রেস বা এন.ডি.এ. সরকার তারা বোনাস শূন্য করে দিতে বাধ্য হয়েছে। কেরল সরকার দিচ্ছে। ফাইনানশিয়াল লিমিট ৮৩০০ টাকার নয়, ৫৩০০ টাকায় নামতে বাধ্য হয়েছে। পশ্চিমবঙ্গই প্রথম রাজ্য সরকার যারা বোনাস দিতে শুরু করেন ১৯৮৮ সাল থেকে। একমাত্র কেরল ও আমরা দিয়ে চলেছি। বোনাস অ্যাক্টের আওতায় যাঁরা পাচ্ছেন বোনাস অ্যাক্টের ঊর্ধ্বসীমা ৩৫০০ টাকা, ৮.৩৩ পারসেন্ট সর্বনিম্ন এবং ২০ পারসেন্ট সর্বোচ্চ। তৃতীয়ত যাঁরা ৩৫০০ টাকার বেশি হয়ে গেছেন তাঁরা বোনাস অ্যাক্টের আওতায় বোনাস পান না। এক্ষেত্রে আমরা বাড়িয়ে দিয়েছি ৮৩০০ টাকা

যাঁদের মূল বেতন তাদের ১০০০ টাকা দেওয়ার ব্যবস্থা করেছি। কোনো রাজ্য সরকার এটা পারছে না। একমাত্র আমরা দিয়ে চলেছি।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অর্থমন্ত্রীর বক্তৃতা শুনে খুবই মর্মাহত। ওনার বিরুদ্ধে ক্রিমিনাল কেস শুরু করা উচিত, ওনাকে অ্যারেস্ট করা উচিত! আপনি গত বাজেটে আর্থিক সংকটের কথা সেরকমভাবে বলেননি। আমরা অধিবেশনের শেষ দিনে যখন নন-অফিশিয়াল রেজোলিউশন এনেছিলাম, তখন আমরা বলেছিলাম আপনি শ্বেতপত্র প্রকাশ করুন, আপনি করেননি। বাজেটের কোন জায়গায় সেটা দেখুন ? আপনি হাউসকে মিসগাইড করছেন, প্রতি বছর ডেফিসিট বাজেটের কথা বলে আপনি রাজ্যবাসীকে প্রতারণা করছেন। আপনি সাধারণ মানুষকে প্রতারণা করছেন। আপনি উদাহরণ দিলেন বিকল্প অর্থনীতির। বিকল্প অর্থনীতির প্রবক্তা কে ? যদি সভ্য সরকার থাকে তাহলে আপনার বিরুদ্ধে ক্রিমিনাল কেস দেওয়া উচিত। আপনি বাজেট বক্তৃতায় কোনোদিন সরকারী কর্মচারীদের বোনাস দিতে পারবেন না অর্ধেক দেবেন বলেননি।

ড. অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট যে দিন পেশ করা হয়— আপনি ৫৩ পাতায় দেখুন ডিয়ারনেস অ্যালাউন্স, পে-রিভিশনে শূন্য বরাদ্দ এটা পরিষ্কার করে বলা আছে, কোনো প্রভিশান রাখা হয়নি। আপনাদের সময়ে শূন্য টাকা দিতেন।

Starred Questions
(to which answers were laid on the Table)

মাসরুম চাষ

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১) **শ্রী রামপদ সামন্ত** : খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাসরুম চাষকে জনপ্রিয় করার জন্য এবং ওই বিষয়ে জনচেতনা বাড়াবার জন্য সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করেছেন কি না ;

(খ) করে থাকলে, ব্যবস্থাগুলি কী কী ; এবং

(গ) বর্তমানে মোট কত একর জমিতে মাসরুম চাষ হচ্ছে (জেলাওয়ারি) ?

খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ব্যবস্থাগুলি হল—(১) প্রশিক্ষণ, (২) গবেষণাগারের উন্নতি সাধন, (৩) মাসরুম বীজ উৎপাদন, (৪) মাসরুম উৎপাদনের জন্য অনুদানের ব্যবস্থা।

(গ) মাসরুম চাষ আবদ্ধ ঘরের মধ্যে করা হয়। সেই হিসাবে এলাকার প্রয়োজন হয় না।

Principals in 6 Medical Colleges

*12. (Admitted Question No. *102) **Shri Pankaj Banerjee** : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) is it true that there are no permanent Principals in 6 Medical Colleges ;

(b) if so, why ; and

(c) how the Government is trying to solve the problem ?

Minister-in-charge of the Department of Health & Family Welfare :

(a) No.

(b) Does not arise.

(c) Does not arise.

সুন্দরবনকে ঘিরে পর্যটন কেন্দ্র

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগে সুন্দরবনকে ঘিরে পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনা রূপায়ণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬) **শ্রী অসিত মিত্র** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক করে উত্তর দেবেন কি—

(ক) ২০০১-০২ ও ২০০২ সালের অক্টোবর পর্যন্ত সময়ে আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা কত : এবং

(খ) এর মধ্যে কতজন রোগী মারা গিয়েছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আর্সেনিক আক্রান্ত নতুন রোগীর মোট সংখ্যা : ৪২২ জন (প্রভিশনাল)। তার মধ্যে :

(১)	জানুয়ারি ২০০১ থেকে ডিসেম্বর ২০০১ পর্যন্ত	৩০৩ জন
(২)	জানুয়ারি '০২ থেকে অক্টোবর '০২ পর্যন্ত	১৭৬ জন
	মোট	৪৭৯ জন

(খ) উক্ত পরিসংখ্যান ক্যালেন্ডার বৎসর অনুযায়ী রাখা হয়। এর মধ্যে : মোট ৫ (পাঁচ) জন রোগী মৃত্যুর খবর আছে। তার মধ্যে (১) ২০০১ সালে ৩ জন, (২) ২০০২ সালের অক্টোবর পর্যন্ত ২ জনের মৃত্যুর খবর আছে।

সরস্বতী নদী সংস্কার

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩) **শ্রী ভক্তরাম পান :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি ও হাওড়া জেলার মধ্যে প্রবাহিত দক্ষিণ সরস্বতী নদীর সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ;

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা খাতে জেলাভিত্তিক ব্যয়-বরাদ্দের পরিমাণ কত ; এবং

(গ) কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, আছে।

(খ) বর্তমান আর্থিক বছরে উক্ত পরিকল্পনা খাতে কোনো ব্যয়বরাদ্দ নেই।

(গ) যথাযথ কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনসাপেক্ষে পরিকল্পনাটি শীঘ্রই কার্যকরী করা যাবে বলে আশা করা যায়।

T. B. Hospitals in the State

*16. (Admitted Question No. *187) **Shri Subrata Bakshi :** Will the Minister-in-charge of the Health & Family Welfare Department be pleased to state—

(a) number of T.B. Hospitals run by the Government ; and

(b) total nos. of Medical Officers engaged in such Hospitals ?

Minister-in-charge of the Department of Health & Family Welfare Department :

(a) There are 12 T.B. Hospitals run by the Government.

(b) 104 Medical Officers are engaged in Government run T.B. Hospitals.

প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩) **শ্রী ঈদ মহম্মদ :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় ২০০০-২০০১ থেকে ২০০২-০৩ আর্থিক বছরে রাজ্য সরকার কত টাকা পেয়েছে : এবং

(খ) উক্ত টাকার কত শতাংশ খরচ করা হয়েছে (বছরভিত্তিক) ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ওই যোজনায় ২০০০-২০০১ ও ২০০১-২০০২ আর্থিক বছরে রাজ্য সরকার যথাক্রমে ১৩,৫০০.০০ লক্ষ ও ১৪,৯৬৫.০০ লক্ষ টাকা পেয়েছে। যদিও ২০০২-২০০৩ আর্থিক বছরের জন্য কোনো টাকা পাওয়া যায়নি।

(খ) ১৫ই নভেম্বর, ২০০২ পর্যন্ত ২০০০-২০০১ আর্থিক বছরের প্রদত্ত অর্থের ৬৫.০৭% খরচ হয়েছে ও কাজগুলি শেষ হতে চলেছে। ২০০১-২০০২ আর্থিক বছরের অনুমোদিত কাজ শুরু হয়েছে ও ১.৭৩% খরচ হয়েছে।

মুর্শিদাবাদ জেলায় ভাঙন রোধে ব্যবস্থা

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮) **শ্রী মইনুল হক :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গঙ্গা ভাঙন রোধে সরকার বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩) মোট কত টাকা বরাদ্দ করেছে ; এবং

(খ) এর মধ্যে অদ্যবধি কত টাকা খরচ হয়েছে।

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২-২০০৩ আর্থিক বছরে বরাদ্দকৃত টাকার পরিমাণ :

(১) সি.এস.এস. = ১২২০ লক্ষ টাকা

(২) ই.এফ.সি. = ৫৭০.৮৪ লক্ষ টাকা

(খ) টাকা খরচের পরিমাণ :

(১) সি.এস.এস. = ১.৫২ লক্ষ টাকা

(২) ই.এফ.সি. = ০.৯৮ লক্ষ টাকা

Question No. *427 : Held over.

সাহারা গোষ্ঠীর উদ্যোগে সুন্দরবন পর্যটন কেন্দ্র

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬) **শ্রী মটুরাম পাখিরা** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি রাজ্য সরকার ও সাহারা গোষ্ঠীর যৌথ উদ্যোগে সুন্দরবনে পর্যটন শিল্পের উন্নতির জন্য কোনো মৌ (Mou) স্বাক্ষরিত হয়েছে কি ; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত চুক্তি অনুযায়ী কবে নাগাত সুন্দরবনে পর্যটন শিল্পোন্নয়নের কাজ শুরু হতে পারে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) স্বাক্ষরিত মৌ সাহারা গোষ্ঠীর (সাহারা ইন্ডিয়া পরিবার) সুনির্দিষ্ট পরিকল্পনা শীঘ্র পেশ করার কথা। পরিকল্পনা সুনির্দিষ্টভাবে পাওয়ার পর রাজ্য সরকার তা পরীক্ষা করে সন্তুষ্ট হলে মউ স্বাক্ষরিত হওয়ার কথা। তারপরেই পরিকল্পনা বাস্তবায়িত করার পদক্ষেপ শুরু হতে পারে।

Occupants of Tolly Nallah

*21. (Admitted Question No. *89) **Shri Pankaj Banerjee** : Will the Minister-in-charge of the Irrigation & Waterways Department be pleased to state—

(a) is it true that the occupants from both sides of Tolly Nallah were cleared ;

(b) if so, when their houses were dismantled ; and

(c) the extent of dredging and earth cutting in kilometres completed till now ?

Minister-in-charge of the Irrigation & Waterways Department :

(a) Yes, unauthorised occupation from both sides of Tolly's Nullah have been cleared as required for improvement of the Nullah.

(b) Unauthorised occupation were removed in two phases—1st one between 22.09.2001 & 27.09.2001 and the 2nd one between 12.04.2002 & 20.04.2002.

(c) Dredging—0.30 Km. Manual excavation—1.65 Km.

[12.00—12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received six notices of Adjournment Motions. The first one is from Shri Saugata Roy on the subject of eviction of shanti dwellers along Canal East Road and Canal West Road at Beliaghata on 10.12.2002. The second one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of proposal for enhancement of electricity charges in the state. The third one is from Shri Ajoy Dey on the subject of decision of the Union Government to close down the fertilizer industries in the state. The fourth one is from Shri Asit Kumar Mal on the subject of non-utilisation of fund allotted for development of SC and ST communities in the state. The fifth one is from Shri Nirmal Ghosh on the subject of failure of the Government to continue the Public Distribution System in rationing and non-rationing areas in the state. And the sixth one is from Dr. Asish Banerjee on the subject of purchasing of paddy from the farmers by the State Government.

The subject matters of all the adjournment motion relate to the day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc. Besides, a no-confidence motion is likely to be discussed in this session where the Members

will get ample scope to raise the matters. I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read the text of the Motion as amended.

Sri Saugata Roy : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurance, namely :

Eviction of shanty dwellers along Canal East and Canal West Road took place yesterday amidst massive police presence. There was arson when several huts were let on fire. The protesters were lathi charged and then arrested. Some of these evicted were given slips promising them Rs. 2000 only. Poor people have been evicted without rehabilitation.

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল :

সারা রাজ্যে তপশিলী জাতি ও উপজাতিদের উন্নয়নের টাকা রাজ্য সরকার খরচ করতে পারছে না। এর ফলে উন্নয়ন চরমভাবে ব্যাহত হচ্ছে। তপশিলী জাতি ও উপজাতিদের শিক্ষা, স্বাস্থ্য ও সার্বিক উন্নয়নের বিষয়ে বিশেষভাবে দৃষ্টি রাখতে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Sepaker : Today I have received six notices of Calling Attention on the following subjects, namely :—

	Subject	Name
(i)	Reported closure of Hindusthan Fertilizer Factories at Haldia and Durgapur	: Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira
(ii)	Reported murder of two S.U.C.I. workers in an attack on S.U.C.I. Party Office on 1.10.2002 at Nalgora Under Kultali P.S. of South 24-Parganas.	: Shri Deba Prasad Sarkar & Shri Prabodh Purkait

(iii)	Reported decoity at Piali and Ghutiarisharif on 29.11.2002 and 5.12.2002 respectively and at other places under Canning P.S.	: Shri Gobinda Chandra Naskar
(iv)	Reported murder of one Sudhangshu Maity on 9.11.2002 at Gosaba of South 24-Parganas.	: Shri Sobhan Deb Chattopadhyay
(v)	Reported closure of 19 tea-Gardens in Darjeeling district.	: Shri Nirmal Das
(vi)	Progress of developmental Works of Bantala Leather Complex.	: Shri Tapan Hore

I have selected the notice of Shri Tapan Hore on the subject of progress of developmental works at Bantala.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 18th December.

REPORT ON PETITION UNDER RULE 163

The Secretary (Shri Manoranjan Sarkar) : Sir, I beg to report to the House the Petition relating to the problems being faced by the Government, the ryotees and farmers in different categories due to present system of Ryotwari leasing of the multi ownership ponds for pissi culture.

MENTION CASES

শ্রী অসিত কুমার মাল : স্যার, পুরুলিয়া জেলায় বিষ্ণুপুর-রামপুরহাট রুটে আজকে ১১ দিন ধরে বাস চলছে না। বিনা কারণে বাস মালিকেরা বাস বন্ধ করে রেখেছে। ওই রুটে হাজার হাজার মানুষ যাতায়াত করে। তার মধ্যে ক্ল্যাসার লেবার এবং ছাত্রছাত্রীরা যারা পড়াশোনা করে তারাও আসে। কিন্তু মহকুমা শাসককে এই ব্যাপারে জানানো সত্ত্বেও তিনি বুঝতে পারছেন না কেন বাস মালিকেরা বাস বন্ধ করে রেখেছে। আমি গতকাল

ডি.এম.-কে জানিয়েছি যে ওই রুটে দীর্ঘ ১১ দিন ধরে বাস বন্ধ আছে। জানি না কেন বাস বন্ধ আছে, এই অবস্থায় যদি সরকার মনে করে—আমি এর আগেও বাজেট বক্তৃতায় বলেছি বিনা কারণে বাস মালিকেরা যদি বাস বন্ধ করে দেয় তাদের রুট পারমিট ক্যানসেল করতে হবে কিংবা জনগণের স্বার্থে রাজ্য সরকারকে দায়িত্ব নিয়ে সেই রুটে বাস মালিকদের যদি কোনো দাবি থাকে, কোনো আলোচনা থাকে সেটা দেখতে হবে। কেননা ওই জনবহুল রুটে দীর্ঘ ১১ দিন ধরে বাস বন্ধ থাকায় ছাত্রছাত্রী, লেবার, ক্র্যাসারদের অবস্থা ভয়াবহ, এই অবস্থায় আমি আপনার মাধ্যমে পরিবহনমন্ত্রীকে বলতে চাই, যে আপনি কোথায়, কিভাবে রাজ্য সরকার চালাচ্ছেন যে, আপনারা বাসের পারমিট দেওয়ারও পরেও সেই রুটে বাস বন্ধ করে রাখছে, এই বিষয়ে অতি সত্বর ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীমতী মানসী ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় ইনপুর বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী সুলেখা মইকে নৃশংসভাবে খুন করা হয়েছে এবং খুনীরা প্রকাশ্যে গ্রামে ঘুরে বেড়াচ্ছে। এই খুনীদের অবিলম্বে ধরে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার জন্য আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রীর নিকট আবেদন জানালাম।

[12.10—12.20 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত উদ্‌বেগজনক বিষয় আপনার কাছে তুলছি। বিষয়টি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। দক্ষিণ ২৪-পরগনা জেলার দক্ষিণ বিষ্ণুপুরের শ্মশানঘাট সম্পর্কে। এটা জয়নগর কেন্দ্রের লাগোয়া কিন্তু মন্দিরবাজার কেন্দ্রে পড়ে। ওই শ্মশানে বৈদ্যুতিক চুল্লি খুব ঢাক-ঢোল পিটিয়ে বসানো হয়েছিল, কিন্তু এই বৈদ্যুতিক চুল্লির লাইন এখন কেটে দেওয়া হয়েছে। ১৯ লক্ষ টাকা বাকি পড়েছে। জেলা পরিষদের এই টাকাটা পরিশোধ করার কথা কিন্তু টাকাটা জেলা পরিষদ দেওয়া বন্ধ করে দিয়েছে তার কারণ হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে এখানে বৈদ্যুতিক চুল্লি বসানো হয়েছিল। উক্ত পঞ্চায়েতটি সি পি এমের হাতে ছিল কিন্তু গত নির্বাচনে এটি সি পি এমের হাতছাড়া হয়ে যায় এবং বিরোধী দল তৃণমূল কংগ্রেসের হাতে আসে। ওই পঞ্চায়েতে রাজনৈতিক দল পরিবর্তনের পর থেকে জেলা পরিষদ বৈদ্যুতিক চুল্লি বাবদ যে খরচ দিয়ে আসছিল তা বন্ধ করে দিয়েছে। তখন থেকে জেলা পরিষদ আর ১৯ লক্ষ টাকা দিচ্ছে না। পলে বিদ্যুৎ পর্ষদ বৈদ্যুতিক চুল্লি লাইন কেটে দিয়েছে। আজকে ওই অঞ্চলের অসংখ্য মানুষ বৈদ্যুতিক চুল্লি ব্যবহারের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তাদের অনেক বেশি টাকা খরচ করে শব দাহ করতে হচ্ছে। যেহেতু ওই পঞ্চায়েত সি পি এম-এর হাত থেকে চলে গেছে সেহেতু রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে সি পি এম নিয়ন্ত্রিত জেলা পরিষদ দলীয় দৃষ্টিভঙ্গি থেকে টাকা না দিয়ে শ্মশানের বিদ্যুৎ চুল্লির লাইন কেটে দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এর চেয়ে দুর্ভাগ্যজনক আর কিছু হতে পারে না। অবিলম্বে যাতে জনস্বার্থে দক্ষিণ বিষ্ণুপুর শ্মশানের বৈদ্যুতিক চুল্লির লাইন সংযুক্ত

হয় এবং জেলা পরিষদ যাতে অবিলম্বে বিদ্যুৎ পর্ষদের কাছে বকেয়া ১৯ লক্ষ টাকা পরিশোধ করে তার জন্য পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্রর আমি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি আশা করব তিনি এ বিষয়ে আমাদের আলোকপাত করবেন।

শ্রী মানস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের একটা ভয়ংকর সংকটের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমগ্র মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কেন্দ্রীয় সরকারের নীতির ফলে আমাদের রাজ্যের ইঞ্জিনিয়ারিং শিল্প এবং সুতা-কল শিল্প প্রায় ধ্বংস হতে চলেছে। এখন আবার কেন্দ্রীয় সরকারের গৃহীত নতুন নীতির ফলে আমাদের রাজ্যের ৫৯টি চটকলের প্রায় দেড় লক্ষ শ্রমিক ভয়ংকর সংকেটর মধ্যে পড়তে চলেছে। যে কোনো সময় এই চটকলগুলির ভয়ংকর অবস্থা হবে। এর ফলে রাজ্যের লক্ষ লক্ষ পাটচাষীর জীবিকা বিপন্ন হয়ে উঠবে। কেন্দ্রীয় সরকারের নতুন নীতিতে ঢালাও পলি ব্যাগ ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে। তাতে চটশিল্প ভয়ংকর সংকটের সম্মুখীন হয়েছে। আমাদের রাজ্যে মোট ৫৯টি চটকল যা গোটা দেশের ৯৮ ভাগ। আমাদের রাজ্যের চটশিল্পকে কেন্দ্রীয় সরকার পরিকল্পিতভাবে ধ্বংস করার জন্য ওই নীতি গ্রহণ করেছে। ইঞ্জিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে, সুতা-কলের ক্ষেত্রে তারা যে দৃষ্টিভঙ্গি নিয়ে নীতি গ্রহণ করেছে সেই একই দৃষ্টিভঙ্গি থেকে এই নীতিও গ্রহণ করেছে এবং আমাদের রাজ্যের চটশিল্পকে ধ্বংস করেছে। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মুখ্যমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কেন্দ্রীয় সরকারের চটশিল্পে শ্রমিক বিরোধী নীতি, পাটচাষ বিরোধী নীতির ফলে পশ্চিমবাংলার সামগ্রিক অর্থনীতির ওপর ভয়ংকর চাপ সৃষ্টি হবে। অবিলম্বে তা ব্যাহত করার জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করুন, এই আবেদন আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

(এই সময় মাননীয় অধ্যক্ষ মহাশয়ের পরিবর্তে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় সভা পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন।)

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংসাবতী ডিভিশনের সেচ দপ্তরের নোটিশ নং ওয়ান অফ ১৯৯৮-৯৯ ; নোটিশ নং টু অফ ২০০০-২০০১ এবং নোটিশ নং থ্রি অফ ২০০২-২০০৩, তাতে এ আই বি পি ফান্ডের টাকার ব্যাপার আছে, ক্রেডেনশিয়লের ব্যাপার আছে। টোটাল ফ্রড হয়েছে এবং সি এ জি-র রিপোর্টের মধ্যে দিয়ে এটা দেখা যাচ্ছে। দুটো ১ লক্ষ ৪৪ হাজার বর্গমিটার করে ২ লক্ষ ৮৮ হাজার বর্গমিটার পলিথিনের ফিল্ম কেনার ব্যাপারে এটা হয়েছে। সেচমন্ত্রীর দপ্তরের আজকে কী অবস্থা হয়েছে দেখুন—৬ মাসের মধ্যে তিন বছর ধরে যে বরাদ্দ ছিল তার চেয়ে ৯ লক্ষ ৮ হাজার বর্গমিটার বৃদ্ধি পেয়ে গেল এবং একই নিজেদের ঠিকাদারকে বারবার ঠিকা দেওয়া হল। স্যার, সেচ দপ্তর কিভাবে দুর্নীতি করছে ?

মিঃ ডেপুটি স্পীকার : মাননীয় মন্ত্রীমহাশয় এখানে বসে আছেন। আপনি ওনার সঙ্গে এই বিষয়টি নিয়ে কথা বলুন ?

শ্রী কাশীনাথ মিশ্র : কংসাবতী সেচ দপ্তরে পলিথিন কেনার নামে যে দুর্নীতি হয়েছে সেই দুর্নীতি দূর করা দরকার। প্রায় দেড় কোটি টাকা সেখানে তছরূপ হয়েছে। এই বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমানে যাঁরা তৃণমূল করছেন তাঁরা একটা সময়ে কংগ্রেসে ছিলেন। যখন তাঁরা কংগ্রেসে ছিলেন তখন তাঁরা দেশটাকে বিক্রি করে দিয়েছেন। তাঁরাই আজকে এখানে দাঁড়িয়ে বড় বড় কথা বলছেন। আমি আজকে যে বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি, সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে, কৃষকের ধান সবেমাত্র বাড়িতে উঠছে। কৃষকেরা ধানের দাম পাচ্ছে না আর তৃণমূলের নেতারা সব দিল্লিতে গিয়ে বসে আছেন। ওরা কৃষকের সর্বনাশ করছে। বীরভূম জেলায় ১৯টি ব্লক আছে। এই ১৯টি ব্লক থেকে দলে দলে কৃষক সমাজ জমায়েত হচ্ছে।

শ্রী কালীপদ মণ্ডল : স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুর ১৭২ নম্বর বিধানসভা কেন্দ্রে বিদ্যুতায়ন এবং বিদ্যুৎ পরিষেবার ক্ষেত্রে এক চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে দীর্ঘদিন ধরে কোনো সাব-স্টেশন না থাকার ফলে। ওখানে কোনো সাব-স্টেশন না হলে অদূর ভবিষ্যতে বিদ্যুৎ পরিষেবার ক্ষেত্রে শ্যামপুর থানার মানুষ বঞ্চিত হবে। আমি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে যতটুকু জেনেছি সেটা হচ্ছে, ওখানে সাব-স্টেশন একান্ত প্রয়োজন, কিন্তু জমি পাওয়া যাচ্ছে না। আমার অনুরোধ, বর্ধমান ফার্ম হাউসে প্রায় ৫০ বিঘা জমি আছে যেখানে কেবলমাত্র আমন চাষ হয়। ওখানে ৪/৫ বিঘা উঁচু জায়গা আছে। সেখানে যদি সাব-স্টেশন স্থাপন করার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয় তাহলে ভালো হয়। এ বিষয়ে কৃষি বিভাগের মন্ত্রী এবং মাননীয় বিদ্যুৎমন্ত্রী এক জায়গায় বসে যদি দুটি সভা করেন এবং জমি স্থানান্তর করেন তাহলে অচিরেই সাব-সেন্টারটি হতে পারে। এর ফলে শ্যামপুর থানার মানুষ বিদ্যুৎ পরিষেবার ক্ষেত্রে সুযোগ পেতে পারে। আমার বিনীত অনুরোধ মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে, শ্যামপুরে যাতে সাব-স্টেশনটি হয় তার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

ডঃ কামরে ইলাহি : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুরারই প্রত্যন্ত এলাকায় অবস্থিত। এর দুটি ব্লক-মুরারই এবং পাইকর এবং ১টি থানা, মুরারই থানা। এর উত্তরদিকে ঝাড়খণ্ড, পশ্চিমদিকে-ঝাড়খন্ড এবং পূর্বদিকে মুর্শিদাবাদ জেলা। এই ভৌগোলিক অবস্থানের পরিপ্রেক্ষিতে এখানে জনযুদ্ধ গোষ্ঠী দীর্ঘদিন ধরে সক্রিয়। ফলে একটা থানার পক্ষে এখানে আইন-শৃঙ্খলা রক্ষা করা কষ্টকর। পাইকরে একটি পুলিশ ফাঁড়ি রয়েছে এবং এখানে নতুন ভবনও স্থাপিত হয়েছে। পাইকরে পুলিশ ফাঁড়ির পরিবর্তে পূর্ণাঙ্গ থানায় রূপান্তরিত করার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.20—12.30 p.m.]

শ্রী অজয় দে : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজের ছাত্ররা গত ৩০ নভেম্বর থেকে ছাত্র ভর্তির দাবি নিয়ে অনশন আন্দোলনে বসেছে। কিন্তু সরকার আজ পর্যন্ত কোনো উদ্যোগ নিচ্ছেন না। ইতিমধ্যে ১০ জন ছাত্রকে হাসপাতালে স্থানান্তরিত করতে হয়েছে। ছাত্রদের ভর্তি করার যে ন্যায্য দাবি তা থেকে তাদেরকে বঞ্চিত করা হচ্ছে। সরকারের যে অনমনীয় মনোভাব, এর বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

আমাদের উচ্চশিক্ষা মন্ত্রী নদিয়া জেলা থেকে নির্বাচিত হওয়া সত্ত্বেও তিনি কোনো রকম উদ্যোগ দেখাচ্ছেন না। এই সভার মাধ্যমে তাই তার দৃষ্টি আকর্ষণ করে বলছি, ছাত্ররা যেখানে অনশন আন্দোলনে রয়েছেন ছাত্র ভর্তির ন্যায্য দাবি নিয়ে সেখানে আপনি অবিলম্বে উদ্যোগ গ্রহণ করুন এবং আলোচনায় বসুন ও একটা সুষ্ঠু মীমাংসার পথ বার করুন। আজকে ছাত্ররা মৃত্যুর মুখে রয়েছ, তারা অনশন করছে, গোটা নদীয়া জেলাতে গতকাল ছাত্র ধর্মঘট হয়েছে, আজকে কৃষ্ণনগর বন্ধ হচ্ছে। আমার দাবি, সরকার অবিলম্বে নরম মনোভাব নিয়ে একটা উদ্যোগ গ্রহণ করুন এবং একটা সুষ্ঠু মীমাংসার পথ বার করুন।

শ্রী ভক্তরাম পান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলাতে দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে দিয়ে সবচেয়ে বেশি গাড়ি চলে। সেখানে টি এন মুখার্জী রোড এবং ওল্ড বেনারস রোড-সেগুলি যথেষ্ট প্রশস্ত বা চওড়া নয়। এই রাস্তাগুলি ৭ মিটার প্রশস্ত করার জন্য এবং রাজ্য সড়কের অন্তর্ভুক্ত করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলাতে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে। স্কুলের সাথে টিচারদের যে আনুপাতিক হার ১.৯০ যেটা সারা পশ্চিমবাংলার, সেখানে সবচেয়ে কম পুরুলিয়া জেলাতে। আমার ঝালদা এলাকাতে অন্তত ২৫টি প্রাথমিক বিদ্যালয়ে কোনো শিক্ষক নেই। শিক্ষকের অভাবে সেখানকার এস.সি/এস.টি./ও.বি.সি. ছাত্রছাত্রীরা, গরিব ছাত্রছাত্রীরা শিক্ষা পাচ্ছে না। সেখানে অবিলম্বে শিক্ষক নিয়োগ করা হোক এবং কমপক্ষে একটি প্রাথমিক বিদ্যালয়ে দুজন করে শিক্ষক নিয়োগ করা হোক। পুরুলিয়া জেলার ঝালদার ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রী সুধন রাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিস্তা সেচ প্রকল্প শুরু হয়েছে '৭৫ সালে আর এটা হচ্ছে ২০০২ সাল। সেখানে এখনও পর্যন্ত বামতীরের কোনো কৃষক এক ফোঁটা জলও পাচ্ছে না। তিস্তা ব্যারেজের মুখে ৫ কি.মি. রিজার্ভ ফরেস্ট যা কাটতে প্রথমে কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী শ্রীমতী মানেকা গান্ধী বাধা দিয়েছিলেন। পরবর্তীকালে জ্যোতি বসু মহাশয়ের হস্তক্ষেপে সেটা কাটার পারমিশান দেওয়া হয়। এক কিলোমিটার ফরেস্ট কাটাও হয়। কন্ট্রাকটর ছিলেন বাঁকুড়ার কমল মুখার্জী। এটা ছিল স্লাসি ল্যান্ড। আমরা প্রথম থেকেই বলেছিলাম যে এর অ্যালাইনমেন্টটা পাল্টানো হোক কিন্তু Teesta Barrage Authority

did not care for it. তার ফলে ওই স্লাসি ল্যান্ড তোলার পর ওই কন্ট্রাকটর ভদ্রলোক ৬০টি ট্রাক লাগিয়ে বাইরে থেকে মাটি এনে ওই খাল নতুন করে তৈরি করেন। এর মেজারমেন্ট নেওয়ার একটা সিডিউল টাইম ছিল, কিন্তু সেই সিডিউল টাইমটার মধ্যে তার মেজারমেন্ট নেয়নি ফলে মাটি বসে যায়। তারপর তারা যে মেজারমেন্ট নেয় এবং কন্ট্রাকটর যা ক্লেম করে তার মধ্যে গালফ অব ডিফারেন্স হয়ে যায়। তারা টাকা তো দিলই না, সেখানে ক্লজ ওয়ান, ক্লজ টু করে কাজটা সিজ করে নিল। সিজ করে নিয়ে ৪ বছর ধরে কাজটা বন্ধ করে রাখল। '৯৭ সালের মে মাসের পর বাম তীরের খালের কোনো কাজ হয়নি, সম্পূর্ণ বন্ধ আছে—খাল খনন এবং স্ট্রাকচারাল ওয়ার্ক। একটা মানুষের জীবনের ২৯টা বছর চলে গেল, যৌবন চলে গেল। সেখানে এখনও খালটা হল না। আমার দাবি, অবিলম্বে রাজ্য সরকার কন্ট্রাকটররা যে আরবিট্রেশনের কেস করেছে ৫টা, হাইকোর্টে সেই আরবিট্রেশনের কেস তোলার ব্যবস্থা করুন এবং একটা অ্যামিকেবল সেটেলমেন্ট করে ওই তিস্তা ব্যারেজের কাজ যে পর্যন্ত হয়েছে অর্থাৎ যে পর্যন্ত কাটা হয়েছে ময়নাগুড়ির জলঢাকা পর্যন্ত সেই পর্যন্ত কৃষকদের জমিতে জল দেওয়ার ব্যবস্থা করুন যেহেতু রাজ্য সরকারের টাকার অভাব আছে।

(মিঃ ডেপুটি স্পীকার পরবর্তী বক্তার নাম ডাকায় এই সময় মাইক অফ হইয়া যায়।)

ডাঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় কিছুক্ষণ আগে বামফ্রন্টের সদস্য শ্রী আনন্দগোপাল দাস মহাশয় ধান কেনার ব্যাপার কেন্দ্রীয় সরকারকে দায়ী করছিলেন। আপনার নিশ্চয়ই স্মরণে আছে, গতবার রাজ্যের এক রাষ্ট্রমন্ত্রী একটা নাটক করেছিলেন, ধান কেনার নামে নদীয়ায় গিয়ে কয়েক কুইন্টাল ধান কিনেছিলেন, কিন্তু তারপর আর ধান কেনা হল না। ধান যে কেনা হয়নি সেটা গরিব চাষিরা সবাই জানেন। এবারে আমি দাবি করছি—বামফ্রন্ট তো গরিব চাষিদের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন—অবিলম্বে চাষিদের কাছ থেকে ধান কেনার ব্যবস্থা করুন, কারণ গরিব চাষিরা তাদের পরিশ্রমের ধান মিল মালিকদের কাছে বিক্রি করতে বাধ্য হন, কিন্তু ন্যায্য দাম পান না। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে আমরা অবিলম্বে ধান কেনা শুরু করবার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় উলুবেড়িয়া-মাথাভাঙা বাসস্ট্যান্ড ভায়া গড়চুমুক ৫৮ গেট রাস্তাটি অত্যন্ত ইম্পর্টেন্ট রাস্তা। ২৫শে ডিসেম্বর থেকে ওই রাস্তা দিয়ে হাজার হাজার পর্যটক এবং পিকনিক পার্টি যাবে, কিন্তু রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। ওই রাস্তায় অ্যাকসিডেন্টে অনেক লোক মারা গেছেন। পূর্ত দপ্তরের অফিসারদের বলেও কোনোরকম তদন্ত করেননি তাঁরা। তার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমার অনুরোধ, অবিলম্বে রাস্তাটি সংস্কারের ব্যবস্থা করা হোক জনস্বার্থে।

শ্রী পুণ্ডরিকাক্ষ সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ত্রয়োদশ বিধানসভার প্রথম অধিবেশনে মাননীয় দমকল মন্ত্রী প্রশ্নোত্তর পর্বে ঘোষণা করেছিলেন যে, নবদ্বীপ বিধানসভা কেন্দ্রে একটি দকমল কেন্দ্র স্থাপনের পরিকাঠামো সম্পূর্ণ তৈরি হয়ে রয়েছে ; যদি জায়গা

পাওয়া যায় কাজ শুরু করা যাবে। কিন্তু দুঃখের বিষয়, ২৫.৯.২০০১ তারিখে নবদ্বীপ পৌরসভা ৫৯ ডেসিমেল এরিয়া রাজ্য সরকারকে দিয়েছে রেজিস্টার্ড ডিডের মাধ্যমে, কিন্তু আজ পর্যন্ত সেই ফায়ার স্টেশন স্থাপনের সূচনা না হওয়াতে বিক্ষোভের বহিঃপ্রকাশ সেখানে কয়েকদিন আগে হয়েছে। অবিলম্বে মাননীয় দমকল মন্ত্রী সেখানে ফায়ার স্টেশন নির্মাণের কাজ শুরু করুন, এই দাবি আমি আপনার মাধ্যমে সভায় রাখছি। ধন্যবাদ।

শ্রীতপন হোড় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

আগামীকাল গুজরাট বিধানসভার ভোট হচ্ছে। ওই ভোটটা আমাদের পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কেন এত চিন্তার বিষয় সেটা আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে রাখছি। সেটা হচ্ছে যে আগামীকাল এই যে গুজরাটের ভোট এই ভোট সারা ভারতবর্ষের শান্তি-শৃঙ্খলা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি থাকবে কি থাকবে না তার পথনির্দেশ করবে। আমরা খুবই চিন্তিত হয়ে পড়েছি। নরেন্দ্র মোদীর কেয়ারটেকার সরকার, প্রত্যক্ষভাবে উপপ্রধানমন্ত্রী আদবানী এবং প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী মিলিতভাবে যেভাবে গুজরাটের উপর আছড়ে পড়েছে, যেভাবে সাম্প্রদায়িক শক্তিকে প্রশ্রয় দিচ্ছে, যেভাবে দাঙ্গা লাগাবার চেষ্টা করছে তাতে সেখানে ফেয়ার ইলেকশন হবে কি হবে না এই প্রশ্ন দেখা দিয়েছে। আমেদাবাদে যেভাবে হিংসাত্মক ঘটনা ঘটছে, যেভাবে গ্রামে গ্রামে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর আক্রমণ চালানো হচ্ছে এবং অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের উপর আক্রমণ চালানো হচ্ছে তা সমস্ত ভারতবর্ষের মধ্যে ছড়িয়ে পড়ার আশংকা আছে। এই জন্য আমরা আতংকিত এবং চিন্তিত। আমি আজকে যে কথা বলতে চাই তা হল আজকে গুজরাটের মানুষের অগ্নি পরীক্ষা। গুজরাটের শুভবুদ্ধিসম্পন্ন মানুষের কাছে আমার আবেদন, সাম্প্রদায়িক সম্প্রীতি যেটা ভারতবর্ষের ঐতিহ্য, সেটা তাঁরা বজায় রাখবেন। এই আহ্বান আমি আপনার মাধ্যমে গুজরাটের মানুষের কাছে পৌঁছে দিতে চাই।

[12.30—12.40 p.m.]

শ্রী মহববুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালদা জেলায় কয়েকদিন আগে বিদ্যুৎ দপ্তরের একটি গুরুত্বপূর্ণ ফাইল গরুতে খেয়ে নিয়েছে। এই ব্যাপারে অনেক মন্ত্রী জড়িত। মৃণালবাবুর মূল্যবান ফাইল আনিসুর রহমানের গরুতে খেয়ে নিয়েছে। আর হচ্ছে এই যে ফাইল খেয়ে ফেলল এই বিষয়ে মৃণালবাবু মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তর পুলিশ দপ্তরে এফ.আই.আর করেছেন ? এই ধরনের আইন-শৃঙ্খলার বিষয়ে কোনো আইন প্রণয়ন করবার জন্য আইনমন্ত্রীর কোনো অ্যামেন্ডমেন্ট আনবেন কিনা জানতে চাই। এছাড়া মানুষের শোধনাগার আছে, গরুকে শাস্তি দেওয়ার জন্য কোন শোধনাগারে রাখা হবে সেটা মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। আনিসুর রহমান ভালো গরুর জন্য অনেক উন্নত মানের গো-বীজ জেলায় জেলায় পাঠিয়েছে। মালদা জেলায় কি ধরনের গো-বীজ পাঠানো হয়েছ যা বিদ্যুৎ দপ্তরের ফাইল

ভক্ষণ করছে, এটা অনুসন্ধান করা উচিত বলে আমি মনে করি। আমাদের জেলার মন্ত্রী প্রশংসা করেছেন প্রতিদিন পত্রিকার রিপোর্ট দেখে যে তাদের শ্যেন দৃষ্টি আছে, ক্ষুদ্র ঘটনাগুলো তাদের এড়িয়ে যায় না। এটা ক্ষুদ্র ঘটনা নয়, বড় ঘটনা। বিদ্যুৎমন্ত্রী যদি এফ.আই.আর. করে থাকেন তাহলে এই ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হয়েছে আমি জানতে চাই। পেপার দেখে মাননীয় মুখ্যমন্ত্রী খুব চিন্তিত। এই বিষয়ে তদন্ত করে আসল ব্যাপার কি সেটা জানাবার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি না এর মধ্যে কোনো চক্রান্ত আছে কিনা। গল্পের গরু গাছে ওঠে। আসল কি ঘটনা ঘটল সেই ব্যাপার পূর্ণাঙ্গ তদন্ত করে আমাদের সামনে রাখা হোক।

শ্রী নিত্যানন্দ বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রী তথা রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পূর্বাঞ্চলের ৭টি সার কারখানা বন্ধ হয়ে যাবে। এই ৭টি সার কারখানার মধ্যে হলদিয়ার সার কারখানা হল একটি। এই সার কারখানার ব্যাপারে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছে ২০শে ডিসেম্বরের মধ্যে কর্মচারীদের ভি.আর.এস. সাবমিট করতে হবে। তার প্রথম শর্ত হিসেবে তারা বলছে সমস্ত কলোনী বস্তির গৃহগুলি ছেড়ে দিতে হবে, তা না হলে পাওনা টাকা তারা পাবে না। আরও সিদ্ধান্ত হয়েছ ৩১শে ডিসেম্বর জল সরবরাহের লাইন এবং বিদ্যুৎ সংযোগ ছিন্ন করা হবে। সেখানে যে ৭০০ ছেলেমেয়ে সেন্ট জেভিয়ার্স স্কুলে পড়ে ৩১শে মার্চের পর তাদের ব্যয়ভার আর কেন্দ্রীয় সরকার বহন করতে পারবে না। এইরকম একটা উদ্বেগজনক পরিস্থিতির মধ্যে আমার আবেদন রাজ্য সরকার এই বিষয়ে হস্তক্ষেপ করুন। যদিও গতকাল লোকসভার বিরোধী সদস্যরা সংসদে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন। প্রধানমন্ত্রী তাঁদের আশ্বাসও দিয়েছেন যে রাজ্যে একটি করে সার কারখানা চালু রাখবেন। কিন্তু আমার অবাক লাগল এখানে যারা তৃণমূল নেতা, তারা আবার এন ডি এ-র শরিক, তাঁরা এখানে প্রস্তাব নিচ্ছেন এবং কেন্দ্রের বিরুদ্ধে সোচ্চার হচ্ছেন। কিন্তু কেন্দ্রে যখন বিরোধীরা এই ব্যাপার নিয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনা করছে তখন তারা সেখানে নীরব থেকেছেন। বিষয়টি খুবই উদ্বেগজনক, এর ব্যবস্থা নেওয়া দরকার।

ডাঃ রত্না দে (নাগ) : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষে সম্ভবত সর্ব প্রথম পশ্চিমবঙ্গের হুগলি জেলাতে ব্যাপক হারে জুট ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠিত হয়। হুগলির পাট শিল্প একটা ঐতিহ্যের পরম্পরা। এতে কয়েক হাজার মানুষের রুজি-রোজগারের ব্যবস্থা কয়েক বছর ধরেই করে আসছে। কিন্তু এই জুট ইন্ডাস্ট্রিতে ব্যাপক হারে অব্যবস্থা চলছে। মালিকরা এখানে নানা রকম দুর্বুদ্ধি করে শ্রমিকদের ঠকাবার চেষ্টা করছে। কোনো না কোনো কারণ দেখিয়ে যেমন কাঁচামাল সংগ্রহ না করতে পারার জন্য কারখানা বন্ধ করে দেবার চেষ্টা করেছেন। কখনোই মালিক পক্ষ জুট ইন্ডাস্ট্রিতে আধুনিকীকরণ করার চেষ্টা করছেন বলে জানা নেই। পলিথিন ব্যাগের চ্যালেঞ্জ সামনে রেখে এই কারখানাকে বাঁচাতে যে ডাইভারসিফিকেশনের দরকার ছিল, মালিক পক্ষ তার জন্য কোনো ব্যবস্থা করেননি বা ব্যবস্থা করতে পারবেনও না। আজকে যেখানে পাট থেকে গলার নেকলেস থেকে শুরু করে

চেয়ার, দরজা এই নানা রকম জিনিস তৈরি হচ্ছে সেখানে মালিক পক্ষ এই শিল্পকে বাঁচিয়ে রাখা দরকার এই কথাটা বুঝতে চেষ্টা করছেন না। উপরন্তু শ্রমিক অসন্তোষ মেটাবার জন্য সিনিয়র অফিসারদের পাঠানো হচ্ছে এবং বহু ক্ষেত্রে ওইসব অফিসারদের মৃত্যুও পর্যন্ত ঘটেছে। এইভাবে জুট ইন্ডাস্ট্রিতে একটা হিংসার বাতাবরণ তৈরি করা হচ্ছে এবং সেটা মালিক পক্ষেরই চক্রান্ত বলে বলা হচ্ছে। সাধারণ মানুষ এটাই বিশ্বাস করতে শুরু করেছে। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একান্ত অনুরোধ জানাচ্ছি যে, তিনি যেন সম্পূর্ণভাবে একটা নির্দিষ্ট পদক্ষেপ নিয়ে এই ইণ্ডাস্ট্রিকে বাঁচানোর চেষ্টা করেন এবং এটা করতে পারলে নতুন শিল্পায়নের থেকে আরও বেশি কার্যকর হবে।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী এবং তথ্য এবং সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাংলার প্রবাদপ্রতীম পুরুষ অন্নদাশংকর রায় সম্প্রতি প্রয়াত হয়েছেন। তিনি বাংলা সাহিত্যের অভিভাবকস্বরূপ ছিলেন এবং সর্বত্রই সঠিক দিক নির্দেশ করতেন। তাঁর দীর্ঘ জীবনে একনিষ্ঠভাবে লেখা বাংলা কবিতা, ছড়া প্রত্যেকটি ক্ষেত্রে বাংলার সাহিত্যকে সমৃদ্ধ লাভ করিয়েছে। অন্নদাশংকর রায়কে বাংলার সাংস্কৃতিকসম্পন্ন মানুষেরা চিরকাল মনে রাখবেন। সেই কারণে এই দুই মন্ত্রীর কাছে আবেদন রাখছি, বিশেষ করে পূর্তমন্ত্রীর কাছে আবেদন রাখছি যে, অন্নদাশংকর রায়ের একটি পূর্ণাঙ্গ অবয়ব মূর্তি তৈরি করে কলকাতার যথোপযুক্ত স্থানে বসানোর ব্যবস্থা করা হোক এবং একটি গুরুত্বপূর্ণ কলকাতার পথের নাম তাঁর নামে নামাঙ্কিত করা হোক। তাঁর জন্মশতবার্ষিকী সামনে এই কথাটা মনে রেখে পশ্চিমবঙ্গ পত্রিকায় একটি বিশেষ সংখ্যায় তাঁর নামের উদ্দেশ্যে উৎসর্গ করা হোক এবং একটি তথ্যচিত্র করার জন্য আবেদন রাখছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতক্ষণ বিধানসভায় রাজ্যের অর্থমন্ত্রী এক সংকটজনক অর্থনৈতিক অবস্থার কথা তুলে ধরেছিলেন। যেখানে বোনাস অর্ধেক হয়ে গেছে, ডি এ দিতে পারছে না, উন্নয়নমূলক কাজ বন্ধ না হলেও ১০ পার্সেন্ট থেকে ২০ পার্সেন্টের বেশি হচ্ছে না, পুলিশ তার রেশনের টাকা এখনো পায়নি, শিক্ষকদের মাইনেও দু-তিন মাস পিছিয়ে যাচ্ছে। রাজ্যের পরিবহন সংস্থার কর্মচারীদের মাইনেও দু-তিন মাস পিছিয়ে যাচ্ছে, কিন্তু সেখানে একটা অদ্ভুত ঘটনা হল যে, এই সরকারের চূড়ান্ত আর্থিক সংকট যখন তখন এই সরকারই একটা প্রাইভেট স্কুলকে আড়াই কোটি টাকা দিয়েছেন। পাঠভবন স্কুল—যার প্রাইমারি সেকশন সম্পূর্ণ প্রাইভেট এবং মন্তেশরি সেকশন সম্পূর্ণ প্রাইভেট এবং সেকেন্ডারি সেকশনও সরকার শুধুমাত্র ডি এ দিয়ে সাহায্য করে, সেখানে ওই স্কুলকে কি করে আড়াই কোটি টাকা ল্যান্ড অ্যাকুইজিশানের জন্য স্যাংশন করা হল বুঝলাম না। তার জন্য কি করে আড়াই কোটি টাকা স্যাংশন করা হয়েছে ল্যান্ড অ্যাকুইজিশানের জন্য, আমি বিধানসভায় জানতে চাইছি, মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি ওই স্কুলে মুখ্যমন্ত্রীর কন্যা পড়তেন বলে, আরও অনেকের কন্যা পড়েন বলে ? রাজ্যে যখন তীব্র আর্থিক সংকট চলছে, যখন রাজ্যের উন্নয়নের সমস্ত কাজ বন্ধ হয়ে যাচ্ছে, সেখানে একটা প্রাইভেট স্কুলকে যাদের সেকেন্ডারি প্রাইভেট, প্রাইমারিও প্রাইভেট, সেখানে আড়াই কোটি টাকা কেন দিলেন, এটা আইনের চোখে আটকে যাবে। প্রাইভেট স্কুলে

দিতে পারা যায় না। শুধুমাত্র মুখ্যমন্ত্রীর কন্যা সেখানে পড়তেন বলে কি আড়াই কোটি টাকা দেওয়া হয়েছে ? আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং যতক্ষণ পর্যন্ত না সেই টাকা দেওয়া বন্ধ হবে, আমি মুখ্যমন্ত্রীকে এই ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ জানাব।

[12.40—12.50 p.m.]

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কাঁথি এবং ঝাড়গ্রাম শহরে কোনো ১৩২।৩৩ কে ভি লাইন না থাকার ফলে সেখানে বিদ্যুৎ ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে। যদিও কাঁথিতে ১৩২।৩৩ কে ভি লাইন গড়বার জন্য ২ বছর আগে ফাইল নড়াচড়া শুরু করেছিল, জমি যদিও বা পাওয়া গেল, কিন্তু সেই কাজ এখনও শুরু হয়নি। এর উপর রয়েছে ভীষণ লোডশেডিং। ৮।১০ ঘন্টা পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুরে লোডশেডিং চলছে। এছাড়া বিদ্যুৎ দপ্তর থেকে মেদিনীপুর শহরে অতিরিক্ত সারচার্জ হিসাবে ৬৫০ টাকা করে সাধারণের উপর এবং ব্যবসায়ীদের উপরে ৫ হাজার টাকা অ্যাডভান্স হিসাবে জমা দেবার জন্য নির্দেশ দিয়েছে। যদি জমা না দেওয়া হয় তাহলে তাদের লাইন কেটে দেবে বলে বিদ্যুৎ দপ্তর হুঁশিয়ারি দিয়েছে। সুতরাং বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। এই যে অতিরিক্ত সারচার্জ নিচ্ছেন এবং কাঁথিকে ১৩২।৩৩ কে ভি লাইন করার সিদ্ধান্ত যা দুই বছর আগে হওয়ার কথা, তা অবিলম্বে কার্যকরী যাতে হয় তা দেখবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাজ্যে বিচার এবং আইন দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনা জেলার দক্ষিণে সুন্দরবন ও কাকদ্বীপ। গত '৯০-'৯১ সালে এই কাকদ্বীপ মহকুমা হিসেবে গঠিত হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কাকদ্বীপে ফৌজদারি ও দেওয়ানি আদালত স্থাপিত হয়নি। তাই কাকদ্বীপ, সাগর, নামখানার মানুষদের বিচারের জন্য ডায়মন্ডহারবার মহকুমা আদালতের দ্বারস্থ হতে হয়। আমি গত বিধানসভার অধিবেশনে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি এবং বারবার মেনশান পর্বে কাকদ্বীপে ফৌজদারি এবং দেওয়ানি আদালত স্থাপনের জন্য আবেদন করি, মাননীয় মন্ত্রী মহাশয়ও আশ্বাস দিয়েছিলেন যে, দ্রুত কাকদ্বীপে ফৌজদারি ও দেওয়ানি আদালত স্থাপন হবে। কিন্তু আজ পর্যন্ত কাকদ্বীপে দেওয়ানী ও ফৌজদারী আদলাত স্থাপন না হওয়ায় কাকদ্বীপের ৪টি পঞ্চায়েত সমিতি এবং তিনটি বিধানসভা এলাকার মানুষের ফৌজদারি ও দেওয়ানি মামলার জন্য অসুবিধার মধ্যে পড়তে হয়। তাই অনতিবিলম্বে কাকদ্বীপে ফৌজদারী ও দেওয়ানী আদালত যাতে প্রতিষ্ঠিত হয় তার জন্য আমি আপনার মাধ্যমে আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রতন দাস : মিঃ ডেপুটি স্পীকার স্যার, গত বাজেট অধিবেশনে হাওড়া মালদা জনশতাব্দী এক্সপ্রেস-এর চারটি স্টেশনে স্টপেজের কথা উল্লেখ করেছিলাম এবং যার মধ্যে তিনটি স্টেশনে স্টপেজ দেওয়া শুরু করেছে। যেমন কাটোয়া, নবদ্বীপ, ব্যান্ডেলে। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, অম্বিকা কালনা স্টেশনে সেই ট্রেন দাঁড়ায় না। যাতে ওই স্টেশনে

জনশতাব্দী এক্সপ্রেস-এর স্টপেজ দেওয়া হয়, কারণ এটি মহকুমা শহর এবং তিনটি জেলার সংলগ্ন স্থান, তাই অম্বিকা কালনায় এই ট্রেনটির স্টপেজ দেওয়ার জন্য রেল দপ্তর তথা রেলমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানতে চাই, প্রধানমন্ত্রী সড়ক যোজনায় পশ্চিমবঙ্গ সরকার পরিপূর্ণ ব্যর্থ হয়েছেন। এই ব্যাপারে বিধায়কদের মতামত নেওয়ার কথা বলা হয়েছিল এবং বিধায়কদের মতামত যদি প্রত্যাখান করা হয় তাহলে কারণ প্রদর্শন করতে বলা হয়েছিল। এই ব্যাপারে বিরোধী দলের বিধায়করা আজও অন্ধকারে রয়েছে। আজকে জেলা পরিষদের ব্যর্থতার জন্য পি.ডবলু.ডি.-কে দায়িত্ব দেওয়া হয়েছে। কোন কোন রাস্তা এই তালিকায় নেওয়া হচ্ছে সেটা আমাদের জানানোর জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গোটা মুর্শিদাবাদ জেলা, অবশিষ্ট নদীয়া জেলা এবং অবশিষ্ট বীরভূম জেলা অর্থনৈতিক এবং সামাজিক দিক থেকে পিছিয়ে পড়ছে। এইসব এলাকায় প্রতি বছর গঙ্গা-পদ্মা ও বিভিন্ন নদীর ভাঙনে ও বন্যায় এখানকার কৃষি অর্থনীতিকে শেষ করে দিচ্ছে। এই পরিস্থিতিতে এই এলাকা জুড়ে মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হোক এবং এখানে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হোক। যাতে এলাকার মানুষের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ঘটে। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দীপক কুমার ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা এখনও অবধি জেলা শাসকের কাছে পৌঁছায়নি। ২০০১-২০০২ আর্থিক বছরের পঁচিশ লক্ষ টাকার মধ্যে সাড়ে বারো লক্ষ টাকা দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল বাকি টাকা পরে দেওয়া হবে। এই ব্যাপারে অক্টোবর মাসে কাগজপত্র জমা দেওয়ার পরে আমরা দেখতে পাচ্ছি এখনও পর্যন্ত টাকা পৌঁছায়নি। মাননীয় মন্ত্রীমহাশয় বললেন সমস্যা আছে, কিন্তু সংকট নেই। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সংকট আছে। যদিও উনি স্বীকার করছেন না, কিন্তু ধরা পড়ে যাচ্ছেন। এই ব্যাপারে গত সপ্তাহেও আমি জেলা শাসকের সঙ্গে দেখা করেছিলাম এবং জেলার বিধায়করাও দেখা করেছিল। জেলা শাসক বলছেন আমরা কাগজ পেয়েছি, কিন্তু টাকা পাইনি। কাজেই আমি আপনাদের পরিকল্পনা গ্রহণ করতে পারছি না। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করছি, যত তাড়াতাড়ি পারেন এই মাসের মধ্যে গত বছরের সাড়ে বারো লক্ষ টাকা এবং এই বছরের পঁচিশ লক্ষ টাকা, মোট সাড়ে সাঁইত্রিশ লক্ষ টাকা ওই জেলার প্রত্যেক বিধায়কের জন্য মেদিনীপুর জেলায় অতি সত্বর পাঠানোর ব্যবস্থা করুন।

শ্রী সমর হাজরা : স্যার, আমি আপনার মাধ্যমে এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে রাজ্যের কৃষকরা বিপন্ন। কেন্দ্রীয়

সরকার যেভাবে রাসায়নিক সার এবং কীটনাশক ওষুধের দাম বাড়াচ্ছে, সেইভাবে কিন্তু কৃষকরা উৎপাদিত ফসলের দাম পাচ্ছে না। আজকে তারা ৬০ কেজি ধানের বস্তা ২২০ টাকা বিক্রি করছেন, তাও কেনার লোক নেই। রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করা হোক যাতে এফ.সি.আই-এর মাধ্যমে ধান কেনার ব্যবস্থা করা যায়।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টা নিয়ে এখানে বলতে চাই, সেই বিষয়টা নিয়ে আমি বিধানসভায় অনেকবার বলেছি এবং মাননীয় মন্ত্রীমহাশয় অমর চৌধুরীর কাছে অনেকবার বলেছি। তারাতলা থেকে অছিমোড় পর্যন্ত রাস্তাটি মেরামত করার জন্য বলেছিলাম এবং তিনি বলেছিলেন কাজ শুরু করবেন। সেই অনুসারে ডি.এম, এস.ডি.ও. ও চেয়ারম্যান, আমরা সবাই রাস্তা তৈরি করার জন্য যখন মাপজোক করতে শুরু করেছিলাম তখন মাননীয় মন্ত্রীমহাশয় বললেন টাকা পেতে দেরি হবে। সবাইকে নিয়ে কমপক্ষে কুড়িবার আমরা মাননীয় মন্ত্রীমহাশয়ের সঙ্গে এই ব্যাপারে দেখা করেছিলাম। যাতে অবিলম্বে এই রাস্তাটার কাজ শুরু হয় তার ব্যবস্থা করুন। এতে মানুষের সুবিধা হবে, আর না হলে পাবলিক আমাদের বিশ্বাস করবে না, বলবে ভাওতা দিচ্ছে। বজবজ ট্রাঙ্ক রোড সুন্দরভাবে করার ব্যবস্থা করুন। এই আমার দাবি।

[12.50—1.00 p.m.]

শ্রী ইউনিস সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমানে রাজ্যের ধানের দাম ৩৮০ থেকে ৩৯০ টাকা পার কুইন্টাল, অথচ মিনিমাম সাপোর্ট প্রাইস ৫৩০ টাকা পার কুইন্টাল। অবিলম্বে ধান কেনার বিকল্প ব্যবস্থা করা উচিত। এই অবস্থার মধ্যেও রাজ্য সরকার ৬ লক্ষ টন ধান কেনার সিদ্ধান্ত নিয়েছে। এখনও এফ.সি.আই. বাজারে ধান কিনতে শুরু করেনি। অবিলম্বে যাতে এফ.সি.আই. ধান কিনতে শুরু করে, সেই জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনার কুলপি ব্লকে রামকৃষ্ণপুর হাইস্কুলে দীর্ঘদিন ধরে নির্বাচন হচ্ছে না। ডি.আই. দক্ষিণ ২৪-পরগনা, ডি.এস.পি. এবং বোর্ডকে বারবার জানানো সত্ত্বেও নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে না। ফলে সেখানে উন্নয়ন ব্যাহত হচ্ছে, বিভিন্ন রকম অনৈতিক পরিবেশের সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আগেও জানিয়েছিলাম, এবারেও বলছি, ওই বিদ্যালয়ে যাতে গণতান্ত্রিক পরিবেশ ফিরে আসে তার ব্যবস্থা করুন।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, মিলিটারি সার্ভিসে, ডিফেন্স সার্ভিসে চাকরির পরীক্ষা দিতে গেলে বি.ডি.ও., এস.ডি.ও. বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছ থেকে পারমানেন্ট রেসিডেন্সিয়াল সার্টিফিকেট

লাগে। সম্প্রতি হোম পলিটিক্যাল থেকে একটা সার্কুলার দেওয়া হয়েছে, তাতে বলা হয়েছে নন-বেঙ্গলি ক্যান্ডিডেটদের ক্ষেত্রে ডি.এম.-কে একটা ফর্মে দরখাস্ত করতে হবে, তারা এনকোয়ারি করে পার্মানেন্ট সিটিজেনশিপ সার্টিফিকেট দেবে। কিন্তু বেঙ্গলি ক্যান্ডিডেটদের ক্ষেত্রে এরকম কোনো নিয়ম নেই। কিন্তু আমাদের কালীগঞ্জে এরকম মৌখিকভাবে বলে দেওয়া হয়েছে যে, পার্মানেন্ট রেসিডিনসিয়াল সার্টিফিকেট না থাকলে পারমিশন দেওয়া হবে না। ফলে এলিজিবেল ক্যান্ডিডেটরাও লাইনে দাঁড়াতে পারছে না এবং চাকরিতে জয়েন করতে পারছে না। একটা গুরুতর সমস্যার সৃষ্টি হয়েছে। এলাকার ১০।১১টি ছেলে আমার কাছে এসেছিল। আমি বি.ডি.ও., এস.ডি.ও.দের সাথে দেখা করেছি, কিন্তু কোনো সুরাহা হয়নি। বিষয়টির প্রতি দৃষ্টি দেওয়ার জন্য মন্ত্রিমহোদয়কে অনুরোধ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আজকে চার মাস যাবৎ আমার বিধানসভা কেন্দ্র ক্যানিং-১ ব্লকে কেরোসিন ঠিকমতো সাপ্লাই নেই। অথচ সেখানে ১৭,০০০ টাকা ঘুষ দিয়ে ২০,০০০ লিটার তেল পাচার করা হয়েছে, প্রপার ক্যানিংয়ে যাচ্ছে না। গত আগস্ট মাসে ৪১ হাজার লিটার তেল কম পেয়েছে, সেপ্টেম্বরে ৭০ হাজার লিটার, অক্টোবরে ৪০ হাজার লিটার, নভেম্বরে ৭৬ হাজার লিটার তেল কম পেয়েছে। অথচ ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন থেকে এই সমস্ত তেল তুলে নিয়ে কালোবাজারে বিক্রি হচ্ছে। সাব-ডিভিশনাল কন্ট্রোলার বলেছেন ক্যানিংয়ের লোকেরা ৭০০ গ্রাম করে তেল পাবে। এদিকে কলকাতায় যেখানে আড়াই লিটার, অন্যান্য জায়গাতেও বেশি পাচ্ছে, সেখানে ক্যানিংয়ে কেন ৭০০ গ্রাম পাবে ? আবার বলা হচ্ছে রেশনকার্ড না থাকলে পাওয়া যাবে না। লাল কার্ডেরও ব্যবস্থার কথা বলা হয়েছিল সেই কার্ডের মাধ্যমে তেল দেওয়া হচ্ছে ৯ টাকা ৪০ পয়সায়। যেখানে সাড়ে ১০ টাকায়, ১১ টাকায় দেওয়া হচ্ছে। মাসে ৪ বার কেরোসিন তেল দেওয়ার কথা, সেখানে মাসে দুবার করে দেওয়া হয়েছে। আমি মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রত্যেক সপ্তাহে যাতে মাথাপিছু তেল পায় তার জন্য অনুরোধ করছি।

শ্রীমতী কুমারী কুজুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন যে, আমার বিধানসভা কেন্দ্র মাদারিহাটের রাঙ্গালিবাজনা গ্রাম পঞ্চায়েতের একটা ছোট গ্রাম কলাইবাড়ি, সেখানকার ৬১৮ জন আদিবাসী মানুষ কালীপুজো উপলক্ষে গরুর দুধের প্রসাদ খেয়ে আক্রান্ত হয়েছে জলাতংক রোগে। ওই গরুটিকে কুকুরে কামড়ে ছিল এবং মারাও যায়। ওই এলাকার বি এম ও এইচের সঙ্গে দেখা করলে তিনি এ আর ভি ইনজেকশন নেওয়ার জন্য পরামর্শ দিয়েছেন। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমার আবেদন, এই গ্রামে বিশেষ মেডিকেল টিম পাঠিয়ে প্রত্যেক গ্রামের মানুষকে জলাতংক রোগের হাত থেকে বাঁচানোর জন্য এ আর ভি ইনজেকশন দেওয়ার ব্যবস্থা করুন। ওখানকার মানুষজন ডি এমের মারফত স্বাস্থ্যমন্ত্রীর কাছে তাদের আবেদন জানিয়েছে।

শ্রী তন্ময় মণ্ডল : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, রাজারহাট-গোপালপুর পৌরসভায় দু হাজার এক সালের জানুয়ারি মাস থেকে দু হাজার এক সালের এপ্রিল পর্যন্ত দু হাজারের বেশি কর্মচারী নিয়োগ করা হয়েছে। এই কর্মচারী যখন নিয়োগ করা হয়েছিল, তখন বিধানসভার নির্বাচন ছিল। তারা সেই কাজ করেছিল। দেওয়াল লিখন, পোস্টার মারা, মিটিং-মিছিল ইত্যাদির কাজ করছিল। এমনকি নির্বাচনের দিন আগ্নেয়াস্ত্র নিয়ে বুথে বুথে তারা ছিল। এই কর্মচারীদের বেতন দিতে প্রায় ৫০ লক্ষ টাকা ব্যয় করা হয়। অথচ ওই এলাকার উন্নয়ন ব্যাহত হচ্ছে টাকার অভাবে। মাননীয় পৌরমন্ত্রী বারবার বেআইনি নিয়োগ সম্পর্কে পৌরপ্রধানকে সতর্ক করেছেন। কিন্তু তিনি সতর্ক হননি। এখনও দু হাজারেরও বেশি কর্মচারী বহাল আছেন। মাননীয় পৌরমন্ত্রী এত বলা সত্ত্বেও তাঁকে উপেক্ষা করা হচ্ছে। তাই আমি আবেদন করব রাজ্য সরকার এই ব্যাপারে একটি নির্দিষ্ট ব্যবস্থা নিক। এই ব্যাপারে আমি দুবার পৌরমন্ত্রীকে চিঠি দিয়েছি। তিনি বলেছেন যে, প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। কিন্তু এখনও পর্যন্ত কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। তাই আপনার মাধ্যমে এই ব্যাপারে রাজ্য সরকারের কাছে এই ব্যাপারটা সম্পর্কে পরিষ্কার করে বলার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ যে, আগামী দু হাজার সাত সালের মধ্যে পশ্চিমবঙ্গের প্রতিটি মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে। তারই অঙ্গ হিসেবে নন্দীগ্রামে বিদ্যুতায়নের কাজ চলছে। কিন্তু দুর্ভাগ্য যে, নন্দীগ্রামে একটাও কল সেন্টারের অফিস নেই। বিদ্যুৎ গ্রাহকদের বিদ্যুতের বিল ২৪-২৫ কিলোমিটার গাড়িতে যাত্রা করে চণ্ডীগ্রামে গিয়ে জমা দিতে হয়। তাই বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন—নন্দীগ্রামের আমতলা টেঙ্গুয়ায় একটা কল সেন্টার-এর অফিস খোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

[1.00—1.10 p.m.]

শ্রী সৌগত রায় : স্যার, একটা সিরিয়াস ব্যাপার হচ্ছে আজকাল। সি পি এম যুব নেতা হত্যার দায়ে সি পি এমের নেতাকে গ্রেপ্তার করা হচ্ছে। গোসাবার একজন সি পি এম নেতা সুধাংশু মাইতি তাঁকে আরামপুরে খুন করা হয়েছে এবং খুনের অভিযোগে আরেক নেতা হাকিম মোল্লাকে গ্রেপ্তার করা হয়েছে গতকাল রাতে। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার হাকিম মোল্লা এর আগে সি পি এমের লোকাল কমিটির সেক্রেটারি ছিল এখন তার স্ত্রী লোকাল কমিটির সেক্রেটারি। হাকিম মোল্লা বিরাট একজন ডাকাত সুন্দরবনের ত্রাস অথচ সি পি এম তাকে এতদিন রেখে দিয়েছিল। সুধাংশু মাইতি মারা গেলে তার শোকসভা করেছে সি পি এম, সেখানে বলা হয়েছে আর.এস.পি.-র লোকেরা তাকে মেরেছে, কিন্তু এখন দেখা যাচ্ছে আর.এস.পি-র লোকেরা মারেনি, সি পি এমের লোকেরা মেরেছে। হাকিম মোল্লাকে গ্রেপ্তার করা হয়েছে। এখন সি পি এমের জেলা কমিটির সেক্রেটারি বলছে যে আইন আইনের পথে চলছে। আজকে যারা ডাকাত, সুন্দরবনের ত্রাস, পার্টির লোকদের যারা

খুন করে তারাই আজকে সি পি এমের লোকাল কমিটির সেক্রেটারি হচ্ছে, আরও একজন রাজ্যের মন্ত্রী যিনি সুন্দরবনে গিয়ে সন্ত্রাস করছেন। আজকে তাই আমরা এ বিষয়ে একটা হোয়াইট পেপার প্রকাশ করা হোক বলে দাবি জানাচ্ছি।

শ্রী ভূতনাথ সোরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সেচ ও জলপথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় সাত বছর আগে সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের উদ্‌বোধন করা হয়েছিল। আজ পর্যন্ত ব্যারেজ প্রকল্পের পরিকাঠামোগত কাজ ছাড়া মূল কাজ এখনও শুরু করা যায়নি। ফলে এই ব্যারেজ প্রকল্পের যে এলকাগুলোতে সেচের ব্যবস্থা করা হবে বলা হয়েছিল সেটা হয়নি। ওই সমস্ত এলাকার মানুষের মধ্যে সন্দেহ জেগেছে। আমার অনুরোধ অবিলম্বে ওই ব্যারেজ প্রকল্পের কাজ যাতে তাড়াতাড়ি শুরু হয়।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজ তিন মাস ধরে জয়পুরে পানীয় জল সরবরাহ বন্ধ হয়ে আছে। সেখানকার দপ্তরে স্থানীয় মানুষ অভিযোগ জানানো সত্ত্বেও এখনও জল সরবরাহের কোনো ব্যবস্থা হয়নি। সেখানকার মানুষ পয়সা দিয়ে জল কিনে খাচ্ছে। দালাল, ফোড়ে, এরা জল বিক্রি করছে। তিন মাস ধরে জল সরবরাহ বন্ধ এর একটা সুরাহা হওয়া দরকার বলে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুব্রত ভাওয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি অকার্ষণ করছি। যে বিষয়টা আমি বলতে চাই ইতিপূর্বে এখানে আলোচিত হয়েছে এবং আমি ব্যক্তিগতভাবেও মন্ত্রীকে জানিয়েছি কিন্তু কোনো সুরাহা হয়নি। চুপি পূর্বস্থলী রাস্তা একটা গুরুত্বপূর্ণ রাস্তা, কতগুলো শিক্ষা প্রতিষ্ঠান এবং বিভিন্ন অফিস আছে। ওই রাস্তায় চুপি পর্যটন কেন্দ্র তৈরি হচ্ছে। ওখানে হাজার হাজার পাখি আছে, ট্যুরিস্টরা আসে কিন্তু রাস্তাটি খারাপ হওয়ার কারণে গাড়িঘোড়া চলছে না। যাতে রাস্তাটি অবিলম্বে সংস্কার করা হয় তার জন্য দাবি জানাচ্ছি।

ZERO HOUR

শ্রী অসিত মিত্র : স্যার, গতকাল ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডে গেছে, অর্থাৎ বিশ্ব মানবাধিকার দিবস গেছে। এ দিন অত্যন্ত নগ্নভাবে জঘন্য চরিত্রের পরিচয় দিয়ে অত্যাচারী বামফ্রন্ট সরকারের সেচমন্ত্রী এবং পৌরমন্ত্রী তাঁরা বেলেঘাটা এলাকায় আড়াই মাইল জায়গা থেকে ঝুপড়ি উচ্ছেদ করেছেন। শুধু র‍্যাফ দিয়ে পুলিশ দিয়েই নয় বামফ্রন্টের গুণ্ডারা সেখানে আগুন লাগিয়ে দিয়ে মানুষকে পুড়িয়ে মারার চেষ্টা করেছেন। আমরা উন্নয়নের বিরুদ্ধে নই, আমরাও চাই উন্নয়নের জন্য ঝুপড়ি উচ্ছেদ করা হোক, কিন্তু এই উচ্ছেদ করার আগে এই বস্তিবাসীদের পুনর্বাসনের ব্যবস্থা সরকারকে গ্রহণ করতে হবে। তা না করে সরকার যদি র‍্যাফ দিয়ে, আগুন লাগিয়ে তাদের পুড়িয়ে মারার চেষ্টা করে তাহলে সেই মানুষরাই এই সরকারকে আগুন নিক্ষেপ করার চেষ্টা করবে। আমি এদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সেচমন্ত্রী এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে এই বস্তিবাসীদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক।

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উত্থাপন করছি। আমি অবাক হয়ে গেলাম কংগ্রেসের নেতা মানবাধিকার দিবস নিয়ে এখানে নিজেকে মেলে ধরলেন বেলেঘাটার বিষয় নিয়ে। জাতীয় কংগ্রেস সম্পর্কে গুজরাটের স্বঘোষিত অধিপতি নরেন্দ্র মোদী বলেছেন যে যদি গুজরাটে কংগ্রেস জেতে তাহলে উৎসব করবে ইসলামাবাদ, আর যদি বি.জে.পি. জেতে তাহলে দেশবাসী উৎসব করবে। এই উক্তি যিনি করেছেন তাঁর হাত রক্তাক্ত, ২৭শে ফেব্রুয়ারি অনেক প্রাণ নিধন করেছেন। এটা রাজ্যের বিষয় শুধু নয়, এটা দেশের ধর্মনিরপেক্ষতার বিষয়। গতকাল গুজরাটের ভাবনগরে সংখ্যালঘুদের ভয় দেখানো হয়েছে। আমাদের পার্টির প্রার্থী অরুণ মেহেতাকে ভোট যাতে না দিতে পারে তার জন্য সংখ্যালঘুদের ভয় দেখানো হয়েছে হুমকি দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি এটা কোনো একটা রাজ্যের সীমাবদ্ধ নয়, আমাদের ধর্মনিরপেক্ষতার বিরুদ্ধে একটা হুংকার। এর বিরুদ্ধে গণতন্ত্রপ্রিয় মানুষ সোচ্চার হবেন এই আশা করছি। আগামীকাল গুজরাটের মানুষ এর বিরুদ্ধে রায় দেবেন সেই আশাই করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : স্যার, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গে যত অ্যাংলো ইন্ডিয়ান স্কুল আছে তারা কম বেসিক-পে দেখিয়ে সরকারের কাছ থেকে ১৪১ পারসেন্ট করে ডি এ নিত। ১৪১ থেকে যখন ৪১ পারসেন্ট কমল তখন তারাও সঙ্গে সঙ্গে টিউশন ফি নিজেদের ইচ্ছামতো বাড়িয়েছে, বিশেষ করে দার্জিলিং-কার্সিয়াং-এর যত স্কুল আছে সব স্কুলেই। ডি.এ. যখন কম পাচ্ছিল তখন টিউশন ফি ৬০০ টাকা ছিল, সেটাকে ৫০ পারসেন্ট বাড়িয়ে ৯০০ টাকা করেছে। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি, আমি জানতে চাইছি হোয়াই গভর্নমেন্ট কীপ সাইলেন্স ইন দিস রিগার্ডস ? তাই আমি শিক্ষামন্ত্রীর এবং সরকারের তরফ থেকে অত্যধিক টিউশন ফি রেইজের ব্যাপারে হস্তক্ষেপ করার আবেদন জানাচ্ছি।

[1.10—1.20 p.m.]

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, মুর্শিদাবাদ শহরের বারপাথর ক্যান্টনমেন্টে ১৩টা পাড়া রয়েছে। সেখানে ১৯৫০ সাল থেকে ৫ হাজার পরিবার জমি কিনে বাড়ি করে রয়েছে। কিন্তু ওই সমস্ত জায়গা এখন ১৯৯৬ সাল থেকে খাস বলে ডিক্লেয়ার করা হয়েছে। এতদিন পর সরকার বলছে লিজ দেবে। প্রায় ৫০ লক্ষ টাকা জমাও করেছে। ১৯৭৬ সাল থেকে ৯৯ বছরের লিজ পাবে প্রত্যেককে বলা হচ্ছে। কিন্তু ওখানে যারা ৫০ বছর থেকে বসবাস করছে তারা সবাই সরকারকে স্ট্যাম্প ডিউটি দিয়ে জায়গা কিনেছে, খাজনাও দিচ্ছে এবং দলিলও আছে। অথচ ওই জায়গা ৫০ বছর পর ১৯৯৬ সাল থেকে খাস বলে ডিক্লেয়ার করা হল। এই রকম অবস্থায় ওখানে যে পরিবারগুলো রয়েছে তারা বিপদের মধ্যে পড়েছে। তারা লিজ পাচ্ছে না বা বিক্রি করতে পারছে না। এই

ব্যাপারে যাতে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য আমি মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের, বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের উত্তরবঙ্গে তরাই ও দার্জিলিং মিলিয়ে মোট ১৯টি চা-বাগান বন্ধ। এর ফলে ৪০ হাজার পরিবারের ২ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। তারা ৫ মাস ধরে স্টার্ভেশনে রয়েছে। এ.সি.এম.ও.এইচ রিপোর্ট দিয়েছেন আলিপুরদুয়ারে ইতিমধ্যে ম্যাল নিউট্রিশনে এবং স্টার্ভেশনে ২১ জনের মৃত্যু হয়েছে। আমরা চাইছি অবিলম্বে চা-বাগান এবং কারখানাগুলো খোলা হোক। এ ব্যাপারে সরকার লেবার ডিপার্টমেন্টের মাধ্যমে ব্যবস্থা নিক। যতদিন পর্যন্ত চা-বাগানগুলো চালু না করা যাচ্ছে ততদিন পর্যন্ত ওখানে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি নেওয়া হোক। চা-বাগানগুলো বর্তমানে পঞ্চায়েতের মধ্যে এসে যাওয়াতে এই কর্মসূচি নেওয়াতে কোনো সমস্যা হওয়ার কথা নয়। মানুষগুলো যাতে অনাহারে এবং হেল্‌থ হ্যাজার্ডে মারা না যায় তার জন্য ব্যবস্থা নেওয়া হোক। জলপাইগুড়িতে ইতিমধ্যে আন্ত্রিকে ১ লক্ষ মানুষ আক্রান্ত হয়েছে এবং ১০৬ জনের মৃত্যু হয়েছে গত ৫ মাসে। সঙ্গত কারণেই আমরা চাইছি এ ব্যাপারে গুরুত্ব দিয়ে সরকার হস্তক্ষেপ করুন। শুধু লেবার ডিপার্টমেন্টের উপর ভরসা করে বসে থাকলে যেভাবে ১৯টা কারখানা বন্ধ হয়ে গেছে সেইভাবে ২৯টা, ৩৯টা, ৪৯টা কারখানা বন্ধ হয়ে যাবে। উত্তরবঙ্গে চা-শিল্প ছাড়া অন্য কোনো শিল্প নেই। তাই এই শিল্পকে যাতে গুরুত্ব দিয়ে দেখা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি-বিপণন দপ্তরের মাননীয়া মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কান্দি মহকুমায় সদ্য আর.এম.সি. স্থাপিত হয়েছে। সেখানে দক্ষিণখণ্ড বলে একটা জায়গায় জোর করে পয়সা আদায় করা হচ্ছে। সেখানে সোনা নন্দি বলে একজন মুদিখানার দোকানদারের কাছ থেকে ওইভাবে পয়সা নেওয়া হয়েছে। এইভাবে যারা কান্দি, সালার বা ভরতপুর থেকে মাল কিনেছে তাদের থেকে টাকা নেওয়া হচ্ছে এবং ছোট ছোট ব্যবসায়ীদের কাছ থেকেও পয়সা নেওয়া হচ্ছে। এতে ওই ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই বিষয়ের প্রতিকারের জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মালদা জেলা হাসপাতালে টেন্ডার ছাড়াই আপনার স্বাস্থ্য দপ্তর প্রধানমন্ত্রী গ্রাম রোজগার যোজনা খাতে ৬৩ লক্ষ টাকারও বেশি টাকা দিয়ে উইদাউট টেন্ডারে আসবাবপত্র, ওষুধ ও চিকিৎসাক্ষেত্রে দরকারি জিনিস কিনেছে। মালদা জেলা পরিষদের সভাধিপতির নির্দেশে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক অত্যন্ত গোপনে নিয়ম বহির্ভূতভাবে কলকাতার একটি সংস্থাকে ওই বরাদ্দ পাইয়ে দিয়েছে। এই ব্যাপারে ডিস্ট্রিক্ট হেল্‌থ কমিটি টোটালি অন্ধকারে। ডি.এম-ও এই কমিটির মেম্বার, আমি নিজেও এই কমিটির মেম্বার আছি। ডি.এম.-কে এই ব্যাপারে জিজ্ঞাসা করলে এর কোনো উত্তর দেননি, তিনি বলেছেন সভাধিপতি এই ব্যাপারে আপনাকে বলতে পারবেন। স্যার, যে কোনো

সরকারিভাবে যদি ১ লক্ষ টাকার কাজ হয় সেক্ষেত্রেও সরকারিভাবে টেন্ডার করাটা বাধ্যতামূলক। স্যার, এখানে ৬৩ লক্ষ ১৫ হাজার ২ শত ৮৭ টাকা ৫০ পয়সার এই সমস্ত জিনিসপত্র কিনেছেন উইদাউট টেন্ডারে। উইদাউট টেন্ডারে এতগুলি টাকা দেওয়া হল কিভাবে এই ব্যাপারে আমি স্যার, উচ্চপর্যায়ের তদন্তের দাবি করছি। টেন্ডার না করে এই টাকা দেওয়ার ফলে মাঝখানে প্রচুর টাকার লেনদেন হয়েছে বলে আমি মনে করি। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই ব্যাপারে যাতে তদন্ত হয় এবং দোষী ব্যক্তিদের শাস্তি দেওয়া হয় এই দাবি করছি।

শ্রী সৌগত রায় : স্যার, এই হাউসে এর আগে একটি বিল পাশ করেছিল ওয়েস্ট বেঙ্গল ওয়াটার রিসোর্সেস কনজার্ভেশন প্রোটেকশান অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যাক্ট, ২০০০। আমার মনে হয় নন্দবাবু বিলটা এনেছিলেন আমি এর সমর্থনে বক্তব্য রেখেছিলাম। মাটির তলার জল যেভাবে ক্ষয় হয়ে যাচ্ছে, আজকে এই জলসম্পদের উপর নিয়ন্ত্রণ করা উচিত। কিন্তু সেই বিলটা রাষ্ট্রপতি ফেরত পাঠিয়েছে। আমি ভেবেছিলাম এই হাউসে সেটা প্লেস্ড হবে কিন্তু বামফ্রন্ট সরকারের দুই মন্ত্রীর ঝগড়ার ফলে সেই বিলটা পেশ করা যাচ্ছে না। সেচমন্ত্রী নাকি বলেছেন জলটা হচ্ছে তাঁর সম্পত্তি। তিনি যদি ক্ষুদ্র সেচ দপ্তরকে দিয়ে বিলটা পাশ করে দেন তাহলে তার সম্পত্তির উপর হস্তক্ষেপ করা হবে। এই নিয়ে দুই মন্ত্রী নাকি মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছেন, এটা কাগজে বেরিয়েছে। রাজ্যের জন্য এই বিলটা জরুরি ছিল। প্রত্যেক এলাকায় মাটির তলা থেকে কিভাবে জল তোলা হবে সেক্ষেত্রে যে নিয়ন্ত্রণের দরকার ছিল তার ফলে যে রাজ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে এটা দেখা দরকার। একেই তো ৮টি জেলা আর্সেনিক আক্রান্ত। তার উপরে জলস্তর কমে যাচ্ছে। সেক্ষেত্রে অবিলম্বে যদি না মাটির তলার জলের উপর নিয়ন্ত্রণ করবার ব্যবস্থা না নিই তাহলে অদূর ভবিষ্যতে জল পেতে মুশকিল হবে। বিভিন্ন জেলায় এই সমস্যা আছে। সেখানে এটা অমলবাবুর সম্পত্তি থাকবে না নন্দবাবুর সম্পত্তি থাকবে তাই নিয়ে চাপান-উতোর, টিভিতে বিবৃতি দিচ্ছে। এইরকম করলে রাজ্যের সর্বনাশ হয়ে যাবে। স্যার, আপনার হাতে অনেক ক্ষমতা আছে। আপনি অবিলম্বে মুখ্যমন্ত্রীকে ডেকে বলুন এই দুই মন্ত্রীর যে ডিসপুট আছে সেই ডিসপুটটা মেটান। এই বিলটা হাউসে পেশ করার ব্যবস্থা করুন। পশ্চিমবাংলায় জলসম্পদের নিয়ন্ত্রণের ক্ষেত্রে মন্ত্রীদের মধ্যে এই প্রকাশ্যে ঝগড়া রাজ্যের স্বার্থে বন্ধ হওয়ার দরকার। মন্ত্রীরা রাজ্যের স্বার্থে দেউলিয়া অবস্থায় একসাথে যাতে কাজ করে এই আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মুস্তাক আলম : মননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী এবং কারাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং হাউসের নজরে আনছি। মালদা জেলায় সম্প্রতি ২টি ঘটনা সারা রাজ্যবাসীকে এবং মালদাবাসীকে এমন একটা পর্যায়ে নিয়ে গেছে কারণ আর.সি. দাস এবং নিমাই দাস এই দুজন মালদা কারাহাজতে মারা গেল সরকারী গাফিলতিতে। ঠিক তার এক মাস থেকে দেড় মাসের মধ্যে ২৯শে অক্টোবর মালদা জেল হাজতে এয়ারসিল কবীর নামে একজন ব্যক্তি

বিনা চিকিৎসায় মারা গেল। রাত্রিবেলা আমরা যাবার পর তাকে হসপিটালে পাঠিয়েছিল। হসপিটাল থেকে রিপোর্ট কালেক্ট করেছি, তারা বলেছে, 'মৃতদেহ আমাদের হসপিটালে পাঠানো হয়েছিল।' আমি মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় কারামন্ত্রীর কাছে আবেদন রাখছি, তিনি সরকারী কর্মচারী ছিলেন, তাঁর পরিবারের একজনকে চাকরি দেওয়া হোক এবং যাদের গাফিলতিতে এই ঘটনা ঘটল তাদের কঠোর শাস্তি দেওয়া হোক। ধন্যবাদ।

[1.20—1.30 p.m.]

শ্রী প্রফুল্লকুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার করিমপুরে একটা গ্রামীণ হসপিটাল আছে। কিন্তু সেই হাসপাতালে এ.আর.ভি.-র খুবই অভাব। যার ফলে ওখানকার মানুষদের খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। ওই এলাকাটি মুর্শিদাবাদ জেলার সীমান্ত সংলগ্ন, ফলে ওই হাসপাতালে প্রচুর রোগী আসে, কিন্তু এ.আর.ভি.-র অভাবে তারা সঠিক চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে ওখানে এ.আর.ভি. পাঠাবার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতদিন যেটা আমরা চিৎকার করে বলছিলাম সেটাই আজকে প্রমাণ হয়ে গেল যে, আমরা ঠিকই বলছিলাম। বিভিন্ন স্কুলে টাকার বিনিময়ে চাকরি দেওয়া হচ্ছে, এটা আজকে কান্তি বিশ্বাস স্বীকার করেছেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে যে চাকরি দেওয়া হচ্ছে সে ক্ষেত্রে টাকা-পয়সার লেনদেন চলছে। দীর্ঘদিন ধরে যেটা আমরা বলে আসছি সেটাই আজকে কান্তিবাবু স্বীকার করেছেন। কাজেই আমি এখানে দাবি করছি যে কমিটি এই সংক্রান্ত আছে তা অবিলম্বে ভেঙে দেওয়া হোক, নতুন কমিটি গঠন করা হোক। এ বিষয়ে টাকা পয়সার লেনদেন বন্ধ হওয়া দরকার, তা না হলে আগামী দিনে এ নিয়ে বিরাট সমস্যার সৃষ্টি হবে। আমি আমাদের দলের পক্ষ থেকে সরকারের কাছে অনুরোধ করছি, সরকার অবিলম্বে এ বিষয়ে অ্যাকশন নিন, যারা টাকা নিয়েছে তাদের শাস্তি দিন।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের শিক্ষা ব্যবস্থার একটা কলঙ্কিত অধ্যায়ের প্রতি শিক্ষামন্ত্রী তথা রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে রাজ্যের লক্ষ লক্ষ অভিভাবক আর্থিক দিক দিয়ে নির্যাতিত হচ্ছেন। দীর্ঘ ২৫ বছর ধরে রাজ্য সরকার শিক্ষা নীতি নিয়ে যে রাজনীতি করেছেন তার ফলে আজকে কলকাতা-সহ রাজ্যের প্রাইভেট স্কুলগুলি—মন্টেসরি, কে-জি থেকে শুরু করে প্রতিটি মিশনারি স্কুল-সহ সমস্ত প্রাইভেট স্কুল, লা মার্টিনিয়ার, সেন্ট জেভিয়ার্স, ডন বসকো, সেন্ট জেমস প্রভৃতি—মাসিক টিউশন ফি, ডেভেলপমেন্ট ফি এবং অন্যান্য চার্জ ৫০০ টাকা থেকে ২০০০ টাকা পর্যন্ত বৃদ্ধি করেছে। রাজ্য সরকারের কাছে আমার প্রশ্ন—এদের ওপর কি আপনাদের কোনো নিয়ন্ত্রণ থাকবে না ? এরা যা খুশি তাই করবে ? একদিকে বামফ্রন্ট সরকার বলেন, তাঁরা গরিব মানুষের স্বার্থে রাজ্য পরিচালনা করছেন। অথচ তাঁরাও তাঁদের

পরিচালনাধীন স্কুলগুলির টিউশন ফি বৃদ্ধি করেছেন। আর তাঁদের সেই দৃষ্টান্তকে সামনে রেখে প্রাইভেট স্কুলগুলি যথেচ্ছ টিউশন ফি বাড়িয়ে দিয়েছে, বিভিন্ন চার্জ, ডেভেলপমেন্ট ফি ইত্যাদি বাড়িয়ে দিয়েছে। এর ফলে রাজ্যের ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা খুবই আর্থিক অসুবিধার সম্মুখীন হয়েছেন। এই অবস্থায় আমি রাজ্যের প্রাইভেট স্কুলগুলির এই কাজে সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

শ্রী নেপাল মাহাতো : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পি.ডবলিউ.ডি. মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন আমার এলাকা ঝাড়খণ্ডের বর্ডারে অবস্থিত। ওখানে পুরুলিয়া—রাঁচি রোডের অবস্থা এতই খারাপ যে যান চলাচলের অযোগ্য হয়ে উঠেছে, বিশেষ করে তুলিন গ্রামের ওপর দিয়ে যে রাস্তা গিয়েছে। রাঁচি থেকে ঝাড়খণ্ডের মন্ত্রীরা গাড়িতে ঘুমোতে ঘুমোতে এসে বর্ডার পার হয়ে তুলিন গ্রামের ৮০ হাত খালের মধ্যে পড়ে। ইতিপূর্বে আমি এ বিষয়ে বারবার আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীকে অনুরোধ করেছি—পশ্চিমবাংলার সম্মানে, পশ্চিমবাংলার স্বার্থে অন্যান্য জায়গায় রাস্তাঘাট ঠিক করতে পারুন, আর নাই পারুন ওই রাস্তাটা অন্তত ঠিক করুন, ওই রাস্তা দিয়ে ঝাড়খণ্ড সরকারের মন্ত্রীরা যাতায়াত করেন। তাঁরা পশ্চিমবাংলায় ঢুকে ৮০ হাত খালে পড়ছেন। আমি পি.ডবলিউ.ডি.-র ইঞ্জিনিয়ার সাহেবদের বলেছি, মন্ত্রীকে বলেছি, কিন্তু এখন পর্যন্ত কোনো প্রতিকার হয়নি। আজকে আবার বলছি অবিলম্বে ওই রাস্তাটা মেরামতের ব্যবস্থা করা হোক।

শ্রী অজয় দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যদিও খোদ শিক্ষামন্ত্রী সম্প্রতি মালদায় আমরা যে অভিযোগগুলি করেছি—তিনি স্বীকার করেছেন যে স্কুল সার্ভিস কমিশনে চরম দুর্নীতি চলেছে। আমরা এই অভিযোগ গোড়া থেকেই করছি যে যোগ্যতা অনুযায়ী শিক্ষক নিয়োগ হচ্ছে না, অর্থ দিয়ে পোস্টিং দেওয়া হচ্ছে। আমরা দেখলাম খোদ শিক্ষামন্ত্রী কান্তিবাবু বলেছেন, একটা চক্র কাজ করছে এবং ওখানে দুর্নীতি চলছে, অর্থ-তর্থ নিয়ে পোস্টিং দেওয়া হয়েছে। আমি দাবি করছি, মাননীয় মন্ত্রীমহাশয় এটা যদি স্বীকার করে থাকেন তাহলে এই বিষয়ে পূর্ণ তদন্ত করা হোক এবং যারা দোষী তাদের উপযুক্ত শাস্তি দেওয়া হোক। সাথে সাথে দাবি করছি, যোগ্যতা অনুযায়ী শিক্ষিত বেকার যুবক যারা আছে তারা যাতে নিযুক্ত হতে পারে, শিক্ষার সুযোগ পেতে পারে তার জন্য ফ্রেসভাবে সমস্ত জায়গায় ইন্টারভিউ থেকে আরম্ভ করে, কমিটি চেঞ্জ থেকে শুরু করে, পোস্টিং থেকে শুরু করে সরকার যাতে সঠিক সিদ্ধান্ত নেয় তার দাবি জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে হাসপাতালগুলির যে অবস্থা বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় যে সমস্ত বড় বড় হাসপাতালগুলি রয়েছে এবং তার পাশাপাশি যে সমস্ত স্বাস্থ্য কেন্দ্রগুলি রয়েছে সেগুলি এক ভয়ংকর অবস্থায় যাচ্ছে। এর সাথে সাথে উত্তরবঙ্গ থেকে শুরু করে দক্ষিণবঙ্গেও ব্যাপকভাবে ম্যালেরিয়া

এবং কালাজ্বর দেখা দিচ্ছে। গত কয়েকদিন ধরে বীরভূমের মুরারই গ্রামে ব্যাপকভাবে কালাজ্বর হয়েছে। সেখানে হাজার হাজার আবাল-বৃদ্ধ-বণিতা আক্রান্ত হয়েছে। ইতিমধ্যে ৭ জনের মৃত্যু ঘটে গেছে। অথচ এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তর নীরব দর্শক হয়ে আছে। এখনও পর্যন্ত এই ব্যাপারে সরকারের কোনো উদ্যোগ দেখছি না যেখানে একটা গ্রামে মড়ক লেগেছে। আজকে কলকাতায় বলুন, হাওড়াতে বলুন, পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তে, উত্তরবঙ্গ থেকে শুরু করে বিভিন্ন জায়গায় ম্যালেরিয়া ব্যাপকভাবে দেখা দিয়েছে। আমরা তো বলেও কিছু হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বলে দেখুন যদি তাড়াতাড়ি কোনো উপকার হয়। সেখানে অতি সত্বর যাতে ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি গুরুতর অনিয়মের কথা উল্লেখ করছি। কিছুদিন আগে প্রাক্তন যিনি মুখ্যমন্ত্রী সেই মুখ্যমন্ত্রী যে সুযোগ-সুবিধা পান সেটা অন্যান্য প্রাক্তন বিধায়করা যা পান তার থেকে বেশি কিছু পান না—এই নিয়ে অনেক আলোচনা হয়েছিল। তখন সি পি এমের যিনি রাজ্য সম্পাদক তিনি বলেছিলেন, আমরা প্রাক্তন মুখ্যমন্ত্রীর পুরো দায়িত্ব নেব। কিন্তু দেখা যাচ্ছে। এই যে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের একটি চিঠি, সেই চিঠিতে বলা হয়েছে অডিটর আপত্তি করেছেন, কেননা প্রাক্তন মুখ্যমন্ত্রীর ১ লক্ষ ৫৪ হাজার ৯০০ টাকার তার গাড়ির বিল হয়েছে। এটা স্যার, ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের কাগজ এবং অন্যায়ভাবে দেওয়া হয়েছে। স্যার, উনি ৩টি গাড়ি চড়ছেন। আমি ৩টি গাড়ির নাম্বার বলে দিচ্ছি, ডব্লু বি/০২/ই ০০০১, ডব্লু বি/৩০২/ডি ০০০১, ডব্লু বি/০২/জি-০০০১। এর মধ্যে একটি বুলেট-প্রুফ গাড়ি আর ২টি অ্যাম্বাসাডার আছে। আইনত প্রাক্তন মুখ্যমন্ত্রীর যা যা প্রাপ্য তা যদি দিতেন তাহলে তাতে আমার আপত্তি নেই, কিন্তু বেআইনিভাবে কোন হেডে, কোন অধিকারে এইভাবে গাড়ি দেওয়া হয়েছে সেটা আমি জানতে চাই ? এখানে অডিটর জেনারেল আপত্তি করেছেন এই টাকা দেওয়ার জন্য। এখানে পরিষ্কার লিখেছে, on the subject mentioned above I am to state A.G./1, West Bengal has raised objection vide Memo No. mentioned above. স্যার, অডিট অবজেকশন দিয়েছে, আপত্তি করেছে। অডিটর আপত্তি করার পরেও অ্যাডজাসটেড হবে—এটাই আমি জানতে চাইছি রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে ?

শ্রী তপন হোড় : স্যার, সি.এ.জি.-র রিপোর্ট এখনো বিধানসভায় প্লেস হয়নি। তা সত্ত্বেও উনি যেভাবে বললেন সেটা বলতে পারেন না। কাজেই এক্সপাঞ্জ করা হোক—এটাই আমার অনুরোধ।

[1.30—2.30 p.m. including adjournment]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তার দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি। স্যার, বেহালার খালপারের বাসিন্দাদের যেভাবে পুনর্বাসন

ব্যতিরেকে উচ্ছেদ করা হচ্ছে এবং পুলিশ যেরকম নির্মমভাবে তাদের উপর অত্যাচার চালাচ্ছে তা অবিলম্বে বন্ধ করার জন্য আমি দাবি জানাচ্ছি। সেখানকার ৫ হাজার পরিবারের ৩০ হাজার মানুষকে বিনা পুনর্বাসনে উচ্ছেদ করার জন্য অপারেশন চলছে। তাদের ঘরবাড়ি, ঝুপড়ি জ্বালিয়ে দেওয়া হচ্ছে। আজকে সকালেই অরবিন্দ সেতুর নীচে পুলিশ তাদের উপর নির্মমভাবে লাঠিচার্জ করেছে এবং তাতে অনেকে গুরুতররূপে আহত হয়েছেন। সেখান থেকে পুলিশ ৫ জন পুরুষ এবং ৪ জন মহিলাকে গ্রেপ্তার করেছে। স্যার, সুপ্রিম কোর্টে জনবসতি উচ্ছেদ প্রতিরোধ কমিটির পক্ষ থেকে এ সম্পর্কে একটি রিট পিটিশন ফাইল করা হয়েছে এবং তাতে বলা হয়েছে বিনা পুনর্বাসনে এইভাবে উচ্ছেদ করা চলবে না। সেচমন্ত্রী মহাশয়কে আমি বলব, সুপ্রিম কোর্টের নির্দেশসাপেক্ষে অবিলম্বে এই উচ্ছেদের পদক্ষেপ বন্ধ করা হোক।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনার সুন্দরবন এলাকার আইন-শৃঙ্খলা পরিপূর্ণভবে ভেঙে পড়েছে। গোসাবা এলাকাতে বাংলাদেশ থেকে ভুটভুটি চুরিকে কেন্দ্র করে সি পি এম এবং আর এস পি-র দ্বন্দ্বে সি পি এমের মদতপুষ্ট জলদস্যুরা তিনজন আর এস পি কর্মীকে খুন করে। সেখানে তৃণমূলের প্রভাস মণ্ডলকে মার্ডার করা হয়। লাহিড়ীপুর, জেনিয়া, শান্তিগাছি, জেমসপুর, লাখসবাগান, অ্যানপুর প্রভৃতি গ্রামে লুঠপাট চালানো হয় এবং সন্ত্রাসের রাজত্ব কায়েম করা হয়। সেখানে ৪০ জন তৃণমূল কংগ্রেস কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। এই সুযোগে বালি অঞ্চলের আমলামতি মৌজার ১৮ জন বর্গাচাষীর জমির ধান সি পি এমের কুখ্যাত গুণ্ডারা জোর করে লুঠ করে নেয়। বি এল আর ও এই জমির রিসিভার ছিলেন। তিনি এ সম্পর্কে এফ আই আর করা সত্ত্বেও এবং অ্যাডিশনাল এস পি, ও সি-দের বলা সত্ত্বেও সেই ধান সিজ করার ব্যবস্থা করা হয়নি এবং দুষ্কৃতকারী যারা, তাদের গ্রেপ্তার করা হয়নি। সেখানকার এই সন্ত্রাস অবিলম্বে বন্ধ করার দাবি জানাচ্ছি।

শ্রী সেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের কাছে আমার একটি গভীর আশংকা এবং উদ্বেগের কথা জানাচ্ছি। স্যার, এই মুহূর্তে সারা ভারতবর্ষের মানুষের লক্ষ্য গুজরাটের নির্বাচনের দিকে। আগামীকাল গুজরাটে নির্বাচন হবে। গতকাল নির্বাচন সংক্রান্ত সভা-সমিতিগুলির সমাপ্তি ঘোষণা করা হয়েছে। নির্বাচনের প্রাক্কালে বিভিন্ন সভা-সমিতিতে এবারে বি জে পি-র জাতীয় এবং রাজ্য নেতারা যে সব বিষয় তুলে ধরেছেন তাতে গুজরাটের মাটি তাঁরা বিষাক্ত করেছেন। সেখানে প্রধানত হিন্দুত্বের জিগির তুলে তাঁরা প্রচার করেছেন ফলে সেখানে সাম্প্রদায়িক সম্প্রীতির অভাব দেখা দিয়েছে। সেখানে সংখ্যালঘু ভাইদের ওপর আক্রমণ হচ্ছে, অনেকের ঘরবাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে। এইসব ঘটনা আমাদের ভারতবর্ষের গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার আদর্শের উপর চরম আঘাত। অদূর ভবিষ্যতে তা যাতে সারা ভারতবর্ষে ছড়িয়ে না পড়ে সেটা দেখা দরকার। এই আশংকার কথা স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের কাছে রাখছি।

শ্রী মুরসালিন মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গতকাল সুন্দরবন এলাকার গোসাবায় হাকিম মোল্লা খুনের অভিযোগে গ্রেপ্তার হয়েছেন সঠিকভাবে। আমাদের মাননীয় শ্রদ্ধেয় সদস্য বলবেন সি পি আই (এম) খুনীদের প্রশ্রয় দিচ্ছেন। ভারতের মার্কসবাদী কম্যুনিস্ট পার্টি খুনী আসামী মানুষদের পার্টি থেকে বিতাড়িত করেন। হাকিম মোল্লাকেও পার্টি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে অনেকদিন আগে। আমি বিনয়ের সঙ্গে বলতে চাই, রাজনৈতিক কারণে বিকাশ বসুকে যারা খুন করেছে তাদের বিরুদ্ধে কি করবেন ? সত্তরের দশকে চণ্ডী মিত্র খুন হয়েছিলেন। আমরা কি তাঁদের খুনীদের এম.এল.এ. করে নিয়ে আসব ? তাদের আমরা গ্রেপ্তার করব।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি। আমরা আবার ২-৩০ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 2.30 p.m.)

(After recess)

[2.30—2.40 p.m.]

LEGISLATION

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2002

Shri Kanti Biswas : Mr. Deputy Speaker Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2002.

(Secretary then read the Title of the Bill)

Shri Kanti Biswas : Mr. Deputy Speaker Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2002 be taken into consideration.

শ্রী নির্বেদ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ আনা হয়েছে দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট, ১৯৬৩-র সংশোধনী হিসাবে। প্রথমে দেখতে পাচ্ছি সংশোধনীর ব্যাপারে যে অবজেক্ট অ্যান্ড রিজিন্স দেওয়া হয় তাতে বলা হয়েছে এই ভদ্রলোক ছিল না, এই ভদ্রলোককে আনতে হবে। সেই জন্য এই বিলটা আনতে হল। একজন ভদ্রলোক বা শুধুমাত্র একটি পদের জন্য লক্ষ্য করে একটা বিল আনা হয় তাহলে সেই বিলের কোনো অর্থ থাকে না। এই ব্যাপারে নিশ্চয়ই মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলবেন। আমি মনে করি বিলের যখন সংশোধনী আনতে হবেই তখন সেই সংশোধনীর সঙ্গে আরো কিছু প্রয়োজনীয় সংশোধনী আনা ভালো। সাম্প্রতিককালে সংবাদপত্রে যেটা বার হচ্ছে, একসময় মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় বলেছিলেন, কলকাতার ছেলেদের রেজাল্ট এবং জেলার ছেলেদের রেজাল্ট নিয়ে যা ঘটছে, তাতে আমার মনে হয় আস্থা নষ্ট

হয়ে যাচ্ছে। সেটা নিয়ে প্রতিবাদ হয়েছিল এবং অনেক সদস্য তাকে সমর্থন করেছিলেন। মূল কথা হচ্ছে কলকাতা হাইকোর্টে একটার পর একটা যে সমস্ত কেস হয়েছে এবং পরবর্তীকালে তার যে রেজাল্ট বার হয়েছে তাতে সন্দেহ ঘনীভূত হয়েছে। এই প্রসঙ্গে না গিয়ে অন্য বিষয়ে গিয়েছেন। এই বিষয়ে দৃষ্টি রেখে যদি এই বিল আনা হত তাহলে এই বিলের আলোচনার প্রয়োজন থাকত। একজন মাত্র ব্যক্তি, কেন তিনি এখানে আসছেন এর কোনো যুক্তি বা কোনো তথ্য এ বিলে দেওয়া হয়নি। শুধুমাত্র প্রেসিডেন্ট অফ দি ওয়েস্ট বেঙ্গল মাদ্রাসা এডুকেশন বোর্ড, তিনি এখানে সাবস্টিটিউটেড হচ্ছেন। একজনকে বাদ দিয়ে নিয়ে এসেছেন অ্যাজ অ্যান এক্স অফিসিও মেম্বার হিসাবে। কোন জায়গায় তাঁকে নিয়ে আসার চেষ্টা করেছেন সেটা বলা আছে সেকশন টুতে— ওয়ান পারসেন অর ওয়ান মেম্বার ডিউলি নমিনেটেড বাই দি মাদ্রাসা বোর্ড। যিনি সেখানে আছেন এবং থাকছেন সেই জায়গার থেকে তাঁকে হঠাৎ করে সরিয়ে প্রেসিডেন্ট, মাদ্রাসা বোর্ডের তাঁকে ঢোকাচ্ছেন। মাদ্রাসা বোর্ডের হাতে যে ক্ষমতা ছিল না, সেই ক্ষমতাটা আপনারা দিলেন। মাদ্রাসা বোর্ডের প্রেসিডেন্টকে পাঠাবেন, কিন্তু এমন একজনকে পাঠাতে পারতেন যিনি প্রেসিডেন্টের ঊর্ধ্বে, হয়তো একজন স্কলার তাঁকে পাঠাতে পারতেন। যিনি হয়তো কিছু কন্ট্রিবিউট করতে পারবেন। এতে আমার মনে হয় সেকেন্ডারি বোর্ডের ক্ষমতা কেড়ে নেওয়া হল। এবং কেড়ে নিয়ে শুধুমাত্র প্রেসিডেন্ট অফ দি ওয়েস্ট বেঙ্গল মাদ্রাসা বোর্ডের জন্য এই পদের সৃষ্টি করা হল। আমার মনে হয় এটা অর্থহীন এবং এই অর্থহীন কাজটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়েই করা হয়েছে। যেমন মুখ্যমন্ত্রী মাদ্রাসা বোর্ডের ব্যাপারে বিভিন্ন জায়গায় বলতে গিয়ে চাপের মুখে পড়ে তাঁর কথা উইথড্র করে নিয়েছিলেন। এবং সেই পরিস্থিতিটাকে কাটিয়ে ওঠার জন্যই মাদ্রাসা বোর্ডের কাছে ফেস লিফট্ করার জন্য এটা করা হয়েছে। সুতরাং ওই ব্যক্তি বা পদ সৃষ্টির কোনো প্রয়োজন আছে বলে মনে হয় না। তারপরে ক্লজ ১৯-এ-তে দেখুন এক্সিকিউটিভ কমিটির ফরমেশানের ব্যাপারে স্কুল কোডের কমেন্টেস্ সঠিকভাবে বলা হয়েছে এক্সিকিউটিভ কমিটির কাজ হচ্ছে সিলেবাস ফাইনালাইজ করা। সিলেবাস অ্যাপ্রুভ করে ফাইনালাইজ করবেন। সিলেবাস কমিটিকে পাঠাবে তারা প্রয়োজনমতো ফাইনালাইজ করে পাঠাবেন। সেখানে কিন্তু এতদিন পর্যন্ত মাদ্রাসা বোর্ডের কোনো সদস্য ছিল না। কিন্তু আজকে সেখানে মাদ্রাসা বোর্ডের প্রেসিডেন্টকে এক্স অফিসিও মেম্বার করা হল কেন বুঝতে পারলাম না। একটা আলাদা বোর্ডের, তার থিয়োলজি, তার ঐসলামিক হিস্ট্রির সিলেবাসের সঙ্গে বোর্ড সেকেন্ডারি এডুকেশনের কোনো মিল নেই। সেখানে যদি কোনো অ্যারাবিক, পার্শিয়ান স্কলার আনতেন তাহলেও হত। তা না করে মাদ্রাসা বোর্ডের প্রেসিডেন্টকে ঢুকিয়ে দেবার কি কারণ থাকতে পারে সেটা বোধগম্য হল না। সেখানে আপনার স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনসে চলে যান—সেখানে পরিষ্কার বলা হয়েছে এই ভদ্রলোক ওখানে ছিলেন না, এখন এই ভদ্রলোক সেখানে থাকবেন এবং সেই ভদ্রলোক বা ব্যক্তির স্বার্থে এই পদের সৃষ্টি করা হয়েছে। সুতরাং এই যে জিনিসটা করা হয়েছে এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই শুধুমাত্র স্টেশনারি নষ্ট করার জন্য অপ্রয়োজনীয়ভাবে এই পদের সৃষ্টি করা হল। সেখানে সিলেবাস ফাইনালাইজ করার জন্য অন্য বোর্ডের প্রেসিডেন্টকে নিয়ে আসাতে কি ভূমিকা থাকতে পারে বুঝতে পারলাম না। যদি বুঝতাম হায়ার সেকেন্ডারি

বোর্ডের লোক আসুক তার মানে আছে, সেখানে একটা যোগাযোগের ব্যাপার আছে। কলেজ ইউনির্ভাসিটির ভাইস চ্যান্সেলর নিয়ে আসলেন তাহলে বুঝব তার একটা ভূমিকা আছে। সেখানে স্কলার হিসাবে উর্দু পার্শিয়ান স্কলার নিয়ে আসতে পারতেন কিন্তু তা না করে একজন মাদ্রাসা বোর্ডের প্রেসিডেন্টকে এক্স অফিসিও মেম্বার হিসাবে পদে নিয়োগ করে ব্যুরোক্রাসির মধ্যে ব্যবস্থাটাকে নিয়ে আসা হল। সেই কারণে আমি এই সংশোধনী বিলটিকে প্রত্যাহার করার জন্য আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

[2.40—2.50 p.m.]

শ্রী মুরসালিন মোল্লা : মধ্যশিক্ষা পর্ষদ সংশোধনী ২০০২ যে বিল মাননীয় শিক্ষামন্ত্রী এখানে পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি। এটা খুবই জরুরি ছিল কারণ আমাদের পশ্চিমবঙ্গে যে কটি শিক্ষা পর্ষদ পরিচালিত হয় তার প্রত্যেকটিতে শিক্ষা পর্ষদের সভাপতি অন্য শিক্ষা পর্ষদের সঙ্গে যুক্ত থাকেন। মাদ্রাসা শিক্ষা পর্ষদের এক্সিকিউটিভ কমিটিতে হায়ার সেকেন্ডারি কাউন্সিলের সভাপতি যুক্ত আছেন, মাধ্যমিক শিক্ষা পর্ষদের সভাপতি যুক্ত আছেন। কিন্তু এই মাধ্যমিক শিক্ষা পর্ষদ এবং উচ্চমাধ্যমিক শিক্ষা পর্ষদ মাদ্রাসার কোনো প্রতিনিধিত্ব নেই। মাননীয় সদস্য শিক্ষার আলোচনায় যে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন, তার মধ্যে একটা অসঙ্গতি, অপূর্ণতা থাকছে। মাদ্রাসা মানে শুধু আর্বি, ফারসি, উর্দু, ইসলামিক ইতিহাস নয়, এটা এককালে ছিল, স্বাধীনতার পূর্বে কিন্তু পরবর্তীকালে মাদ্রাসা শিক্ষার সেই অসঙ্গতি যা আর্বি, ফার্সি, উর্দু, ইসলামিক ইতিহাস থেকে উঠে আসে বিগত ২৫ বছরে, এই প্রাচীন শিক্ষাধারাকে অধুনিক করে গড়ে তোলবার যে প্রয়াস তার সঙ্গে যেটা যুক্ত হয়েছে, উচ্চমাধ্যমিক, মাধ্যমিক, হাই মাদ্রাসার সিলেবাস পাঠক্রম, পাঠ্যসূচির মধ্যে সাড়ে ৮শত বিষয় আছে, এর মধ্যে সাড়ে সাত শত হচ্ছে, যে সমস্ত বিষয়গুলি আছে, বিজ্ঞান, গণিত, পদার্থ বিজ্ঞান, জীব বিজ্ঞান, বাংলা ভাষা, ইংরাজী ভাষার শিক্ষা। এই যে মাদ্রাসার পাঠ্যসূচি, এই পাঠ্যসূচি সম্পূর্ণভাবে মাধ্যমিক পাঠ্যসূচির একই বিষয়কে অনুসরণ করা হয়। কাজেই পাঠ্যমানের আলোচনায় এই শিক্ষা পর্ষদের যাঁরা প্রধান তাঁরা অন্যান্য শিক্ষা পর্ষদগুলির সদস্য থাকুক, যে রকম সঙ্গতি রাখার প্রয়োজন। এবং আমরা ঠিক কতটা বিপদের মধ্যে পড়ে আছি, শিক্ষার আঙ্গিকের ক্ষেত্রে আপনারা দেখেছেন এন সি ই আর টি থেকে শুরু করে সমস্ত গবেষণায় শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে একটা দানবিক আক্রমণ চলে আসছে এবং সেখানে সাম্প্রদায়িক মেরুকরণের চেষ্টা করছে। সংখ্যাগুরু সাম্প্রদায়িক মেরুকরণ তার সঙ্গে সঙ্গে সংখ্যালঘু সাম্প্রদায়িকতার বীজ কোথাও কোথাও ফুটে উঠেছে, তাকে অতিক্রম করে মাদ্রাসা শিক্ষা ধারাকে আধুনিক জীবনমুখী, বিজ্ঞানমুখী করে গড়ে তোলার প্রয়াস মাধ্যমিক শিক্ষা পর্ষদ করছেন, বামফ্রন্ট করছেন। আমরা জানি এই বর্তমান শিক্ষা ধারা এক সময় ছিল যখন এই শিক্ষাধারার বিষয়সূচি বর্তমান শিক্ষা সম্বন্ধে বা ভবিষ্যৎ সম্বন্ধে কোনো চিন্তা ছিল না, কেবল অতীতের বিষয় নিয়ে মগ্ন ছিল, সেই অবস্থা থেকে এখন মাদ্রাসা শিক্ষা বর্তমানে আধুনিকতার দিকে যেভাবে রূপায়িত হচ্ছে, মহামান্য বামফ্রন্ট সরকার উচ্চমাধ্যমিক-এর মাদ্রাসা তৈরি করেছেন, বালিকা মাদ্রাসায় শ্রেণিকক্ষের মধ্যে কম্পিউটার সাইন্স যুক্ত হয়ে যাচ্ছে, কম্পিউটার সাইন্সে

শিক্ষা দেওয়া হচ্ছে। সেই জন্য এখানে বলি, আমাদের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী যেখানে আমাদের জাগ্রত বিবেককে ধরে আনতে চাইছেন প্রতিযোগিতার দিকে নিয়ে গিয়ে, সেই প্রেক্ষাপটে আমাদের মাদ্রাসার শিক্ষা পর্ষদ, মাধ্যমিক শিক্ষা পর্ষদের সঙ্গে, একসঙ্গে সঙ্গতি রক্ষা করে বিজ্ঞানমনস্ক শিক্ষার দিকে যাওয়ার চেষ্টা করছেন, তাদের চেতনাসম্পন্ন শিক্ষা ধারায় যাওয়ার চেষ্টা করছেন, সেই দিক থেকে মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে যে ভাবনা আজ থেকে ত্রিশ বছর আগে ছিল, যা স্বাধীনতার পূর্বকালেও ছিল, তাকে অতিক্রম করে একটা আধুনিক শিক্ষার আঙ্গিকের হিসাবে মাদ্রাসা শিক্ষাকে গড়ে তোলা হয়েছে। উনি কেন বললেন, আমি বুঝতে পারলাম না, শিক্ষা পর্ষদের সভাপতি যাঁরা ছিলেন তাঁরা শিক্ষার মানুষ নন, তাঁরা রাজনীতির মানুষ, এটা কেন বললেন, আমি বুঝতে পারলাম না।

বিভিন্ন পর্ষদের ক্ষেত্রে যাঁরা রয়েছেন তাঁরা সবাই শিক্ষাবিদ এবং মাদ্রাসা শিক্ষা পর্ষদের যিনি সভাপতির আসন অলংকৃত করেছেন তিনি নিজেও শিক্ষাবিদ। এই সংযোগ রক্ষার ক্ষেত্রে যেহেতু পর্ষদের পুরোপুরি দায়-দায়িত্ব, পাঠ্যসূচি থেকে আরম্ভ করে সব কিছুর ক্ষেত্রেই তাঁরা থাকবেন, সেদিক থেকে এই ভূমিকা খুব সঠিক ভূমিকা হিসাবেই পালিত হবে। মাদ্রাসা শব্দটির সঙ্গে সঙ্গে আমরা বুঝি সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, অর্থাৎ তালিবত্রের ছাত্র। ইরান, আফগানিস্থানে এই ছাত্রদেরই তালিবান করে দেওয়া হয়েছিল। সেই অবস্থায় দাঁড়িয়ে আমাদের সরকারের তাদের উন্নত চেতনায় ফিরিয়ে নিয়ে আসাটাই উজ্জ্বলতম ব্যতিক্রম মনে করতে হবে। আমাদের পশ্চিমবাংলায় ৫০৪টি মাদ্রাসা আছে, সেই মাদ্রাসার পাঠ্যসূচির যদি উন্নয়ন করা হয় এবং আগে যে সূচি অনুসরণ করা হত—যাঁরা মাদ্রাসা শিক্ষা সম্পর্কে অনুসন্ধিৎসু—তাহলে তারা দেখতে পাবেন আগেকার শিক্ষা থেকে এখনকার পাঠ্যসূচি আরও বেশি আধুনিক এবং আরও বেশি বিজ্ঞানমুখী হয়েছে। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষাধারার সঙ্গে একটা সম্পৃক্ত অবস্থায় দাঁড়িয়ে আছে। পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদের সঙ্গে মাধ্যমিক শিক্ষা পর্ষদের সংযোগ গড়ে তোলা খুবই জরুরি। পশ্চিমবাংলার ছাত্রসমাজ যে অঙ্গনেই থাকুক না কেন, তাদের চেতনা, তাদের শিক্ষাগত মান, তাদের দৃষ্টিভঙ্গি, তাদের বিজ্ঞান-মনস্কতা একই মাপকাঠিতে দাঁড়াবে। শ্রমজীবী মানুষের পিছিয়ে পড়া যে অংশ মাদ্রাসা শিক্ষায় আসছে, তারা দ্বিতীয় প্রজন্মের সঙ্গে যুক্ত ও আমাদের এই শিক্ষাধারার সঙ্গে যুক্ত হয়ে এগিয়ে যেতে পারবেন। মাদ্রাসা শিক্ষার মধ্যে উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিক বোর্ডের যে পাঠ্যসূচি আছে সেই পাঠ্যসূচিটা যৌথভাবে করলে এবং একই পুস্তক পড়ালে তারা শিক্ষার অঙ্গনে এগিয়ে যেতে পারবে। উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিক বোর্ডের যিনি সভাপতি তিনি মাদ্রাসা বোর্ডের সঙ্গে যুক্ত হলে মত বিনিময়ের ক্ষেত্রে এবং সংযোগ রক্ষার ক্ষেত্রে সঠিক ভূমিকা পালন করবেন। সেই জন্য মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.50—3.00 p.m.]

শ্রী মহবুবুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ড বিল নিয়ে এসেছেন, সেই ছোট্ট সংশোধনীটাকে সমর্থন করব কি করব না

সেটা আমি পরে বলব। তার আগে বলি, নির্বেদ রায় এবং মুরসোলিন মোল্লা যে কথাগুলো বলেছেন তাদের বক্তব্যের কিছুটা আমি গ্রহণ করতে পারছি, কিছুটা গ্রহণ করতে পারছি না। নির্বেদবাবু বললেন একটা ছোট্ট সংশোধনী আনতে এত ঢাকঢোল পেটানোর কী দরকার ছিল। এই ব্যাপারে আমি একমত। কিন্তু নির্বেদবাবু মাদ্রাসা শিক্ষা সম্পর্কে যা বললেন সেই ব্যাপারে আমি একমত হতে পারছি না। হাই মাদ্রাসা সিলেবাসের সঙ্গে মাধ্যমিকের সিলেবাসের অনেকটা মিল আছে। এখানে শুধু অ্যারাবিক হিস্ট্রির ওপর একটা পেপার পড়তে হয় আর ইসলামিক হিস্ট্রিতে ৩০ নম্বর যুক্ত হয়। সেকেন্ডারি বোর্ডের সঙ্গে এক বই মাদ্রাসাতে প্রচলিত আছে। মুরসোলিন সাহেব বললেন ২৫ বছর ধরে। আমি তার সঙ্গে একমত হতে পারছি না। আমি যখন ১৯৭২ সালে এই বিধানসভার সদস্য ছিলাম, তখন মাদ্রাসা বোর্ডেরও সদস্য ছিলাম। ২৫ বছরের আগেই সিনিয়ার মাদ্রাসা, হাই মাদ্রাসা করা হয়েছে। সেটা আপনাদের সময় হয়েছে তা নয়, আগেই করা হয়েছিল। যে সংশোধনী আনা হয়েছে তার অবজেক্টস অ্যান্ড রিজিনও খুব সামান্য। আপনারা ছোট্ট একটা ব্যাপারে একটা বিল নিয়ে এসেছেন। সেকেন্ডারি বোর্ডের সঙ্গে মাদ্রাসা বোর্ডেরও প্রেসিডেন্টকে এক্স অফিসিও মেম্বার এবং একজিকিউটিভ কমিটিরও মেম্বার করলেন। একে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

সেই সঙ্গে স্বশাসিত মাদ্রাসা বোর্ডের ক্ষেত্রে কয়েকটি জিনিস সম্বন্ধে আপনাদের চিন্তা-ভাবনা করতে হবে। যে পাঠ্যপুস্তকগুলো মাদ্রাসাতে পড়ানো হয় এবং সেকেন্ডারি বোর্ডে পড়ানো হয়, সেই পাঠ্যপুস্তকগুলোর রয়্যালটির কিছু অংশ মাদ্রাসা বোর্ডকে দেওয়ার জন্য আবেদন করছি। স্বশাসিত একটি বোর্ড, তার আর্থিক দিকটা ভালো করার বিষয়টিও দেখা দরকার। একটা বোর্ডকে স্বশাসিত করেছেন, কিন্তু রেকগনিশনের ব্যাপারে কৃপণতা দেখাচ্ছেন। আমার বিধানসভা কেন্দ্র চাঁচোল-খড়বাতে বসতপুর কাঞ্চনটোলা মাদ্রাসাতে শিক্ষক আছে, আপনারা কিছু টাকা দিয়েছেন, এম.পি. ফান্ডের টাকাও এসেছে, কিন্তু সেখানে ৯/১০ ক্লাস হচ্ছে না। সেটা না করতে পারলে মাদ্রাসা শিক্ষার উন্নয়ন তো ব্যাহত হবেই।

অপরপক্ষে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় মাদ্রাসা সম্বন্ধে যে সমস্ত মন্তব্য করেছেন তাতে কেন্দ্রের হাতই শক্ত হয়েছে। এখানে আনরেকগনাইজড মাদ্রাসা কত আছে তার কোনো পরিসংখ্যান আপনাদের নেই, কোনো লিস্ট নেই। কতগুলো আলেম, ফাজেল আছে, কতগুলো সিনিয়র মাদ্রাসা, হাই মাদ্রাসা আছে, সেইগুলো গুলিয়ে ফেললে হবে না, তাহলে ভুল করবেন। এই ভুলগুলো শোধরাবার চেষ্টা করবেন। মুখ্যমন্ত্রীকে বলছি, আন রেকগনাইজড মাদ্রাসাগুলিকে রেকগনিশন দিলে মাদ্রাসা শিক্ষা আরও প্রসারিত হবে। অনেক মাদ্রাসাতে দেখা যায় শিক্ষক নেই, সেই পদগুলো পূরণ করতে হবে। তা না হলে শিক্ষার মান উন্নত হবে কী করে ?

যে ছোট্ট অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন, তাকে সমর্থন করছি এবং আগামী দিনে এই মাদ্রাসা শিক্ষাকে দ্রুত এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করবেন, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী কান্তি বিশ্বাস দ্য ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন অ্যামেন্ডমেন্ট বিল, ২০০২ যেটা এনেছেন আমি প্রথমেই তাকে সমর্থন করছি। এটা আসলে একটা রুটিন ব্যাপার। এটাকে খুব সাংঘাতিক কিছু মনে করছি না। কিন্তু এটার দরকার ছিল। প্রয়োজন ছিল। আমাদের বিরোধী দলের বন্ধুরা কেউ কেউ ভাবছেন। ভাবছেন এবং সাথে সাথে ব্যবস্থাটিকে ধরে রাখতে চেষ্টা করছেন। এটা মৌলবাদী ব্যবস্থা। সম্ভবত মৌলবাদী এডুকেশনের সাথে ওদের যোগাযোগ আছে। তারা সবটাতেই ভূত দেখেন। কিন্তু এখানে ভূত দেখার সুযোগ নেই। এটা একেবারে রুটিন। এখানে সিনিয়র মাদ্রাসা আছ এবং হাই মাদ্রাসা আছে। সিনিয়ার মাদ্রাসা হচ্ছে ওয়ান টু ক্লাস টেন পর্যন্ত। আবার হাই মাদ্রাসায় ফাইভ টু ক্লাস টুয়েল্‌ভ হতে পারে। এটা হল সেকেন্ডারি এডুকেশনের কার্যক্রম। শুধু যেটা আছে, সেটা হল কতগুলি ভাষা। আরবি ভাষা। সেটা ফারসি ভাষা হতে পারত। অন্যান্য ভাষাও হতে পারত। তাছাড়া গণতন্ত্রীকরণ, অর্থাৎ হায়ার এডুকেশনে বা সেকেন্ডারি এডুকেশনে এদের প্রতিনিধিত্ব থাকা দরকার। এদের যোগসূত্র থাকা দরকার। আমাদের রাজ্যের বেশ কয়েকটি জেলা সর্বত্র নয়, মুর্শিদাবাদ, মালদা, জলপাইগুড়ি জেলায় মুসলিম ভাই, যারা মাদ্রাসা বা হাই মাদ্রাসায় পড়াশোনা করেন তাদের কিছু অভিযোগ আছে, আমার বন্ধুও বললেন যে, অনেকদিন ধরে মাদ্রাসা চলছে কিন্তু রেকগনিশন নেই। তার মানে ওখানে মৌলবাদীদের আখড়া হয়ে উঠছে। ওখানে অসামাজিক কাজকর্ম হয়ে চলেছে। এগুলিকে নিয়ন্ত্রণ করার জন্য এবং মূল স্রোতে ধরে রাখার জন্য রেকগনিশনের দরকার। যেগুলি সিনিয়র, যেগুলি হাই মাদ্রাসা বা উচ্চমাধ্যমিকে উন্নীত করার দরকার আছে। শিক্ষার যে প্রবলেম গোটা রাজ্যে আছে, বহু বিদ্যালয়েই আছে, শিক্ষক নেই, মাদ্রাসায় নেই, সিনিয়র মাদ্রাসায় নেই, এটাও আমাদের দেখতে হবে যে, আমরা অ্যামেন্ড করলাম, সভাপতি আনলাম, সভাপতি যা করতে চাইছেন, তা করতে পারলাম না, এতে লাভ নেই। যেটা আপনি করতে চাইছেন, গণতন্ত্রীকরণ সেটা করা রুটিন। সেটা আমরা চাইছি। মাননীয় শিক্ষামন্ত্রী উদ্যোগ নিয়েছেন যথাযথ। অনেক মাদ্রাসায় এবং সিনিয়র মাদ্রাসায় এই সব ব্যাপারে যে সমস্ত সীমাবদ্ধতা আছে, সেগুলি দেখবেন। আমরা দেখেছি যে, বহু মাদ্রাসায় সিনিয়র মাদ্রাসায় এম পি ল্যাড থেকে টাকা দিতে হচ্ছে। সেখানে প্রপারলি কাজ হচ্ছে না। আর আমরা দেখেছি হায়ার সেকেন্ডারি স্কুল আছে, ইংলিশ মিডিয়াম স্কুল আছে, নেপালি মিডিয়াম স্কুল আছে। কোনো ব্যাপার নয়। মূল ব্যাপারটা হচ্ছে এই সুযোগে মানুষ আরও বেশি বেশি করে শিক্ষার আলোকে নিজেদের উদ্ভাসিত করবে, আরও বেশি শিক্ষার সুযোগ পাবে, শিক্ষার পরিষেবা যাতে মানুষ, এটা একটা ট্রাডিশনাল এডুকেশন। হাই এডুকেশন। আমি নিজে শিক্ষক হিসাবে মনে করি, আমার যারা বিশ্ববিদ্যালয়ে বন্ধু ছিলেন তারা মাদ্রাসায় শিক্ষকতা করেন যাদের আগে চিন্তা-ভাবনা অন্যরকম ছিল কিন্তু সেই চিন্তা-ভাবনা এখন তাদের নেই। অনেক আধুনিক ব্যবস্থা সেখানে এসেছে। আধুনিক সমস্ত শিক্ষা ব্যবস্থা সেখানে এসেছে, সেখানে কমপিউটার শিক্ষা ব্যবস্থা এসেছে। আমি মন্ত্রী মহাশয়কে বলব সম্ভব হলে ওই সমস্ত ইনস্টিটিউশনে ভোকেশনাল এডুকেশনের সুযোগ গ্রহণ করা দরকার। এই বিলের যে মূল উদ্দেশ্য এদের প্রতিনিধিত্ব নিয়ে আসতে চাইছেন সেটা কিন্তু বুঝতে হবে। এটা ঠিকই যে সভাপতির নামে একটা

আতংকের সৃষ্টি হয়েছে বহু সভাপতি গণতান্ত্রিক ব্যবস্থার তোয়াক্কা করেন না। বহু প্রাইমারি কাউন্সিল আছে যেখানে সভাপতি যেভাবে মনোনীত হন, বোর্ডের সিদ্ধান্ত মানেন না ব্রেক করেন। জলপাইগুড়ি জেলায় অতি সম্প্রতি প্রাইমারি টিচারস্ অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে দেখেছি এইগুলো যে না হয়, যে সুযোগ আসছে তার যেন উলটো-পালটা ব্যবহার না হয় সেটাকে নিশ্চিত করুন। যে বিল আপনি উত্থাপন করেছেন আমি মনে করি এই বিল খুবই সময়োপযোগী। গোটা ভাররতবর্ষে আজকে শিক্ষার নামে মৌলবাদকে কায়েম করার চক্রান্ত চলছে সেটাকে প্রতিহত করার জন্য, শিক্ষা যে মানুষের জন্য—সেই ব্যাপারকে নিশ্চিত করার সুযোগ এসেছে, তাই আমি এই বিলকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[3.00—3.10 p.m.]

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন অ্যামেন্ডমেন্ট বিল ২০০২ উত্থাপন করেছেন একটা সামান্যতম বিষয়কে অবলম্বন করে। ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব মাদ্রাসা এডুকেশন যার সভাপতি হবেন ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনের এক্স অফিসিও মেম্বার এবং এক্সিকিউটিভ কমিটির মেম্বার হবেন। প্রশ্ন জাগে এ তো স্বাভাবিক কারণ যে স্বাধীনতার ৫৩ বছর পরে একটা নিছক সামান্যতম কারণে মাননীয় মন্ত্রীমহাশয় কেন এত আগ্রহ প্রকাশ করলেন। আমরা জানি যে মাদ্রাসা বোর্ড এবং সেকেন্ডারি বোর্ড একটা পৃথক সংস্থা। মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার মধ্যে কিছু কিছু বৈপরীত্য আছে। সমস্তটা না হলেও পঠনপাঠনের সময়সূচি, পাঠ্যক্রম ভিন্ন, মূল্যায়নের মান ভিন্ন। এটা আমরা জানি তা সত্ত্বেও প্রেসিডেন্টের রিপ্রেজেন্টেশন সেকেন্ডারি এডুকেশনের মধ্যে রেখে মন্ত্রীমহাশয় এনেছেন কিন্তু মূল সমস্যাটা কোথায়। মূল সমস্যা থেকে গেছে মাদ্রাসা শিক্ষার মধ্যে এবং সংখ্যালঘু মানুষের মধ্যে থেকে গেছে। মূল সমস্যাটা আমরা জানি সরকার অনুমোদিত যে মাদ্রাসা আছে তার থেকে অনেক গুণ বেশি আছে অননুমোদিত মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা চলছে প্যারালালভাবে। আপনার সরকারের দাক্ষিণ্যের উপর নির্ভর না করে যারা সরকারের দাক্ষিণ্যের উপর নির্ভরশীল না হয়ে বিদেশ থেকে টাকা-পয়সা এনে বিরাট বিল্ডিং করে সরকারের অনুমোদনের অপেক্ষা না করে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে চালু রেখেছেন। এই সমস্যাটা কিন্তু বহুদিনের এবং অনুমোদিত শিক্ষা ব্যবস্থার পাশাপাশি অননুমোদিত শিক্ষা ব্যবস্থা বিভিন্ন পাঠ্যসূচি নিয়ে চলছে। এর মধ্যেই এদের মূল স্রোতে না ফিরে আসার একটা অন্তর্নিহিত বীজ নিহিত আছে।

আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব এই শিক্ষা ব্যবস্থাকে তলিয়ে দেখা উচিত। এ ব্যাপারে খোঁজখবর নিয়ে দেখা উচিত। এবং মূল স্রোতে ফিরে আসার জন্য মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় অননুমোদিত স্কুলগুলি যাদের ছাত্র আছে, বিল্ডিং আছে, শিক্ষক আছে অথচ সরকারের অনুমোদন না নিয়ে তারা স্কুলগুলিকে চালানোর চেষ্টা করছেন সেটা বিপদজনক এই দিকটাও দেখার জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব। এগুলিকে পরীক্ষা করে দেখার জন্য বলব। আজকে প্রেসিডেন্টের রিপ্রেজেন্টেশন সেকেন্ডারি এডুকেশন বোর্ডের

মধ্যে রাখা হয়েছে এটা ভালো কথা, কিন্তু এটা ভাইসভার্সা হতে পারত। মাদ্রাসা বোর্ডের মধ্যে স্কুল বোর্ডের প্রেসিডেন্টকে এক্স-অফিসিও মেম্বার করে আনা যেতে পারত। এতে পরস্পর পরস্পরের স্কুলের সিলেবাস সম্পর্কে জানতে পারতেন। এমন অনেক হিন্দু ছেলে আছে যারা মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় পড়াশোনা করে থাকে, আমার এলাকার অনেক হিন্দু ছেলে আছে যারা মাদ্রাসা বিদ্যালয়ে শিক্ষা করে। এতে তারা পরস্পরের পরিপূরক হতে পারত। এদিকটা মাননীয় মন্ত্রীমহাশয়কে খতিয়ে দেখতে বলব। মাননীয় মন্ত্রীমহাশয় একটা নিছক প্রেসিডেন্টের রিপ্রেজেন্টেশনের জন্য এই বিল এনেছেন, আজকে শিক্ষা ব্যবস্থার মধ্যে নৈরাজ্য এসেছে, অরাজকতা দেখা দিচ্ছে, শিক্ষা ব্যবস্থায় একটা বৈপরীত্য দেখা দিচ্ছে, সমাজের মধ্যে একটা বিভ্রান্তিকর প্রচার হচ্ছে সেই দিকটাও যাতে মন্ত্রীমহাশয় দৃষ্টি দেন তার জন্য অনুরোধ করব। আমাদের মূল যে সমস্যা পঠন-পাঠনের যে সমস্যা, স্কুল নিয়ে সমস্যা বিভিন্নভাবে দেখা দিচ্ছে। আজকে হাইস্কুল থেকে আরম্ভ করে হায়ার সেকেন্ডারি স্কুল থেকে আরম্ভ করে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার মধ্যে গড়ে ৬ জন করে শিক্ষক প্রতি হাইস্কুলগুলিতে দেওয়া দরকার। সেগুলি দেওয়া বাকি আছে। স্কুল সার্ভিস কমিশন থেকে যে সমস্ত শিক্ষক নিয়োগ করা হচ্ছে তা নিয়ে বিভিন্ন স্কুল অন্যায়ভাবে দাবি করছে এবং অ্যাপ্রুভ্যাল পাওয়ার ক্ষেত্রে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অনেক সময় ডি আই অফিসে হয়রানি করা হচ্ছে, উৎকোচ চাইছে। অ্যাপ্রুভ্যালের অভাবে মাহিনা বাকি পড়ে আছে। আজকে ছাত্র ভর্তির সমস্যর একটা ভয়ংকর সমস্যা হয়ে উঠেছে কি মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায়, কি সেকেন্ডারি স্কুল শিক্ষা ব্যবস্থায় সর্বত্র। আজকে তপশিলি আদিবাসী সম্প্রদায়ের মানুষদের সুযোগ-সুবিধা পাওয়ার কথা বলছেন, কিন্তু সংখ্যালঘু, অনগ্রসর সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের কোনো আর্থিক সহায়তা দেওয়ার ব্যবস্থা মন্ত্রীমহাশয় করতে পারেননি। এটা দুঃখের এবং পরিতাপের। তাই আমি অনুরোধ করব আপনি এই সামান্য সমস্যা কাটানোর পরিবর্তে যেগুলি জরুরি সমস্যা সেগুলি সম্পর্কে চিন্তা-ভাবনা করুন। বিদ্যালয়ে ছাত্রী ভর্তির সমস্যা থেকে আরম্ভ করে গ্রুপ-ডি স্টাফের সমস্যা—অনেক সময় স্কুলে গ্রুপ-ডি স্টাফ দেওয়া হয় না, সেখানে শিক্ষক মহাশয়দের গ্রুপ-ডি স্টাফের কাজ করতে হচ্ছে, এটা দুঃখের। পরিশেষে এই অ্যামেন্ডমেন্টকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.10—3.20 p.m.]

শ্রী পরশ দত্ত : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আজকে যে 'ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন, ২০০২' যে বিল আনা হয়েছে সে বিল সম্পর্কে আমার কতগুলি কথা বলার আছে সেটা হচ্ছে এটা একটা কসমেটিক চেঞ্জ হচ্ছে। আমার পূর্ববর্তী বক্তা কালীপদবাবুর কথাকে সমর্থন করে বলছি যে মাদ্রাসা বোর্ডের প্রেসিডেন্টকে সেকেন্ডারি বোর্ডের এক্স-অফিসিও মেম্বার করা হচ্ছে এটা ভালো কথা, এটা ইন্টিগ্রেড করবে দুই ধরনের শিক্ষা ব্যবস্থার মধ্যে। ঠিক উল্টোটাও করা দরকার। সেকেন্ডারি বোর্ডের প্রেসিডেন্টকে মাদ্রাসা বোর্ডের একজন সদস্য করে রাখার দরকার। আমি জানি না আজকে কেন এই কসমেটিক চেঞ্জ করা হচ্ছে ? অনেকগুলো বিষয় কিন্তু ছিল যেগুলো সেকেন্ডারি এডুকেশন বোর্ডের অবিলম্বে করা দরকার ছিল। গত কয়েক মাসে দেখেছেন সেকেন্ডারি

এডুকেশন বোর্ডে কী কেলেংকারি হয়েছে। বোর্ডের সভাধিপতিকে রিজাইন পর্যন্ত করতে হয়েছে সেই কেলেংকারির পরিপ্রেক্ষিতে। আমি আশা করেছিলাম মাননীয় মন্ত্রীমহাশয় এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের সদর্থক পদক্ষেপ এখানে রাখবেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় তা তিনি রাখলেন না। এবং হঠাৎ করে মাদ্রাসা বোর্ডের প্রেসিডেন্টকে সেকেন্ডারি বোর্ডের এক্স-অফিসিও মেম্বার করার কী দরকার পড়ল তা বোঝা গেল না। তার থেকে বেশি জরুরি কাজে কিন্তু উনি নজর দিতে পারলেন না। আমার দৃঢ় বিশ্বাস মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে কোনটা অধিকতর গুরুত্বপূর্ণ সেটা বলবেন। আজকে সেকেন্ডারি এডুকেশন বোর্ড বা শিক্ষা দপ্তর বলুন একটা অদ্ভুত অবস্থার মধ্যে দিয়ে চলছে। আজকে মেনশন আওয়ারে আমাদের মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় বলেছেন যে পশ্চিমবাংলার বহু স্কুলের ছাদ নেই, পরিকাঠামো নেই, প্রাইমারি লেভেলে শিক্ষক নেই। এগুলো সবই সরকার স্বীকৃত, অনুদানপ্রাপ্ত বিদ্যালয়। আজকে টাকার অভাবে এগুলো সারানো যাচ্ছে না। আমরা বহু জায়গায় স্কুলগুলোকে এম এল এ, এম পি ফান্ডের টাকা দিয়ে ছাদ সারাই করে দিচ্ছি, পলেস্তরা ঠিক করে দিচ্ছি। কিন্তু আজকে এজন্য সরকারের টাকা নেই বলে, এডুকেশন ডিপার্টমেন্টের বাজেটে টাকা নেই বলে এই কাজ হচ্ছে না। আপনারা এখানে গ্রামে-গঞ্জের অনেক মেম্বার আছেন। গ্রাম-গঞ্জের অনেক স্কুল আজকে পরিকাঠামোর অভাবে নষ্ট হয়ে যেতে বসেছে। এই অবস্থায় কলকাতা শহরের বুকে বড়লোকদের একটা স্কুল, বালিগঞ্জের পাঠভবন স্কুলের জন্য সরকার আড়াই কোটি টাকা ল্যান্ড অ্যাকুইজেশন কালেকটরকে দিয়েছে। এর মধ্যে স্ক্যাম আছে। মধ্যশিক্ষা পর্ষদ তার চিঠিতে বলেছে, চিঠি নম্বর ১৪৮২/বিদ্যালয় শিক্ষা (মাধ্যমিক)/এস ১০ এম-৯৬/২০০২। এই চিঠিতে খুব পরিষ্কার করে সম্পাদক পাঠভবন মাধ্যমিককে লিখছেন যে, পাঠভবনের প্রাথমিক শিক্ষা সরকার স্বীকৃত নয় সেই জন্য সেই শিক্ষক, শিক্ষাকর্মীর প্রতিনিধিত্ব অনুমোদনযোগ্য নয়। এ সত্ত্বেও ডিড অফ লাইসেন্স-এ Form of licence granting use of Government Land to a School authority. সেখানে লেখা হচ্ছে.....This indenture made to the Managing Committee of Secondary Section and Primary Section of Patha Bhavan. যে স্কুল সরকার স্বীকৃত নয়, মধ্যশিক্ষা পর্ষদের স্বীকৃত নয়, কোনোরকম অনুদান সরকারের কাছ থেকে পায় না তাকেও সরকারের আড়াই কোটি টাকার জমির ভাগ দেওয়ার উদ্দেশ্য কি সেটা জনপ্রতিনিধি হিসাবে এবং জনসাধারণ হিসাবে জানার অধিকার আছে। মাধ্যমিক শিক্ষা পর্ষদ এইভাবে চলছে। এইসব অন্যায়-অবিচারকে দেখা হল না, রেকটিফাই করা হল না আবার, পরীক্ষা নিয়ে যা যা হল তাতে তো লজ্জায় মাথা কাটা গেল। আজকে পশ্চিমবাংলার ছেলেরা বাইরে গিয়ে যখন উচ্চশিক্ষা নিতে যাচ্ছে তখন তাদের একটা অস্বস্তিকর অবস্থার মধ্যে পড়তে হচ্ছে। জিজ্ঞাসা করা হচ্ছে তোমরা কোন বোর্ড থেকে পাস করেছ এবং কোন বোর্ড থেকে নম্বর নিয়ে এসেছ। এই রকম যখন অবস্থায় ছাত্রদের পড়তে হচ্ছে তখন তার পরিবর্তনের জন্য কোনো সংশোধনী না এনে একটা কসমেটিক চেঞ্জ আনার কী প্রয়োজন হল তা তো আমি বুঝতে পারলাম না।

স্যার, যখন মানুষের যুক্তি থাকে না যখন মানুষের বলবার ক্ষমতা থাকে না, তখন মানুষের চিৎকার করা ছাড়া কোনো উপায় থাকে না। তখন হয় চিৎকার করে, না হয় হাতের মাস্‌ল দেখায়, বলে মেরে ঠাণ্ডা করে দেব। গলার জোর ছাড়া এদের কিছু নেই, এদের যুক্তি শেষ হয়ে গেছে, এদের রাজনীতি শেষ হয়ে গেছে, এরা নিজেরা চিৎকার করছে, সমস্ত জায়গায় ভ্রষ্টাসুরের রাজত্ব, এরা নিজেরা মারামারি করে মরছে।

(গোলমাল)

আপনারা যত চিৎকারই করুন, আমার যা বলার বলব। এই সরকার আসল সমস্যাকে অ্যাড্রেস না করে মাধ্যমিক শিক্ষা পর্ষদের কসমেটিক্স চেঞ্জ-এর কথা বলেছেন। কসমেটিক্স চেঞ্জ আনার এই প্রচেষ্টাকে আমি সর্বতোভাবে বিরোধিতা করে এই সংশোধনী বিলের বিরোধিতা করছি।

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে সংশোধনী বিল আমি এনেছি, সেই বিলকে যারা সমর্থন করেছেন, তাদেরকে আমি অভিনন্দন জানাচ্ছি। এখানে মাননীয় সদস্য মাদ্রাসা শিক্ষা সম্পর্কে বিভিন্ন আলোচনা করে গেলেন। আমি মাধ্যমিক শিক্ষা পর্ষদের সংশোধনী যে বিল এনেছি, সে সম্পর্কে আলোচনা না করে উনি মাদ্রাসা সংক্রান্ত আলোচনা কেন করলেন আমি জানি না। মাননীয় সদস্য পরশ দত্ত কতগুলি কথা বললেন। আমি তাকে স্মরণ করে বলব, উনি তখন বি জে পি দলে ছিলেন তখন ভারতবর্ষের ৪টি বি জে পি শাসিত রাজ্য এই ধরনের সংশোধনী এনেছিলেন এবং বিধানসভায় থেকে অনুমোদিত হয়েছিল। উনি তখন বি জে পি দলের সদস্য ছিলেন। লোকসভায় মুরলীমনোহর যোশী এই ধরনের যে সিদ্ধান্ত নিয়েছিলেন, সেটা অনুমোদিত হয়েছিল। সেই কারণে রাগান্বিত হয়ে উনি দল ছেড়েছেন কিনা জানি না। যাই হোক আমি এই সংশোধনী যেটা এনেছি, এটা মাননীয় সদস্য পরশ দত্ত তিনি বলেছেন যে, তাহলে মাদ্রাসা পর্ষদের সভাপতি মধ্যশিক্ষা পর্ষদে থাকেন তাহলে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি কেন মাদ্রাসা শিক্ষা পর্ষদে থাকবেন না। ওটা আগে থেকে আছে। তার অবগতির জন্য আমি জানাচ্ছি এটা একটা সংশোধনী। আমি মনে করি, আমাদের যে কটি পর্ষদ আছে—উচ্চমাধ্যমিক শিক্ষা পর্ষদ, মাধ্যমিক শিক্ষা পর্ষদ, মাদ্রাসা শিক্ষা পর্ষদ এবং প্রাথমিক শিক্ষা পর্ষদ—এই ৪টি পর্ষদ আছে। যা শিক্ষার বিভিন্ন স্তরে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাদের সভাপতিগণ যদি অন্য পর্ষদে থাকেন তাহলে একটা নিবিড় সম্পর্ক তৈরি হয়, সেই জন্য আমি এই সংশোধনী এনেছি। এটা অনেক আগে আনা উচিত ছিল। আনতে একটু বিলম্ব হয়ে গেল। তবে বলা যেতে পারে একদম না হওয়ার থেকে অনেক ভালো। আশা করি, মাননীয় সদস্যরা এটা গ্রহণ করবেন, এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Shri Kanti Biswas that The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2002 be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker : There is one amendment to Clause 2, given by Shri Saugata Roy. (amendment No. 1) It is in order. I now request Shri Roy to move his amendment.

(At this stage Shri Saugata Roy was not present in the House. So the Amendment was not moved)

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

[3.20—3.30 p.m.]

Clsuse 3

Mr. Deputy Speaker : There is one amendment (No. 2) given by Shri Saugata Roy to Clause 3. It is in order. I now request Shri Roy to move his amendment.

At this stage, Shri Saugata Roy was not present in the House. As such the amendment was not moved.

The question that Clause 3 do stand Part of the Bill was then put and agreed to.

Preamble :

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Kanti Biswas : Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Second Amendment) Bill, 2002

Shri Abdur Razzak Molla : Sir, I beg to introduce the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Second Amendment) Bill, 2002 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Statement Under Rule 72(I)

In order to amend clause (c) of sub-section (3) of section 4 of the West Bengal Land reforms and Tenancy Tribunal Act, 1997 pertaining to qualification of Administrative Member is such a manner that an officer to become an Administrative member may not be qualified unless he is, or has been, an officer not below the rank of the Joint Secretary either of the Central Government or of the State Government and has dealt with matters under a specified Act during his service under the State Government for a period of not less than three years or for a period of not less than five years respectively under the said Central Government or the State Government, and to amend sub-section (4) as well as clause (a) of sub-section (6) of section 4 of the said Act so as to reduce the maximum age limit of the Chairman from 66 years of age to 65 years of age to make it consistent with the provision of the Administrative Tribunal Act, 1985, it was felt necessary and expedient to amend the West Bengal Land Reforms and Tenancy Tribunal Act, 1997.

2. As the West Bengal Legislative Assembly was not in session and as it was necessary to take immediate action in the matter, an Ordinance, namely the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Ordinance, 2002 was promulgated.

Mr. Deputy Speaker : There are three Statutory Resolutions given by Shri Kashinath Mishra, Shri Saugata Roy and Shri Abdul Mannan respectively.

I would now request Shri Kashinath Mishra to move his motion.

শ্রী কাশীনাথ মিশ্র : Sir, I beg to move that this House disapprovess the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Ordinance, 2002.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা অতি সামান্য ব্যাপারে একটা অর্ডিন্যান্স আনা হয়েছিল কেন ? তাহলে কি এর মধ্যে কোনো অভিসন্ধি আছে ? এটাই আমি বুঝতে পারছি না ! অর্ডিন্যান্স করা হয় কখন, যখন হাউস থাকে না অথচ খুবই জরুরি এবং গুরুত্বপূর্ণ ব্যাপার থাকে, তখনই অর্ডিনান্স করতে হয়। এটা এমন কি জরুরি ব্যাপার, তা আমি বুঝতে পারছি না ! ১৯৯৭ সালের অ্যাক্টে বলা আছে বোর্ডের মেম্বার সেক্রেটারি বা সদস্য সেন্ট্রাল গভর্নমেন্ট বা স্টেট গভর্নমেন্টের কোনো জয়েন্ট সেক্রেটারির নিচের লোককে করা যাবে না। বোর্ডের সদস্য হতে পারবে কে ? সেখানে আপনি বলে দিয়েছেন জয়েন্ট সেক্রেটারি

ব্যাঙ্কের এবং সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের বা স্টেট গভর্নমেন্টের হতে হবে। আর একটা জিনিস করেছেন, ৬৬ বছর যেটা ছিল সেটাকে ৬৫ বছর করেছেন, এই সামান্য ব্যাপার। এই সামান্য ব্যাপারে আপনার যে টেকনিক্যাল ম্যাটারের জন্য অর্ডিন্যান্স করে বিল পেশ করতে হবে ? আপনি জানেন, শীঘ্রই অ্যাসেম্বলি খুলবে, সেই সময়ে আনতে পারতেন। কিন্তু অর্ডিন্যান্স করে একটা সাংঘাতিক ব্যাপার করে দিলেন। অর্ডিন্যান্স কখন করে ? অর্ডিন্যান্স এত সহজে হয় না। এই কারণেই মূলত আপত্তি এবং সেই জন্যই স্ট্যাটুটরি রেজোলিউশন দিয়েছি এবং সেই প্ররিপ্রেক্ষিতে মুভ করেছি। আজকে হাউসে যে বিল নিয়ে এসেছেন সেই বিল নিয়ে বিভিন্নভাবে আলোচনা হবে, তার আগে প্রথমেই আমি আপত্তি জানালাম।

শ্রী সৌগত রায় : Sir, I beg to move that "This House disapproves the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Ordinance, 2002.

স্যার, আমার এটাই বক্তব্য, এই সরকার অর্ডিন্যান্স-রাজ হয়ে যাচ্ছে। ডিসেম্বর মাসে একটা সেশন হবে জেনেও রাজ্য সরকার চার-চারটি অর্ডিন্যান্স জারি করেছেন, এটা বিধানসভার অপমান এবং বিধানসভাকে পাশ কাটাবার চেষ্টা, যেকথা কাশীনাথ মিশ্র বললেন, একটা অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনালে সামান্য অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারের কোয়ালিফিকেশন এবং বয়সটা ঠিক করা। এর জন্য আরজেন্সি কি থাকতে পারে ? ১৫ দিন কিংবা ১ মাসের মধ্যে বিধানসভা হবে জেনেও অর্ডিন্যান্স করা হল ? আমি মনে করি হয় মন্ত্রীর জানা নেই নতুবা কিছু অফিসারের দ্বারা গাইডেড হয়েছেন। বিধানসভা বলে যে একটা জিনিস আছে, এখানে আইন শেষ পর্যন্ত যে পাশ করা যায় সেটা জেনেও এটা একটা ট্রিফলিং-এর জন্য, তুচ্ছাতিতুচ্ছ ব্যাপারের জন্য এই অর্ডিন্যান্স নিয়ে এসেছেন। আমি বিলের ব্যাপারে পরে বলব। আমি মনে করি এটা একেবারে হাউসের অবমননা। তাই আমি মন্ত্রীমহাশয়কে বলব, আমি এই অর্ডিন্যান্সকে ডিস-অ্যাপ্রুভ করছি, তারপর আলাদা করে বিল পেশ করা হলে তখন আমরা সেটা নিয়ে ভাবব। কিন্তু যে গ্রাউন্ডে এইরকম একটা অর্ডিন্যান্স করেছেন—কেন এই অর্ডিন্যান্স করেছেন ? As the West Bengal Legislative Assembly was not in session and as it was necessary to take immediate action in the matter, an Ordinance was Promulgated. কি ইমিডিয়েট ? কি নেসেসিটি ? মাননীয় মন্ত্রীমহাশয় আন্ডার রুল ৭২।১-তে একটা স্টেটমেন্ট আমাদের কাছে সার্কুলেট করেছেন। It was felt necessary and expedient to amend the West Bengal Land Reforms and Tenancy Tribunal Act. আরজেন্সির কি ব্যাপার ? ৬৬ বছর থেকে চেয়ারম্যানের রিটায়ারমেন্ট এজ ৬৫ বছর হবে আর অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার সেখানে স্টেট গভর্নমেন্টের জয়েন্ট সেক্রেটারি বা সেন্ট্রাল গভর্নমেন্টের জয়েন্ট সেক্রেটারি হতে হবে এবং তার মিনিমাম এক্সপেরিয়েন্স থাকতে হবে। আপনি স্যার দীর্ঘদিন ধরে এই হাউসে আছেন—ডেপুটি স্পীকার আপনি নতুন হয়েছেন, আপনি জানেন, এক্ষেত্রে কোনো ব্যাপারেই কোনো আরজেন্সি নেই। তা সত্ত্বেও রাজ্য সরকার কি জন্য নিয়ে এলেন এবং কি জন্য স্টেটমেন্ট আন্ডার রুল ৭২। ১ করলেন ? কি নেসেসারি ছিল ? হোয়াট নেসেসিটি ? আপনি এক্সপিডাইট করার কথা বলেছেন, হোয়াট এক্সপিডিয়েন্সি ? এইরকম করে এক্সপিডিয়েন্সি না করাই উচিত। এটা করে

হাউসকে বাই-পাশ করা হয়েছে। সেই জন্যই গভর্নর অর্ডিন্যান্স ফেরত দেন। এর আগে মোটর ভেহিক্যাল ট্যাক্সের ব্যাপারে যে অর্ডিন্যান্স পাঠিয়েছিলেন গভর্নর সেটা ফেরত দিয়েছেন। গভর্নর সই করলেন কেন ? তাঁর তো দেখা উচিত আর কতদিনের মধ্যে হাউস বসছে। এমনিতেই তো ৬ মাসের মধ্যে অ্যাসেম্বলি বসাতে হবে। তা জেনেও অর্ডিন্যান্স নিয়ে এসেছেন। সুতরাং সংবিধানের ২১৩ ধারা অনুযায়ী এই অর্ডিন্যান্সকে আমি ডিস-অ্যাপ্রুভ করি। বিল হলে পাশ করাতে আপত্তি ছিল না, কিন্তু আমরা এই অর্ডিন্যান্স রাজের বিরুদ্ধে, এই অর্ডিন্যান্স যে সিস্টেমে এনেছেন হাউসকে বাই-পাশ করে, আমরা তার বিরুদ্ধে এবং আমরা পার্লামেন্টারি ডেমোক্রাসিকে সাব-ভার্ট করার বিরুদ্ধে। সেই জন্য আমার প্রতিবাদস্বরূপ আমি এই স্ট্যাটুটরি রেজোলিউশন দিয়েছি।

[3.30—3.40 p.m.]

মিঃ ডেপুটি স্পীকার : Now I call upon Shri Abdul Mannan to move his resolution.

শ্রী আব্দুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতের সংবিধানের ২১৩ (২) (এ) ধারা অনুযায়ী আমি সভায় এই বিধিবদ্ধ প্রস্তাব আনছি—'এই সভা পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ও প্রজাস্বত্ব ট্রাইব্যুনাল (সংশোধন) অধ্যাদেশ, ২০০২-এর অনুমোদনে অস্বীকৃতি জ্ঞাপন করছে।' স্যার, আপনি এই হাউসে অনেকদিন আছেন, আপনি জানেন এবং মাননীয় মন্ত্রীমহাশয় তিনিও এই দপ্তরের মন্ত্রী না থাকলেও মন্ত্রিসভায় দীর্ঘদিন ধরে আছেন ও এই সভায় দীর্ঘদিন ধরে আছেন তারও জানার কথা যে এই অর্ডিন্যান্সের ব্যাপারে অতীতে আপনাদের বক্তব্য কি ছিল। অর্ডিন্যান্সের বিরোধিতা করতে শিখিয়েছেন আপনারাই। কংগ্রেস আমলে যখন অর্ডিন্যান্স করা হত সে রাজ্যই হোক বা দিল্লিতেই হোক তখন আপনারা এতো আওয়াজ তুলতেন এর বিরুদ্ধে যে মনে হত গোটা ভারতবর্ষটাই বা বুঝি রসাতলে চলে গেল। আপনারা বলতেন যে হাউসকে এড়িয়ে অর্ডিন্যান্স করা উচিত নয় কিন্তু আপনারা নিজেরাই সেইভাবে অর্ডিন্যান্স করছেন। আমরা মনে করি যে ইস্যুতে এই অর্ডিন্যান্সটি করা হয়েছে এবং বিল আনা হয়েছে তা করার দরকার ছিল না এবং বিলও আনার দরকার ছিল না যদি দয়া করে আপনারা বিরোধীদের কথাটা শুনতেন। সরকরের আর্থিক অনটন থাকলে টাকা দিয়ে তা পূরণ করা যায়, এম এল এ কম থাকলে তা দেওয়া যায় কিন্তু সরকারের যদি বুদ্ধির অভাব হয় তাহলেই মুশকিল। '৯৭ সালে যখন এই আইনটা তৈরি হল The West Bengal Land Reforms and Tenancy Tribunal Bill, 1997. তখন মন্ত্রীমহাশয় আপনি মন্ত্রিসভার একজন সদস্য ছিলেন এবং আপনি জানেন যে তখনই আমরা বিরোধীপক্ষ থেকে বলেছিলাম যে এটা ৬৬ করবেন না, ৬৫ করুন। ৫ বছর আগেই যদি ৬৫ করতেন তাহলে আজকে এই বিল আনার দরকার হত না, অর্ডিন্যান্স করারও দরকার হত না। সেদিন আপনাদের বুদ্ধির অভাব হয়েছিল, আপনারা সেদিন আমাদের কথা শোনেননি। কংগ্রেস বিরোধীপক্ষ বলেই কি আমাদের কথা শোনেননি ? এর জবাব আপনাকে আজকে দিতে হবে। সেদিন যে যুক্তি দেখিয়েছিলেন সেই যুক্তি আজকে কোথায় গেল এবং অ্যামেন্ডমেন্টটাই বা করতে হল কেন

তার জবাব আপনাকে দিতে হবে। এইভাবে মানুষের সঙ্গে আপনারা প্রতারণা করছেন। আপনাদের সরকারের বুদ্ধির অভাব তাই সেদিন আপনারা আমাদের কথা শোনেননি। বুদ্ধির অভাব হলে পৃথিবীর কোনো শক্তি নেই যে বুদ্ধি দিয়ে সাহায্য করতে পারে। সরকারের মূর্খামীর জন্য এই অর্ডিন্যান্স এবং বিল। এর আমরা বিরোধিতা করছি এবং এর জন্যই মোশান এনেছি। এর জন্য আমরা ভোট চাইব।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অর্ডন্যান্সের ব্যাপারে মাননীয় সদস্য কাশীবাবু যেটা বলেছেন সেটা ঘটনা যে এটা খুবই সামান্য বিষয় নিয়ে অর্ডিন্যান্স। এখন এটা কেন আনতে হল সে সম্বন্ধে বলতে গিয়ে সৌগতবাবু বললেন এটা অর্ডিন্যান্স-রাজ, মান্নান সাহেব বললেন বুদ্ধির অভাব ইত্যাদি। মানুষ দেখে শেখে আর ঠেকে শেখে, সেটা ঠিক আছে। কথাটা হচ্ছে কেন আনতে হল এই সামান্য ব্যাপারটা ? আমাদের যে ল্যান্ড ট্রাইব্যুনাল আছে তাতে এখন দুজন সিটিং জাজ এবং একজন চেয়ারম্যান। দুজন অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার আছেন। সেখানে রিটায়ার করছেন। এখন একজন অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার এবং একজন জুডিসিয়াল মেম্বার আছেন। একজনকে আমাদের অ্যাকটিং চেয়ারম্যান করে রাখতে হয়েছে। খুব তাড়াতাড়ি আর একজন রিটায়ার করে যাবেন এবং তখন একেবারে শেষ হয়ে যাবে। সেইজন্য প্রসিডিওরটা এগিয়ে রাখা হয়েছে এবং তার জন্যই অর্ডিন্যান্স করার দরকার হয়েছে। এর আর অন্য কোনো খারাপ উদ্দেশ্য নেই। প্রসিডিওরটা এগিয়ে রাখার জন্যই এটা করা হয়েছে।

The Statutory Resolutions of Shri Kashinath Mishra, Shri Saugata Roy and Shri Abdul Mannan that this House disapproves the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Ordinance, 2002 were then put and division taken with the following results :

The Ayes being 30, and the Noes 78 ; the Statutory Resolutions were lost.

Mr. Deputy Speaker : There is also a Circulation Motion by Shri Abdul Mannan which is out of order under rule 81 (vi) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly because of the fact that the Ordinance will automatically be lapsed by the 19th January, 2003, if not enacted by this period.

[3.40—3.50 p.m.]

Mr. Deputy Speaker : Now, the Hon'ble Minister-in-Charge for Land and Land Reforms Department may move the motion for consideration.

Shri Abdur Razzak Mollah : Sir, I beg to move that the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Second Amendment) Bill, 2002 be taken into consideration.

শ্রী অতীশচন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল আমাদের সামনে উপস্থিত হয়েছে, অর্ডিন্যান্সের পরিপ্রেক্ষিতে এই বিল উত্থাপিত হয়েছে। আমি এর আগে শুনলাম এই অর্ডিন্যান্স সম্বন্ধে তৃণমূল কংগ্রেস এবং আমাদের দলের সকলের আপত্তি আছে। আমি সেই আপত্তির সঙ্গে সম্পূর্ণ একমত। অর্ডিন্যান্স, আপনি জানেন স্যার, সাধারণত করা হয় যখন কোনো একটা ব্যাপারে আরজেন্সি থাকে। যখন হাউস বসে না বা দেরি আছে বসতে, অথচ ২-৪ দিনের মধ্যে কোনো একটা সিদ্ধান্ত গ্রহণ করতেই হবে, সেই রকম অবস্থায় অর্ডিন্যান্স করতে হয়। এটা একটা এমন কোনো বিষয় নয়। সৌগতবাবু, কাশীবাবু এবং আব্দুল মান্নান বলেছেন এমন কোনো ঘটনা ঘটেনি বা এমন কোনো দৃষ্টান্ত তৈরি হয়নি যে আর ১ মাস অপেক্ষা করা যেত না। হাউস বসতে চলেছে, তার জন্য অপেক্ষা করলে এমন কিছু মহাভারত অশুদ্ধ হয়ে যেত না। এই যে অর্ডিন্যান্স চালু করেছেন এই অর্ডিন্যান্সের আমি বিরোধিতা করছি, এটা না করাই উচিত। যেহেতু মাস দেড়েকের মধ্যে হাউস বসতে চলেছে এই অর্ডিন্যান্স যদি না করতেন তাহলে সুবিবেচনার কাজ করতেন। আমি আশা করি সরকার পক্ষের সকল মন্ত্রী এটা নিশ্চয়ই মেনে চলবেন। এই অধিবেশনের আরো কতকগুলি অর্ডিন্যান্স আসতে চলেছে, যখন সেইগুলো আসবে তখন আমরা সেইগুলো বিবেচনা করব। স্যার, আপনি জানেন ১৯৯৭ সালে এই ট্রাইব্যুনাল অ্যাক্ট হয়েছিল, ১৯৯৮ সালে এটা কার্যকর হয়। এর পর থেকে এই আইন অনুযায়ী কাজ চলছে। ল্যান্ড সংক্রান্ত বিষয়ে প্রথমেই ডি.এল.এল.আর.ও.-র কাছে আসতে হচ্ছে তাদের গ্রিভান্স মিটিগেট করার জন্য। এই আইনে প্রভিশান আছে যে, এই টেনেন্সি ট্রাইব্যুনাল অ্যাক্টে, এতে যদি কেউ সিদ্ধান্ত মেনে না নেন তাহলে তার বিরুদ্ধে হাইকোর্টের ডিভিশন বেঞ্চে যেতে পারেন। আগে এই নিয়ম ছিল না। এটা চালু হওয়ার আগে ডি.এল.এল.আর.ও. আদেশের বিরুদ্ধে যদি কাউকে যেতে হয় বা তার সিদ্ধান্ত যদি কেউ মেনে না নেন তাহলে সরাসরি হাইকোর্টে আসতে পারতেন। এখন মধ্যবর্তী স্টেজ এসে গিয়েছে। একজন মানুষ যে কোনো কারণেই হোক বিক্ষুব্ধ হয়েছেন, ডি.এল.এল.আর.ও. স্টেজে সন্তুষ্ট হননি, ট্রাইব্যুনাল স্টেজে সন্তুষ্ট হননি, তাঁকে হাইকোর্টে যেতে হচ্ছে তাঁর গ্রিভান্স মিটিগেট করার জন্য। এই যে ল্যান্ড ট্রাইব্যুনাল এই ল্যান্ড ট্রাইব্যুনালে একজন মানুষ বিক্ষুব্ধ হচ্ছেন, সে যে কোনো কারণেই হোক, তাকে আরো একটা স্টেজ পার হতে হচ্ছে। একটা স্টেজ পেরোনো মানে তার খরচ বেড়ে যাচ্ছে। যদিও আমরা সবাই জানি যে সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী অনেকগুলি ব্যাপারে ট্রাইব্যুনাল করা হয়েছে যাতে করে কেস তাড়াতাড়ি নিষ্পত্তি করা যায়। আমি মনে করি ট্রাইব্যুনাল করার পরে ল্যান্ডের কেসের ব্যাপারে ত্বরান্বিত হয়েছে। অসুবিধা একটা জায়গায় হয়েছে সেটা আপনাকে বলতে চাইছি।

কোনো বিক্ষুব্ধ মানুষের অসুবিধা দূর করতে গেলে আরেকটু নিরপেক্ষভাবে এগিয়ে যেতে হবে। এখানে ট্রাইব্যুনালের পরে হাইকোর্টের ডিভিশন বেঞ্চে যেতে হচ্ছে, সেটা খুবই

খরচ সাপেক্ষ এই কথাটা নিশ্চয় মনে রাখবেন। এইবার আপনি যে ছোট্ট সংশোধনী এনেছেন সেই সম্পর্কে বলতে চেয়েছেন যে জয়েন্ট সেক্রেটারি লেবেলে সেন্ট্রাল গভর্নমেন্ট বা স্টেট গভর্নমেন্টের ক্ষেত্রে অন্তত ৩ বছরের থেকে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এবং কোনো স্পেশিফায়েড অ্যাক্টের ব্যাপারে জাজমেন্ট দিয়েছেন কিনা সেই ব্যাপারেও অভিজ্ঞতা আছে কিনা দেখবে হবে। এখন আমি আপনার কাছে জানতে চাই যে, স্পেশিফায়েড অ্যাক্টে কাজ করতে হবে ৩ বছর থেকে ৫ বছর ধরে এটা তিনি নির্দিষ্টভাবে বলে দিলেন এতে আমাদের নিশ্চয় সুবিধা হবে বুঝতে। দ্বিতীয় কথা হচ্ছে এই অ্যাক্টের আইন অনুযায়ী সেখানে চেয়ারম্যান হতে পারেন একজন রিটায়ার্ড হাইকোর্ট জাজ অথবা একজন জুডিশিয়াল ডিপার্টমেন্টের অফিসার। এখানে এই যে ব্যবস্থা রেখে দিয়েছেন তাতে অনেক সময়ে দেখা যেতে পারে হাইকোর্টের কোনো রিটায়ার্ড জাজকে বাদ দিয়ে জুডিশিয়াল ডিপার্টমেন্টের আপনাদের নিজস্ব লোক, যিনি আপনাদের মতাবলম্বী সেইরকম কোনো মানুষকে আপনারা ট্রাইব্যুনালের চেয়ারম্যান করে দিয়েছেন। সুতরাং বর্তমান প্রভিশনের মূল অ্যাক্টে যেটা আছে সেটা পরিবর্তন হওয়া দরকার। সেখানে শুধুমাত্র রিটায়ার্ড হাইকোর্ট জাজ তাঁকেই চেয়ারম্যান করা দরকার। সুতরাং মূল অ্যাক্টের পরিবর্তন করা দরকার। এই ব্যাপারে সংশোধনী যদি আনতেন ভালো হত। সুতরাং পরবর্তীকালে এই বিষয়টা বিবেচনা করে সংশোধনী কেবলমাত্র হাইকোর্ট জাজকে ট্রাইব্যুনালের চেয়ারম্যান করা যায় সেই ব্যবস্থা যদি গ্রহণ করেন ভালো হয়। আরেকটা পরিবর্তন আপনারা আনতে চাইছেন সেটা হচ্ছে ৬৬ বছরের জায়গায় ৬৫ বছর করে। এখানে তার স্টেটমেন্ট অফ অবজেকটসে অ্যান্ড রিজিনসে বলেছেন স্যাট, ক্যাট এবং অন্যান্য যে সমস্ত ট্রাইব্যুনাল আছে সেখানে ৬৫ বছর করা হয়েছে বয়সসীমা। আর এখানে ৬৬ বছর আছে সেটাকে কমিয়ে ৬৫ বছর করা হবে। এই ব্যাপারে যখন আপনারা ৬৬ বছর করতে চাইছিলেন সেই সময়ে আমাদের আব্দুল মান্নান আপত্তি জানিয়েছিল যে কেন ৬৬ বছর করেছেন, ৬৫ বছর রাখুন। তখন যে কোনো কারণেই হোক আমাদের সেই উপদেশ বা সাজেশন শোনেননি। অবশ্যি আপনারা এতদিন ভুল বুঝতে পারেননি, এখন বুঝছেন। যেমন এখন আপনারা অনেক ভুলই সংশোধন করছেন। আমি জানি না কেন আপনারা ৬৬ বছর সীমা কমিয়ে ৬৫ করছেন। অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল অ্যাক্ট ১৯৯৫ অনুসারে করেছেন, এতে আপনাদের অন্য কোনো উদ্দেশ্য আছে কিনা জানি না। হয়ত কোনো মানুষের ৬৬ বছর হয়ে গেছে তাকে সরিয়ে দেবার জন্য এই আইনটা করতে চাইছেন কিনা। এই ব্যাপারে অন্য কোনো উদ্দেশ্য যদি থাকে সেটা স্পষ্ট করে জানাবেন। আমি আরেকটা বিষয় জিজ্ঞাসা করতে চাই সেটা হচ্ছে এখনও পর্যন্ত ১৯৯৮ সাল থেকে যে অ্যাক্ট চালু আছে, সেই সাল থেকে বছরের মধ্যে ট্রাইব্যুনালের চেয়ারম্যান কাকে কাকে করেছেন সেটা একটু জানাবেন। এই ট্রাইব্যুনালে কাজ কিভাবে হচ্ছে সেটা জানাবেন। অনেক সময়ে আমরা দেখি ট্রাইব্যুনালের বিচার ঠিকমতো হচ্ছে না। এই বিচার ঠিকমতো না হওয়ার ফলে মানুষের মনে বিক্ষোভ থেকে যাচ্ছে। যারা পয়সা দিতে পারেন তারা ট্রাইব্যুনাল জাজমেন্টে সুবিচার না পেয়ে হাইকোর্টের ডিভিশন বেঞ্চে যাচ্ছেন।

আমি কেবল মাননীয় মন্ত্রীকে বলব, ট্রাইব্যুনালে যতদূর সম্ভব নিরপেক্ষভাবে চলবার জন্য সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করবেন। এই যে আইনের প্রভিসানে আছে চেয়ারম্যান হতে গেলে সে জুডিসিয়াল সার্ভিসের লোক হতে পারেন, অথবা রিটায়ার্ড হাইকোর্টের জাজ হতে পারেন। এই দুটো প্রভিসানকে সরিয়ে দিয়ে কেবলমাত্র হাইকোর্টের রিটায়ার্ড জাজকে চেয়ারম্যান হিসাবে আনার জন্য যে পরিবর্তন আনা দরকার সেটা পরিবর্তন এনে এটা যাতে নিরপেক্ষভাবে চলতে পারে তার ব্যবস্থা করবেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[3.50—4.00 p.m.]

শ্রী বিনয় দত্ত : অনারেবল ডেপুটি স্পীকার স্যার, আজকে মাননীয় মন্ত্রী রেজ্জাক মোল্লা সাহেব যে বিলটা এনেছেন দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনেন্সি ট্রাইব্যুনাল বিল, ২০০২ ; এই বিলটা আমি পূর্ণ সমর্থন করছি। বিলটা আনার কারণ কি, সেটা মাননীয় মন্ত্রী বলেছেন এবং আমাদের বিরোধী পক্ষ থেকে তারা বলেছেন, তাদের তো বক্তব্যের বিরোধিতা আমরা করি। আমি একটা কথা বলে দিই, '৯৭ সালের ২৬শে জানুয়ারি এই হাউসে বিলটা পাস হয়, তখন ডিবেট হয়েছিল, সেই ডিবেটে অতীশবাবু কি বলেছিলেন, শৈলজা দাস কি বলেছিলেন, তার লেখা আজ পড়লাম। আমি যেটা পড়ে দেখলাম, তাতে শৈলজাবাবু এই বিলটা সম্পূর্ণ সমর্থন করেছিলেন আর অতীশবাবু তিনি কিছু কথা বলেছিলেন,, যদিও আলাদাভাবে কোনো অ্যামেন্ডমেন্ট সেদিন দেননি। কিন্তু আজকে যে অ্যামেন্ডমেন্ট এসেছে, সেই ব্যাপারে বলি, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিয়োগ করার প্রশ্নে আজকে যে বক্তব্য, সেদিন কিন্তু সেটা বলেননি। বয়সের কথাও বলেননি, কোয়ালিফিকেশনের কথাও বলেননি, সেইদিনের সেই ভাষণে সেটা লেখা আছে। সেইদিন তারা অনেক কথা বলেছিলেন, কিন্তু আজকে যে কেন বিরোধিতা করছেন সেটা বোঝা যাচ্ছে না। শুধু বিরোধিতার জন্য বিরোধিতা করেন, সব ব্যাপারে বিরোধিতা করে, বিরোধিতা করাটা স্বভাব, এই স্বভাব তাদের কোথায় নিয়ে যাচ্ছে, জনগণ থেকে ওরা ক্রমশ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে, তার পরিণতি আমরা সারা দেশে, সারা রাজ্যে দেখছি। এটা একটা দিক গেল। এখানে যে কথা বলা হয়েছে, বয়স সম্বন্ধে যেটা বলা হয়েছে, ৬৫ বছর, ৬৬ বছর নয়। অন্যান্য ট্রাইব্যুনালের ক্ষেত্রে যদি বয়স থাকে ৬৫, তাহলে কেন এখানে ৬৬ হবে। তার সঙ্গে সাযুজ্য রেখে হয়েছে, এই সম্পর্কে ওনাদের যে বক্তব্য, এখানে মাননীয় সদস্য মান্নান সাহেব বলছিলেন সেই সময় ডিবেটে এটা ছিল না। আর কোয়ালিফিকেশন যেটা যুক্ত করা হয়েছে, জয়েন্ট সেক্রেটারি র‍্যাঙ্ক, স্টেট গভর্নমেন্টের ক্ষেত্রে যেটা ছিল, আগে তিন বছর, এখন ৫ বছর করা হয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্টের ক্ষেত্রে তিন বছর এটা খুব যুক্তিসঙ্গত। এটা করার কারণ স্টেট গভর্নমেন্টের অফিসার, জয়েন্ট সেক্রেটারি র‍্যাঙ্কের ডাবলিউ বি সি এস থেকে প্রমোটি হয়ে এগিয়ে যেতে পারে। কেন্দ্রীয় সরকারের অফিসার আই এ এস, তাদের সেই র‍্যাঙ্ক থেকে তারা উঠে আসতে পারে। স্বাভাবিকভাবে সেখান থেকে প্রমোশন পেয়ে সেক্রেটারি পর্যন্ত হয়। সেইদিক থেকে এটা বলা যেতে পারে, সামান্য অ্যামেন্ডমেন্ট হলেও এটার প্রয়োজন ছিল। তাই এই অ্যানামেলিটাকে সরিয়ে দিয়ে সহজ সরলভাবে এটা করা

হয়েছে। এই সম্পর্কে আর একটি কথা বলব, অর্ডিন্যান্স সম্বন্ধে বলতে গিয়ে ওরা বললেন—যদিও ভোটে ওরা হেরে গেছে, কিন্তু অর্ডিন্যান্স হিসাবে যেটা আনা হয়েছে এটা বিধিসম্মত, সংবিধানের বাইরে কিছু করা হয়নি।

সংবিধানের আওতায় এবং সংবিধানের সমস্ত নিয়ম-কানুন মেনেই এই অর্ডিন্যান্স করা হয়েছে। এখানে অতীশবাবু বললেন চেয়ারম্যান কে হবেন ? অ্যাপয়েন্টমেন্ট অথরিটি কে হবে সেটা এই বিলেই বলা আছে। রাজ্যপাল একটা অ্যাপয়েন্টমেন্ট কমিটি করবেন এবং সেই কমিটি হাইকোর্টের জজের সঙ্গে পরামর্শ করেই কাজ করবেন। অর্থাৎ নিরপেক্ষতা তো থাকবেই। এই ট্রাইব্যুনাল হওয়ার পর আমরা দেখতে পাচ্ছি ল্যাণ্ড ডিসপিউট, অর্থাৎ ল্যান্ড রিফর্মস সংক্রান্ত ব্যাপারে যে ডিসপিউট অ্যরাইজ করেন বা ভেস্টিঙের আওতায় যারা পরে তাদের বক্তব্য রাখার একটা জায়গা চায়। আমাদের অভিজ্ঞতা হচ্ছে, ট্রাইব্যুনাল হওয়ার পরে এটা কিছুটা দ্রুত হয়েছে, জাস্টিস লোকে পাচ্ছে। আগে আমরা দেখতাম বছরের পর বছর ধরে কেসগুলো পড়ে থাকত। বর্তমানে দেখছি ট্রাইব্যুনালে এইসব কেসগুলো দ্রুত নিষ্পত্তি হচ্ছে। যখন ট্রাইব্যুনাল হয়েছিল তখন ওনারা বিরোধিতা করেননি, আর আজকে এই অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছেন। এই অ্যামেন্ডমেন্ট সময়োপযোগী এবং যথোপযুক্ত, তাই এই অ্যামেন্ডমেন্টকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.00—4.10 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনেন্সি ট্রাইব্যুনাল বিল, ২০০২ যেটা দিয়ে এসেছেন সেটার আমরা বিরোধিতা করছি। এই বিলের মধ্যে আছে As an Administrative Member unless he is, or has been, an officer—(i) of the Central Government, not below the rank of a Joint Secretary to that Government, and has dealt with matters under a specified Act during his service under the State Government for a period of not less than three years. সেন্ট্রাল গভর্নমেন্ট যে কথা বলছেন, অনুরূপভাবে স্টেট গভর্নমেন্টও একই কথা বলছেন। স্টেট গভর্নমেন্ট এই ক্ষেত্রে ফর এ পিরিয়ড অফ নট লেস দ্যান ফাইভ ইয়ারস বলেছেন এবং নট বিলো দি র‍্যাঙ্ক অফ জয়েন্ট সেক্রেটারি। ট্রাইব্যুনালের ক্ষেত্রে আপনারা বলেছেন আই.এ.এস. জয়েন্ট সেক্রেটারি হবে। কিন্তু পশ্চিমবাংলায় কটা আই.এস.এস. আছে। ডবলু.বি.সি.এস থেকে যারা প্রোমোশন পাবে তাদের আপনারা জয়েন্ট সেক্রেটারি করবেন। আমার পূর্ববর্তী বক্তা বললেন তারা সুবিচার পাবে। কিন্তু এস.ডি.ও. কোর্টের বিচার এবং দেওয়ানি ও ফৌজদারি কিন্তু অনেক তফাত আছে। সেই পরিপ্রেক্ষিতে আপনারা ট্রাইব্যুনালে বিচার করছেন। আজকে আপনারা বলছেন বিচারের কাজ অনেক এগিয়ে গেছে, অনেক ভেস্ট ল্যান্ড সংগ্রহ করেছেন। কিন্তু হিসাবে দেখা যাবে ভেস্টেড ল্যান্ড যেটা মজুত আছে,

সেটাই বিলি হয়নি। আপনারা যেগুলোকে সেচ এলাকা বলছেন—যেহেতু আগেকার কমান্ড এলাকা বলা আছে—কিন্তু সেইগুলো প্রায় অসেচ এলাকা। উদাহরণস্বরূপ বাঁকুড়ার ছাতনা, শালতোড়া থেকে আরম্ভ করে গঙ্গাজলঘাটি, ইঁদপুর সেইগুলো কমান্ড এরিয়া বলা আছে, অথচ নন-ইরেগেটেড এরিয়া।

মাননীয় সদস্য বললেন ট্রাইব্যুনালের মাধ্যমে কাজ অনেক এগিয়ে যাচ্ছে। কিন্তু সেখানে 'বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে'। এই অবস্থা সেখানে। ল্যান্ড রিফর্মস টেন্যান্সি ট্রাইব্যুনাল যখন করেছিলেন, সেই সময় বলেছিলাম যেসব প্রবলেম আসতে পারে। বলেছিলেন যেমন যেমন প্রবলেম আসবে, সেইরকম অ্যামেন্ডমেন্ট আনবেন। আজকে এর অবজেক্টস অ্যান্ড রিজনসেও একই কথা আছে। ১৯৯৭ সালে যে ট্রাইব্যুনাল টেন্যান্সি অ্যাক্ট হয়েছিল, সেখানে বলা হয়েছে মেম্বার হিসাবে চিহ্নিত করে যাকে নিয়ে এসেছেন তাকে দিয়ে যে কাজ করাবেন। ট্রাইব্যুনালে বিচারের কাজ কতটা হবে জানি না। আমরা চাই আইনটা ঠিকমতো কার্যকরী হোক।

আমরা বিরোধিতা করেছিলাম—অর্ডিন্যান্স কেন নিয়ে আসবেন। বিধানসভা বসবে, সেখানে সংশোধিত আকারে নিয়ে এলে অসুবিধা হত না। কিন্তু সেটা আপনারা করলেন না। সেই পরিপ্রেক্ষিতে আমাদের মনে হয় আপনাদের ভুল-ত্রুটিগুলো শোধরাতে হবে, আর্থিক অবস্থা ভালো করার দিকে জোর দিতে হবে। এই পরিস্থিতির মধ্যে থেকে কিভাবে আয় বাড়াতে হবে সেটা আপনারা দেখবেন। কিন্তু সেখানে যেন প্রকৃত বিচারটা হয়। ট্রাইব্যুনাল করেছেন, অতিরিক্ত মামলা জমে গিয়েছিল সেইগুলোর মীমাংসার জন্য। যে উদ্দেশ্যে করেছেন, সেটা যেন বাস্তবায়িত হতে পারে, এই বিষয়টা দেখতে হবে আপনাদের। আজকে আমরা অর্ডিন্যান্সের বিরোধিতা করেছি। ট্রাইব্যুনাল বিচারকদের যে ভূমিকা, সেটা যাতে তারা পালন করেন সেটা দেখতে হবে। যে আইনটা চালু হয়েছে—দা ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেন্যান্সি ট্রাইব্যুনাল'—এই আইনটা যাতে বাস্তবায়িত হতে পারে এবং মানুষের কাজে লাগতে পরে সেই চেষ্টা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রীমহাশয় রেজ্জাক সাহেব পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার ও প্রজাস্বত্ত্ব ট্রাইব্যুনাল দ্বিতীয় সংশোধনী বিধেয়ক ২০০২ যে বিল নিয়ে এসেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে বলছি যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ভূমিসংস্কার করেছেন এবং এই ভূমিসংস্কারের ফলে যে গ্রামীণ কৃষিব্যবস্থার উন্নতি হয়েছে তাতে গ্রামের অধিকাংশ গরিব মানুষ, মেহনতী মানুষ তাদের অর্থিক অবস্থার উন্নতি ঘটাতে পেরেছেন। '৯৭ সালে বিধানসভায় এই বিল এসেছিল তখন বিরোধীরা এই বিলকে সমর্থন করেছিলেন এবং তাদের সমর্থনের কারণ ছিল যে তারা বড় রায়তদের সমর্থক। তখন যাদের ভেস্টিং হচ্ছে যারা বড় রায়ত তারা বেনামে জমি লুকিয়ে রাখত তাদের ভেস্টিং হয়ে যাচ্ছে, সেই ডি.এল.ও. আরেকটা প্রশাসনিক আদলাত পেতেন, এই কারণে সেদিন তারা সমর্থন করেছিলেন, এরা বিরোধিতা করেননি। আমরা দেখেছি '৯৮ সালে ট্রাইব্যুনালের কাজ শুরু হলেও দেখা গেছে যে অনেক বিরোধের মীমাংসা ট্রাইব্যুনালে

শুরু হয়ে গেছে, আদালতে বা হাইকোর্টে যেতে হয়নি। আজকে বলা হচ্ছে অর্ডিন্যান্স— অর্ডিন্যান্স তো সংবিধানসম্মতভাবে নিয়মমাফিকভাবে আনা হয়েছে প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে এবং এই বিলে ওদের সমর্থন থাকা উচিত ছিল। তাদের আলোচনার আর কোনো বিষয় থাকতে পারে না। তারা বিষয় থেকে বিষয়ান্তরে চলে যান। আমি পুনরায় এই বিলের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.10—4.20 p.m.]

শ্রী অরুণাভ ঘোষ : স্যার, প্রথমেই বলি আজকে একটা জিনিস ভালো লেগেছে যে ট্রাইব্যুনাল নিয়ে বামফ্রন্ট সরকারের যে পুরনো কথা সেগুলো শুনেছি। '৭৬ সালে যখন ৪২তম অ্যামেন্ডমেন্ট করলেন ইন্দিরা গান্ধী, তখন আমি প্রেসিডেন্সি কলেজের ছাত্র। তখন একটা জার্নাল বেরোত, সেখানে আমি জ্যোতিবাবুর একটা ইন্টারভিউ নিয়েছিলাম, তখন উনি বলেছিলেন, অ্যামেন্ড করে যেভাবে ট্রাইব্যুনালের চেষ্টা করা হচ্ছে তাতে জনসাধারণের ২২৬ ধারার যে অধিকার সেটাকে কেড়ে নেবার চেষ্টা হচ্ছে, আমরা এর বিরোধিতা করব। আমরা বিরোধিতা করব। যাইহোক আজকে খুশির দিন যে, ইন্দিরা গান্ধীর মতোই পূর্ববর্তীকালে আপনারা ট্রাইব্যুনাল তৈরি করছেন। কিন্তু মাননীয় সদস্য আমি ওঁনার দোষ দিচ্ছি না, উনি সভায় বলেছেন যে কটা মামলা। জ্যোতিবাবু সেদিন বলেছিলেন যে, বিচারপতি যদি তাড়াতাড়ি না নিষ্পত্তি করতে পারেন, একজন অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনালের মেম্বর মামলা তাড়াতাড়ি নিষ্পত্তি করতে পারে এটা ভাবাই যায় না। আগে প্রত্যেক ডিস্ট্রিক্টে ছোট ছোট কোর্ট ছিল। ল্যান্ড ট্রাইব্যুনাল যেগুলি যাচ্ছে ভেস্টিং-এ, বর্গা রেকর্ডে, এগুলি জলপাইগুড়ি, কুচবিহার কোর্টেও করা যেত—ছোট নিম্ন আদালতে। কিন্তু আজকে প্রত্যেক জায়গার লোককে আসতে হচ্ছে কলকাতায়। কলকাতায় এসে মামলা তৈরি করতে হচ্ছে। তাই গরিব মানুষ ম্যধবিত্ত মানুষ খরচ করে সেখানে থেকে আসতে পারছে না। একটামাত্র ট্রাইব্যুনাল। মন্ত্রীমহাশয় নিজেই বলেছেন বিচারপতি নেই। শুধু বিচারপতি নয়, জায়গা ছোট, রেকর্ড রাখার জায়গা নেই এবং মামলা যেখনে মিনিমাম ১২-১৪টি অ্যাডজর্নমেন্ট হয়ে গেছে। প্রথমদিন গেলেই অ্যাডজর্নমেন্ট হয়। মাননীয় সদস্য বললেন খুব তাড়াতাড়ি নিষ্পত্তি হয়। উল্টো ব্যাপার। ২-৩ বছর লেগেছে এক একটা মামলার নিষ্পত্তি হতে। তাই মন্ত্রীমহাশয়কে সমর্থন করি। তিনি বলেছেন তাড়াতাড়ি বিচারপতি নিয়োগ করার দরকার। আপনি তাড়াতাড়ি বিচারপতি নিয়োগ করুন এবং একটা বেঞ্চ বাড়ান। এখন মাত্র দুজন বিচারপতি আছেন। একজন হচ্ছে অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার একজন হচ্ছে জুডিসিয়াল মেম্বার। মিনিমাম ৩-৪টি বেঞ্চ হওয়া দরকার। মনে রাখবেন প্রায় ১ লক্ষের উপর মামলা কলকাতা হাইকোর্ট থেকে ট্রাইব্যুনালে গেছে। তার মধ্যে ৫০ হাজার পড়ে আছে। যিনি বললেন তাড়াতাড়ি হয়েছে, তাকে বলি ৫০ হাজার মামলা নিতেই পারছে না। আবার নতুন মামলা হচ্ছে, তাও নিতে পারছে না। আর একটা ব্যাপার, তাড়াতাড়ি করলে ভালো হয়। ৬৫ এবং ৬৬ বছর বয়স—মনে আছে বিহার থেকে মামলা হয়েছে। ওয়াগা স্টেট অফ বিহার, ১০৯টার উপর অর্ডিন্যান্স জারি হয়েছিল। তই সুপ্রিম কোর্টে মামলা করা হয়েছিল।

৬ মাসের মধ্যে অর্ডিন্যান্স করা উচিত হবে না এবং অর্ডিন্যান্স যত পার অ্যাভয়েড কর এবং কিছুদিন আগে যখন পোটো এল, তখন বামফ্রন্ট থেকে পার্লামেন্টে সবচেয়ে বেশি বিরোধিতা করেছিল যে, অর্ডিন্যান্স কেন সেটা পার্লামেন্টে নিয়ে আসা হোক। কিন্তু আজকে খারাপ লাগছে যে, ৬ মাস আগেও বিল আকারে বলে দিতে পারতেন। কিন্তু করলেন না। একটা ব্যাড প্রিসিডেন্ট হয়ে গেল। কোর্ট ফি অর্ডিন্যান্স করলেন। অবজেক্টস অ্যান্ড রিজনস-এর কোনো কারণ নেই। আপনারা শুধু বলছেন কোয়ালিফিকেশন থাকা চাই এবং ৬৬-এর জায়গায় ৬৫ করতে হবে। এটাই ছিল রিজিন। এটা তো রিজিন হতে পারে না। ফর ফ্রেমিং অফ অর্ডিন্যান্স। অর্ডিন্যান্স হল ভীষণ জরুরি ব্যাপার। কালকে করা যাবে না। আজকে করতেই হবে। ৪-৪টা ব্যাড প্রিসিডেন্ট হয়ে গেল। পরবর্তীকালে আপনারা যদি কেন্দ্রীয় সরকারের অর্ডিন্যান্সের বিরোধিতা করেন, সেদিন আপনাদের পক্ষে কিন্তু খারাপ হবে। তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, আপনি ডিস্ট্রিক্ট লেভেলে অন্তত দু-তিনটি ডিস্ট্রিক্টে একটা করে অন্তত ট্রাইব্যুনাল করুন। বেঞ্চ করুন। অথবা সার্কিট বেঞ্চ ট্রাইব্যুনাল করুন। উত্তরবঙ্গে শিলগুড়িতে মাসে অন্তত ৫-৬ দিনের জন্য বেঞ্চ বসান, যাতে ওখানকার মানুষ ওখানে এসে মামলা করতে পরেন। যেমন কলকাতা হাইকোর্টের আন্দামানে আছে। দুজন করে বিচারপতি আছেন। মন্ত্রীমহাশয় আপনি সিরিয়াস লোক। সিরিয়াসলি ব্যাপারটা দেখবেন। জয়েন্ট সেক্রেটারির জায়গায় একজন সেক্রেটারি করতে পারেন, তাহলে খুব ভালো হয়। এই কথা বলে শেষ করছি।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যারা সমর্থন করলেন, যারা বিরোধিতা করলেন সবাইকে ধন্যবাদ জানাচ্ছি।

সবার কথা মান্য করা উচিত—যাইহোক গোড়াতেই আমি বিরোধিতা করেছি, অর্ডিন্যান্সের কারণটা সংক্ষেপে বলেছি, এতে কোনো বদ উদ্দেশ্য বা খারাপ উদ্দেশ্য ছিল না এবং মাননীয় সদস্য অরুণাভবাবুর কথাতেই আপনি যেভাবে বললেন সেইভাবে আমি কাজটা করতে চাইছি। এখন আমাদের একমাত্র অ্যাকটিং সিটিং জজ আছেন যিনি, তিনি রিটায়ার করে গেলে তাঁর জায়গায় এই প্রসিডিওরটা এগিয়ে না রাখতে পারলে—কারণ অনেকগুলি প্রসিডিওর আছে, নইলে এটা ডিফাংক্ট হয়ে যাবে। শুধু প্রসিডিওরটা এগিয়ে আনতে চাইছি। আর উনি যেটা বলেছেড় ৬৫, ৬৬, সেটা ওই কারণে অ্যাট পার করে যদি আগে থেকে প্রসিডিওরটা এগোই তাহলে ৬৬ ধরে এগোতে হবে, ৬৫ করা যাবে না। শুধু এই দুটো কারণেই এই অর্ডিন্যান্সটা করতে হয়েছে। এটা আমি গোড়াতেই বলেছি। মাননীয় অতীশদা কথাগুলি বলেছেন, অবশ্য উনি বিরোধিতা করেছেন বিরোধিতা করার জন্য। তবে যে কথাগুলি উনি বলেছেন সেটা সংক্ষেপে এটাই হয় যে এই ট্রাইব্যুনালটা কোনো একটা টায়ার নয়। হাইকোর্টে সিঙ্গল বেঞ্চের জায়গায় ট্রাইব্যুনাল আর ডিভিশন বেঞ্চে আছে। তাহলে নতুন করে আরেকটা টায়ার তৈরি হচ্ছে না। আগে হাইকোর্টের সিঙ্গল বেঞ্চে যেত, সেখান থেকে ডিভিশন বেঞ্চে যেত। এখন সিঙ্গল বেঞ্চের জায়গায় ট্রাইব্যুনাল, তার পরে ডিভিশন বেঞ্চ। এটা নতুন করে টায়ার হচ্ছে না। হাইকোর্টের একটা সিঙ্গল বেঞ্চের

জায়গায় এটা আনা হচ্ছে। কিন্তু কাজ সব ভালো হয়েছে সেটা আমি মনে করি না, এটা আরও ভালো হওয়া উচিত। তবুও বলছি ৬০ ভাগ মামলার নিষ্পত্তি হয়েছে, তার মধ্যে ওয়ান-থার্ড অংশ মাত্র ডিভিশন বেঞ্চে গেছে। টু টায়ার ঠিক হয়েছে এবং সেটা মেনে নিয়েছেন, কেউ ডিভিশন বেঞ্চে যাইনি। আর উনি যেটা বললেন যে স্পেসিফাই অ্যাক্টে অরিজিনাল অ্যাক্টে বলা আছে সেটা হচ্ছে specified Act means The West Bengal State Acquisition Act, 1953, The West Bengal Land Reforms Act, 1955, the Calcutta Thika Tenancy Acqisition and Regulation Act, 1981, West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labour, Artisan and Fishermen and the West Bengal Land holding Revenue Act, 1979. এগুলি স্পেসিফায়েড অ্যাক্ট হিসাবে বলা হয়েছে, আর চেয়ারম্যানের কথা যেটা উনি বললেন যে বয়সটা কমিয়ে দিচ্ছি কাউকে সরিয়ে দেওয়ার জন্য নয়। আজ পর্যন্ত একজন চেয়ারম্যান ছিলেন জাজ, রিটায়ার জাজ বি কে ভট্টাচার্য, আর এখন যিনি অ্যাকটিং জাজ আছেন তিনি মাননীয় স্বপন নিয়োগী, কাজেই কাউকে হটিয়ে দেওয়ার কোনো মতলব আমাদের নেই। মাননীয় কাশীনাথ মিশ্র বলেছেন কেন্দ্রীয় সরকারের জয়েন্ট সেক্রেটারি এবং রাজ্য সরকারের জয়েন্ট সেক্রেটারি ৩ বছর আর ৫ বছর কেন ? কেন্দ্রীয় সরকারের জয়েন্ট সেক্রেটারির র‍্যাংক হচ্ছে আমাদের রাজ্য সরকারের সেক্রেটারির র‍্যাংক। সে জন্য আমাদের জয়েন্ট সেক্রেটারিকে ৫ বছর এক্সপিরিয়েন্স করেছে—এখন ৩ বছর এক্সপিরিয়েন্স করেছে। আর বিশেষ করে স্পেসিফায়েড অ্যাক্টের কথা আমরা বলেছি এ ছাড়া অন্য কোনো বিষয় নেই। মাননীয় অরুণাভবাবু বলেছেন সেটা ভালো কথা বলেছেন, সবটা মিলে উনি একটা বেঞ্চ চেয়েছেন। আমরাও চাইছি নর্থ-বেঙ্গলের জলপাইগুড়িতে। যাতে খুব তাড়াতাড়ি একটা বেঞ্চ খোলা যায় আমরা সেই চেষ্টা করছি। কিন্তু এখন আমাদের সব মিলিয়ে যা হল সেটা হচ্ছে আগে আমাদের রাজ্য সরকারের সেক্রেটারি হলে ৩ বছর এক্সপিরিয়েন্স। এখন সেটা করা হল জয়েন্ট সেক্রেটারি সেন্ট্রাল গভর্নমেন্টের ৩ বছর আর স্টেট গভর্নমেন্টের জায়গায় ৫ বছর। আগে চেয়ারম্যানের বয়স ছিল ৬৬, এখন করা হল ৬৫ বছর। আর ট্রাইব্যুনালের সমতা আনবার জন্য অন্যান্যর সঙ্গে এই কাজটাও করা হল। আমাদের স্যাংশন যে প্রভিশন আছে তাতে বলা আছে ২+২+২+২+১, অর্থাৎ ২ জন অ্যাডমিনিস্ট্রেটিভ, ৩টে বেঞ্চ করার জন্য ২+২+২+১ চেয়ারম্যান ধরে। এখন আমাদের ফাংশন ছিল ২+২+১, আর একটা বেঞ্চ আমরা খুলতে চাইছি, কিন্তু এখন এসে যেটা দাঁড়িয়েছে একজন অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার, ১ জন আছেন তিনি আবার অ্যাক্টিং। এই দুজন আছেন। সেই প্রসিডিওরটা আমরা তাড়াতাড়ি এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি। কোয়ালিফিকেশনের ক্ষেত্রে মাননীয় অতীশদা যেটা বলেছিলেন আমাদের পরিষ্কার করে বলা আছে সিটিং জাজ অফ এ হাইকোর্ট, আর রিটায়ার জাজ অফ এ হাইকোর্ট। চেয়ারম্যানের ক্ষেত্রে বলা আছে এবং আরও অন্য কথা বলা আছে। কোয়ালিফায়েড অ্যাজ জাজেস আর বেতনের ক্রমে আমরা কিছু কিছু এদিক-ওদিক করেছি। সেটা অবশ্য বিলের ব্যাপার, এখানে সেটা নেই। এই সবটা মিলে এই বিষয়টা সবাই গ্রহণ করবেন এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি। আর মাননীয়

সৌগতবাবু একটা অ্যামেন্ডমেন্ট মুভ করেছিলেন, ওটা যদি মেনে নেওয়া যায় তাহলে ওটাই হচ্ছে অ্যামেন্ডমেন্ট। অ্যামেন্ডমেন্টের উনি অ্যামেন্ডমেন্ট চেয়েছেন। ওটা মানা যাচ্ছে না।

মাননীয় সদস্য কল্যাণবাবুকে বলছি, ৩টে করব ২টো ছিল। তাড়াতাড়িই করব এবং শিলিগুড়িতে একটা বেঞ্চ খোলা যায় কিনা সেটা ভেবে দেখব।

[4.20—4.30 p.m.]

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় দেখা যাচ্ছে, ট্রাইব্যুনালের জাজেরা নির্দিষ্ট সময়ের অনেক পরে, সাড়ে ১১টা ১২টায় আসছেন এবং ৫টার আগেই, ৩টার সময় চলে যাচ্ছেন। এর ফলে মামলার পাহাড় হয়ে যাচ্ছে। কিন্তু যদি নির্দিষ্ট সময় এক্ষেত্রে দেন সাড়ে ১০টা থেকে ৫টা পর্যন্ত থাকেন তাহলে মামলাগুলোর দ্রুত নিষ্পত্তি হতে পারে। এটা একটু দেখবেন।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় জাজেদের উপর তো হস্তক্ষেপ করা মুশকিল। তবে আমি দেখব।

মিঃ ডেপুটি স্পীকার : The motion of Shri Abdur Razzak Mollah that the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Second Amendment) Bill, 2002 be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker : There are amendments to clause 2 by Shri Saugata Roy. Shri Roy may now move his amendments.

Shri Saugata Roy : Sir, I beg to move that in clause 2, in sub-clause (1), in line 7, for the word "three" the word "two" be substituted ;

Sir, I also beg to move that in clause 2, in sub-clause (1), in line 8, the word "joint" be omitted ; and

Sir, I also beg to move that in clause 2, in sub-clause (1), in line 11, for the word "five" the word "three" be substituted.

শ্রী সৌগত রায় : আমার অ্যামেন্ডমেন্ট দেওয়ার কারণ হল, উনি বলেছেন, সেন্ট্রাল বা স্টেট গভর্নমেন্টের জয়েন্ট সেক্রেটারি। সেন্ট্রালের জয়েন্ট সেক্রেটারির পদমর্যাদা

ইক্যুইভ্যালেন্ট টু স্টেট গভর্নমেন্ট সেক্রেটারি, স্টেট-এর জয়েন্ট সেক্রেটারির চেয়ে দুটো লেভেল উপরে সেন্ট্রালের জয়েন্ট সেক্রেটারি। সুতরাং সেন্ট্রালের জয়েন্ট সেক্রেটারি যদি বলেন তাহলে তার ইক্যুইভ্যালেন্ট হয় স্টেটের সেক্রেটারি সেটা করে এক্সপিরিয়েন্স কমিয়ে দিতে পারেন। আমি বলেছিলাম, ৩ বছরের জায়গায় ২ বছর সেন্ট্রালের জয়েন্ট সেক্রেটারি হবে এক্সপিরিয়েন্সের ক্ষেত্রে। আর, স্টেট গভর্নমেন্টের সেক্রেটারির এক্সপিরিয়েন্স ৫ বছরের জায়গায় ৩ বছর করুন। এটা ভেবে দেখবেন কারণ এটাই যুক্তিযুক্ত। আদারওয়াইজ ট্রাইব্যুনাল সম্বন্ধে বিশেষ কিছু বলার নেই। দুটো এক্সপিরিয়েন্স টানলে এটা করা উচিত। এই প্রসঙ্গে বলি, ১৯৭৬ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন ইমার্জেন্সি জারির পর ট্রাইব্যুনাল করেছিলেন, ৪২তম সংশোধনী এনেছিলেন, তখন বামপন্থীরা হৈ-চৈ করে বলেছিলেন জুডিসিয়াল প্রসেস সাব-ভার্টেড হচ্ছে। আর এখন আপনারা সব স্যাট করেছেন, ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনেন্সি ট্রাইব্যুনাল করেছেন। এটা ভালো যে সোজাসুজি কোর্টের মামলা ট্রাইব্যুনালে যাবে, আর ল্যান্ডের মামলা হাইকোর্টে যাবে। কিন্তু কোচবিহারের একটা ল্যান্ডের মামলার জন্য ৮০০ কি.মি. পাড়ি দিয়ে কলকাতায় আসার পর দেখা গেল হয়তো সেই দিন সেই মামলার মীমাংসা হল না এবং একাধিকবার তাকে ঘুরতে হল। সেই জন্য এক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে এই ট্রাইব্যুনালকে বিকেন্দ্রীকরণ করুন। তা না হলে মামলাগুলো তাড়াতাড়ি ডিসপোজ-অফ করা যাবে না। আর, আপনারা এডমিনিস্ট্রেটিভ অফিসার ট্রাইব্যুনালে রেখেছেন। কিন্তু তার পক্ষে কোনো সিগনিফিকেন্ট রোল প্লে করা সম্ভব নয়। কারণ তিনি অফিসার ছিলেন, আগে এক রকম কাজ করেছেন। ট্রাইব্যুনালের কাজটা জুডিসিয়াল কাজ, জুডিসিয়াল দিয়ে করালে ভালো হত।

মিঃ ডেপুটি স্পীকার : মাননীয় মন্ত্রী মহাশয় আপনি কি এমেন্ডমেন্টগুলো গ্রহণ করছেন ?

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় সৌগতবাবু যে এডভাইসগুলো দিয়েছেন সেগুলো নিচ্ছি কিন্তু উনি আমার এমেন্ডমেন্টের যে এমেন্ডমেন্ট দিয়েছেন সেগুলো গ্রহণ করতে পারছি না।

The motions of Shri Saugata Roy that in clause 2, in sub-clause (1), in line 7, for the word "three" the word "two" be substituted ;

that in clause 2, in sub-clause (1), in line 8, the word "joint" be omitted ;

and

that in clause 2, in sub-clause (1), in line 11, for the word "five" the word "three" be substituted, were then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Abdur Razzak Mollah : Sir, I beg to move that the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Second Amendment) Bill, 2002 as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4.26 p.m. till 11 a.m. on Thursday, the 12th December, 2002, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 12th December, 2002 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 26 Ministers, 14 Ministers of State and 198 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

দাঁতাল হাতির উপদ্রব

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী কাশীনাথ মিশ্র** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১ জুলাই, ২০০২ থেকে ৩০ অক্টোবর, ২০০২ পর্যন্ত বাঁকুড়া জেলার সোনামুখী, বড়জোড়া, বিষ্ণুপুর, গঙ্গাজলঘাটী ব্লকে দাঁতাল হাতির উপদ্রবে কতজন নিহত ও আহত হয়েছেন ; এবং

(খ) উক্ত সময়ে ঘরবাড়ি সহ ফসলের ক্ষতির পরিমাণ কত ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ :

(ক)

ব্লকের নাম	নিহতের সংখ্যা	আহতের সংখ্যা
সোনামুখী	১ জন	—
বড়জোড়া	—	২ জন
বিষ্ণুপুর	—	—
গঙ্গাজলঘাটী	—	—

(খ) ঘরবাড়ি সহ ফসলের ক্ষতির পরিমাণ নিম্নে দেওয়া হল :

ব্লকের নাম	ঘরবাড়ি ক্ষতি	ফসলের ক্ষতি
সোনামুখী	৮টি	৯৫ হেক্টর
বড়জোড়া	৭টি	২৫৫ হেক্টর
বিষ্ণুপুর	১২টি	১২৯.৭০ হেক্টর
গঙ্গাজলঘাটী	—	১৫০ হেক্টর

বর্তমানে হাতি সোনামুখী, বড়জোড়া ও গঙ্গাজলঘাটীতে অবস্থান করছে এবং এর ফলে সম্পত্তি ও ফসলের ক্ষয়ক্ষতির পরিমাণ সরেজমিনে তদন্ত সাপেক্ষে নির্ধারিত হচ্ছে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়, প্রতি বছর বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটী, সোনামুখী প্রভৃতি এলাকায় দলমার হাতির উপদ্রবে ব্যাপকভাবে শস্যহানী হচ্ছে, ঘর-বাড়ি ভাঙছে প্রাণহানি পর্যন্ত হচ্ছে ; এর প্রতিকারের জন্য আপনার দপ্তর থেকে কী চিন্তা-ভাবনা করা হচ্ছে ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : সাধারণভাবে বাঁকুড়া এবং মেদিনীপুর জেলায় হাতির উপদ্রব ১৯৮৭ সাল থেকে শুরু হয়েছে । উত্তরবঙ্গে এর অনেক আগে থেকেই এটা হয়ে আসছে। হাতির স্বাভাবিক গতিপথকে নিয়ন্ত্রণ করা ঠিক নয়। যেহেতু আমরা বিভাজনের নীতিতে বিশ্বাসী সেহেতু ভৌগোলিক সীমানা ভাগ করেছি। কিন্তু হাতি ওটা করে না। ওরা গোটা দেশ জুড়ে চলাফেরা করতে চায়, যেখানে খুশি যাতায়াত করে। তবে নির্দিষ্ট করিডোর দিয়ে চলাফেরা করে। মাননীয় সদস্যের নিশ্চয়ই মনে আছে কোনো এক সময় বাঁকুড়া জেলার ওইসব অঞ্চল এবং মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম অঞ্চল হাতি যাতায়াতের করিডোর ছিল। পরবর্তীকালে ওখানে আর জঙ্গল ছিল না, ফলে হাতি আর ওখান দিয়ে যাতায়াত করত না। এখন আবার নতুন জঙ্গল হবার ফলে হাতিরা ওখানে আসছে, ওখান দিয়ে যাতায়াত করছে। যেহেতু হাতির গতিপথকে বাধা দেওয়া যায় না সেহেতু ময়ূরঝর্ণা হস্তী বিচরণক্ষেত্র তৈরি করেছি, সেন্ট্রাল গভর্ণমেন্ট পারমিশন দিয়েছেন এবং প্রায় ১ কোটি টাকাও দিয়েছেন, তাতে আমরা ফডার চাষ করছি, পানীয় জলের ব্যবস্থা করছি। হাতিরা যাতে ডিসটার্বড না হয়ে নিজেদের ইচ্ছেমতো যত দিন খুশি থাকতে পারে, বিচরণ করতে পারে তার ব্যবস্থা করছি।

বিশেষ করে নির্দিষ্ট পিরিয়ড থাকে, সারা বছর থাকে না। এই এখন যাবার সময় হয়েছে, আস্তে-আস্তে চলে যাবে। ময়ূরঝর্ণায় হস্তী বিচরণক্ষেত্র তৈরি হচ্ছে। এ ছাড়া দক্ষিণবঙ্গে ১০০ হেক্টর জমিতে হাতির খাবার তৈরি হচ্ছে, ফডার, ঘাস তৈরি হচ্ছে, বাঁশ প্ল্যানটেশন করা হচ্ছে। হাতি যে সমস্ত স্পিসিস পছন্দ করে—বয়ড়া, শিরীষ, আমলকি—এই সমস্ত গাছ পুঁতে দেওয়া হয়েছে। সব থেকে বড় কথা, ফরেস্ট প্রোটেকশন কমিটির যারা ভাই-বোনেরা আছে, পঞ্চায়েতের লোকজন আছে, স্থানীয় প্রশাসনসহ বনকর্মী, বন বিভাগের যে সমস্ত অফিসাররা আছেন, জনপ্রতিনিধিরা আছেন তাদের সবাইকে নিয়ে একটা অ্যাওয়ারনেস অর্থাৎ চেতনা বিস্তার যাতে হয় সেই ব্যাপারটি চলছে। সব মিলিয়ে হাতির প্রোটেকশন করা হচ্ছে। তবে একেবারে নির্মূল করা এই মুহূর্তে সম্ভব নয় ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন হাতির জন্য বিচরণক্ষেত্র তৈরি করছেন এবং এরজন্য কেন্দ্রীয় সরকারের ১ কোটি টাকা ব্যয় করেছেন। সেখানে কত হাতি রাখা হবে ? উত্তরবঙ্গ আছে, দক্ষিণবঙ্গের ব্যাপক অঞ্চল আছে , মেদিনীপুর থেকে আরম্ভ করে ঝাড়গ্রাম থেকে আরম্ভ করে গোটাটাই হস্তী বিচরণক্ষেত্র বলে চিহ্নিত হয়ে আছে। এই টাকায় আপনি কতটা এরিয়া তৈরি করেছেন এবং কতগুলি হাতিকে রাখার জন্য বিচরণ ক্ষেত্র তৈরি করতে পেরেছেন ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : দক্ষিণবঙ্গে এখন স্থায়ীভাবে ৩৬টি হাতি আছে। ২০০২ সালে যে সেনসাস হয়েছে তাতে পুরুলিয়া, মেদিনীপুর এবং বাঁকুড়া মিলিয়ে আছে। আর সিজন টাইমে দলমা থেকে আরো ৫০-৬০টি হাতি আসে। এরা সব পরিযায়ী, মাইগ্রেটরি বলা যায়। এর মধ্যে দু-একটি হাতি আবার থেকে যায়। মোটের উপর ৩৬টি রেসিডেনসিয়াল হাতি আছে দক্ষিণবঙ্গে। তা ছাড়া যে হাতিগুলি আসবে তাদের রাখার ব্যবস্থা করা হচ্ছে।

শ্রী কাশীনাথ মিশ্র : রেসিডেনসিয়াল হাতি আবার কী রকম ? আমি যে প্রশ্নটা করলাম তার উত্তর পেলাম না। আমি জানতে চাই, কতটা এরিয়া নিয়ে করছেন ? বাঁকুড়া জেলায় ৮২টি হাতি আছে, তারপর তাদের বাচ্চা হচ্ছে। আপনি ৩৬টি রেসিডেনসিয়াল হাতিআছে বলছেন। এগুলিকে কিভাবে রাখছেন এবং এইরকম কতকগুলি থাকছে ? পূর্ব মেদিনীপুর থেকে গড়বেতা, ঝাড়গ্রাম, এদিকে বাঁকুড়া, পুরুলিয়া এইসব জায়গাগুলিতে যে সমস্ত হাতি ঢুকে পড়ছে সেগুলির ব্যাপারে কী প্রোটেকশন নিচ্ছেন ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : ময়ূরঝর্নায় ৪১৪ বর্গ-কিলোমিটার এরিয়ায় ফডার, পানীয় জল ইত্যাদির ব্যবস্থা করা হচ্ছে । আপনি হাতির সংখ্যাটা বেশি বললেন, ৩৬টি হাতি আছে পুরুলিয়া, মেদিনীপুর এবং বাঁকুড়া এই ৩টি জেলায়। এ ছাড়া পরিযায়ী হাতি দলমা থেকে সিজন টাইমে আসে ৪৮ থেকে ৫০টি। এর মধ্যে কয়েকটা থেকে যায়। সব মিলিয়ে ময়ূরঝর্নায় স্থায়ীভাবে যাতে থাকতে পারে সেই ব্যবস্থা হচ্ছে।

[11.10—11.20 a.m.]

শ্রী নেপাল মাহাতো : হাতি যেখানে ফসল নষ্ট করে সেই নষ্ট ফসলের জন্য সরকার থেকে কমপেনসেসান দেওয়া হয়। এ ক্ষেত্রে বেশি ক্ষতি হচ্ছে ধানের। আমার অযোধ্যা এলাকাতে হাতি প্রচুর পরিমাণে ফসল নষ্ট করছে। ফসলের জন্য যে কমপেনসেসান দিচ্ছেন সেটা যথেষ্ট নয় আমার প্রশ্ন, এটা কি বাড়াবার পরিকল্পনা আছে, থাকলে তার পরিমাণটা কত ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে এটা বেড়েছে। আমার কাছে জি. ও. আছে, ২৭.৬ থেকে এটা বেড়েছে। ফসলের জন্য আগে হেক্টর প্রতি ২৫০০ হাজার টাকা দেওয়া হত, এখন ৪ হাজার টাকা করা হয়েছে। এই প্রসঙ্গে বলি, অনেক সময় হাতি ফসলের উপর দিয়ে চলে যায় আবার কোথাও কোথাও একেবারে শেষ করে দেয়। এ ক্ষেত্রে যে ইন্সপেকশান রিপোর্ট আসে তাতে উভয় ক্ষেত্রেই সমহারে দেওয়া হয়, এটা ঠিক নয়। এরজন্য স্থানীয় পঞ্চায়েত, আমাদের বিট অফিসার, প্রধান সবাই মিলে ইন্সপেকশানটা সঠিকভাবে করা দরকার। কারণ অনেক সময় টাকার পরিমাণটা এতো বেশি হয়ে যায় যার ফলে খানিকটা ডিউস থেকে যায়। এই মুহূর্তে আর বাড়াবার পরিকল্পনা নেই, সদ্যই এটা বেড়েছে।

শ্রী শম্ভুনাথ মান্ডি : যেখানে হাতিরা খাবার পাবে সেখানেই হাতি যাবে। আমি জানতে চাই, হাতির যাতায়াতের মোটামুটি রাস্তা কোনটা এবং সেই এলাকার আদিবাসীদের জীবন জীবিকার উন্নয়নের জন্য আপনার বিভাগ থেকে কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : এটা ঠিকই যে হাতিদের সঙ্গে আদিবাসী ভাইবোনদের সম্পর্ক একেবারে পুরাতন দিন থেকে এবং এর সঙ্গে ওরা ওতপ্রোতভাবে জড়িত। সেখানে হাতিও থাকছে আবার বনবাসীরাও থাকছে এবং সেখানে একটা শান্তিপূর্ণ সহাবস্থান আমরা লক্ষ করছি এখন ২/৪ টি ক্যাজুয়ালটি হয়ই। আগে হত না তা নয় কিন্তু এখন শক্তিশালী মিডিয়ার যুগে প্রচারটা বেশি হয়। উওরবঙ্গেও এটাই দেখে আসছি। এখন বনবসতিতে যেসব আদিবাসী ভাইবোনরা থাকেন তাদের জন্য বন বিভাগ থেকে অনেকগুলি কর্মসূচি নেওয়া আছে। বিশেষ করে ফরেস্ট প্রোটেকশান কমিটি যেখানে যেখানে আছে বিভিন্ন উন্নয়নমূলক কাজের সঙ্গে তাঁরা তাদের যুক্ত করতে পেরেছেন। সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যেও যতটা সম্ভব তাদের এ ক্ষেত্রে সাহায্য করা হচ্ছে। রাস্তাঘাট, শিক্ষা, কমিউনিটি হল, চিকিৎসা — এই জাতীয় ব্যাপারগুলি তারা দেখছেন ব্যাপকভাবে না হলেও। পঞ্চায়েতের সহযোগী হিসাবে ফরেস্ট ডিপার্টমেন্ট সেখানে কাজ করছে। আমি আশা করি মাননীয় সদস্যগণ নেতৃত্ব এবং পরামর্শ দিয়ে এগুলি আরও ভালোভাবে পরিকল্পনা করবেন।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে সাউথ বেঙ্গল এবং নর্থ বেঙ্গলে হাতি ক্রপ ড্যামেজ করলে তারজন্য সরকার থেকে কমপেনসেসান দেওয়া হয়। বহুদিন আগে থেকে আমরা হাউসে এবং ওয়াইল্ড লাইফ অ্যাডভাইসারি বোর্ডে প্রস্তাব দিয়ে আসছি যে পাহাড়ি অঞ্চলে বিশেষ করে জংলি শুয়োর অনেক কৃষকের ফসল নষ্ট করছে তারজন্য কমপেনসেসান দেওয়া হোক। মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এ ক্ষেত্রে কমপেনসেসান দেওয়ার প্রস্তাব আছে কিনা এবং দার্জিলিং-এ পাহাড়ি অঞ্চলে যে বিরাট জঙ্গল রয়েছে সেখানে কত পশু আছে তার সেনসাস হয়েছে কিনা ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : জংলি শুয়োরের ফসল হানির ব্যাপারে ওয়াইল্ড লাইফ অ্যাডভাইসারি বোর্ডে আলোচনা হয়েছে এবং কেন্দ্রকে এটা জানানো হয়েছে কারণ ওখান থেকেই পারমিশানটা আসে। আর শুনলে আনন্দিত হবেন যে এবারেই প্রথম পাহাড়ের বন্য প্রাণীগুলির সেনসাস করেছি। ১১ থেকে ১৬ নভেম্বর এই সেন্সাস হয়েছে। তাতে বেশ কয়েকটি এন. জি. ও. ছিলেন।

আমাদের হিমালয়ান রেঞ্জে অসংখ্য প্রাণী দেখা গেছে। সেখানে রেড পান্ডা প্রচুর পরিমাণে আছে, ব্ল্যাক এবং ব্রাউন বার্কিং ডিয়ার দেখা গেছে, ব্ল্যাক বিয়ার দেখা গেছে, সেরো পাওয়া গেছে, গোরাল পাওয়া গেছে, লেপার্ড পাওয়া গেছে, ন্যাওড়াভ্যালিতে ১৭টি বাঘের পাগমার্ক পাওয়া গেছে, জংলি শুকর পাওয়া গেছে। তবে ফলাফলটা এখনো একত্রিত করতে পারিনি ; ডিসেম্বর মাসের দিকে সেনসাস রিপোর্টটা জানা যাবে।

দখলবাটি গ্রামে বিস্ফোরণ

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী ইউনুস সরকার** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত ২৭ অক্টোবর, ২০০২ তারিখে বীরভূম জেলার দখলবাটি গ্রামে একটি বিস্ফোরণ ঘটে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিস্ফোরণে হতাহতের সংখ্যা কত ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) হ্যাঁ।

(খ) নিহত ১৩ জন। আহত ১ জন।

শ্রী ইউনুস সরকার : যে বিস্ফোরণের ফলে ১৩জন নিহত এবং ১জন আহত হল, ওই বিস্ফোরণ কি দুর্ঘটনা ? কী কারণে বিস্ফোরণ হল জানাবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : পুলিশ রিপোর্টে বলা হয়েছে, ওরা অপরাধ জগতের সঙ্গে জড়িত এবং কোনো অপরাধ করবার জন্যই তারা বোমা তৈরি করছিল।

শ্রী ইউনুস সরকার : যার বাড়িতে বোমা বিস্ফোরণ হল এবং যারা মারা গেল তাদের সঙ্গে কোনো রাজনৈতিক দলের সম্পর্ক আছে কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : যার বাড়িতে বিস্ফোরণ ঘটল তিনি হলেন জনৈক নিতাই দাস। মারা গেছে ১৩জন। তাদের রাজনৈতিক পরিচয় জেনে আর লাভ নেই। গ্রেপ্তার হয়েছে ৫জন, অ্যাবস্কনড্ করছে ৩জন। গ্রেপ্তার হওয়াদের মধ্যে ১জন, তিনি মুসারফ হোসেন, তাঁর বাবা কংগ্রেস গ্রাম পঞ্চায়েত প্রধান হানিফ খান। এছাড়া আর কারোর সঙ্গে রাজনৈতিক সম্পর্ক নেই।

শ্রী অসিত মাল : পুলিশ রিপোর্ট এবং আপনার বক্তব্যে পরিষ্কার যে ওই ঘটনার সঙ্গে কোনো রাজনৈতিক দলের সম্পর্ক নেই, কোনো দুর্ঘটনাও নয় ; ওই বোমা তৈরি করা হচ্ছিল কোনো উদ্দেশ্য নিয়ে। হানিফ খান আমাদের কংগ্রেস দলের পঞ্চায়েত প্রধান এবং আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত। কিন্তু ওই ঘটনায় পুলিশ যাদের অ্যারেস্ট করেছে তারা আমাদের পার্টির স্বক্রিয় বা প্রাথমিক সদস্যও কেউ নয়। রিপোর্ট দেখলাম, এস.পি. ৯ জনকে প্রাইমারিলি সাসপেক্ট করছেন এবং ৫জনকে অ্যারেস্ট করেছেন। কিন্তু যার বাড়িতে ঘটনাটি ঘটল তার কাছ থেকে পুলিশ কিন্তু কিছু পায়নি এবং ওটা রাজনৈতিক ঘটনাও নয়। ওই কেসে পুলিশ কতজনকে চিহ্নিত করেছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ৫জনকে অ্যারেস্ট করা হয়েছে, ৩জন অ্যাবস্কনড্ করছে, পালিয়ে বেড়াচ্ছে। ওই ৫জন এবং ৩জন, ৮জন আসামী। তাদের মধ্যে ১-জন-হানিফ খান কংগ্রেস গ্রাম পঞ্চায়েত প্রধান, তিনিও জড়িত।

শ্রী অসিত মাল : ছেলেকে পুলিশ অ্যারেস্ট করেছে, কিন্তু তার বাবা জড়িত নন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : তিনি অ্যাবস্কন্ড করছেন, ফেরার। গ্রাম পঞ্চায়েত প্রধান হানিফ খান, তিনি লুকিয়ে বেড়াচ্ছেন।

[11.20—11.30 a.m.]

শ্রী তপন হোড় : স্যার আমার একটা অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এই দখলবাটির ঘটনা নিয়ে বললেন। সেখানে একটা দুর্ভাগ্যজনক এবং ভয়ংকর ঘটনা ঘটে গিয়েছিল। এই ঘটনার সঙ্গে রাজনৈতিক সম্পর্ক আছে কি নেই বলা যাচ্ছে না। আমরা যারা জেলাবাসী তারা জানি এর ভেতরে একটা গভীর চক্রান্ত আছে এবং সেই চক্রান্তের সঙ্গে কংগ্রেস যুক্ত, তৃণমূল কংগ্রেস যুক্ত।

(গোলমাল)

রামপুরহাট-নলহাটি এই সমস্ত এলাকায় জনযুদ্ধের নাম করে বেশ কিছু লোক নানা রকম ষড়যন্ত্রমূলক কাজকর্ম করছে, শোনা যাচ্ছে আই.এস.আই.-এর চর হিসাবে কাজ করছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাই, এই যে ঘটনা ঘটল এই ঘটনার সঙ্গে জনযুদ্ধ এবং আই.এস.আই-এর যোগ আছে কিনা এবং এই তাদের সন্ধান যদি পাওয়া গিয়ে থাকে তাহলে যদি কোনো তথ্য থাকে বললে ভালো হয়।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় সদস্যকে বলতে চাই, আমি প্রথমেই বলেছি এই বিস্ফোরণের ঘটনার সঙ্গে পরিচিত রাজনৈতিক দলের কোনো যোগাযোগ নেই। ওরা মূলত অপরাধ করার জন্যই বোমা তৈরি করছিল। আমার কাছে যা রিপোর্ট আছে, আপনারা জানেন সেখানে জনযুদ্ধ কিছু আছে। কিন্তু এই ঘটনাটা একটা বিচ্ছিন্ন ঘটনা। অপরাধীরা অপরাধ সংগঠিত করার জন্য এই ঘটনা ঘটিয়েছে। এই ঘটনায় তৃণমূল জড়িত এই তথ্য নেই, বলতে পারবো না। কিন্তু কংগ্রেসের একজন পঞ্চায়েত প্রধান যুক্ত এবং তিনি অ্যাবসকনডিং।

ডাঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন রাখতে চাই। যারা ধরা পড়েছে তাদের মধ্যে একজনের কথা বলেছেন, তিনি কংগ্রেসের সঙ্গে যুক্ত, সে কংগ্রেস করে, কংগ্রেস প্রধানের ছেলে। এই ঘটনায় যারা নিহত হয়েছে তাদের রাজনৈতিক পরিচয় স্বাভাবিকভাবেই তিনি বলেননি এবং এটা রাজনৈতিক ঘটনা নয় বলে উল্লেখ করেছেন। আমি যেটা বলতে চাই, যারা নিহত হয়েছে তাদের মধ্যে একজনের কথা, আপনার সি.পি.এম. জেলা সম্পাদক মন্ডলীর অন্যতম সদস্য, তিনি প্রথম দিন ই.টিভিতে বলেছিলেন যে, যারা নিহত হয়েছে তাদের মধ্যে একজনকে সি.পি.এম.-এর মিটিং মিছিলে দেখা গিয়েছে। এটা ই.টিভি খুললে জানতে পারা যাবে। আপনি যদি বলেন তাহলে তার নাম বলতে পারি, তার নাম রতন দাস। তিনি সি.পি.এম.-এর যুব ফেডারেশানের সঙ্গে পরিপূর্ণভাবে যুক্ত। আমি বলছি এখানে কোনো রাজনৈতিক ব্যাপার নেই। কিন্তু যখন যারা অ্যারেস্ট হয়েছে তাদের মধ্যে একজনকে কংগ্রেসের কথা বলা হচ্ছে, আপনাদের অন্য দলের একজন সদস্য জোর করে তৃণমূলের নাম যুক্ত করে দিচ্ছেন, আপনি সেটা অস্বীকার করেছেন এবং বলেছেন এখানে

তৃণমূল নেই, আপনাকে তার জন্য ধন্যবাদ, এখানে যারা নিহত হয়েছে তাদের মধ্যে একজনের রাজনৈতিক পরিচয় রয়েছে এটা সত্য কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টচার্য : সি.পি.এম.-এর কোনো লোক কোথায় কী বললো তার উত্তর আমি দিতে পারবো না। যাদের মৃত্যু হয়েছে তাদের মধ্যে একজন রতন মাহার বলে আছে রতন দাস বলে নেই। এই রতন মাহারের কোনো রাজনৈতিক পরিচয় নেই।

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, বীরভূমের দখলবাটি গ্রামে যে ঘটনা ঘটেছে তাতে যখন তারা বোমা তৈরি করছিল এই ধরনের খবর পুলিশের কাছে ছিল এবং ৩জন লোক যে পালিয়ে গেছে, ওই আসামীরা কখনো কংগ্রেস এবং কখনো তৃণমূলের বাড়িতে গিয়ে আশ্রয় নিচ্ছে এই খবর পুলিশের কাছে আছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ওখানে বোমা তৈরি করা হচ্ছিল এই খবর পুলিশের কাছে ছিল না। বিস্ফোরণ হবার পরে পুলিশ সেখানে যায়। আর যেটা বললেন সেই ব্যাপারে বলি যে, নির্দিষ্ট রিপোর্টের উপরে আমি চলি। আমি কাউকে কংগ্রেস, কাউকে তৃণমূল বলে তো সাজাতে পারবো না। যারা অপরাধী তারা অপরাধীই।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে মূল প্রশ্ন হচ্ছে বীরভূমের দখলবাটি গ্রাম সম্পর্কে, এই প্রসঙ্গে আমি জানতে চাই যে, মেদিনীপুরের বেলদা এবং দাঁতনে বোমা বানানোর সময়ে ৩জন মানুষ পরিবারের মারা গেছিল। সেই ব্যাপারটা চাপা পড়ে গেছে। মারা যাবার পরে ওখান থেকে অপরাধীরা পালিয়েছে। সরকার ওই অপরাধীদের গ্রেপ্তার করার ব্যাপারে কোনো ব্যবস্থা নিয়েছেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই প্রশ্নটি এখানে আসে না। আপনি সুনির্দিষ্টভাবে প্রশ্ন করবেন উত্তর দেব।

শ্রী বিশ্বনাথ মন্ডল : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, বীরভূমের দখলবাটি গ্রামে যে ১৩জন নিহত হয়েছেন বোমা বিস্ফোরণের ফলে, ওই ১৩ জন লোক বিভিন্ন জায়গায় থেকে এসে সংগঠিত হয়েছিল আমার বাড়ির খুব কাছাকাছি বাড়িতে। তারা সবাই অপরাধ জগতের লোক। পুলিশের খাতায় ওইসব অপরাধ জগতের লোকদের নাম দাগী আসামী হিসাবে লেখা আছে কিনা, ওদের বিরুদ্ধে কোনো এফ.আই. আর. আছে কিনা জানাবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটাতে একটু সময় দিতে হবে। ১৩ জন বাড়িতে যে মারা গেছে তাতে মহিলা এবং বাচ্চা ৩ থেকে ৫ বছরের ছিল। ওরা নিশ্চয় অপরাধ করেনি, ওই বাচ্চারাও মারা গেছে। তাদের নাম পুলিশের রেকর্ডে আছে কিনা বলতে আমার সময় লাগবে। আমি এখনই বলতে পারব না।

শ্রী সাধন পান্ডে : মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই যে, তিনি বলেছেন এটি বিচ্ছিন্ন ঘটনা, কিন্তু এই ধরনের ঘটনা সারা পশ্চিমবঙ্গে ঘটছে। এই ধরনের

বোমা বিস্ফোরণের ব্যাপারে সর্বদাই ফরোয়ার্ড ব্লক এবং আর এস পি সি পি এমকে দোষ দিচ্ছে। আপনি বলছেন এতে কোনো রাজনীতি নেই এবং এই ব্যাপারে পুলিশের কাছে কোনো খবর ছিল না। আপনি তো দীর্ঘদিন ধরে স্বরাষ্ট্রমন্ত্রী আছেন এবং বর্তমানে মুখ্যমন্ত্রীও হয়েছেন, আপনার ইন্টেলিজেন্স উইং কি এতোই দুর্বল যে একটা রাজ্যে এই ধরনের ঘটনা ঘটছে আপনার কাছে রিপোর্ট আসছে না বা রিপোর্ট দিচ্ছে কিন্তু আপনি কোনো অ্যাডভান্স অ্যাকশান নিচ্ছেন না। কী কারণে আপনি ধামা চাপা দিতে চাইছেন এবং কেনই বা পুলিশকে আপনি নিরপেক্ষভাবে কাজ করতে দিতে পারাছেন না জানান।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : প্রশ্নটি একেবারে অপ্রাসঙ্গিক এবং ধোঁয়াটে। এই ধোঁয়া কী ভাবে আমি সরাব।

Film Festival

*24. (Admitted Question No.*57) **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of Information & Cultural Affairs Department be pleased to state—

(a) the total cost of the film festival recently organised by the State Government in the city ;

(b) the amount of expenditure borne by the Government ; and

(c) number of foreign/Indian film shown in this festival ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) আনুমানিক ব্যয় ৮০ লক্ষ টাকার মতো। এখনও সবটা হিসেব হয়নি।

(খ) ৫০ লক্ষ টাকা।

(গ) প্রদর্শিত বিদেশি ছবির সংখ্যা : ৮৭। ভারতীয় ছবি : ৪০।

[11.30—11.40 a.m.]

শ্রী সৌগত রায় : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। আমাদের মুখ্যমন্ত্রী আগে ইংরাজিতে প্রশ্ন করলে ইংরাজিতে জবাব দিতেন। উনি সম্প্রতি বাংলা ভাষাতে শিফ্‌ট করেছেন। আপনি যেটা কালকে বলেছেন যে ভাষাতে প্রশ্ন করা হচ্ছে, সেই ভাষায় জবাব দেওয়া উচিত। আজকে আবার সেটা বলে দেবেন। আমি এখানে দেখলাম, প্রশ্নের উত্তরটা ছাপা হয়েছে বাংলায়, মুখ্যমন্ত্রীও বললেন বাংলায়।

মিঃ স্পীকার : প্রশ্ন ছাপা হয় ইংরাজিতে, উত্তর হয় বাংলাতে, সাপ্লিমেন্টারিও হয় বাংলাতে, এইটা নিয়েই সমস্যা।

শ্রী সৌগত রায় : স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী এই ফিল্ম উৎসবের উদ্‌বোধনী অনুষ্ঠানে বলেছিলেন, আর্থিক অবস্থা খারাপ হলে বা খেতে না পেলে কি গান গাইবে না ? ক্ষুধার্ত থাকলে কি মানুষ গান গাইবে না, এই ধরনের কথা উনি বলেছিলেন। আমার প্রশ্ন, এই আর্থিক দুরবস্থা সত্ত্বেও, মুখ্যমন্ত্রী তাঁর নিজের উদ্যোগে কলকাতার চলচ্চিত্র উৎসব করেছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই, কত দর্শক এই উৎসব দেখেছিলেন এবং উৎসবের জন্য বিপুল খরচ করার পরে আমাদের প্রাপ্তি কী বা ওঁর প্রাপ্তি কী ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি ওই কথাটা উৎসবের শুরুতে বলিনি। উৎসবের আগে একটা প্রেস কনফারেন্স বলেছিলাম। একজন সাংবাদিক জিজ্ঞাসা করেছিলেন এই সংকটের মধ্যে এটা করছেন কেন? তখন আমি ওখানে বলেছিলাম, ক্ষুধার্ত মানুষও গান গায়। এ হাঙরি ম্যান অলসো সিংস। আমি তার উপর এখনো দাঁড়িয়ে আছি ; অশান্তি যে আঘাত করে, তাই তো বীণা বাজে। সাধারণ মানুষ দেখেছেন ৩১ হাজার ২১৭জন। এছাড়া ৩ হাজার ৮৫০ জন ডেলিগেট্‌স ছিল, তারাও ফিল্ম দেখেছেন। আর যেটা বললেন পরম প্রাপ্তি, এই প্রাপ্তিটা আপনাকে বোঝাতে না পারলেও এই রাজ্যে চলচ্চিত্র শিল্প এবং তার সঙ্গে জড়িত যে মানুষ তাঁদের কাছে পরম প্রাপ্তি।

শ্রী সৌগত রায় : স্যার, মুখ্যমন্ত্রীর কবিতা শুনে আমার মনে হয়, অশান্তি যে আঘাত করে, তাই তো বীণা বাজে। এটা শুনে, ওনার কাকার একটা কবিতার লাইন আমার মনে পড়ছে, ক্ষুধার জগতে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি। গদ্যময় পৃথিবীতে এতো কবিতা, কারা ফিল্ম দেখছে আমি জানি না।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই ধারণাটা, ওই দুশ্চিন্তায় কবিতাতে লেখা হয়েছে।

শ্রী সৌগত রায় : স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, দেখা যাচ্ছে ৩৪ হাজার দর্শকের জন্য ৮০ লক্ষ টাকা খরচ হয়েছে, এখানে ফিল্ম ফেস্টিভ্যালে যারা টিকিট কেটে দেখলেন তাদের জন্য পার হেডে আড়াই শত টাকা সরকার খরচ করেছেন, এটা জাস্টিফাইড কিনা ? এটা হাউস বিচার করবে। পার হেডে পার দর্শকের জন্য আড়াই শত টাকা খরচ হয়েছে। শুধু সরকারি খরচ ধরলে পার হেডে দেড়শো টাকা খরচ করা হয়েছে, বাকি টাকা স্পনসররা দিয়েছে। এখানে কত দর্শক ফিল্মবোদ্ধা ওর মতে, যার জন্য সরকার খরচ করেছেন ? কিন্তু ফিল্ম ফেস্টিভ্যাল সারা পৃথিবীতে যে ছোট ছোট জায়গায় হয়, সেই শহরেই করা হয় কারণ সেখানকার একটা আইডেন্টিটি উঠে আসে। যেমন কান একটা ছোট জায়গা, কার্লে উইভারস একটা ছোট জায়গা, এবারে হল কোরিয়ার বুশানে, এবং হাওয়াই একটা ছোট জায়গা। এই রাজ্যগুলির নাম এই চলচ্চিত্র উৎসবের জন্য উঠে আসে। কলকাতা চলচ্চিত্র উৎসবে ১-২ বছরের পুরনো বা অনেক পুরনো ছবি না দেখিয়ে, রেট্রোসপেকটিভ না দেখিয়ে একটা কমপিটিটিভ প্রতিযোগিতামূলক উৎসব করছেন না কেন ? যাকে কেন্দ্র করে বিভিন্ন জায়গায় উৎসব হবে, সেখানে একটা প্রাইজ থাকবে, কোনো প্রতিযোগিতামূলক ফিল্ম উৎসব এখনো করেননি, ১৭ বছর হয়ে গেল ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : বিষয়গুলো সম্পর্কে আর একটু ওয়াকিবহাল থাকলে হয়তো এটা বলতে পারতেন না। এখনও পর্যন্ত কান ফেস্টিভ্যাল, বার্লিন ফেস্টিভ্যালের সমান আমরা হয়ে উঠতে পারিনি ঠিকই, কিন্তু ভারতবর্ষে যে একটা শহরে চলচ্চিত্র উৎসব হয়, তার মধ্যে বিদেশিরা মেনে নিয়েছে যে, দিল্লি বা বম্বের উৎসব থেকে কলকাতা অনেক জীবন্ত এবং দর্শকরাও সম্পূর্ণ আলাদা। দিল্লি এবং বম্বের ফেস্টিভ্যালে কী হয় আপনি জানেন। আমরা ইতিমধ্যে আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছি, ফিফা অ্যাফিলিয়েশন পেয়েছি। সেইজন্য আমরা এত বই পাই। বিদেশি বই যেগুলো এসেছে, প্রত্যেকটাই কন্টেমপোরারি। আমরা ২০০০-২০০১ এর মধ্যে যাইনি। এই ৯০ টি ছবি সারা মহাদেশ জুড়ে। এবারে থ্যাস্ট ছিল ল্যাটিন আমেরিকান ফিল্মসের দিকে। ফিল্মগুলো বছরে একবারই দেখার সুযোগ পান কলকাতা এবং পশ্চিমবাংলার মানুষ। এই সুযোগ সরকার ছাড়া আর কেউ যদি করতেন আমার আপত্তি ছিল না। সরকার টাকা কমিয়ে দিয়েছে, আমরা স্পন্সরশিপ নিয়েছি। ভবিষ্যতে যদি অন্য কোনো সংস্থা বা ফিল্ম ইন্ডাস্ট্রি এটা করে, সরকার একেবারেই সরে আসবে। অন্য দেশে তাই হয়। এবারে আমরা স্পন্সরশিপ পেয়েছি, তাতে মনে হচ্ছে ভবিষ্যতে হয়তো আর একটু সুযোগ আসবে পেছনে চলে আসার। কিন্তু উৎসবের দরকার, সারা পৃথিবীতে কী ফিল্ম হচ্ছে সেটা কলকাতার মানুষ দেখছে। এটার দরকার আছে। ভারত সরকারের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা থেকেও আমরা স্পন্সরশিপ পেয়েছি—যেমন এল.আই.সি.দিয়েছে, কোল ইন্ডিয়া দিয়েছে, ইন্ডিয়ান অয়েল ফান্ডিং করেছে। আই.টি.সি.-র মতো কোম্পানি, পেপসির মতো কোম্পানি দিয়েছে। এসব নিয়ে করেছি—যাতে খরচ কমিয়ে আনা যায়। আবারও বলছি—এই ফেস্টিভ্যালের প্রয়োজন আছে। মানুষকে বছরে একবার সুযোগ দেওয়া উচিত। আর, এটা কম্পিটিটিভ করা ঠিক নয়। আমাদের রাজ্যে বা আমাদের দেশে প্রথম থেকেই ঠিক ছিল কম্পিটিশনের মধ্যে যাব না। এসব করতে গেলে ইন্টারন্যাশানাল জুরি ঠিক করতে হয়, বিভিন্ন রকম বিতর্কের সৃষ্টি হয়, ইত্যাদি। আমরা প্রতিনিধিত্বমূলক বইগুলোকেই রাখি।

শ্রী সৌগত রায় : ফেস্টিভ্যালে উনি টাকা খরচ করছেন যখন, তখন দেখছি বাংলা চলচ্চিত্র চূড়ান্ত সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে এবং তার মানও—বাংলাদেশের ছবি এবং বাংলাদেশ থেকে অর্ধেক তৈরি হয়ে আসা ছবি খারাপ করে দিচ্ছে। বড় চলচ্চিত্র উৎসবে তো ফিল্ম এক্সপোর্টের ব্যবসা হয়। মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, এই উৎসবে কোনো ব্যবসা হয়েছে কিনা? আমাদের বাংলাতেও তো ভালো ছবি কিছু হয়, যেগুলো বিদেশে যেতে পারে। এই চলচ্চিত্র উৎসবের মধ্যে থেকে মুমূর্ষু বাংলা চলচ্চিত্র শিল্পের কোনো উন্নতি কি আশা করা যায় ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : কথাটা একদিক দিয়ে ঠিকই বলেছেন। যেভাবে কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সাড়া পাওয়া যায়, দর্শক পাওয়া যায়, তার প্রতিফলন বাংলা ফিল্মে আসছে না। প্রোডাকশানটাও মনে করুন ৪০-৪৫ টি ফিল্মের মধ্যে দাঁড়িয়ে থাকে, বাংলা ফিচার ফিল্ম। সরকার কী করতে পারে ? একটা পরিকাঠামো দিতে পারে। কিন্তু দুর্ভাগ্য আমাদের রাজ্যে যে, স্টুডিও বলুন, কালার ল্যাবরেটরি বলুন, সবই সরকার করছে, বিকল্প কেউ করছে না। এক্ষেত্রে

ফিল্ম ইন্ডাস্ট্রি আসছে না, কোনো ইন্ডাস্ট্রিয়াল হাউস, কর্পোরেট হাউস আসছে না। অতি সম্প্রতি 'ফিকি' একটা কনফারেন্স করেছিল,তাতে যশ চোপড়া এসেছিল। মুম্বাই-এর ফিল্ম প্রোডাকশন খুব জটিল ব্যাপার, সেটা বিগ বাজেট প্রোজেক্ট, সেখানে মাফিয়াদেরও ব্যাপার থাকে। তেলেগু ফিল্ম, মালয়ালাম ফিল্ম, সেখানেও প্রডিউসররা আমাদের থেকে এগিয়ে। গভর্নমেন্ট যা করতে পারে, সবচেয়ে বেশি স্টুডিও করতে চলেছি, ল্যাবেরেটরি করতে চলেছি। কেউ এই দায়িত্ব নিলে আমরা ছেড়ে দেব। কালার ল্যাবরেটরিও আমরা করেছি। কেউ যদি জয়েন্ট সেকটরে আসতে চায়, আমরা ছেড়ে দেব। যদি বলেন বাংলায় ভালো ফিল্ম কেন হচ্ছে না, কেন ভালো দর্শক আসছে না, এই উত্তর দিতে পারব না। আমরা পরিবেশ তৈরি করতে পারি, ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে পারি, কিছু সাহায্য করতে পারি, কিছু ইন্সেন্টিভ্ দিতে পারি। কিন্তু কেন ফিল্মের দর্শক বাড়ছে না সেটা খুঁজতে হবে। দক্ষ পরিচালক চাই। দক্ষ টেকনিশয়ান চাই। এগুলি না করলে হবে না। আর বাংলা নিয়ে যেটা বললেন—জটিলতার সৃষ্টি হয়েছিল, সেটা এখন ভারত সরকার এবং বাংলাদেশ সরকারের সঙ্গে চুক্তি হয়ে গেছে। এখন জয়েন্ট প্রোডাকশান হলেও কী হবে, না হবে, ডুজ অ্যান্ড ডোন্ট্স এটা এখন আইনবদ্ধ হয়েছে। ওই সমস্যা এখন আর নেই। কিন্তু বাংলা ফিল্মের প্রোডাকশন বাড়েনি। এখন ধরুন এখানে ফিল্ম উৎসব "সান্স অ্যান্ড ডটারর্স" ছবির পরিচালক এসেছিলেন, তিনি জন্মেছিলেন চিলিতে, থাকতেন আর্জেন্টিনায় এবং মার খেয়ে চলে যান ইটালিতে। তিনি ফিল্ম উৎসব হয়ে যাওয়ার পরেও দু দিন কলকাতা রয়ে গেলেন। কিন্তু যদি বলেন এর প্রতিফলন এখানের চলচ্চিত্রে পড়ছে না, এটাও আমার ধারণা। কিন্তু আমিও গুড ফিল্ম, কোয়ালিটির ফিল্মে আশাবাদী ।

[11.40—11.50 a.m.]

শ্রী আবু আয়েশ মন্ডল : কলকাতা চলচ্চিত্র উৎসবে ৮০ লক্ষ টাকার মতো খরচ হয়েছে। সরকারের খরচ হয়েছে ৫০ লক্ষ টাকা। এখানে প্রশ্ন উঠেছে আর্থিক সংকটের কথা। কিন্তু গত বছর সপ্তম চলচ্চিত্র উৎসবের থেকে ১১ লক্ষ টাকার মতো লাভ হয়েছিল। তার একটা অংশ মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে গেছে এবং আর একটা অংশ বাংলা ছবির দুস্থ কলাকুশলীদের দেওয়া হয়েছিল। আপনি বলেছেন ৮০ লক্ষ টাকা খরচ হয়েছে। এর থেকে যে লভ্যাংশ উঠে এসেছে, সেটার থেকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে বা দুস্থ কলাকুশলীদের দেওয়ার কি কোনো পরিকল্পনা আছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমরা এই ফিল্ম ফেস্টিভ্যাল থেকে যারা টিকিট কেটেছে, সেখানে লাভ করেছি ৬ লক্ষ ৮৩ হাজার ৮৫ টাকা। এর মধ্যে ৫ লক্ষ ১২ হাজার ২৮৮ টাকা রিলিফ ফান্ডে দেওয়া হবে এবং ১ লক্ষ ৭০ হাজার ৭৬২ টাকা টেকনিক্যাল ওয়ার্কার্স ফান্ডে দেওয়া হবে।

শ্রী সুব্রত মুখার্জী : আমি আপনাকে বলতে চাইছি— এটা ঠিক যে, কত দর্শক দেখবে কি দেখবে না এতে আপনার কিছু করার নেই। কিন্তু বাংলায় যে সমস্ত সিনেমা হল আছে,

সেখানে বাধ্যতামূলক বাংলা ছবি দেখানো সম্ভব কিনা এই ব্যাপারে আইনের খসড়া ছিল একসময়। সেটার সম্পর্কে আপনার বক্তব্য আছে কিনা?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমিই আইনটা করেছিলাম। দিল্লি থেকে অনুমোদন পেয়েও ছিলাম। কিন্তু আইনের সঙ্গে বাস্তবতার মিল নেই। আমাদের ফিল্মের প্রোডাকশান খুবই কম। ৪০-৪৫ টা বাংলা ফিল্ম হয় এবং সিনেমা হল আছে ৭০০ টা। তাই এই ৪০-৪৫ টা ছবি নিয়ে আইন প্রয়োগ করতে যাওয়ার কোনো মানেই হয় না। কলকাতা শহর বা কলকাতা শহরের বাইরে ২০ পারসেন্ট সিনেমা হলে মাত্র বাংলা ছবি দেখায়। বাকি ৮০ ভাগ সিনেমা হলে হিন্দি এবং ওই জেমস বন্ড টাইপের ছবি দেখায়। ফিল্ম প্রোডাকশান বাড়াতে না পারলে কিছু করা যাবে না।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রীমহাশয় ঠিকই বলেছেন। আসলে আমাদের যিনি মূল প্রশ্নকর্তা, জানি না কেন বলছেন। আসলে অন্ধকার থেকে আলোতে যাত্রা-সেই আলোরই অনুসন্ধান করার চেষ্টা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে যে ফিল্ম ফেস্টিভ্যাল হলে কলকাতার দর্শকরাই তো সুযোগ পান। আমি একেবারে প্রত্যন্ত গ্রাম বলছি না যদি কলকাতা সারাউন্ডিং-এ এই চলচ্চিত্র উৎসব করা যায় কিনা এটা কি ভাবনা— চিন্তা করা যায় ? আর এই উৎসবকে ঘিরে শিশুদেরও একটা আগ্রহ হয়। শিশুদের জন্য যে সমস্ত ছবি আসে সেই ছবিগুলো শিশুদের দেখানোর ব্যবস্থা করা যায় কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই ফেস্টিভ্যাল চলাকালীন আমাদের ফিল্মগুলো যেভাবে আনতে হয় সেইগুলো একেবারে সময়সীমা বেঁধে দিয়ে আনতে হয়। এইদিন পৌঁছাতে হবে না হলে প্রিন্ট চলে যাবে, তার মধ্যে বিশেষ করে শিলিগুড়িতে আঞ্চলিক ফেস্টিভ্যাল হয়েছে, বর্ধমানে হয়েছে কিন্তু যেভাবে চুক্তি হয়ে থাকে বেশি দেরি করলে পরের বছর আর ফিল্ম দেবে না। তাই জন্য কলকাতার বাইরে করার জন্য একটু অসুবিধা হচ্ছে। আর শিশুদের জন্য ফিল্ম শিশির মঞ্চে ছিল দেখানো হয়েছে বিনা পয়সায়। সেখানে বিদেশি ফিল্ম ছাড়াও দেখানো হয়েছে। গভর্নমেন্ট অব ইন্ডিয়ার চিলড্রেনস ফিল্ম সোসাইটি যে আছে সেটা নিয়ে অন্য জেলায় কি করা যায় সেটা ভেবে দেখতে পারি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য যে এই ফেস্টিভ্যালে টিকিট রেটটা বেশি এবং টিকিট পাওয়াও কষ্টকর। সাধারণ মানুষ এর সঙ্গে ইনভল্‌ভ হতে পারে না। বিদেশি ফিল্মের প্রতি উৎসাহও থাকে কিন্তু টিকিট সহজলভ্য নয় বলে সাধারণ মানুষ এই সুযোগ থেকে বঞ্চিত হয়। এই সম্পর্কে আপনি কিছু ভাবছেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : দাম কমাতে পারলে ভালো হয় কিন্তু খরচ সামলাব কী করে, দাঁড়াব কোথায়।

শ্রী শম্ভুনাথ মান্ডি : মাননীয় মন্ত্রীমহাশয়, আপনার কাছে একটা কথা জানতে চাইছি। পশ্চিমবাংলায় আদিবাসী বলে একটা সম্প্রদায় আছে। তাদের সংস্কৃতিকে ভিডিও করে একটা

ব্যবসাভিত্তিক কাজ চলছে এটা আমাদের কাছে খবর আছে, আমি জানতে চাইছি এদের সংস্কৃতি নিয়ে ডকুমেন্টারি করার কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আদিবাসীদের জীবনযাত্রার উপর আমাদের ডকুমেন্টারি ফিল্ম আছে। চেষ্টাও আছে ফিচার ফিল্ম করার জন্য কিন্তু সেভাবে আদিবাসী সম্প্রদায় থেকে কেউ এগিয়ে আসেননি। কেউ আসলে আমরা নিশ্চয়ই উৎসাহিত করব।

শ্রী তাপস রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে ফিল্ম ফেস্টিভ্যালে যে রেট্রোসপেকটিভ দেখানো হল তার বেসিস কী ছিল, একটা রেট্রোসপেকটিভ থেকে বাছার তো একটা বেসিস থাকে, রেট্রোসপেকটিভ বাছার বেসিস কী ছিল ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : সব আমি করি না, আমার একটা উপদেষ্টা কমিটি আছে তাঁরাই করেছেন এবং আমার ধারণা তাঁরা ভালোই করেছেন। আমাদের অনেক ভাগ আছে ট্রিবিউট হোমেজ ইত্যাদি। আপনি প্রশ্ন করেছেন রেট্রোস্পেকটিভ কী কী করেছেন। রেট্রোস্পেকটিভ একটা ছিল গ্রিক ডিরেকটার, তাঁর নাম অ্যাঞ্জেলো পল্স, তাঁর ৬টা ফিল্ম আমরা দেখিয়েছি, তার একটা হল ইটারনিটি অ্যান্ড ডে বলে একটা পৃথিবী বিখ্যাত বই। তিনি প্রথম আমাদের কলকাতায় এলেন। তিনি ছিলেন রেট্রোসপেকটিভে একজন গ্রিক পরিচালক হিসাবে। ভারতের মধ্যে মণিরত্নম এবং পশ্চিমবাংলার অপর্ণা সেন। এই ৩জনকে নিয়ে রেট্রোস্পেকটিভ ছিল। এটা সাধারণভাবে বাছা হয় আন্তর্জাতিক মানের পরিচালক একজন এবং দেশের একজন এই ভাবে।

শ্রী সাধন পান্ডে : মাননীয় মুখ্যমন্ত্রী বললেন বাংলা সিনেমা তৈরি করার ব্যাপারে রাজ্য সরকারকেই বেশি করে সুযোগ দিতে হবে। রাজ্য সরকারের এই জায়গায় একটা ভূমিকা আছে। সিনেমা তৈরি হচ্ছে কিন্তু সেগুলি হলে দেখানো যাচ্ছে না। এগুলি তদন্ত করলে দেখতে পাবেন অনেক সিনেমা তৈরি হচ্ছে কিন্তু হলে আসছে না তার কারণ তারা পছন্দমতো হল পায় না। সিনেমাহলগুলির সবই জরাজীর্ণ অবস্থা। উত্তর কলকাতা থেকে শুরু করে দক্ষিণ কলকাতা পর্যন্ত সব সিনেমাহলগুলির অবস্থা খুবই জরাজীর্ণ। এইসব ঐতিহ্যবাহী সিনেমা হলগুলিকে আপনি কনসেশান দিতে পারেন কিনা যে তাদের কমার্শিয়াল রেটে বিদ্যুত না দিয়ে ডোমেস্টিক রেট নিতে পারেন কিনা ? তাহলে তারা এয়ার-কন্ডিশনিং মেশিনগুলি ভালোভাবে চালাতে পারে এবং একটা সুন্দর পরিবেশ তৈরি করতে পারে এবং সাধারণ মানুষও সিনেমা হলে সিনেমা দেখতে আসবে। আরেকটা বিষয় হচ্ছে আপনি যশ চোপড়ার কথা বললেন, ফিল্ম সিটি তৈরি করার ব্যাপারে কলকাতার কাছাকাছি কোনো জায়গা আপনি দিয়েছেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : প্রথম প্রশ্ন আপনি যেটা করলেন বিদ্যুতে ছাড়ের ব্যাপারে এটা কোনো সমাধানের পথ নয়। মূল সমস্যা হচ্ছে ফিল্মকে ইন্ডাস্ট্রি হিসাবে রিকগনাইজ করার পরেও এখানে আমাদের ব্যাংকার্সরা সিনেমাহল ওনার্সদের ব্যাংক লোন দিচ্ছে না। আমি এই ব্যাপার দিয়ে কয়েক দিন আগে রিজার্ভ ব্যাংকের গর্ভনর মিঃ জালানের সাথে কথা বলেছি যে

মহারাষ্ট্রে, হরিয়ানায়, অন্ধ্রপ্রদেশ সিনেমা হল তৈরি করলে ব্যাংক লোন দিচ্ছে এবং তারা লোন পাচ্ছে। কিন্তু আমাদের এখানে গোডাউন করলে লোন পাবে, কিন্তু সিনেমা হল তৈরির জন্য পাবে না। তাহলে সিনেমাকে ইন্ডাস্ট্রি বলার মানে কী ? আপনি যেটা বললেন সেটা হল সিনেমাহলের অর্থনীতিটা দুর্বল হয়েগেছে তাই তারা রেনোভেট করতে পারছে না। যদি সারচার্জ আমরা অ্যালাও করেছি, টিকিটের দামের উপরে যে সিলিং ছিল সেটা তুলে দিয়েছি, এগুলি ছেড়ে দিয়েছি। সার্ভিস চার্জ দিচ্ছে কিন্তু সেটা ট্যাকসেবল নয়। ট্যাক্স নিচ্ছি না, তা সত্ত্বেও হলগুলি জরাজীর্ণ হয়ে গেছে। এটার সমাধান হতে পারে ব্যাংক ফিন্যান্স পেলে। তবে এখন একটা ভালো দিক হচ্ছে আমাদের রাজ্যে মাল্টিপ্লেকসের প্রস্তাব এসেছে। এটা এখন দিল্লি, মুম্বাই, হরিয়ানাতে হচ্ছে। মাল্টিপ্লেকস্ তিনটির প্রস্তাব এসেছে তার মধ্যে দুটি প্রস্তাব নির্দিষ্ট। মাল্টিপ্লেকস্ মানে হচ্ছে একটা বড় হল হবে তার মধ্যে আনেকগুলি অডিটোরিয়াম থাকবে যাতে বিভিন্ন ধরনের দেশি-বিদেশি এবং বাচ্চাদের ছবি একই সঙ্গে দেখানো যাবে। এদের আমরা বলেছি এদের থেকে ৪ বছর ট্যাক্স নেব না। এই রকম একটা প্রস্তাব আমরা ঠিক করেছি। আপনি আরেকটা প্রশ্ন করলেন ফিল্ম সিটি নিয়ে। আপনাকে আবার বলছি বাস্তবতার উপর দাঁড়িয়ে কথা বলতে হয়। ৪০-৫০ টা ফিল্ম তৈরি আমাদের এখানে তৈরি হচ্ছে, টেলিফিল্মও হচ্ছে। বর্তমানে যে ল্যাবরেটরি আছে, যে স্টুডিয়ো আছে সেটাই যথেষ্ট। এদের আগে কাজ ছিল না, বর্তমানে টেলিফিল্ম আসাতে কাজ পাচ্ছে। আর ফিল্ম সিটি হচ্ছে একটা বিশাল ব্যাপার। এখানে প্রোডিউসার নেই, এত ফিল্ম কে তুলবে। আপনি জানেন কিনা জানি না এখন রামোজী রাওয়ের ফিল্ম সিটিও সিক্ হয়ে পড়ছে। ফিল্ম ক্যাপাসিটি অনুযায়ী প্রোডিউস হচ্ছে না, অনেক কমে গেছে। কাজেই এখানে ফিল্ম সিটি তৈরি করার বাস্তবতা নেই।

(ভয়েজ: হলিউডের ছবিতে আসতে পারে।)

হলিউড দুটো একটা হতে পারে কিন্তু সেই জায়গায় যাবে না। আর, ওদের টেকনোলজি অনেক উন্নত। আমাদের রাজ্যে বর্তমানে যে হারে ফিল্ম হচ্ছে তাতে তার জন্য একটা ফিল্ম সিটি করার কোনো বাস্তবতা নেই।

ভ্রাম্যমাণ বইমেলা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬) **শ্রী রামাপদ সামন্ত** : গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জেলাগুলিতে ভ্রাম্যমাণ বইমেলা চালু করার উদ্যোগ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

শ্রী নিমাই মাল :

গ্রন্থাগার পরিষেবা অধিকারের পক্ষ থেকে বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩) ন্যাশনাল বুক ট্রাস্টে এর সহযোগিতায় আগামী ফেব্রুয়ারি-মার্চ মাসে

বর্ধমান জেলায় একটি ভ্রাম্যমাণ প্রদর্শনী ও বই বিক্রয়ের পরিকল্পনা বিবেচনাধীন আছে। আগামী আর্থিক বছর থেকে ভ্রাম্যমাণ বইমেলা ন্যাশনাল বুক ট্রাস্টের সহযোগিতায় আরো অনেক জেলায় চালু করার পরিকল্পনা আছে।

শ্রী রামপদ সামন্ত : আপনি বর্ধমান জেলায় একটি ভ্রাম্যমাণ প্রদর্শনী ও বই বিক্রয়ের পরিকল্পনা নিয়েছেন বলেছেন। আমি জানতে চাইছি, বর্ধমান জেলা ছাড়া অন্য কোনো জেলাতে এই ভ্রাম্যমাণ প্রদর্শনী ও ওই বিক্রয়ের পরিকল্পনা আপনার আছে কিনা ?

শ্রী নিমাই মাল : এই কাজের জন্য আমাদের কোনো গাড়ি নেই। ন্যাশনাল বুক ট্রাস্ট থেকে গাড়ি নিতে চাওয়া হয়েছে। ওরা পরীক্ষামূলক ভাবে এক মাসের জন্য দেবেন বলেছেন। যদি ওরা সামনের মাসে গাড়ি দেন তাহলে অন্যান্য জেলাগুলোতে এই ভ্রাম্যমাণ বইমেলা করার ইচ্ছা আছে।

শ্রী রামপদ সামন্ত : বর্তমানে বিভিন্ন জেলাতে এবং কলকাতাতেও বই মেলা হচ্ছে। এই বই মেলার সঙ্গে ভ্রাম্যমাণ বইমেলার কোনো চরিত্রগত পার্থক্য আছে কিনা ? ভ্রাম্যমাণ বইমেলাতে স্থানীয় চাহিদার দিকে লক্ষ্য রেখে কৃষকদের স্বার্থ সংক্রান্ত, সামাজিক বিভিন্ন বিষয় নিয়ে, সাম্প্রদায়িক সম্প্রীতির বিষয়ে, কুটির শিল্প বাড়ানো প্রভৃতি বিষয়ে উৎসাহব্যঞ্জক বই রাখার ক্ষেত্রে চিন্তা-ভাবনা করা হচ্ছে কিনা ?

শ্রী নিমাই মাল : আমাদের ইচ্ছা আছে। সাধারণ বইমেলাগুলো হয় শহরকেন্দ্রীক আর ভ্রাম্যমাণ পুস্তক মেলা হবে একেবারে গ্রামের দিকে। যতটা সম্ভব যাওয়া যায় গাড়ি ততটা যাবে, দরকার হলে পঞ্চায়েত লেভেলে চলে যাবে এবং সেখানে ঠিক গ্রামভিত্তিক যে সব বই দরকার আছে, ছোট ছোট শিল্প গড়ার ক্ষেত্রে, প্রাণী সম্পদে-এর বিকাশের ক্ষেত্রে যে সব বই দরকার আছে তা নিয়ে যাওয়া চেষ্টা করা হবে।

শ্রী রামপদ সামন্ত : সম্প্রতি শিলিগুড়িতে একটা বইমেলা হয়ে গেল এবং সেখানে লাদেন সম্পর্কে বই বিক্রির খবর পাওয়া গেছে। এই বই বিক্রির ব্যাপারে সরকার অবহিত কিনা ? বইটাতে সাম্প্রদায়িক সম্প্রীতির ক্ষেত্রে বিরূপ কোনো তথ্য আছে কিনা ? যদি থেকে থাকে তাহলে এই বই-এর ব্যাপারে কী চিন্তা-ভাবনা করছেন ?

শ্রী নিমাই মাল : শিলিগুড়িতে 'দার্জিলিং জেলা বই মেলা' শুরু হয়েছে ৭ তারিখে থেকে। ওখানে 'ইসলামিক বুক সেন্টার'-এর পাবলিশারকে কর্তৃপক্ষ একটা স্টল করতে দিয়েছেন। সেই স্টল থেকে দেখা গেল একটা বই বিক্রি হচ্ছে। সেটা আমি জোগাড় করেছি। 'সাম্রাজ্যবাদের কবরস্থান আফগানিস্থানে, মার্কিন হায়েনা এবং তালিবান ও লাদেন'। এই বই সেল করতে দিইনি। বলেছি আপাতত এই বই বিক্রি বন্ধ করে দিন। আমরা পন্ডিতদের দেখাই তাঁরা যদি বলেন তাহলে আপনারা এই বই বিক্রি করতে পারবেন। যাই হোক, বইটা আমাদের হাতে এসেছে, এটা আমরা পন্ডিতদের দিয়ে বিশ্লেষণ করাচ্ছি।

Starred Questions
(To which answers laid on the Table)

রাজ্যে সক্রিয় গেরিলা গোষ্ঠী

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রীমতী সোনালী গুহ :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জনযুদ্ধ ও এম.সি.সি. গোষ্ঠী ছাড়া আংর কোনো গেরিলা গোষ্ঠী পশ্চিমবঙ্গে সক্রিয় কি না ; এবং

(খ) থাকলে, এই গোষ্ঠীগুলোকে সরকার নিষিদ্ধ ঘোষণা করার কোনো সিদ্ধান্ত নিয়েছেন কি ?

স্বরাষ্ট (আরক্ষার বিভাগের ভারপ্রান্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) না।

মুক্ত মঞ্চ স্থাপন

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৪) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) লোক সংস্কৃতিকে জনগণের মধ্যে প্রসারের জন্য প্রতি মহকুমায় মুক্ত মঞ্চ স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, এ ব্যাপারে অগ্রগতি কিরূপ ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এরূপ কোনো প্রস্তাব সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

বেহালায় জল নিকাশী প্রকল্প

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪) **শ্রী পার্থ চ্যাটার্জী :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সহায়তায় বেহালার জল নিকাশী প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০০৩-২০০৪ সাল নাগাদ।

মহিলা সাব-ইন্সপেক্টর ও কনস্টেবলের পদ

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২-০৩ আর্থিক বছরে কলকাতা পুলিশের অধীনস্থ থানাগুলির জন্য মহিলা সাব-ইন্সপেক্টর ও মহিলা কনস্টেবল-এর কতগুলি পদ সৃষ্টি করা হয়েছে ; এবং

(খ) উক্ত পদগুলি পূরণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মহিলা সাব-ইন্সপেক্টর = ৩টি পদ।

মহিলা কনস্টেবল = ৯টি পদ।

(খ) মহিলা কনস্টেবলরা আরক্ষা প্রশিক্ষণ বিদ্যালয়ে প্রশিক্ষণরতা। মহিলা সাব-ইন্সপেক্টদের নিয়োগের বিষয়টি পশ্চিমবঙ্গ জনকৃত্য আয়োগের প্রক্রিয়াধীন।

জনযুদ্ধ গোষ্ঠীর কার্যকলাপ বন্ধে সরকারী উদ্যোগ

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪) **শ্রী আবদুল মান্নান** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে জনযুদ্ধ গোষ্ঠীর কার্যকলাপ বন্ধে রাজ্য সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, কি ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) জনযুদ্ধ গোষ্ঠীকে নিষিদ্ধ ঘোষরা করার কোনো চিন্তা-ভাবনা সরকারের আছে কি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) জনযুদ্ধ গোষ্ঠীর কার্যকলাপ বন্ধে পুলিশী ব্যবস্থা ছাড়াও রাজ্য সরকারের তরফে উক্ত গোষ্ঠী প্রভাবিত এলাকার সমস্যাপীড়িত মানুষের অবস্থার উন্নতির জন্য উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(গ) না।

পুলিশ কর্মীদের রেশন

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫) **শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পুলিশ কর্মীদের রেশন বন্ধ করে দেওয়া হয়েছে : এবং

(খ) সত্যি হলে, রেশনের বিকল্প কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) প্রতিটি পুলিশ কর্মচারী (সাব-ইন্সপেক্টর পর্যন্ত) ১লা এপ্রিল, ২০০২ থেকে মাসিক রেশন ভাতা হিসেবে ৬০০ টাকা (ছয় শত) করে পাবেন—এই ব্যবস্থা চালু করা হয়েছে।

কে.এল.ও. জঙ্গী

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬২) **শ্রী মন্টুরাম পাখিরা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার সম্প্রতি কে.এল.ও. জঙ্গীদের বিরুদ্ধে কি কি প্রশাসনিক পদক্ষেপ নিয়েছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করেছেন :

(১) জলপাইগুড়ি জেলায় কে.এল.ও. জঙ্গী উপদ্রুত এলাকাগুলি চিহ্নিত করে সেখানে নিরাপত্তারক্ষীদের বিশেষভাবে মোতায়েন করা হয়েছে এবং আই.বি.-র সক্রিয় নজরদারি বৃদ্ধি করা হয়েছে।

(২) আলিপুরদুয়ার মহকুমায় সতেরো (১৭)টি সি.আর.পি.এফ. ক্যাম্প বসানো হয়েছে ; ভারত-ভুটান সীমান্তবর্তী অঞ্চলে নজরদারি বাড়ানো হয়েছে এবং জাতীয় সড়ক বরাবর এলাকায় পুলিশের কর্ডনিং ব্যবস্থা চালু করা হয়েছে। এছাড়া জেলার জঙ্গল এলাকাগুলিতে নিরাপত্তা বাহিনীর টহলদারীও বিশেষভাবে বাড়ানো হয়েছে।

(৩) কে.এল.ও. জঙ্গী উপদ্রুত থানাগুলিকে আধুনিক স্বয়ংক্রিয় অস্ত্রের দ্বারা শক্তিশালী করা হয়েছে এবং জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত কমান্ডো বাহিনী মোতায়েন করা হয়েছে।

(৪) কে.এল.ও. জঙ্গীদের গতিবিধি, তাদের গুপ্ত আস্তানা এবং আগাম পরিকল্পনার খবর সংগ্রহ করতে আই.বি-র থেকে অফিসারদের জঙ্গী উপদ্রুত জায়গাগুলোতে নিয়মিত পাঠানো হয়েছে।

(৫) সীমান্তবর্তী প্রতিবেশী রাজ্য আসামে আশ্রয়গ্রহণকারী কে.এল.ও. জঙ্গীদের তৎপরতার বিষয়টি আসাম সরকারের সঙ্গে তোলা হয়েছে ; আসাম পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশের মধ্যে জঙ্গীদের গতিবিধি সংক্রান্ত তথ্য ও যাবতীয় খবর আদানপ্রদানের জন্য নিয়মিত বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।

রাজ্যে জঙ্গী হামলা

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) **শ্রী অজয় দে** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অক্টোবর, ২০০০ থেকে অক্টোবর, ২০০২ পর্যন্ত এই রাজ্যে কয়টি স্থানে জঙ্গী হামলা ঘটেছে ;

(খ) উক্ত ঘটনায় কয়জনের মৃত্যু হয়েছে ; এবং

(গ) জঙ্গী হামলা প্রতিরোধকল্পে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৪ (চৌদ্দ)টি।

(খ) ২১ (একুশ) জনের মৃত্যু হয়েছে।

(গ) রাজ্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছে :

(১)আই.বি.-র সদর দপ্তর ও জেলার শাখাগুলোতে অ্যান্টি টেরোরিস্ট সেল গঠন করা হয়েছে ;

(২) রাজ্যের সীমান্তবর্তী এলাকায় সি.আই.ডি.-র নজরদারী বৃদ্ধি করা হয়েছে ;

(৩) সীমান্তবর্তী এলাকায় সন্দেহভাজন নিরীক্ষণ ও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে এবং তাদের গতিবিধির উপর বিশেষ নজর দেওয়া হচ্ছে ;

(৪) গুপ্তচর সংস্থাকে বিশেষভাবে সক্রিয় করা হয়েছে ; বিভিন্ন গোয়েন্দা সংস্থার সঙ্গে তথ্য বিনিময় করা হচ্ছে এবং যৌথ অভিযানও চালানো হচ্ছে ;

(৫) জলপাইগুড়ি জেলার কে.এল.ও. উপদ্রুত এলাকাগুলোকে চিহ্নিত করে সেখানে নিরাপত্তারক্ষীদের বিশেষভাবে মোতায়েন করা হয়েছে ;

(৬) আলিপুরদুয়ার মহকুমায় সি.আর.পি. এফ. ক্যাম্প বসানো হয়েছে এবং ভারত-ভুটান সীমান্তবর্তী এ রাজ্যের এলাকাগুলোকে সিল করে দেওয়া হয়েছে ;

(৭) কলকাতার হোটেল, গেস্ট হাউস ও মুসাফিরখানাগুলোর উপর প্রতিনিয়ত নজরদারী রাখা হচ্ছে।

কেশপুরে বে-আইনী অস্ত্র

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত জানুয়ারি, ২০০২ থেকে অক্টোবর, ২০০২ পর্যন্ত কেশপুরে বাজেয়াপ্ত বেআইনী অস্ত্রের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত এলাকায় লাইসেন্সপ্রাপ্ত বন্দুকের সংখ্যা কত ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৯ (নয়)টি দেশী মাস্কেটও ৫ (পাঁচ)টি দেশী পাইপগান এবং ১৯৩টি গুলি।

(খ) ৫৪৭ (পাঁচ শত সাতচল্লিশ)

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received eight notices of Adjournment Motions. The first one is from Shri Ajoy Dey on the subject of financial crisis of the State Government. The second one is from Dr.Asish Banerjee and Shri Jyotipriya Mallik on the subject of setting some slums at Beliaghata Canal side to fire. The third one is from Shri Asit Kumar Mal on the subject of non-development of infrastructural works of Nalhati Municipality. The fourth one is from Shri Debaprasad Sarkar on the subject of death of Ashok Halder and Moslem Mistry,supporters of SUCI in a clash at Nalgora, South 24 Parganas on 1.10.2002. The fifth one is from Shri Moloy Ghatak on the subject of spurt in incident of crime in the State. The sixth one is from Shri Kashinath Mishra, Shri Tapas Roy and Shri Manturam Pakhira on the subject of alleged illegal employment of the cadres of the ruling party in the sick State Government Undertakings. The seventh one is from Shri Gobinda Chandra Naskar on the subject of bhut-bhuti disaster at Basanti resulting in death of eight passengers and missing of many others. And the eighth one is from Shri Nirmal Ghosh on the subject of development work of Bagjola, Nowai, Vidyadhari, Fatesha and Sonai Khal.

The subject matter of the first Motion was raised during the Question Hour yesterday and notice on the subject similar to the second motion was received on 11.12.2002, consent to which was withheld. As such these two notices are out of order and I reject these.

The subject matters of the remaining Adjournment Motions relate to the day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc. Besides, a

no-confidence motion is likely to be discussed in this session where the Members will get ample scope to raise the matter. I, therefore, withhold my consent to the remaining motions.

One Member may, however, read the text of the Motion as amended.

তিনজন অ্যামেন্ডমেন্ট মোশানটা পড়বেন—

[12.00—12.10 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন বিষয়টি হল :

সরকারি দপ্তর এবং স্কুল কলেজের মতোই লোকসানে চলা রুগ্ন অধিগৃহীত সংস্থা গুলিতেও নির্বিচারে লোক ঢোকানো হয়েছে গত ২৫ বছরে। এই ক্ষেত্রেও বিরোধীরা গোড়া থেকে অভিযোগ করে এসেছে যে পার্টির ক্যাডারদের চাকরি পাইয়ে দিতে পুনরুজ্জীবনের সম্ভবনা না করেই অধিগ্রহণ করা হয়েছে লোকসানে চলা একাধিক রুগ্ন সংস্থাকে। বিপুল লোকসানের বোঝা সত্ত্বেও ওইসব সংস্থায় কর্মচারীদের সরকারি কর্মীদের সমান বেতন-ভাতা দিতে গিয়ে সরকারের আর্থিক বোঝা বেড়েছে। সভার কাজ বন্ধ করে রুগ্ন সংস্থাগুলির পুনরুজ্জীবনের জন্য আলোচনা করা আবশ্যক।

শ্রী অসিত মাল : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল :

বীরভূমের নলহাটী পৌরসভা গঠন হওয়ার প্রায় এক বৎসর পরে পৌরসভা চালাতে যে পরিকাঠামোর প্রয়োজন সেটা নেই। অতিসত্বর নতুন নলহাটী পৌরসভায় প্রয়োজন মতো কর্মচারী নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হোক।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল :

দক্ষিণ ২৪ পরগনার মনি নদীর তীরে নলগোড়ায় এস ইউ সি আই দলের আঞ্চলিক অফিসে গত ১লা অক্টোবর রাত ৮-টা ৩০ মিনিটে মিটিং চলাকালীন অতর্কিতে গরিষ্ঠ শাসক দলের সমর্থকদের সহিত এস ইউ সি আই দলের সংঘর্ষে জেলা কমিটির সদস্য ও প্রাক্তন ছাত্রনেতা অশোক হালদার ও যুবকর্মী মোসলেম মিস্ত্রী নিহত হয়েছেন। এই সংঘর্ষে মাথায় গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হয়েছেন এস ইউ সি আই দলের আঞ্চলিক কমিটির সম্পাদক ও উপপ্রধান শংকর ভান্ডারী ; আহত হয়েছেন সুন্দরবন অঞ্চলের তেভাগা আন্দোলনের প্রবাদপ্রতিম নেতা, এস ইউ সি আই দলের জেলা সম্পাদকমন্ডলীর সদস্য ৮৩ বছরের বৃদ্ধ ধীরেন ভান্ডারী ও আরও অনেকে।

বিরোধী কণ্ঠকে স্তব্ধ করে দেওয়ার জন্য শুধু এস ইউ সি আই দলই নয়, অন্যান্য বিরোধী দল এমনকি শাসক ফ্রন্টের অন্তভুক্ত শরিক দলগুলির উপরও এই আক্রমণ চলছে।

এই অবস্থায় নলগোড়া হত্যাকান্ডের সাথে জড়িত সকল অভিযুক্তকে গ্রেপ্তার করা ; সারা রাজ্যে রাজনৈতিক খুনোখুনি বন্ধ করা ; পুলিশ প্রশাসনকে আইন অনুযায়ী স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করতে দেওয়া প্রভৃতির স্বার্থে এই সভার কাজ মুলতবী রেখে বিস্তৃত আলোচনা করা হোক ।

Mr. Speaker : Today, I have received seven notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
(i)	Deterioration in law and order situation in the Districts of Paschim Midnapore, Bankura, Purulia, Hooghly and Murshidabad	: Shri Somendra Nath Mitra, Shri Abdul Mannan, Shri Ajoy Dey & Shri Asit Kumar Mal
(ii)	Alleged suicide committed by one Rameswar Barman, farmer at Baladanga village of Dinhata, Coochbehar District	: Shri Jyoti Priya Mallick & Dr. Asish Banerjee
(iii)	Proposal for introducing new zone for School Service Commission at Purulia	: Shri Nepal Mahato
(iv)	Reported murder of one Sudhangshu Maity at Gosaba, South 24-Parganas District	: Shri Gobinda Chandra Naskar & Shri Kalipada Mandal
(v)	Alleged factual mistakes in the text book of History for class VI	: Shri Tapan Hore
(vi)	Present position of the India Paper Pulp Ltd.	: Shri Ranjit Kundu
(vii)	Alleged escape of two prisoners from Alipurduar Sub-Jail on 9.12.2002.	: Shri Nirmal Das

I have selected the notice of Shri Somendra Nath Mitra, Shri Abdul Mannan, Shri Ajoy Dey and Shri Asit Kumar Mal on the subject of deterioration in law and order situation in the districts of Paschim Midnapore, Bankura,Purulia, Hooghly and Murshidabad.

The Minister in charge may please make a statement today, if possible or give a date :

(গোলমাল)

(এই সময় এস ইউ সি আই দলের সদস্যগণ **শ্রী দেবপ্রসাদ সরকার ও শ্রী প্রবোধ পুরকাইত** সভা ছেড়ে চলে যান।)

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় স্পিকার মহাশয়, আমি ঠিক প্রস্তুত ছিলাম না একই দিনের নোটিশের উওর দিতে। তারপর এখানে এত গন্ডগোল হল যে, আমি ঠিক মতো আপনার কথাগুলোও শুনতে পেলাম না। তথাপি আমি যতটা শুনতে পেয়েছি- একজন মাননীয় সদস্যের কলিং অ্যাটেনশন নোটিশের উত্তর বলছি।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমাদের রাইট টু লিস্ন আছে। ওঁরা গন্ডগোল করবেন আর আপনি পড়ে যাবেন, আপনি কি পড়ছেন আমরা বুঝতে পারলাম না আপনি -যেটা পড়বেন সেটা আমাদের শোনা দরকার ।

মিঃ স্পিকার : মি মুখার্জী, আপনি যখন চেঁচামেচি করবেন তখন এটা মনে রাখবেন, আমি আবার পড়ছি। প্রথম বিষয়টা হচ্ছে- "Deterioration in Law and Order situation in the districts of Paschim Midnapore, Bankura, Purulia, Hooghly and Murshidabad-Notice given by Shri Somendra Nath Mitra, Shri Abdul Mannan, Shri Ajoy Dey and Shri Asit Kumar Mal."

[12.10—12.20 p.m.]

CALLING ATTENTION (STATEMENT)

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, হুগলী এবং মুর্শিদাবাদের আইন-শৃঙ্খলা সম্পর্কে মাননীয় সদস্যরা জানতে চেয়েছেন।

আমি প্রথমে বলি যে, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, এবং পুরুলিয়ায় একটা বিশেষ ধরনের সমস্যা আছে এবং এই সমস্যা মূলত এসেছে পিপ্‌ল ওয়ার গ্রুপ এবং এম.সি.সি. নামক দুটি টেররিস্ট আউটফিট—তারা জনযুদ্ধ ইত্যাদির কথা বলছেন এবং এর সূত্র,

আমাদের রাজ্যে নকশালবাড়ী আন্দোলনের যে স্রোত, তার সঙ্গে কোনো মিল নেই। এটা এসেছে সম্পূর্ণভাবে অন্ধ্র থেকে। অন্ধ্র থেকে উড়িষ্যা, ঝাড়খন্ড হয়ে এরা প্রথমে বেলপাহাড়ী অঞ্চলে কাজকর্ম শুরু করে এবং এখন পর্যন্ত তাদের যারা সবচেয়ে বড় ২ জন নেতা তারা তেলেগু ভাষাভাষী। আমরা প্রথমে যেটা চেষ্টা করি সেটা হচ্ছে, যখন মিটিং-টিটিং করে ওরা, তখন কি করে রাত্রিবেলা গ্রামের মধ্যে মিটিং করছে, সেখান থেকে তাদেরকে কি করে বিচ্ছিন্ন করা যায়। এখন অনেক গরিব এলাকা আছে, দুর্বল এলাকা আছে। তা সত্ত্বেও পশ্চিমাঞ্চল, আগে যেটা আমাদের ছিল ঝাড়গ্রাম ডেভেলপমেন্ট অথরিটি, ওটাকে আমরা এখন পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ করেছি, ৩টি জেলা মিলিয়ে। এই উন্নয়নে পর্ষদের টাকা থেকে আমরা পশ্চিম মেদিনীপুরে ৪ কোটি টাকার মতন বাঁকুড়ায় ৩ কোটি টাকা আর পুরুলিয়ার জন্য ৩ কোটি টাকা দিয়ে কয়েকটি ক্লাস প্রোগাম নিই। ক্লাস প্রোগ্রামের মধ্যে ছিল যেটা, সেটা হচ্ছে, ঐ আদিবাসী এলাকাগুলিতে পানীয় জলের সমস্যা, তারপর ছোট ইরিগেশন, তার সমস্যা আছে, তারপর স্বাস্থ্য এমন জায়গা আছে, যেখানে স্বাস্থ্য কেন্দ্র নেই, মোবাইল ভ্যান নিয়ে যেতে হয়। মোবাইল ভ্যান নিয়ে গিয়ে চেষ্টা করা হয় এই সমস্ত এলাকাকে কিছুটা উন্নত করার জন্য। আর বিশেষ করে কেঁদুপাতার দাম পড়ে গিয়েছিল ভীষণ। ৮।১০ টাকা হয়ে গিয়েছিল। আমরা চেষ্টা করছি যাতে দামটা তোলা যায়। এই কয়েকটি ধরনের ব্যবস্থা নেবার পর তারা গ্রামাঞ্চলে গিয়ে রাত্রিবেলা আর মিটিং করতে পারতো না, এখনো করতে পারছে না। গ্রামে গিয়ে মিটিংকরা বা গ্রাম থেকে খাবার নিয়ে আসা-এটা আর করতে পারছে না। এখন তারা জঙ্গলের মধ্যে ঢুকছে। কিন্তু ওদের পরিষ্কার কর্মসূচি হচ্ছে ইনডিভিজ্যুয়াল কিলিং, ব্যক্তি হত্যায় বিশ্বাস করে এবং সেই কারণে আমাদের এখন পুলিশি ব্যবস্থা বাড়াতে হয়েছে। আমাদের ওখানে ইস্টার্ন ফ্রন্টিয়ার রাইফেলস আছে। ওই জায়গায় আমাদের ক্যাম্প করতে হয়েছে প্রায় প্রতিটি জেলায়। ওই অঞ্চলে ১৭টি, বাঁকুড়ায় ১১টি আর থানাগুলি যে অ্যাফেকটেড হয়েছে—ঠিক দেখুন—বাঁকুড়া জেলার রাণীবাঁধ, সারেঙ্গা, সিমলাপাল, রায়পুর, আর পুরুলিয়ার ঝালদা এবং বান্দোয়ান। বান্দোয়ানের এদিক থেকে যাচ্ছে, বাঁকুড়া থেকে, কিন্তু ঝালদায় আসছে রাঁচী থেকে। আর পশ্চিম মেদিনীপুরের শালবনী, গোয়ালতোড়, গড়বেতা, বেলপাহাড়ী, লালগড়, এতগুলি পুলিশ স্টেশন অ্যাফেকটেড। কিন্তু আমি এটা বলতে পারি, আর্থিক সামাজিক কাজকর্মগুলি আগের থেকে ভাল হওয়ায় ওরা গ্রাম থেকে খানিকটা বিচ্ছিন্ন হয়েছে। এখন একেবারে জঙ্গলে গিয়ে কোণ ঠেসে আছে। তাড়া করলে পালিয়ে যায় ঝাড়খন্ডে। এখন এই অবস্থা হয়ে আছে। কিন্তু মানুষ থেকে বিচ্ছিন্ন করেই বিশেষ করে আদিবাসী মানুষ থেকে বিচ্ছিন্ন করেই আমরা পারবো—আমরা পারবো ওদের বিচ্ছিন্ন করতে। এটাই আমি সাধারণভাবে বললাম। পিপল ওয়ার গ্রুপ এবং এম.সি.সি. সংক্রান্ত সমস্যা পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়ায়। কিন্তু সোমেনবাবু যে প্রশ্নটি তুলতে চাইলেন আমি সেই সম্পর্কে একটু বলি। এই ঘটনা কিন্তু এর সঙ্গে যুক্ত নয়, স্বতন্ত্র একটি ঘটনা ঘটেছে জামবানীতে, এটা হচ্ছে ২৬-১০ তারিখে খুবই দুর্ভাগ্যজনক ঘটনা। ঘটনাটি হচ্ছে, ঝাড়খন্ড পার্টির লোকেরা গিয়ে অর্থাৎ ঝাড়খন্ডীরা গিয়ে ওখানে ১ জনকে খুন করে, নাম দিবাকার মালাকার এবং ২ জনকে আহত করে হেনা শতপথী এবং মানিক শতপথী। এর জবাবে

সি.পি.আই.এমের লোকেরা গিয়ে অন্য একটি অঞ্চলে গিয়ে ২ জনকে প্রথমে আঘাত করে- শিশির শতপথী এবং শ্রীমতী শিবানী শতপথীকে। তারাও বয়স্ক, তারা ২ জনই মারা যান এবং আর একজন বৃদ্ধ, আরো বৃদ্ধ, ৭৭ বছর বয়স, তাকে গিয়েও আক্রমণ করে। তার নাম মোহিনী সারাঙ্গী। আমি এই দুই ঘটনার নিন্দা করছি। কেন এটা হচ্ছে ? ঝাড়খন্ডের লোকেদের বুঝিয়ে তো কিছু লাভ নেই, কিন্তু ঝাড়খন্ডের লোকেরা এসে খুন করলো বলে পাল্টা গিয়ে খুন করে আসায় যেটা করা হল, তার মধ্যে ১ জন ঝাড়খন্ডের এবং আর একজন কংগ্রেসের, জাতীয় কংগ্রেসের। যা হয়েছে, এই মুহূর্তে কিন্তু ১৩ জন সি.পি.আই.এম এবং ১৪ জন ঝাড়খন্ডীকে অ্যারেস্ট করা হয়েছে এবং খুব তাড়াতাড়ি আমরা কেস শুরু করবো, চার্জশিট দেব। এই ধরনের ৭৭ বছরের মানুষকে গিয়ে খুন করা- এটা কল্পনা করা যায় না। আমি এদের শাস্তি দেব এবং অ্যারেস্ট করছি। এটা জামবনীর ঘটনা। মন দিয়ে শুনছেন না। ১৩ জন সি.পি.এম, ১৪ জন ঝাড়খন্ড।

(গোলমাল)

আমি শুধু এটা বলছি, আপনি আর অন্য দুটি জেলা জুড়ে দিয়েছেন, আমি সেটার ব্যাপারে প্রস্তুত নই। হুগলীতে ওভারওল অবস্থা খারাপ নয়। খানাকুলে কিছু এম.সি.সি. অ্যাকটিভিটিস আছে, সেখানেও আমাদের সতর্ক হতে হচ্ছে। সর্বশেষে বলছি, মুর্শিদাবাদে বামপন্থীরা ভুল করলে আমি অবশ্যই দেখবো কিন্তু আমি সোমেনবাবুকে বিশেষ করে অনুরোধ করে বলব, ওখানে জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে খুব অসামাজিক কাজকর্ম হচ্ছে। এর বাইরে বলছি না।

শ্রী সোমেন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জামবনীর ঘটনার কথা বললেন। উনি বোধ হয় সবটা জানেন না। ২৬.১০ এ ঘটনা ঘটেছে। দিবাকর মালাকার সকালবেলাতে খুন হয়। তার ৪ ঘন্টা বাদে গণ-উৎসব করে ৩ জনকে খুন করলো। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন মোহিনী মোহন ষড়ঙ্গি-৭৬ বছর বয়স, সে মাঠ থেকে বাড়িতে ফিরছিল। পেছন থেকে গুলি করে তাকে তার বাড়ির সামনে ফেলে দিয়ে তার বাড়ির সমস্ত আসবাবপত্র তার উপর চাপিয়ে কেরোসিন তেল ঢেলে তাকে জ্বালিয়ে দিল। শিশির শতপথী, চোখে দেখতে পায় না, ৮০ বছর বয়স, তাকে তার বাড়ির সামনে উৎসব করে খুন করা হল। তার সাথী শিবানী শতপথী, তার বয়স ৬৫ বছর। এখানে উনি এম.সি.সি. জনযুদ্ধের কথা বললেন। দিবাকর মালাকারের ঘটনায় আমরা দুঃখিত এবং সেটা আমরা বহুভাবে বলেছি। কিন্তু খুনের পালটা খুন নয়। তারপর এখান থেকে সেই দিন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির রাজ্য সম্পাদক তিনি সংবাদপত্রকে ইনটারভিউ দিয়ে বললেন যে গণ-রোষে খুন হয়েছে। সরকারের যে মূল দল মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি তার নেতা বলছেন যে গণ-রোষে খুন হয়েছে আর এখানে মুখ্যমন্ত্রী বলছেন যে ১৩ জন সি.পি.এম. কর্মীকে এ্যারেস্ট করেছেন। সংখ্যা নিয়ে আমি তাকে চালেঞ্জ করছি না কিন্তু তাকে বলছি, আসল যারা ক্রিমিন্যাল সেই ক্রিমিন্যালদের একজনও কিন্তু গ্রেপ্তার হয়নি। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তাই আবেদন, আসল কারা জড়িত সেই

নামগুলি উনি পেয়েছেন কিনা বলুন এবং সেই ব্যক্তিরা কোন দলের, কেন এখনও তাদের গ্রেপ্তার করা যাচ্ছে না সেটাও বলুন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনার শেষ প্রশ্নটা বুঝলাম না। প্রথম যেটা বললেন আমার বক্তব্যের মধ্যে কোথাও এটা ছিল না, যদিও একজন সি.পি.আই(এম) কর্মীকে খুন করা, দিবাকর মালাকরকে, সেখান থেকে শুরু কিন্তু সেটার জন্য পরবর্তী খুনটা জাস্টিফায়েড এবং গণ-রোষ ইত্যাদি একবারও বলিনি। অন্য কে কি বলেছেন হাউসের বাইরে আমি দায়িত্ব নিতে পারি না। আমি শুধু বলেছি প্রথম খুনটা যেমন খারাপ পরবর্তী খুনটাও আরও খারাপ এই তিনজন বৃদ্ধকে মারা হল। একজনের বয়স আমার এখানে আছে ৭৫/৭৬, আপনিও বললেন তাই। আমি সেই কারণে এই খুনের নিন্দা করেছি এবং আমি বলেছি, আমার কাছে যে রির্পোট আছে, যে কেস দেওয়া হয়েছে সেটা ঠিক দেওয়া হয়েছে এবং যে অ্যারেস্ট হয়েছে, ১৩ জন এফ.আই.আরের, ১৩ জনই এ্যারেষ্ট হয়েছে সি.পি.এমের।

(গোলমাল)

হ্যাঁ, ১৩ জনই এ্যারেস্ট হয়েছে। এখানে কোনো ভুল বোঝাবুঝি নেই সোমেনবাবু। এই সরকার এভাবে চলছে না। খুন হলে যে খুন করবে তাকে গ্রেপ্তার করা হবে যেটা আপনাদের সময় আপনারা ভাবতেই পারতেন না। খুন এবং খুনীর পার্টি দেখা হবে না। আইন নিজের মতো চলবে এই হচ্ছে সরকারের নীতি।

[12-20—12-30 p.m.]

শ্রী সোমেন মিত্র : এতগুলো খুন হল, অথচ খুনীদের গ্রেপ্তার করছে না পুলিশ। আজ পর্যন্ত একজন খুনীও গ্রেপ্তার হয়নি। দক্ষিণ ২৪-পরগনায় আজিবুর রহমান খুন হল, এম.পি. বলেছিলেন গ্রেপ্তার করছি, কিন্তু খুনী গ্রেপ্তার হল না। গোপীবল্লভপুরে রমেশ পট্টনায়েক খুন হলেন, কিন্তু খুনী গ্রেপ্তার হল না।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনি দক্ষিণ ২৪-পরগনা থেকে ঘুরে এলেন। কিন্তু দক্ষিণ ২৪-পরগনায় একজন সি.পি.এম. নেতাকে গ্রেপ্তার করেছি। মুর্শিদাবাদ সম্বন্ধে বলছি, আপনার সেখানে নিজেদের ঘর সামলান। মুর্শিদাবাদে এক মিউনিসিপাল চেয়ারম্যান আপনাদের তাড়া খেয়ে পালিয়ে এসেছিলেন আমার কাছে।

শ্রী সোমেন মিত্র : আমাদের ঘর সামলানোর দায় আমাদের। কিন্তু আপনারা কি জানেন, নাগরাঝোড়া গ্রামে পুলিশ সি.পি.এম. অ্যাকটিভিস্টদের ধরতে গেলে পুলিশকে তারা এক গোয়ালঘরে আটকে রেখে দেয়। পরে এস.পি. র‍্যাঙ্কের একজন অফিসার পুলিশদল নিয়ে গিয়ে তাদের উদ্ধার করে ?

(নো রিপ্লাই)

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ৩৯৯য়ে নোটিশ দিয়েছি আলোচনার জন্য, সেজন্য আমি তাঁদের প্রশ্ন করছি না। উনি কিছুদিন আগে জনযুদ্ধের কার্যকলাপ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন। আমি ওনার কাছ থেকে জানতে চাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উনি কি অ্যাসিস্টেন্স পাচ্ছেন। পশ্চিম মেদিনীপুরে

বিশেষ করে দেখা যাচ্ছে, জনযুদ্ধ বলে যাদের বলছেন তাদের মেজর পোরসনই সি.পি.এম. দলের প্রাক্তন কর্মী। আজকে গ্রুপ রাইভালরির জন্য তাদের জনযুদ্ধ বলে আখ্যা দিয়ে তাদের উপর অত্যাচার চালাচ্ছেন। এটা কি সত্য ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মিঃ মান্নান, প্রশ্ন করতে গেলে মতামত দেওয়া যায় না। এটা আপনার মতামত, আমি এর উত্তর দেব না। আর আদবানীজীর সঙ্গে যে কথা হয়েছে তার সবটা এখানে বলা যাবে না, তবে মূল কথা হয়েছে কে.এল.ও. সম্পর্কে। এখন ১১ টি ক্যাম্প হয়ে গেছে ভুটানের মধ্যে। সেখানে আলফাদের সঙ্গে তাদের ট্রেনিং ক্যাম্প চলছে। সেখানে মাইনস রেখে দিয়েছে তারা। ওই ক্যাম্পগুলি ওয়েল ফর্টিফাইড। ওখানে আই.এস.আই. তাদের ট্রেনিং দিচ্ছে, ব্যাক্ করছে। এবং সেখানে অপারেট করছে শুধু তারাই নয়, নাগা টেররিস্ট, আলফা, কে.এল.ও.প্রভৃতি জঙ্গি সংগঠনগুলি। এটাই ছিল আলোচনার মূল বিষয়।

শ্রী অজয় দে : আপনি বলেছেন যে, চারিদিকে জনযুদ্ধ এবং কে.এল.ও. জঙ্গিদের হানাদারি বেড়েছে এবং তার বিরুদ্ধে বিভিন্ন রকম ব্যবস্থা নিচ্ছেন। আমার প্রশ্ন, বিশেষ করে পশ্চিম মেদিনীপুরে এবং বাঁকুড়ায় জনযুদ্ধ গোষ্ঠী ব্যাপকভাবে জনযুদ্ধ চালাচ্ছে, অথচ আপনি জনযুদ্ধ গোষ্ঠীকে ব্যান করছেন না, অথচ জনযুদ্ধের নাম করে পুলিশবাহিনী গ্রামে ঢুকে ব্যাপকভাবে নিরীহ মানুষদের অ্যারেস্ট করছে। উনি বলেছেন যে, খুনের ব্যাপারে রং এবং পার্টি দেখবেন না, এটা ভাল কথা। কিন্তু এখনো পর্যন্ত সোমেনবাবু বলে গেলেন কোনো খুনের কিনারা করতে পারেননি, অথচ জনযুদ্ধ গোষ্ঠীকে ব্যান করছেন না। প্রকৃত খুনীদের অ্যারেস্ট করছেন না, শুধু বিরোধী দলের লোকদের অ্যারেস্ট করছেন, এটা কেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : প্রথমে যেটা বললেন ব্যাপক ভাবে জনযুদ্ধ সৃষ্টি হয়েছে, ব্যাপক ভাবে কিছু নয়, ব্যাপকের ব্যাপার নেই। জনগনের সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই, বিচ্ছিন্ন টেরোরিস্ট গ্রুপ, ব্যাপক ভাবে কিছু করতে পারে না। দ্বিতীয় হচ্ছে, বেআইনি আমাদের হয় না, সরকার করে না। বেআইনি করে কোন লাভ হয় না। তৃতীয় হচ্ছে ব্যাপক গ্রেপ্তার। ব্যাপক কথাটা বহুবার প্রয়োগ করেছেন। ব্যাপক গ্রেপ্তার হয়নি, শুধু পূর্ব মেদিনীপুরে ২৬৮ জন এবং বাঁকুড়ায় ১৬০ জন গ্রেপ্তার হয়েছে যারা ডাইরেকট্ ভায়োলেন্সের সঙ্গে যুক্ত। অর্থাৎ খুন, খুনের ষড়যন্ত্র এবং অস্ত্র রাখা এই মামলা ছাড়া সাধারণ মানুষ কেউ গ্রেপ্তার হয়নি।

Mr. Speaker : Mr. Subrata Mukherjee, I have received your notice of privilege motion. The Department is looking into the matter. It will be taken up on Monday. Please be present on that day.

PRESENTATION OF COMMITTEE REPORT

The Sixty-first Report of the Committee on Public Undertakings, 2002-2003

Shri Ranjit Kundu : Sir, I beg to present the Sixty-first Report of the Commitee on Public Undertakings, 2002-2003 on the Audit

para No.2B.7 of the Report of the Comptroller & Auditor General of India(Commercial) for the year 1998-99 relating to the India Paper Pulp Ltd. under the Public Enterprises Department, Government of West Bengal.

The First Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology, 2002-2003

Shri Abu Ayes Mondal : Sir, I beg to present the First Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology, 2002-2003 on the study visit of the Committee to the power Stations Projects in the Districts of Burdwan and Purulia from 13th to 16th September, 2002.

MENTION CASES

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত সেই বিধানসভা কেন্দ্রের ব্যাপারে বিগত অধিবেশনে বলেছিলাম যে আমাদের এখানে যে সমস্ত সেচের খালগুলো আছে সেই খালগুলো সংস্কার এবং তার উপর যে ছোট ছোট পোল রয়েছে সেই পোল গুলির অবস্থা শোচনীয়। মাননীয় সেচমন্ত্রীকে চিঠি দিয়ে বলেছিলাম যে এই পোলগুলোর যা হোক একটা ব্যবস্থা করুন যাতে ছোট ছোট ছেলে-মেয়েরা স্কুলে যেতে পারে এই পোল গুলোর উপর দিয়ে। তা না হলে যে কোনো সময় দুর্ঘটনা ঘটে যেতে পারে। মন্ত্রী মহাশয় তার উত্তরে আমাকে একটা চিঠি দিয়েছিলেন। তাতে তিনি বলেছিলেন আপনার ম্যাটারটা আমি দেখছি, ডিপার্টমেন্টকে অর্ডার দিয়েছি, তারা ব্যবস্থা করছে। গত ২০.৫.২০০২ তারিখের ঘটনা, আজকে অনেক দিন অতিক্রান্ত হয়ে গেল, এখন পর্যন্ত কাটাখালির সেচ এবং ছোট ছোট পোলগুলোর সংস্কারের ব্যবস্থা হলো না। এই ব্যাপারে মন্ত্রীকে বি.ডি.ও ফলতা, তিনিও চিঠি দিয়েছিলেন। গত পরশুদিন টি.ভি.তে দেখলাম এই সমস্ত সংবাদ পরিবেশন করছে। মন্ত্রীকে বি.ডি.ও বলছে একই অবস্থা চলছে, ইমিডিয়েন্ট অ্যাকশান নেওয়া হোক। আজকে এই সভায় মাননীয় মন্ত্রীকে চিঠি দিচ্ছি এবং আপনার মাধ্যমে এই বিষয়ে উল্লেখ করে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে যদি কোনো দুর্ঘটনা ঘটে এবং কোনো মানুষ মারা যায় বা ছাত্রছাত্রীরা মারা যায় তাহলে আগামী দিনে এর জন্য সেচমন্ত্রী দায়ী থাকবেন। সবচেয়ে দুঃখের বিষয় এই অধিবেশনে দেখতে পাচ্ছি প্রতিদিন কিছু না কিছু বিল আসছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[12.30—12.40 p.m.]

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং গ্রাম উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি না স্যার, আমাদের পূর্ব-মেদিনীপুর

জেলায় নরঘাট বিধানসভা কেন্দ্রে দুটি ব্লক, একটা হচ্ছে নন্দকুমার আর একটি হলো নন্দীগ্রাম ৩ নম্বর ব্লক।

এই নন্দকুমার ব্লকের আগে নাম ছিল মহিষাদল ১ নং ব্লক। পরে সেটা পরিবর্তিত হয়ে নন্দকুমার ব্লক নাম হয়েছে। আর নন্দীগ্রাম ৩ নং ব্লক এখন যেটা সেটা আদৌ নন্দীগ্রামে নয়, নন্দীগ্রাম বিধানসভাতেও নয়। আগে নন্দীগ্রাম পি এসের মধ্যে ছিল, এখন সেটা চন্ডীপুর পি এস হয়েছে। আমি যখন বক্তব্য রাখি তখন প্রসিডিংসে ভুল ছাপা হচ্ছে নন্দীগ্রামের বিধায়ক বলে। সেই কারণে আমি বহুবার পঞ্চায়েত মন্ত্রীকে বলেছি এই নন্দীগ্রাম ৩ নং ব্লকের নাম পরিবর্তন করে চন্ডীপুর ব্লক করুন এবং চন্ডীপুর পঞ্চায়েত সমিতি নাম দেওয়া হোক। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আগে আমি বলেছিলাম কিন্তু কোনো তার উত্তর পাইনি। এইবার তিনি যেন সহানভূতির সঙ্গে বিষয়টিকে দেখেন।

শ্রী কল্লোল খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নাকাশীপাড়া কেন্দ্রের বেথুয়াডহরি ১ নং এবং ২ নং ব্লককে পৌরসভার অন্তর্ভুক্ত করে নোটিফায়েড এরিয়া হিসাবে ঘোষণা করা হোক এই আবেদন রাখছি। এই ব্যাপারে জেলাশাসককে একটা রিপোর্টও দেওয়া হয়েছে, বি ডি ওকেও বলা সত্বেও কাজ হয়নি। এদিকে মাননীয় মুখ্যমন্ত্রী সর্বদা বলছেন 'ডু ইট নাও' সুতরাং অবিলম্বে এটা রূপায়ণের ব্যবস্থা হোক।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বনসৃজনে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। একটি গাছ একটি প্রাণ যখন, তখন এই গাছ ঝড়, ঝঞ্ঝা, জলোচ্ছ্বাস এই সমস্ত থেকে মাটিকে রক্ষা করে চলেছে। আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রামে টেঙ্গুঁয়ার দু ধারে ১৯৮২ সালে সামাজিক বনসৃজন প্রকল্পে বৃক্ষরোপণ করা হয়েছিল। কিন্তু আমরা দেখলাম ক্যানেল রেভিনিউ সেকশান চন্ডীপুরে বনসৃজন দপ্তরকৃত জায়গা লিজ বেসিসে শর্ট টার্মে দিয়েছে। লিজ হোল্ডাররা ওই লিজকৃত জায়গায় গাছ কেটে পার্মানেন্ট স্ট্রাকচার করে চলেছ। এইভাবে তারা গাছ কেটে টাকা আত্মসাৎ করছে। সেই কারণে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ওই অবৈধ লিজ হোল্ডারদের লিজ বাতিল করার ব্যবস্থা করুন।

শ্রী দীপক চন্দ্র সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আমার জেলা উত্তরবঙ্গ সেই ব্যাপারেও মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। ইতিমধ্যেই আমার জেলা কোচবিহার সহ সমস্ত উত্তরবঙ্গের বিভিন্ন এলাকায় তরিতরকারীর দাম নেমে গেছে। বাঁধাকপির দাম কুইন্ট্রাল প্রতি ১৫ টাকা নেমে গেছে, ফুলকপি কুইন্টাল প্রতি ৩০০ টাকা নেমে গেছে, টমেটো কুইন্টাল প্রতি ৪০০ টাকায় নেমে গেছে, বেগুন কুইন্টাল প্রতি ৭৫ টাকায় নেমে গেছে। কেন্দ্রীয় সরকার ডিজেলের দাম ক্রমাগত বাড়িয়ে চলেছে, যার ফলে চাষিদের ফসল উৎপাদনের খরচ বেড়েই চলেছে। এরফলে চাষিরা একটা গভীর সংকটের মধ্যে পড়েছে । তারওপরে ব্যাংক আবার তাগাদা দিচ্ছে

ঋণ শোধ করার জন্যে। এরই মধ্যে ভ্যাটাগুড়িতে রামাপদ দাস নামে একজন চাষি ব্যাংকের ঋণের টাকা শোধ করতে না পারার জন্য আত্মহত্যা করেছে। সুতরাং অবিলম্বে ব্যাংকের ঋণ আদায় বন্ধ করুন।

ডাঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামপুরহাট শহরে যানজট বিষয়ে ত্রয়োদশ বিধানসভায় প্রথম থেকেই বলে আসছি। ওখানে অবস্থা এমন পর্যায়ে পৌঁছেছে যে মানুষ অত্যন্ত অসহায় অবস্থায় দিন কাটাচ্ছে। মানুষের স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত। ওখানে মহল্লা মহল্লায় মানুষেরা সভা করছে কিভাবে এই যানজটের হাত থেকে বাঁচতে পারে। সুতরাং আমি আপনার মাধ্যমে মন্ত্রীকে অনুরোধ করছি যে, রামপুরহাটে অবিলম্বে ওই যানজট দূর করার ব্যবস্থা করুন এবং বাইপাস অবিলম্বে করা হোক।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী ও আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয়ে উল্লেখ করতে চাই। জলপাইগুড়িতে কলকাতার হাইকোর্টের স্থায়ী বেঞ্চ স্থাপনের সিদ্ধান্ত দীর্ঘ দুই বছর আগে ঘোষিত হয়েছে। কেন্দ্রীয় আইনমন্ত্রী সম্প্রতি বলেছেন যে এই ব্যাপারে রাজ্য সরকার এর পরিকাঠামো প্রস্তুত আছে এই কথা বলে কলকাতার হাইকোর্টের প্রধান বিচারপতি সহমত হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি পাঠালে তা শীতকালীন অধিবেশনে পাস হয়ে যাবে। আগামী ২৩ তারিখ পর্যন্ত অধিবেশন চলবে। তাই আমি, এই সভায় মাননীয় মুখ্যমন্ত্রী ও আইনমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি এই ব্যাপারে উদ্যোগ নিতে যাতে শীতকালীন অধিবেশনে এটা পাস হয় এবং জলপাইগুড়িতে হাইকোর্টের স্থায়ী বেঞ্চ গঠনে উদ্যোগ নেওয়া হয় এবং পার্লামেন্টে এই ব্যাপারে পত্র পাঠানোর জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অজয় দে : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় তাঁত শিল্পের উপর নির্ভর করে বহু মানুষ জীবিকা নির্বাহ করেছেন। বেশ কিছুদিন থেকে তারা যে তাঁত-এর জন্য বিদ্যুৎ ব্যবহার করে, এই বিদ্যুৎ বিলের ক্ষেত্রে একটা অতিরিক্ত করের বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। যেহেতু এটা কটেজ ইনডাষ্ট্রি, এটা বড় ইনডাষ্ট্রির সঙ্গে মিশিয়ে দেওয়া হচ্ছে তাদের বাড়িতে যে সমস্ত বিদ্যুৎ ব্যবহার হয় হস্তচালিত তাঁতে, সেখানে ডোমেস্টিক কানেকশান নিত, সেটাকে কমর্শিয়াল করে দেওয়া হয়েছে। ফলে অতিরিক্ত ৩।৪ টাকা করে পার ইউনিটে বেশি দিতে হচ্ছে। এই সমস্ত দুঃস্থ তাঁতশিল্পীদের স্বার্থে অনুরোধ করছি, পূর্বের অবস্থা ফিরিয়ে দেওয়া হোক এবং যে বিধি চালু করা হয়েছে, সেই কমার্শিয়াল-এর পরিবর্তে ডোমেস্টিক হিসাবে তাদের ব্যবহার করতে দেওয়া হোক।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান তথা রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গ উন্নয়নকে ত্বরান্বিত করার স্বার্থে ২০০০ সালে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছিল। সেই

উন্নয়ন পর্ষদের কোনো নিজস্ব পরিকাঠামো নেই, ফলে অন্য দপ্তরের এক্সপার্টদের দিয়ে সেখানে কাজ করতে হয়। অনেক অসুবিধা সেখানে সৃষ্টি হচ্ছে। কাজও তরান্বিত করা হচ্ছে না। ২০০২ সালের থেকে এই বছরে জানুয়ারী মাসে একটা সিদ্ধান্ত হয়েছিল যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের পরিকাঠামো তৈরি করবার জন্য আজকে ১৮ মাসের মধ্যে এই পর্ষদ এর কোনো সাধারণ সভা হয়নি। উত্তরবঙ্গ থেকে যারা নির্বাচিত বিধায়ক তারা সাধারণ সভার সদস্য। আমি দাবি রাখছি যাতে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কাজ তরান্বিত করা যায়, তার জন্য নিজস্ব পরিকাঠামো এবং সাধারণ সভা দ্রুত ডাকা হয় তার অনুরোধ জানাচ্ছি।

[12.40—12.50 p.m.]

শ্রী আবদুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখন পৌরমন্ত্রী নেই, তিনি ছিলেন, এখানে পৌর দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আছেন। আমি যেটা বলতে চাই, বৈদ্যবাটি পৌরসভায় গত চার মাস যাবৎ সেখানকার কর্মচারীরা ধর্মঘট চালিয়ে যাচ্ছে। তাদের কিছু দাবি-দাওয়ার ভিত্তিতে তারা ধর্মঘট চালাচ্ছেন, ফলে সমস্ত নাগরিক পরিষেবা বন্ধ। এমন কি কনজারভেন্সির স্টাফরা সেখানে ধর্মঘটে সামিল হওয়ার ফলে দীর্ঘ কয়েক মাস যাবৎ সেখানে জঞ্জাল পরিষ্কার না হওয়ার ফলে একটা অস্বস্তিকর অবস্থার মধ্যে মানুষ পড়েছে। এই রকম একটা দুরাবস্থা সেখানে চলছে, সেখানে যে কোন সময় মহামারী দেখা দিতে পারে এই জঞ্জাল পরিষ্কার না হওয়ার জন্য।

ধর্মঘটের সুষ্ঠু মীমাংসা করে বৈদ্যবাটি পৌরসভার অচলবস্থা দূর করে নাগরিকরা যাতে পরিষেবা পেতে পারে তার ব্যবস্থা করুন। মাননীয় মন্ত্রী এখানে আছেন, তিনি যদি বিষয়টি সম্বন্ধে কিছু জানান।

শ্রী মতী অঞ্জু কর : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, বৈদ্যবাটি পৌরসভার বর্তমান অবস্থা সম্বন্ধে আমরা সম্পূর্ণ ওয়াকিবহাল, আপনারাও ওয়াকিবহাল। কিভাবে ঘটনা ঘটছে, কিভাবে এর অবসান হয় তার জন্য আমাদের দিক থেকে, প্রশাসনিক দিক থেকে, আমাদের দপ্তরের দিক থেকে অবহিত আছি, সেটা দেখছি।

শ্রী জানে আলম্ মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখনও এই রাজ্যের ১ কোটি মানুষের রেশনকার্ড নেই। তার মধ্যে কয়েক লক্ষ ছাত্র-ছাত্রীও আছে যাদের রেশনকার্ড নেই। এইজন্য তারা ব্যাংক অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম নথিভুক্ত করতে, ভোটার তালিকায় নাম তুলতে অসুবিধায় পড়ছে। নতুন রেশনকার্ড যাতে সবাই পেতে পারে তার ব্যবস্থা করার জন্য মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমস্ত জেলায় জেলায় ভুয়ো রেশনকার্ডে ডিলাররা মাল তুলে বাজারে বিক্রি করে দিচ্ছে, রেশন পাবার যোগ্য যারা, তারা পাচ্ছে না। মুর্শিদাবাদ

জেলায় বহরমপুরে দুর্নীতিগ্রস্তদের ধরার জন্য পুলিশ একটা ব্যবস্থা নিচ্ছে। কিন্তু কো-অর্ডিনেশন কমিটি তার প্রতিবাদে নেমেছে। তারা বলছে, তাদের স্থানান্তরিত করা হলে বা পুলিশ দিয়ে জব্দ করার চেষ্টা হলে সমস্ত ব্যবস্থাটা অচল করে দেবে। আমাদের এই রাজ্যে কো-অর্ডিনেশন কমিটি দুর্নীতিগ্রস্ত হয়ে পড়ছে, রেশন ব্যবস্থা ভেঙে টুকরো-টুকরো করে দিচ্ছে। অবিলম্বে দুর্নীতিগ্রস্তদের ধরে, রেশন ব্যবস্থা ঠিক মতো চালু করার ব্যবস্থা করুন।

শ্রী মুজিবুর রহমান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই রাজ্যের ১ কোটি মানুষের রেশনকার্ড নেই, আমার এলাকা, মুর্শিদাবাদ জেলাতেও অনেক জায়গায় রেশনকার্ড পৌঁছয়নি, এদের মধ্যে স্কুলের ছাত্র-ছাত্রীরাও আছে। এর ফলে তাদের ভয়ানক অসুবিধায় পড়তে হচ্ছে। অবিলম্বে যাতে সর্বত্র রেশনকার্ড দেওয়ার ব্যবস্থা করা হয় তার দাবি জানাচ্ছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, বিগত কিছুদিন আগে ঝালদাতে একটা বিরাট ঘটনা ঘটে গেছে। এম সি সির দ্বারা আজকে ওই এলাকা অত্যন্ত উত্তেজনাপ্রবণ এবং ১৯ জন আক্রান্ত এবং একটা মিউনিসিপ্যালিটি নিয়ে একটা ঝালদা থানা আছে। মুখ্যমন্ত্রী গত বিধানসভা অধিবেশনে ঘোষণা করেছিলেন যে, দ্রুত আর একটা থানা করা হবে। কিন্তু এখনও পর্যন্ত বাস্তবে সেটা রূপায়িত হয়নি। তাই আপনার মাধ্যমে আমি অবিলম্বে দুটো থানা করে দেওয়ার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এবং তার সঙ্গে পুরুলিয়া জেলার ৫টি ব্লক নিয়ে, ৫টি থানা নিয়ে ঝালদাকে আলাদা সাব-ডিভিশান অবিলম্বে ঘোষণা করা হোক। তা নাহলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তাতে ভয়ংকর আকার ধারণ করবে।

শ্রী ভক্তরাম পান : স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার চন্ডীতলা বিষ্ণুপুর মৌজায় ডানকুনি এবং চন্ডীতলার জনবসতি এবং শিল্প এলাকার জন্য একটা নতুন সাব স্টেশান ১৩২ কে ভির তৈরি হচ্ছে। সেটা দু হাজার তিন সালের মার্চে শেষ হওয়ার কথা। কিন্তু কাজের গতি দেখে মনে হচ্ছে যে, আগামী বছরেও হবে না। তাই দ্রুত এর কাজ শেষ করে বিদ্যুৎ গ্রাহকদের পরিষেবা বৃদ্ধি করা যায় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কালিপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়নের দপ্তরের নির্দেশে এবং মহামান্য সুপ্রিম কোর্টের রায়ের নির্দেশে প্রত্যেক জেলায় এবং প্রত্যেক পঞ্চায়েত সমিতিতে ভিজিলেন্স এবং মনিটরিং কমিটি গঠন করার নির্দেশ দেওয়া হয়েছে। আমার বিধানসভা শ্যামপুর এক এবং দুই নাম্বার পঞ্চায়েত সমিতিতে যে উদ্দেশ্য নিয়ে ভিজিলেন্স এবং মনিটরিং কমিটি গঠন করা হয়েছে সেটা হচ্ছে সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত ভাবে নিজের দলের লোক নিয়ে সব বিভাগেই কমিটি মেম্বার করা হয়েছে। পঞ্চায়েত কমিটির সদস্যদের বলে দেওয়া হয়েছে, যে, নামের আদ্যক্ষর অনুযায়ী সদস্য নির্বাচন হবে।

তাই অ বর্গ বা আ বর্গ প্রথমে থাকা সত্ত্বেও ইচ্ছাকৃত ভাবে ব বর্গের লোকদের নেওয়া হচ্ছে এবং সমাজসেবার দলীয় অনুপ্রবেশ ঘটাচ্ছে। এন জি ও বা ভলেন্টারী অর্গানাইজেশানেরও দলীয় অনুপ্রবেশ ঘটছে। শ্যামপুর টু পঞ্চায়েত সমিতিতে ভিজিলেন্স এবং মনিটরিং কমিটি গঠন করা হয়নি। ভিজিলেন্সে একটা গুরুত্বপূর্ণ দায়িত্ব আছে। সেখানে রাজনৈতিক অনুপ্রবেশ খুবই দুঃখজনক এবং এই ব্যাপারে তদন্ত যাতে করা হয় তার জন্য গ্রামোন্নয়ন এবং পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুৎ পরিষেবা এবং সংযোগের ক্ষেত্রে সমস্যা দূর করার জন্য বিদ্যুৎ সমবায় গঠনের কথা এর আগেও বিদ্যুৎমন্ত্রী উল্লেখ করেছিলেন। তাই এই বিদ্যুৎ সমবায় যাতে দ্রুত গঠন করে সমস্যাগুলির সমাধান করা যায় তার জন্য অনুরোধ করছি।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র হীরাপুর তার পুরোটাই আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশান এবং দুটো ওয়ার্ড কুলটি মিউনিসিপ্যালিটির। এখানকার প্রায় ৭৫ ভাগ এলাকায় পানীয় জলের ব্যবস্থা নেই। পি এইচ ই পাইপ লাইন দেয়নি। কর্পোরেশান, মিউনিসিপ্যালিটির তরফ থেকেও কোনো ব্যবস্থা নেয়নি। বর্ষার ১-২ মাস এর মধ্যেই পানীয় জলের সংকট দেখা দিয়েছে যদি দ্রুত পানীয় জলের ব্যবস্থা না করা যায়, তাহলে প্রত্যেক বছরের মতো এই বছরও প্রচুর মানুষ রোগে আক্রান্ত হতে পারে। তাই এই ব্যাপার অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে, ৭৪ সালে এই ভারত পেট্রোলিয়াম এবং হিন্দুস্থান পেট্রোলিয়ামকে ভারত সরকার অধিগ্রহণ করেছিলেন। কিন্তু এখন এই সংস্থাকে উপেক্ষা করে বিলগ্নীকরণ করে দেওয়া হচ্ছে এবং আমরা দেখছি যারা এন ডি এ শরিক, শিবসেনার সমতা, তারা পর্যন্ত এর বিরোধিতা করছে। কিন্তু কয়েকদিন আগে পর্যন্ত এই তৃণমূল যারা রেলের বিভাজনের বিরোধিতা করেছিল মন্ত্রিত্ব না পেয়ে, সারা দেশব্যাপী যখন এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছে তখন এরা নীরব থাকল যদি মন্ত্রিত্ব পাওয়া যায় এই ভেবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে যারা আমাদের দেশের ঐক্য, সংহতিকে ধ্বংস করছে, মানুষের রুটিরুজিকে কেড়ে নিচ্ছে—এরা সেই এন.ডি.এ সরকারের অংশীদার—ভয়ংকরভাবে দেশের পরিস্থিতিকে জটিল করে তুলেছে, এই ভাবে বিলগ্নীকরণ করা হচ্ছে সংসদকে উপেক্ষা করে, দেশের স্বার্থকে জলাঞ্জলি দিচ্ছে তাদের বিরুদ্ধে এই বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করে, এর বিরুদ্ধে প্রতিবাদ ধ্বনিত করে দেশের স্বার্থকে রক্ষা করার জন্য, একযোগে দাঁড়াবার জন্য উদ্যোগ গ্রহণ করুন।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নবদ্বীপ সরকারি আদালত বর্তমানে যে স্থানে চলছে সেটার অবস্থা জরাজীর্ণ। মাননীয় মন্ত্রী বলেছিলেন নতুন যে তৈরি ভবন রয়েছে সেটির উদ্বোধন

করা হবে। মাননীয় মন্ত্রী এই ভবন পরিদর্শনও করে এসেছিলেন। অতি সত্বর এই ভবনের যদি উদ্বোধন না করা হয় তাহলে যেকোনো সময়ে অঘটন ঘটে যেতে পারে। তাই মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে অবিলম্বে এই নতুন আদালত ভবনের দ্বারোঘাটন করা হোক।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র কুটির শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের পিংলা ব্লকের কডকোয়াতে ১৩২ কে ভি বিদ্যুৎ সাব স্টেশন প্রায় সম্পূর্ণ হয়েছে। এই বিপুল বিদ্যুৎ যদি যথাযথভাবে ব্যবহার করা হয় এবং যে শিক্ষিত বেকার জনসম্পদ সেই জনসম্পদের বিকল্প চিন্তা করতে হয়, শুধু তাই নয়, পিংলা এবং পার্শ্ববর্তী ব্লকগুলোতে সামগ্রিক উন্নয়নের জন্য পরিকল্পনা নেওয়া যায় তাহলে ওই এলাকায় পিংলায় শিল্পবিকাশ কেন্দ্র গড়ে তোলা দরকার । এটা সম্ভব হবে যদি বিদ্যুৎতের যথাযথ ব্যবহার করা যায়। তাই আমি মাননীয় ক্ষুদ্র কুটির শিল্পের মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে উনি যেন ডিষ্ট্রিক্ট ইন্ডাষ্ট্রিয়াল সেন্টারকে নির্দেশ দিন যে বিদ্যুৎতের যথাযথ ব্যবহার করে শিল্প বাণিজ্য, শিল্প বিকাশ কেন্দ্র গড়ে তোলার জন্য।

শ্রী দীপক ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত গ্রামোন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি । প্রধানমন্ত্রী সড়ক রোজগার যোজনা প্রকল্প ২০০১-২০০২ তে প্রায় তিনশো কোটি টাকা পাওয়া গেছে। এই টাকা এখনও বেশিরভাগ খরচ করা যায়নি। এই বছরের টাকা এই পর্যন্ত মাত্র ১.৭৩ অংশ খরচ হয়েছে দেড়শো কোটি টাকা মহিষাদল, নন্দকুমার ব্লক এই দুটো ব্লকে সড়ক নির্মাণের প্রকল্প আছে। তার প্রায় সাড়ে তিন কোটি টাকা দু বছর আগে বরাদ্দ হয়েছিল কিন্তু এখনও পর্যন্ত পরিকল্পনা চূড়ান্ত হয়নি। তাই আমি পঞ্চায়েত মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে এই ব্যাপারে নজর দিন যাতে দুটো ব্লকে সড়ক নির্মাণের কাজ শুরু হয়।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের শ্লোগান ছিল সকলের জন্য স্বাস্থ্য চাই। কিন্তু বর্তমান আর্থ-সামাজিক পরিস্থিতিতে স্বাস্থ্য পরিষেবা আমরা সকলকে দিতে পারছি না। এই অবস্থায় ইলেকট্রো-হোমিওপ্যাথ চিকিৎসা বিজ্ঞান ভারতবর্ষে সুনামের সাথে চিকিৎসা চালিয়ে আসছে। পশ্চিমবঙ্গে ১৭টি কলেজ, কাউন্সিল হোমিওপ্যাথি চিকিৎসা বিজ্ঞানকে অনেক দূর এগিয়ে নিয়ে গেছে। জার্মান সরকার এই চিকিৎসাকে স্বীকৃতি দিয়েছে এবং সদ্যজন্ম নেওয়া ছত্রিশগড় রাজ্যও এটাকে স্বীকৃতি দিয়েছে। সুপ্রীম কোর্ট সমস্ত রাজ্য সরকারকে তাদের বিধানসভায় এই ইলেকট্রো-হোমিওপ্যাথকে পাশ করিয়ে এই ইলেকট্রো-হোমিওপ্যাথিকে স্বীকৃতি দেওয়ার জন্য আইন তৈরি যাতে রিকগনিশান দেওয়া হয় সেই জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এই ইলেক্ট্রো-হোমিওপ্যাথির যারা চিকিৎসক তারা বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে পথে নামছে এবং তারা বিধানসভা অভিযান করবে এ খবরও আমার কাছে আছে। সাধারণ মানুষ যাতে সহজেই ইলেক্ট্রো-হোমিওপ্যাথির চিকিৎসার সুযোগ পায় তার জন্য একে স্বীকৃতি দানের আবেদন জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে মাননীয় মুখ্যমন্ত্রী বাঁকুড়া জেলা জল প্রকল্প সম্বন্ধে বললেন যে সেখানে উন্নতির জন্য ৩ কোটি টাকা দিয়েছেন। এই ৩ কোটি টাকার মধ্যে ১ কোটি টাকা দু মাসের মধ্যে খরচ হয়ে গেল। কি ভাবে হলো তার এস্টিমেট দিয়েছেন জল সরবরাহে ২৪,৫২,০৪৮ টাকা, খরচ হয়েছে ২৩,৬০,১৩৬ টাকা, সেচের এস্টিমেট দিয়েছে ৩৭,১৩,১৭১ টাকা, তার মধ্যে খরচ হয়েছে ৩৬,১০,২৯৮ টাকা, লিংক রোডের জন্য এস্টিমেট দিয়েছে ১৬,৯৫,৩২৭ টাকা, তার মধ্যে খরচ হয়েছে ১৬,০১,৮৯৫ টাকা, শিক্ষাতে এস্টিমেট দিয়েছে ১৬,৩৬,৯৫৬ টাকা, তার মধ্যে খরচ হয়েছে ১৩,৪৪,৫৫৭ টাকা, স্বাস্থ্যখাতে এস্টিমেট দিয়েছে ৪,৩১,৪৫৪ টাকা, তার মধ্যে খরচ হয়েছে ২,১১,৭৮৮ টাকা। আমার বলার উদ্দেশ্য হলো এই ১ কোটি টাকা দু মাসে কি করে খরচ হলো ? ২ মাসে ১ কোটি টাকা তছরূপ হয়েছে সেটা আপনি দেখুন। এটা একটা অদ্ভুত ব্যাপার। কেন এই ভাবে সরকারি টাকা বরবাদ হবে ?

শ্রী প্রফুল্লকুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যোতিন্দ্রমোহন বাগচীর জন্ম হয়েছিল আজ থেকে ১২৪ বছর আগে তার বসতবাটি নদিয়া জেলার করিমপুর এলাকায় জামশেদপুর গ্রামে। তাঁর বসতবাটিটা ভগ্ন অবস্থায় পড়ে আছে। তাঁর বসতবাটীটা সরকার অধিগ্রহণ করে মেরামত করে সেটাকে দর্শনীয় স্থান করার জন্য আবেদন জানাচ্ছি।

[1.00—1.10 p.m.]

শ্রী চিত্তরঞ্জন রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার জেলা উত্তরদিনাজপুর। সেখানে রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংকের অধীনে একটা গ্রামীন ব্যাংক আছে। তার নাম 'মালিবাড়ি কৃষি উন্নয়ন সমবায় ব্যাংক'। দীর্ঘ কয়েক মাস ধরে সেটা বন্ধ আছে। সেখানে নানা রকম দুর্নীতি হয়েছে। যারা ব্যাংক পরিচালনা করছিলেন তারা টাকা তছনছ করেছেন। কিন্তু তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। উল্টে সেই ব্যাংক দীর্ঘদিন ধরে বন্ধ করে রাখা হয়েছে। এর ফলে আমানতকারীরা ব্যাংক থেকে টাকা তুলতে পারছেন না, লেনদেন করতে পারছেন না, একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। আমি এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে চিঠিও দিয়েছি কিন্তু আজ পর্যন্ত ব্যাংক খোলার জন্য কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। ওই ব্যাংক যাতে অবিলম্বের খোলার ব্যবস্থা করা হয় এবং দোষীদের শাস্তি দেওয়া হয় তার জন্য মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : স্যার, ময়ূরাক্ষী জলাধার থেকে বোরো ও রবি মরশুমে চাষের জন্য জল দেওয়া হয়। বীরভূম সেচ-সেবিত এলাকায় ক্যানেলের মাধ্যমে জল দেওয়া হয়। মুর্শিদাবাদের একটা অংশকে নদীর মাধ্যমে জল দেওয়া হয়। আমাদের কান্দি মহকুমার খড়গ্রাম-সহ যে সেচ-সেবিত এলাকা আছে সেই এলাকা ময়ূরাক্ষী থেকে জল পাচ্ছে। কিন্তু সেখানে বোরো ও রবি মরশুমে ক্যানেলের মাধ্যমে জল পায়নি। মাননীয় সেচমন্ত্রী এবং আমার নির্বাচনী কেন্দ্র পাশাপাশি। কিন্তু বীরভূমের কৃষকরা জল পেলেও ওরা পাচ্ছে না।

ফলে ওদের মধ্যে ক্ষোভ-বিক্ষোভ শুরু হয়েছে। তাই সেচ-সেবিত এলাকার কৃষকরা যাতে বোরো ও রবি মরশুমে ক্যানেলের মাধ্যমে জল পায় তার ব্যবস্থা করার জন্য মাননীয় সেচ মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৩শে জুলাই নামখানা-বকখালি রাস্তাটা মেরামত করার পরিপ্রেক্ষিতে মাননীয় পূর্তমন্ত্রীর চেয়ারম্যানসিপে মহাকরণের রোটান্ডায় মাননীয় মৎস মন্ত্রী, সুন্দরবন উন্নয়ন পর্ষদের মন্ত্রী, বিভিন্ন উচ্চ পদস্থ আধিকারিক, স্থানীয় বিধায়ক এবং জেলাশাসকের উপস্থিতিতে একটা সিদ্ধান্ত গৃহিত হয়েছিল যে, গত আগস্ট মাসের মধ্যে প্লান-এস্টিমেট তৈরি করে পূজার অবহিত পরে ওই রাস্তার মেরামতের কাজ শুরু হবে। আপনারা জানেন বকখালি একটা পর্যটন কেন্দ্র হিসাবে সরকারি মানচিত্রে স্থান করে নিয়েছে। কিন্তু সেদিন আলোচনায় ওই পরিকল্পনা গ্রহণ করা হলেও এখনও পর্যন্ত ওই রাস্তার মেরামত করা হয়নি। অবিলম্বে যাতে রোটান্ডার মিটিঙের সিদ্ধান্ত কার্যকর করা হয় তার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্বণ করছি।

শ্রী পেলব কবি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র জামুরিয়ার বাহাদুরপুর গ্রামে একটা উচ্চ বিদ্যালয় আছে। তাতে তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীরা পড়াশোনা করে। দীর্ঘদিন ধরে এটাকে একটা আবাসিক বিদ্যালয় হিসাবে গড়ে তোলার দাবি রয়েছে। তাই আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে ওই বিদ্যালয়কে একটা আবাসিক বিদ্যালয় রূপে গড়ে তোলা হোক।

শ্রীমতি রত্না দে নাগ : স্যার, কলকাতা এবং শহরাঞ্চলে বে-সরকারিভাবে অনেক কম্পিউটার ট্রেনিং সেন্টার গড়ে উঠেছে। এই সব সেন্টারে অভিভাবক এবং ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ৬, ১০ থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত নিয়ে চাকরির প্রতিশ্রুতি দিয়ে ভর্তি নেওয়া হচ্ছে। কিন্তু এই সব সেন্টারগুলো অভিভাবক এবং ছাত্র-ছাত্রীদের আউট-রাইট ঠকাচ্ছে। শিক্ষণ-প্রাপ্ত ছাত্রদের চাকরি দেওয়া তো দূরের কথা সেন্টারগুলোর বেসিক ইনফ্রাস্ট্রাকচারও নেই। আবার অন্য দিকে একটা নামী বে-সরকারি সংস্থা, যাদের বিভিন্ন শেয়ার মার্কেটে শেয়ার দর উঁচু, তারা কৌশল করে অভিভাবক এবং ছাত্রদের ঠকাচ্ছে। ট্রেনিং-এর শেষে তারা বিভিন্ন ছোট-খাট জায়গায় ছাত্রদের দেড়-দুহাজার টাকার মাইনের চাকরির সুযোগ করে দিচ্ছে। কিন্তু যদি কেউ সেই চাকরি না নেন তাহলে তাদেরকে কম্পিউটার শিক্ষার সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। সেই টাকাটা যাতে না দেওয়া যায় তারজন্য তারা এইসব ছাত্রদের ২-৩ বার অফার করছে, সন্দেহ করা হচ্ছে, এইসব সংস্থা পোস্টিং ডিপার্টমেন্ট-এ যাঁরা নিযুক্ত আছেন তাঁরা নানারকম সংগঠনের কাছ থেকে অর্থ উপার্জন করছে। কম্পিউটার এবং ইনফরমেশান টেকনোলজি নিয়ে সরকার দেরিতে হলেও ভাবতে শুরু করেছে, এটা অত্যন্ত সুন্দর কাজ কিন্তু এইসমস্ত দুষ্ট চক্রদের ভাঙতে না পারলে গ্রামাঞ্চলে এবং শহরের অভিভাবকরা এবং তাদের সন্তানরা এক্সপ্লয়টেড হয়ে পড়বে। সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অনুরোধ, আপনি এই দুষ্ট চক্র

ভাঙার ব্যবস্থা করুন এবং এই সংগঠনের এক্সপ্লয়টেশানকে যেভাবেই হোক নিয়ন্ত্রণ করুন। ধন্যবাদ।

শ্রী আনন্দ গোপাল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা নানুর বিধানসভা কেন্দ্রের ৮শত কৃষক কৃষিতে বিদ্যুৎ দেওয়ার জন্য আবেদন করেছেন। এই ৪ বছর ধরে সেই আবেদনগুলি পড়ে আছে। আজও পর্যন্ত কৃষিতে বিদ্যুৎ সংযোগ হচ্ছে না। আমি বারবার বিধানসভায় বলেছি যে, বোলপুর নানুর থেকে ২৭ কিলোমিটার দূরে অবস্থিত সেখানে বিদ্যুৎ সাপ্লাই হচ্ছে অথচ নানুরে হচ্ছে না। নানুরে যাতে বিদ্যুৎ সাপ্লাই কেন্দ্র হয়, তারজন্য আমি বারবার আবেদন করেছি। আমি আবেদন করেছি যাতে সেখানে একটি বিদ্যুতের সাব-স্টেশান কেন্দ্র তৈরি করা হয়, যাতে সেখানকার কৃষকরা কৃষিতে বিদ্যুৎ পেতে পারে তার ব্যবস্থা করা হোক।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সাউথ বিষ্ণুপুর এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি পঞ্চায়েতমন্ত্রী এবং পাওয়ার ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সাউথ বিষ্ণুপুর মহাশ্মাশানে ইলেকট্রিক চুল্লি আছে শব দাহ করার জন্য। ডেড্‌বডি পিছু ৩৬০ টাকা নেওয়া হয়। এই টাকাটা সাউথ বিষ্ণুপুরের পঞ্চায়েত নেয়। এই টাকা নিয়ে তারা নিজেরা নয়ছয় করছে। যে টাকাটা ইলেকট্রিক ডিপার্টমেন্টকে দেওয়ার কথা তা তারা দেয় না, ফলে ১৭ লক্ষ ৭০ হাজার টাকা বাকি পড়েছে ইলেকট্রিক ডিপার্টমেন্টের কাছে। এইজন্য তারা বৈদ্যুতিক চুল্লির লাইন কেটে দিয়েছে, গত ৩ মাস ধরে সাউথ বিষ্ণুপুরে যে মহাশ্মশান তার ইলেকট্রিক চুল্লি বন্ধ আছে। ফলে এখানে যারা ডেডবডি নিয়ে আসছে তারা পোড়াতে পারছে না, তাদের অসুবিধা হচ্ছে। আমি তাই মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর কাছে আবেদন করছি, এই যে জনগণের অর্থ অপচয় করা হচ্ছে। এই ১৭ লক্ষ ৭০ হাজার টাকা নয়ছয় করেছেন, তাই ওই সাউথ বিষ্ণুপুর গ্রামপঞ্চায়েতে যাঁরা আছেন তাঁদের বিরুদ্ধে অ্যাকশান নেওয়া হোক। আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি, যে কোনো ভাবে ওখানে ইলেকট্রিক লাইন রেস্টোর করে দেন, তাতে অবিলম্বে শব দাহ করা যেতে পারে।

শ্রী রবীন্দ্রমোহন ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী হাউসে ঘোষণা করেছিলেন যে, কলেজে কলেজে পার্টটাইমার প্রফেসাররা ২ হাজার টাকা করে পাবেন। আমি জানি আমার জেলায় উলুবেড়িয়া কলেজ, দীনবন্ধু কলেজ এবং পশ্চিমবঙ্গের অনেক কলেজে তারা ২ হাজার টাকা দিচ্ছেন না, ১ হাজার টাকা দিচ্ছেন এই সব পার্টটাইমারদের। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী যে ঘোষণা করেছিলেন, আমি মন্ত্রীকে সেই প্রশ্নটা তুললাম। আমি আজকে আশা করব আপনার মাধ্যমে মাননীয় উচ্চ-শিক্ষামন্ত্রীর কাছে আপনি নিশ্চয়ই আমার কথাটা পৌছে দেবেন। আগে পার্টটাইমার প্রফেসাররা ১শত টাকা পেত, তখন প্রফেসারদের বেতন কম ছিল। কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার পার্টটাইমার প্রফেসারদের ২ হাজার টাকা দেবে বলেছিল, কিন্তু এই সমস্ত পার্টটাইমার প্রফেসাররা বর্তমানে ২ হাজার টাকা পাচ্ছেন

না, তারা যাতে ২ হাজার টাকা পায় তার জন্য আমি আপনার মাধ্যমে উচ্চ-শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : নট কল্ড।

[1-10—1-20 p.m.]

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দক্ষিণ ২৪ পরগনা জেলার দক্ষিণ সুন্দরবনাঞ্চলের কাকদ্বীপ গত ১৯৯৮-৯৯ সালে নতুন মহকুমা গঠিত হয়েছে। ইতিমধ্যে কয়েক বছর অতিবাহিত হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কাকদ্বীপ মহকুমা হাসপাতাল গঠিত হয়নি। যার ফলে কাকদ্বীপ, সাগর, নামখানা এবং পাথর-প্রতিমা, এই চারটি দ্বীপ এলাকার ৪টি পঞ্চায়েত সমিতি এবং তিনটি বিধানসভা কেন্দ্র নিয়ে গঠিত কাকদ্বীপ মহকুমার মানুষরা যদি এলাকার ব্লক হাসপাতালে সঠিক চিকিৎসার সুযোগ না পায় তাহলে তাদের ডায়মন্ডহারবার মহকুমা হাসপাতালে যেতে হয়। তাই কাকদ্বীপ মহকুমা হাসপাতাল যদি অবিলম্বে গঠন করার ব্যবস্থা গ্রহণ করা হয় এবং সেটি গঠিত হয় তাহলে কাকদ্বীপ, সাগর, নামখানা, পাথর-প্রতিমা তথা দক্ষিণ সুন্দরবনের কাকদ্বীপ মহকুমার মানুষদের প্রয়োজনীয় চিকিৎসা সমস্যার অনেকটাই সুরাহা হতে পারে। এবিষয়ে আমি গত বিধানসভা অধিবেশনে মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীর কাছে নির্দিষ্ট প্রশ্ন করেছিলাম বার বার তাঁর দৃষ্টি আকর্ষণ করেছি মন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছিলেন, 'অনতিবিলম্বে কাকদ্বীপ মহকুমা হাসপাতাল গঠিত হবে।' কিন্তু অদ্যাবধি তা গঠিত হয়নি। যার ফলে ওই মহকুমার মানুষদের চরম দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। অনতিবিলম্বে যাতে কাকদ্বীপ মহকুমা হাসপাতাল গঠিত হয় তার জন্য আমি পুনরায় মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ কামরে ইলাহি : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার জেলা স্বাস্থ্য বিভাগের প্রশাসনিক ভবনটির অবস্থা খুবই খারাপ জরা জীর্ণ ভগ্ন প্রায়। বাড়িটির এখনই একান্ত সংস্কার দরকার। সেই কাজ করার জন্য এবং বীরভূম জেলায় নতুন স্বাস্থ্য ভবন তৈরির জন্য আমি মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী পরশ দত্ত : স্যার, আমি এখানে একটা জঘন্য ঘটনার উল্লেখ করব। সিপিএম পার্টি বলেন ভারতবর্ষের বুকে তাঁদের দলে ভারতবর্ষের বুকে সবচেয়ে বেশি সংস্কৃতিমনস্ক মানুষের সমাহার। এই পরিপ্রেক্ষিতে আমি একটা অত্যন্ত দুঃখের ঘটনা এখানে উল্লেখ করছি। আলিপুরদুয়ার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত শামুকতলা পি. এস. এর ভাটি বাড়িতে গত ২৫শে নভেম্বর সেখানকার সিপিএম-এর লোকাল কমিটির সেক্রেটারি এবং জোনাল কমিটির মেম্বার কার্তিক সরকার তার মামাতো ভাই এর ৯ বছরের শিশুকে ধর্ষণ করে জনতার হাতে রেড হ্যান্ড ধরা পড়ে। জনতা তাকে ঘিরে রাখে, পুলিশে খবর দেয়। পুলিশ

এসে তাকে গ্রেপ্তার করতে গড়িমসি করে, ফলে জনতার সঙ্গে ঝামেলা হয়, শেষ পর্যন্ত তাকে গ্রেপ্তার করা হয়। দুঃখের বিষয় তাকে গ্রেপ্তারের পরে এ গ্রাম থেকে পুলিশ ৮০ জন মানুষকে ধরে নিয়ে যায়। পরে ৭৯ জনকে ছেড়ে দেয়। কিন্তু একজন, তৃণমূল কংগ্রেসের একজন কর্মীকে ছাড়ে না, ৩০৭ ধারায় তাকে আটক করে রাখে। আমরা অবাক হয়ে গেছি যে ঘটনার সঙ্গে যার কোনো সম্পর্ক ছিল না, ঘটনা স্থলে যে উপস্থিতই ছিল না তাকে আটক করে রেখে দিল। এর চেয়ে দুঃখের, এর চেয়ে লজ্জার আর কি হতে পারে । মাননীয় সদস্য নির্মলবাবু আলিপুরদুয়ারের বিধানসভা সদস্য, আমি আশা করব উনি এই ঘটনার নিন্দা করবেন এবং নিন্দা করে এই সভায় বিবৃতি দেবেন। ধন্যবাদ।

শ্রীমতী মানসী ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি স্যার, আমাদের বাঁকুড়া জেলার কোতুলপুর-জয়পুরের মধ্যে দিয়ে দীর্ঘদিন ধরে একটা সরকারি বাস চলছিল। ২/১ বছর আগে তৃণমূলের ঝামেলার জন্য সেটা বন্ধ হয়ে গিয়েছিল। ওই সময় বাসে হামলা করা হয়েছিল, টাকা পয়সা লুঠ করা হয়েছিল। বেশ কয়েকবার ওই জিনিস ঘটেছিল। ফলে বাস সার্ভিস বন্ধ হয়ে গিয়েছিল। এখন আমি মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি ওই এলাকার, তথা বাঁকুড়া, মেদিনীপুর এবং হুগলি, এই তিনটি জেলার মানুষদের স্বার্থে তারা কোতুলপুর জয়পুর রাস্তা দিয়ে যাতায়াত করেন ওখানে অবিলম্বে একটা সরকারি বাস চালাবার ব্যবস্থা করুন। আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীকে কোতুলপুর জয়পুর দিয়ে একটা সরকারি বাস চালাবার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সৌগত রায় : স্যার, আমি গুজরাটের উপর বলার চেষ্টা করেছিলাম, কিন্তু যেহেতু আলোচনা করা যাবে না সেইজন্য আবার একটা ইস্যু তুলছি এবং এই ইস্যুটা গত ২ দিন ধরেই তুলছি। বেলেঘাটার খালপাড়ে উচ্ছেদ হচ্ছে। খালটি সেচ দপ্তরের আর উচ্ছেদের জন্য সাহায্য করছেন পৌর দপ্তর এবং পুলিশ। সেখানে ব্যাপক পুলিশি সন্ত্রাসের মধ্যে দিয়ে ওই এলাকার মানুষগুলিকে উচ্ছেদ করা হচ্ছে। অথচ এই মানুষগুলি অনেক আগে থেকেই বামপন্থীদের সমর্থন করতেন, সি.পি.আইয়ের হয়ে তাঁরা কাজ করেছেন। কিন্তু আজকে ওদের কাগজের চেক দিয়ে ওই এলাকাগুলি দখল করে নেওয়া হল। এর মধ্যে ১জন আত্মহত্যা করেছেন এবং বাকি কিছু লোক পুলিশের লাঠি খেয়েছেন। গতকাল দক্ষিণ কলকাতায় যারা টালিনালায় উচ্ছেদ হয়েছে তারা বেলেঘাটার খালপাড়ে উচ্ছেদের সমর্থনে আমার এলাকায় মিছিল বার করেছিলেন। সরকারের কাছে আমার বক্তব্য, এখন হাউস চলছে, সেচ দপ্তরের মন্ত্রী এবং পৌর দপ্তরের মন্ত্রীরা এসে এই উচ্ছেদ হওয়া মানুষগুলির সম্বন্ধে একটাও বিবৃতি দিলেন না ? এদের জন্য কোনো পুনর্বাসনের ব্যবস্থা হচ্ছে কিনা তা এই হাউসে বলতে চাইলেন না। আমরা প্রথমদিকে ওই খালপাড়ের ইস্যু নিয়ে এই হাউসে তুলেছি, অথচ মন্ত্রীরা হাউসকে জানাবার প্রয়োজন মনে করলেন না যে কেন ওরা উচ্ছেদ হল, কিভাবে উচ্ছেদ হল এবং উচ্ছেদ হওয়ার জন্য টাকা দিয়েছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এবং হাডকো এবং বাল্মীকি আম্বেদকর রোজগার যোজনায় পাল্টা ঘর করে দেওয়া যাবে কিনা, বিকল্প ব্যবস্থা করে দেওয়া যাবে কিনা

সেটা বলা হল না। আমি দেখেছি, প্রেসে, কাগজে সি.পি.আইয়ের রাজ্য সম্পাদক এই উচ্ছেদের বিরুদ্ধে বিবৃতি দিয়েছেন এবং সরকারের সমালোচনা করেছেন। কিন্তু এই হাউসে সি.পি.আইয়ের যে কজন সদস্য আছেন তাঁরা এই উচ্ছেদের বিরুদ্ধে সোচ্চার হচ্ছেন না। কেন তারা দাবি করছেন না যে মন্ত্রী মহাশয় পুনর্বাসনের ব্যবস্থা করুন ? অথচ এর বিরুদ্ধে কাগজে বিবৃতি দিচ্ছেন। আমি এই ব্যাপারে সরকারের তীব্র নিন্দা করি এবং উচ্ছেদ হওয়া মানুষগুলির পুনর্বাসনের ব্যবস্থার দাবি করি।

ZERO HOUR

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র এবং ব্লক হেলথ সেন্টার সম্পর্কে রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার পাশাপাশি যে হাসপাতালগুলি আছে সেগুলি আপনারা দেখভাল করেন, কিন্তু মফঃস্বলে যে হাসপাতালগুলি আছে ব্লক হেল্থ সেন্টার বলুন, গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র বলুন বা পশ্চিম মেদিনীপুরের সাঁকরাইল, গোপীবল্লভপুর ১ নম্বর ব্লক, সদর ব্লকের পাটরা, পূর্ব মেদিনীপুরের জানুবসান এই সমস্ত হেলথ সেন্টারগুলি যে দুরবস্থার মধ্যে রয়েছে তা আপনাদের খতিয়ে দেখা দরকার। পি.ডব্লু.ডি যে কোয়ার্টারগুলি নির্মাণ করে সেগুলি নিম্নমানের এবং পি.এইচ.ই জলের লাইন দিলেও ডাক্তার, নার্সদের কোয়ার্টারে এবং হাসপাতালে লাইন দিচ্ছে না। এই অবস্থার প্রতিকারের জন্য রাজ্যসরকার বা স্বাস্থ্য অধিকর্তা যারা আছেন তারা এই সমস্ত গ্রামীণ হাসপাতাল এবং ব্লক হেল্থ সেন্টারগুলিতে সরেজমিনে তদন্ত করে একটা ব্যবস্থা গ্রহণ করবেন এটাই আমি আশা করি।

শ্রী মুস্তাক আলম : ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে যুব কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় ১৫টি ব্লকের মধ্যে আমার বিধানসভার অন্তর্গত হরিশচন্দ্রপুরের ২টি ব্লক সহ ১২টি ব্লকে ইউথ ওয়েলফেয়ার অফিসার নেই। দীর্ঘদিন ধরে শুধু বোর্ড ঝুলছে কিন্তু অফিসগুলি খোলা হচ্ছে না। আমার বক্তব্য, দপ্তরের যদি প্রয়োজন না থাকে তাহলে দপ্তরগুলি তুলে দেওয়া হোক আর যদি প্রয়োজন মনে করে থাকেন তাহলে অফিসগুলি খোলা হোক। সেই সাথে সাথে বলবো, এই ১২টি ব্লক অফিস বন্ধ থাকছে, কিন্তু তার স্টাফেরা মাহিনা কি করে পাচ্ছে, এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই, উত্তরবঙ্গে স্টুডেন্টস অফ ইসলামিক মুভমেন্ট অফ ইন্ডিয়া বা সিমি যেটা কেন্দ্রীয় সরকার নিষিদ্ধ করেছেন, তাদের অ্যাকটিভিটি বেড়ে গেছে। এর আগে মাননীয় মুখ্যমন্ত্রী বে-আইনি মাদ্রাসাকে দেশ-বিরোধী কার্যকলাপ বলে একটা সমস্যায় পড়েছিলেন। কিন্তু যেটা বলার দরকার সরকারের পক্ষ থেকে সেটা হচ্ছে, সিমি নিষিদ্ধ সংগঠন এবং তার বিরুদ্ধে নানারকমের দেশ-বিরোধী কাজের অভিযোগ আছে, তারা আন-অথরাইসড মাদ্রাসা ইউনিট খুলছে। উত্তর-দিনাজপুরের গোয়ালপুকুর, চোপড়া, ইসলামপুর, শিলিগুড়ি, ফাঁসিদেওয়া, নকশালবাড়ি এই সমস্ত জায়গাগুলি নেপাল, বাংলাদেশ এবং ভুটান বর্ডারের কাছে।

এখানে এই সিমির অ্যাকটিভিটিস ছড়াচ্ছে। স্থানীয় লোকরা এখানে একটা বড় ধরনের গণ্ডগোল লাগতে পারে এই আশঙ্কা করছেন। আমরা অনেকদিন ধরেই বলছি যে, উত্তরবঙ্গে আই.এস.আই-এর অ্যাকটিভিটিস বন্ধ করা দরকার কিন্তু রাজ্য সরকার এখনও পর্যন্ত আই.এস.আই-এর অ্যাকটিভিটিস বা বেআইনি সিমি সংগঠনের কাজকর্ম বন্ধ করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আমি হাউসের মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি উত্তরবঙ্গে বিশেষ করে উত্তর দিনাজপুরের ব্যাপক অঞ্চলে সিমির কাজকর্ম বন্ধ করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক ।

[1-20—1-30 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ২৮শে এবং ২৯শে নভেম্বর থেকে অর্থাৎ শীত পড়ার সঙ্গে সঙ্গে আমরা দেখছি কলকাতার আশেপাশে ডাকাতি বাড়ছে। পূর্ব যাদবপুর থানার সার্ভে পার্ক, ক্যানিং, বারুইপুর, বারাসত সব জায়গায় প্রচ্ছন্নভাবে ডাকাতি বাড়ছে। সার্ভে পার্কে পর পর একই দিনে ৬টি বাড়িতে ডাকাতি হয়। ২৯ তারিখে ক্যানিং-এ পিয়ালী স্টেটে ৮টি বাড়িতে পরপর ডাকাতি হয়। সেখানে পুলিশের সংখ্যাটা দেখুন। একদিকে সোনারপুর, ভাঙড় সীমান্ত আর একদিকে বাইপাসের এলাকা, সেখানে মাত্র ২৫ জন পুলিশ আছে। এই পুলিশ দিয়ে ডাকাতি রোখা যাবে কি করে ? এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পূর্ব মেদিনীপুর জেলার তমলুকের কেলোরাম বেসিক ট্রেনিং কলেজের বাড়িটির অবস্থা অত্যন্ত বিপদজনক, অবিলম্বে তা সারানো দরকার। বাড়িটির ছাদের অংশ খসে পড়ছে, দেওয়ালগুলিতে ফাটল ধরেছে, ছাত্ররা একটা শংকার মধ্যে আছেন যে কোন সময় বিপদ ঘটতে পারে এই ভেবে। অবিলম্বে বাড়িটি সারানোর জন্য মন্ত্রী মহাশয়দের কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী সেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় বিলগ্নীকরণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা দেখছি, বর্তমান কেন্দ্রীয় সরকার আর্থিক সংস্কারের নামে নির্বিচারে আমাদের দেশের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে বেসরকারি হাতে দিচ্ছেন। দেশি, বিদেশি পুঁজিপতি, আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার, বিশ্বব্যাঙ্ক আমরা দেখছি এর পক্ষে এক বাক্যে সওয়াল করছেন কিন্তু দেশের সর্বনাশ হয়ে যাচ্ছে। আমরা দেখছি, কেন্দ্রের বি.জে.পি ও সহযোগী দলগুলির সরকার ৪৭ সালে গঠিত ভারত পেট্রোলিয়াম এবং হিন্দুস্থান পেট্রোলিয়াম সংস্থা যা আমাদের দেশের সম্পদ তারও বেসরকারিকরণ করার জন্য চক্রান্ত করছেন। এর আমরা প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা উত্তরবঙ্গ উন্নয়ন চেয়ারম্যান, মাননীয় মন্ত্রী কমল গুহ মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ কাগুজে বাঘ হয়ে যাচ্ছে আমরা অনেকদিন ধরেই বলে

আসছি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে স্ট্যাটুটরি করা হোক কিন্তু তা হচ্ছে না। তা করা হলে কেন্দ্রের কাছ থেকে টাকা পাওয়া যায়। উত্তরবঙ্গের চা শিল্প থেকে আমরা জানি কেন্দ্রীয় তহবিলে ৫ হাজার কোটি টাকার বিদেশি মুদ্রা জমা পড়েছে, তার একটা অংশ উত্তরবঙ্গের উন্নয়নের জন্য আমরা পেতে পারি। মুখ্যমন্ত্রী মহাশয় কে.এল.ও জঙ্গীরা ভুটানে ট্রেনিং নিচ্ছে বলে বলেছেন। আইনশৃঙ্খলার একটা দিক সেখানে আছে আবার অন্য দিকটাও যাতে ডিরেল্ড না হয় সেটাও দেখা দরকার। অর্থাৎ মানুষ যাতে সেখানে বিপথে পরিচালিত না হয় সেটা দেখা দরকার এবং উন্নয়নের পরশ তাদের কাছে পৌঁছে দেওয়া দরকার। ৬টি জেলার জন্য মাত্র ২২ কোটি টাকা পাওয়া গিয়েছে। এই টাকাতে কিছুই হয় না। একটা মিউনিসিপ্যালিটি চালাতে এই টাকা লাগে। তার জন্য আমার দাবি, আলিপুরদুয়ারে একটি নতুন জেলা গঠন করা হোক।

[1.30—2.10 p.m.]

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রে বারুইপুর থানার কিছু অংশ পড়ে। বারুইপুর থানার বৃন্দাখালি গ্রামে গত ৫ তারিখে একটা প্রলয়কাণ্ডঘটে গেছে। সেখানে ৬জন গরিব মানুষের ১৮ বিঘা জমিতে বর্গা রেকর্ড ছিল এবং তারা চাষবাস করেছেন, কিন্তু গণ্ডগোল হওয়ায় এ.ডি.এম.(এল.আর)-এর কাছ থেকে পার্মিশন নিয়ে তাদের পুলিশ প্রটেকশান দেওয়া হয়েছিল। কিন্তু গত ৫ তারিখে তাদের বাড়িঘর জ্বালিয়ে দিয়ে ধান লুঠ করা হয়েছে। বর্তমানে তারা গ্রামছাড়া। শ্রীকান্ত সর্দার, হারাধন সর্দার, জনাদন সর্দার, হোমন সর্দার, মুকুল সর্দার এরা সবাই ঘরছাড়া। এর বিরুদ্ধে এখন পর্যন্ত এস.পি. কোনো ব্যবস্থা নেননি। যাতে তারা বাড়ি ফিরতে পারে এবং লুঠ হওয়া ধান ফেরত পেতে পারে তারজন্য ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নির্মল ঘোষ : রাজ্যে অনেক কারখানা বন্ধ হয়ে গেছে ১০ বছরের মতো। অনেকবার রাজ্য সরকারকে বলেছি, ওই সব কারখানার স্থাবর সম্পত্তি, জমি, সেগুলো কনভার্সন করে পৌরসভা, কর্পোরেশন এবং রাজ্য সরকার সেগুলো সদ্ব্যবহার করুক এবং ওই সব কারখানার শ্রমিক, যারা তাদের লিগ্যাল ডিউস পি.এফ., ই.এস.আই. গ্রাচুইটি থেকে বঞ্চিত হচ্ছেন তাদের লিগ্যাল ডিউস অর্থ দপ্তর এবং শ্রম দপ্তরের মাধ্যমে হাই পাওয়ার কমিটি করে মেটাবার ব্যবস্থা করা হোক।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নিয়ন্ত্রণহীন বাসলোই এবং পাগলা নদীর উৎসমুখ ঝাড়খণ্ড রাজ্যে। নদী দুটিতে প্রতি বছর বন্যা হয়। এই বছরও বন্যা হয়েছে। মুর্শিদাবাদ জেলার সুতি এক ও দুই নম্বর ব্লক, রঘুনাথগঞ্জ এক এবং দুই নম্বর ব্লক, সামসেরগঞ্জ, বীরভূমে মুরারই ব্লক নম্বর এক এবং দুই, ফরাক্কা, নলহাটি ব্লকের ১৪ লক্ষ মানুষ এই বছরও ব্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং কোটি কোটি টাকার ফসল বিনষ্ট হয়েছে, গৃহপালিত পশু বিনষ্ট হচ্ছে। গত ২০০০ সালের বন্যায় ৫০ জনের বেশি মানুষ মারা গেছে। তারজন্য ওই নদী

দুটি নিয়ন্ত্রণ করে জলাধার নির্মান করে ওই সব অঞ্চলে বন্যা নিয়ন্ত্রণ করবার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ি সাংস্কৃতিক কলাকেন্দ্র, যেটা ইতিমধ্যে খরচ চালানো যাচ্ছে না বলে বেসারকারি ব্যক্তির হাতে কন্ট্রাকট ম্যানেজমেন্টে দেবার কথা উঠেছে, জলপাইগুড়ি সংস্কৃতি-প্রাণ মানুষ আন্দোলন করে সেই প্রস্তাব ঠেকিয়ে রেখেছেন। জলপাইগুড়ি জেলায় তথ্য সংস্কৃতি দপ্তরের রবীন্দ্রভবন এবং কলাকেন্দ্র নেই। আমার দাবি, ওই কলাকেন্দ্র তথ্য সংস্কৃতি দপ্তর অধিগ্রহণ করুক এবং তার অচলাবস্থা কাটুক। তিনজন প্রথিতযশা ব্যক্তির নামে ওই কলাকেন্দ্রটির নামকরণ করা হয়েছে। এটিকে বেসরকারি হাতে তুলে দেওয়া যাবে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি ৫ই ডিসেম্বর, ১৯৯৯ সালে ওই কলাকেন্দ্রটির আনুষ্ঠানিক উদ্বোধন করেছিলেন, উত্তরবঙ্গ লোকসংস্কৃতি প্রসার এবং বিকাশের জন্য ব্যবহার করা হবে, এই কাজকে ত্বরান্বিত করা হোক।

মিঃ ডেপুটি স্পিকার : এখন বিরতি, আমরা আবার ২.০০টার সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2.00—2.10 p.m.]

(After Recess)

LEGISLATION

The West Bengal Court-Fees (Amendment) Bill, 2002 :

Shri Nisith Adhikary : Sir, I beg to introduce the West Bengal Court-Fees (Amendment) Bill, 2002, and to place a statement as required under Rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Shri Nisith Adhikary : The West Bengal Court Fees Act,1970 has remained unamended for increasing the rate of Court Fees since its inception barring some minor amendments made in the years 1980 and 1985 for limited purpose. After coming into force of the said Act as long as about 32 years back, the existing rate of fees is too skimpy in terms of the prevalent market price. Furthermore, the infra-structural and other incidental costs for maintaining Justice Delivery System within the State, have been increased immensely and in order to cope with the same it has become necessary and obligatory on the part of the State Government to enhance the rate of Court fees by making a suitable amendment of the Schedule-I & II of the said Act by way of an ordinance.

Considering the urgency of the matter the West Bengal Court Fees(Amendment) Ordinance, 2002 was promulgated by his Excellency The Governor of West Bengal on 25.10.2002 for necessary amendment in the West Bengal Court Fees Act, 1970. The enhanced rate of Court Fees came into force with effect from 28.10.2002.

The promulgation of the Ordinance was necessary as the West Bengal Legislative Assembly was not in session at that time.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : There are six Statutory Resolutions under Article 213(2)(a) of the Constitution of India given by Shri Kashinath Mishra, Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Deba Prasad Sarkar, Shri Tapas Roy and Shri Kalyan Banerjee. I would now request Shri Kashinath Mishra to move his motion.

At this stage, Shri Kashinath Mishra was not present in the House. So his motion was not moved.

শ্রী সৌগত রায় : Sir, I beg to move that this House disapproves the West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002, Promulgated under Article 213(1) of the Constitution of India.

স্যার, মাননীয় মন্ত্রী গত ২৫শে অক্টোবর এই অর্ডিন্যান্স এনে সারা রাজ্যের বিচার ব্যবস্থাকে একদম স্ট্যান্ড স্টিল করে দিয়েছেন। ১২ই নভেম্বর থেকে আজ পর্যন্ত স্ট্রাইক চলছে। আজকে পর্যন্ত একমাস হয়ে গেল রিজোলভড্ হয়নি। মাননীয় মন্ত্রীর একটা ডেসপারেট অ্যাটেম্পট, একটা দেউলিয়া সরকারের টাকা জোগাড় করার জন্য এবং তার জন্য এফোর্টে নেমেছেন। যাঁরা লিটিগ্যান্ট মামলা করবেন তাঁদের উপরে পর্বতপ্রমাণ বোঝা চাপানো হচ্ছে। মাননীয় মন্ত্রী জানতেন যে আর কিছুদিন পরেই উইন্টার সেসান শুরু হবে তা সত্ত্বেও মাননীয় মন্ত্রী এই হাউসকে এড়াবার জন্য এই কোর্ট ফির অর্ডিন্যান্স নিয়ে এসেছেন। এইভাবে কোর্ট ফি বৃদ্ধির অর্ডিন্যান্স এনে তিনি হাউসকে এড়িয়ে যাবার যে চেষ্টা করেছেন তাতে তিনি হাউসকে অপমান করেছেন। এর আমি তীব্র নিন্দা করছি। এই অর্ডিন্যান্সের ফলে একটা বেল বন্ড নিতে গেলেও কোর্ট ফি জমা দিতে হবে। এই অর্ডিন্যান্সের ফলে অ্যাপলিকেশান এবং পিটিশান উভয়ক্ষেত্রেই বেশ পরিমাণ টাকা দিতে হবে। সেইকারণে আমরা যে স্ট্যাটুটারি রেজলিউশান এনেছি তার উপরে ভোট হোক এবং বামফ্রন্টের অনেক সদস্যরাই এর বিরোধিতা করেছেন। এই অর্ডিন্যান্স যে আনা হয়েছে বামফ্রন্টের শরিকদের সঙ্গে আলোচনা না করেই মন্ত্রী নিয়ে এসেছেন। আগে এই অর্ডিন্যান্স ডিফিটেড হোক, তারপরে যে বিল এনেছেন তার উপরে হাউসে আলোচনা হবে। আমি মনে করি এটা একটা কালা বিল এবং আমি এই অর্ডিন্যান্সের সর্বাত্মক বিরোধিতা করছি। এবং এর বিরোধিতায় হাজার হাজার আইনজীবী রাস্তায় নেমেছেন। পশ্চিমবাংলায় ছোটোখাটো

কোর্ট থেকে হাইকোর্ট পর্যন্ত সমস্ত বন্ধ হয়ে আছে। এই পরিস্থিতিতে এই অর্ডিনান্স প্রত্যাহার করার আমি দাবী জানাচ্ছি। আমার এই যে মোশান ২১৩/২(এ) আন্ডার কনস্টিটিউশান অফ ইন্ডিয়া এই মোশানটা আমি প্লেস করছি এবং এই কালা অর্ডিনান্স এর বিরুদ্ধে আমরা সোচ্চার থাকব এই বক্তব্য আমি জানাচ্ছি।

শ্রী আবদুল মান্নান : Sir, I beg to move that this House disapproves the West Bengal Court-Fees(Amendment) Ordinance, 2002,

মিঃ স্পিকার স্যার, একটু আগে সৌগতবাবু বললেন, আপনি নিজেও আইনজীবী লোক, আপনি নিজেও জানেন অর্ডিনান্স আনা দরকার যেমন আছে, তেমনি আন্ডার আর্টিকেল ২১৩ (১) কনস্টিটিউশান অফ ইন্ডিয়াতে কতকগুলি প্রি কন্ডিশান দেওয়া আছে যে, আর্ডিনান্স জারী করতে গেলে তার তিনটি কন্ডিশান আছে। গভর্নর এর পাওয়ার, লেজিসলেশান এর পাওয়ার, লেজিসলেশানের পাওয়ারে ফাস্ট হচ্ছে হাউস ইন সেসান যদি থাকে তাহলে কোনো অর্ডিনান্স আনা যাবে না। দ্বিতীয়ত হচ্ছে, এটা লেজিসলেশান এর কনফিডেন্স আছে কিনা, ক্ষমতা আছে কিনা, লেজিসলেশান এর পাওয়ারে সেটা করতে পারবে কিনা বা ক্ষমতা আছে কিনা। তৃতীয়ত এমার্জেন্সী আছে কিনা বা এমার্জেন্সী কতটা ছিল। আজকে উনি যে বিল আনছেন, এই ব্যাপারে বলি ২৮শে অক্টোবর অর্ডিনান্স এনেছেন। আমরা সচিবালয় থেকে যে সমন পাই সেটা ৩১শে অক্টোবর। এবারে ৩১শে অক্টোবর আমাদের হাউসের সমন হয়েছে। এবং এর তিন-চার দিন আগে ক্যাবিনেট ডিসিসান নিয়েছে। তার পরে সেটা গভর্নর এর কাছে গিয়েছে, সই হয়েছে। এই যে ক্যাবিনেট ডিসিসান নিয়ে নিল এর মধ্যে হাউসের সমন হয়েছে, গভর্নর এর কাছে কাগজপত্র পাঠিয়ে দেওয়া হল, অ্যাপ্রুভ হল। তারপরে উনি অর্ডিনান্স করে দিলেন, আমরা সমন পেয়েছি ৩১শে অক্টোবর। এখানে এটা কতটা এমার্জেন্সি ছিল সেটা দেখতে হবে। ৭০ সালে যে আইন তৈরি হয়েছিল সেটা অনেক কম, বাড়াবার দরকার আছে। এখানে অন্যান্য ক্ষেত্রে যা আছে আর কোর্ট ফি এর ক্ষেত্রে দুটোকে এক করলে হবে না। আপনারা জানেন, ১৮৭০ সালে বেঙ্গল ফি অ্যাক্ট যা ছিল, তার পরে ৭০ সালে আপনারা যাদেরকে গালাগালি দেন, সেই সময় আমরা বললাম আইনের সুবিধা যাতে জনগণ পেতে পারেন, সেই জন্য ১৮৭০ সালের কোর্ট ফি যা ছিল, আমরা সেটা বাড়াইনি, কমিয়েছি। যেমন যেটা ৮.৫০ পয়সা ছিল, সেটা ৮.১৫ পয়সা করে দিয়েছি। কমিয়ে দিয়েছি। লোকেরা যাতে কোর্টে বিচারের সুবিধাটা পায়, সাধারণ মানুষ সুযোগটা পেতে পারে, তার জন্য আমরা সেখানে সেটা করেছিলাম। কিন্তু আপনারা সেইসব না করে একটা যুক্তি দিলেন ৭০ সালে যেটা হয়েছিল, সেটা আজকে বাড়াতে হবে। কিন্তু এটা এতটা এমার্জেন্সি কি ছিল ? হাউস যখন সমন করেছেন, হাউসে আনতে পারতেন, পাবলিকের ওপিনিয়ন নিতে পারতেন। আপনি নিজে অর্ডিনান্স করলেন। আপনি এখন বুঝছেন জনগণের চাপটা কোথায়। গত এক মাস ধরে, ১৩ই নভেম্বর থেকে ১২ই ডিসেম্বর পর্যন্ত প্রায় এক মাস, আইনজীবীরা স্ট্রাইক করছে, কোর্ট স্তব্ধ করে দিয়েছে। আপনি আবার নতুন করে একটা রিভাইসড বিল আনছেন।

মানুষের কাছে আপনারা ক্ষমা চান। আপনি অপরাধ করেছেন, অর্ডিনান্স প্রত্যাহার করুন। আপনি যে পাপ করেছেন, সেটা প্রায়শ্চিত্ত করুন। হাউস হচ্ছে সর্বোচ্চ-মানুষের-আদালত, তাই ক্ষমা চেয়ে আপনি অর্ডিনান্স প্রত্যাহার করুন। তারপরে বিলটা প্রত্যাহার করুন। তারপরে পাবলিক ওপিনিয়ন নেবেন। তার পরে তখন বিলটা আনবেন। স্যার, আপনি নিজে আইনজীবী, ক্রিমিনাল লইয়ার ছিলেন, আপনি জানেন যে বেল বন্ডের জন্য টাকা দিতে হবে, বাবার সম্পত্তি দুই ভাই নেবে সেখানেও ফিজ্ করছেন। আপনাদের সরকারের ফিনান্সিয়াল অবস্থা দেউলিয়াপনা হয়েছে, তার জন্য রাজ্য পথে বসছে। বিচারের সুযোগটা যাতে মানুষ না নিতে পারে সেইজন্য একটা অডিন্যান্স জারি করলেন। আমাদের দুটো দাবি অর্ডিন্যান্স প্রত্যাহার করুন এবং মানুষের কাছে ক্ষমা চান। আজকে সমস্ত আদালত স্তব্ধ হয়ে গেছে। কিছু কিছু ক্ষেত্রে রিভাইজড ফিজ চালু করে সরকার বো-ডাউন করতে বাধ্য হয়েছে। এখন এই বিল আনার দরকার নেই, পরে পাবলিক ওপিনিয়ন নিয়ে বিলটা না হয় আনবেন।

[2.10—2.20 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : Sir, I beg to move that this House disapproves the West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002. স্যার, আজকে অত্যন্ত দুর্ভাগ্য পশ্চিমবাংলার যে, এই বামফ্রন্ট রাজত্বে যারা বরাবর বামপন্থার কথা বলে, আইনসভাকে মর্যাদা দেওয়ার কথা বলে, অর্ডিন্যান্সের বিরোধিতা করে, তারাই আজকে সমস্ত রকম সংসদীয় গণতন্ত্রের রীতি-নীতি নির্লজ্জ ভাবে লঙ্ঘন করে এই অর্ডিন্যান্স এনে একটা নগ্ন দৃষ্টান্ত রাখলেন। অক্টোবরের ২৮ তারিখে কোর্ট ফি ৫০০ শতাংশ বাড়িয়ে এই অর্ডিন্যান্স জারি করলেন এবং বললেন তা ওইদিন থেকেই বলবৎ হবে। এক মাসের মধ্যেই যখন বিধানসভা শুরু হবে, তখন কি এমন জরুরি ছিল এই অর্ডিন্যান্স আনার ? আসলে জনগণকে ফেস করার, এই আইনসভাকে ফেস করার নৈতিক সাহস এই সরকারের নেই, সেইজন্য অতি গোপনে আইনসভাকে এড়িয়ে জনগণের উপর এই ভয়াবহ কোর্ট ফি চাপিয়ে দিলেন এবং তাদের সামনে বিচারের রাস্তাটা বন্ধ করে দিলেন।

স্যার, আইনজীবীরা অত্যন্ত সংগত কারণেই জনসাধারণের স্বার্থে এরকম একটা আন্দোলন সংগঠিত করেছেন। স্বাধীনতা উত্তর কালে এরকম হয়নি। সেইজন্য সমস্ত গণতন্ত্রপ্রিয় মানুষ এবং আমিও তাদের, এইসব ধর্মঘটি আইনজীবীদের ধন্যবাদ জানাই। তাঁরা নিজেদের জীবন-জীবিকার কথা চিন্তা করেননি, জনসাধারণের স্বার্থটাই দেখেছেন। স্যার, ন্যায়-বিচারের অধিকার ধনী-নির্ধন নির্বিশেষে একটা গণতান্ত্রিক অধিকার। ফলে বিচার পাওয়ার অধিকারকে কখনোই বাণিজ্যিক দৃষ্টিভঙ্গিতে দেখা চলে না, এটাকে বিক্রি করা চলে না। এমনিতেই বিচারব্যবস্থা সাধারণ মানুষের পক্ষে ব্যয়বহুল, তার উপর এমন ভাবে কোর্ট ফি জনগণের উপর চাপিয়ে দিলেন যে গরীব, নিম্ন-মধ্যবিত্তদের পক্ষে এটা আরও কঠিন হয়ে পড়ল। আপনারা ৫০০ শতাংশ কোর্ট ফি বাড়িয়ে দিলেন এবং গরীব,

নিম্ন-মধ্যবিত্তদের কাছে বিচারের দরজাটা বন্ধ করে দিলেন। তাই এই অর্ডিন্যান্স প্রত্যাহারের দাবী জানাচ্ছি।

শ্রী তাপস রায় : Sir, I beg to move that this House disapproves the West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002, promulgated under Article 213(1) of the Constitution of India. স্যার, আপনিও এই দুঃসাহস দেখাতে পারেন নি ৫ বছরে। আইনমন্ত্রী হিসাবে যে দুঃসাহস দেখিয়েছেন আমাদের বর্তমান আইনমন্ত্রী, আমার মনে হয় উনি দায় এবং দায়বদ্ধতা দুটোকে গুলিয়ে ফেলেছেন। উনি ফিজ তার ডেফিনেশান এবং ট্যাকস তার ডেফিনেশান, আমার মনে হয় এই দুটোকে বোধহয় উনি গুলিয়ে ফেলেছেন। সরকার দেউলিয়া হয়েছে অর্থনীতিতে। দেউলিয়া হয়েছে রাজনীতিতে। কিন্তু ইনটিলেকটে দেউলিয়া হয়ে গেছেন এটা আমার জানা ছিল না এবং আমি দেখতে পাচ্ছি যে, বিচারব্যবস্থা আজকে শুধুমাত্র আইনমন্ত্রীর জেদের জন্য যা ৩২ বছরে হল না—৭০ সালথেকে পি.ডি.এফ গভর্ণমেন্ট ছিল ৭১ সাল পর্যন্ত ছিল, ৭২-৭৭ সাল পর্যন্ত কংগ্রেসের শাসন, তারপর ৭৭ সাল থেকে দু হাজার দুই সাল পর্যন্ত এই ২৫ বছর পেরিয়ে ২৬ বছরে শেষ করতে চললেন এমন কি ঘটল যেখানে হাউসকে বাই পাস করে এমন কি ঘটল, বিধানসভার প্রতিটি সদস্যকে অপমান, অমর্যাদা করে মান সম্মান ভুলন্ঠিত করে আপানাকে এটা আনতে হয়েছে ? ৪২ দিন আপনি অপেক্ষা করতে পারলেন না ? আমি দেখতে পাচ্ছি যে সোশালিস্ট কমিউনিস্ট পার্টি বা একটা সোশালিস্ট রিপাবলিক কান্ট্রির আইন ব্যবস্থা শুধু ভেঙ্গে দেওয়া নয়, মানুষ যাতে আইনের দ্বারস্থ না হতে পারে, সাড়ে ৩০০ বছর আগে যেমন জিজিয়া কর আকবর বসিয়েছিলেন, ঠিক তেমন এখন বামফ্রন্ট সরকারের এই আইনমন্ত্রী তার নেতৃত্বে নতুন করে জিজিয়া কর বসাতে চলেছেন। উনি গুলিয়ে ফেলেছেন। এটাকে উনি ট্যাকস করতে চাইছেন। ক্ষেত্র রয়েছে। বিভিন্ন ক্ষেত্রে রয়েছে। কিন্তু দেখা যাচ্ছে মানুষকে বিচার দেওয়ার ক্ষেত্রে সেখানে মানুষকে বিচার দিতে পারছে না। ক্যাবিনেট থেকে শুরু করে ওয়েলথ্ ট্যাকস থেকে শুরু করে সমস্ত ক্ষেত্রে আমি দেব ওয়েলথ্ ট্যাকস এবং ইনকাম ট্যাকস আমাকে দিতে হবে। হাজার হাজার টাকা এই ফিজ। সুতরাং উনি গুলিয়ে ফেলেছেন। আমার মতে আপনি স্যার, ওঁনার সিনিয়ার ছিলেন, ওঁনাকে বুঝিয়ে দিন। আর এই অর্ডিন্যান্স প্রত্যাহার করুন। বিল যদি আলোচিত হয়, তাহলে সিনিয়ার অ্যাডভোকেট জেনারেল শ্রী বলাই রায়ের এখানে মতামত চাই।

[2.20—2.30 p.m.]

শ্রী কল্যাণ ব্যানার্জী : Sir, Under Article 213 of the Constitution of India, I beg to move that this House disapproves the West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002. ২৮শে অক্টোবর যখন পশ্চিমবঙ্গের সমস্ত কোর্ট পুজোর ছুটিতে বন্ধ ছিল, সেই সময় ২৮ শে অক্টোবর উনি অর্ডিন্যান্স নিয়ে এসেছেন। আর্টিকেল ২১৩ অফ দ্য কনস্টিটিউশান অফ ইন্ডিয়া যদি কোনো এমারজেনট সিচুয়েশান হয়, তখন সেই এমারজেন্ট সিচুয়েশানের জন্য অর্ডিন্যান্স প্রোমালগেট করতে পারে। সরকারকে এই ক্ষমতা দেওয়া আছে। কিন্তু স্যার, কি এমন ঘটনা ঘটল যে

অক্টোবর মাসে পুজোর ছুটির সময় অর্ডিন্যান্স নিয়ে আসতে হবে এবং যে অর্ডিন্যান্সের জন্য এক একটা জায়গায় ৫গুণ থেকে হাজার গুণ করে কোর্ট ফিজ ইনক্রিজ করা হয়েছে। নিশীথ বাবুর অভিসন্ধি ছিল, পুজোর ছুটিতে ল ইয়াররা যখন ছুটি এনজয় করছেন, তখন উনি কোর্ট ফি অ্যাপিল করে ইমপ্লিমেন্ট করে পশ্চিমবঙ্গের বুকে democratic right to get justice will be curtailed. স্যার, দেখা যাবে ওয়েস্ট বেঙ্গল কোর্ট ফি অ্যামেন্ডমেন্ট বিল, এমন কতগুলো জায়গা নিয়ে এসেছেন যা গণতন্ত্রে কোনোদিন, কোনো জায়গায় নেই। ৭০, সালের আইন থেকে আরম্ভ করে কোন ল ইয়ারের যখন কোনো মামলা হয়, তাদের হাজিরা দেওয়ার কোনো স্কোপ ছিল না। একটা মামলা কেউ ফাইল করে এবং তার বাবদ যখন মামলা দেন সেদিন আন্ডার কমপালশন তাঁকে হাজিরা দিতে হয়। সেই হাজিরার জন্য ফিস ইমপোজ করেছেন, একটা অ্যাডজোর্নমেন্ট পিটিশন তার জন্য এখানে অর্ডিন্যান্সের অ্যাপ্লাই করেছেন। আমি স্যার, বলতে চাই যে নিশীথবাবু এখানে যেভাবে তোলা তোলার প্রয়াসে নেমে পড়েছেন, পশ্চিমবাংলার সাধারণ মানুষের কাছ থেকে যেভাবে টাকা তুলতে নেমেছেন পশ্চিমবাংলার মানুষ তাঁকে ধিক্কার জানাচ্ছে, সমস্ত আইনজীবী তাঁকে ধিক্কার জানাচ্ছে। এই বেআইনি আইনমন্ত্রী অর্ডিন্যান্স যেন উইথড্র করে নেন অর্ডিন্যান্সকে আমি ডিসঅ্যাপ্রুভ করছি। বেআইনি মন্ত্রী আজকে আইনমন্ত্রী হয়ে পশ্চিমবাংলায় বসে রয়েছে।

(গোলমাল)

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, একটা সিরিয়াস বিল। এটা একটা পাবলিক ইন্টারেস্ট বলে আমি মনে করি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এখানে মুখ্যমন্ত্রীর থাকা উচিত ছিল। একমাত্র নিশীথবাবু ছাড়া ফাস্ট বেঞ্চে আর কোনো মন্ত্রী নেই। হাউ ডেয়ার ? চীফ মিনিষ্টার শ্যুড কাম। উইল ইউ সি ? হোয়াট ইজ দিস ? দেয়ার ইজ এ লিমিট অব টলারেন্স। আপনি এটা দেখুন।

শ্রী কাশীনাথ মিশ্র : Sir, I beg to move that this House disapproves the West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002.

স্যার, ৭০, সালে এটা সংশোধন হয়েছিল, তার পরিপ্রেক্ষিতে আপনারা আজকে একটা কালা আইন নিয়ে এলেন ২৮শে অক্টোবর। আপনারা পশ্চিমবাংলার অর্থনৈতিক সংকট থেকে উদ্ধার পাওয়ার লক্ষ লক্ষ টাকা আদায় করার জন্য দায়িত্ব নিয়েছেন। কোর্ট ফি অ্যাকট থেকে আপনারা সংশোধনী আকারে নিয়ে এসেছেন। প্রতিটি ক্ষেত্রে আপনারা ব্যর্থতার পরিচয় দিয়েছেন। এই বিলকে আমরা ডিস অ্যাপ্রুভ করছি। এটাকে আবার সিলেক্ট কমিটিতে পাঠান। এটাকে পাবলিক ওপিনিয়নের জন্য পাঠানো হোক।

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে প্রস্তাবগুলো এসেছে তার বিরোধিতা করে আমি কয়েকটি তথ্য রাখছি। কি পরিস্থিতিতে এই অর্ডিন্যান্স এখানে আনা হয়েছে সেটা বলতে চাই। গত ২৮শে অক্টোবর আনা হয়েছে আমি সে সম্পর্কে আপনাদের

কাছে কিছু তথ্য দিতে চাই। আপনারা ১৯৭০, ১৯৭১, ১৯৭২ সালের বাজেট দেখুন। বর্তমান যে আইন আছে সেটা ১৯৭০ সালের আইন। এই আইন হওয়ার পরে ১৯৭১ সালে যে রেভিনিউ রিসিভ হয়েছিল সেটা হল ১ কোটি ৭৫ লক্ষ টাকা, আর সেই সময় খরচ হয়েছিল ৩ কোটি ৫ লক্ষ টাকা। বর্তমানে যা অবস্থা তাতে প্রায় ১৫৩ কোটি টাকা খরচ হচ্ছে, যখন আয় হচ্ছে মাত্র ৩৪ কোটি টাকা। অর্থাৎ যা খরচ হচ্ছে তার পাঁচ ভাগের এক ভাগও আয় হচ্ছে না। স্যার, আমি এইটুকু বললাম, এর পরে যখন বিলের উপর আলোচনা হবে তখন বলব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.30—2.40 p.m.]

The motions of Shri Kashinath Mishra, Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Deba Prasad Sarkar, Shri Tapas Roy and Shri Kalyan Banerjee that this House disapproves the West Bengal Court-Fees (Amendment) Ordinance, 2002 were then put and a Division was taken with the following results :

The Ayes being 60 and Noes 104.

The motions were then lost.

Mr. Speaker : There are four motions of the circulation of the Bill given by Shri Kashinath Mishra, Shri Sobhandeb Chattopadhyay, Shri Abdul Mannan and Shri Arunava Ghosh.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st January, 2003.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st January, 2003.

Shri Arunava Ghosh : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003.

Shri Abdul Mannan : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003.

Shri Nisith Adhikary : Sir, I oppose this.

The Motions of Shri Kashinath Mishra, Shri Sobhandeb Chattopadhyay, Shri Arunava Ghosh and Shri Abdul Mannan that the Bill be circulated for the purpose of eliciting public opinion were then put and a Division was taken with the following results :

The Ayes being 56 and Noes 100.

The motions were then lost.

শ্রী আব্দুল মান্নান : একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আমার নোটিশটা আলাদা। এখানে আমি চেয়েছি ৩১শে মার্চ ২০০৩ কিন্তু শোভনদেব চট্টোপাধ্যায় এবং কাশীনাথ মিশ্র চেয়েছেন ৩১শে জানুয়ারি ২০০৩। এখানে তাদের সঙ্গে আমার ডিফারেন্স আছে। এটা একটা পলিসিগত ব্যাপার।

মি. স্পীকার : The question over here is whether the Bill should be circulated for Public Opinion. I did not mention any date. Whether on principle the Bill should be circulated for Public opinion on that Ayes and Noes have taken and on that Noes have got majority. The motion is rejected.

Now the Minister-in-charge may move for consideration of the Bill.

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওয়েস্ট বেঙ্গল কোর্ট ফি অ্যামেন্ডমেন্ট বিলটিকে বিবেচনার প্রস্তাব করছি।

শ্রী অতীশ সিন্‌হা : এই বিলটি আলোচনার জন্য এখানে গ্রহণ করা যাতে না হয়, তারজন্য আমি আপনাকে অনুরোধ করছি। এই হাউসের কাছে অনুরোধ করছি এই বিলটি যাতে প্রত্যাহার করা হয়। কারণ এটা একটা কালা কানুন। এরফলে লিটিগ্যান্টরা খুব বিপদে পড়বে, তাদের অসুবিধা হবে। তাই মাননীয় মন্ত্রী এবং হাউসের সমস্ত সদস্যদের কাছে অনুরোধ করব আলোচনার আগে এই বিলটিকে তুলে নেওয়ার জন্য। কনসিডারেশানে আমার আপত্তি আছে।

মি. স্পীকার : The motion for consideration is put to vote after debate. You are in favour or against then you will decide, what is the problem ?

শ্রী অরুনাভ ঘোষ : আপনি এই বিলটা কিভাবে প্লেস করবেন। কারণ হাইকোর্ট প্রাইমাফেসি কেস্ হোল্ড করছে। "After hearing Mr. Pal, learned counsel, appearing on behalf of petitioner, and Mr. Roy, learned Advocate-General of the State and after going through the materials on record I find that the petitioner has made out on strong prima facie case in this writ application in as much as fixation of and valorem Court-Fees by the impunged ordinance as in direct conflict with the principles laid down by the Supreme Court in the case of P.M. Ashwathanarayana Setty and others Vs. State of Karnataka and others. High Court Prima facie case hold করেছে। It is bad. It is in contradiction with the Supreme Court Judgement. How will you pass the Bill ? You please send it for public opinion. Court has given order. Court prima facie hold করেছে। All these are against the law laid down by the Supreme Court.

মি. স্পীকার : There has been no final Judgement according to your own submission. It is an interim order. This House is not guided by interim order. If law is passed you will challange in the High Court. Whatever Judgement will come everybody will have to accept it. It is the law of the Land. Please take your seat.

(প্রচণ্ড গোলমাল)

I fail to understand-he is a lawyer, you are a lawyer. We are dealing with the lawyer. If I am not misunderstood, regarding Interim Order-that relates to the Ordinance. We are dealing with the Bill. There is no Order relating to the Bill. Please take your seat. Let us proceed.

[2.40—2.50 p.m.]

শ্রী অশোক কুমার দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে 'দি ওয়েস্ট বেঙ্গল কোর্ট-ফিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' মাননীয় আইন মন্ত্রী এই সভায় উপস্থিত করেছেন। আমি এর পরিষ্কার বিরোধিতা করছি। আজকে সম্পূর্ণ অগণতান্ত্রিক কায়দায় কোর্ট ফিস বৃদ্ধি করা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যখন বিধানসভা খোলার মাত্র ৪২ দিন বাকি ছিল, তখন এমন কি জরুরি কারণ ঘটেছিল যে, ২৮শে অক্টোবর কালা-কানুন (অর্ডিন্যান্স) জারি করতে হয়েছিল ? আমরা এই সময়ের মধ্যে ওঁকে অনেক কথা বলার চেষ্টা করেছি, কিন্তু উনি আমাদের কোনো কথা শোনেননি। আজকে একটা কারণে আমি ওঁকে ধন্যবাদ জানাচ্ছি, উনি রাজ্যের আইনজীবীদের যে হুমকি দিয়েছিলেন তার ফলে সারা রাজ্যের আইনজীবীরা একটা ছাতার তলায় চলে এসেছেন। আমি এই প্রসঙ্গে আইনজীবী বন্ধুদের এবং জনগণকে ধন্যবাদ জানাচ্ছি। দীর্ঘদিন তাঁরা আমাদের সঙ্গে লড়াই করেছেন। এই প্রসঙ্গে আমি এখানে কয়েকটা কথা মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই। যখন আপনাদের ফরোয়ার্ড ব্লকের অমর চক্রবর্তী মহাশয় এখানে মন্ত্রী ছিলেন, তখন তিনি কোর্ট ফি-র বিরোধিতা করেছিলেন। আপনাদের অ্যাডভোকেট জেনারেল ছিলেন স্নেহাংশুকান্ত আচার্য, তিনি এক সময় বলেছিলেন, 'কোর্ট ফিস বাড়ানো যায় না, বাড়ানো যাবে না। যদি কেউ সে চেষ্টা করে আমরা তার বিরোধিতা করব। আজকে আপনার কোর্ট ফিস বাড়াবার পক্ষে চিৎকার করছেন ! ভারতবর্ষের ইতিহাস দেখুন রাজত্ব কালের সময় থেকে শুরু করে বিভিন্ন সময়ে কখনো কোর্ট ফিস চালু ছিল না। এমন কি সুপ্রিম কোর্টের ক্ষেত্রেও কোর্ট ফিস চালু ছিল না। আর আপনারা এখানে আজকে বর্ধিত হারে কোর্ট ফিস চালু করার চেষ্টা করছেন। ইতিপূর্বে ল কমিশন পর্যন্ত বলেছে বাড়তি কোর্ট ফিস চালু করা যাবে না। বিচার পাওয়াটা মানুষের মৌলিক অধিকার। কোর্ট ফিস-এর মধ্যে দিয়ে তাতে হস্তক্ষেপ করা যায় না। নিশীথবাবু তাঁর কার্যকলাপের মধ্যে দিয়ে বার কাউন্সিলকে অপমান করেছেন, সারা রাজ্যের আইনজীবীদের অপমান করেছেন। তিনি অনেক অগণতান্ত্রিক কথা বলেছেন কাগজে বলেছেন, টি.ভি-তে বলেছেন। কারো সঙ্গে কোনো রকম আলোচনা না করে তিনি এই সমস্ত

কাজ করার চেষ্টা করেছেন। এ সমস্ত তিনি মোটেই ঠিক করেননি। তিনি আজকে এই বিলের মধ্যে দিয়ে যা করতে যাচ্ছেন তা হচ্ছে : ১৯৭০ সালে ১০০০ টাকার স্যুট ভ্যাল্যুর ক্ষেত্রে কোর্ট ফিস ছিল ১৪২.৭৫ টাকা, এখন সেটা করছেন ১০০ টাকা। ৭,৫০০ টাকা পর্যন্ত ভ্যাল্যুর ক্ষেত্রে আগে ছিল ৬৩০.২৫ টাকা, এখন সেটা করছেন ৬২০ টাকা। এই দুটো ক্ষেত্রে একটু কমিয়ে, তারপর কি করছেন ? ১০,০০০ টাকা পর্যন্ত ভ্যাল্যুর ক্ষেত্রে আগে ছিল ৭৮০.২৫ টাকা, এখন হচ্ছে ৭৯০ টাকা। তারপর ২০,০০০ টাকা পর্যন্ত আগে ছিল ১২৩০.২৫ টাকা, এখন হচ্ছে ১৩৯০ টাকা। ৫০,০০০ টাকা পর্যন্ত আগে ছিল ২১৩০ টাকা, এখন হচ্ছে ২,৮৯০ টাকা। ১,০০,০০০ টাকা ভ্যাল্যুর ক্ষেত্রে আগে ছিল ২,৫০৫ টাকা, এখন হচ্ছে ৬,৩৯০ টাকা। তারপর ২ লক্ষ টাকা পর্যন্ত যেখানে আগে ছিল ৩,২৫০ টাকা সেখানে এখন হচ্ছে ১৩,৭৯০ টাকা। সেখান থেকে ৩ লক্ষ টাকা পর্যন্ত যেখানে আগে ছিল ৪,০০৫ টাকা, এখন সেখানে হচ্ছে ১৭,৯৯০ টাকা। তারপর থেকে ৫ লক্ষ টাকা পর্যন্ত যেখানে আগে ছিল ৪,৮০০ টাকা, এখন সেখানে হচ্ছে ১৯,৯৯০ টাকা। তার মানে প্রায় ৪ গুণ বৃদ্ধি পাচ্ছে। আর ম্যাকসিমাম কোর্ট ফিস আগে যেখানে ছিল ১০,০০০ টাকা, সেখানে এখন তা বেড়ে হচ্ছে ৫০,০০০ টাকা। অর্থাৎ পাঁচগুন বাড়ছে ! এখানে আইনজীবীদের কথা বলা হচ্ছে, আইনজীবীরা জনগণের স্বার্থে জনকল্যাণে কাজ করেন। সুস্থ্য পরিবেশ রক্ষার জন্য কাজ করেন। স্যার, আপনি দেখুন গোটা দেশের আর কোনো রাজ্যে বর্ধিত কোর্ট ফিস ধার্য হয়নি। একমাত্র এই রাজ্যে এই সরকার তা করছে। তামিলনাড়ুতে চেষ্টা হয়েছিল। সেখানে ৭০ দিন সীজ্ ওয়ার্ক চলেছিল, তারপর গভর্নমেন্ট তাঁদের সিদ্ধান্ত কেপ্ট ইন অ্যাবেয়েন্স করে রেখেছে। আপনার কে একজন বলাই রায় তিনি যা বলছেন সেটাকেই স্থির সিদ্ধান্ত বলে চালাবার চেষ্টা করছেন। আমরা বলেছিলাম, দিল্লি থেকে ভাল আইনজীবী নিয়ে আসুন, দরকার হলে আমরা পয়সা দেব, আপনি দেখুন, একে কেপ্ট ইন অ্যাবেয়ান্স রাখা যায় কি না ? সৌগত রায় এমন নজীরও দেখিয়েছেন যে একে কেপ্ট ইন অ্যাবেয়ান্স রাখা যায়। কিন্তু আপনার এত অর্থের দরকার হয়ে পড়লো যে সেই অর্থের জন্য রাতারাতি কালা-কানুন করে রাজ্যের সব আদালতে এই কোর্ট-ফিস বহাল করে দিলেন। সরকার পক্ষের সদস্যরা বুকে হাত দিয়ে বলুন একজন অন্তত দাঁড়িয়ে বলুন যে এই কোর্ট-ফিস নেওয়া সঙ্গত হয়েছে কি না ? আপনারা এর বিরোধিতা করুন। সরকার পক্ষের অনেকেই আমাকে বলেছেন, আপনারা এর বিরোধিতা করুন, আমরা আপনাদের সঙ্গে আছি। আজকে রাতের অন্ধকারে অর্ডিন্যান্স যেটা করছেন সেটা অগণতান্ত্রিক এবং অসাংবিধানিক ও জনস্বার্থ বিরোধী। এরফলে আমরা দেখতে পাচ্ছি, এই বিলে অতিরিক্ত কোর্ট-ফিস আদায়ের মাধ্যমে জনগণের উপর ট্যাক্স চাপানো হয়েছে। কোনো ক্ষেত্রেই অর্ডিন্যান্সটিতে বর্ধিত কোর্ট-ফিস সংশোধন করা হয়নি, বরং বিলে অতিরিক্ত কোর্ট-ফিসের মাধ্যমে ট্যাক্স জনগণের উপর চাপানো হয়েছে। প্রবেটের ক্ষেত্রে আগের নির্ধরিত সর্বোচ্চ কোর্ট-ফিস ১০ হাজার টাকার পরিবর্তে এখানে ৪৮ হাজার ৫৭৫ টাকা করা হয়েছে। অ্যাডজোর্নমেন্ট অ্যাপলিকেশনের জন্য সিভিলে ৭৫ পয়সার কোর্ট-ফিস পরিবর্তে এখন ১০ টাকা করা হয়েছে এবং ক্রিমিন্যাল ৫ টাকা ধার্য করা হয়েছে। হাজিরার নামে দুটো কোর্ট-ফিস ধার্য করা হয়েছে (বাদী ও বিবাদীর জন্য যাহা আইন-বিরোধী)। ডিভোর্স সুটে যেটা

কোর্ট-ফি ৫ টাকা ছিল সেটা বর্তমানে ১০০ টাকা করা হয়েছে। এরফলে অনেক দুস্থ মহিলা আদালতে আসতে পারবেন না। ক্যাভেটের জন্য কোর্ট-ফিস ১০ টাকা থেকে ৫০ টাকা করা হয়েছে। অবাক কাণ্ড, আরবিট্রেশন ম্যাটারে আপার কোর্ট-ফির কোনো সীমা রেখা নেই। বেল বন্ডের ক্ষেত্রে আগে গ্রেপ্তার হওয়া কোনো ব্যক্তিকে কোনো কোর্ট-ফি দিতে হতো না, কিন্তু বর্তমানে তা ১০ টাকা ধার্য করা হয়েছে। ওকালত নামার ক্ষেত্রে নিম্ন আদালত ও হাইকোর্টে যথাক্রমে ১০ টাকা ও ২০ টাকা করা হয়েছে যেটা জনস্বার্থ বিরোধী এবং একই মামলায় একাধিক আবেদনকারী থাকলে সবার জন্য একই কোর্ট-ফিস ধার্য করা হয়েছে। এরফলে আগামীদিনে কোনো নিম্ন মধ্যবিত্ত লোক আদালতে যাবার চেষ্টা করবেন না। আরো দেখছি, বিভিন্ন জায়গায় আর্টিকেল ২৭ কনস্টিটিউশন অফ ইন্ডিয়া কোর্টফিস-এর ব্যবস্থা করা হয়েছে যেটা জনস্বার্থ বিরোধী। ট্রাইবুনাল কেসে যেখানে ১০ টাকা ছিল, সেখানে ৫০ টাকা বৃদ্ধি করা হয়েছে যাতে কৃষকরা আদালত যেতে না পারেন। অ্যাপলিকেশন অফ রিভিউ-এর ক্ষেত্রে, সিডিউল ৪।৫-এর ক্ষেত্রে কোর্ট ফি ধার্য করেছেন ১৩ হাজার ৭৯০ টাকা। একই মানুষ রিভিউ করতে গেলে তাকে ১৩ হাজার ৭৯০ টাকা। একই মানুষ রিভিউ করতে গেলে তাকে ১৩ হাজার ৫৭০ টাকা দিতে হবে, যেমন, মাধ্যমিকে আপনারা রিভিউ করার নামে প্রচুর টাকা আদায় করলেন, তেমনি এখানেও রিভিউয়ের নামে প্রচুর টাকা আদায় করার চেষ্টা করছেন। আমরা বহুবার বলেছি, আপনি আদালত তুলে দেবার চেষ্টা করছেন যাতে আদালত না থাকে। এর প্রতিবাদে অনেক আইনজীবী সারা রাজ্যজুড়ে সিজ-ওয়ার্ক করছেন। কার স্বার্থে করছেন ? জনগণের স্বার্থে। জনগণের আর্শীবাদ এবং সমর্থন নিয়ে আমরা মানুষের পাশে দাঁড়িয়ে লড়াই করছি। কোনো দেশে এত মানুষ জনস্বার্থে লড়াই করে না। আপনি যেভাবে কাজ করছেন তাতে আপনার নাম নিশীথ অধিকারীর বদলে নিশীথ অন্ধকার রাখা উচিত। এখানে আইনশৃঙ্খলার কথা বড় নয়, মানুষ আজকে রিলিফ চায়। আপনার দলের মধ্যে বেশ কিছু মানুষ আছে যারা এটা চায় না। আমরা দেখছি, একটা ডিভোর্স সুটে যেখানে ৫ টাকা ছিল, সেখানে ১০০ টাকা করা হয়েছে। ডিভোর্স কেসের ব্যাপারে আগে হাইকোর্টে গেলে দিতে হত ৫ টাকা, এখন সেটাকে বাড়িয়ে করেছেন ৫০ টাকা। একটা ফিক্স ব্যাপার, সেটাকে চেঞ্জ করছেন কি ভাবে ? আমরা চাইছি এটা সম্পূর্ণভাবে তুলে দেওয়া হোক। মন্ত্রিমহাশয়, আপনি নিজে একজন আইনজীবী হয়ে এইভাবে মানুষের সর্বনাশ করছেন এটা কিছুতেই আমরা মেনে নিতে পারি না। আপনি জেনে রাখুন এইভাবে কোর্ট ফিস বাড়ালে আগামীদিনে সাধারণ মানুষরা আর কোর্টে আসতে পারবে না। নিজে একজন আইনজীবী হয়ে মানুষের বিচার পাওয়ার পথকে এইভাবে আপনি রুদ্ধ করছেন কিভাবে ? আমি তাই বলব, আমরা যে আন্দোলন করছি সেই আন্দোলন রাজ্যের সাধারণ মানুষের স্বার্থে, তাকে আপনি কোনোভাবেই বিঘ্নিত করতে পারবেন না। আপনি যখন বর্ধমানে গিয়েছিলেন তখন মানুষ আপনাকে তাড়া করেছিল সে কথা কি ভুলে গিয়েছেন ? আজকে পি.পি.দের আপনারা ভয় দেখিয়ে বলছেন যে যদি কেস না করো তাহলে তোমাদের নাম কেটে দেব কিন্তু জেনে রাখুন পি.পি.রা বলেছেন জনগণের স্বার্থে আমরা পদের তোয়াক্কা না করে বার কাউন্সিলের পাশেই আছি। পরিশেষে বলব, রাজ্যের জনগণের স্বার্থে অবিলম্বে এই কালা কানুন প্রত্যাহার করুন। এই অন্ধকার বিল

মানুষের পক্ষের বিল নয়। এই বিল আমরা মানছি না, মানব না। এই বিল প্রত্যাহারের দাবি জানিয়ে আমার বক্তব্য আমি শেষ করছি।

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল কোর্ট-ফিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২, মাননীয় আইন মন্ত্রী মহাশয় যা এই সভায় উত্থাপন করেছেন তাকে সমর্থন করছি এবং এর উপর অযৌক্তিকভাবে বিরোধীপক্ষ থেকে যেসব সংশোধনী আনা হয়েছে তার বিরোধিতা করছি। ২৫শে মার্চ সুপ্রিম কোর্ট রায় দিয়ে বলেছেন ছোট কোর্টগুলি, তার বিচারক ও অন্যান্য সুযোগ সুবিধা বাড়াতে। সেখানে ৫ গুণের বেশি বাড়াতে বলা হয়েছে। এখন এই ছোট কোর্টের সংখ্যা ৫ গুণ বাড়ানোর জন্য যে খরচ হবে তাতে বলা হয়েছে শেঠি কমিশনের সুপারিশ অনুসারে রাজ্যগুলিকে এই বাড়তি খরচ আদায় করে এই বাড়তি খরচা সামাল দিতে হবে। সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তের ভিত্তিতে মার্চ থেকে অক্টোবর পর্যন্ত রাজ্যসরকার সুপ্রিম কোর্টের গোচরে এনে এটা বলেছিলেন যে এরজন্য বাড়তি খরচ যেটা হবে জনগণের উপর তার বোঝা যেন চাপানো না হয়, সেটা বিবেচনা করুন। সুপ্রিম কোর্ট সেখানে বলে দিয়েছেন, আপনারা নিজেরা আয়ের সংস্থান করুন, দেশের অর্থ কমিশনের কাছে দাবি করুন, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বাড়তি অর্থ আদায় করুন এবং এর মধ্যে দিয়েই খরচার সামাল দিতে হবে। স্বাভাবিকভাবেই দেখা যাচ্ছে সুপ্রিম কোর্ট রাজ্যসরকারের আবেদনে সাড়া দেননি। রাজ্যসরকার তাই বাধ্য হয়ে গত অক্টোবর মাসে এ সম্পর্কে ব্যবস্থা নিয়েছেন। মাননীয় মন্ত্রী নিশীথবাবু আমাদের সাথে এই সিদ্ধান্ত নিয়েছিলেন তা নয়। বাধ্য-বাধকতাই আমাদের এই পথে ঠেলে দিয়েছে। আজকে যারা ১২ই নভেম্বর থেকে আমাদের রাজ্যজুড়ে এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ করছেন, ধর্মঘট করছেন, এখানে সোচ্চার হচ্ছেন, বোঝা চাপাবার বিরুদ্ধে প্রতিবাদ করছেন, এটা দেখে ভাল লাগছে। কিন্তু পার্থক্যটা এখানেই। একটি কথা আছে ইংরাজিতে পেনী ওয়াইজ, পাউন্ড ফুলিশ, পয়সায় বিজ্ঞ, টাকায় অজ্ঞ। কোর্ট ফি যা হোল, সেটা যে মানুষের উপরই হোক, মামলা করলে ফি দিতে হবে। সেটা আমাদের রাজ্যের জনসংখ্যার .০১ পারসেন্ট। এই জায়গায় বলা দরকার, এটা বাকি ৯৯.৯৯ পারসেন্টের উপর বর্তাবে কেন ? আমাদের কোর্ট ফি আদায় হচ্ছে ১৫০ কোটি টাকা। স্বাভাবিকভাবে এই ১৬ কোটি সাধারণ মানুষকে বহন করতে হবে। যদি কেন্দ্রীয় অর্থ কমিশনের সুপারিশক্রমে সুপ্রিম কোর্টের নির্দেশের কারণে বাড়তি খরচের বোঝা তারা টানতেন তাহলে আমাদের মাননীয় মন্ত্রীকে এই সিদ্ধান্ত নিতে হত না। কোর্ট ফির ব্যাপারে সর্বশেষ আইন ১৯৭০ সালে হয়েছিল। আজকে ৩২ বছর অতিক্রান্ত। এটা তো ঠিক, ১৯৭০ সালের জিনিসের যে দাম ছিল সেটা দাঁড়িয়ে নেই। তবে মামলা করতে সাধারণ মানুষের টাকা খরচ হয় এবং সেক্ষেত্রে বাড়তি খরচ গায়ে লাগে। ১৯৬৯ সালে যখন আমাদের রাজ্যে দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার চলছিল সেই সরকারের মন্ত্রীদের বামপন্থী আইনজীবীরা পরামর্শ দিয়েছিলেন গ্রামঞ্চলে জোতদার জমিদার শ্রেনি নানাভাবে গরিব মানুষকে মামলায় জড়ায় এবং তারফলে তাদের কোর্টে গিয়ে দাঁড়াতে হয় তার ব্যয়ভার যদি সরকার বহন করেন তাহলে মানুষ খুশি হবেন। আমরা ওদের মনে করিয়ে দিচ্ছি, ২৫শে মার্চ সুপ্রিম কোর্ট রায় দিয়েছে এই জন্য যে, এতদিন রাষ্ট্রের যেসব

ওয়েলফেয়ার মেজার ছিল সে সব এখন বিশ্বব্যাঙ্ক, আই.এম.এফের নির্দেশে তুলে দেওয়া হচ্ছে। আজকে রাষ্ট্র যাতে জনকল্যাণমুখী না হয় তারজন্য তারা নির্দেশ দিচ্ছেন। এবং তারই জন্য আমরা দেখছি, এতদিন পর্যন্ত রাষ্ট্র যেসব ক্ষেত্রে ভর্তুকি দিতো সেসব তুলে দেওয়া হচ্ছে। রাষ্ট্রয়ত্ত সংস্থাগুলিকে জওহরলাল নেহরু বলতেন ওগুলো আমাদের মন্দির। আজকে রাষ্ট্রয়ত্ত সংস্থাগুলিকে বেসরকারি হাতে তুলে দেওয়া হচ্ছে। একটু গভীর ভাবে বিবেচনা করুন, ১২ তারিখ থেকে মামলা বন্ধ করে দিয়েছেন, কাদের জন্য এই সিদ্ধান্ত ? এটা কি সত্যিই গরিব মানুষের পক্ষে ? আপনারা কি সত্যিই সাধারণ যারা মামলার জন্য অপেক্ষেয়মান তাদের পক্ষে ? আপনারা একটু ভেবে দেখুন। আপনারা যদি একটু ভেবে দেখতেন তাহলে একই কথা বলতেন না। বার কাউন্সিল সিদ্ধান্ত নিয়ে স্ট্রাইক ডাকার এক্তিয়ার আছে ? বার কাউন্সিল কেন এই রকম সিদ্ধান্ত নিল তার প্রতিবাদ করুন। বার কাউন্সিলের এক্তিয়ার আছে বলছেন ? তাহলে আমি মনে করিয়ে দিই অরুনাভবাবু ১৯৭০ সালে বার কাউন্সিলে রেজিস্ট্রেশান করার জন্য আপনাদের ফি ছিল ২৫০ টাকা। এখন আপনাদের দিতে হয় ৭৫০০ টাকা।

(এ ভয়েস : উকিলরা দিচ্ছে)

[3.00—3.10 p.m.]

উকিলরা দিচ্ছে আবার আদায় করে নিচ্ছে, মুশকিল তো এখানেই। উকিলরা দাবি মেনে নিল ঠিক আছে। ১৯৭০ সালে কেরোসিন তেলের দাম ছিল ৮০ পয়সা, এখন ৯.৭৫ পয়সা। এটা কে দিচ্ছে ? ১৯৭০ সালে রান্নার গ্যাসের দাম ছিল সিলিন্ডার প্রতি ২৭ টাকা, এখন দিতে হচ্ছে ২৭০ টাকা। এটা কে দিচ্ছে ? ১৯৭০ সালে পেট্রলের লিটার প্রতি দাম ছিল ২.৭৫ টাকা, এখন দিতে হচ্ছে ৩০ টাকা। এটা কে দিচ্ছে ? ১৯৭০ সালে ডিজেলের লিটার প্রতি দাম ছিল ৯০ পয়সা, এখন সেটা হয়েছে ১৯ টাকা। এটা কে দিচ্ছে ? সাধারণ মানুষ, গরিব মানুষকে বহন করতে হচ্ছে। যদি সত্যিই সাধারণ মানুষের জন্য আপনাদের হৃদয় আঁকুপাঁকু করে তাহলে এই গুলির বিরুদ্ধে রাস্তায় নামছেন না কেন ? মন্ত্রী মহাশয়কে বাধ্যবাধকতায়, আন্ডার কমপালশান এই জায়গায় নিয়ে এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে যে বিল আনা হয়েছে সেই বিলে যে রেট ধার্য করা হয়েছে এটা ওনারা দেখেননি। এখানে এসে শুধু চিৎকার করছেন। এখানে ১০০০০ টাকার জন্য আগে ছিল ৭৭২.৫০ টাকা এখন হয়েছে ৮১০ টাকা। আর এই সব কিছু না দেখে চারিদিকে চিৎকার করে বেড়াচ্ছেন ৫০০ পারসেন্ট বেড়েছে ৫০০ পারসেন্ট বেড়েছে। নির্দিষ্ট ভাবে যে কোর্ট ফি বৃদ্ধি করা হয়েছে, এই যে কোর্ট ফি বাড়ানো হচ্ছে তাতে গরিব মানুষের ১ লক্ষ টাকার সম্পত্তি পর্যন্ত তাদের কোনো কোর্ট ফি লাগছে না, বৃদ্ধি হয়নি। আবার বলা হয়েছে যারা বিলো প্রভার্টি লাইন, যারা দারিদ্র সীমার নিচে বাস করে তাদের জন্য এই ব্যবস্থা কার্যকর হবে না। সাধারণ মানুষকে রেহাই দেওয়ার যতটা সুযোগ আছে ততটা করা হচ্ছে। আপনাদের যেহেতু, পায়ের তলার মাটি সরে গিয়েছে, এখন আর হালে পানি পাচ্ছেন না তাই মানুষকে ভুল বোঝাবার চেষ্টা করছেন। বামফ্রন্ট যখন সিদ্ধান্ত নিয়েছে, সরকার যখন সিদ্ধান্ত নিয়েছে

তাই আপনাদের বিরোধিতা করতে হবে। আপনারা বিরোধিতার নামে একটা গুরুত্বপূর্ণ বিষয়, আইন এবং বিচার ব্যবস্থাকে বিপদের মধ্যে ফেলে দিয়েছেন।

পেট্রলের ক্ষেত্রে ভারত পেট্রলিয়াম তুলে দিচ্ছে, হিন্দুস্থান পেট্রলিয়াম তুলে দিচ্ছে সেই ব্যাপারগুলো মেনে নিচ্ছেন। এই অশোক দেব যিনি মূল থেকে তৃণমূলে ঢুকেছেন তাঁদেরই তো নেত্রী মন্ত্রীত্ব পাওয়ার লোভে এইসব ব্যাপারে কোনো বিরোধিতা করছেন না। তাই আমি মনে করি যে, এর পেছনে রাজনৈতিক হীন উদ্দেশ্য আছে। সেই উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য এই ব্যবস্থা করা হচ্ছে। ওরা যা চাইছেন তাতে ওঁনারা একটু ভেবে দেখুন অন্যান্য রাজ্যের অবস্থাটা কি—অন্য রাজ্যগুলোর দিকে তাকান। মহারাষ্ট্রের কোর্ট ফিয়ের সর্বোচ্চ সীমা ৩ লক্ষ টাকা, সেখানে আমাদের রাজ্যে হচ্ছে ৫০ হাজার টাকা। উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ এবং অন্ধ্রপ্রদেশে এর কোনো সীমাই নেই। আর কর্ণাটকে ১৯৯৯ সালে এর উচ্চ সীমা ধার্য করা হয়েছিল ৭৫ হাজার টাকা। এইসব ব্যাপারগুলো আপনারা দেখবেন না ! অশোক বাবু আপনি তো অল ইন্ডিয়া বার কাউন্সিলের একজন মেম্বার, আপনি নিশ্চয় এইসব ব্যাপার খবর রাখেন। অন্যান্য রাজ্যের কি অবস্থা মহারাষ্ট্র ৩ লক্ষ টাকা আর উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশে কোনো সীমাই নেই। আর আমাদের এখানে ৫০ হাজার টাকা অবধি ফি চাপানো হয়েছে। আর জমির মামলার ক্ষেত্রে তো ওগুলো ল্যান্ড ট্রাইবুন্যালের আওতায় আসে। ল্যান্ড ট্রাইবুন্যাল তো আলাদা বিষয়। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি একটি বিষয়ে সেটা হচ্ছে বেল বন্ডের ক্ষেত্রে যে ১০ টাকার কথা বলেছেন সেটা একটু ভেবে দেখতে অনুরোধ করবো। আমরা জানি যারা জেলে থাকে তাদের এই টাকা দিতে হয় না, কিন্তু যারা বাইরে থাকে অর্থাৎ জেলে যে থাকছে তার আত্মীয়-স্বজনের উপরে এই ফি চাপছে। তারা ছাড়াতে এসে ফিয়ের আওতায় পড়ছে। এই বিষয়টা একটু ভেবে দেখা দরকার। যাতে করে তাদের এই ডিফেন্ড করার অধিকার খর্ব না হয় সেই দিকটা দেখতে হবে। আপনি আয় ব্যয়ের মধ্যে একটা সমতা আনতে চাইছেন ভাল কথা এবং এই যে বাড়তি ব্যয়ের বোঝা চাপলো এর উপরে একটা নিয়ন্ত্রণ দরকার। কেন্দ্র তো এইসব করে যাচ্ছে এবং সাধারণ মানুষের উপরে নানাভাবে বোঝা চাপিয়ে যাচ্ছে। আবার আমাদের পাওনা টাকাও দিচ্ছে না। সেখানে আমরা হাত-পা গুটিয়ে বসে থাকবো সেটা তো হয় না। কেন্দ্র তো আমাদের রাজ্যের স্বার্থের দিকটা দেখছে না এবং সংশ্লিষ্ট কোনো বিষয়েই ভাবছে না। ওদের অবশ্যি সেই ভাবারও সময় নেই, ফুরসত নেই। ওদের কাছে দেখা করতে গেলেও সময় দিতে পারেন না। কাজেই কোর্ট ফি তো একটু বাড়াতেই হবে। আজকে আইনজীবীরা গরিব মানুষদের জন্য চিন্তা করছেন, আমি বলি আপনারা তাদের মামলায় জন্য ওই গরিব মানুষদের কাছ থেকে ফি নেবেন না, তাহলে আমাদের সরকারও বিষয়টা বিবেচনা করে দেখবেন। আপনারা আপনাদের রুজি-রোজগার কমাবেন না, কেবল কোর্ট ফি কমাতে বলবেন। আজকে বিচার বিভাগ বলুন, শিক্ষা বিভাগ বলুন স্বাস্থ্য বিভাগ বলুন সর্বত্র একটা বিকল্প রাস্তায় আমরা হাঁটাবার চেষ্টা করছি। এই যে বাড়তি বোঝা নিত্য প্রয়োজনীয় জিনিসের উপরেও বর্তেছে কই সেই ব্যাপারে তো একটা কথাও বলছেন না। আজকে আপনারা জোর গলায় বলুন গরিব মানুষদের কাছ থেকে কোর্ট ফি নেবেন না, আমরা নিশ্চয় তখন বিষয়টা বিবেচনা করে দেখবো।

আমরা জানি যে রুটি-রুজির কি হবে। তাহলে কি আপনারা আপনাদের চার্জ কমিয়ে দেবেন। একদিকে সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম হু হু করে বেড়ে যাচ্ছে আর চার্জের ব্যাপারে যখন আমাদের কোর্ট ফিসের প্রশ্ন আসবে তখন আপনারা বিরোধিতা করছেন। যখন প্রতিটি জায়গায় কেন্দ্রীয় সরকারের এবং সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের ভিত্তিতে যেটা হচ্ছে, সেখানে যে ব্যবস্থা নিতে হচ্ছে, তা বাধ্যবাধকতায়, আন্ডার কমপালসানে করতে হচ্ছে, তখন আপনারা হৈ চৈ বাধিয়ে দিচ্ছে। যখন দেশ একটা অর্থনৈতিক সংকটের মধ্যে আছে, তখন তার থেকে সাধারণ মানুষের দৃষ্টিকে অন্য দিকে ঘুরিয়ে দেখাচ্ছেন। যখন রাজ্যের মানষের সুরক্ষার জন্য, সেই মানুষ যে রাজনীতিই করুন না কেন, তার অধিকারকে যাতে সুরক্ষিত করতে পারে তার জন্য বিচার বিভাগের সুযোগ তারা গ্রহণ করতে পারে, তার জন্য রাজ্য সরকারের যে সক্রিয়তা, সেই পরিপ্রেক্ষিতে এটাকে আঘাত হানতে চাইছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিলটাকে সমর্থন করছি এবং বিরোধীদের যে অ্যামেন্ডমেন্ট, তারা যে সংশোধনী এনেছেন তা অযৌক্তিক ও উদ্দেশ্যপ্রণোদিত, এটাকে তারা জনরিরোধী আখ্যা দেবার চেষ্টা করছে, এরা জনগণের স্বার্থ রক্ষার জন্য কোনো দিক থেকে কোনো উদ্যোগী হননি, তাই আমি ওদের যে সংশোধনীগুলি এসেছে, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.10—3.20 p.m.]

শ্রী আবু হেনা : মিঃ স্পিকার স্যার, আজকে এখানে যে বিল এসেছে, দি ওয়েস্ট বেঙ্গল কোর্ট-ফিজ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২, যেটা গত ২৮ শে অক্টোবর অর্ডিন্যান্স করেছিলেন তার রিপ্লেসমেন্টে এটা আনা হয়েছে। আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। সেই সঙ্গে সঙ্গে আমি মাননীয় আইনমন্ত্রীকে অনুরোধ করছি, আমাদের দলের এবং বিরোধী পক্ষের অনেক সদস্য এর আগেও আবেদন করেছিলেন, দাবি করেছিলেন এই বিলটা আপনি উইথড্র করুন, এই কালা বিল পাস হতে দেবেন না। আপনি জানেন, ২৮শে অক্টোবর সমস্ত পশ্চিমবাংলায় কোর্টে যখন পূজার ছুটি চলছে তখন আইনজীবীরা কেউ কোর্টে নেই, সেই সময় এই আইনমন্ত্রী সেই ফাঁকে উনি জেনেশুনে যে আগামী ডিসেম্বর মাসে বিধানসভা বসছে, তা সত্বেও উনি এই অর্ডিন্যান্সটা এনেছেন। কিন্তু এর কারণটা ব্যাখ্যা করতে পারেননি। এখানে এর কি কমপালসান ছিল, কি আরজেন্সি ছিল, কি এর্মাজেন্সি ছিল যাতে করে উনি ২৮শে অক্টোবর এই অর্ডিন্যান্সটা এনেছিলেন। যাতে কোথাও এক হাজার শতাংশ, কোথাও ৫ শতাংশ, কোথাও ৬ শতাংশ করে বাড়ালেন। আপনি এটা অর্ডিন্যান্সে উল্লেখ করেছেন। কিন্তু কি এর কমপালসান ছিল, সেটা একবারও বলেননি। আমি আশা করবো জবাব দেওয়ার সময় সেটা উনি বলবেন। এই পশ্চিমবঙ্গ সরকারের অর্থনীতি দেউলিয়া হয়ে গেছে, অর্থনৈতিক অবস্থা অত্যন্ত খারাপ, মাস্টার মশাইদের মাহিনা ১।২ তারিখের বদলে কোথাও ১৫ তারিখে, কোথাও ২৪ তারিখে হচ্ছে, বিচার ব্যবস্থায় খরচ বেড়েছে, সরকারি কর্মচারীদের মাহিনা বেড়েছে, পূজার সময় সরকারি কর্মচারীরা অর্ধেক বোনাস পেয়েছেন। তা সত্বেও আমরা বলতে চাই, এটাকে যদি আপনি মনে করেন রেভিনিউ কালেকশান ট্যাক্স হিসাবে ধরেন, তাহলে কিন্তু আমরা মানতে রাজি

নই। এটা রেভিনিউ কালেকশান নয়, এটা একটা ফিজ। কোথাও বলেননি খরচ যখন বাড়বে, সঙ্গে সঙ্গে লিটিগান্টদের থেকে ফিজ তুলতে হবে। আমি ধন্যবাদ জানাই, বার কাউন্সিল এর সদস্যদের। আমি ধন্যবাদ জানাই, তারা এক মাস ধরে জীবিকা বিসর্জন দিয়ে সাধারণ মানুষের জন্য যে ভাবে স্ট্রাইক করছে সেটা এখনও চলছে। একজন অ্যাডভোকেট হিসাবে আপনার উচিত ছিল তাদের সম্মান জানানো। আপনি গণতান্ত্রিক রীতি-নীতির ধার ধারেননি। আপনার উচিত ছিল প্রোমালগেশনের আগে বার কাউন্সিলের সদস্যদের সঙ্গে, মেজর বার অ্যাসোশিয়েশনের সদস্যদের সঙ্গে, বিভিন্ন সিনিয়র অ্যাডভোকেটদের সঙ্গে আলোচনা করা। কিন্তু আপনি সেই পথে গেলেন না। আমি জানি ডঃ অসীম দাশগুপ্ত প্রত্যেক মিনিস্ট্রিকে বলে দিয়েছে তাদের টাকা তুলতে হবে, নাহলে এই দেউলিয়া সরকার চালাতে পারছেন না। তাই আপনি কারো সঙ্গে আলোচনা না করে, পরামর্শ না করে একটা অর্ডিন্যান্স জারি করলেন এবং সারা পশ্চিমবাংলার কোর্টগুলোতে অচলাবস্থাব সৃষ্টি হল। আপনি কি আদায় করতে পেরেছেন বলবেন। আজকে আপনি যে বিল এনেছেন তার ডিটেইলসে যাচ্ছি না, যে অর্ডিন্যান্সের অ্যামেন্ডমেন্টের অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেই কালা বিল প্রত্যাহার করবেন এবং জনগণের মতামত নিয়ে যদি আনতে পারেন আনবেন। বলছেন সুপ্রিম কোর্টের ডাইরেকশন অনুযায়ী করতে চাইছেন। কিন্তু সুপ্রিম কোর্ট কোথাও বলেনি কত শতাংশ হারে দিতে হবে। পাশাপাশি রাজ্যগুলোর কোর্ট ফি-র সঙ্গে যদি কম্পেয়ার করতেন, সকলের সঙ্গে পরামর্শ করে এটা আনতেন, তাহলে এই অচলাবস্থার সৃষ্টি হোত না। যেখানে আগে কোর্ট ফি লাগত না, সেখানেও তা লাগছে। তাই একে সম্পূর্ণ ভাবে বিরোধিতা করছি, এবং যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তাকে সমর্থন করছি। এই বিলটা উইড্র করুন, এটা আমার দাবি, আমার দলের দাবি, বিরোধীদের দাবি। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.20—3.30 p.m.]

শ্রী হরিপদ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৮.১০.২০০২ তারিখে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ঘোষণা অনুযায়ী ২০০২ সালের ওয়েস্ট বেঙ্গল অর্ডিন্যান্স নং ৩৫, ২০০২ অনুসারে কোর্ট ফি ধার্য করা হয়েছিল। এই অর্ডিন্যান্সের বিরুদ্ধে আমাদের সারা ভারত ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে মাননীয় মন্ত্রীর কাছে পুনর্বিবেচনার আবেদন করা হয়েছিল। বর্তমানের বিল নং ৩৫-তে কোর্ট ফি বেশ কিছুটা কমানো হয়েছে, এর জন্য বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাই। আমাদের দেশে প্রথম কোর্ট ফি চালু হয় ১৮৩০ সালে, কলকাতা, মাদ্রাজ, বম্বেতে। তার আগে সুপ্রিম কোর্টের কোনো মামলায় কোর্ট ফি ছিল না। ১৮৩০ সালে প্রথম অ্যাডভ্যালোরেম কোর্ট ফি চালু করার কথা ওঠে। তখন লর্ড ম্যাকলে গভর্নর জেনারেলের আইন সম্বন্ধীয় পরামর্শ দাতা এবং প্রথম ভারতীয় ল কমিশনের চেয়ারম্যান ছিলেন। ভারতীয় ল কমিশন তার রিপোর্টে বলল যে, ইস্ট ইন্ডিয়া কোম্পানীয় অ্যাডভ্যালোরেম কোর্ট ফি চালু করা ঠিক নয়। অ্যাডভ্যালোরেম কোর্ট ফি আদায় করা অত্যন্ত নিন্দনীয়, কোন সভ্য সমাজে বিচার বিক্রয়যোগ্য সামগ্রী হতে পারে না। রিপোর্টে

বলা হয়, ইস্ট ইন্ডিয়া কোম্পানীর পক্ষ থেকে অজুহাত এই দেওয়া হয়েছে যে দেশের লোক বরাবরই মামলাপ্রবণ। অনেক মিথ্যা মামলা করার প্রবণতা সেটাকে বন্ধ করার জন্য অ্যাডভ্যালোরেম কোর্ট ফি চালু করা উচিত। ল কমিশনের রিপোর্টে লেখা হয়েছে যে বিচারালয়তে ঢোকবার আগে কি টাকা দিয়ে বিচার কিনে বিচার চাইতে হবে। বিচারপতি যদি সুযোগ্য হন, আইন যদি সরল হয়, বোধগম্য হয় তাহলে মামলা করার প্রবণতা কমে যাবে। অ্যাডভ্যালোরেম কোর্ট ফি ৬৭ সালের আগে ছিল না। ৬৭ সালের পর প্রথম যুক্তফ্রন্ট সরকারের আমলে, তখন আইনমন্ত্রী ছিলেন ফরওয়ার্ড ব্লকের অমরপ্রসাদ চক্রবর্তী কোর্ট ফি চালু করার জন্য বলেছিলেন এর বিরুদ্ধে তৎকালীন মুখ্যমন্ত্রী অজয় মুখার্জির কাছে আবেদন করেছিলেন প্রয়াত হরেকৃষ্ণ কোঙার, ভক্তিভূষণ মণ্ডল, জিতেন ঘোষ, সলিল গাঙ্গুলী প্রমুখ। অজয় মুখার্জি বলেছিলেন ধীরে ধীরে অ্যাডভ্যালোরেম কোর্ট ফি তুলে নেওয়া হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অর্ডিন্যান্স পড়ে আমার সুকুমার রায়ের সেই একুশে আইন কবিতাটির কথা মনে পড়ে যাচ্ছে। শিব ঠাকুরের আপন দেশে আইন কানুন সর্বনেশে। এইরকম একটা পরিস্থিতিতে বিলটার কিছু কিছু জায়গায় অসংগতি আছে বলে আমার মনে হয়েছে। বিলের ২০ পাতায় সেকশন বিতে ব্যাংকিং রেগুলেশনে অ্যাক্টে বলা আছে অ্যাপিল করতে হলে ৫ শো টাকা কোর্ট ফি দিতে হবে। এটা কেন্দ্রীয় আইনের বিরোধী। সেখানে বলা আছে লিকুইডেটর মামলা করলে কোন কোন কোর্ট ফি লাগবে না। এর দ্বারা প্রমাণিত হয় যে যথাযথ বিচার না করে অর্ডিন্যান্স চালু করা হয়েছিল, তারপর বিল আনা হয়েছে। বিলে কোর্ট ফি এর কোনো পরিবর্তন হয়নি। অ্যাডজোর্নমেন্ট পিটিশন ৭৫ পয়সা কোর্ট ফি, অর্ডিন্যান্স হয়ে সেটা ৫ টাকা হয়েছিল বিলে ৫ টাকাই আছে কোনো পরিবর্তন হয়নি। ওকালতনামা ছিল দু টাকা, অর্ডিন্যান্সে সেটা হয়েছে ১০ টাকা, একটাও বিলে কোনো পরিবর্তন হয়নি। এন.আই. অ্যাক্টে একশো টাকা কোর্ট ফি ছিল সেটা দুশো টাকায় বর্ধিত হয়েছে। স্টেটমেন্ট অব অবজেকট অ্যান্ড রিজনসে যে কারণের জন্য অর্ডিন্যান্স আনা হয়েছে আপনি বলেছেন তা সম্পূর্ণ ভিত্তিহীন। উইলে অ্যাডভ্যালোরেম কোর্ট ফি নেওয়ার কোনো যুক্তি নেই। আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে সংবিধানের ২১৩ ধারা অনুযায়ী যখন কোনো অর্ডিন্যান্স চালু করা যায় ঠিক সেই রকম ২১৩।২ এর 'খ' ধারা অনুযায়ী বাতিল করা যায়। আজকে এই অর্ডিন্যান্স সেহেতু বিতর্কিত হয়ে পড়েছে। সেই ধারা অনুযায়ী এই বিলটা বাতিল করলে ভালো হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরও একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি কোর্ট ফি সংশোধনের সঙ্গে সঙ্গে উকিল বাবুদের ফিও নির্দিষ্ট করে দেওয়া উচিত, নাহলে সাধারণ মানুষ এর ফলে অসুবিধার সন্মুখীন হবে। অ্যাডভেলোরেম কোর্ট ফি বিলোপ করলে বামফ্রন্ট সরকারের গৌরব রক্ষা হবে।

PRESENTATION OF COMMITTEE REPORT

29th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 29th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the following revised programme of business

for the 13th December, 2002 and the progamme of Business from 16th December 2002 to 19th December 2002, as follows :

13.12.2002, Friday	: (i)	Motion under rule 185 regarding erosion of Ganga and Padma in Malda, Murshidabad and Nadia —Notice given by Shri Unus Ali Sarkar, Sri Nripen Chaudhuri, Shri Jane Alam Mian, Shri Subrata Bose and Shri Kamakhya Nandan Das Mohapatra.	1 hour
	(ii)	Motion under rule 185 regarding financial crisis faced by the State Government—Notice given by Shri Saugata Roy, Shri Pankaj Banerjee and Shri Sobhan Deb Chottopadhyay.	1 hour
	(iii)	Motion under rule 185 regarding agricultural policy of the Union Governmen—Notice given by Shri Abu Ayes Mondal, Shri Rabin Deb, Shri Tapan Hore, Shri Kamakhya Nandan Das Mohapatra, Shri Subrata Bose, Shri Lakshmi Kanta Dey and Shri Nripen Chaudhuri.	1 hour
	(iv)	Motion under rule 185 regarding closure of some tea gardens in North Bengal—Notice given by Shri Paban Kumar Lakra, Shri Asit Kumar Mal, Shri Nepal Mahato and Shri Pramatha Nath Ray.	
	(v)	Motion under rule 185 regarding closure of some tea gardens in North Bengal—Notice given by Shri Nirmal Das, Smt.Kumari Kujur and Shri Somra Lakra.	1 hour
	(vi)	Motion under rule 185 regarding disinvestment policy of the Union	

		and the State Government—Notice given by Shri Subrata Mukherjee, Shri Tapas Roy, Shri Kalyan Banerjee and Shri Nirmal Ghosh.	1 hour
	(vii)	Motion under rule 185 regarding deteriorating condition of Jute industry in the State—Notice given by Shri Manas Mukherjee, and Shri Tapan Hore.	1 hour
16.12.2002, Monday	: (i)	The West Bengal Fire Services (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing)	2 hours
	(ii)	The West Bengal Additional Tax and One Time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing)	1 hour
17.12.2002, Tuesday	: (i)	The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing.)	1 hour
	(ii)	The West Bengal State Ayurvedic Health Service (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing.)	1 hour
	(iii)	The West Bengal Acupuncture System of Theraphy(Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing.)	1 hour
	(iv)	The West Bengal State Homoeopathic Health Service (Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing.)	1 hour

18.12.2002, Wednesday :	(i)	The West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002 (Introduction, Consideration and Passing.)	1 hour
	(ii)	The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002 (Introduction, Consideration and Passing.)	1 hour
19.12.2002, Thursday :	(i)	No Confidence Motion against Council of Ministers—Notice given by Shri Pankaj Banerjee, Shri Sobhan Deb Chattopadhyay, Shri Saugata Roy and Shri Subrata Mukherjee.	6 hours

N.B: (i) There will no Question for Oral Answer and Mention Case on Friday, the 13th December, 2002

(ii) There will be no Mention Case on Thursday, the 19th December, 2002.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 29th Report of the Business Advisory Committee as presented in the House today be agreed to by the House.

The motion was then put and agreed to.

[3.30—3.40 p.m.]

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় স্পিকার স্যার, প্রথমেই বলি যে, এই হাউস যে কোনো রেজলিউশান পাশ করতে পারে। আমি নিশীথ বাবুকে একটু আগে বললাম, আপনি একটু মনে করবেন যে, উকিল সমাজ মেনে নেবে না। দরকার পড়লে এক বছরও কোর্ট হাই কোর্ট বন্ধ থাকবে। আমি সমাজের মনের কথা বলছি। এরপর আপনাদের ডিশিসান সেটা আপনাদের ব্যাপার। (২) রবীন দেব বাবু চলে গেছেন। উনি বলছেন টাকার বিনিময়ে জুডিসিয়ারী চলবে। আমি যদি পুলিশের কাজও টাকার বিনিময়ে চলবে বলি তাহলে কেমন হবে। বলা হবে ৫০০ টাকার কেস, তাহলে ৫ টাকা ফি দিতে হবে। ৫ লক্ষ টাকা কেস হলে ৫০ হাজার ফি দিতে হবে। জুডিসিয়ারীকে ফিজ দিয়ে বিচার করবেন না। কারণ এটা একটা কনস্টিটিউশনাল রাইট। আপনারা পুরানো দিনে ছেঁড়া জামা কাপড় পরে ঘুরতেন। এখন সুট পরা শুরু করেছেন। ৬৭ সালে কোলকাতা হাইকোর্টে অরিজিনাল সাইডে

অ্যাডভালোরেম ফি ছিল না, চালু করার চেষ্টা হল তখন প্রয়াত স্নেহাংশু কান্ত আচার্য এবং হরেকৃষ্ণ কোঙার বিক্ষোভ দেখিয়েছিলেন এবং অজয় মুখার্জী তখন মুখ্যমন্ত্রী ছিলেন তিনি বলেছিলেন যে, এই রকম কোর্ট ফিজ চাপানো যাবে না এবং চাপালে অন্যায় করা হবে। আজকে ফল শাকসবজি থেকে যেমন ট্যাকস নিচ্ছেন তেমন বিচার ব্যবস্থাতেও পয়সা তোলার চেষ্টা করছেন। আমি জানি নিশীথ অধিকারী সুপ্রিম কোর্টে সাইট করবে। কিন্তু আমি এখানে একটু কৃষ্ণা আয়ারের পেজ ওয়ান থেকে কোড করছি—"Something must be done, we venture to state, to arrest the escalating vice of burden-some scales of Court fee. That the State should not sale Justice is an obvious proposition but the high rate of Court fee now levied leaves no valid alibi is also obvious. The 14th Report of the Law Commission the practice of 2% in the socialist country, and the small standerd filing fee prevalent in the many Western Countries make the Indian position in defensible and perilously near unconstitutional."

সুপ্রিম কোর্ট বলেছে, কি বলছে প্যারাগ্রাফ ১২ এবং পেজ ১০৯, বলছেন—Indeed all civilized governments recognized the need for access to justice being free. এর পর সুপ্রিম কোর্ট কৃষ্ণা আয়ারকে আরেকটা জাজমেন্ট বলছেন এম.এন. দেশাই বনাম টি স্টিল লিমিটেড, সেখানে বলছেন—"It is more deplorable that the culture of the magna carta notwithstanding the Anglo-Indian forensic system and currently free India's court process should insist on payment of court-fee on such a profiteering scale without co-relative expenditure on the administration of civil justice that the levies often smack of sale of justice in the Indian Republic where equality before the Law is guaranteed constitutional, fundamental and the legal system has been directed by Art. 39(A) to ensure that opportunities for securing justice are not denied to any citizen by reason of economic disability." টাকা না থাকলে কোর্টে যাওয়া যাবে না। আপনি এই পরিস্থিতি তৈরি করে দিয়েছেন। একটু আগেও বলেছি কলকাতা হাইকোর্ট বলেছে আপনাদের জামা-প্যান্ট খুলে নিয়ে বলেছে সব ভুলভাল বলেছেন। আপনি বুঝিয়েছেন চীফ মিনিষ্টারকে এবং তার পরে আমি আবার বলছি সুপ্রিম কোর্ট অনেক উঁচু, সুপ্রিম কোর্টের অরিজানাল সিভিল জুরিসডিক্শানের কোর্ট ফি ২৫০ টাকা সুপ্রিম কোর্টে ওকালতনামা ফাইল করার খরচ কত ? ৩টাকা। কে ভি এটের ২০ টাকা এবং সুপ্রিম কোর্ট বলছে Supreme court has prescribed Advalorem court fees on appeals and such court fees is 0.5% subject to a maximum ceiling of Rs. 2000। ২০০০ টাকা হল সুপ্রিম কোর্টের কোর্ট ফি। আর আপনি একটু আগে

সবাইকে বলে বেড়িয়েছেন যে সামান্য বেড়েছে। কিছুই বাড়েনি। এই ইমপ্রেশনটা দিয়েছেন। আমি আপনাকে বলি কলকাতার প্রপার্টি যেটা বাঙালিদের আছে, একটা বাড়ির দাম আপনারা ঠিক করে দিয়েছেন কোর্ট ভ্যালু কত ? ৫ লক্ষ টাকার কমে কোথাও নেই কলকাতার বুকে। ৫ লক্ষ টাকা থেকে যদি শুরু করেন ৫ লক্ষ টাকা হলে আগে দিতে হত ৫৫১২ টাকা, এখন ১৯৯৮০ টাকা দিতে হবে। যদি ১১ লক্ষ টাকা ভ্যালু ধরেন— কলকাতার বুকে প্রায় সব বাড়ির ভ্যালুয়েশান প্রায় ১১ লক্ষ টাকা যেটা বড় রাস্তার উপর, সেখানে আগে ছিল ১০ হাজার টাকা, এখন হয়েছে ২৫৯৮০ টাকা। আন লিমিটেড প্রবেট—প্রবেটটা কি ? বেশির ভাগ লোকে ঠিক সেই ভাবে ওয়াকিবহাল নয়। ধরুন আমার বাবার একটা বাড়ি আছে, আমার বাবা যদি আমাকে উইল করে দেন এবং তার পরে যদি তিনি প্রয়াতহন সেই জায়গায় আমার নামটা যদি আমি ঢোকাতে চাই যদি আমি প্রবেট চাই তখন মিয়ারলী ইটস এ ডিক্লিয়ারেশান, সেই ডিক্লিয়ারেশানের জন্য যে বাড়িতে আমি আছি সেখানে প্রবেট দিতে হবে। আগে ১০ লক্ষ টাকায় দিতে হত ১০ হাজার টাকা, এখন ৪৮ হাজার টাকা দিতে হবে। এখন হচ্ছে ফেলো কড়ি মাখো তেল। ভ্যালু অফ প্রপার্টি যেখানে আপনার সাকসেশান সার্টিফিকেট আগে ম্যাকসিমাম ১০ হাজার টাকা। আপনি ২ লক্ষ টাকা থেকে শুরু করেছেন সাক্সেশান সার্টিফিকেট ১০৯০০ টাকা এবং আপনি ১২,১৩ লক্ষ টাকা যদি কেউ রেখে যায় তাহলে তাদেরকে জমা দিতে হবে ১ লক্ষ ৬৫০ টাকা। আপনি মন্ত্রী হয়েছেন এখন, আপনার কাছে এখন এই ১ লক্ষ টাকা কিছু নয়, দু লক্ষ টাকা কোনো ব্যাপার নয়। কিন্তু মধ্যবিত্ত বাঙালি পরিবার যারা কলকাতাতে আছেন তাদের কাছে কিন্তু এটা বিরাট ব্যাপার। আপনি আরবিট্রেশান করেননি, আমিও করিনি, আমি আগে আরবিট্রেশান ক্লজে আমি জানি দু-একটা করেছি এবং লোককে জিজ্ঞাসা করেছি আপনি লিখেছেন এ্যাপ্লিকেশান আন্ডার সেকশান ১২ বা ৩৪ The Arbitration and Conciliation Act, 1996. বলেছেন যে when presented to a Court of Civil Judges বর্তমান আরবিট্রেশান ১৯৯৬ প্রথমে আরবিট্রাল কোর্ট আছে সেখানে যাবে। আপনি সিভিল জাজ লিখলেন কি করে ? কি করে লিখলেন হাইকোর্টের জাজ। আপনার অফিসাররা যা বলেছেন, যা লিখেছেন যা বুঝিয়েছেন আপনি সেটা না বুঝে সই করেছেন। এবং সবাইকে ভুল বুঝিয়েছেন। আনলিমিটেড কোর্ট ফীজ হয়েগেছে। যেমন আমি একটু আগে দেখলাম লোককে ধোঁকা দেওয়ার জন্য আপনি খবরের কাগজে বলেছেন ২৫ হাজার টাকা কোর্টফীজ ম্যাকসিমাম এবং প্রথম শ্রেণির দৈনিক পত্রিকা তারা বলে দিল ২৫ পারসেন্ট কমিয়েছেন। কিসে কমিয়েছেন ? ৫ হাজার, ১০ হাজার পর্যন্ত টাকা কমিয়েছেন যেখানে সুটই নেই। সুট ভ্যালু ৫ হাজার টাকা পর্যন্ত কমিয়েছেন। বিরাট ঢাকঢোল পিটিয়ে খবরের কাগজে বলেছেন ২৫ পারসেন্ট কমিয়েছেন। এটা সম্পূর্ণ মিথ্যা কথা। আপনি অসত্য ভাষণ দিয়েছেন এবং লোককে মিস লীড করছেন। এবং জেনারেল সুইট ভ্যালুতে আরবিট্রেশনে সরকারের পক্ষে বিপক্ষে, ১ কোটি টাকার এওয়ার্ড এখন আর কোনো ব্যাপার নয়, ১ কোটি টাকার এওয়ার্ড করতে গেলে আগে দেড় লক্ষ টাকা জমা দিতে হবে প্লাস প্লেইন রিটেন স্টেটমেন্ট, সমস্ত ফি লাগবে। পরে বললেন, রিটেন স্টেটমেন্ট লাগবে না। তাহলে লিখে

দিন। আপনি মনের মধ্যে কথা ঢুকিয়ে রেখে দিলেন। আর, আমার লাষ্ট কথা শুনে নিন, আপনি যে ডিসিশনই নিন না কেন, আপনি জেদ বজায় রাখতে পারেন কিন্তু কোর্ট খোলাতে পারবেন না।

শ্রী নির্মল দাস : স্যার, মাননীয় আইনমন্ত্রী মহাশয় এখানে যে 'ওয়েষ্ট বেঙ্গল কোর্ট ফি (এমেন্ডমেন্ট) বিল, ২০০২' এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই ব্যাপারে যখন অর্ডিনেন্স আসে তখন আমাদের পার্টির পক্ষ থেকে আঁতকে ওঠা হয়েছিল বিভিন্ন ক্ষেত্রে বৃদ্ধির হার দেখে। এবং আমাদের আর.এস.পি-র ল্ সেলের বিশিষ্ট-জন, পৃথ্বীশ বাগচী মহাশয় তাঁর কথা বলেছিলেন। তিনি বলেছিলেন অর্ডিনেন্সে যে বৃদ্ধি করা হয়েছে তা যারা আইনি পরিষেবা নিতে আসবেন তাদের ক্ষেত্রে বেশি হয়ে যাবে। সেই পরিপ্রেক্ষিতে আমরা আমাদের পার্টির পক্ষ থেকে যথাস্থানে আলোচনা করেছি এবং সেই অনুযায়ী বিল এসেছে। আর, অর্ডিন্যান্স কেন এসেছিল ? আপনারা জানেন এটা শুধু পশ্চিমবাংলা নয় গোটা ভারতবর্ষের ক্ষেত্রে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল যে কোর্ট ফি বহু বছর ধরে বাড়ছে না। আবার দেখুন সাধারণ মানুষ এবং লার্নেড-ল্-ইয়ার্সরা এক্ষেত্রে ইনফ্রাষ্ট্রকচার ডেভেলপমেন্টের কথা বলেন। আমরা বলি, বিভিন্ন বিচারালয়ে বিচারপতির সংখ্যা কম নেই, ট্রাইবুনালে বিচারপতি নেই। এবং এর ফলে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। দেখা যায় একটা মানুষ কে বিচার পাওয়ার আশায় দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর ঘুরতে হচ্ছে। কোন কোন কেসে ২৫।৩০ বছর চলে যায়। আমাদের বিধানসভার পাশে হাইকোর্ট আছে, সেখানে এবং নিম্ন আদালতে এই জিনিস আমরা হতে দেখে থাকি। আর, এগুলো বন্ধ করার জন্য দরকার সঠিক বিচার ব্যবস্থা। এবং আইনি পরিষেবা যাতে মানুষ সঠিক ভাবে পায় সেটা দেখা দরকার। আমরা দেখলাম বিলের আগে যে অডিন্যান্স হয়েছে তাতে কিছু সংশোধনের দরকার আছে, সুযোগ আছে। মাননীয় আইন মন্ত্রীকে বললাম এখানে যে সমস্ত ইনজাংশন সুইটের কথা বলা হয়েছে, সেখানে যে সমস্ত টাকা ধার্যের কথা বলা হয়েছে তার ২০ শতাংশ মাইনাস করা যায় কিনা দেখুন। ১০০ টাকার জায়গায় ৮০ টাকা, ২০০ টাকার জায়গায় ১৬০ টাকা, ২৫০ টাকার জায়গায় ২০০ টাকার করা যায় কিনা। এটা করা গেলে কিছু কিছু রিলিফ মানুষ পাবেন। এটা কনসিডারের কথা বলছি। আমার মোস্ট ইমপর্টেন্ট সাজেশন হচ্ছে, পিটিশন স্যুইট, সেটেলমেন্ট ফিকসেশন স্যুইটের জন্য, কোর্ট ফি-র জন্য ১০০ টাকাটা স্পেসিফিক সিরিয়াল আইটেম ফর দ্যট সেটা ডিক্রিস করা গেলে করুন। পিটিশনার্স স্যুইটের জন্য স্ট্যাম্প পেপার, ইন্ডিয়ান পেপার অ্যাক্টে যেটা আছে সেখানে কোর্ট-ফি ডাবল যেটা করা হয়েছে সেটা যেন বিবেচনা করা হয় এবং অল পিটিশনার্সের ক্ষেত্রে যেন একই রকম দরখাস্তে একই রকম ফি যেন চালু করা যায়। এখানে বার কাউন্সিল যে আন্দোলন করল, এরা বলছেন জনগণের জন্য করছি।

জনগণের জন্য করছেন। জনগণ অনেকপরিষেবা পায় না। জনগণ সম্পর্কে আমি আমার লারনেড কাউনসেল বন্ধুদের বলছি জনগণের পরিষেবা সংক্রান্ত ব্যাপারে আপনারা আন্দোলন করুন আমি অনুরোধ করছি। এই যে গত ১ মাসের বেশি সময় ধরে সর্বনাশটা করলেন, আজকে জেলখানা উপচে পড়ছে। আমি যেখান থেকে প্রতিনিধিত্ব করি, সেখানে

জেলখানায় কয়েদী থাকার কথা ৯৯ জন, এখানে কয়েদী দিনে দিনে বাড়ছে, ২জন কয়েদী পালিয়ে গেছে, ৪২৮ জন কয়েদী আছে। হাজার হাজার বন্দী, যারা আইনের পরিষেবা চান সেই বিচার পরিষেবা চান, তারা বঞ্চিত হল কাদের জন্য ? আপনাদের জন্য ওই সমস্ত রাজনৈতিক উদ্দেশ্যে একটা সময় ছিল প্রতিবাদ করেছেন। সংগঠন প্রতিবাদ করতে পারে, ট্রেড ইউনিয়ান আন্দোলন করতে পারে নিশ্চয়ই আমরা বলতে পারি না। আমার লারনেডস্ ল ইয়ার বন্ধুরা আছেন, যারা ট্রেড ইউনিয়ান আন্দোলন করেছেন। বার কাউন্সিল কিন্তু ট্রেড ইউনিয়ান নয়, বার কাউন্সিল-বারকাউন্সিল। আমরা যদি দেখতাম কলকাতায় সুপ্রিমকোর্টের সার্কিট বেঞ্চের জন্য আন্দোলন করছে, বুঝতাম হ্যাঁ, বঙ্গবাসীর জন্য বার কাউন্সিলের বন্ধুরা আমাদের এখানে যে সদস্য ল ইয়ার বন্ধুরা আছেন, তাঁরা কাঁদছেন। যদি বুঝতাম জলপাইগুড়িতে হাইকোর্টের একটা সার্কিট বেঞ্চের জন্য আন্দোলন হচ্ছে জনগণকে পাশে চান কিন্তু আমরা অবাক হয়ে গেলাম ১ মাস ধরে আন্দোলন করছেন, প্রতিবাদ করছেন, ঠিক আছে এই ক মাস ধরে মানুষকে যেভাবে যন্ত্রণা দিচ্ছেন সে জবাব কে দেবে ? শুনলাম তো আন্দোলন চলতে থাকবে। জনগণের বিরুদ্ধে আপনারা চলে যাচ্ছেন। জনগণের বিরুদ্ধে এইভাবে যাওয়া যায় না। আমি মাননীয় বিচারমন্ত্রী-আইনমন্ত্রীর উদ্দেশ্যে বলবো মহামান্য হাইকোর্টের যে ফীজ্ ধার্য করেছেন, আপনারা কত টাকা নেবেন কেসের জন্য, যে ব্যক্তি দুর্ঘটনায় নিহত হয়েছেন, ওরা জানে না কত টাকা নেবেন। থার্ড পার্টির ইনসিওরেন্স ক্ষেত্রে। আমরা জানি টাকা গড়ে ভাগ হচ্ছে। উকিলদের মধ্যে ভাল ভাল লোক আছেন, শ্রদ্ধেয় লোক আছেন, অতীতে ছিলেন, আগামী দিনেও আসবেন। কিন্তু যারা আজকে এটাকে ব্যবসা করে নিয়েছেন যারা এটাকে কমার্সিয়াল কেন্দ্র হিসাবে গড়ে তুলছেন, আমি তাদের কাছে আবেদন জানাব যে জনগণের কথা বলে আপনারা নিজেদের কাজ করছেন, নিজেদের স্বার্থে নিজেদের কর্মাসিয়াল ইন্টারেস্ট দেখছেন। সেটা যাতে না দেখা হয়, সেইজন্য সঠিকভাবে আমাদের আইনমন্ত্রী অর্ডিন্যান্স যেটা জারি করেছেন, সেটা যখন বিল আকারে এসছে, অর্ডিন্যান্সের কোনো প্রশ্ন নেই, কারণ এটা বিল। যখন এই বিল বিধানসভায় এল, তখন এটাই তো আইন হবে, এটাই পাশ হবে। সেইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার আবেদন যারা রাজনৈতিক উদ্দেশ্যে এই সরকারের বামফ্রন্টের, জনগণকে যারা এই আইনের পরিষেবা থেকে বঞ্চিত করলেন যারা দিনের পর দিন হাজার হাজার মানুষকে জেলখানায় বন্দী করে রাখলেন, অন্যান্য পরিষেবা থেকে বঞ্চিত করলেন তাদের জবাব কিন্তু দিতে হবে এবং আমি আবারও বলি সেটাকে খতিয়ে দেখব এবং আমার যেটা মনে হয় যেটা সংশোধনী আমি মাননীয় স্পিকার মহাশয়কে প্রদান করে আমি আপনাদেরকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

[3.40—3.50 p.m.]

শ্রী অতীশ সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কালা বিল মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত করেছিলেন, আমি তার তীব্র বিরোধিতা করছি এবং এই বিল যাতে তিনি প্রত্যাহার করেন তার জন্য আমি তার কাছে আবেদন রাখছি এবং সমস্ত বিধানসভার সদস্যদের কাছে আমি আবেদন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বিতর্ক শুনছেন এবং

দেখছেন, যে বামফ্রন্ট-এর যে সমস্ত শরিক দল যে কারণে তারা এই বিল যেটা এসেছে, যে হারে বৃদ্ধি হয়েছে, তারা তাতে মোটেই খুশি নন। একজন ফরোয়ার্ড ব্লক সদস্য সম্পূর্ণভাবে বিরোধিতা করলেন এবং আমার পূর্ববর্তী বক্তা সমর্থন করতে গিয়ে হারগুলি কমাবার জন্য আবেদন করলেন। এর মধ্যে দিয়ে এটা পরিষ্কার যে, বামফ্রন্টের শরিক দলগুলি মোটেই বিলকে সমর্থন করছেন না। সুতরাং আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব যে, এই বিল পাশ করলেও কোনো সমস্যার সমাধান হবে বলে আমি মনে করি না, সুতরাং আমি এই বিল প্রত্যাহার করাই প্রয়োজন বলে মনে করি, অতএব তিনি প্রত্যাহার করে নিন।

দ্বিতীয়ত আমি পশ্চিমবাংলায় একটা খুব খারাপ জিনিস লক্ষ করছি, সেটা হচ্ছে, গত কয়েক মাস ধরে বিভিন্ন পরিষেবার চার্জ ভীষণভাবে বৃদ্ধি করা হচ্ছে। হাসপাতালের চার্জ, বিদ্যুতের চার্জ থেকে শুরু করে কোর্ট ফিস, স্ট্যাম্প ডিউটি, সমস্ত কিছু এমন ভাবে বৃদ্ধি করা হচ্ছে যাতে সাধারণ মানুষের পক্ষে, সাধারণ করদাতার পক্ষে খুবই কষ্টকর পরিস্থিতি সৃষ্টি করা হচ্ছে। এর কারণটা প্রকাশ্যে কেউ বলছেন না, কিন্তু বুঝতে অসুবিধা হয় না যে, এই সরকারের দেউলিয়া অবস্থা হয়েছে। তার থেকে উদ্ধার পাওয়ার জন্য বিভিন্ন-ভাবে ফিস এবং ট্যাক্স বৃদ্ধি করে চলেছে। অথচ অন্য দিকে তাঁরা সরকারি দপ্তর থেকে যতই খরচ কমাবার নির্দেশ দিন না কেন, সেগুলো পালিত হচ্ছে না। আমরা দেখছি খবরের কাগজগুলোয় এসব নিয়ে খুবই লেখা-লিখি হচ্ছে। আমি উদাহরণ দিয়ে বলছি : মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রীর তিনটে গাড়ি আছে, তিনটেই এয়ার-কন্ডিশন গাড়ি। তার দুটো বুলেট প্রুফ, একটা বুলেট প্রুফ নয়। সেগুলির জন্য প্রত্যেক মাসে সরকারের ১ লক্ষ টাকার তেল খরচ হচ্ছে। অথচ এই সরকারের সেটা কমাবার কোনো লক্ষণ নেই। অথচ কোর্ট ফিস বাড়িয়ে, অন্যান্য চার্জ বাড়িয়ে সাধারণ মানুষের পরিষেবায় হস্তক্ষেপ করা হচ্ছে। এটা নিন্দনীয়, এটা দুঃখজনক। তাই আমি বলি এই বিল প্রত্যাহার করা হোক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই স্মরণ আছে কিছু দিন আগে এই পবিত্র বিধানসভায় গত ৫ই জুলাই মাননীয় আইন মন্ত্রী একটা রেজলিউশন নিয়ে এসেছিলেন। সুপ্রিম কোর্ট বলেছিলেন জনসংখ্যা অনুযায়ী ১ মিলিয়ন : ৫০ জন জজ্-এর ব্যবস্থা করতে হবে। ওই রেশিও অনুযায়ী জজের সংখ্যা বৃদ্ধি করতে হবে। তার জন্য কোর্ট ফিস বাড়িয়ে খরচ যেটা বাড়বে সেটা আদায় করার উপদেশ দিয়েছিলেন। সেদিন সুপ্রিম কোর্টের এ নির্দেশের বিরুদ্ধে মাননীয় মন্ত্রী সরব হয়ে আমাদের কাছে এসেছিলেন এবং আমাদের তাঁর রেজলিউশনকে সমর্থন করার জন্য বলেছিলেন যাতে সুপ্রিম কোর্টের ওই নির্দেশ কার্যকরী না হয়। স্যার, আপনার নিশ্চয়ই স্মরণ আছে, সুপ্রিম কোর্ট তাতে কত বাড়াতে বলেছিল, আর এখন কত বাড়ানো হচ্ছে। সুপ্রিম কোর্ট যা বলেছিল তা আমি আপনার কাছে একটু পড়ে দিচ্ছি, দি সুপ্রিম কোর্ট হ্যাজ অ্যাডভাইজড দ্যাট দি স্টেট গভর্নমেন্ট মে ইনক্রিজ দি কোর্ট ফি। তার মানে এই নয় যে, ১ : মিলিয়ন ৫০ জন

নিয়োগ করতে গেলে যে টাকার প্রয়োজন হবে সেটা কোর্ট ফি বাড়িয়ে অর্জন করতে হবে। এই রকম কোনো উপদেশ বা অ্যাডভাইজ সুপ্রিম কোর্ট দেয়নি।

স্যার, আমাদের যে প্রতিবেশী রাজ্যগুলি আছে, আসাম, ওড়িশা, বিহার, এমন কি কেরালা পর্যন্ত কোনো রাজ্যেরই কোর্ট ফিস বাড়াবার কোনো প্রস্তাব নেই বা বাড়ানো হয়নি। একমাত্র পশ্চিমবাংলাই একসেপশন। এখানে এই যে কোর্ট ফিস বাড়াবার বিল আনা হয়েছে, এটা অত্যন্ত খারাপ কাজ করা হচ্ছে। এটা সাধারণ মানুষের পক্ষে অত্যন্ত অস্বস্তিকর হবে। এই বিল অবিলম্বে প্রত্যাহার করা দরকার। এমন কি কেরালা গভর্নমেন্ট, যে কেরালায় কিছু দিন আগেও বামফ্রন্টের আধিপত্য ছিল, তাদের মুখ্যমন্ত্রীত্ব ছিল, সেই কেরালা গভর্নমেন্ট বলছেন তাঁরা কোর্ট ফিস কমিয়ে দেবেন। আর এখানে আমরা দেখছি বামফ্রন্ট সরকারের আমলে কোর্ট ফিস কোথাও ৪গুণ, কোথাও ৫গুণ বৃদ্ধি করে সাধারণ মানুষকে এক চরম অস্বস্তিকর অবস্থার মধ্যে ফেলা হচ্ছে। আমি এখানে কয়েকটা কন্সটিটিউশনের ক্লজ তুলে ধরতে চাই। আর্টিকেল এইট স্টেটস দ্যাট এভরিবডি হ্যাজ ইকুয়াল প্রোটেকশন অব লস উইদিন দি টেরিটোরি অব ইন্ডিয়া। অথচ এখানে আমরা দেখছি কোর্ট ফিস যে ভাবে ধার্য করা হচ্ছে তাতে সকলের পক্ষে আইনের সাহায্য নেওয়া অসম্ভব হতে চলেছে। বিশেষ করে গরিব মানুষদের পক্ষে এটা অসম্ভব হয়ে পড়বে।

[3.50—4.00 p.m.]

সুতরাং এই আইন নিশ্চয়ই প্রত্যাহার করা প্রয়োজন এ বিষয়ে কোনো সন্দেহ নেই। স্যার, কনস্টিটিউশনের আর্টিকেল ৩৯(এ) ৪২ অ্যামেন্ডমেন্টে বলেছেন, The State shall by suitable Legislation or scheme or in any other way to ensure that opportunity for securing justice are not denied to any citizen by reason of economic and other disabilities. এই পয়সা নেয় বলে জাসটিস পায় না। এইরকম ঘটনা যাতে না ঘটে সেটা দেখা পবিত্র এবং সেটা দেখার দায়িত্ব সংবিধান রয়েছে। এই বিলে যদি আইনের অ্যামেন্ডমেন্ট হয় তাহলে এই প্রভিশন কনস্টিটিউশনে লঙ্ঘন হবে এ বিষয়ে কোনো সন্দেহ নেই। সুপ্রিম কোর্ট আরো বলেছে, The peoples Union for Democratic Rights-vs-Union of India. এটা কেস হয়েছিল এবং তার ২৮২পাতায় বলেছেন যে, The Court exist also for the power and the down-trodden and the havenot and handicapped and half hungry million of our countrymen. Time has now come when the Courts impose Court fees for the power and struggling masses of the country. এটা একটা উদাহরণ। যেভাবে উনি কোর্ট ফিস বাড়িয়েছেন, যেভাবে গরিব মানুষকে পয়সা দিতে হচ্ছে তাতে জাসটিস পাবার জন্য এই গরিব মানুষদের কেসে সুপ্রিম কোর্টে যে জাজমেন্ট হয়েছে সেটা তাদের পক্ষে যাবে। সুতরাং আপনি চিন্তা-ভাবনা করে ব্যবস্থা গ্রহণ করবেন। আরো একটা ব্যাপার এটা কেস নয়, এক্স চিফ জাসটিস মিঃ আনন্দ বলেছেন একটা জায়গায় বক্তৃতা দিতে গিয়ে, The Poor, backward and the

weaker sections do not feel that they have equal opportunities of justice because of Their socio-economic conditions. উনি স্বীকার করেছেন গরিব মানুষের পক্ষে আমাদের দেশে যে বিচার ব্যবস্থা সেখানে জাসটিস পাওয়া দুরূহ। এটা স্বীকার করার পরও যে লিগ্যাল এইড সার্ভিস আছে, গরিব মানুষদের সাহায্য করার যেখানে সমস্ত ব্যবস্থা আছে সেখানেও তারা ঠিকমত কাজ করে না। সমস্ত ব্যবস্থা থাকা সত্ত্বেও সেখানে দেখছি কোর্ট-ফিস বাড়িয়ে এমন একটা অবস্থার সৃষ্টি করা হয়েছে এই বিলের মাধ্যমে, যে সমস্ত গরিব মানুষ যাদের ইকনমি ক্ষমতা নেই তাদের পক্ষে জাসটিস পাওয়া একেবারেই দুরূহ এবং অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। সুতরাং এই বিল প্রত্যাহার করা ছাড়া আর কোনো উপায় আছে বলে আমি মনে করি না। আর একটি কথা বলতে চাই, প্রথম যখন অর্ডিন্যান্স আনলেন তখন বিভিন্ন দিক থেকে আপত্তি করা হয়েছিল। তাই দেখে এখন আর একটু নমনীয় করে নতুন করে বিল এনেছেন। এর একটি মাত্র কারণ, বার কাউন্সিল দীর্ঘ ১ মাস ধরে স্ট্রাইক করেছেন। বার কাউন্সিল যদি স্ট্রাইক না করতেন তাহলে মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই কোর্ট-ফিস কমাবার চিন্তা করতেন না। তাই আমি প্রথমেই বার কাউন্সিল অফ ইন্ডিয়ার যে সমস্ত সদস্যরা, উকিল ভাইরা, ১ মাস ধরে স্ট্রাইক করেছেন, করে এই সরকারের চৈতন্য উদয় করেছেন তারজন্য তাদেরকে আমি ধন্যবাদ দিতে চাই এবং আমি তাঁদের কাছে আবেদন করবো,যদি এই বিল প্রত্যাহার করা না হয় তাহলে তাঁরা যেন তাঁদের স্ট্রাইক কনটিনিউ করেন যাতে এই সরকার আরো বেশি করে বুঝতে পারেন যে না, এই কোর্ট-ফিস বাড়ানো তাদের পক্ষে ঠিক হচ্ছে না, সাধারণ মানুষদের জাসটিসের পক্ষে ঠিক হচ্ছে না। একটা কেস হয়েছিল সুপ্রিম কোর্টে যেখানে কৃষ্ণ আয়ার কমিটি বলেছেন, Something must be done for the justice of the poor people that the State should not sell Justice is an obvious proposition but the high rate of Court-fees now levied Leaves/not valid alibi. তাঁরা আজকে স্বীকার করেছেন, এই কোর্ট-ফিয়ের স্ট্রাকচার এত হারে বৃদ্ধি হয়ে গেছে যে গরিব মানুষদের পক্ষে বিশেষ করে মধ্যবিত্ত মানুষদের পক্ষে জাসটিস পাওয়া খুব দুরূহ। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করবো, তিনি যেমন এই বিলে অর্ডিন্যান্স থেকে খানিকটা কমিয়ে আনবার চেষ্টা করেছেন করে মানুষকে বোঝাবার চেষ্টা করাচ্ছেন যে কমিয়ে দিয়েছি প্রথমে ১০ টাকা ছিল, সেটাকে ৮ টাকা করা হয়েছে, সুতরাং কমিয়ে দিয়েছি বলে যে ধারণার সৃষ্টি করাতে চাইছেন সেটা যেন না করেন। শুধু আমরা বিরোধিতা করিনি, অন্যান্য অনেক সদস্যরাও বিরোধিতা করেছেন, বামফ্রন্টের শরিকদলের সদস্যরাও এর বিরোধিতা করেছেন একথা আপনি মনে রাখবেন, মনে রেখে এই বিল প্রত্যাহার করে নিন এই আবেদন জানাচ্ছি।

স্যার, আপনি শুনেছেন কি হারে বেড়েছে, তার উদাহরণ অনেকেই তুলে ধরেছেন। আমিও কয়েকটি উদাহরণ তুলে ধরতে চাই। উইল বা প্রবেটের ক্ষেত্রে যেখানে আগে ১০ হাজার টাকা হায়েস্ট ছিল এখন সেটা বাড়িয়ে ৫০ হাজার টাকা করা হয়েছে। এটা অত্যন্ত বেশি বলে আমরা মনে করি। এটা কমানোর কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। আমরা

মনে করি খুবই দুঃখজনক ব্যাপার এটা। প্রবেট, কেউ মারা গেলে সেটা একজিকিউট করতে গেলে, তার উত্তরাধিকারদের সেটা পেতে গেলে তাকে একটা প্রবেট নিতে হয়। হাইকোর্টে সেই প্রবেট নিতে গেলে ৫০ হাজার টাকা যদি দিতে হয় তাহলে উইলের মানে কি থাকলো ? উইল করে গেল, সেই উইল কার্যকরী করতে যদি এতো টাকা দিতে হয় তাহলে সেই উইলের তো কোনো মানেই হয় না। এই জিনিসটা প্রত্যাহার করা দরকার বলে আমরা মনে করি। আরও দু/একটা উদাহরণ দিতে চাই। স্যুট ভ্যালু ৫০ হাজার টাকার, সেখানে আগে কোর্ট ফিস ছিল ২ হাজার ১০০ টাকা, এখন সেটা বাড়িয়ে করেছেন ১০ হাজার ৪৫০ টাকা ৫গুণ বেড়েছে। আপনারা জানেন যে এখনকার দিনে ৫০ হাজার টাকাটা কোনো ব্যাপারই নয়। যে কোনো স্যুট ভ্যালু ৫০ হাজার টাকার হতে পারে। গরিব, মধ্যবিত্তদের একটা ছোট বাড়ি বা ফ্ল্যাট থাকলে তার মূল্যই ৫০ হাজার টাকার বেশি। সে সম্বন্ধে কেস করতে গেলে ১০ হাজার ৪৫০ টাকা দিতে হবে কোর্ট ফি। ৫গুণ বৃদ্ধি হয়েছে। এটা আশা করি কমাবার চেষ্টা করবেন। যদি না করেন তাহলে বলব, এই বিল প্রত্যাহার করা অত্যন্ত জরুরি। তারপর ধরুন স্যুট ভ্যালু ১ লক্ষ টাকার। লক্ষ টাকা বললে শোনায় বেশি কিন্তু আজকের বাজার দর যা এবং জিনিসপত্রের দাম যে হারে বাড়ছে তাতে এক লক্ষ টাকার স্যুট ভ্যালু খুব বেশি বড় লোকের বা মানিড ম্যানের তা কিন্তু নয়। সেই জায়গায় কোর্ট ফি ছিল ২ হাজার ৪৭৫ টাকা, বাড়িয়ে করেছেন ১২ হাজার ৩৩০ টাকা ৫/৬ গুণ বেড়েছে। এর ফলে সাধারণ, মধ্যবিত্ত মানুষদের স্যুটের ব্যাপারে জাস্টিস পাওয়াটা দুরূহ হয়ে পড়বে। তাই বলছি, এই বিল প্রত্যাহার করুন। কোর্ট ফিস এইভাবে বাড়িয়ে সাধারণ মানুষদের জাস্টিস পাওয়াতে যে বাধা দিচ্ছেন সেটা বন্ধ করুন এবং এই বিল প্রত্যাহার করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি এই কোর্ট ফি বৃদ্ধি করা হয়েছে সুপ্রিম কোর্টের নির্দেশের ফলে। পর পর দু বার তারা এ সম্পর্কে রায় দিয়েছেন। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে দায়িত্ব নিতে অস্বীকার করেছেন কাজেই আমাদের বাড়াতে হয়েছে। অন্যান্য রাজ্য যেমন অন্ধ্র, ইউ.পি., কেরল, তারাও কোর্ট ফি বাড়িয়েছেন ফলে এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গের উপরও একটা দায়িত্ব এসে পড়েছে। সেইজন্যই এখানে কোর্ট ফি বিল আনা হয়েছে। তবে আমার মনে হয় খুব তড়িঘড়ি করে অর্ডিন্যান্সটি জারি করা হয়েছে যার ফলে কয়েকটি অসংগতি চোখে পড়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী অবশ্য আইনজীবীদের সঙ্গে আলোচনাকালে বারবার বলেছেন যে যদি কোনো অসংগতি থাকে তাহলে আপনারা প্রস্তাব দিন আমরা বিবেচনা করবো। তিনি বলেছিলেন, ফৌজদারি কোর্টগুলি আপনারা চালু রাখুন কিন্তু আইনজীবীরা সে দিকে গেলেন না। তারা পেশি শক্তির জোরে আন্দোলন চালিয়ে যাচ্ছেন যার ফলে বিভিন্ন কারাগারে বন্দীর সংখ্যা বাড়ছে। ওরা একটা রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করতে চাইছেন।

তাঁরা বামফ্রন্ট সরকারকে আরো বেইজ্জত করতে চেয়েছিলেন। যাহোক, শেষ পর্যন্ত আমাদের অর্ডিনেন্স জারি করার যে ছিল সেটার কিছুটা পরিবর্তন করেছেন। আমরা দেখছি, অর্ডিনেন্সে যেভাবে কর বিন্যাস করা হয়েছিল ১০০ টাকার উপর দিতে হবে

৪০টাকা, সেটা ১০ টাকায় নেমেছে, ৫০০০ টাকার ক্ষেত্রে হয়েছে ৪২০ টাকা, ১০ হাজার টাকার কোর্ট ফি অর্ডিনেন্সে ধরা হয়েছিল ৩৭৫০ টাকা, এখন হয়েছে ৪৮০ টাকা। আমাদের সরকার সাধারণ মানুষের স্বার্থে যতটুকু পারা যায় সেটা সরকার কমিয়ে দিয়েছেন। ১৯৭০ সালের পর থেকে আমি তো জানি দাম কমেনি, সবকিছুর দাম বেড়েছে, আইনজীবীদের ফিও সেই অনুপাতেই বেড়েছে। আজকে যারা জনগণের জন্য এত চিৎকার চেঁচামেচি করছেন রাজ্যজুড়ে, কর্মবিরতি চলছে কোর্টে, সেক্ষেত্রে আমি জানি না তাঁরা দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের মতো গরিব মানুষের পাশে দাঁড়াবেন কিনা। কিন্তু আমার অভিজ্ঞতা হচ্ছে গ্রামাঞ্চলের গরিব মানুষদের কাছ থেকে তারা সমানভাবে টাকা-পয়সা আদায় করেন। আজকে পেট্রোল, ডিজেলের দাম বেড়েছে, কেরোসিনের দাম বেড়েছে, কিন্তু ওরা কোনো প্রতিবাদ করেননি। অবশ্য কেরোসিনের দাম বেড়েছে, কিন্তু ওরা কোন প্রতিবাদ করেননি। অবশ্য কেরোসিনের দাম বাড়লে ওদের গায়ে লাগে না, কারণ ওরা বিজলী বাতির আলো পান। আজকে গ্রামেগঞ্জে এই যে আন্দোলন চলছে সেটা কার স্বার্থে চলছে সেটা সহজেই বোঝা যায়। এই আন্দোলন চলছে একটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে। তা না হলে আমি কোথাও দেখিনি, রাজ্যের মুখ্যমন্ত্রী তিনি আইনজীবীদের ডাকছেন, কথাবার্তা বলবার জন্য অনুরোধ করছেন, অনুরোধ করে বলছেন আপনাদের কর্মবিরতি তুলে নিন, বিকল্প কোনো প্রস্তাব থাকলে পেশ করুন, কিন্তু তারা এগিয়ে আসেননি। আজকে তিনটার সময় আইনজীবীদের একটি প্রস্তাবের কপি পেয়েছি। আমার হাতে সেটা এসেছে। কিন্তু এখন আর কি করা যাবে, বিধানসভায় তো বিল পেশ হয়ে গেছে ! প্রস্তাবে যে কথাগুলি এখন বলছেন সেটা যদি চার-পাঁচ দিন আগে বলতেন তাহলে সমস্ত বিষয়টা নিয়ে আলোচনা হতে পারতো আমি মুখ্যমন্ত্রীকে বলবো, তাড়াহুড়ো করে কাজ করে ফল পাওয়া যায় না, বিপদ ডেকে আনে। ভবিষ্যতে আরো সুযোগ হতে পারে। সকলের সঙ্গে আলাপ-আলোচনার ভিত্তিতে- অর্ডিনেন্স বলুন বা বিলই বলুন- যাতে সবাইকে আলোচনায় উপস্থিত করতে পারি সেদিকে নজর দেওয়া উচিত। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় মন্ত্রী নিশীথ অধিকারী মহাশয় জেদাজেদি করে যে বিল এখানে নিয়ে এলেন বিধানসভায়, আমি মনে করি এই বিল যদি আনতে হয় তাহলে আগে থেকে যুক্তিগ্রাহ্য করে সমস্ত জিনিস বুঝে সকলের সঙ্গে কথা বলে এই বিলটা আনতেন তাহলে এতো সমস্যা হতো না। আমি বার কাউন্সিলের সদস্য, মাননীয় মন্ত্রী এক সময় বার কাউন্সিলের সদস্য ছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয় কতকগুলো মন্তব্য করেছেন সেটা আইনজীবীদের কাছে খুব দুঃখজনকভাবে পৌঁছেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে আমরা যখন রাইটার্স বিল্ডিং-এ দেখা করতে গিয়েছিলাম বার কাউন্সিলের সদস্য হিসাবে, আমি বিধায়ক হিসাবে সেখানে ছিলাম, অশোক দেব মহাশয় ছিলেন, উনি একটা মন্তব্য করেছিলেন। পরের দিন তিনি সাংবাদিকদের বলেছিলেন বার কাউন্সিল চালাচ্ছে তৃণমূল কংগ্রেস। আমি জানি না-মাননীয় মন্ত্রী এক সময় বার কাউন্সিলের সদস্য ছিলেন, উনি এই মন্তব্য কী করে করলেন ? যদি ধরেই নিই বার কাউন্সিল তৃণমূল চালাচ্ছে তাহলে মাননীয় মন্ত্রী মহাশয়ের জেনে রাখা ভাল বার কাউন্সিলের ২৫ জন সদস্যর মধ্যে আপনাদের লেফট

ফ্রন্টের ৪ জন সদস্য এবং জাতীয়তাবাদী দলের ২১ জন সদস্য আছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গেও আমরা দেখা করতে গিয়েছিলাম, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন বার কাউন্সিল যে প্রপোজাল দেবে সেই বার কাউন্সিলের প্রপোজাল আমরা ভেবে দেখবো বার কাউন্সিল তার প্রপোজাল পৌছে দিয়েছিল, মাননীয় স্পীকার মহাশয়ের কাছেও দিয়েছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রীকেও দিয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয় বার কাউন্সিলের সঙ্গে সৌজন্যমূলক কথা তিনি বলেননি যে পরবর্তীকালে কি পরিবর্তন করেছেন। একজন সদস্য এখানে বললেন আইনজীবীদের ফি নিয়ে। আইনজীবী, যাঁরা আইন নিয়ে জীবিকা করেন তাঁদের ফি সম্পর্কে কতটুকু জানেন ? এখানে মেখলিগঞ্জ, মাথাভাঙা, তুফানগঞ্জের থেকে ইলেকটেড হয়ে এসেছেন যাঁরা তাঁরা জানেন তাঁদের ওখানে কোর্ট আছে, সেখানে ৫-১০ টাকারও আইনজীবী রয়েছেন, আবার অনেকে সারা দিন কাজ করে কিছু না নিয়ে বাড়ি যায়। সাইমলটেনিয়াসলি আমি যদি বলি, এখন সোমনাথবাবু, বলাইবাবু দিলীপবাবুদের ইনকাম কত ? কত ইনকাম করে বলতে পারবেন ? মাননীয় মন্ত্রী মহাশয় এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করার পর আরো দুঃখজনক ঘটনা ঘটেছে। লেফটফ্রন্টের চেয়ারম্যান, আমি তাঁর নাম বলবো না, আমি তাঁর ডেজিগনেশান দিয়ে বলছি, একদিন তিনি মন্তব্য করে বললেন যে, উকিলরা তাঁদের ফি কমান। তাঁর কাছ থেকে এক্সপেকট করিনি এই রকম কথাবার্তার। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, ১৮৭ টি বার অ্যাসোসিয়েশান স্ট্রাইক করছে, বার কাউন্সিল সিজ ওয়ার্ক করছে। বার কাউন্সিল ধর্মঘট করছে না, সিজ ওয়ার্ক চলছে। অনেকে ধর্মঘটের কথা বললেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি আপনারা যে কোনো বার অ্যাসোসিয়েশানে যান আগামী কাল বা আগামী পরশু, একটা বার কাউন্সিলের সামনে গিয়ে বলুন যে কোর্ট ফি এখান থেকে কমানো উচিত, আমরা মাথা পেতে গ্রহণ করে নেব। বার কাউন্সিল তাদের স্ট্রাইক তুলে নেবে। পরবর্তীকালে মাননীয় মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা দুঃখজনক। আমি জানি না এটা কার মস্তিষ্ক প্রসূত হয়েছে। পেজ ১৭ ক্লজ ৩-এর একটা জায়গায় বলেছেন পিটিশান অফ দি হাই কোর্ট ফর দি এডমিশান অ্যাডভোকেট এটর্নি ২৫০ রুপিজ। ১৯৬১ সালে অ্যাডভোকেট অ্যাকট এটা বার কাউন্সিলের এক্তিয়ারে আসে। এটা আনতে পারেন না, এটা কি করে এলো ? ১৯২৬ সালে এটা ছিল কিন্তু ১৯৬৯ সালে এটা অবলুপ্ত হয়। এটা আপনি কি করে আনলেন আমি জানি না। অ্যাডজোর্নমেন্ট অ্যাপ্লিকেশান সিভিল কোর্ট ক্রিমিনাল কোর্ট এই দুটি জায়গায় ৭৫ পয়সা ছিল সেটা ১০ টাকা ৫টাকা করা হয়েছে। এটা ডিসক্রিমিনেশান করা হয়েছে। তারপর হাজিরা সিভিল কোর্ট এটা ছিল না, কিন্তু আইনে এটা নতুন করে সংযোজন করা হলো। ক্লজ ২ ৪ এবং ৫-এ পেজ নাম্বার ৪ যদি কোনো ব্যক্তি সাপোজ আমি একটা অ্যামাউন্টের বললাম ১৫ হাজার টাকা কোর্ট ফি দিয়ে কোনো স্যুট ফাইল করে এবং ফাইল করার পরবর্তীকালে যদি জাজমেন্ট রিভিউ করাতে চায় তাহলে তাকে পুনরায় সম পরিমাণ ১৫ হাজার টাকা কোর্ট ফি দিতে হবে জনস্বার্থে। এটা কি জনস্বার্থ হলো ? এটা তো জনস্বার্থ বিরোধী হয়ে গেল। অ্যাড-ভ্যালুবেস কোর্ট ফি যেখানে ১ লক্ষ টাকার মধ্যে কমিয়েছেন, ১ লক্ষ টাকার উপর যে স্লাব তৈরি করেছেন সেটা

মারাত্মক, মারাত্মক জায়গায় নিয়ে গেছেন। আপনারা এক কাঠা জমির কথা বলুন, আপনার বর্ধমানে ১কাঠা জমির দাম টাউন এবং সেমি টাউনে কত ? সেইদিক থেকে বিবেচনা করে দেখুন কোথায় নিয়ে গেছেন এই অ্যাড ভ্যালুরেম কোর্ট ফিকে। আপনি পেজ ১৬ দেখুন সেখানে ১৯৭০ সালে এই অ্যাক্টে যেখানে ৫ টাকা ছিল সেটা বেড়ে এখন ১২৫ টাকা করে নিয়েছেন। কত পার্সেন্ট বাড়িয়েছেন দেখুন। কোথায় নিয়ে গেছেন দেখুন। আজকে আপনারা যে প্রোপজাল দিয়েছেন পেজ ১৭ এর ক্লজ ১৩ এ,বি,সি,ডি,ই এফে তাতে কোথাও ২০০, কোথাও ৫০০ টাকা বাড়িয়ে দিয়েছেন। আমাদের বার কাউন্সিলের যে প্রোপোজাল ছিল সেই প্রোপোজাল মাননীয় মুখ্যমন্ত্রী এবং আপনি যদি মেনে নিতেন তাহলে এই গণ্ডগোলের সৃষ্টি হত না। আমরা বার কাউন্সিলের পক্ষ থেকে আমাদের প্রোপোজাল সমস্ত পলিটিক্যাল পার্টির কাছে নিয়ে গেছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীর কাছেও দিয়েছিলাম কিন্তু আপনারা সেই প্রোপোজাল নিয়ে চিন্তাও করেননি। তার বদলে আপনারা বি এল এ কে দিয়ে বার কাউন্সিলের প্রোপোজাল কনডেম করার চেষ্টা করেছেন। আপনারা যদি এই জিনিস করতে থাকেন তাহলে শুনে রাখুন বার কাউন্সিল তাদের আন্দোলন থেকে বিরত হবে না। এই কোর্ট ফিয়ের বিরুদ্ধে গিয়ে বার কাউন্সিলের কি লাভ সাধারণ মানুষের স্বার্থের জন্যই তো তারা এই লড়াই করছে। এতে তো আইনজীবীদের কোনো স্বার্থ ছিল না। বার কাউন্সিল সাধারণ মানুষের স্বার্থে এই আন্দোলনে নেমেছে। আপনারা যদি বার কাউন্সিলের কথা না শোনেন তাহলে এখন তো শুধু সিজ ওয়ার্ক করা হচ্ছে, আগামী দিনে এই আন্দোলন আরো তীব্র থেকে তীব্রতর হয়ে দাঁড়াবে এই কথাটা মনে রাখবেন।

[4.10—4.20 p.m.]

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ কোর্ট ফি সংশোধনী যে বিল মাননীয় মন্ত্রী উপস্থাপিত করেছেন আমি তাকে পুরোপুরি সমর্থন করে এবং বিরোধীদের আনা সংশোধনীকে সম্পূর্ণভাবে বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমাদের এই সভায় আমাদের বিরোধী দলের এক জন মাননীয় সদস্য অরুণাভ ঘোষ মহাশয় তিনি একজন প্রথিতযশা ব্যক্তি, তিনি এখানে বক্তৃতা দিতে গিয়ে যেন হুমকির সুরে বললেন যে, প্রয়োজনে হলে এক বছর কোর্ট বন্ধ করে রেখে দেওয়া হবে। আমি অরুণাভ ঘোষ মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, পশ্চিমবঙ্গের সমস্ত আইনজীবীদের ঠিকা তারা নিয়েছেন কি ? আপনারা জেনে রাখুন একটার পর একটা দুর্গ আপনাদের বাতিল হচ্ছে। আমি যে জেলার লোক, সেই হুগলি জেলাতে আদালত পুরোদমে চলছে। ওখানে হাকিম থেকে শুরু করে আইনজীবী সবাই কাজে যোগদান করেছে এবং কাজ শুরু করেছে। তারপরে আপনারা বার কাউন্সিল থেকে লাইসেন্স বাতিল করে দেবার হুমকি দিয়েছেন। আপনারা কতদিন লাইসেন্স আটকে রাখতে পারবেন। আপনাদের কথা শুনে গ্রামের একটা প্রবাদ আছে সেই কথা মনে পড়ছে যার বিয়ে তার মনে নেই,পাড়া-পড়শির ঘুম নেই। কোর্ট ফি বেড়েছে বলে যেন আপনাদের পকেট থেকে টাকা দিতে হবে। যাদের কোর্ট ফি বাড়লো তারা মিছিল করছে না, ডেপুটেশান দিচ্ছে না, কিন্তু ডেপুটেশান দিচ্ছে পাড়া পড়শি অর্থাৎ

আপনারা। আপনারা কিসের স্বার্থে এই কাজ করছেন আমাদের জনগণ বোঝেন। আপনাদের তো অনেক আইনজীবী রয়েছেন, প্রায় তো টিভির পর্দাতে ওদের মুখ দেখতে পাই। কিন্তু একটা জিনিস মনে রাখবেন যেমন মেডিকেল এথিকস বলে একটা কথা আছে তেমনি লিগ্যাল এথিকস বলেও একটা কথা আছে। আপনার সেই লিগ্যাল এথিকস মানেন বলে তো মনে হয় না। আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে আপনাদের জিজ্ঞাসা করি ১৯৬১ সালে অ্যাডভোকেট অ্যাক্ট হয়েছিল সেই অ্যাডভোকেট অ্যাক্টের পরিপন্থী সংবিধান বিরোধী কাজ করে আপনারা ধর্মঘট এবং সিজ ওয়ার্ক করেছিলেন। আমি সেই বিতর্কে যাচ্ছি না। সেখানে সুপ্রিম কোর্ট ২৬শে সেপ্টেম্বর ১৯৭৫ সালে রায় দিয়েছিল। এই প্রসঙ্গে আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, হাইকোর্টেও একটা মামলা হয় এবং সেই মামলায় অরুণাভ ঘোষ ভার্সেস পশ্চিমবঙ্গ সরকার করা হয়। সেখানে হাইকোর্টের যে রায় বেরিয়েছিল সেই রায়টাকে বার কাউন্সিল মেনে নিয়েছিল এবং বার কাউন্সিল কোনো চ্যালেঞ্জও করেননি। এবং সেই রায় আজও পরিবর্তন হয়নি। আমি আবারও বলি, ৬১ সালে অ্যাডভোকেট অ্যাক্ট-এর সেকশান ৪৯তে সেখানে বলে দেওয়া হয়েছে নৈতিকতার প্রশ্নে আইনজীবীদের মক্কেল ও আদালতের প্রতি তাদের দায়িত্ব ও কর্তব্য আছে। যদি তা না করে সেটা অনৈতিক হবে। আপনারা যে অনৈতিক কাজ করছেন, গরিব মানুষের প্রতি যে দরদ দেখাচ্ছেন সেই গরিব মানুষগুলি জেলে পচছে। তারা তো বেলেবেল সেকশানে বন্ড দিয়ে বেরিয়ে আসতে পারতো, কিন্তু আপনারা কাজ করছেন না বলে তারা জেলে পচছে, তাদের অপরাধটা কি ? আপনারা তাদের জেল খাটাচ্ছেন। আপনাদেরকে জনগণের দরবারের কাছে অভিযুক্ত করছি, আপনারা সরে আসুন। আপনারা সংবিধানের ৩৯(ক) ধারায় মানুষের প্রতি দায়বদ্ধ, এটা প্রযোজ্য করার কারণ, আমাদের এই রাজ্যে বামফ্রন্ট সরকার'৮৭ সালে লিগাল সার্ভিসেস অ্যাক্ট চালু করে, এই লিগ্যাল সার্ভিসেস এ্যাক্ট হচ্ছে সমস্ত মানুষদের জন্য যে কোর্ট ফিজ লাগে সেটা আইনকৃত্যক দিয়ে থাকে। ৩৯(ক) ধারায় দরিদ্র মানুষদের সুযোগ দেওয়ার জন্য কোনো কোর্ট ফিজ দিতে হয় না। এই প্রসঙ্গে মাননীয় আইনমন্ত্রীকে অনুরোধ করবো, এই লিগ্যাল সার্ভিসেস অ্যাক্ট যাতে প্রতি জেলায় প্রতি জায়গায় ভালভাবে চালু করা যায়, সর্বত্র পরিকাঠামো নেই, এর একটা ঘাটতি আছে, সেটার দিকে নজর দিতে মাননীয় আইনমন্ত্রীকে অনুরোধ করছি। আমি এই প্রসঙ্গে বলি, এখানে উইল এর প্রবেট নিয়ে কথা হচ্ছে। সেখানে নাকি বহু টাকা দিতে হবে। এটা ভুল ধারণা সৃষ্টি করা হচ্ছে। উইল এর প্রবেট এর ক্ষেত্রে যদি কোর্ট ফিজ না দিয়ে থাকে, অর্থাৎ উইল এর প্রবেট নিয়ে যেখানে বিরোধ নেই, ক্যাভিয়েট ফাইল হয়নি, সেইক্ষেত্রে কোর্ট ফিজ কোনো অবস্থাতেই ১৫৫ টাকার বেশি নয়। আবার অ্যাডমিনিস্ট্রেশান জেনারেল অ্যাক্ট অনুযায়ী ২লক্ষ টাকা বা সম পরিমাণ মূল্যের সম্পত্তির মামলার ক্ষেত্রে যদি বিরোধ না থাকে তা হলে মাত্র ৫০ টাকা কোর্ট ফিজ দিয়ে অ্যাডমিনিস্ট্রেশান জেনেরাল লেটার অফ অ্যাডমিনিস্ট্রেশান দিয়ে দিতে পারেন। মানুষকে বিভ্রান্ত করার জন্য তারা এখানে ওইসব বলছেন। শুধু তাই নয়, আমি আরো বলি, মামলা বিলম্বিত হয়, মানুষ সবচেয়ে বেশি দুর্দশাগ্রস্থ হন, এই মামলায় বিলম্বিত হওয়ার জন্য একটা আইন দীর্ঘদিন ধরে জারি ছিল।

১৯০৮ সালে দেওয়ানি বিধি অর্থাৎ সিভিল প্রসিডিওর কোর্টে এই দেওয়ানিটাকে আধুনিকভাবে যুগপোযোগী করার জন্য, তাকে যুগের সঙ্গে সামঞ্জস্য বিধান করার জন্য আদালতের বাইরে বিরোধ মীমাংসা করে দেওয়ার জন্য অনেকদিন ধরে চেষ্টা চলছিল। এই আইনজীবীরা বাধা দেওয়ার জন্য, বার কাউন্সিল বাধা দেওয়ায় হয়নি। ৯৯ সালে এটা পাস হয়, ২০০২ সালে এটা চালু হয়। এইসব বিষয়ে যদি একটু নজর দিতেন তাহলে মামলা প্রার্থী জনগণ একটু উপকৃত হতেন। এই প্রসঙ্গে আমি আরো একটি কথা বলি, এখানে যে সমস্ত কথাবার্তা উঠেছে, প্রচুর ফিজ বেড়ে গিয়েছে, ইতিমধ্যে আমার পূর্ববর্তী বক্তা রবীন দেব বলেছেন, মহারাষ্ট্রে কি অবস্থা আছে, অন্যান্য রাজ্যে কি অবস্থা আছে। আমাদের পাশের রাজ্য আসামে কি রেট, সেখানকার অবস্থাটা আমাদের আইনজীবীরা জানেন, সেটা যদি তাঁরা বলতেন তাহলে ভাল হোত।আপনাদের কাজটা জনগণের স্বার্থে হচ্ছে না, ক্ষুদ্র রাজনীতির স্বার্থে হচ্ছে। এই অর্ডিনান্স প্লেস হওয়ার পরে যে হৈচৈ শুরু করলেন আইনজীবীদের একটা অংশ, তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আইনমন্ত্রী বললেন, আপনারা আসুন, প্রস্তাব দিন, তাঁরা প্রস্তাব দিলেন না, তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে গেলেন, আলোচনা করলেন, আলোচনা করার পরে তিনি বললেন, এইগুলি তুলে নিন, আমরা বিচারবিবেচনা করে দেখব।

[4.20—4.30 p.m.]

আপনারা তুলে নেননি। যাঁরা করছেন তাঁরা তুলে নেননি। তারপর আমরা দেখলাম, অর্ডিন্যান্স যা ছিল, তারপর যে বিলটা আমাদের সামনে এসেছে, তাতে দেখছি ১০০ টাকা পর্যন্ত ৪০ টাকা ছিল, সেটা বিলে কমে হয়েছে ১০ টাকা। ৫০০০ টাকা পর্যন্ত ২০০০ টাকা ছিল, সেটা বিলে হয়েছে ৪২০ টাকা। ১০০০০ টাকা পর্যন্ত যেটা ছিল ৩৭৫০ টাকা, সেটা কমে হয়েছে ৭৮০ টাকা। ১ লক্ষ টাকা পর্যন্ত যেটা ছিল ১২,৩৩০ টাকা, সেটা কমে হয়েছে ৬৩৮০ টাকা। ১১ লক্ষ টাকা পর্যন্ত যেটা ছিল ৫০,০০০ টাকা, সেটা কমে হয়েছে ২৫,৯৮০টাকা। ৩৫ লক্ষ টাকা মূল্যের উপর ধার্য হয়েছে ৫০,০০০ টাকা। এইভাবে কমে গেল। সেই কথা না বলে এরা বলতে শুরু করল অন্য কথা। ফৌজদারি মামলার আসামীদের কোর্টে ফি লাগে না, সেটা বললেন না। এইগুলো যে বলেছেন, কিসের স্বার্থে ? আপনারা মানুষকে বিভ্রান্ত করছেন। তাই বলছি এই পথ ছাড়ুন।

আরও একটা কথা আছে। হ্যাঁ, আপনারা এসব কথা বলছেন বলেই বলছি। হ্যাঁ, এরা বুদ্ধিজীবী আর উকিলবাবুদের বলা হয় ব্যবহারজীবী। ব্যাকরণে একটা সূত্র আছে, সৌগতবাবু একবার বলেছিলেন—

"উপসর্গ যোগেন ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে"। বলে অন্য দিকে নিয়ে যায়। আমি ব্যবহারজীবী আর বুদ্ধিজীবীর আগে একটা "দুর" প্রতিশব্দ ব্যবহার করছি দুর্ব্যবহারজীবী আর দুর্বুদ্ধিজীবী। যাদের কিছু মানুষ মদত দিচ্ছে, সামনে থেকে সমস্ত পশ্চিমবাংলাতে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলি, আমরা গণতন্ত্রপ্রিয়, গণতন্ত্রে আমাদের অধিকার, কিন্তু অতিগণতন্ত্র ভালো নয়, সমাজে বিশৃঙ্খলা আনে, ব্যক্তি স্বাধীনতা খর্ব করে,

আপনি এদের অতিগণতন্ত্রের পথ ছাড়ান। আজকে বিচারপ্রার্থী জনগণ বিচারের জন্য আসছে, কিন্তু বিচার পাচ্ছেন না। অনৈতিক একাংশ দুর্ব্যবহারজীবীদের দ্বারা অত্যাচারিত, লাঞ্ছিত হচ্ছে। আমরা দেখলাম কলকতার বুকে একটা সভা হয়েছিল, সেই সভায় সমস্ত শামলা পরা উকিলবাবুরা আছেন। খবরের কাগজে দেখলাম না, আমাদের গণশক্তি নয়, বরং উল্টোদিকের কাগজ, সেখানে বলল-যারা উপস্থিত হয়েছে তাদের সকলকে ব্যবহারজীবী বলে মনে হল না। কিন্তু কালো কোর্ট পরে বসে আছেন। এই কালো কোর্ট কি আপনারা ভাড়া দিচ্ছেন রোজগার হচ্ছে না মামলা হচ্ছে না বলে ? তা, এইভাবে কত দিন মানুষকে বিভ্রান্ত করবেন ? তাই আমি বলি, ওই পথ ছাড়ুন।

আমি সবশেষে মাননীয় মন্ত্রীকে দু-একটি বিষয়ে অনুরোধ করব, যদি বিচার-বিবেচনা করে দেখতে পারেন। সিভিল কোর্টে হাজিরার জন্য যে ফিটা করা হয়েছে, সেটা অনেক উকিলবাবু মনে করছেন ডিগনিটিতে লাগে। সেটা কিছু করা যায় কিনা দেখবেন। আর বলে বন্ডে ১০ টাকার পরিবর্তে ১ টাকা করা যায় কিনা দেখবেন। গ্রামের লোকেরা অনেক দূর থেকে যায়, একবার দিল, আবার ফিরে আসতে দেরি হল, তখন আবার দিতে হবে।

তাই বিরোধীদের বলছি, আপনারা এই বিষয়টাকে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে একটা রাজনৈতিক চিত্র আরোপ করতে চাইছেন। অবিলম্বে আপনারা এই পথ থেকে সরে এসে আলাপ-আলোচনা করে ঠিক করুন এই বিল যাতে আইনে পরিণত হয় এবং পশ্চিমবাংলায় সুস্থ স্বাভাবিক বিচার ব্যবস্থা ফিরে আসে তার চেষ্টা সবাই করি। এই কথা বলে এই বিলকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, আজকে মাননীয় আইনমন্ত্রী যে বিল এনেছেন, আমি তার বিরোধিতা করে প্রথমেই বলতে চাইছি যে, এই সরকার রাজ্যের গরিব মানুষ এমনিতেই অর্থাভাবে বিচার ব্যবস্থার সুযোগ থেকে বঞ্চিত। এই রকম একটা অবস্থায় অত্যধিক হারে কোর্ট ফি বাড়িয়ে এই সরকার যে বিল এনেছেন, এর দ্বারা কার্যত পশ্চিমবঙ্গের গরিব মানুষ এর সামনে বিচারের দরজা সরকার বন্ধ করে দিতে চাইছেন। এই সরকার একদিকে শিল্পপতিদের যথেষ্ট কর ছাড় দিচ্ছেন। বড়বড় ব্যবসায়ীদের কাছ থেকে ট্যাক্স আদায়ের ক্ষেত্রে ক্রমাগত শৈথিল্য দেখাচ্ছেন, আর গরিব মধ্যবিত্ত সাধারণ মানুষের উপর চাপ দিচ্ছেন। হাসপাতালের চার্জ, শিক্ষাক্ষেত্রে চার্জ বৃদ্ধি করছেন। বিদ্যুতের মাশুল বৃদ্ধি করছেন। জল কর, পঞ্চায়েত কর, পুরকর বৃদ্ধি হচ্ছে। কোর্ট ফি সেই কৌশলেই বৃদ্ধি করলেন আজকে এই সরকারকে দেখতে পাচ্ছি অত্যন্ত অ-গণতান্ত্রিকভাবে অত্যন্ত স্বৈরতান্ত্রিক ভাবে এই বিল এখানে আনলেন। আজকে আন্দোলনকে ভাঙার জন্য এখানে হুমকি দিচ্ছেন ওই আশুতোষবাবু। বামফ্রন্ট সরকারের সুরে সুর মিলিয়ে হুমকি দিচ্ছেন আইনজীবীরা আন্দোলন করছেন, তারা কি ইজারা নিয়েছেন ? আন্দোলন ভাঙার ক্ষেত্রে ফ্যাসিস্টবাদও ছাড়িয়ে গেছে। কী করে আইনজীবীদের মধ্যে বিরোধ সৃষ্টি করা যায় তার

চেষ্টা চালানো হচ্ছে। সাংবাদিকদের কাছে অসত্য সংবাদ প্রদর্শন করছেন। আপনারা নাকি ২৫ পারসেন্ট কোর্ট ফি কমিয়েছেন। এই সংবাদ দিয়ে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আপনারা সাধারণ মানুষের বিচারের সুযোগ কেড়ে নিচ্ছেন। এর থেকে স্বৈরতান্ত্রিক কালাকানুন আর কী হতে পারে আমার জানা নেই। তারা কোন লজ্জায় এই কালা কানুন কে সাপোর্ট করছেন ? তারা তাদের এলাকায় জনগণের কাছে কী কথা বলবেন ? আজকে এমনিতেই বিচারব্যবস্থা সংকুচিত হয়ে গেছে। যতটুকু বিচারব্যবস্থা আছে, তার থেকেও আপনারা বঞ্চিত করছেন সাধারণ মানুষকে। আপনারা গোটা রাজ্যের মানুষকে স্বৈরতান্ত্রিক শাসনের আওতায় নিয়ে আসতে চাইছেন। ন্যায় বিচারের অধিকার থেকে মানুষকে বঞ্চিত করছেন। ন্যায় বিচারের অধিকারকে বিক্রি করে দিয়ে কালা কানুন আনতে চাইছেন। এর বিরুদ্ধে আইনজীবীরা কোটি কোটি মানুষের সমর্থন নিয়ে যে লড়াই চালাচ্ছেন, সেখানেও আপনারা হাত দিতে চাইছেন। আপনার এই ফ্যাসিস্ট কালা কানুনের তীব্র প্রতিবাদ জানিয়ে এবং ওইটা প্রত্যাহারের দাবি করে আমার বক্তব্য শেষ করছি।

[4.30—4.40 p.m.]

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় আইনমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল কোর্ট ফিজ অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের দেওয়া অ্যামেন্ডমেন্ট্স সমর্থন করে আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। এই বিলের যে উদ্দেশ্য অবজেক্ট্স অ্যান্ড রিজনসে মাননীয় মন্ত্রী বলেছেন যে কোর্টের কিছু কিছু খরচ বেড়েছে এবং পরিষ্কার ভাষায় বলেছেন, The infrastructural and other incidental costs for maintaining justice delivery system within the State have increased immensely and is likely to further increase and as the existing rate of Court fees as per the said Act is not enough in terms of prevalent market price.

এই জন্য স্যার তিনি এটা বাড়াতে চাইছেন। স্যার যেটা ওঁর দলের ডি.এল.ও থেকে প্রচার করা হচ্ছে জজ সাহেবদের মাইনে বাড়াতে হয়েছে বলে রাজ্যের কোর্ট ফি বাড়ানো উচিত। সুপ্রিম কোর্টের একটা কাগজ আমি মাননীয় মন্ত্রীকে উদ্দেশ্য করে দেখাচ্ছি। সুপ্রিম কোর্টে একটা মামলা হয়েছিল। মামলা কোড নাম্বার ওয়ান রিট পিটিশন ১০২২।৮৯এ সুপ্রিম কোর্ট বলেছে পরিষেবা বাড়ানোর জন্য সারা ভারতবর্ষে ৯৫ কোটি টাকা দরকার অর্থাৎ এই ৯৫ কোটিকে ৩২ দিয়ে ভাগ করলে, ৩২ দিয়ে ভাগ না করেও যদি ২০ দিয়ে ভাগ করলেও সাড়ে ৪, ৫ কোটি টাকা দরকার হয় পশ্চিমবাংলার জন্য। আর আইনমন্ত্রী পশ্চিমবাংলার খরচ দেখিয়ে ব্যাপক হারে কোর্ট ফি বৃদ্ধি করছেন এবং সেখান থেকে দেড়শো-দুশো কোটি টাকা তোলবার চেষ্টা করছেন। এর ফলে রাজ্যের গরিব মানুষ তাদের কাছে বিচারের রাইট, কনস্টিটিউশনাল রাইটকে কেড়ে নেওয়ায় চেষ্টা করছেন। ৭৬সালে আমাদের ভারতবর্ষে যে কনস্টিটিউশনাল অ্যামেন্ডমেন্ট করা হয়েছিল এবং অ্যামেন্ড করে ৩৯(এ) তে বলা হয়েছে, The State shall secure that the operation of the legal system promotes justice, on a basis of equal opportunity

and shall, in particular, provide free legal aid, by suitable legislation or schemes or in any other way, to ensure that opportunities for securing justice not denied to any citizen by reason of economic or other disabilities.

এই কোর্ট ফিস অ্যামেন্ডমেন্ট বিলের মাধ্যমে রাজ্যের গরিব মানুষের সামনে ইকনমিক ব্লকেড সৃষ্টি করা হচ্ছে। এই বিলের উদ্দেশ্য হল মানুষ যাতে আর কোর্টে যেতে না পারে। বিচার চাইতে না পারে। একের পর এক অন্যায় কাজ রাজ্য সরকার করে যাচ্ছে তাদের বিরুদ্ধে যাতে রাজ্যের মানুষ আর যেতে না পারে তারা তার ব্যবস্থা করছেন। আমি জানি না আইনমন্ত্রী ইন্ডিয়ান কনস্টিটিউশনের প্রিঅ্যাম্বল পড়েছেন কিনা, সেখানে ৫টা জিনিস এনসিওর করা হয়েছে, তার প্রথমটাই হচ্ছে জাস্টিস। জাস্টিস, লিবার্টি, ইকোয়ালিটি, ফ্রেটারনিটি। স্যার, এ ১৪ সেটা আমি পড়ে দিচ্ছি —The State shall not deny to any person equality before the Law or the equal protection of the Laws within the territory of India. Article 13(2)—The State shall not make any law which takes away or abridges the rights conferred by this part and any Law made in contravention of this clause shall, to the extent of the contravention, be void. It is making a bridge between the litigants and the Court.

এই যে আইনটা তৈরি হচ্ছে , It is the violation of the constitution.

যারা গরিব মানুষ, এত টাকা দিয়ে তারা কোর্টে আসতে পারবে না। সুতরাং কনস্টিটিউশনাল রাইটকে ইনফ্রিন্জ করছেন। সেকশন ১৩(২), ১৪, ৪৯।

আজকে কনস্টিটিউশনাল ভায়োলেশান করার পরে যে বামপন্থীরা এটা বলছেন তাদের দু-একটি কথা বলে যাই, ওনাদের নেতা রবীন দেব বলছিলেন এই আইন নাকি ডিজেল এবং পেট্রলের সঙ্গে তুলনীয়। উনি বলেছেন ডিজেলের দাম ছিল ১.৯০ টাকা, আর এখন হয়েছে ২০ টাকা। তাহলে আইনের পরিষেবা কেন বাড়বে না। আজকে বামফ্রন্ট সরকারের একজন সদস্য তিনি বলছেন এই কথা। তাহলে সাধারণ মানুষের কোর্টে বিচার পাওয়ার যে অধিকার সেই অধিকারকে তিনি ডিজেল এবং পেট্রলের সঙ্গে তুলনা করছেন। তিনি আরও বলেছেন আজকে বড়লোকরা কোর্টে যান গরিব লোকদের বিরুদ্ধে, তাদের হ্যারাস করার জন্য। কিন্তু কেউ কোথাও যদি গরিব মানুষের বিরুদ্ধে মামলা করে তাহলেও তাকেও বেল বন্ড দেওয়ার জন্য পয়সা দিতে হয়, ওকালতনামার জন্য পয়সা দিতে হয়। প্রতিটি ক্ষেত্রেই পয়সা দিতেই হয়। রেভিনিউ স্টাম্পের ফি বৃদ্ধি করা হয়েছে। এই সরকার গত সেশনে এই বিধানসভায় বলেছিলেন রাজ্যে ২৫ পারসেন্ট মানুষ বি. পি. এল. তালিকাভুক্ত এবং এবারে বলেছেন ৩৬ পারসেন্ট মানুষ বি. পি. এল তালিকাভুক্ত। তাহলে যে রাজ্যে প্রতি বছর ১০ পারসেন্ট করে মানুষ বি.পি.এল. তালিকায় আসছে সেখানে আপনারা এই ফি বাড়াচ্ছেন যাতে সাধারণ গরিব মানুষ আর কোর্টে না যান তার জন্যই। এটাই সরকারের উদ্দেশ্য যে গরিব মানুষ কোর্টে গিয়ে যাতে আর মামলা না করতে পারে।

তাই আমি এই অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করে এবং কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40—4.50 p.m.]

শ্রী অসিত মাল : স্যার, রাজ্যসরকারের পশ্চিমবঙ্গ কোর্ট ফিজ অ্যামেন্ডমেন্ট বিল যেটা এসেছে আমি শুধু তার বিরোধিতাই নয়, এই হাউসের সকল মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাচ্ছি মাননীয় মন্ত্রী মহাশয় যেন এই বিলটি প্রত্যাহার করে নেন। যাঁরা বোঝেন এবং মাননীয় বিধায়ক যারা আইনজীবী আছেন তাঁরা খুব পরিষ্কারপরিচ্ছন্ন ভাষায় বলেছেন সরকারের যখন মেজরিটি আছে তখন যে কোনো বিল সরকার পাশ করিয়ে নেবেন, কিন্তু আমরা বিরোধীপক্ষ থেকে এই হাউসে বিভিন্ন ক্ষেত্রে সরকারের ত্রুটি-বিচ্যুতির কথা বলি, তাই বলছি আজকে যদি এই বিল বিধানসভাতে পাশ হয়ে যায় তাহলে সারা পশ্চিমবঙ্গের মানুষের চরম ক্ষতি হয়ে যাবে। তাই এই বিলকে নতুন করে ভাববার জন্য এই সরকারের কাছে অনুরোধ করি। মাননীয় বিধায়ক, বুদ্ধিজীবী অরুণাভ ঘোষ মহাশয় খুব সুন্দর একটা কথা বলেছেন অনেক কথার মাঝে যে জুডিশিয়াল শুড নট বি পার্চেজ্‌ড অর সোল্ড। সাধারণ মানুষ বিচার প্রার্থনা করবে, সেই বিচারে প্রার্থনা যেন কেনা-বেচা না হয়। তা যদি হয় তাহলে মানুষ আর বিচারালয়ে যাবে না। শুধু আমরাই বলিনি সরকার পক্ষের অনেক মাননীয় বিধায়কও খুব পরিষ্কার ভাষায় বলেছেন, তারা তো জানেন যে সরকার যদি না থাকে তাহলে তারাও আর মন্ত্রী থাকতে পারবেন না। আবার সামনেই বাজেট সেশান হবে, এখনো সরকারের সাড়ে ৩ বছর সময় আছে হাতে, তাহলে কি প্রয়োজন হল অর্ডিন্যান্স করে এটাকে ইমপ্লিমেন্ট করার ? অর্ডিন্যান্স কথার মানে কী ? এ ক্ষেত্রে আপনি অর্ডিন্যান্স কথার মানেটাকেই মিনিংলেস করে দিলেন। এমন কি ঘটনা ঘটল যে এক মুহূর্তে সময় নেই, এটাকে অর্ডিন্যান্স করে ইমপ্লিমেন্ট করতে হবে। আমি রাজ্যের আইনজীবীদের ধন্যবাদ জানাচ্ছি তারা বাংলার মানুষের স্বার্থে একটা আন্দোলন সংগঠিত করেছেন বলে।

সরকারের ভুল পদক্ষেপকে প্রতিবাদ জানাচ্ছি। সরকারকে অনুরোধ করছি এই সর্বনাশা কাজ করবেন না। এই তো ভাড়াটিয়া বিল নিয়ে অনেক বিতর্ক হল। সেটা কি আপনারা করতে পেরেছিলেন ? আমরা সেই বিল নিয়ে বিতর্কে গিয়েছিলাম। আপনারও নিশ্চিত কোনো সিদ্ধান্তে আসতে পারেননি এবং পরবর্তীকালে সেই বিল আরো আলোচনার জন্য ফেরৎ নেওয়া হয়েছিল। আমরা জানি সরকার দেউলিয়া হয়ে গেছে ভিক্ষার ঝুলি নিয়ে ঘুরে বেড়াচ্ছে। আজকে সেই সব আলোচনার সময় নয়, বিল নিয়ে আলোচনা করতে এসেছি। সেই আলোচনা যখন করব তখন জানতে চাইব এই ৬ বছরে বামফ্রন্ট সরকারকে কেন ভিখারির মতো চলতে হয়, ভিখারির কাছে পয়সা চাইতে হয় ? আপনাদের সদস্যদের মধ্যেও অনেকে এই বিলকে সমর্থন করে বিবেচনার জন্য অনুরোধ করেছেন। আমিও সবিনয়ে বলছি, সারা বাংলার মানুষের স্বার্থে ৫০০ শতাংশ থেকে ১০০০ শতাংশ ফি বাড়ানোর বিষয়টা বিবেচনা করুন। না হলে মানুষের সমস্যা চরমতম জায়গায় পৌঁছে যাবে। এটা করবেন না। তারা এই বোঝা বইতে পারবে না। আজকে এক মাস ধরে সারা বাংলার মানুষের জন্য বুদ্ধিজীবীরা যে আন্দোলন করছেন এটাকে কি গণতন্ত্র বলে না ? আজকে

আপনারা ক্ষমতার জোরে এই বিল পাশ করিয়ে নিতে পারেন কিন্তু তাতে সর্বস্তরের মানুষের রায়কে মেনে নেওয়া হবে না। আপনি মেজরিটির জোরে হাউসে এটা পাশ করাতে পারেন কিন্তু তাহলে গণতন্ত্রের মূল্য কী হল ? আপনার কাছে জানতে চাই হোয়াট ইজ দি ডেফিনেশন অফ ডেমোক্রেসি ? প্লিজ টেল মি ইন দিস হাউস। এটা আপনি বলুন। গণতন্ত্র তাকে বলা হবে যখন মানুষের জন্য বিল, মানুষের জন্য আইন, মানুষের স্বার্থে আইন তৈরি হবে, বিল পাশ হবে। এই বিল, এই আইনে মানুষের ক্ষতি হবে। বিরোধী দল তথা সরকার পক্ষের মাননীয় সদস্যদের বলব এটা ভাবনার সময় এসেছে। এই বিল আজ না হয় কাল পাশ করানো যাবে কিন্তু এটা রেকটিফায়ের দরকার আছে সেটা কেন মানবেন না ? আমরা সাধারণ মানুষ, তফশিলি জাতির মানুষ এমনিতেই সরকারের কাছে বিচার পাই না। তার পর যদি বিচার পয়সা দিয়ে কিনতে হয়, পারচেজ করতে হয় তাহলে বিচারের দরজায় তফশিলি জাতীয় মানুষ, গরিব, শ্রমিক, কৃষক মানুষ আসতে পারবে না। তাই বলতে চাই আপনারা কি ছাত্র আমরা কি হেডমাস্টার যে অ্যানালিসিস করে বোঝাতে হবে ? আপনারা ১ থেকে ১০০, ৫ থেকে ৫০০, ১০ থেকে ১০ হাজার করে দিচ্ছেন। আজকে সরকার দেউলিয়া হয়ে গিয়েছে চলতে পারছে না। অর্থ সংকট মোচনের নিশ্চয় প্রয়োজন আছে। এবং আলোচনার টেবিলে আরো রেভিনিউ কী ভাবে পাওয়া যেতে পারে তা নিয়ে রিসার্চ হতে পারে। কিছু কিছু ক্ষেত্রে হয়তো আপনাকে বাড়াতে হবে। কিন্তু তার মানে এই নয়। একটা মানুষ যখন মৃত্যুর মুখে চলে যায়, কিডনি ফেলিওর হয়ে যায় আরেকটা কিডনি দিয়ে তাকে বাঁচনোর চেষ্টা করা হয়। কিন্তু মানুষকে মেরে মানুষকে বাঁচানোর চেষ্টা করা হয় না। এই কালা-বিল প্রত্যাহার না করলে মানুষের চরম ক্ষতি হবে। তাই হাউসের সভ্যবৃন্দের কাছে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি এই বিল প্রত্যাহার করা হোক।

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই বিলের তীব্র বিরোধিতা করছি এবং আমার এবং অন্যান্য বিরোধী সদস্যদের যারা প্রতিটি সংশোধনী সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। এটা একটা ড্রাগোনিয়ান বিল। আমি বলেছিলাম স্যার, দেখুন, মাননীয় মুখ্যমন্ত্রী নেই আমি বলেছিলাম, যে অ্যাডভোকেট জেনারেলকে, যিনি মাস্টার মাইন্ড, যার ব্রেনচাইল্ড এটা। আইন মন্ত্রী সিনিয়ার তাকে এখানে ডাকা হোক, তার ওপিনিয়ান দিন। বুদ্ধ বাবুর কথাবার্তা শুনে মনে হয়েছে, বুদ্ধবাবু রবীন্দ্রসঙ্গীত গাইছেন, নিশীথে কি গেয়ে গেল মোরে, কি জানি কি জানি আধঘুমে আধ জাগরণে। এই বিলটা স্যার আধঘুমে আর আধ জাগরণে। এই অবস্থায় এসে দাঁড় করিয়েছে। আর এখানে অনেকেই বক্তব্য রাখলেন স্যার, আমি দেখলাম তারা মনে করেছেন ফি আর ট্যাক্স জানে না। নিশীথবাবু আপনি তো জানেন আমাদের সিনিয়ার আপনি। হাইকোর্ট তো পরিষেবা নয়। আপনি বিচার ব্যবস্থাকে বিচার দেওয়াটাকে একটা পরিষেবা মনে করছেন। এটা পরিষেবা নয়, এটা হচ্ছে সেপারেশান অফ পাওয়ার, জুডিশিয়ারি ইটসেলফ ইজ স্টেট। এটাকে মাথায় রাখতে হবে। এটা আপনি দায়বদ্ধ, দায় নয়। হয়তো বলবেন বিধানসভা থেকে রোজগার হচ্ছে না এবং আমাদের পকেট কাটতে আরম্ভ করবেন। তাই কি। অ্যাসেম্বলি চালাতে ১ মিনিট, ১ দিনের অ্যাসেম্বলির খরচ রয়েছে, তাই বলে কি আপনি বলবেন আমাদের টাকা দিতে

হবে, আপনি তো সেখানে যাচ্ছেন আজকে জুডিশিয়ারিকে আপনি বলছেন জুডিশিয়ারি প্রিভিলেজ মার্কেট প্রাইস, হ্যাঁ এখানে যাঁরা বক্তব্য রাখলেন দু-একজন বাদে আপনি বিচারব্যবস্থাকে বিচার বাজার করতে চাইছেন, এখানে বিচার-বাজার যদি আপনি করতে চান, তাহলে আমার আপত্তি নেই। তাহলে এটাই ঠিক রয়েছে। আপনি এটা মাছের বাজার, শাক-সবজির বাজার বিভিন্ন বাজারের সঙ্গে এটা তুলনা করে নেন, আমার তাতে কোনো আপত্তি নেই। কিন্তু আপনি জানেন যে, ইট ইজ ম্যান্ডেটরি অবলিগেশান, কনস্টিটিউশানাল অবলিগেশান। এখানে আপনি বাধ্য। আপনি দেউলিয়া হয়ে গেছেন। আপনি ভাবলেন বুদ্ধবাবুকে হেল্প করি, অসীমবাবুকে হেল্প করি। আপনি ফিটাকে ট্যাক্স করে দিলেন। এটা কী হয়, আপনি কী করছেন। আপনি তো থাকবেন না, আমরা হয়তো থাকব না, কিন্তু আপনি কী চাপিয়ে দিয়ে যাচ্ছেন—এই ড্রাগোনিয়ান একটা বিল এনে একটা অ্যাক্ট করে। আপনি কি ভেবে দেখেছেন। সুপ্রিমকোর্ট বলেছে, সে অপটিম আপনি গ্রহণ করেছেন। সিডিউল ১-এ আপনি চেঞ্জ করেছেন, সিডিউল ২তে আপনি যাননি। আপনি বলেছেন সরকারের বিরুদ্ধে কেস হচ্ছে। আপনি রিটের মতো হেবিয়াস দিচ্ছে। হেবিয়াসে ছাড় দিয়েছেন, আপনি কেন পি.আই.এল এতো ছাড় দেননি। আপনি বলুন জনস্বার্থ মামলা বড় ব্যাখ্যা না। আজকে এখানে অনেকে বললেন ব্যবহারজীবি, আপনি হাসছিলেন, আপনিও তো ব্যবহারজীবী। আপনিও তো দুর্ব্যবহারজীবী, আমাদের স্পিকারও তো একসময় দুর্ব্যবহারজীবী, অ্যাকাউন্ট জেনারেল সেও দুর্ব্যবহারজীবী। বাংলার এখনও আশুবাবু, সবাই এখন বুদ্ধিজীবী হতে পারেননি বলে বড় যন্ত্রণা। সব বুদ্ধিজীবীদের আপনারা সহ্য করতে পারেন না। আজকে ৫২ হাজার উকিল ধাক্কা দিচ্ছে-সামলাতে পারছেন না ঝড়টা। আজকে তাই বুদ্ধবাবুকে আপনি মিসলিড করেছেন, সরকারকে মিসলিড করেছেন, আপনি অপমান করেছেন এদের সকলকে এবং আমাদের সকলকে। অ্যাসেম্বলিকে তো বাড়ি ভাবলে চলবেনা। আপনি কী বলতে চাইছেন। আজকে আপনারা সাম্যের গান গান না, সমাজবাদের কথা বলেন না। ১৮৬৭-৬৮ সালে এই যে একটা ইম্পোজিশানের চেষ্টা করছিল, ডিজেলারি সমাজ যখন, অ্যাডভোকেট, গভর্ণর জেনারেলের কাছে গিয়েছিল, যখন কলকাতা ভারতবর্ষের রাজধানী ছিল। সেই সাম্রাজ্যবাদী ব্রিটিশ তুলে নিয়েছিল, আজ সমাজবাদী নিশীথনন্দন অধিকারী আপনি তুলে নিলেন না। এটা লজ্জার কথা, দুর্ভাগ্যজনক, এটা ভাবা যায়। আপনি এটাকে আনলেন। আজকে প্রশ্ন হল, আজকে আপনি প্রবেট সাকসেশান, মোক্তারনামা, ওকালতনামা, বেল বন্ড-এ অ্যাডজোরণমেন্ট, হাজিরা, কোর্ট পিটিশান, অ্যাডমিশান অফ অ্যাডভোকেট পিটিশান, ক্যাবিয়েট, ম্যাটসটুরিট, কোথায় যাব আমরা। আমি জানি কমিউনিস্ট হিসাবে আপনি যেটা করেছেন, ঠিক করেছেন। তার কারণ, আপনারা জিজিয়া কর বসাচ্ছেন, সাড়ে তিনশো বছর আগে বসান শায়েস্তা খাঁ। এবার কাজির বিচার পিছনে পিছনে পঞ্চায়েতি সালিশি। কোর্টে কেউ যাবেনা, কোর্টে কাউকে যেতে দেওয়া হবে না। আর কোর্টে যাতে যেতে না পারে তারপরেও এসব বন্দোবস্ত আপনি করছেন, এর বন্দোবস্ত আপনি করতে চলেছেন। আমি ভাবিনি, আপনার প্রতি আমি শ্রদ্ধাশীল ছিলাম কিন্তু আমি দেখলাম, আপনি একটা জিদ ধরে বসে রয়েছেন এবং আপনি

কারোর সঙ্গে আলোচনা করার প্রয়োজন বোধ করেননি। কি বিরোধী দল, বিরোধী সমস্ত রাজনৈতিক দল। আমার মনে হয়, আপনি আপনার শরিক দলের সঙ্গে আলোচনা করেছেন এবং তারই মস্তিকপ্রসূত এটি। আজকে বলাই রায়কে এখান ডাকা হল না, আমরা চেয়েছিলাম তাকে, আমরা এই সদনে তাকে শোনাতাম, তার কাছ থেকে ওপিনিয়ান আশা করেছিলাম।

[4-50 to 5-00 p.m.]

Justice should not be delayed, Justice should not be denied, Justice should not be sold.

আপনি বিচার বাজারের বন্দোবস্ত করে বিচার বিক্রি করছেন। এই বন্দোবস্ত আপনি পশ্চিম বাংলার বুকে চালু করতে চাইছেন যা পৃথিবীর কোথাও ছিল না, ভারতবর্ষের কোথাও ছিল না, এমন কি এই বাংলায়ও ছিল না, আগামী দিনেও থাকবে না, অ্যামেন্ডেড হবে। আজকে প্রশ্ন হচ্ছে। It is true that the twin evils that bedevil the legal system at the administration of Justice are the Law's delays and expenses of litigation which have become almost proverbial.

ইতিপূর্বে আমার বন্ধু অরুণাভ ঘোষ বলেছেন, পি. এম. অশ্বনাথনের কেসে সুপ্রিম কোর্ট কি রায় দিয়েছিলেন ? Court-fees should not be become another stifling factor aggravating an already expensive situation.

জাস্টিস কৃষ্ণ আয়ারের রায়কে সেখানে কোট্ করা হয়েছিল—Something must be done, we venture to state, to arrest the escalating vice of burdensome scales of Court-fees.

আজকে আপনি কোন জায়গায় এনে দাঁড় করাচ্ছেন ? বেঙ্গল রেগ্যুলেশনের প্রিয়েম্বলে যেটা ছিল যে, High Court fees-discouragement of litigations, particularly speculative and fabulous varieties.

আজকে সেখানে ১৭৯৫-এর বেঙ্গল রেগুলেশন আপনি জানেন ; লর্ড ম্যাকুলে কি বলেছিলেন; The most eminently absurd Preamble that was ever drawn.

আজকে আমাকে সে কথার পুনরাবৃত্তি করতে হচ্ছে-এখানে আপনি যে বিল এনেছেন, যে অ্যাক্ট করতে চাইছেন, যে অর্ডিন্যান্স করেছিলেন, যে জিনিস এর আগে কোন দিন ঘটেনি তাই ঘটাচ্ছেন, তারই সূত্রপাত করছেন এই সদনে দাঁড়িয়ে। আপনি কোনটাকে ফিস বলছেন। Payment payable for service, state giving service to the people.

এইটা ফিস ? তাহলে মানুষ যখন বিচার চাইবে, তখন সে কোথায় যাবে ? সাধারণ মানুষ সবাই সি পি এম করে না, সবাই আপনাদের মতো নয়। আজকে প্রশ্নটা সেখানে। সাধারণ

গরীব মানুষ কোথায় টাকা পাবে ? ট্যাক্স কাকে বলছেন ? ট্যাক্স হল ; A money must be, must be paid to the State, charged as a proportion of personal income and business profit that are added to the costs of some goods.

আপনি দুটোকে এক করে দিলেন ! আপনি ট্যাক্স এবং কোর্ট ফিস কে আলাদা করে বলছেন না। কোথায় এসে দাঁড়িয়েছেন ! আর্টিকেল ১৩৬ অনুযায়ী ভারতবর্ষের সর্বোচ্চ আদালত আড়াই শো টাকা জমা দিয়ে এস এল পি করা যায়। আর আপনি এখানে কি করেছেন ? অ্যাডভেলোরাম-এ ৫০,০০০ টাকা ফিস দিতে হবে। যে ভদ্রমহিলা ম্যারেজ স্যুট করতে চান তিনি এই টাকা কোথায় পাবেন ? বিচার পাওয়াটা মানুষের ফান্ডামেন্টাল রাইট, কনস্টিটিউশনালি ম্যানডেটরি অবলিগেশন, তাকে আপনারা পরিষেবা হিসাবে দেখাতে চাইছেন ! এর থেকেও আপনি আয় করতে চাইছেন, ট্যাক্স হিসাবে এটাকে দেখতে চাইছেন ! আপনাদের অর্ডিন্যান্সে ভুল ধরা পড়েছে। সিডিউল ওয়ানে ভুল ছিল ধরে নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সিডিউল ওয়ান চেঞ্জ করেছেন। তাহলে আপনি সিডিউল টু রেকটিফাই করলেন না কেন ? সিডিউল টু-তে কমালেন না কেন ? আপনি আপনার জেদ বজায় রাখলেন। আমার বন্ধু অরুণাভ এ বিষয়ে বলেছেন—আশুবাবুর রাগ হতে পারে, কিন্তু তিনি যা করছেন তাতে সরকারকে, গোটা মন্ত্রিসভাকে বেইজ্জত করছেন। আমার বন্ধু অরুণাভ যখন বলেছিলেন তখন আপনারা তাকে বললেন, 'হুমকি দিচ্ছেন ?' না, আমরা হুমকি দিচ্ছি না, বাস্তবের ওপর দাঁড়িয়ে বলছি। ২৬ বছর ধরে বাংলার মানুষকে আপনারাই হুমকি দিয়ে আসছেন। আজকে আপনারা ৫২ হাজার উকিলকে হুমকি দিচ্ছেন, কিন্তু তাঁদের সামলাতে পারছেন না, সামলাতে পারবেনও না। যেখানে সরকারের ম্যানডেটরি অবলিগেশন রয়েছে, কনস্টিটিউশন্যাল অবলিগেশন রয়েছে, সেখানে আমি আশা করব মাননীয় মন্ত্রী, আপনি এই বিল প্রত্যাহার করে নেবেন। এই ড্রাকোনিয়ান বিল আপনি ইনট্রোডিউস করবেন না। এই বিল পাশ করবেন না, এই বিল পাশ করলে কুচবিহার থেকে দক্ষিণবঙ্গ পর্যন্ত বাংলার সমস্ত মানুষ, যারা বিচার আশা করে তারা বিচার পাবেন না। এমনিতেই বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদছে, তাকে আরও কাঁদাবেন না। you must be concentrating on speedy disposal of cases. মানুষকে একটু স্পিডি বিচার দিন। বিচার ব্যবস্থার সেদিকটায় আপনি ঢুকছেন না, মানুষকে একটু রিলিফ দেওয়ার চেষ্টা করছেন না। হঠাৎ মাথায় ঢুকল ট্যাক্স বসাতে হবে, ফিস নয়, ট্যাক্স বসছে। এটা কোর্টে চ্যালেঞ্জ হলে আপনি হেয় প্রতিপন্ন হবেন। আপনি একজন মাননীয় মন্ত্রী হিসাবে হেয় প্রতিপন্ন হোন এটা আমি চাই না। তাই আমি এই বিলের বিরোধিতা করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দি ওয়েস্ট বেঙ্গল কোর্ট-ফিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এসেছে তার উপর আমি এই হাউসে বলতে চাই। স্যার, যেহেতু এই হাউসে নেপালী ট্রানসেলেটর নেই, তবুও আমাদের মাননীয় আইনমন্ত্রী আমাদের মাতৃভাষা ভালো করে বোঝেন বলেই আমি এই হাউসে নিজের ভাষায় বক্তব্য রাখতে চাইছি।

गत एक माहिना देखी एडवोकेटहरूले जुन प्रकार चाहे उनीहरू सी.पि.एमको होम या काग्रैसपक्षको होस या तृणमूल पक्षको होस सबै एडवोकेट हरूले जुन यो कोट वृद्धि माथी तीव्र विरोधीता गरेर यो कोट बन्द गरी रहेको छ र यो उनीहरूको आफनु स्वार्थ हैन। मलाई लाग्छ उनीहरुले विशेष गरेर यो पब्लिकको एउटा हितकी निम्ति लड़ी रहको छा विशेष गरेर यी हाउसमा जति पनि बिलहरू लाऐको छ ति बिलहरूमा पहाड़को हितलाई हेरेर गरेको जस्तो मलाई लाग्दैन र अचानक बँगाल सरकारको यो फिनाँसियल अवस्था किन चै खलास भयो बुझन सवेको छैन र विभिन्न दफ्तरहरूमा येसरी शिक्षा विभाग, हेल्थ विबाग भयोअनि जुडिसियल जस्तो डिपाटमेन्ट जाँहा परिसेवाको भावना राखिन थियो अनि त्यहाँ पनि आज कोट फिस वृद्धि गरेर एउटा रेभिनुय अड़निग सोर्स बनाई रहेको छ यसमा मलाई आश्चर्य लागेको छ। विशेष गरेर याँहा मंत्री महोदयलाई म यही भन्नु चहान्छु कि यो एडभेलोरम कोट फिस एक लाख सम्म मात्र परिबर्तन भरका छन। त्यस पछि एक लाख देखी माथी चै किन परिवर्तन गरेन, यसमा यो मेरी प्रश्न मंत्री महोदय संग रा चहान्छु। यसै कारण यसमा विशेष गरेर मिडल क्लास वर्गका मानिसहरुमा धैरे नै इफेकट पर्न जान्छ, र म आशा गर्छु कि यसमा मंत्री महोदयले निश्चय ने यसको उत्तर मलाई दिनु हुन्छ भन्ने म आशा राख्छु। अनि अर्को दुई नम्बर छ पिटिसन एडजोरमेन्ट एलीकेसन दुई भाग गरेको छ-सिविल र क्रिमिनल कोट। सिबिलमा अनि क्रिमिनलमा पच्यातर पैसा दैखी पाँच रुपैयासम्म बट्टाएको छ तर % को आधारमा हेरनु हो भेन त्यसता धैरे % बट्टेको देखिने छा, र यसमा पनि मंत्री महोदयले विचार गर्नु हुन्छ भन्ने म आशा राख्छु। र विशेष गरेर चौतिस वेसमा धैरे नै मानिसहरुलाई पकड़े र लेउछ, उनीहरुलाई चौतिसको वेसमा पनि धैरे वृद्धि भरको यस बिलमा छ र म मंत्री महोदयलाई यही नै भन्नु चहान्छु कि ज्युडिसियल एउटा रेभिनुय अड़निग सीर्स न हेरेर परिसेवाको भावनामा लिगल सरभिसेस ओथोरिटी पनि बनेको छो तर डिसट्रिक्ट वाइस अनि सब-डिभिजन वाइसमा यसेल सुचारु रुपले काम गरेको छैन अनि तपाइहरुले जुन प्रकारले विकल्प सोच्नु भरको छ पँचायात लेबल मा ब्लाक लेबलमा कोठहरु वनिने तर पहाड़मा आज छ वर्ष बिनेर गयो तर मिरिकमा, गुरुबाथान, तवदा, अनि मंगपुमा बनिने ब्लाक लेबल कोठहरु अहिले बनिनु सकेको छैन, र यसरी कोट न हुनुको कारणेल अनि यसरी कोट फिसहरुमा वृद्धि भरकोले गर्दा साधारण मानिसहरुलाई धैरे अपटेड़ो जान्छ, र म मंत्री महोदयलाई फेरी मेरो अनुरोध छ कि यस विषयमा फेरी तपाईहरुले विचार गर्नु हुन्छ भन्ने म आशा रख्छै म मेरो वक्तव शेष गर्नु चहान्छु।

মিঃ ডেপুটি স্পীকার : এটা ৫টার সময়ে শেষ হওয়ার কথা ছিল, কিন্তু দেখছি আরো ১ ঘন্টা সময় বাড়ানো দরকার। সুতরাং হাউসের মতামত নিয়ে আমি আরো ১ ঘন্টা সময় বাড়িয়ে দিলাম।

[5.00-5.10 p.m.]

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দি ওয়েষ্ট বেঙ্গল কোর্ট-ফিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এর বিরোধিতা করছি এবং আমাদের আনা যতগুলি অ্যামেন্ডমেন্ট আছে তার স্বপক্ষে আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বিলটা নিয়ে আসা হয়েছে এই বিলে দুটো অবজেকটস এ্যন্ড রিজিন্স দিয়েছেন। ১ নম্বর কাজ

হচ্ছে, ৩২ বছর ধরে কোন অ্যামেন্ডমেন্ট হয়নি কোর্ট-ফিসের, সেইজন্য এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। আর দুনম্বর হচ্ছে, infrastructure for maintaining Justice delivery system infrustructural expenses.

অনেক বৃদ্ধি পেয়ে গিয়েছে এবং সেইজন্যই এই এ্যামেন্ডমেন্ডগুলি নিয়ে আসা হয়েছে। আমি প্রথমেই বলি, ভারতবর্ষের সংবিধান তিনটি জায়গার ওপরে দাঁড়িয়ে আছে জুডিশিয়ারি, লেজিসলেটিভ, একজিকিউটিভ। আজকে Justice delevery system basic feature of the constitution.

সেটা হচ্ছে বেসিক ফিচার অফ দি কনস্টিটিউশন। সেই বেসিক ফিচার অফ দি কনস্টিটিউশান বলে Justice is not a comodity, the consideration of which can be increased on the basis of price index in the market.

যেহেতু দাম বেড়ে যাচ্ছে সেই দাম বেড়ে যাবার জন্য জাস্টিসটাকে একটা কমোডিটি প্রোডাকটের মধ্যে ট্রান্সফর্ম করা যায় না। এইজন্য কোর্ট ফিস এর কোন অ্যামেন্ডমেন্ড করা যায় না। স্যার, এখানে বলছে যে, বত্রিশ বছর ধরে কোর্ট ফিস এর কোন অ্যামেন্ডমেন্ড হয় নি। স্যার, আমি আপনার মাধ্যমে হাউসকে জানাই, মাননীয় মন্ত্রী মহাশয় একথা বলে হাউসকে মিসলিড করার চেষ্টা করেছেন। ১৯৮৫ সালে পেজ নাইনটিন কোর্ট ফিস বিলে পেজ নাইনটিন সাব-ক্লজ থ্রি, ক্লজ থ্রি সিডিউল টু, সিরিয়াল নাম্বার থার্টিন (।।) বি এ্যান্ড সি হাইকোর্টে এ্যাপিলের ক্ষেত্রে এবং পেজ টোয়েন্টি ওয়ান অ্যান্ড সেভেনটিন হাইকোর্টে রিট এর ক্ষেত্রে ১৯৮৫ সালে অ্যামেন্ডমেন্ড করা হয়েছিল। সেই অ্যামেন্ডমেন্ড করে সাতাশ টাকা ছিল, সাতাশ টাকা থেকে একশো টাকা করা হয়েছিল। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় হাউসকে মিসলিড করেছেন এই কথা বলে যে বত্রিশ বছর ধরে কোন এ্যামেন্ডমেন্ড হয় নি। আজকে যে এ্যামেন্ডমেন্ড গুলি করা হচ্ছে সেই অ্যামেন্ডমেন্ডগুলি আর কিছু নয়, কোর্ট ফিস অ্যাক্টের যে সিডিউলটা রয়েছে, সেই সিডিউলটাকে অ্যামেন্ডমেন্ড করা হচ্ছে। অত্যন্ত দুর্ভাগ্যজনক ব্যাপার, মাননীয় মন্ত্রী গোটা সিডিউলটা অ্যামেন্ডমেন্ড করলেন কিন্তু আইনটার দিকে দেখলেন না। সেকসান ২৩ অফ দি কোর্ট ফিস এ্যাক্ট, সেখানে বলছে Nothing contained in this act shall render the following documents chargeable with any fee. বেল বন্ডস। বেল বন্ডের ক্ষেত্রে কোন রকম কোর্ট ফি করা যায় না,সেখানে স্ট্যাটুটারি বার রয়েছে সেকসান ২৩ (IX) এ। কিন্তু মন্ত্রী মহাশয় বেল বন্ডের ক্ষেত্রে এই রকম একটা চার্জ বা রেট অফ ফিস নিয়ে এলেন। সেখানে১০ টাকা করে বেল বন্ডের ক্ষেত্রে কোর্ট ফি চার্জ করা হলো। ওরিজিন্যালি সত্তর সালে যখন আইনটা আসে তখন বেল বন্ডসে ৭৫ পয়সা করে কোর্ট ফিস চার্জ করা হয়েছিল। কিন্তু সাতাত্তর সালে বামফ্রন্ট সরকার আসার পর বেল বন্ডের টাকাটা তুলে দিয়েছিলেন। আজকে আবার সেটা রি-ইন্ট্রোডিউস মাননীয় মন্ত্রী মহাশয় করলেন। এবারে আমি আসছি সেকসান ২৩(।।)তে সেখানে বলছে, This written statement called for by the Court after the first hearing of a suit. রিটিন স্টেটমেন্টের ক্ষেত্রেও কোন রকম কোর্ট ফিস চার্জ

করা যায় না। বিরাশি সালের সুপ্রিম কোর্টের কেসেস পেজ ২৪৭এ বলেছে। It is settled law that the question of Court fee must be considered in the light of the allegation made in the plaint and its decision can not be influenced either by the please in the written statement or by the final decision of the suit on merits. অতএব রিটিন স্টেটমেন্টের ক্ষেত্রে কোন রকম কোর্ট ফিস চার্জ করা যায় না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি। সিডিউল (।), সিরিয়াল নং ১ এ মন্ত্রী মহাশয় রিটিন স্টেটমেন্টের ক্ষেত্রে কোর্ট ফিস দশ টাকা করে চার্জ করেছেন। রিটিন স্টেটমেন্ট এবং বেল বন্ডসের ক্ষেত্রে যে কোর্ট ফি চার্জ করা হলো সেটা মেন স্ট্যাটুটের সেকসান ২৩তে বার্ড রয়েছে। সেখানে তার বাইরে গিয়ে উনি চার্জ করলেন। তারপর উনি বলছেন, বত্রিশ বছরে ইনফ্রাস্ট্রাকচারাল কস্ট যা বেড়েছে তরাজন্য কোর্ট ফিস ইনক্রিস করা হচ্ছে। এই যুক্তিগুলি যদি মেনে নেওয়া হয় বত্রিশ বছর ধরে ইনক্রিস করেছে বলে করা হচ্ছে। বত্রিশ বছর আগে স্যুটের ভ্যালু তো ১০০ টাকা থাকতে পারে না, সেই প্রপার্টির ভ্যালু কমপক্ষে ৩২০০০ টাকা হবে যদি রেসিপ্রোকাল ভাবে করেসপন্ডিং অ্যামেন্ডমেন্ড করা হোত, ১০০০ টাকার জায়গায় যদি ৩২০০০ টাকা থাকতো তাহলে আমাদের কোন বক্তব্য থাকতো না। কিন্তু আজকে দেখা যাচ্ছে মেন জায়গাটা এক জায়গায় রাখা হলো বত্রিশ বছর স্যুট প্রপাটির ভ্যালু ইনক্রিস করে গিয়েছে, সেই স্যুট প্রপার্টির ভ্যালু করেসপন্ডিং রেটে কোর্ট ফিসটা ইনক্রিস করা হয়নি। আমরা দেখতে পাচ্ছি, এবারে নতুনভাবে কোর্ট ফি বিল আলোচনার জন্য নিয়ে আসা হয়েছে। সেখানে নতুন দুটো ইনক্লুড করা হয়েছে পেজ ১৯, ক্লজ ৩, শিডিউল ২ সিরিয়াল নাম্বার ১০ এবং ১১তে, একটা হচ্ছে এ্যাডজোনমেন্ট এ্যাপ্লিকেশন, আর একটি হচ্ছে হাজিরা ইন সিভিল কোর্ট। এই দুটো ক্ষেত্রে কোনদিন কোর্ট ফির কোন ব্যবস্থা ছিল না, এবারে ইন্ট্রোডিউস করা হচ্ছে। হাজিরা কেন হয় ? একজন মামলা করলে তার বিবাদি দল থাকে এবং তাকে কোর্টে হাজির হতে হবে, এটা কমপালশন। কিন্তু এখন হাজিরা দিতে কোর্টে গেলে কোর্ট ফি দিতে হবে। এটা সংবিধানবিরোধী, এখানে রাইটকে টেকন এ্যাওয়ে করা হচ্ছে। দেখতে পাচ্ছি, বিলে যেভাবে ডিস্ট্রিবিউশন অফ কোর্ট ফি করা হয়েছে, যে রেট ইন্ট্রোডিউস করা হচ্ছে, সেটা টোটালি আর্বিট্রারি এবং আনরিজনেবল। একটা ডিসপ্রপোরসনেট কোর্ট ফি ইন্ট্রোডিউস করা হচ্ছে। ৩২ বছরে ইনফ্রাস্ট্রকচারাল কষ্ট বেড়েছে এটা ঠিক, কিন্তু ফি-টা প্রপোরসনেটে করুন। ইউ আর মেকিং জাস্টিস ইলুসরি। এক্ষেত্রে একটা কল্পনার জায়গা থেকে যাচ্ছে। একটু আগে রবীন দেব মহাশয় বলছিলেন যে, বড়লোকরা নাকি কোর্টে যান। বড়লোকেরা কিন্তু কোর্টে যাচ্ছেন না, তারা সি.পি.এম. বিধায়কদের কাছে যাচ্ছেন এবং তাদের জায়গা দেবার জন্য আপনারা জায়গা করে রেখেছেন। পশ্চিমবঙ্গে সাধারন মানুষ যারা কোর্টে যাচ্ছেন তারা পুলিশের দ্বারা নির্যাতিত হয়ে কোর্টে যাচ্ছেন, এ্যডমিনিস্ট্রেশন দ্বারা নির্যাতিত হয়ে কোর্টে যাচ্ছেন, মন্ত্রীদের দ্বারা যারা নির্যাতিত হচ্ছেন তাদের কোর্টে যেতে হচ্ছে। নির্যাতিত মানুষদের কোর্টে যেতে হয়। ফান্ডামেন্টাল রিট এর ক্ষেত্রে যেভাবে ফি বেড়েছে, আগে ১৭ টাকা ছিল, ১৯৮৫ সালে ১১০ টাকা হল, এখন সেটা ২০০ টাকা করে ফি দিতে হবে, ২০০

টাকা না দিলে রেস্টোরেশন ফাইল হবে না। শিডিউল ১টা দেখুন, সেখানে নতুন নতুন জায়গা নিয়ে এসেছেন। মাননীয় মন্ত্রী একটা ধ্যান-ধারনা নিয়ে এসেছেন যে, কোর্ট ফি বাড়ান হয়নি। কিন্তু এ্যানালিসিস করলে দেখা যাবে, নীচু স্তরে ১,০০০ টাকা থেকে আরম্ভ করে ১ লক্ষ ৮০ হাজার টাকা পর্যন্ত, সেখানে কোর্ট ফি ২০ পারসেন্ট থেকে ৩০ পারসেন্ট বাড়ান হয়েছে, ১ লক্ষ টাকার উপর গেলে কোথাও ডবল কোথাও ট্রিপল করা হয়েছে ২০০ পারসেন্ট পর্যন্ত বৃদ্ধিটা চলে যাচ্ছে। ১লক্ষ টাকার উপর হলে ২,৪৭৫ টাকার জায়গায় ৬,৩৮০ টাকা করা হয়েছে। ৫ লক্ষ পর্যন্ত ছিল ৫,৫১২ টাকা, সেটা হয়েছে ১৯,৯৮০ টাকা। ১১ লক্ষের উপর হলে কোর্ট ফি ছিল ১০ হাজার টাকা, এখকন ২৫ হাজার ৯৮০ টাকা করা হয়েছে। দেখা যাচ্ছে, ২৫০ থেকে ৩০০ পারসেন্ট কোর্ট ফি ইনক্রিজ করা হয়েছে। সাধারন মানুষ যদি কোন স্যুট প্রপার্টির এ্যাপিল করতে চায়, শহরাঞ্চলে যদি কোন ভ্যালুয়েশন ১২ থেকে ১৫ লক্ষ টাকা হয়, জেলা শহরে সেটা ১০ থেকে ১২ লক্ষ টাকা হবে। তাহলে কোন মধ্যবিত্তের জন্য এটা করা হয়েছে ? নতুন নতুন ক্লজ ইনক্লুড করে এই জায়গাগুলি বাড়াবার ব্যবস্থা করা হয়েছে। অ্যাপ্লিকেশন অফ রিভিউ জাজমেন্টে দেখুন, সেখানে ইক্যুয়াল ফি দিতে হচ্ছে। স্যুট ফাইল করতে যদি লাগে ২৫ হাজার টাকা, তাহলে রিভিড ফর জাজমেন্ট করতেও লাগবে২৫ হাজার টাকা। দেখতে পাচ্ছি, এভাবে রাইটকে টেকন এ্যাওয়ে করা হয়েছে। এবং এটাকে টোটালি ইলুসরি করা হয়েছে। ওকালতনামার ক্ষেত্রে আগে ছিল ৫ টাকা, এখন করা হয়েছে ২০ টাকা। সবচেয়ে বড় কথা, পেজ ১৮, ক্লজ ৩য়ে দেখুন, সেখানে পরিস্কার বলা আছে, Mukhtamama, Vokalatnama or any paper signed by an advocate signifying or intimating that he is retained for a party. আগে যা হত, পাঁচজন মিলে যদি কোন মামলা করতো তাহলে একটা ওকালতনামায় হয়ে যেতো এবং তার রেট ছিল ২ টাকা।

[5.10—5.20 p.m.]

আজকে সেখানে ভোকালতনামা করা হচ্ছে ২০টাকা করে। ৫ জনকে যদি মামলা করতে হয় দেখা যাবে ৫ জনকে ২০ গুনিতক ৫, মোট ১০০ টাকা তাদের কোর্ট ফি দিতে হচ্ছে।আমি জানিনা আপনাদের এখানে সি.পি.এম- এর কোন আইনজীবী আছেন কিনা নিশিথ অধিকারী ছাড়া। আমি জানিনা আপনাদের কাছে সত্যি করে শ্রমিকরা আসে কিনা কোর্ট রেন্ডার জেট জাসটিজ পাওয়ার জন্য। আমি জানিনা আপনাদের কাছে কোন দিন ১০০ থেকে ২০০ পশ্চিমবাংলার শোষিত শ্রমিক এসেছে কিনা কোর্টে জাসটিজ পাওয়ার জন্য। এখন ১০০ লোক বা শ্রমিক একসঙ্গে কোর্টে গেলে ৫ টাকা দিয়ে ভোকালতনামা করাতে পারতো, ১০০ টা লোক ৫ টাকা দিয়ে মামলা করতে পারতো, আজকে সেখানে ১০০ গুনিতক ২০ মোট ২০০০ টাকা শোষিত শ্রমিককে কোর্ট ফি দিয়ে মামলা করতে হবে। এখানে একটু আগে একজন বলে গেলেন চিত্তরঞ্জন দাসের কথা। উনি অনেক শ্রদ্ধেয় ব্যক্তি, অনেক বড় ব্যক্তি, তাঁর প্রতি আমি শ্রদ্ধা জানাই। আমাদের মধ্যে কেউ চিত্তরঞ্জন দাস হবে না। কিন্তু আপনাদের মধ্যে হয়েছেন। আপনাদের এক আইনজীবী ত্রিপুরায়

এডভোকেট জেনারেল হয়েছেন। আর পশ্চিমবাংলায় কলিকাতা হাইকোর্টে সোম থেকে শুক্রবার মানুষের কাছ থেকে কি নিয়ে অন্তত প্রতিদিন ১ লক্ষ টাকা করে রোজগার করে যাচ্ছেন। চিত্তরঞ্জন দাসের উদাহরন দিলেন আপনারা ? আপনারা বলেছেন বুদ্ধিজীবীদের সম্পর্কে। আপনাদের কোন ধারণা নেই বুদ্ধিজীবীদের সম্পর্কে। নিশিথবাবুর ছেলে আইনজীবী হয়েছেন। পারবেন তো বলতে নিশিথবাবুর সঙ্গে গিয়ে ওনার ছেলেকে বলতে দুরব্যবহারজীবী ? নিশিথবাবুকে তেল না মেরে যান, গিয়ে বলুন নিশিথবাবুকে আপনার ছেলে বুদ্ধিজীবী নয় দুরব্যবহারজীবী। ক্ষমতা থাকে আজকে গিয়ে বলেন আসুন। দেখবেন আপনাকে আর কাল থেকে এ্যাসেম্বলীর সিট দিচ্ছে না। স্যার আপনি দেখুন প্রতিটি জায়গায় যে সমস্ত রেট গুলো ফাইল করা হয়েছে। পেজ ২০-তে whether the Part is under Section 145(b) of the Banking Regulation Act. যেটা ১০০ টাকা ছিল সেটা ৫০০ টাকা করে দেওয়া হয়েছে। প্রতিটি জায়গায় দেখুন রেটটা কি ভাবে বাড়ানো হয়েছে। সাকসেশান সার্টিফিকেটের ক্ষেত্রে অরুনাভবাবু বলেছেন যে কি ভাবে কি রেটে সাকসেশান সার্টিফেকেট বাড়িয়ে দেওয়া হয়েছে। প্রতিটি আইটেম অনুযায়ী সার্টিফিকেট বাড়ানো হয়েছে। এখানে একজন বলে গেলেন অরুনাভ ঘোষ ভারসেস বার কাউন্সিলের মামলা। দয়া করে একটু আইনটা পড়বেন। জাজমেন্টটা দেখবেন এই মামলার, বার কাউন্সিল স্ট্রাইক ডাকতে পারবে না বলে সুপ্রিম কোর্ট হাই কোর্ট কোন রায় দেয় নি। রায় দিয়েছিল, যদি কোন স্ট্রাইক ডাকা হয় সেখানে সেই স্ট্রাইকে যদি কোন লইয়ার পার্টিসিপেট করে তাহলে বার কাউন্সিলের রায়ের বিরুদ্ধে পিউনিটিভ স্টেপ নিতে পারবে না। আইনে এটা বলা আছে। দয়া করে আইনটা একটু পড়ুন, আইনটা পড়ে তারপর এই সমস্ত কথা বলবেন। আজকে লইয়ারস আর ইন স্ট্রাইক ফর দি পিপল। লইয়াররা নিজেদের জন্য স্ট্রাইক করছে না, লইয়াররা আজকে স্টাইকে রয়েছে পিপল এট লার্জ, পাবলিকের জন্য করছে মনে পড়ে সেই দিনকার কথা যে দিন সি.পি.এম এর লইয়ারকে কে.এল.ও শিলিগুড়িতে মেরেছিল ? সেই দিন বার কাউন্সিল এবং সারা পশ্চিমবাংলার লইয়ারা স্ট্রাইক করেছিল। সি.পি.এম পার্টির লইয়ারকে মেরেছিল বলে স্ট্রাইক করেছিল। তৃণমূল কংগ্রেস বা কংগ্রেসের লইয়ারদের মারার জন্য নয়। লইয়াররা সব সময়ই প্রোটেস্ট করে গিয়েছে। মনে পড়ে সেই দিনকার কথা, সেই সময় তখন এমারজেন্সী চলছিল তখন আপনারা বাড়ির মধ্যে ঢুকে বসে ছিলেন, গর্ত্তের মধ্যে ঢুকে বসে ছিলেন আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু, সেই দিন এমারজেন্সীর সময় রাজপথ দিয়ে হেঁটেছিল লইয়াররাই। আজকের দিনের কথা নয়। মনে পড়ে সেই দিনের কথা, ১৯৯৯ সালে অটল বিহারী বাজপেয়ীর মন্ত্রী সভা সিভিল প্রসিডেয়োর কোড অ্যামেন্ডমেন্ট করেছিলেন সেই দিন অল ইন্ডিয়া বেসিসে লইয়ারাই স্ট্রাইক করেছিল। আপনাদের মতো বিধায়করা স্ট্রাইক করেন নি। হুগলীর কোন প্রান্তে পশ্চিমবাংলার কোন প্রান্তে লইয়ারদের স্ট্রাইক ভাঙবার ক্ষমতা আপনাদের নেই। আপনারা মস্তানি করবেন আপনাদের পার্টি অফিসে বসে। আপনাদের পার্টি অফিসে বসে লইয়ারদের বিরুদ্ধে মস্তানী করতে পারবেন না। কোন কোন লইয়ার আজকে কোর্টে যাচ্ছে। যারা কোর্টে যাচ্ছে তারা হলো নিশিথবাবুর তৈরী করে দেওয়া প্যানেল লইয়ার। সেই সমস্ত লইয়াররা স্টেট গর্ভমেন্টের টাকা না পেলে কেরোসিন থেকে গাড়ির পেট্রল জুটবে না। সেই সমস্ত লইয়াররা

আজকে কোর্টে যাচ্ছে। আমজনতা লইয়ার, পশ্চিমবাংলার সমস্ত লইয়ার এই স্ট্রাইকের মধ্যে পার্টিসিপেট করছে। তাই আমি আবার নিশিথবাবুকে বলবো আপনি ভাল করে ভাবনা-চিন্তা করুন। বেল বন্ডের ক্ষেত্রে বন্ধ করুন, ভোকালতনামা হাজিরার ক্ষেত্রে বন্ধ করুন, রিটিন স্টেটমেমেন্টের ক্ষেত্রে বন্ধ করুন এবং রেট অফ সিজ ফিজ যে গুলো করেছেন সেই রেট অফ সিজ ফিজ কমান। তা না হলে আগামী দিনে এটা বন্ধ করতে পারবেন না। আপনার মতো একজন আইনজীবীর হাতে আইন থাকা সত্বেও জাসটিসকে এমন একটা জায়গায় নিয়ে যাচ্ছেন সেটা ভাবা যায় না। নিশিথ অধিকারীর জন্য পশ্চিমবাংলার বিচার ব্যবস্থাকে বিক্রির জায়গায় নিয়ে গেছেন, It has been made saleable because of the initiative of Nishit Adhikari. যাঁরা জীবনে কোন দিন পুরুলিয়ার সেসান কোর্ট ছাড়া অন্য কোন জায়গায়, কলিকাতা হাই কোর্টে এ্যান্টিসিপেটরী বেল ছাড়া অন্য কোন ক্লায়েন্টের দেখার সৌভাগ্য হয় নি।

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত সংশোধনীর বিরোধিতা করে বিলটি প্রস্তাবের জন্য রাখছি।

(এই সময়ে তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস সদস্যরা ওয়েলের দিকে ছুটে যান।)

এই অবস্থার মধ্যে এই বিলটি আনতে হয়েছে এইকারনে যে এ ছাড়া কোন উপায় ছিল না। এইকথা বলে এই বিলকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সংশোধনীর বিরোধিতাকরে আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

(এই সময়ে তৃণমূল এবং কংগ্রেস একসঙ্গে ওয়াক আউট করেন।)

মিঃ স্পীকার : নিশীথ বাবু, আপনি বলুন।

[5.20—5.30 p.m.]

শ্রী নিশীথ অধিকারী : স্যার, আমি এই বিলটি এনেছি। বিলটি লক্ষ্য করে দেখবেন আমাদের এখানের শরিক দলও এর উপরে বক্তব্য রেখেছেন। বিভিন্ন আইনজীবী সংগঠন তারাও আমার কাছে বক্তব্য রেখেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এগুলো বিবেচনা করার জন্য এবং আমি বিবেচনা করেই এই বিলটি এখানে রেখেছি। এই বিলটিতে সব কটাই রাখা আছে, আলাদা করে বলার কিছু নেই। একটা অনিবার্য পরিস্থিতিতে এটা আমাদের করতে হয়েছে। যেটা শুধুমাত্র বলার দরকার সেই জায়গায় পড়ে দিচ্ছি। কিন্তু তার আগে বলছি যে, সুপ্রিম কোর্ট স্পেশাল ডিরেকশান দিয়েছে যে শেঠি কমিশনের সিদ্ধান্ত কার্যকরী করতে হবে। সেই সিদ্ধান্ত কার্যকরী করতে গিয়ে "The entire expenditure on account of the recommendation of the Setty Commission as accepted be borne by the respective States." তার মানে আমাদের করতে হবে কি It is for the State to increase the Court-fees to approach the

Finance Commission. They can mobilise their own resources in order to meet the financial obligation. ফলে এইরকম একটা অবস্থার পরিপ্রেক্ষিতে এই কাজ করতে হয়েছে। আমি আগেই বলেছি ১৯৭০ সালে যে বাজেট দেখা যাচ্ছে তাতে মাত্র ৩ কোটি ৫ লক্ষ টাকা খরচ ছিল। এখন সেটা দাঁড়িয়েছে ১৫৩ কোটি ৭৫ লক্ষ টাকাতে। এখন শেঠি কমিশনের সুপারিশ এখানে কার্যকরী করতে গেলে আরো ১৫ গুন যোগ এই টাকাটা আয়ের মোট ৩০ কোটি হবে। অথাৎ ব্যয়ের থেকে ৫ ভাগের ১ ভাগ হবে। এই ৫ ভাগের ১ ভাগ যদি হয় এবং আমাদের যে শেঠি কমিশনের রিপোর্ট কাজে লাগাতে চেষ্টা করি তাহলে ৪৫ গুন বাড়াতে হবে। আমাদের গত ৩০ বছরে মূল্যমান ১১গুন বেড়েছে। ফলে আমরা সেটা নজর রেখে একসঙ্গে ৪৫ গুন না বাড়িয়ে আমরা প্রথমে বলেছি ৫গুন বাড়ানো হোক। সেই কারণে ৫ গুনের মতো তৈরী করা হয়েছে। কিন্তু যখন দেখা গেছে ৫ গুন বাড়ালেও We are treating the unequals as equals.

আমরা তা করতে পারি না। সেইজন্য সেটার স্ল্যাব আলাদা আলাদা করে দিচ্ছি। গরীব মানুষ যারা অল্প পয়সার মানুষ তাদের যাতে খরচ কম হয় সেটা দেখতে হবে। এইক্ষেত্রে জানতে হবে যে, ১৯৭০ সালের পরে এখানে লিগ্যাল সার্ভিস এ্যাক্ট এসেছে।

[5.20 to 5.30 p.m.]

আর্টিকেল ৩৯(এ) পরিবর্তিত হয়েছে। আর্টিকেল ৩৯(এ) আমাদের সঙ্গে সংযুক্ত হয়েছে। আর্টিকেল ৩৯(এ) আমাদের কখনই এই কথা নয় যে বিনা পয়সায় বিচার। আর্টিকাল ৩৯(এ) মানে হচ্ছে যে সম সুযোগের ভিত্তিতে বিচার। টাটা বিড়লা ডালমিয়া সিংহানিয়া এবং গ্রামের একজন গরীব মানুষ দুইজনকে এক জায়গায় বিচার করা। কিন্তু এক জায়গায় নিয়ে আসাটা কিন্তু বিচার নয়। সেইজন্য আমরা বলেছি, সুপ্রিম কোর্টও এই কথা বলেছে, আমাকে ওরা তো পড়তে দিলেন না, ৮৯-তে সুপ্রিম কোর্টের ডিসিসান হয়, দোজ হু হ্যাভ লেস ইন লাইফ মাস্ট হ্যাভ মোর ইন কোর্ট। দোজ হু হ্যাভ মোর ইন লাইফ মাস্ট হ্যাভ লেস ইন কোর্ট। এই যে অবস্থাটা দেখে আমরা এটা বলেছি, আমরা এমনভাবে তৈরী করেছি যাতে সম সুযোগের ভিত্তিতে মানুষেরা বিচার পায়।আমরা লিগ্যাল সার্ভিসেস এ্যাক্ট চালু করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, কমে গেলে এটা যদি কমে যায়, আমাদের এই বিলে যদি কমে যায় তাহলে তাকে ফেরৎ দেবার বন্দোবস্থ করতে হবে। এই বিলে সেই বন্দোবস্থ আছে। একটা প্রচন্ড ভুল ওরা করেছেন, ওরা ভাল করে বেল বন্ডটা পড়েনি, বেল বন্ডে কখনই ক্রিমিনাল কেস-এ টাকা দিতে হয়না। এটা আইনে আছে। ফলে এটা যেটা করা আছে সেটা সিভিল কেস এর জন্য। ক্রিমিনাল প্রসিডিওর কোড ১০৭ এতে ক্লিয়ার করে বলা আছে, আমরা পরবর্তী কালে যখন এটা করবো তখন ঠিক করে নেবো। সেকশান ৪৭তে স্পেশাল পাওয়ার দেওয়া আছে যে কোন কোন ক্ষেত্রে আমরা ছাড় দিতে পারি, যে ছাড় দেওয়ার ক্ষেত্রে আমরা নিশ্চিত এই যে হাজিরার ক্ষেত্রে যেটা বলা হয়েছে, মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন, আমরাও নিশ্চিত সেই অনুযায়ী আমরা নিশ্চয় বন্দোবস্থ করবো। অ্যাডজোর্ণমেন্ট এর ক্ষেত্রে করা অসুবিধা আছে, আপনারা নিশ্চয় বুঝতে

পারছেন। যেই অ্যাডজোর্ণমেন্ট হচ্ছে একটা জায়গায়, সেটাকে দেখিয়ে আমাদের যেটা সাধারণ বিচার প্রার্থীরা তারা সবচেয়ে বেশি হয়রানি হয় এবং তারা পয়সা দিয়ে হয়রানি বারে বারে হয় এবং অ্যাডজোর্ণমেন্টটা বারে বারে হয়, ফলে আমরা অ্যাডজোর্ণমেন্ট এর মধ্যে সেই রকম যাচ্ছি না। একটা নিশ্চিতই হাজিরার ক্ষেত্রে আমরা চিন্তা করছি আর এই যেটা বেল বন্ড এর ক্ষেত্রে স্পেশালি যদি আমাদের লিখে দিতে হয় নোটিফিকেশান দিয়ে আমাদের তুলে দিতে হয় যে ক্রিমিনাল কেসের ক্ষেত্রে যদিও ঐ আইনে নেই, আমাদের সেকশান ২৩ এতে স্পেশিফিকালি বলা আছে, যদি জেলের ভিতরে লোক থাকে তাকে পয়সা দিতে হবে না। এটাও বলা আছে। তবে যদি বেল বন্ড হয় ক্রিমিনাল কেসে সেখানেও পয়সা দিতে হবে না। এ রকম আসল আইনে যেটা মূল আইন, সেটায় সেখানে যদি লেখা থাকে, সিডিউলে যেটা বলা আছে সেটাকে একসঙ্গে পড়তে হবে। একসঙ্গে পড়ার মত অবস্থাটা ওরা করেননি। আমরা নিশ্চয় জানি এবং সেই মোতাবেকে বন্দোবস্থ হবে, এই কথা বলে যারা আমাদের এই বিলকে সমর্থন করে আমাদের যে কাটমোশানগুলি এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : মিঃ অধিকারী, বিলে কোন কাট মোশান হয় না, অ্যামেন্ডমেন্ট হয়।

শ্রী নিশীথ অধিকারী : আমি অ্যামেন্ডমেন্টগুলির বিরোধিতা করছি।

মিঃ স্পীকার : মূল কোয়েশ্চেন এখানে হচ্ছে, মিঃ অধিকারী ইন কোর্ট ফিজ, মূল অবজেকটিভ হচ্ছে, ডেলিভারী অফ জাস্টিস মেইন অবজেকটিভ এটা। ডেলিভারী সিস্টেম আমাদের দেশে শুধু পশ্চিমবাংলায় নয়, সর্ব ভারতীয় স্তরে এটা ভেরী ডিফেকটিভ। মানুষ কোর্টে মামলা ফাইল করে তার কখন বিচার হবে, সে জানেনা। সে কোর্ট ফি জমা দিচ্ছে, ধরুন ৫ হাজার, ১০ হাজার টাকা জমা দিলো, কিন্তু সে কখন রায় পাবে—১০,২০,৩০ বছর পারে সে জানেনা, আন সার্টেন্টি। তাই এই যে মূল্য দিলো তার এমন কিছু ভ্যালু পাওয়ার কথা, তার ভ্যালু সে এ্যাসেস করতে পারেনা-আনসার্টেন! যে কোন প্রোডাকটে একটা মূল্য থাকে, যেটা ধার্য্য হয়, কিন্তু তার ভ্যালু তো ফেরৎ পেতে হয়। জুডিসিয়াল সিস্টেমের ব্যাপারে একটা আনসার্টেন্টি আছে, এটা কি ভাবে সার্টেন করা যায়, এই দিকে একটু দৃষ্টি দেওয়া দরকার। আমার নিশ্চিত বিশ্বাস আছে, যে মানুষের কিছু বাড়তি কোর্ট ফি দিতে আপত্তি থাকবেনা। ইফ দি জাস্টিস ডেলিভারী সিস্টেম ক্যান বি গ্যারান্টেড। এ গ্যারিন্টি কেউ দিতে পারছে না। প্রসিডিউরাল ফ্লজ এর জন্য কিছু কমপ্লিকেটেড হয়ে যাচ্ছে অনেক ডিলেড হয়। হাউ দ্যাট ক্যান বি কার্টেলড ? আরো দ্রুত কি ভাবে বিচার করা যায় সেটা দেখতে হবে। আসামী হাজতে আছে, গরীব লোক জামিন নিতে পারেনা, বিচার হয়না। যাচ্ছে আসছে, ফলে পরিবারবর্গ খুবই অসুবিধার মধ্যে পড়ছে। ফার্স্ট ট্রাক কোর্ট কিছু কিছু হয়েছে, ওইটা আরো ব্যাপক করা যায় কিনা দেখতে হবে, হাজতে লোক আছে।

ফাস্ট ট্রাক কোর্ট কিছু কিছু হয়েছে। এটা আরও ব্যাপক করা যায় কিনা। হাজতে লোক আছে, ফাস্ট ট্রাক কোর্টে তুলে নিস্পত্তি করা যায় কিনা। শাস্তি দিতে হয় শাস্তি হবে, ছেড়ে দিতে হয় ছেড়ে দিতে হবে। এসব ব্যাপার নিয়ে গুরুত্ব দিতে হবে। কিছু যদি

সরকারকে ইনভেস্টমেন্ট করতে হয়, ইনভেস্টমেন্ট করতে হবে। এদিকে যেমন কোর্ট ফি-র দিকে নজর দিচ্ছেন, পরবর্তী অবস্থায় এই যে ইনফ্রাস্ট্রাকচারাল ডেভলপমেন্ট আছে, কিছু প্রসিডিউরাল ফ্লজ আছে, এর উপর একটু চিন্তা-ভাবনা করে, কমিটি অন এক্সপার্টকে দিয়ে কি করা হবে না হবে দেখতে হবে। আর, ডেলিভারি সিস্টেমটাকে আরও বেটার করা। তাহলে দেখবেন মানুষ সন্তুষ্ট হবে, কৃতজ্ঞ হবে। দেয়ার ইজ নো রিলিফ। মানুষ কোর্টে যাচ্ছে, রিলিফ কি হচ্ছে ? মাফিয়া ইজ কামিং ইন দিস বিগ ওয়ে। আজকাল এজেন্সিও হয়ে গেছে। কোর্টে না গিয়ে এজেন্সির কাছে একটা কমিশন দেয়, তারা গিয়ে আদায় করে দেয়। তারা ভয়-টয় দেখিয়ে টাকা আদায় করছে। ইট ইজ গোয়িং মোর এ্যান্ড মোর। মাফিয়া ডেলিভার করছে। এ্যাজ কোর্ট ক্যান নট ডেলিভার। তারা একটা কমিশন ঠিক করে নিচ্ছে, ভয়টয় দেখিয়ে আদায় করে নিচ্ছে। এই সিস্টেমটা দেখতে হবে।

The motion of Shri Nisith Adhikary that the West Bengal Court-Fees(Amendment) Bill, 2002 be taken into consideration was then put and agreed to.

Clause -I

The question that Clause-1 do stand part of the Bill was then put and agreed to.

Clause-2

There is amendment (No.1) (List-II), to clause 2 by Shri Kalyan Banerjee... (pause)... Shri Banerjee is not present- the amendment is not moved.

There is amendment (No.2) (List-II) to clause 2 by Shri Saugata Roy.. (pause).. I don't find Shri Roy, the amendment is not moved.

There is amendment (No.3) (List-II) to clause 2 by Shri Arunava Ghosh. (pause)I don't find Shri Ghosh, the amendment is not moved.

There are amendment (Nos. 4 & 6) (List-II), (1, 4-12,14, 21) (List-III) to clause 2 by Shri Kashinath Mishra. (pause)... Shri Mishra is not present - the amendments are not moved.

There are amendment (Nos.5 List-II) (3, 17-20, 23-25) (List-III) clause 2 by Shri Sobhandeb Chattopadhyay. (pause)...I don't find Shri Chattopadhyay. Therefore, the amendment are not moved.

There are amendments (Nos. 2, 13, 16, 26-27) (List-III) to clause 2 by Shri Tapas Roy..(pause) Shri Roy is not present the amendments are not moved.

There are amendments (Nos. 1-5) (List-IV) to clause 2 by Shri Moloy Ghatak. ..(pause).. Shri Ghatak is not present- the amendments are not moved.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause-3

There are amendments (Nos. 8) (i)-(xi), 13(i)-(v), 16, 18 and 20, List-II) to clause by Shri Kalyan Banerjee. (pause).. I do not find Shri Banerjee. Therefore, amendments are not moved.

There are amendments (Nos. 9,11,21 (List-II) to clause-3 by Shri Arunava Ghosh. (pause)... I don't find Shri Ghosh. Therefore, the amendments are not moved.

There are amendments (Nos. 10, 14, 17, 22 (List-II), 29, 31, 33, 35, 37, 39, 41,43, 45, 47, 49, 51, 52, 55 and 57 (List-III) to clause 3 by Shri Asok Kumar Deb. (pause). Shri Deb is not present the amendments are not moved.

There are amendments (Nos.12,19(List-II), 62,64-67,69,71,73,75 (List-III) to clause 3 by Shri Tapas Roy. (pause).. Shri Roy is not present- the amendments are not moved.

There are amendments (nos. 15, 23 & 25–List Ii) to clause 3 by Shri Saugata Roy. ...(pause)... However, I don't find Shri Roy, as such the amendments are not moved.

There are also amendments (nos. 28, 30, 32, 34, 36, 38, 40 42, 44, 46, 48, 50, 53, 54, 56, 58, 59, 60, 61 & 63- List II) and (nos. 11 to 27-List IV) to clause 3 by Shri Jyoti Chattopadhyay is also not present now. Therefore, the amendments are not moved.

Now there are amendments (nos. 70, 74, 76, 77 & 78-List III) to clause 3 by Shri Kashinath Mishra. ..(psue).. I don't find Shri Mishra, his amendments are not moved.

There are also amendments (nos. 7 to 10-List IV) to clause 3 by Shri Malay Ghatak. ..(pause).. Shri Ghatak is also not present, his amendments too are not moved.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause-4

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Nisith Adhikary : Sir, I beg to move that the West Bengal Court-Fees (Amendment) Bill, 2002 as settled in the Assembly, be passed.

[5.30 to 5.40 p.m.]

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় স্পিকার মহাশয়,আলোচনার সমাপ্তিতে দুটো কথা বলার জন্য দাঁড়িয়েছি। প্রথম কথা হচ্ছে যেটা আপনি এই আলোচনার শেষে যেটা বললেন সেটা আমাদেরও একটু দুশ্চিন্তা হয়। আজকে নয়, দীর্ঘদিন ধরে একটা কথা শুনে আসছি। "জাস্টিস ডিলেড জাস্টিস ডিনাইড।" কিন্তু এর সমাধান কি করে হবে। সম্প্রতি আমাদের কেন্দ্রীয় মন্ত্রী আইনমন্ত্রী কলকাতায় এসেছিলেন জনা কৃষ্ণমূর্তী আমি এবং আমার আইনমন্ত্রী তাঁরসঙ্গে কথা বলি। এখানে নির্দিষ্টভাবে আপনিও ভালো করে জানেন আমার থেকে, জুডিসিয়ারীর থেকে লেজিসলেচার। একজিকিউটিভ আলাদা। কিন্তু যখন আমরা ঠিক করি, আমার কাছে কথা আসে যে, কোর্টগুলির উন্নতিকরন করুন, কমপিউটার দিন, সেগুলি আমরা করার চেষ্টা করি। জাস্টিস অফ হাইকোর্ট পদ ফাকা আছে। পদ তাড়াতাড়ি পূরণ করুন। তা পুরন করার চেষ্টা করছি। সার্কিট বেঞ্চ নর্থ বেঙ্গলে নিয়ে যাওয়া হলে আরও একটা সুবিধা হবে। সরকারীভাবে আমাদের যা যা করা সম্ভব সেটা আমরা করে যাচ্ছি। কিন্তু আপনি বললে আমাদের সিরিয়াসলি ভাবতে হবে। সেটা আপনাকে অনুরোধ করব। শুধু স্পিকার বলে নয়, আপনি একজন দক্ষ আইনজীবী বলে কোন আইনজীবীদের মধ্যে কোন একটা উচুঁ স্তর থেকে কি করে আরও বেশি দ্রুত বিচার ব্যবস্থা করা যায়, সেটা যদি পরামর্শ আসে, অবশ্য আমাদের সরকার চেষ্টা করবে যাতে গতি বাড়ানো যায়।

সে ব্যাপারে আমরা সব সময়ে জানি মানুষ বিচার পান নি। দিনের পর দিন তাঁদের সময় নষ্ট হয়। সেখানে সরকারের যা যা করার আছে আমরা সব সময়ে করতে প্রস্তুত। নিম্ন আদালতের প্রস্তাব যা বললেন আরেকটা প্রস্তাব এনেছিলেন সেটা এবারে আনেন নি কিছু মামলা মামলা করা আগে কনসিলিয়েশনের মাধ্যমে সমাধান করে দেওয়া যায়। নিম্ন আদালত এর ব্যাপারে কথা হচ্ছে, লোক আদালত যদি করা যায় তাহলে ভালো হবে। যা যা প্রস্তাব এসেছে আমরা করেছি। তবে আরও দ্রুত যদি করতে হয় দেশের দক্ষ আইনজীবীদের কাছ থেকে পরামর্শ যদি আসে, জাতীয় স্তরে বিচারপতি, প্রাক্তন বিচারপতি এদের কাছ থেকে পরামর্শ যদি আসে আমরা মানব। আরেকটা কথা বলতে চাই এই বিলটা

নিয়ে, অর্ডিন্যান্স নিয়ে যে বিতর্ক হল আমি মনোযোগ দিয়ে শুনেছি। সকলের সঙ্গে কথা বলেছি, বার কাউন্সিলের সঙ্গে দুবার আলোচনা হয়েছে, আজও পর্যন্ত আলোচনা হয়েছে। ফ্রন্টের শরিকদলের কিছু প্রস্তাব ছিল সমস্ত বক্তব্য শুনেছি। যতদূর সম্ভব সকলের বক্তব্য অ্যাকোমোডেট করার চেষ্টা করেছি। আমরা চাই এখন সব আদালত সেরেস্তায় স্বাভাবিক অবস্থা ফিরে আসুক। আমি আবেদন করব সকলের কাছে বিশেষ করে আইনজীবীদের কাছে এই বিল অনুমোদন হবার পর স্বাভাবিক অবস্থা ফিরেয়ে আনুন।

মিঃ স্পীকার : আমিও আপনার সঙ্গে যোগদান করব কিন্তু স্ট্রাইক তুলে নেওয়াটা জরুরী। স্ট্রাইক জন স্বার্থ বিরোধী। কোর্ট ফি নিয়ে তো বিস্তারিত আলোচনা হতেই পারে। কোনটা বাড়বে, কোনটা কমবে, কোনটা স্থগিত হবে। নতুন কি ব্যবস্থা হতে পারে আলোচনা করা যায় সিদ্ধান্ত নেওয়া যায় কিন্তু স্ট্রাইক চালানো ঠিক না। এটা অবিলম্বে তুলে নেওয়া উচিত। এটা আমার অ্যাপীল অল পারটি কনসার্ণের কাছে।

The motion of Shri Nisith Adhikary that the West Bengal Court-Fees (Amendment) Bill, 2002 as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002.

Shri Goutam Deb : Sir, I beg to introduce the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002.

(Secretary then read the Title of the Bill)

Shri Goutam Deb : Sir, I beg to move that the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002 be taken into consideration.

[5.40—5.50 p.m.]

শ্রী সৌগত রায় : স্যার, দি ওয়েষ্ট বেঙ্গল বিল্ডিং রেগুলেশন অব প্রোমোশন অব কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্স ফার বাই প্রোমেটারস অ্যামেন্ডমেন্ট বিল ২০০২ এর উপর বলছি। স্যার, এর আগে এই হাউসে ৯৪ সালে একটা শেষ বিল পাশকরা হয়েছিল যেটা ওয়েষ্ট বেঙ্গল রেগুলেশন অব কনস্ট্রাকশন অব প্রোমোটারস অ্যাক্ট ৯৩ বিলটা সেই সময়ে সিলেক্ট কমিটিতে গিয়েছিল।

আমি সিলেকট কমিটিতে ছিলাম, দীর্ঘ দিন ডেলিবারেশান হওয়ার পরে সিলেকট কমিটি রিপোর্ট দেয়, তার পরে বিল তৈরি হয় এবং রাষ্ট্রপতির কাছে সম্মতি পাওয়ার জন্য যায় এবং রাষ্ট্রপতির সম্মতি পাওয়ার পরে বিলটা আইনে পরিণতহয়। কিন্তু দুভার্গ্যবশত

পশ্চিম বাংলায় যে প্রোমোটাররাজ চলছে এবং প্রোমোটারদের নিয়ন্ত্রন করার সাধু উদ্দেশ্য নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় সে সময় বিল নিয়ে এসেছিলেন কিন্তু সেটা পূর্ণ হয় নি। আমি জানি না এই ডিপার্টমেন্টের সমস্যা কি ? কখনও এই বিলটাকে সিরিয়াসলী ইমপ্লিমেন্ট করার চেষ্টা হাউজিং ডিপার্টমেন্টের পক্ষ থেকে ছিল না। আজকে অসংখ্য লোক যার টাকা জমা দিয়ে বসে আছে যেহেতু সরকারী ফ্ল্যাট পাওয়া যায় না, সি.এম.ডি.এর ফ্ল্যাট বা হাউসিং বোর্ডের ফ্ল্যাট বিশেষ সুবিধাভোগী না হলে বা চেয়ারব্যানের কোটা বা মন্ত্রীর কোটায় পায় না তাই তখন লোকে বাধ্য হন মফস্বল শহরে প্রাইভেট প্রোমোটারদের উপর নির্ভর করতে। প্রোমোটাররা টাকা নিয়ে ফ্ল্যাট দিচ্ছেন না বা এ ব্যাপারে যে মূল প্রতিশ্রুতি ছিল না পূরন করছেন না বা সাব-স্ট্যান্ডর্ড মেটিরিয়াল দিচ্ছেন এই অভিযোগ অনেক আছে এবং এখনও পর্যন্ত আমি যতদূর জানি মাননীয় মন্ত্রী পরে বলবেন লোকে এই অভিযোগ করতে হয় এবং অভিযোগ করলে আইনে রিলিফ পাওয়া যেতে পারে তাও জানে না বা জানানো হয় নি। একটা বিল এসেছিল এগ্রিভড পার্টি তারা যে অভিযোগ করবে এটুকু পর্যন্ত সরকারের পক্ষ থেকে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয় নি। তার ফলে লোকে রিলিফ না পেয়ে তারা অসুবিধার মধ্যে চালিয়ে গেছেন। মাননীয় মন্ত্রী আবার একটা বিল এনেছেন কড়া উদ্দেশ্য নিয়ে, কিন্তু আমি জানি না এই সব আইন করে আইনের যে সেটআপ সেখানে কিছু কেন হয় না। তার ফলে যে আইন গড়া হয় সেটা কোনো কাজেই লাগে না। আজকে উনি আরেকটা স্টেপ এগিয়ে এসেছেন, সেখানে বলা হচ্ছে যদি একটা ফ্যামেলি তারা নিজেদের জমিতে বাড়ী তৈরী করতে চায়। Consisting of flats in excess of the requirements of the members of his family. একটা পরিবার তারা নিজেরা নিজেদের বাড়ী নিজেরাই যদি প্রোমোট করে তাহলে তারাও এর মধ্যে এসে যাবে। In excess of the requirements of the members of his family. এখানে কে ডিটারমাইন করবে সেটা এই বিলে পরিষ্কার নয়। উনি আরেকটা ধাপ এগিয়ে বলেছেন to construct a building,to construct a new building, টু রি-কনস্ট্রাকট এ বিল্ডিং এই আইনে এনে রেস্ট্রিকশান নিয়ে আসার চেষ্টা করছেন। যেটা আজকাল হচ্ছে যে, পুরনো যে বাড়ী আছে সেটা পুরনো কায়দায় তৈরী বাড়ী, সেই পরিবার এখন বড় হয়ে গেছে, সেখানে সব লোক আটঁছে না, তখন তারা সেপারেট এ্যাকোমেডেশান চায়, তাই অনেকে নিজেদের বাড়ী ভেঙে নতুন করে ফ্ল্যাট বা বাড়ী নিজেরাই তৈরী করে কিন্তু তাদের উপরেও মন্ত্রী রেস্ট্রিকশান আনছেন। এ কথা মনে রাখতে হবে মন্ত্রী মহাশয়ের আইনই একমাত্র আইন নয়, এর চেয়েও অনেক কড়া এ্যাফেকটিভ আইন আছে বিল্ডিং রুলস এ্যান্ড লস, সি.এম.সি. এ্যাক্ট ১৯৮০এবং সি.এম.সি. বিল্ডিং রুলে আছে সেখানে কলকাতা কর্পোরেশন এলাকায় বাড়ী কি নিয়ম মেনে তৈরী হবে। সেখানে কর্পোরেশনকে অথোরিটি দেওয়া হয়েছে কেউ যদি প্ল্যান না মেনে তাহলে তাকে স্টপ-ওয়ার্ক করতে পারে, ডিমোলিস করতে পারে। এখন যদি রাজ্যসরকার প্রোমোটারদের উপর কড়া হতে গিয়ে যারা নিজেরা বাড়ী করছেন তাদের উপরে কড়া যদি হন তাহলে আলটিমেট রেজাল্ট বিল্ডিং অ্যাকটিভিটিজ মানে নতুন কনস্ট্রাকশান নতুন ফ্ল্যাট, নতুন হাউজিং সেটা ধাক্কা খাবে। প্রোমোটারদের হাতে মানুষ যাতে না ঠকে সেটা দেখা দরকার কিন্তু হাউজিং, বিল্ডিং

এ্যাকটিভিটিজ যাতে বন্ধ না হয় সেটাও দেখা দরকার। আমাদের পশ্চিমবঙ্গে অন্য ইন্ডাস্ট্রির অবস্থা খুবই খারাপ, একমাত্র ইন্ডাস্ট্রি যেটা চলছে সেটা হচ্ছে হাউসিং বিল্ডিং ইন্ডাস্ট্রি। এক্ষেত্রে পাড়ার ছেলেরাও প্রোমোটারি করে, বড় প্রোমোটারও প্রোমোটারি করে, মানুষ নিজের ফ্ল্যাট ভেঙ্গে তৈরী করে। এর কারন হচ্ছে এখন নিজেদের জন্য আধুনিক পরিচ্ছন্ন বাসার ডিমান্ড জেনরেট হচ্ছে। গৌতম বাবু বার বারই স্বীকার করেছেন সরকার মিট করতে পারছে না। তাই উনি জয়েন্ট ভেঞ্চারে নেউটিয়া, টোডি, পিয়ারলেসের সঙ্গে করছেন। কিছু বাড়ী তৈরী করেছেন। সেটা যথেষ্ট নয়। এবং স্বাভাবিক ভাবেই হাউজ বিল্ডিং একটিভিটিস আরো বাড়ানোর দরকার আছে। এবং সেটা করতে গিয়ে যাতে মানুষ না ঠকে তার জন্য সরকার প্রোটেকশন দেবে। কিন্তু এই দুটোর মধ্যে ব্যালেন্স মনে হয় লস হয়ে গেছে। আগে ক্ষমতা ছিল একজিকিউটিভ ইঞ্জিনিয়ার হাউজিং ডিপার্টমেন্টের হাতে। তিনি সিদ্ধান্ত নিতে পারতেন। কিন্তু এখন সেটা করা হয়েছে কমিয়ে অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার। তার কি ক্ষমতা He shall have the access to enter upon or take ingress to any flat of the building.

অ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার বড় র‍্যাঙ্ক নয়। প্রথমে পাশ করে এসিসটেন্ট ইঞ্জিনিয়ার হয়। সে যে কোনো বাড়ীতে ঢুকতে পারবে। এখানে আইনের অপ-ব্যবহার হওয়ার সম্ভবনা আছে বলে আমার মনে হয়েছে। এখানে আমার আপত্তি আছে। আগে এক্ষেত্রে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ছিল, যর্থাথই ছিল। দ্বিতীয়ত অথোরাইজ অফিসার বলা হচ্ছে এবং তাকে ক্ষমতা দেওয়া হচ্ছে। তিনি ডি.এম. বা পুলিশ কমিশনার বা চিফ ইঞ্জিনিয়ার অফ হাউজিং ডাইরেকটরেট। তাকে ক্ষমতা দেওয়া হচ্ছে টু স্টপ কনস্ট্রাকশন অর ডিমোলিশন অফ বিল্ডিং। স্টপ কনস্ট্রাকশন ঠিক আছে কিন্তু ডিমোলিশনের কোন মেকানিজম পুলিশ কমিশনার বা ডি. এম-র নেই। পুরসভার আছে এবং পুরসভা তা করেও থাকে। তাহলে আমার মনে হয় এখানে ডাবল জিওবারডি হচ্ছে। এই ডিমোলিশন কেন হয় ? আন-অথোরাইজড স্ট্রাকচার বা প্লান সংশন না থাকলে হয়। কিন্তু তার বিচার কে করবে এক্ষেত্রে ? প্লান স্যাংশন দেয় পুরসভা, সেখানে পুরসভার বিরুদ্ধে ব্যবস্থা নিতে গেলে অথোরাইজ পারসনদের ক্ষমতা দিন ডিমোলিস করার। কিন্তু যাদের ক্ষমতা দিচ্ছেন তাদের ডিমোলিশনের মেকানিজম নেই। এটা খারাপ হচ্ছে। আবার একটা ভালো জিনিস ইনক্লুড করেছেন। আগে এটা ছিল না। যে সমস্ত promoters who use substandard materials or violates regulatory practice in the construction of building shall be punished.

এর আগের আইনে এই সুবিধা ছিল না। খারাপ মাল ব্যবহার করলে এখন তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, পারমিশনের ব্যাপারে যা বলেছেন, ৫ বছর থাকবে, এটা কমিয়ে ৩ বছর করে দিন এবং সার্টিফিকেট রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ১০ বছর না করে ৫ বছর করে দিন। রেজিস্ট্রেশন যখন রিনিউ করতে আসবে তখন রেস্ট্রিকশন করা যাবে। এবারে উনি অনেকগুলো পানিশমেন্টের কথা বলেছেন। আইন ভায়োলেট করলে কিছু কগনিজেবল এবং কিছু নন-বেলেবেল

পানিশমেন্টের কথা বলেছেন। এটা আমি সমর্থন করি। এবার ইমপ্রিজনমেন্টের ক্ষমতা এই আইনে দেওয়া হয়েছে এবং সেটা ৫০ হাজার টাকা অবধি ফাইন করা হচ্ছে।

শেষ কথা যেটা বলতে চাই সেটা হচ্ছে, যে কোন কারণেই হোক ১৯৯৪ সালের আইন এফেকটিভ হয়নি। আমরা চাই এবারের আইনটা এফেকটিভ হোক। মধ্যবিত্ত মানুষ, যারা ফ্ল্যাটের জন্য টাকা দিচ্ছে তারা না ঠকেন। এখন পাড়ার ছেলেরা সব প্রোমোটার হয়ে গেছে। তারা মানুষকে ধমকে, সাব-স্ট্যান্ডর্ড মাল দিয়ে, সময় মত ফ্ল্যাট ডেলিভারি দিচ্ছে না। ফিয়ার অফ ল হ্যজ গন এওয়ে। কিন্তু এই অবস্থার মধ্যেও ডিস্টিংগুইশ করতে হবে বিটুইন অনেষ্ট প্রোমোটার অ্যান্ড ডিজ-অনেষ্ট প্রোমোটার যাতে যারা সত্যিই বাড়ি করতে চায় তারা সরকারী নীতির মধ্যে বাধা না পায়। কর্পোরেশনের বিল্ডিং ডিপার্টমেন্ট ফুল অফ করাপশন হয়ে গেছে। সেটা যাতে না হয় তা দেখা দরকার। যাইহোক, এই বিলের বেসিক উদ্দেশ্যের সঙ্গে আমাদের কোন ঝগড়া নেই। মাননীয় মন্ত্রীকে বলব আপনি এবারে একটু দেখবেন যেন আইন-টা এফেকটিভ হয়। মানুষ যাতে না ঠকে সেটা লক্ষ্য রাখুন ধন্যবাদ।

[5.50 to 6.00 p.m.]

শ্রী রঞ্জিত কুন্ডু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে আজকে যে বিলটি এসেছে, ওয়েস্ট বেঙ্গল বিলডিং (রেগুলেশান অফ প্রমোশন অফ কনস্ট্রাকশান অ্যান্ড ট্রান্সফার বাই প্রমোটারস) (এ্যামেন্ডমেন্ট বিল) ২০০২-এর যে সংশোধনী এনেছে, আমাদের মাননীয় সদস্য সৌগত বাবু এর বিরোধিতা করেননি বরং সদস্যদের সঙ্গে উনি একমত পোষণ করেছেন। সেইজন্য ওনাকে ধন্যবাদ জানাই এবং যে সংশোধনী এসেছে সেটা ব্যাপক। অপনারা দেখেছেন, এখানে সংশোধনী এসেছে অভিজ্ঞতার ভিত্তিতে। আইনটা খুব অল্পদিনের আর প্রমোটারের বিষয়টাও অল্পদিনের কাজেই আইনটাও অল্প দিনের। '৯৩ সালের আইন ৯৫ সালে কার্যকরী হয়েছে। এই এক বছরের অভিজ্ঞতার যা এসেছে, সেক্ষেত্রে যারা ক্রেতা, যারা কিনবেন, সরকারের কিছু জটিলতা আছে, প্রমোটারদের কিছু অসুবিধা আছে। এই আইনের প্রথম অবস্থাতে যে দুর্বলতা গুলি ছিল যে ফাঁকফোঁকরগুলি ছিল, সেটুকু অভিজ্ঞতায় এসেছে। তাকে দূর করার চেষ্টা এই সংশোধনী বিলে ব্যাপকভাবে করা হয়েছে। মাননীয় মন্ত্রীকে আমি ধন্যবাদ জানাই, এই কারণে যে এর উদ্দেশ্য এবং হেতু খুব পরিষ্কারভাবে বলেছেন, সেটা আমরা অন্যান্য সংশোধনীর ক্ষেত্রে এতোটা দেখতে পাইনা। সে দিক থেকে এটা আমাদের পক্ষে বোধদয় খুব একটা অসুবিধা নেই। এখানে সৌগত বাবু যে আশঙ্কা টা করেছেন,যে, আবাসন দপ্তরের ইঞ্জিনিয়াররা বাড়িতে ঢুকে পড়বেন এবং তদন্ত করবেন, তারপর তারা ডেমোলিশান করবেন। বাড়ি ভেঙে ফেলার অধিকার তারা পেয়ে যাবেন বা টু স্টপ কনস্ট্রাকশান এবং এই ভেঙে ফেলার অধিকার সম্পর্কে উনি আশঙ্কা প্রকাশ করেছেন। তিনি এটা ভালভাবে পড়েছেন কিনা বুঝতে পারছিনা। এখানে আছে যে এটা স্থানীয় স্বায়ত্বশাসনমূলক যে সংস্থা আছে, যেমন কর্পোরেশান, পৌরসভা, পঞ্চায়েত, তাদের যে প্রধান তাদের রিপোর্ট এর ভিত্তিতে যে হাউজিং ডিপার্টমেন্টের ডায়রেকটরের চিফ ইঞ্জিনিয়ারের রিপোর্টের ভিত্তিতে হবে। তেমনি

যারা স্বায়ত্বশাসনমূলক সংস্থায় আছে যেগুলি তাদের থেকে রিপোর্ট নিয়ে তাদের পরামর্শ অনুযায়ী এরা ডিমোলিশ করবেন এবং ডিমোলিশ এর পরিকাঠামো যেটা সেটা নিশ্চিতভাবে আইন যখন হবে তখন ঠিক করে নিতে পারবেন। সে দিক থেকে আশঙ্কা করার বোধহয় খুব একটা কারণ নেই। এই আইনে প্রমোটারদের নিয়ন্ত্রন করার কথা বলা হয়েছে বাস্তবে যে প্রমোটারদের নিয়ন্ত্রন করা যাচ্ছেনা এটা বাস্তব সত্য। যদিও প্রোমোটারদের সঙ্গে এখানে নতুন করে বলা হয়েছে এমন প্রমোটার আছেন, যারা জমির মালিক নন, জমিটা অন্যদের থেকে নিয়ে প্রোমোটারি করছেন। এখানে প্রোমোটারদের সম্পর্কে যে আশঙ্কা উনি করলেন যে, একটা পুরনো বাড়ি রিকনস্ট্রাকশন করে ফ্ল্যাট তৈরি হচ্ছে, সেক্ষেত্রে তিনি যদি তার পরিবারের জন্য ব্যবহার করেন তাহলে অসুবিধা নেই, কিন্তু তিনি যখন সেটাকে ব্যবসা হিসাবে নেবেন, যখন তিনি সেটাকে বিক্রি করবেন তখন তাকে প্রমোটার হিসাবে চিহ্নিত করা হবে। সে ক্ষেত্রে প্রোমোটর হিসেবে তাকে ধরতে হবে। কাজেই সৌগতবাবুর আশঙ্কা আমার অমূলক বলে মনে হচ্ছে। প্রোমোটারদের পারমিশন নেওয়ার ক্ষেত্রে যে জটিলতা ছিল, বিভিন্ন পর্যায়ে হ্যারাস হতে হত, সেটাও দূর করার প্রয়োজন আছে। সৌগতবাবু বললেন, মাননীয় মন্ত্রীও প্রায়ই বলেন এবং আমরা আমাদের অভিজ্ঞতায় দেখছি মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষের আবাসনের চাহিদা পূরন করার ক্ষমতা সরকারের নেই। এমন কি ইদানীং যে জয়েন্ট সেক্টর হয়েছে তারাও মানুষের চাহিদার সবটাই পূরণ করতে পারবে না। কাজেই প্রোমোটরদের সম্বন্ধে আমাদের যতই অনীহা, বিতৃষ্ণা থাকুক না কেন, প্রোমোটররা থাকবে। কিন্তু তাদের অবশ্যই নিয়ন্ত্রনের মধ্যে রাখতে হবে। নিয়ন্ত্রিত পদ্ধতির মধ্যে দিয়ে তারা যদি আবাসন তৈরী করে তাহলে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ, এমন কি শ্রমিক কর্মচারীদের জন্য কিছু আবাসনের ব্যবস্থা হবে। সেদিক থেকে এই সংশোধনী খুবই যুক্তি-যুক্ত বলেই আমার মনে হচ্ছে। এখানে আইনে আগে ক্রেতা সমবায়ের উল্লেখ ছিল, কিন্তু অ্যাপার্টমেন্ট ওনারস অ্যাসোসিয়েশন করবার অধিকার ছিল না। এখন সেটা তাদের দেয়া হচ্ছে। এখন সমস্ত বিষয়টা দেখে সেই দিকটার প্রতি লক্ষ্য রেখে আইনের এই সংশোধনটা আনা হয়েছে। পরবর্তীকালে অভিজ্ঞতার মধ্যে দিয়ে যদি আরো কিছু লক্ষ্য করা যায় তাহলে সেটা নিশ্চয়ই দেখা হবে। সৌগতবাবু শাস্তি ইত্যাদির কথা বলেছেন। রেজিষ্ট্রেশন ফি বা পারমিশন ফি-এর ব্যাপারটা খুব একটা কিছু নয়। প্রথম অবস্থায় যেটা করা হয়েছিল সেটার আজকে মাননীয় মন্ত্রীর রিভিউ করা উচিত এবং বাজারের চাহিদা দেখেই তা করা উচিত। রেজিষ্ট্রেশন করে, পারমিশন নিয়ে ময়দানে গিয়ে কার্যত কি করেছে, সেটা দেখা দরকার। আমি মাননীয় মন্ত্রীকে এবিষয়ে একটু নজর দিতে বলব। তবে আমি জানি এবিষয়ে আমাদের পরিকাঠমো দুর্বল। তথাপি যে প্রতিশ্রুতি যে কাগজ-পত্র দিচ্ছে সে অনুযায়ী কাজ করছে কিনা সেটা দেখা দরকার। তার জন্য আমাদের স্টাফ থেকে শুরু করে অন্যান্য পরিকাঠামো শক্তিশালী করার প্রয়োজন আছে বলে আমার মনে হচ্ছে। ইতিমধ্যে কলকাতা, হাওড়া এবং উত্তর ২৪ পরগনার ৩/৪টে থানায় এটা লাগু হয়েছে। কিন্তু আমি যত দূর খবর রাখি বিভিন্ন কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটির সঙ্গে আবাসন দপ্তরের যাঁরা আইন নিয়ন্ত্রন করবেন, তাঁদের মধ্যে বোঝা-পড়া বা সমন্বয়ের অভাব আছে। এটা একটু দেখা

দরকার। বিভিন্ন সময় বিভিন্ন ক্ষেত্রে এই সমন্বয়ের অভাব লক্ষ্য করা যাচ্ছে। এর সাথে সাথে এই আইন প্রয়োগের পরিধি বাড়ানোর দরকার আছে। শুধু কলকাতা, হাওড়ায় এটা করলে হবে না। বিশেষ করে আমাদের বারাকপুর শিল্পাঞ্চলে আবাসনের চাহিদা বাড়ছে, প্রোমোটররা আসছে, আরো আসবে, সেখানে আইন যাতে প্রয়োগ করা যায় সেটা দেখতে হবে। অভিজ্ঞতার ভিত্তিতে আজকে এই যে সংশোধনী এসেছে, তাকে আমার সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী আবু হাসেম খান চৌধুরী : (অনুপস্থিত)

[6.00—6-10 p.m.]

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েষ্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অফ প্রোমোশন অফ কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটরস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ মাননীয় মন্ত্রী উপস্থাপন করেছেন। আমি এই বিলকে সমর্থন করছি। ইতিপূর্বে এই বিধানসভায় একটা বিল এসেছিল এবং পাশ হয়েছিল। কিন্তু পরবর্তীকালে দেখাগেল তার মধ্যে কিছু ফাঁকফোকর ছিল। সেগুলো পূরণ করার জন্যই আজকে এই অ্যামেন্ডমেন্ট বিল এসেছে। আমরা জানি রাজ্যের বিভিন্ন শহর শহরতলী, কর্পোরেশন এবং মিউনিসিপ্যাল এলাকায় মধ্যবিত্ত মানুষদের জন্য আবাসন নির্মাণের যে চাহিদা আছে তা আমাদের সরকারী পরিকাঠামো দিয়ে সম্পূর্ণভাবে পূরণ করা যায় না। সেইজন্য এই অবস্থার ভিতর দিয়ে একটা নতুন প্রোমোটার চলে আসছে এবং আমরা সকলেই জানি, যে সমস্ত প্রোমোটারদের বাড়িতে মানুষেরা ঢুকছে সেগুলি খুবই নিম্নমানের। যে কনট্রাকটে বাড়ি তৈরি হয় সেই কনট্রাকট অনুযায়ী তারা বাড়ী তৈরি করতে পারছে না, ফেইল করছে। ফলে তারা নিম্নমানের বাড়ি দিচ্ছে। যারা ক্রেতা যারা বাড়ির জন্য টাকা জমা দিয়েছে তাদের হ্যারাসমেন্ট করছে এবং তারা সাব-স্ট্যান্ডার্ড বাড়ি পাচ্ছে। এরফলে বিভিন্ন ধরনের লিটিগেশন হচ্ছে। একটা চক্র গড়ে গেছে, তারা ক্রেতা-সাধারণকে ভয় দেখাচ্ছে, এইরকম বিভিন্ন ধরনের ঘটনা ঘটছে এবং তৈরি বাড়ী নষ্ট হয়ে যাচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়ে যে আইন তৈরি হয়েছে তাতে ফাঁক-ফোকর পূরণ করার জন্য এই বিল উনি নিয়ে এসেছেন। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, এই ফাঁক-ফোকরের ক্ষেত্রে প্রোমোটারদের যে সংজ্ঞা সেই সংজ্ঞা চিহ্নিত করা হয়েছে। আজকে প্রোমোটারদের সংজ্ঞার বিষয়টি গভীরভাবে ভাবার দরকার আছে। এখানে প্রোমোটারদের যে সংজ্ঞা দেওয়া হয়েছে তা ঠিকই আছে, পাশাপাশি যে ফাঁক-ফোকরগুলি ছিল- তারা যে অফেন্স করছে সেই অফেন্সের ক্ষেত্রে তাদের যে পেনাল্টি দেওয়ার কথা সেটা এই বিলে ইনকরপোরেট করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় খুব সুচিন্তিতভাবে এই বিল এনেছেন। করপোরেশন এলাকায় বা মিউনিসিপ্যালিটি এলাকায় যেসব প্রোমোটাররা দাপিয়ে বেড়াচ্ছে এই আইনটা কার্যকরী করে ক্রেতা সাধারন যাতে এই আইনের সুযোগ পায় তা দেখার জন্য পরিকাঠামো থাকা দরকার। করপোরেশন, মিউনিসিপ্যালিটি এবং তার সঙ্গে আবাসন বিভাগের একটা যোগসূত্র থাকার দরকার আছে।

এটা থাকলে মানুষ এই আইনের সুযোগ পেয়ে উপকৃত হবে। সুতরাং এগুলি ভালভাবে দেখার দরকার আছে এবং জটিলতা মুক্ত করার দরকার আছে। এর সঙ্গে আর একটি কথা বলবো, আমাদের রাজ্যে যত প্রোমোটার বাড়ী তৈরি করার জন্য রেজিস্ট্রেশন করান, সেই রেজিস্ট্রেশন করার আগে তাদের কাজকর্মের বিষয়ে দেখার দরকার আছে। আমাদের রাজ্যে মধ্যবিত্ত মানুষরা বাড়ী পাচ্ছে না, যা কিছু হচ্ছে বেশীরভাগই উচ্চবিত্তদের জন্য। নিম্নবিত্ত মানুষদের জন্য ভাবার দরকার আছে। সরকারীভাবে আমরা সেইরকম করতে পারছি না। আমাদের রাজ্যে সৎ প্রোমোটার এবং অসৎ প্রোমোটার আছে। সৎ প্রোমোটাররা এই আইনের সুযোগ নিয়ে সত্যিকারের যাতে ভাল কাজ করতে পারে সেটা দেখা দরকার এবং নিম্নবিত্তদের জন্য বাড়ী তৈরি করা দরকার। সৎ প্রোমোটার এবং অসৎ প্রোমোটার এই আইনের মাধ্যমে ডিফাইন করে আইনের ফাঁক-ফোকর বুজিয়ে সাধারন মানুষের কাছে এই আইন পৌছে দেওয়া দরকার। সেই কারনে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সেখ ইলিয়াস মহম্মদ : স্যার, দি ওয়েষ্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অফ প্রমোশন অফ কনস্ট্রাকশন এ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটারস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২, মাননীয় মন্ত্রী শ্রী গৌতম দেব যা নিয়ে এসেছেন তাকে আমি পূর্ন সমর্থন করছি। মূল বিল দি ওয়েষ্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অফ প্রমোশন অফ কনস্ট্রাকশন এ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটারস) ইত্যাদিতে কিছু কিছু অসঙ্গতি এবং ত্রুটি ছিল। তারই জন্য মাননীয় মন্ত্রীমহাশয় এই অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন। আমিএই অ্যামেন্ডমেন্টকে আবার সমর্থন করছি। এই ত্রুটিগুলি শোধরানোর জন্য তিনি ক্রেতা নিরাপত্তার স্বার্থে এবং প্রোমোটারদের যাতে একই আইনে নিয়ন্ত্রনে নিয়ে আসা যায় সেইজন্য এই বিল্ডিং অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে এসেছেন। যে কোন ব্যক্তি ৯.৫ স্কোয়ার ফিট উচ্চ এবং ৩০০ স্কোয়ার মিটার ল্যান্ডের উপর বসত বাটি বা পাক্কা বিল্ডিং নির্মাণ করেন কিম্বা প্রয়োজনের অতিরিক্ত ফ্ল্যাট তৈরি করে থাকেন তাহলে তাকে প্রোমোটার হিসাবে এই অ্যাক্টের নিয়ন্ত্রনে আনা যাবে।

প্রোমোটাররা যাতে বিভিন্ন মিউনিসিপ্যাল ল ফর কনস্ট্রাকসান মেনে নিতে বাধ্য হয় সেটা এই আইনে নিশ্চিত করা হয়েছে। কনস্ট্রাকসান রেজিষ্ট্রেশান, পারমিশান বিষয়ে সমস্ত প্রয়োজনীয় ডকুমেন্টস জমা দিতে প্রোমোটারদের বাধ্য করা হবে সে ব্যবস্থাও এই এ্যামেন্ডমেন্টের মধ্যে করা হয়েছে। ইললিগ্যাল কনস্ট্রাকসানের ক্ষেত্রে আগে কোন নিয়ম ছিল না। যে কোন সময় যে কোন জায়গায় প্রোমোটাররা ইললিগ্যাল কনস্ট্রাকসান করতো। সেখানে আইনে কিছু ছিল না যাতে তাদের এ ইললিগ্যাল কনস্ট্রাকসানগুলি বন্ধ করা যায় কিন্তু আজ যে এ্যামেন্ডমেন্ট এসেছে তাতে ইললিগ্যাল কনস্ট্রাকসান বন্ধ করা এবং প্রয়োজনে তা ডেমোলিশ করার অধিকার সরকারকে দেওয়া হয়েছে। এ ছাড়া ক্রেতাদের স্বার্থে সুরক্ষা করার উদ্দেশ্যে জায়গায় নিয়ে গেছেন, free from all incombancy delivery দিতে প্রোমোটারদের বাধ্য করা হবে। সবচেয়ে মজার ব্যাপার হচ্ছে, ফ্ল্যাটে যারা দীর্ঘদিন ধরে বসবাস করে আসছেন তারা কো-অপারেটিভ সোসাইটি করলে নানান ধরনের

সুযোগ সুবিধা পেতে পারবেন। এখানে তাদের কো-অপারেটিভ সোসাইটি গঠনের অধিকার দেওয়া হয়েছে। পরিশেষে আমি বলব, এই সুযোগসুবিধাগুলির যাতে অপব্যবহার না ঘটে সে দিকে সরকারকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং সচেতন হতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়,মাননীয় মন্ত্রী মহাশয় যে The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002 এনেছেন তার স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজিনসে বলেছেন, while giving effect to the provision of the said Act, it has been observed that there are because in certain provisions of the Act. আমরা তো একথাটা বলার চেষ্টা করে আসছি। স্যার, আজ সারাদিন ধরে যে বিতর্ক হল তাতেও ওরা ঠিক এমনি করেই একটি কালা কানুন সংখ্যাগরিষ্ঠতার জোরে পাশ করিয়ে নিলেন। সেখানে আমরা সংশোধনী এনে বলেছিলাম যে আমাদের সংশোধনীগুলি যদি গ্রহণ না করেন তাহলে সাধারণ মানুষরা কোর্টে যাওয়ার অধিকার থেকে চ্যুত হবেন কিন্তু ওরা শুনলেন না, সংখ্যাগরিষ্ঠতার জোরে আইনটা পাশ করিয়ে নিলেন। এই আইনটাও মাননীয় মন্ত্রীমহাশয় '৯৩ সালে পাশ করিয়েছিলেন, '৯৫ সালে মাননীয় রাষ্ট্রপতির অনুমোদন পেয়ে সেটা লাগু করেছেন। এখন লাগু করতে গিয়ে ওরা দেখছেন যে সেখানে কতকগুলি ল্যাকুনা থেকে গিয়েছে, সঠিকভাবে কাজ করতে দিচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট বিলটা এনেছেন তার বিরুদ্ধে আমাদের বলার কিছু নেই কিন্তু আমরা দেখছি উনি আইনগুলি ইমপ্লিমেন্ট করতে পারছেন না। এখানে তো আমরা দেখছি একটা প্রমোটার-রাজ চলছে। চারিদিকে জলাশয়গুলি ভর্তি করে একের পর এক পাকা ইমারত তৈরি করে চলেছে প্রমোটাররা। মাননীয় মন্ত্রীমহাশয় বলুন, আজ পর্যন্ত কটা জায়গায় জলাশয় ভরাট করার অভিযোগে কতজন মানুষকে গ্রেপ্তার করে শাস্তি দিয়েছেন ? কতজন প্রোমোটারকে জলাশয় ভরাট করার অভিযোগে শাস্তি দিয়েছেন ? ভি. আই. পি. রোডের দুধারে আমরা দেখছি জলাশয়গুলি ভরাট করে একটার পর একটা বিরাট বিরাট অট্টালিকা তৈরি হয়েছে কিন্তু আপনারা তার একটা ইঁটও খসাতে পারেন নি। প্রোমোটাররা এখানে বুঝে গিয়েছে যে ঠিকমতন জায়গায় দেবতার কাছে অর্ঘ্য দিতে পারলে সমস্ত রকমের পাপ কাজ, অন্যায় কাজ তারা করে যেতে পারবেন এবং তাই তারা করে যাচ্ছেন। আমি তাই বলব, শুধু আইনের সংশোধন আনলেই চলবে না, ঠিকমত তার ইমপ্লিমেন্টেশনেরও দরকার। আমি সেই শিল্পপতির নামটা করতে চাই না, তার তৈরি বাড়ী ভেঙ্গে মানুষ মারা গেল, একটার পর একটা বাড়ী ভেঙ্গে পড়লো বলুন তো সেখানে কি ব্যবস্থা নিয়েছেন ? কজনের জেল, জরিমানা হয়েছে ? কতজনকে দায়রায় সোপর্দ করা হয়েছে ? আপনারা কি দৃষ্টান্তমূলক শাস্তি অসাধু প্রোমোটারদের দিয়ে দৃষ্টান্ত স্থাপন করতে পেরেছেন ? একজন অসাধু প্রোমোটারেরও শাস্তি হয়নি। তাই শুধু আইনের সংশোধন নয়, সঠিক ভাবে তার রুপায়ন করা দরকার। আইন ইমপ্লিমেন্ট হবে সেই গ্যারান্টি কিন্তু আমরা পাচ্ছি না।

[6-10 to 6-20 p.m.]

লিখিতভাবে যা এনেছেন, ইতিমধ্যে ল অফ দি ল্যান্ড যা রয়েছে, সেটা ইমপ্লিমেন্ট করুন। এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ারদের দায়িত্ব দিয়েছেন, আমি জানিনা কেন দিয়েছেন। এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়াররা চাকরী জীবনে এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার হিসাবে জয়েন করেন, সুতরাং এরকম কমপ্লিকেটড কেসে কি ম্যাপ জমা দিয়েছিলেন, সেই অনুযায়ী বাড়ি তৈরী করেছেন কিনা, কনস্ট্রাকশন ম্যাটেরিয়াল কি ব্যবহার করা হয়েছে, ম্যাপ ঠিক ঠিক আছে কিনা, এরকম সব টেকনিকাল ব্যাপার এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ারদের পক্ষে বোঝা নাও সম্ভবপর হতে পারে। সবার ক্ষেত্রে সেটা না হলেও দেয়ার উইল বি এ স্কোপ ফর মিসইউজিং দি ল, দি প্রভিশন। সুতরাং আমি আপনাকে বলছি, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার যা করেছিলেন তারা অন্ততঃ অভিজ্ঞ ছিলেন। তারা কাজের মধ্যে দিয়ে অভিজ্ঞতা অর্জন করেছিলেন। কাজেই আমি বলবো, এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার না করে একজিকিউটিড ইঞ্জিনিয়ার করুন।

কো-অপারেটিভ সম্বন্ধে বলছি, আজকে কো-অপারেটিভের নাম করে মানুষ ঠকাবার ব্যবস্থা হয়েছে। যেমন, সরকারের কাছ থেকে কো-অপারেটিভের নামে সি. আই.টি. সল্টলেকের মত জায়গায় জমি নিয়ে নিয়েছে। কো-অপারেটিভের নামে একই পরিবারের বিভিন্ন আত্মীয়স্বজনের নামে কো-অপারেটিভ করে ফ্ল্যাটবাড়ি বানিয়ে বিক্রি করে দিচ্ছে। আপনি জানেন, কো-অপারেটিভ করলে ফাস্ট প্রায়রিটি পাওয়া যায়, রেজিস্ট্রেশন ফি মকুব হয়ে যায়, কম দিতে হয়। সেই সুযোগ নিয়ে বাড়ি বানিয়ে তারা ফ্ল্যাটগুলি কমর্শিয়ালী বিক্রি করে দিচ্ছেন। এ সম্পর্কে রক্ষাকবচ রাখা দরকার। আর প্রমোটারের যে ডেফিনেশন দিয়েছেন তাতে আমার নিজস্ব বাড়ি, সেটা ভেঙে যদি বাড়ি করি বা রিমডেলিং করি তাহলে প্রমোটার হয়ে যাবো। ওনার অফ দি প্রেমিসেস, তিনি প্রমোটার হয়ে যাবেন। ১৫ বছর আগে বলেছিলেন যে প্রমোটারদের তালিকা করবেন, কিন্তু প্রমোটারকে তালিকাভুক্ত করতে পেরেছেন ? সেই মেশিনারী, সেই ইনফ্রাস্ট্রাকচার আপনার নেই। এবং আমি বলবো, সেটা করা সম্ভবও নয়,কারন আজকে যত্রতত্র প্রমোটার গজিয়ে গেছে। কিন্তু বড় প্রমোটার যারা রয়েছেন তাদের তো তালিকাভুক্ত করতে পারেন অ্যাজ পার লজ। কিন্তু সেটাও আপনি করতে পারেননি। মাল্টিস্টোরিড বিল্ডিং যারা করছেন সেসব প্রমোটারদের অন্ততঃ তালিকাভুক্ত করুন, ন্যূনতম দায়িত্বপালন করুন। বিভিন্ন প্যারাফার্নেলিয়াস এবং বিটুইন দি লাইনস যেটা রয়েছে এবং প্ল্যানে যেটা রয়েছে সেটা যেন তারা মানেন সেটা দেখুন। দেখতে পাচ্ছি, ১৪ ফুট রাস্তার উপর বাড়ির প্ল্যান স্যাংশন করিয়ে নিয়ে কোথাও ব্যালকনি বাড়িয়ে দিচ্ছে, কোথাও নাম্বার অফ ফ্ল্যাটস বাড়িয়ে দিচ্ছে। আপনি বলছেন যে, ডিমোলিশ করে দেবেন। আপনার ডিমোলিশ করবার কিছু নেই। এ ব্যাপারে পুরসভার আইন আছে যে কোথাও ইলিগ্যাল কনস্ট্রাকশকন হলে নোটিশ সার্ভ করে জবাব চাওয়ার এবং সন্তোষজনক উত্তর না পেলে সেসব কনস্ট্রাকশন সরাসরি ডিমোলিশ করে দেবার। কাজেই এই ব্যাপরাটা ভেবে দেখবেন। আর একটা বিষয়, আপনি ৬ নং ক্লজে যেটা বলেছেন ৪(এ)তে The

permission for the construction of a building granted to a Promoter under section 3, shall remain valid for a period of five years from the date of grant of such permission. পরে আবার বলেছেন, 'Provided further that, if the promoter cannot complete the construction of such building within the total period of seven years for the circumstances beyond his control, he may make an application to the State Government for extending period of validity of permission.' তার মানেটা কি ? প্রমোটাররা ফ্ল্যাট তৈরি করে দেবেন বলে অ্যাডভান্স নিলেন। ভাড়াটিয়া বাড়ির মালিককে বললেন- আর দুমাস সময় দিন, ফ্ল্যাট পাচ্ছি, দু-মাস পরে চলে যাবে।

প্রোমোটাররা দিনের পর দিন মাসের পর মাস বছরের পর বছর আমাদের টাকা নিয়ে বাড়ি করলো না, বেপাত্তা হয়ে গেল। আপনি বলছেন ৭ বছর পর্যন্ত সময় দিয়ে বাড়ি তৈরির অনুমোদন দেবেন। এতে সর্বনাশ হয়ে যাবে। মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ ব্যাংক থেকে লোন নিয়ে, যেখানে সে চাকুরী করে সেখান থেকে বিল্ডিং লোন নিয়ে আত্মীয়-স্বজনের কাছ থেকে লোন নিয়ে স্বপ্ন দেখেছিল একটা বাসা তৈরি করবে, একটা মাথা গোঁজার আস্তানা তৈরি করবে। আপনি এমন ব্যবস্থা করলেন, তারা টাকা নিলো মানুষের কাছ থেকে যে ৩ বছরের মধ্যে বাড়ি তৈরি করে দেবে। কিন্তু আপনার কাছে দরখাস্ত করলো, আপনি তাকে ৭ বছরের পারমিশান দেবেন যাতে সে বাড়ি তৈরি করতে পারে। এতে কিন্তু সর্বনাশ হয়ে যাবে। এই ক্লজটা আপনি দেখেছেন কিনা জানিনা। আমরা এতে আশঙ্কা বোধ করছি। সাধারন মানুষ, নিম্নমধ্যবিত্ত, মধ্যবিত্ত মানুষ চড়া সুদে টাকা নিয়ে বা ফাইনানসিয়াল ইন্সটিটিউট থেকে টাকা নিয়ে প্রভিডেন্ট ফান্ড থেকে লোন নিয়ে, এল.আই.সি. থেকে লোন নিয়ে বাড়ি তৈরি করার জন্য প্রোমোটারের কাছে যাবে। তাদের সর্বনাশ হয়ে যাবে। সুদ গুনতে গুনতে তাদের বাড়ি তৈরি করার স্বপ্ন সার্থক হবেনা। এই বিলের বিরুদ্ধে বিশেষ কিছু বলার নেই। লিখিত ভাবে আইন করে মানুষকে বাঁচানো যাবে না। বিলের ভেতর অন্যান্য যে গুলো আছে সেই গুলোকে কঠোর ভাবে ইমপ্লিমেন্ট করার চেষ্টা করুন, তবে মানুষকে বাঁচানো যাবে। মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষের একটা স্বপ্ন নিজের একটা মাথা গোঁজার ঠাঁই, সেই ব্যাপারে সরকার তাদের সহায়ক ভুমিকা পালন করুক।

[6.20—6-30 p.m.]

শ্রী গৌতম দেব : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের এই প্রোমোটার সংক্রান্ত আইন, পংকজবাবু জানেন সৌগতবাবু জানেন সিলেকট কমিটিতে দীর্ঘ আলোচনা করে শেষ দিকে একমত হয়ে সমস্ত কিছু করে বিধানসভায় পেশ করেছিলাম। তারপর এটাকে গেজেট নোটিফিকেশান করে শুধুমাত্র কলিকাতার উপর করা হলো, তারপর এটাকে সামান্য বাড়িয়ে সল্টলেক ঢুকিয়ে নেওয়া হলো। এর থেকে একটা অভিজ্ঞতা হলো,

পারচেজারদের একটা অভিজ্ঞতা হলো এবং যে সমস্ত প্রোমোটার রেজিষ্টার্ড হয়েছে তাদের খানিকটা অভিজ্ঞতা হলো। কিছু মামলা হলো, সেই মামলার ব্যাপারে আমরা আইনজীবীদের সাথে কথা বললাম। তারপর একটা কমিটি করলাম। ইনক্লুডিং প্রোমোটার্স, সিটি বিল্ডার্স ফোরাম থেকে শুরু করে বিভিন্ন সংস্থার সঙ্গে আলোচনা করে সেই কমিটিকে আমি বললাম আপনারা সুপারিশ দিন সকলের সাথে আলোচনা করে। আমি প্রথমে বলি, সেই ভাবে সকলের সাথে আলোচনা করে এই জিনিস এখানে রাখা হয়েছে। আলটিমেটলী গভর্ণমেন্ট যে ভাবে অ্যামেন্ডমেন্ট আসে নেইভাবে এনেছি। এই ব্যাপারে কোন সন্দেহ নেই, পংকজবাবু যে কথা বলেছেন, রঞ্জিতবাবু যে কথা বলেছেন বা অন্যান্য অনেকে বলেছেন যে আইনের ব্যবস্থা করার আগে যে আইন আছে তাকে পুরোপুরি কার্য্যকারী করা একটা বড় জিনিস। কোন আইন পুরোপুরি কার্য্যকরী করা গিয়েছে সুনির্দ্দিষ্টকরে এটা বলা মুসকিল। এটা ভাল ভাবে করা উচিত। কিন্তু আমাদের অসুবিধা হলো সেই ইনফ্রাস্ট্রকচার নেই। যাই হোক ৪৩৬ জন প্রোমোটার, শেষ দিকে বড় বড় প্রোমোটার রেজিস্ট্রেশানের জন্য তারা হাউসিং ডিপার্টমেন্টের কাছে অ্যাপ্লাই করেছে। সমস্ত কিছু দেখে শেষ পর্যন্ত ৩২০ জন প্রোমোটারকে আমরা রেজিস্ট্রেশান দিয়েছি।

রেজিস্ট্রেশানের পরে ওরা প্রোমোটর হিসাবে রেজিস্টার্ড হল। এইবার একজাক্টলি তাদের প্রোজেক্টটা প্লেস করতে হয়, প্রজেক্টটা যে করবে তারজন্য পারমিশান নিতে হয়। সেখানে ৪৩৫টি প্রজেকট আমাদের কাছে এসেছে পারমিশানের জন্য, আমরা ৩৬৭টির পারমিশান দিয়েছি সমস্ত কিছু দেখে এবং এটা সবই কলকাতার মধ্যে। এই প্রজেকটের ভ্যালু ৫১৩ কোটি ৩৮ লক্ষ টাকা। তার সমস্ত কিছু স্ক্রুটিনি করেই তার পারমিশান দেওয়া হয়েছে। তার অনেকগুলোর কাজ শেষ হয়েছে এবং কিছু কাজ চলেছে। এর প্রসেস চলছে কিন্তু তা সত্বেও এই বিষয়ে সন্দেহ নেই আরো খানিকটা যে বাধা, যেটা নিয়ে আপনারা বলেছেন সেটা এই সময়ের মধ্যে এনে যাতে স্ট্রিমলাইন করা যায় সেটা আমরা চেষ্টা করছি। এই আইনের বিষয়ে আমি দুতিনটি কথা বলতে পারি সেখানে মূল যে বিষয়টা যা এখানে রাখা হয়েছে যেটা আপনারা উল্লেখও করেছেন এবং এখানে শুধু গর্ভর্মেন্টের দিক থেকে খানিকটা আইনটাকে স্ট্রিনজেন্ট করা কারন যারা গন্ডগোল করছেন সেটা যাতে না করতে পারে তার চেষ্টা করছি। যেমন দুটি বিষয়ে এখানে আলোচনা করতে চাই এর কিছু কিছু ছোট ধারা আছে একটা হচ্ছে সেকশান (৩) এতে যে; অ্যামেন্ডমেন্টটা করছি সেখানে আমাদের এই পাওয়ার ছিল না যে একটা বাড়ি তৈরি করা বন্ধ করে দিতে পারি, এটা ছিল না, এখন সেটা ইনকরপোরেট করলাম। দ্বিতীয় নং হচ্ছে আইনের মধ্যে এটা ছিল না যে বাড়ি প্রয়োজন হলে ডিমোলিশ করতে পারবো, এখন সেটাকেও আমরা এখানে যুক্ত করেছি। সেই প্রসঙ্গে আপনারা বলেছেন যে, মিউনিসিপ্যালিটি এ্যাক্ট বলা আছে বিল্ডিং দেখার একটা কাজ আছে সেই কাজটা বেঙ্গল মিউনিসিপ্যালিটি করে। আর প্রোমোটার হিসাবে রেজিস্টার্ড হতে গেলে তারা যে ১০টা, ১২টা কাজ দেবে তার একটা কাজের নাম হচ্ছে মিউনিসিপ্যালিটি তোমাকে বিল্ডিং প্ল্যান পাশ করেছে। আপনার এখানে বিল্ডিং প্ল্যান

করলেই সে বাড়ি করতে পারবে না, যদি কেউ ব্যবসার জন্য বাড়ি করে যতক্ষন পর্যন্ত না সে নিজেকে রেজিস্টার্ড করছে। সুতরাং কর্পোরেশানের বিল্ডিং প্ল্যান সে করেছে সেই প্ল্যানে কোন ডেভিয়েশন করার প্রয়োজন তারজন্য ডেমোলিশ করাতে পারে। কিন্তু অন্য যে বাধ্যবাধকতা প্রোমোটরের আছে সেটা কর্পোরেশনের দেখার কাজ নয়। কর্পোরেশানের শুধু বিল্ডিং প্ল্যান পাশ করাই তাদের কাজ নয়, সেখানে যারা ব্যবসা করছে যে কমিটমেন্ট তারা করেছে, সেই কমিটমেন্ট রাখেনি, সেখানে ইনস্যুর করার ক্ষেত্রে সেখানে ইনস্যুর করে নি। সেখানে পাবলিকের কাছ থেকে যেখানে যে টাকা নিয়েছে, যে ফেসিলিটিজ দেবে বলেছিলেন সেই ফেসিলিটিজ সেখানে দেয় নি ইত্যাদি ইত্যাদি। এবং সেখানে যে ১০, ১২টি এসেনসিয়াল কন্ডিশনালিটিজের অবজেকটিভস আইনে আছে সেটা হলে পরে ডেমোলিশানের প্রশ্ন আসছে। এতে কর্পোরেশানের খুব অসুবিধার কিছু বিষয় নয়, এটা বলতে পারেন একটা বিষয় যেটা আমরা যুক্ত করেছি। দ্বিতীয় কথা হচ্ছে এখানে আইনটা কগনিজেবেল ছিল না। নন কগনিজেবেল ছিল। ফলে থানার নিজের থেকে একটা কেস নিয়ে ধরে নিয়ে যেত। এখন হয়েছে যতক্ষণ পর্যন্ত না হাউসিং ডিপার্টমেন্ট একটা ডায়েরী করছে ততক্ষণ কাউকে মুভ করানো হবে না। কিন্তু এখানে এর অনেকগুলো ধারাকে কগনিজেবেল অফেন্সের মধ্যে নিয়ে আসা হল। তার ফাইনের প্রভিশান বাড়িয়েছি আর জেলের পিরিয়ডও বাড়িয়েছি। কিন্তু সবচাইতে ইন্টারিস্টিং হচ্ছে যে, আমরা এটাকে কগনিজেবেল করার মধ্যে দিয়ে হাউসিং ডিপার্টমেন্টের শুধু প্রপার্টি থাকলো না, হাউসিং ডিপার্টমেন্টের অ্যাডমিনিস্ট্রেটিভ ডিপার্টমেন্ট টোটাল পুলিশ বাহিনী সমেত নিয়ে গিয়ে প্রোমোটারকে সুয়ো মোটা করে তার বিরুদ্ধে কগনিজেবেল অফেন্সে মুভ করতে পারে এবং এতে কোনো অসুবিধে নেই। এটা হাউসিং ডিপার্টমেন্ট মুভ করতে পারে এবং এক্ষেত্রে শাস্তির পরিমানটাও বাড়িয়েছি। পাশপাশি প্রোমোটরের সঙ্গে আলোচনা করেও দেখেছি রিয়েলি এই আইনের মধ্যে এমন কিছু জিনিস ছিল যাতে অহেতুক হ্যারাসড বা অসুবিধা হয়েছে। সেইরকম জিনিস আমরা কতকগুলো চেঞ্জ করে দিয়েছি। যার মধ্যে আপনারা দেখবেন ৩।২। সির প্রত্যেকটি ক্ষেত্রে তার রেজিস্টার্ড ডেভেলাপড এগ্রিমেন্ট দিতে হবে। ল্যান্ড ওনারদের সাথে আগে যেটা খুব অসুবিধা হচ্ছিল এটাতে তাদেরকে একজেম্পট করেছি, এই আইনের মধ্যে তার বাধ্যবাধকতা নেই।

এবং এটার জন্য দেখা যাচ্ছে, বহু প্রোমোটার বলেছে, আমরা এই আইনে আসতে পারি, কিন্তু এর যে কাগজপত্র বলছেন, ঐটা আমাদের দিতে অসুবিধা হচ্ছে, একটু দেরী হতে পারে। কিন্তু আগে না দিলে আপনারা রেজিস্টার্ড করছেন না, এটা করলে আমরা ইচ্ছা থাকলেও ঢুকতে পারছি না। সেই কারণে যাতে তারা আসতে পারে পরবর্তী সময়ে এখানে কিছু কন্ডিশানালিটিজ এরমধ্যে না এলে যে রেজিস্ট্রেশান হবে না, সেটা নয়, রুলসে এটা সাবসিকুয়েন্টিলি তাকে দিতে হবে। এটা নিয়ে প্রোমোটারদের দিক থেকে একটা ব্যাপক বক্তব্য ছিল। নেক্সটা হচ্ছে, ওদের বক্তব্য ছিল, রেজিস্ট্রেশান পেলে পরে সে বাড়ী করতে পারছে না। রেজিস্টার্ড হবে, একজন রেজিস্টার্ড প্রোমোটার তিন বছরের জন্য সে দুটো

প্রজেক্টও পাস পরাতে পারে। তার ফলে তাকে পারমিশান নিতে হবে, দুটো প্রজেক্ট এর জন্য আলাদাভাবে। তখন তারা বলল, রেজিস্ট্রেশান যেহেতু প্রজেক্ট এর হচ্ছে না, তার পরে আবার পারমিশান নিতে হচ্ছে, তাই রেজিস্ট্রেশান এরপিরিয়ডটা আপনারা আমাদেরকে একটু বাড়িয়ে দিন। সেটা আমরা তিন বছরের জায়গায় ১০ বছর করেছি, ঠিক আছে রেজিস্ট্রেশানটা। আর যেটা অ্যাকচুয়ালি প্রজেক্টে তিন বছর ছিল সেটায় ওদের বক্তব্য হচ্ছে, তিন বছরের মধ্যে করা সম্ভব হলেও নানান লিটিগেশানের কারণে সেটা অনেক সময় চার বছর, সাড়ে চার বছর লেগে যায়। তখন তো আপনারা আমাদের বাড়ী ভেঙে দেবেন। নতুন আইনে। তিন বছর না হলে অন্তত ৫ বছর এটাকে মিনিমাম করুন। ৫ বছর মানে হায়েস্ট লিমিট। আর কোন কারনে এমন একটা কোর্ট কেসে ফেঁসে গিয়েছে সেটা কেস টু কেস দেখবেন ডিপার্টমেন্ট এর অফিসাররা দেখবেন। তার পরে যদি মনে করেন, রিনিউয়ালটা দরকার, এই রিনিউয়ালটা সব সময় ওদের ডিসক্রিয়েশানে দেবে তার কোন মানে নেই। কিন্তু তিন বছরের জায়গায় ৫ বছর করলে তাদের সুবিধা হয়। সেই জন্য বছরের প্রভিসানটা তাদের দিক থেকে দেওয়া হয়েছে। (এ.ভয়েস : ওরা নিজেরাও কেস করে) সেটা করতে পারে। কিন্তু দেয়ার ইজ এ গভর্ণমেন্ট। আপনি নিজে বুঝতে পারছেন তো, তিন বছরের একটা বাড়ী, আবার ল এ্যাবাইডিং বিজনেস ম্যান তো আছে, তিন বছরের একটা বাড়ী, ৫টা ১০টা কাগজ তো তাকে যোগাড় করতে হবে, ফাল্ডিং করতে হবে, এতগুলি লোককে বাড়িটি বিক্রি করতে হবে, সেখানে তাদের কথা হচ্ছে, তিন বছরের ব্যাপারটা যদি আইনে করে দেওয়া হয়, তার পরে তো আমার কিছু করার নেই। আইনে ৫ রাখুন। এবং সেটা আমাদের কমিটি সব শুনে, বুঝে বলেছে, যে আইনে ৫ রাখলে খুব অসুবিধা হবে না। কেউ হয়ত বিশাল মাল্টিস্টোরেড বিল্ডিং করছে, বারো তলা বাড়ি করছে, খালি তো ছোটখাটো বাড়ি দেখলে হবেনা, সেখানে দেখা যাচ্ছে, রিয়েলি সাড়ে তিন বছর, পাঁচ বছর সময় লেগে যাচ্ছে সমস্ত বাড়িগুলি বিক্রি করতে। সেইজন্য ৫ বছর ম্যাকসিমাম লিমিট রয়েছে। তারপরে এক্সটেনসান দরকার হলে হবে। এটা যেমন আমরা করেছি। এর পরে নেক্সট যেটা ইন্সিওরেন্স ছিল, যেটা বাড়ী ভাঙার কথা আপনারা বলছিলেন, অর্থাৎ আমাদের আগের আইনে ছিল, একটা প্রোমোটার বাড়ী করেছে ১০০টা ফ্ল্যাট, ৯৯টা ফ্ল্যাট বিক্রি হয়েছে, ১০০ নম্বর ফ্লাটটা দেখছেন বিক্রি হবে, যেদিন বিক্রি হবে, সেইদিন থেকে ৫ বছর তাকে ইন্সিওরেন্সটা দিয়ে যেতে হবে। কন্টিনিউ করে যেতে হবে। অর্থাৎ তার পরে, ৫ বছরের মধ্যে বাড়ীটা ভেঙে গেলে যাতে মানুষজন সেই ইন্সিওরেন্স এর বেনিফিটটা পেতে পারেন। কিন্তু দেখা যাচ্ছে, সেটাতে সকলের অসুবিধা হচ্ছে। আমার ৯৯টা ফ্ল্যাট বিক্রি হয়ে গেল, দেড় বছরের মধ্যে, দুই বছরের মধ্যে, একটা ফ্ল্যাট বিক্রি হতে হতে তিন বছর সময় লাগল, ফলে সে আর ঐ ২ বছর, কি আড়াই বছর কোন ইন্সিওরেন্স করালো না, ঐটা না হলে পরে ইতিমধ্যে যদি কিছু ঘটে তাহলে তো আর আমি বেনিফিট পাবো না। প্লাস বাড়িটা তো কমপ্লিট হয়েছে, তার পরে তো প্রথম লোকটা ঢুকেছে। সেইজন্য আমরা ঐটা চেঞ্জ করে লাস্ট লোক নয়, বাড়ীটা যখন কমপ্লিট হয়েছে, সেটার সার্টিফিকেট যখন আমরা পাব মিউনিসিপ্যালিটির কাছ থেকে বা কর্পোরেশানের কাছ থেকে সেই পিরিয়ড থেকে পাঁচ

বছর ধরে এটা আমরা করেছি। ফলে এটা বলতে চাচ্ছি, এই যে যারা বায়ারস, যারা পারচেজারস, যারা প্রোমোটার তাদের সঙ্গে আলোচনা করে, তাদের অনেকগুলি গুরুত্বপূর্ন পয়েন্ট আমরা ইনকর্পোরেট করেছি এবং গভর্নমেন্ট এরও আইনের ব্যাপার কথা হচ্ছে। এর পরে, অ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার যেটা বলছেন, অ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার জিনিসটা দেখতে যাবেন, আল্টিমেটলি একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, কিংবা চীফ ইঞ্জিনীয়ার যাই বলুন, অ্যাপিলেট অথরিটি কিন্তু সেক্রেটারী, তাছাড়া কিছু নয়। তার একটা রিপোর্টের ভিত্তিতে ধরুন আমার পাঁচ শত বাড়ি আছে, তার মধ্যে দুই শতটার ক্ষেত্রে যদি রিপোর্ট আসে কমপ্লেন এর, আমরা কি করে পাঠাব। আর একজিকিউটিভ এর তো এই সংখ্যাও থাকেনা, আপনি বুঝতেই পারছেন। আমরা ১ তারিখ থেকে হাওড়াতে এই প্রোমোটার আইন চালু করছি। যদিও আইনের বাইরের কথা, তবে বলছি, ১লা জানুয়ারি থেকে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশান এলাকাতে, এই আইন চালু হচ্ছে। আমি তো এই নিয়ে হাওড়ার মেয়রের সাথে, ডি.এম., এস.পি.র সাথে মিটিং করেছি। কাগজে বিজ্ঞাপনও বেরিয়েছে, আমার কাছে রিপোর্ট হচ্ছে, হাওড়া জেলাতেই, গত দেড় বছরে হাওড়া শহরেতে প্রায় তিনশতটা বড় বড় বাড়ি সেইগুলি আমরা প্রোমোটারের বাড়ী ধরেই নিচ্ছি, জি. প্লাস থ্রী, জি প্লাস ফোর, জি প্লাস ফাইভ, আপনারা নিশ্চয় বুঝবেন, গ্রাউন্ড ফ্লোর গাড়ি ঢোকানের জন্য, ২০ টা গাড়ী ঢোকানোর জন্য প্লাস থ্রী, তিন তলা, প্লাস চার তলা এইসব বাড়িগুলি তো কেউ ইন্ডিভিজুয়াল করেনি।

[6-30—6-40 p.m.]

জি. প্লাস থ্রি, জি.প্লাস ফোর কোন প্রাইভেট করতে পারেনা, এটা যে কেউ বুঝবেন, নাম নিয়ে আসুন, দেখবেন অবভিয়াসলি হি ইজ এ প্রোমোটার। শুধু হাওড়া কর্পোরেশনে এরকম ৩০০টি প্রজেক্ট জমা পড়েছে, তার মধ্যে ১৫০ টি তারা স্যাংশন করছে গত এক দেড় বছরের মধ্যে। বাকিগুলো পরে হবে। পয়লা জানয়ারী থেকে এই আইন চালু হবে। কয়েক কোটি টাকার ৫।৬ শত কোটি টাকার প্রজেক্ট। রাস্তা রাখছে, গাড়ী রাখার জায়গা রাখছে, ইত্যাদি। আমি এটা ফিল করেছি। বিভিন্ন সরকারি সংস্থার সঙ্গে কথা বলতে শুরু করেছি। আমাদের হাউজিং ডিপার্টমেন্টের ব্রিকস প্রোডাকসন ডাইরেকটরেট আছে, একটা এস্টেট ম্যানেজারের ডাইরেকটরেট আছে, তাদের কাজ অনেক কমে গেছে। এক জায়গায় ৬০০ লোক, আর একজায়গায় ৭০০ লোক আছে, কথা বলে সেখান থেকে ৩০০ আর একজায়গা থেকে ৪০০ লোক তুলে নেওয়া হচ্ছে, যে প্রোমোটারস উইং আছে, তাদের সার্ভিলিয়েন্সের জন্য রাখা হবে, যাতে ভালো কের সে জিনিসটা করে। এই প্রসঙ্গে বলে রাখি, আমাদের যে রেজিস্ট্রেশন ফি ছিল রুলসে, সেটা গভর্নমেন্ট থেকে পরিবর্তন করতে পারি। এটা করতে হলে বিধানসভায় জানাতে হয় কয়েকদিনের মধ্যে জানাতে হবে। রেজিস্ট্রেশন ফি যেটা ৫০০ টাকা ছিল সেটা ২০০০ টাকা করেছি। যত বড় প্রেমোটারই হোক, প্রজেক্ট ওয়াইজ পারমিশন নিতে হবে। ২০ লক্ষ টাকার মধ্যে প্রজেক্ট, যেটা ২০০০ টাকা ছিল, সেটা ১০ হাজার টাকা করেছি। ২০ লক্ষ থেকে ৫০ লক্ষ টাকার প্রজেক্টে ছিল

৪ হাজার টাকা, সেটা ১৫ হাজার টাকা করেছি। ৫০ লক্ষ টাকা থেকে ৪।৫ কোটি টাকার প্রজেক্টে ৫ হাজার টাকা ছিল, সেটা করছি ২০ হাজার টাকা। এটা ১লা জানুয়ারী থেকে শুরু করছি। কারন, আমাদের প্রোমোটার উইং চালাতে যে খরচ হবে, তার একটা বড় অংশ যাতে এই রেভিনিউ-এর মাধ্যমে উঠে আসে। আমরা হাওড়াতে চালু করতে চলেছি। কলকাতায় যে অফিসটা আছে সেটা ভেঙে দেব। সারা কলকাতায় একজন অথোরাইজড অফিসার থাকবে। কলকাতাকে ২।৩টে টুকরো করে, একজনকে হাওড়ায় একজনকে ব্যারাকপুর বেল্টে দেব। জিনিসটাকে যাতে ভালো করে করা যায়, এই উদ্দেশ্য। এই ব্যবসটা আছে,এবং থাকবে, ব্যবসাটা উঠে যাবে তা নয়। ১০০ কোটি টাকার একটা বাড়ি হওয়া মানে ৩০ কোটি টাকা লেবার পেমেন্ট, বাকি ৭০ কোটি টাকা খরচ হয় মেটেরিয়ালসে। এটা লেবার ইন্টেন্সিভ। সুতরাং হাউসিং সেক্টরে যত বেশী বেশী ইনভেস্টমেন্ট পারকুলেট করব তত ভালো। এটা বন্ধ করার কিছু নেই। চার-পাঁচটা বেকার ছেলে টুকরো-টুকরো জমি নিয়ে নিয়ম মেনে বাড়ি করে বিক্রি করছে, ঠিক আছে। আমরা তাদের বলেছি নিয়ম ঠিক রাখো,জমিটা কার দেখে নাও, লোককে ঠকিয়ো না, টাকা কোথায় পেলে, এই সমস্ত বিষয় আমাদের দেখাও, ব্যবসা কর। এই সমস্ত বিষয় নিয়ে প্রেমোটারদের সঙ্গে সিরিয়াস আলোচনা করেছি, তারাও অনেক ফিডব্যাক দিয়েছে। আগেও বলেছি, এটা সমর্থন করে আগামী দিনে আমাদের এুটি-বিচ্যুতি সংশোধন করে যাতে আগামী দিনে ভালো করে কাজ করতে পারি সেটা সম্ভব করবেন।

The motion of Shri Gautam Deb that The West Bengal Building(Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002 be taken into consideration was then put and agreed to.

Clause - I

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause - 2

There is one amendment(Amendment No.2)to clause 2 given by Shri Saugata Roy. I call upon Mr. Roy to move his amendment.

Shri Saugata Roy : Sir, I beg to move that in clause 2 sub-clause (c) item No.3 be omitted.

এটা হচ্ছে কনস্ট্রাকশান নয়, কনভারশান। একটা বাড়ী একটা ফ্ল্যাটে কনভার্ট হলে নতুন বাড়ী নয়, আমার মনে একটা বাড়ী ভেঙ্গে কনভারশানও নয়, আমার মনে হয় এটা হলে সাধারণ লোকরা যারা বাড়ী চেঞ্জ করছে, তারা সমস্যায় পড়বে। আল্টিমেটলি

প্রোমোটাররা যারা বদমাইশি করছেন, তারা ছাড় পেয়ে যাচ্ছে। শাস্তি পাচ্ছে না। কিন্তু সাধারন লোক বাড়ী করতে বা নিজের বাড়িটাকে কনভার্ট করতে সমস্যায় পড়ছে।

শ্রী গৌতম দেব : ওঁনার বুঝতে বোধহয় একটু ভুল হচ্ছে। আইনে লেখা হয়েছে ৯.৫ মিটার উচ্চতা এবং তার সাথে ৩০০ স্কোয়ার মিটার বেসের উপর যে বাড়ী, তার কমে কোন লোক নিজের জন্য বাড়ী করছে, বাড়ী ভেঙ্গে করুক কি নতুন করেই করুক, তাকে কখনোই এখানে আসতে হবে না। A person will be deemed to be a promoter if he constructs or causes to be constructed, a building with a height of 9.5 meters or more and on a plot of land measuring three hundred square meters or above or if he constructs or causes to be constructed a building consisting of flats in excess of the requirements of the members of his family.

৯.৫ মিটার উচ্চতার যে বাড়ী করবে, ৩০০ স্কোয়ার মিটারের উপর যে বাড়ী এটা কোন ফ্যামিলি তার নিজের জন্য করছে হতে পারে ? সুতরাং ফ্যামিলি যেটা করছে, সে কখনো এটার মধ্যে পড়তে পারে না। তবে এই রকম কিছু করলে আগে থেকে আমাদের জানালে আমরা সংশোধন করে নেব।

The motion of Shri Saugata Roy (Amendment No. 2) was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause - 3

There is one amendment given by Shri Panjak Banerjee (Amendment No. 3). It is in order. I now request Shri Banerjee to move his amendment.

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী যে ব্যাখ্যা দিয়েছেন, পরবর্তীকালে ফ্যামিলি এবং বাড়ীর ব্যাপার I do not want to further proceed.

মিঃ ডেপুটি স্পিকার : আমি ১৫ মিনিট সময় বাড়িয়ে নিচ্ছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আমি মুভ করছি, কিন্তু প্রেসারাইজ করছি না। Sir, I beg to move that in clause 3, in sub-clause (4a), in lines 4 and 5, for the words "not below the rank of Assistant Engineer" the words "not below the rank of Executive Engineer" be substituted.

Shri Gautam Deb : Sir, I do not accept it.

The motion of Shri Pankaj Banerjee(Amendment No.3) was then put and lost.

[6-40—6-50 p.m.]

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that Clause 4 do stand part of the Bill was then put and agareed to.

Clause 5

There is one amendment to Clause 5 given by Shri Pankaj Banerjee, which is in order and taken as moved.

Shri Pankaj Banerjee :Sir, as I have told you before, I move my amendment that Clause 5 be omitted. But I am not asking for it.

The motion of Shri Pankaj Banerjee was then put and lost.

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 6 to 15

The question that Clauses 6 to 15 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The motion of **Shri Gautam Deb** that the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-43 p.m. till 11-00 a.m. on Friday, the 13th December, 2002, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 13th December, 2002 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 15 Ministers, 07 Ministers of State and 132 Members.

[11.00–11.10 a.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Gobinda Chandra Naskar on the subject of spurt in robbery in the areas under Canning Police Station.

The subject matter of the adjournment motion relates to the day to day administration of the Government and is not such that may call for adjournment of the business of the House.

The Member may invite attention of the concerned Minister through Calling Attention, Mention, Question, etc. Besides, a No-confidence Motion is to be discussed on 19.12.2002 where the Member will get ample scope to raise the matter. I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

I find that Shri Gobinda Chandra Naskar is not in his seat. It is a matter of convention that generally on a non-official day the adjournment motion is not filed. Non-official day is Private Members' Business day. No Parliamentary convention is being followed. Go as you like—come as you like. How can you bring adjournment motion on the Private Members' Business day ?

POINT OF INFORMATION

শ্রী অজয় দে : স্যার, আমার পয়েন্ট অফ্ ইনফরমেশান হচ্ছে গতকাল ভোর রাত্রে জলপাইগুড়ি জেলার ওথলাবাড়িতে একটা চরম দুর্ঘটনা ঘটে গেছে, সেখানে ১৩ জন মারা

গেছে এবং ৭০ জন আহত হয়েছে রাস্তাঘাটের বেহাল অবস্থার জন্য। রাস্তাঘাট খানা-খন্দে ভরে গেছে তাই প্রতিনিয়তই দুর্ঘটনা ঘটছে। এ ব্যাপারে রাজ্য সরকারের একটা জবাব দেওয়া উচিত, পশ্চিমবঙ্গের রাস্তাঘাট ভেঙে পড়েছে এবং এই বেহাল অবস্থার বিরুদ্ধে এখানে মন্ত্রী মহাশয় আছেন, স্যার, আপনি মন্ত্রী মহাশয়কে বলতে বলুন।

শ্রী রবীন দেব : স্যার, আমার পয়েন্ট অফ্ ইনফরমেশান হলো কলকাতা কর্পোরেশন ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়েছে যে তাদের ১২ হাজার কর্মচারীকে তাদের স্বেচ্ছাবসরের মধ্যে দিয়ে তাড়িয়ে দেবে। এটা একটা ভয়ঙ্কর সিদ্ধান্ত। আমি এই হাউজে এর প্রতিবাদ জানাচ্ছি। আমাদের রাজ্যের নগর উন্নয়ন দপ্তরের এবং পৌর দপ্তরের মন্ত্রী এই বিষয়ে হস্তক্ষেপ করুন। এইভাবে কলকাতা কর্পোরেশনের ১২ হাজার কর্মচারীকে পথে বসিয়ে দেওয়ার যে সিদ্ধান্ত নিয়েছেন এটা যাতে কার্যকরী না করতে পারে।

শ্রী তপন হোড় : স্যার, আমাদের মাননীয় বিধায়ক রবীন দেব মহাশয় যে প্রসঙ্গটি উত্থাপন করেছেন যে কলকাতা কর্পোরেশনের তৃণমূল কংগ্রেসের মেয়র সুব্রত মুখার্জি ১২ হাজার কর্মচারীকে ভি.আর.এস. দেওয়ার চেষ্টা করছেন। এই অপচেষ্টার বিরুদ্ধে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে এ ব্যাপারে হস্তক্ষেপ করুন। এই ১২ হাজার কর্মচারীকে ভি.আর.এস. দিয়ে ওখান থেকে তাড়িয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। এটা অবিলম্বে বন্ধ করা দরকার।

মিঃ স্পীকার : খবরের কাগজে কি একটা ছাপা হল একজন লোকের নাম দিয়ে আর সঙ্গে সঙ্গে আপনারাও বলতে লাগলেন। ওঁকে নোটিশ দিয়েছেন, সে আদৌ বলেছেন কিনা ? তাঁকে ডিফেন্ড করার সুযোগ দিয়েছেন ? আপনারা এখানে দাঁড়িয়ে গেলেন, চিৎকার আরম্ভ করলেন। দাঁড়িয়ে গেলেন, চিৎকার আরম্ভ হয়ে গেল। খবরের কাগজের খপ্পড়ে পড়লে বিপদে পড়বেন। আগে ওদের নোটিশ দিন ওদের সামনে বলুন তার পর দেখা যাবে।

শ্রী নির্মল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উকিলবাবুদের ধর্মঘটের ফলে আজকে কি অবস্থা দেখুন। একজন ব্যক্তি, বিচার প্রার্থী, তিনি জলপাইগুড়ি জেলে বন্দী ছিলেন। এদিকে তাঁর মা অসুস্থ ছিলেন। কিন্তু উকিলবাবুদের ধর্মঘটের ফলে সময়মত বেল না নিতে পারার জন্য অসুস্থ মায়ের মৃত্যুর আগে তার সাথে ছেলের দেখা হল না। তাই উকিলবাবুদের বলব আপনারা অবিলম্বে কাজকর্মে যোগ দিন। তা না হলে এই রকম আরো ঘটনা হয়তো আমাদের দেখতে হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৩৪ নম্বর জাতীয় সড়কের ৩৭০ কি.মি. রাস্তা, বারাসাত থেকে রায়গঞ্জ পর্যন্ত অংশ নির্মাণের জন্য এ.বি.ডি. ১১০ কোটি টাকা দিয়েছে। কিন্তু সেই টাকা খরচ করতে পারা যাচ্ছে না। মূলত এই প্রকল্পের ৬৫ শতাংশই এ.ডি.বি.-র ঋণে হচ্ছে। এটা যদি না করতে পারা যায় তাহলে সারা পশ্চিমবাংলার উন্নয়নের ক্ষেত্রে একটা বাধা স্বরূপ হবে। বহুদিন হতে চলেছে এই টাকার সদ্ব্যবহার করা যাচ্ছে না। এটা দেখা দরকার।

ADJOURNMENT MOTION READ AS AMENDED

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় যে সন্ত্রাসের রাজত্ব চলছে সে সম্বন্ধে ইতিপূর্বে আপনাকে জানিয়েছি। দেখা যাচ্ছে, ঘুঁটিয়ারি শরিফে গত ৫ তারিখে, ঈদের আগের দিনের জমজমাট বাজারে প্রফুল্ল গায়েনের দোকানে ঢুকে সি.পি.এম. পার্টির লোকের সহযোগিতা নিয়ে দুষ্কৃতকারিরা ৪৪ হাজার টাকা এবং কাপড়ের বান্ডিল, ইত্যাদি লুঠ করে নিয়ে যায়। যদিও সেখান থেকে থানার দূরত্ব ২ মিনিট কিন্তু পুলিশ ঘটনাস্থলে এল ১ ঘণ্টা পরে দুষ্কৃতকারিরা চলে যাওয়ার পরে। আবার, কিছুদিন আগে পিয়ালীতে কালীপদ মির্দ্ধার বাড়ি ঘেরাও করে ডাকাতি হল। গ্রামের লোকেরা যখন ছুটে এল তখন সেই সমস্ত দুষ্কৃতকারিরা তাদের দিকে তেড়ে যায় এবং বোমা ছুঁড়তে থাকে ও পাইপ গান থেকে গুলি ছুঁড়তে থাকে। সেখানে বাড়িতে বাড়িতে ঢুকে ১০০, ২০০ টাকা, যে বাড়ি থেকে যা পেয়েছে তাই নিয়ে চলে গেছে। এর পর ক্যানিং-এ সন্ত্রাস চালিয়ে ডাকাতি করা হল। কিন্তু ক্যানিং থানার পুলিশ সম্পূর্ণ নীরব দর্শকের ভূমিকা নিল।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received five notices of Calling Attention on the following subject, namely :

	Subject	Name
(i)	Non-functioning of West Bengal Mineral Development Corpn.	: Shri Nepal Mahato
(ii)	Pollution of drinking water by arsenic in 9 dist in the State	: Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira
(iii)	Reported murder of one Sahidul Ghorai at Buddhakhali under Canning P S in Sept., 2002	: Shri Gobinda Chandra Naskar
(iv)	Violation of Minimum Wages Act in Hooghly Jute Mill at Mangalpur Industrial Estate of Ranigunj	: Shri Moloy Ghatak
(v)	Outbreak of malaria in Jalpaiguri dist.	: Shri Nirmal Das.

I have selected the notice of Shri Moloy Ghatak on the subject of violation of Minimum Wages Act in Hooghly Jute Mill at Mangalpur Industrial Estate of Raniganj.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be given on 17th December, 2002.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : নাম দিলেও কলিং অ্যাটেনশনের নাম ডাকার সময় মেম্বাররা অনুপস্থিত থাকেন। ভবিষ্যতে এই রকম হলে দেব না।

Now I call upon the Minister in Charge of Fisheries Dept. to make a statement on the subject of reported missing of trawlers and fishermen in the coastal areas of South 24-Parganas and Midnapore (East) dist. on 12.11.02.

(Attention called by Shri Kashinath Mishra, Dr. Asish Banerjee, Shri Moloy Ghatak and Shri Manturam Pakhira jointly on the 10th December, 2002).

[11.10–11.20 a.m.]

শ্রী কিরণময় নন্দ :

(ক) বিগত ১২ নভেম্বরের সামুদ্রিক ঝড়ে দক্ষিণ ২৪-পরগনা ও পূর্ব মেদিনীপুরের উপকূলে মোট ১৫টি যন্ত্রচালিত ট্রলার নিখোঁজ হয়েছিল। উক্ত ট্রলারের মধ্যে ডায়মন্ডহারবার উপকূলে ২টি ট্রলার (মা—জ্যোতির্ময়ী ও মা—জগদ্ধাত্রী) এবং কাঁথি উপকূলে ৫টি ট্রলারই উদ্ধার করা হয়েছে। বাকী ৮টি নিখোঁজ ট্রলার-সহ সর্বমোট ৭৪ জন মৎস্যজীবী এখনও পর্যন্ত নিখোঁজ আছেন। এর মধ্যে ৭০ জন মৎস্যজীবী ডায়মন্ডহারবার সামুদ্রিক অঞ্চলের এবং বাকি ৪ জন মৎস্যজীবী কাঁথি সামুদ্রিক অঞ্চলের অধিবাসী। ডায়মন্ডহারবার উপকূলের ৭০ জন নিখোঁজ মৎস্যজীবীর মধ্যে ১৯ জন হাওড়া জেলার অধিবাসী। এছাড়াও ডায়মন্ডহারবার অঞ্চলের ৩ জন মৎস্যজীবী মারা গিয়েছেন।

(খ) সমুদ্রে নিখোঁজ মৎস্যজীবী ও ট্রলারগুলির সন্ধানে দক্ষিণ ২৪-পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলার জেলা শাসকের নেতৃত্বে উপকূল রক্ষী-বাহিনী, জেলা পুলিশ, সাধারণ প্রশাসন ও মৎস্য দপ্তর সমুদ্রে তল্লাসী ও মৎস্যজীবীদের উদ্ধারের কাজে নিযুক্ত ছিল। উপকূল বাহিনীর তরফ থেকে বিমানযোগে এবং দ্রুতগতির হোভার

ক্র্যাফটের সাহায্যে সামুদ্রিক এলাকা (পারাদ্বীপ থেকে সুন্দরবন পর্যন্ত) তন্ন তন্ন করে খোঁজা হয়েছে। আজ অবধি সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ সজাগ আছেন।

(গ) সামুদ্রিক ঝড়ের পূর্বাভাসের ব্যাপারে আমাদের সমুদ্রে যাওয়া মৎস্যজীবীরা প্রধানত বেতারের উপর নির্ভরশীল। দুর্ভাগ্যের বিষয় কলকাতার বেতার কেন্দ্র থেকে ১২.১১.২০০২ তারিখে অর্থাৎ সামুদ্রিক ঝড়ের দিনে প্রথম বুলেটিন এফ এম-১-এ দুপুর ২টা ৩ মিনিটে সম্প্রচার করা হয়। কলকাতা 'ক' কেন্দ্রে বিকাল ৫টা ৫৫ মিনিটে প্রথম সতর্কবার্তা সম্প্রচারিত হয়। বিবিধভারতী থেকে ওই বার্তা সম্প্রচারিত হয় বিকাল ৩টায়। দুঃখের বিষয় ওই সামুদ্রিক ঝড় তার অনেক আগেই (দুপুর ১২টা নাগাদ) বয়ে গিয়েছিল।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছেন। কিন্তু আমরা বিভিন্ন পত্র-পত্রিকার থেকে যে সংবাদ পাই তাতে দেখছি যে, ১২ নভেম্বরের সামুদ্রিক ঝড়ে বিভিন্ন জায়গায়—পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪-পরগনায় ২৬টি ট্রলার, দীঘা উপকূলবর্তী স্থানে ২০টি ট্রলার, কাকদ্বীপে ৬টি ট্রলার নিখোঁজ হয়ে গেছে। এবং কতজন টোটাল মৎস্যজীবী প্রকৃতভাবে ছিলেন সেই সংখ্যাটা ঠিকমতভাবে জানতে পারা যাচ্ছে না, দেখা যাচ্ছে কোথাও ৬৩০ জন, কোথাও ২০০ জনের মতো ছিলেন। এই যে সংখ্যাটার যে ছবি আমাদের কাছে আসছে, সেই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন যে, প্রকৃত চিত্রটা কি ? কতগুলো ট্রলার মাছ ধরতে গিয়েছিল ? কত ট্রলার ঘূর্ণিঝড়ে পড়েছিল ? এর মধ্যে কতজন মৎস্যজীবী ছিলেন ? এর মধ্যে কতজন উদ্ধার হয়েছেন ? এর বিস্তারিত বিবরণ জানতে চাই।

শ্রী কিরণময় নন্দ : ১২ নভেম্বর ঘূর্ণিঝড়ের খবর পাওয়ার সঙ্গে সঙ্গে আমরা সমুদ্রে কতজন মাছ ধরতে গিয়েছিলেন সে ব্যাপারে খোঁজ নিতে শুরু করি। ১৩ নভেম্বর যে ছবি আসে সেটা খুবই ভয়াবহ। সংখ্যাটা ছিল প্রচুর। অনেক ট্রলার নিখোঁজ ছিল, অনেক মৎস্যজীবী নিখোঁজ ছিলেন। তারপর ১৪ নভেম্বর যন্ত্রচালিত নৌকা, ট্রলার ফিরে আসতে থাকে এবং অনেক মৎস্যজীবীও ফিরে আসতে থাকেন। এর সর্বশেষ তালিকা আপনার দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে আমি জানিয়েছি। আমাদের সর্বশেষ পরিসংখ্যান—যতগুলো ট্রলার নিখোঁজ হয়েছে, যতজন মানুষ নিখোঁজ হয়েছেন তার সংখ্যাটা আমি আপনাদের জানিয়েছি।

ডা: আশীষ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, আপনি যে সংখ্যাটা দিয়েছেন সেই সংখ্যাটার সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে সংখ্যাটা দিয়েছেন তার সঙ্গে সঙ্গতি আছে কিনা ? আমরা দেখছি যে, আপনার দেওয়া সংখ্যাটার সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দেওয়া সংখ্যাটা মিলছে না। আমরা স্টেট গভর্নমেন্টের কাছে সহযোগিতা চেয়েছি, কেন্দ্রীয় সরকারের কাছে যে সর্বদলীয় টিম-এর রিপ্রেজেনটেশান দেওয়ার জন্য আমরা যে প্রস্তাব উত্থাপন করেছি, আমার যতদূর ধারণা আছে যতদূর জ্ঞানের মধ্যে আছে সিক্স টাইম আমরা সর্বদলীয় কমিটির টিম কেন্দ্রীয় সরকারের কাছে গুরুত্বপূর্ণ এবং উদ্বেগজনক একটা বিষয় সম্পর্কে সমাধানের জন্য

সহযোগিতা দাবি করে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা প্রস্তাব নিয়ে গিয়েছিলাম কিন্তু এখনো পর্যন্ত সেই ধরনের কোনো সাড়া আমরা পাইনি। আমরা নতুন করে সে প্রস্তাব বিধানসভায় উত্থাপন করেছি, সবাই এটা গ্রহণ করবেন যাতে একটা সর্বদলীয় টিম কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের এই গুরুত্বপূর্ণ ভাঙন প্রতিরোধ সংক্রান্ত বিষয় নিয়ে আমরা রিপ্রেজেন্টেশান দিতে পারি, আমরা প্রেসার ক্রিয়েট করতে পারি। আমরা সবাই জানি আমাদের রাজ্যে শুধু মালদা, মুর্শিদাবাদ, নদিয়ায় নয় আমাদের রাজ্যে এই ভাঙন সমস্যাটি জাতীয় সমস্যা হিসাবে চিহ্নিত হয়েছে। আপনি এখানে কোথাও বলেননি, যে পরিবারগুলো আজও নিখোঁজ হয়ে রয়েছে, তাদের ব্যাপারে এই সরকার কী করেছে। তাদের পরিবারগুলির সহায়তা দেওয়ার জন্য তাঁদের পরিবারের দেখভালের জন্য, তাঁরা যে নিখোঁজ হয়ে গেলেন, সেই নিখোঁজ হয়ে যাওয়া পরিবারগুলির আজ কী সম্বল আছে, সে সম্পর্কে কোনো উল্লেখ নেই। এই বিষয়টি আমি আপনার কাছ থেকে জানতে চাইছি।

শ্রী কিরণময় নন্দ : জেলা প্রশাসনের মাধ্যমে তাদের বাড়িতে ত্রাণ সামগ্রী বিলি করা হয়েছে। যারা নিখোঁজ হয়েছে, তাদের জন্য আমাদের অপেক্ষা করতে হবে। আমার কাছে যে রিপোর্ট আছে এবং উলুবেড়িয়ার এম.এল.এ.-র কাছ থেকে এবং প্রশাসনের কাছ থেকে রিপোর্ট আমি পেয়েছি কিন্তু সঠিক রিপোর্ট এখনো পাইনি। হাওড়া জেলার যারা নিখোঁজ হয়েছে, তার ৫টি ট্রলার বাংলাদেশে চলে গিয়েছিল এবং তাতে প্রায় ১৬ জন মৎস্যজীবী ছিলেন। যেহেতু সঠিক তথ্য পাওয়া যায়নি, তাই নিখোঁজের তালিকায় তাদের নাম রাখতে হয়েছে। অন্ততপক্ষে ৩ মাস অপেক্ষা করতে হবে যদি ৩ মাসের মধ্যে নিখোঁজ ব্যক্তিরা ফিরে না আসেন, তখন সমস্ত মৎস্যজীবীরা বীমা আওতাভুক্ত থাকার ফলে তারা এককালীন ৫০ হাজার টাকা করে পাবেন। মেরিন অ্যাক্ট অনুযায়ী যারা মাছ ধরতে যাবেন সেই সমস্ত ট্রলার মালিককেও ইনসিওরেন্স করতে হবে এবং আমাদের দপ্তরের অফিসাররা বলেছেন যারা নিখোঁজ হয়ে আছেন, তারাও ইনসিওরেন্সের আওতায় আসবে। যে সমস্ত মৎস্যজীবী নিখোঁজ হয়েছে, তাদের নামের একটা তালিকা তৈরি করতে হবে পুলিশের ডাইরি থেকে এবং গ্রাম পঞ্চায়েত অফিস থেকে তথ্য নিয়ে। ৩ জনের মৃতদেহ পাওয়া গিয়েছে, যারা ডায়মন্ডহারবার এবং কাকদ্বীপ অঞ্চলের। নির্দিষ্ট সময়ের মধ্যে মৎস্যজীবীরা যদি ফিরে না আসেন, তখন তাদের মৃত বলে ঘোষণা করতে পারব। তখন তাদের জন্য যে বীমার ব্যবস্থা আছে, সেই বীমার আওতায় তারা আসবেন এবং তার পরিবার টাকা পাবে, সেই ব্যবস্থা আমরা করতে পারব।

ডাঃ আশীষ ব্যানার্জী : নিখোঁজ মৎস্যজীবীদের সংখ্যা নিয়ে মুখ্যমন্ত্রীর দেওয়া তথ্যের সঙ্গে আপনার তথ্যের গরমিল রয়েছে।

শ্রী কিরণময় নন্দ : মুখ্যমন্ত্রীর সঙ্গে আমার তথ্যের কোনো গরমিল নেই। আমি যখন দিঘা এবং কাঁথিতে গিয়ে পৌঁছেছি, তখন দেখি ১টি ট্রলার ফিরে এসেছে। সেইজন্য মুখ্যমন্ত্রীর হিসাবই বলুন, জেলা প্রশাসনের হিসাবই বলুন আর মৎস্যজীবীদের সংগঠন হিসাবেই বলুন সমস্ত তথ্যের সঙ্গে মিল আছে, কোনো গরমিল নেই।

LAYING OF REPORT

Sri Probodh Chandra Sinha : Sir, with your kind permission, I beg to lay the Annual Statement of Accounts together with Audit Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2000-2001.

Motion-under-Rule 185

Sri Nripen Chaudhuri : Sir, I beg to move that—

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

বিগত প্রায় তিন দশক থেকে বিশেষ করে গঙ্গা নদীর উপর ফরাক্কা ব্যারেজ নির্মিত হওয়ার পর থেকে গঙ্গা, পদ্মা-সহ ভৈরব, ভাগীরথী, বাঁশলই ও পাগলা নদীতে ভাঙন মালদহ, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার করিমপুর এলাকার ব্যাপক অংশকে গ্রাস করেছে এবং ফরাক্কার অপরদিকে মালদহ জেলার ব্যাপক অংশ এবং ফরাক্কা ব্যারেজের ডাউনস্ট্রিমে ফরাক্কা থেকে নদীয়া জেলার করিমপুর পর্যন্ত প্রায় ১১৬ মিটার ব্যাপী গঙ্গা-পদ্মা নদীর পশ্চিমপাড়ে ভাঙন এক ভয়ঙ্কর রূপ গ্রহণ করেছে যার ফলস্বরূপ,—

(১) বর্তমানে প্রায় ৪০,০০০ পরিবার গৃহহীন হয়ে রাস্তা, বাঁধ এবং রেললাইনের ধারে আশ্রয় নিতে বাধ্য হচ্ছে এবং প্রতি বছর এই সংখ্যা ক্রমবর্ধমান ;

(২) হাজার হাজার হেক্টর জমি নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ায় কৃষক একদিকে জীবনধারণের প্রধান উপকরণ জমি হারিয়ে খেতমজুরে পরিণত হচ্ছে এবং ভাঙন-এলাকায় অর্থনীতি ভেঙে পড়ার ফলে নানা ধরনের সামাজিক সংকট তৈরি হচ্ছে ;

(৩) হাজার হাজার হেক্টর ভারতবর্ষের জমি অপরপারে বাংলাদেশের জমির সঙ্গে যুক্ত হচ্ছে এবং দুই দেশে জমির দখল নিয়ে সংঘাতের অবস্থা তৈরি হচ্ছে যা কোনো কোনো সময় দুই দেশের মধ্যে সম্পর্কের অবনতির পরিবেশ সৃষ্টি করছে ; এবং

(৪) কোনো কোনো ক্ষেত্রে বিশেষ করে মুর্শিদাবাদ জেলার ফাজিলপুরের কাছে ভাঙনের ফলে গঙ্গা ও ভাগীরথী নদীর অবস্থান প্রায় ১ কিলোমিটারের মধ্যে চলে এসেছে এবং এই মিলন প্রতিরোধ করতে না পারলে সমস্ত রাজ্যের ভৌগোলিক চেহারার পরিবর্তন ঘটে যাবে।

এই সভা অবগত আছে যে,—

এই ভয়ঙ্কর সমস্যার সমাধানকল্পে সামগ্রিক পরিকল্পনা গ্রহণের জন্য এই সভার পক্ষ থেকে এক সর্বদলীয় প্রতিনিধিবর্গ কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা সত্ত্বেও আজ পর্যন্ত কোনো ইতিবাচক সাড়া পাওয়া যায়নি।

এই সভা মনে করে যে,—

রাজ্য সরকারের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে এই রকম একটি আন্তর্জাতিক নদীর ভয়ঙ্কর ভাঙন প্রতিরোধে ব্যয়বহুল সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করা সম্ভবপর নয় এবং রাজ্য সরকার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে আন্তরিকভাবে চেষ্টা করলেও সমস্যার ব্যাপকতার তুলনায় তা অপ্রতুল।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,—

(ক) এই সমস্যাটিকে কেন্দ্রীয় সরকারকে জাতীয় সমস্যা হিসাবে গ্রহণ করতে হবে ;

(খ) ভাঙন প্রতিরোধের জন্য সামগ্রিক পরিকল্পনা জরুরি ভিত্তিতে গ্রহণ এবং তা কার্যকরী করার জন্য প্রয়োজনীয় অর্থ কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে বরাদ্দ করতে হবে ; এবং

(গ) ভাঙনে ক্ষতিগ্রস্ত মানুষের পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় অর্থ কেন্দ্রীয় সরকারকে বরাদ্দ করতে হবে।"

মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে এবং সমস্ত সদস্যদের কাছে আমি একটি গুরুত্বপূর্ণ, উদ্বেগজনক বিষয় নিয়ে প্রস্তাব উত্থাপন করছি আশা করি সবাই এটা সমর্থন করবেন।

[11.20–11.30 a.m.]

আমাদের মুর্শিদাবাদ জেলার ১২টি পঞ্চায়েত সমিতি এলাকায়, মালদা জেলার ৩টি পঞ্চায়েত সমিতি এলাকায় এবং নদিয়া জেলায় ১টি পঞ্চায়েত সমিতি এলাকায় এই সমস্যা আজকে একটা বৃহৎ সমস্যা হিসেবে দেখা দিয়েছে। এর ফলে ইতিমধ্যেই হাজার হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। আমাদের কাছে যে হিসেব আছে তাতে দেখছি গত তিনটে দশকে প্রায় ৪০,০০০ পরিবার গৃহহীন হয়ে পড়েছে, পপুলেশনের সংখ্যা দেড় লক্ষ। আমাদের মুর্শিদাবাদ, মালদা এবং নদিয়া জেলা মিলিয়ে ৩৬ লক্ষ হেক্টর জমি পদ্মাগর্ভে বিলীন হয়ে গেছে। ফলে ওই বিস্তীর্ণ এলাকার অর্থনীতি ভেঙে পড়েছে। এমনকি ওখানে শিক্ষার যে ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়েছিল—৪০টি প্রাইমারি স্কুল, ৬টি হায়ার সেকেন্ডারি স্কুল পদ্মাগর্ভে বিলীন হয়ে গেছে। এমনকি দীর্ঘদিনের পুরনো একটা থানা পর্যন্ত পদ্মাগর্ভে বিলীন হয়ে গেছে। ১২টা পঞ্চায়েতের আজ আর কোনো অস্তিত্ব নেই। মুর্শিদাবাদ জেলার ১০৩ কিলোমিটার, মালদা জেলার ২০ কিলোমিটার এবং নদিয়া জেলার ১০ কিলোমিটার দীর্ঘ এই ভাঙনের মোট পরিমাণ ১৩৩ কিলোমিটার। এই সুদীর্ঘ এলাকা পদ্মাগর্ভে বিলীন হয়ে গেছে। আমরা জানি এই ভাঙন প্রতিরোধের কষ্ট অত্যন্ত বেশি। ১ কিলোমিটার নদী ভাঙন জ্যাকেটিং সিস্টেমে প্রতিরোধ করতে ১ লক্ষ টাকা খরচ হয়। ফলে এই রকম একটা দীর্ঘ নদীর সুদীর্ঘ ভাঙন দীর্ঘ সময় ধরে প্রতিরোধ করা আমাদের দেশের একটা রাজ্য সরকারের পক্ষে কখনোই সম্ভব নয়।

এ বিষয়ে প্রীতম সিং কমিটির রিপোর্টের কথা আমরা জানি, মান সিং কমিটির রেকমেন্ডেশনের কথা জানি, কেশকার কমিটির রেকমেন্ডেশন আমরা লক্ষ্য করেছি। একটা রাজ্য সরকারের পক্ষে ওইরকম বিশাল ব্যয়বহুল সামগ্রিক পরিকল্পনা রচনা করা এবং ইম্‌প্লিমেন্ট করা সম্ভব নয়। অতএব এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা প্রয়োজন। আমাদের এক্সপিরিয়েন্সি হচ্ছে, এই ধরনের প্রজেক্টের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার তাঁদের তহবিল থেকে—ন্যাচারাল ক্যালামিটির ক্ষেত্রে—বিষয়গুলিকে জাতীয় সমস্যা হিসেবে দেখে সারা ভারতবর্ষে অনেক কাজই করেছেন। অথচ পশ্চিমবাংলার এত গুরুত্বপূর্ণ সমস্যাটিকে দিনের পর দিন অবহেলা করে চলেছেন। ইতিমধ্যে ৬ বার এই বিধানসভা থেকে সর্বদলীয় কমিটি নিয়ে রিপ্রেজেন্টেশন দেওয়া সত্ত্বেও এখনো পর্যন্ত কেন্দ্রীয় সরকার ভাঙন প্রতিরোধে তাঁদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেননি। এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে আগামী বছর এই সময়ের মধ্যে সঠিক টাকা যদি আমরা কেন্দ্র থেকে না পাই তাহলে আমাদের রাজ্য, বিশেষ করে তিনটি জেলা পদ্মার ভাঙনের ফলে আরো প্রচণ্ড ক্ষতিগ্রস্ত হবে। সেজন্য আমরা এখানে চারটে কংক্রিট প্রস্তাব উত্থাপন করছি। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের চারটে দাবি, একটা হচ্ছে : এই সমস্যাকে ন্যাশনাল প্রবলমে হিসাবে ঘোষণা করতে হবে। দুই : কেন্দ্রীয় সরকারকে তাঁর প্রতিশ্রুত অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে রাজ্য সরকারকে দিতে হবে ভাঙন প্রতিরোধের জন্য। তিন : যে ৪০,০০০ পরিবার গৃহহীন হয়েছেন, তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। চার : যেহেতু গঙ্গা-পদ্মা আন্তর্জাতিক নদী, সেহেতু আন্তর্জাতিক নদী হিসাবে একটা কমিটি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে তৈরি করে সেই কমিটির মাধ্যমে গোটা বিষয়টা তদন্ত করে একটা মাস্টার প্ল্যান করতে হবে। এই চারটে ডিমান্ডের ওপর ভিত্তি করে আমি এই মোশানটি এখানে উত্থাপন করছি। আশা করি হাউস এটা গ্রহণ করবে।

Mr. Speaker: There are amendments on this motion given by Shri Pankaj Banerjee and Shri Saugata Roy. First, I call upon Shri Pankaj Banerjee to move his amendment.

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, আমার অ্যামেন্ডমেন্টটা এখনো ছেপে আসেনি, তবুও আমি তা মুভ করছি। এই সমস্যা মোকাবিলায় রাজ্য সরকারের যে রকম দ্রুততার সঙ্গে কাজ করা উচিত ছিল সে রকমভাবে তাঁরা তাঁদের দায়িত্ব পালন করেছেন বলে আমি মনে করি না। তাই এ বিষয়ে রাজ্য সরকারকে আরো বেশি দায়িত্বশীল হতে হবে। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে যে টাকা দিয়েছেন সেই টাকার খরচপত্রের হিসেব কেন্দ্রীয় সরকারকে দেখিয়ে পর্যাপ্ত পরিমাণ টাকা আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করতে হবে।

শ্রী নৃপেন চৌধুরী : আমি এটা গ্রহণ করছি না।

শ্রী সৌগত রায় : স্যার, এই মোশনটা সর্বদলীয় হতে পারত কিন্তু এর মধ্যে বামফ্রন্ট নিশ্চয়ই পলিটিক্স ঢুকিয়ে দিয়েছে। আপনি প্রথমেই দেখুন দেওয়া আছে, বিগত প্রায় তিন দশক থেকে বিশেষ করে গঙ্গা নদীর উপর ফরাক্কা ব্যারেজ নির্মিত হওয়ার পর থেকে এই

ভাঙন হচ্ছে—এটা কে এস্ট্যাবলিশ করল যে ফরাক্কা ব্যারেজ হয়েছে বলেই গঙ্গার ভাঙন হচ্ছে ? এই ফরাক্কা ব্যারেজ হওয়ায় সবাই এখন নর্থ বেঙ্গল যেতে পারছেন, কারণ এটাই একমাত্র কানেকশন। কলকাতা পোর্টকে বাঁচানোর জন্য ফরাক্কা ব্যারেজ। ফরাক্কা ব্যারেজ নির্মিত হওয়ার পর থেকে কখনো এটা হয়নি। তাই আমি মাননীয় সদস্যকে বলছি, বিশেষ করে গঙ্গা নদীর উপর ফরাক্কা ব্যারেজ নির্মিত হওয়ার পর থেকে—এই কথাটা বাদ দিয়ে দিন। তাহলে আমরা সর্বদলীয় মোশান হিসাবে সাপোর্ট করতে পারি। ফরাক্কা ব্যারেজ হওয়ার পর গঙ্গার ভাঙন এবং তার জন্য কেন্দ্রের কাছ থেকে টাকা চাইবেন আর নিজেদের ব্যর্থতা চেপে দেবেন—এটা কখনো গ্রহণ করব না।

শ্রী নৃপেন চৌধুরী : মাননীয় সদস্য শ্রী সৌগত রায়ের প্রস্তাবটি আমি অ্যাকসেপ্ট করে নিচ্ছি সর্বদলীয় কমিটির স্বার্থে এবং পশ্চিমবাংলার স্বার্থে।

শ্রী পরশ দত্ত : মাননীয় স্পীকার স্যার, এই যে প্রস্তাবটি এসেছে, এই প্রস্তাবটি খুবই গুরুত্বপূর্ণ। গঙ্গার ভাঙনের সমস্যা শুধু পশ্চিমবাংলার নয়, এই সমস্যা সর্বভারতীয় সমস্যা। সর্বভারতীয় কেন বলছি, এটায় আন্তর্জাতিক ইমপ্লিকেশন আছে। কেননা এই ভাঙন—আমরা যেটাকে ভাঙন বলছি সেটাকে ভাঙন বললে কম বলা হয়, একটু আগে আমার বন্ধু শ্রী সৌগত রায় যে অ্যামেন্ডমেন্ট মুভ করেছেন—এটা সত্য কথা, গঙ্গা নদীর বিগত তিন শতকের অর্থাৎ ৩০০ বছরের ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন, ১০ কিলোমিটারের স্থানের ভিতর গঙ্গা একবার বামদিকে আর একবার ডানদিকে গেছে। অবশ্য পৃথিবীর সব নদীই সেইভাবে যায় যেটাকে বলা হয় মিয়েন্ডার বেল্ট। এই মিয়েন্ডার বেল্টে যখন যাতায়াত করে তখন নদীর একটা সাইট ভাঙছে আর একটা সাইডে নতুন করে চড়া তৈরি হচ্ছে। আমাদের গঙ্গা নদী ফরাক্কা ব্যারেজের উপর থেকে এর ডানদিকে নতুন করে চড়া তৈরি হচ্ছে আর বাঁদিক ভাঙছে। পঞ্চানন্দপুর থেকে শুরু করে একদম কালিয়াচক অবধি বিশাল ভাঙন হয়েছে। এই ভাঙনের ফলে শুধু মালদা নয় ডাউন স্ট্রিমে মুর্শিদাবাদের কিছুটা, নদিয়ার কিছুটা, উত্তর ২৪-পরগনার কিছু পোরশন আর বর্ধমানের কিছু পোরশনে ভাঙন হয়েছে। এর ফলে প্রচুর লোক গৃহহীন হয়েছে। বিগত ৪/৫ দশকে প্রায় ৬ লক্ষ মানুষ গৃহহীন হয়েছে। আরো সমস্যা হয়েছে, ডাউন স্ট্রিমের উল্টোদিকে চড়া হচ্ছে আর ডানদিক ভাঙছে। ফলে কি হয়েছে ? নতুন করে চড়া বাংলাদেশে গজাচ্ছে। সেই চড়া আমাদের দেশের লোকেরা দখল নেবার চেষ্টা করছে। এই নিয়ে আন্তর্জাতিক সমস্যার সৃষ্টি হচ্ছে। আপ স্ট্রিমে ঝাড়খণ্ডে নতুন করে যে চড়া তৈরি হচ্ছে, সেখানে মালদা জেলার গৃহহীন লোকেরা চড়া দখল নিতে যাচ্ছে। এর ফলে ঝাড়খণ্ডের পুলিশ তাদের তাড়িয়ে দিচ্ছে ও চড়া দখল নিয়ে মারামারি হচ্ছে। পঞ্চানন্দপুরে এমন মানুষও আছে যারা বিগত ৫০ বছরে ৪ বার নিজেদের জমি থেকে উৎখাত হয়েছে। গঙ্গার যে ভাঙন হচ্ছে সেটা আমাদের বর্ডার পারসপেকটিভে দেখতে হবে। আমরা যেটা করছি সেটা হচ্ছে বোল্ডার চাপিয়ে দিচ্ছি। কীরকমভাবে চাপিয়ে দিচ্ছি ? আমি নিজে গিয়ে দেখে এসেছিলাম, মালদার ওই গৌড় ভবনের পাশে যারা বোল্ডার চাপাচ্ছে, দেখলাম, সেখানে বোল্ডারের ক্যাটেগরি এত খারাপ, এত বাজে কোয়ালিটির কাজ হয়েছে—আমরা জানি, নদী তলা থেকে ভাঙে, ওপর থেকে ভাঙে না।

[11.30–11.40 a.m.]

উপরে যদি ভারি বোল্ডার চাপিয়ে দেওয়া যায় আর তলার মাটি নরম মাটি, সেখানে যেই নদী তলার অংশ কিছুটা খেয়ে নিল হুড়হুড় করে সব বোল্ডার পড়ে গেল। বোল্ডারের হিসাবেও গন্ডগোল আছে। কেন্দ্রীয় সরকারের টাকা নেওয়ার কথা বলা হচ্ছে, নিশ্চয় নেওয়া হবে কিন্তু বোল্ডারের হিসাবটাও ঠিক করতে হবে। বিগত ৩০ বছরে মানিকচকে যত বোল্ডার ফেলা হয়েছে এবং যত বোল্ডার জেলা পরিষদ বলছেন ধুয়ে গিয়েছে, তা যদি হয় তাহলে তো সেই বোল্ডার এসে ফরাক্কাতে জমা হওয়ার কথা, অত বোল্ডার যদি ফরাক্কাতে জমা হ'ত তাহলে এতদিনে ফরাক্কাতে আরও একটা রাজমহল পাহাড় হয়ে যেতে পারত। তা হয়নি, তার মানে অত বোল্ডার যায়নি। তাহলে গেল কোথায় ? ওইটুকু ডিসটেন্সের মধ্যে সব মাটি হয়ে গিয়েছে তাও তো হতে পারে না। এই হচ্ছে অবস্থা। এখন কাজ যেটা হয় সেই কাজটা বর্ষাকালে হয়। দু নং ডাউন স্ট্রিমে যেটা বলছিলাম ডাউন স্ট্রিমে গঙ্গা এবং পদ্মা ভাঙতে ভাঙতে একেবারে কাছাকাছি চলে এসেছে এবং ভাগীরথীর সঙ্গে ডিসটেন্স কমতে কমতে এক কিলোমিটার বলা হচ্ছে, এক কিলোমিটার নয় হাফ কিলোমিটার ডিসটেন্সে চলে এসেছে। এক জায়গায় তো এমন অবস্থা যে ৩৪ নং জাতীয় সড়ক এবং উত্তরবঙ্গে যাবার যে রেলপথ এই দুটো আর ৫/৭ বছরের ভেতরে কোনো ব্যবস্থা না হলে নদী এই দুটিকেই গ্রাস করে ফেলবে। অর্থাৎ উত্তরবঙ্গের সঙ্গে সমস্ত সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। এই সিরিয়াস ইমপ্লিকেশানের দিকে তাকিয়ে নিশ্চয় আমাদের কিছু করার আছে। কেশকার কমিটি '৯৬ সালে যেটা তৈরি হয়েছিল মাত্র তিন মাসের মধ্যেই তারা রিপোর্ট দিয়েছিলেন। '৯৬ সালের বাজার দর হিসাবে তারা বোধহয় ৯৬৩ কোটি টাকার একটা মাষ্টার প্ল্যান দিয়েছিলেন। কিন্তু সেই প্ল্যানও আমার মনে হয় বোল্ডার ফেলার প্ল্যান। বোল্ডার দিয়ে এ জিনিসটা আটকানো যাবে না। ফরাক্কাতে বর্ষাকালে জল আসে প্রায় ১৬ থেকে ২০ লক্ষ কিউসেক্স। সেখানে এই জলটা বোল্ডার দিয়ে আটকে রাখা যাবে না। আর ফরাক্কা ব্যারেজের ফিডার ক্যানেল দিয়ে তো মাত্র ৪০/৫০/৬০ হাজার কিউসেক্স জল যাবার মতন অবস্থা আছে, তার বেশি জল যেতে পারে না। ফলে ওই জলটা এখানে স্ট্যাগনেন্ট হয়ে যাচ্ছে। ফরাক্কার আপ স্ট্রিমে নদীবক্ষ উঁচু হয়ে গিয়েছে। শুখা মরসুমে এখন মাত্র ১০ মিটার জল থাকে। প্রতি বছর সেখানে পলি পড়ে পড়ে ৫০ সেন্টিমিটার করে পলি বাড়ছে। তার মানে দু দশকে অর্থাৎ ২০/২২ বছরের পর ফরাক্কা দিয়ে আর জল মুভ করবে না। কাজেই এখনই ড্রেজিং শুরু করা দরকার। এখনই যে বিশাল জলরাশি বর্ষাকালে আসে ২০/২২ লক্ষ কিউসেক্স সেই জলরাশির আরও অ্যাডভান্স ম্যানেজমেন্ট সরকার। বিহার, ঝাড়খণ্ড, উত্তরপ্রদেশ এই সমস্ত রাজ্যগুলিকে এক করে নিয়ে এই জলটা ডাইভার্ট করে যাতে উপযুক্ত পরিমাণে জল অর্থাৎ যেটুকু দরকার সেইটুকু জল না নিয়ে আসতে পারি তাহলে এই বোল্ডার ফেলে গঙ্গার ভাঙন রোধ করা যাবে না বা গঙ্গার গতিপথ এই যে এদিক ওদিক হচ্ছে সেটা রোধ করা যাবে না। কাজেই আমি মনে করি এটা খুব সিরিয়াস ব্যাপার। অনেক বিশেষজ্ঞ বলছেন যে গঙ্গাতে যদি এইভাবে জল থাকে তাহলে বিশেষ করে ফরাক্কার ঠিক সামনে যে পুলটি আছে সেখানে যদি জলস্তর কমে আসে, জলের

গভীরতা কমে আসে তাহলে জল উল্টোদিকে বইবার চেষ্টা করবে এবং আপস্ট্রিম থেকে জল আসবে না। ইন দ্যাট কেস সবচেয়ে আশঙ্কার যেটা, গঙ্গার জল মানিকচক থেকে পঞ্চানন্দপুর হয়ে কালিন্দীর বেড় ধরে গৌড়ের ভেতর দিয়ে এসে মালদহ শহরের উপর দিয়ে গিয়ে একদম নদীটা চলে যাবে নীমসরাই ঘাটে এবং সেখানে গিয়ে মহানন্দাতে মিট করবে। যে কারবারটা অল্পবিস্তর হয়েছিল '৯৮ সালে মালদহতে বন্যার সময় কালিন্দীর জলটা ঢুকে পড়েছিল। কাজেই মালদহ, গৌড়কে যদি বাঁচাতে হয় তাহলে অবিলম্বে কিছু করা দরকার তা না হলে কিছুতেই ভবিষ্যতে এই অস্বাভাবিক ডিজাসট্যার থেকে আমরা রক্ষা করতে পারব না উত্তরবঙ্গকে। আমাদের সৌগতবাবু সেইহেতু যে অ্যামেন্ডমেন্টটা দিয়েছেন, সেটা প্রস্তাবক গ্রহণ করেছেন কাজেই সর্বদলীয়ভাবে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের কাছে এটা বলা দরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা এনে মাষ্টার প্ল্যান করা দরকার এবং তাতে রাজ্য সরকারও কিছু দিন। এখন সরকার যদি টাকা দিতে না পারেন তাহলে আজকাল অনেক আন্তর্জাতিক এজেন্সী ওয়াটার ম্যানেজমেন্টের জন্য টাকা দিচ্ছেন। আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে নিতে পারি, এ.ডি.বি. থেকে নিতে পারি। সব টাকা একত্রিত করে এটা করা দরকার। কারণ এটা ঠিকই যে রাজ্য সরকারের যেমন টাকা নেই তেমনি কেন্দ্রীয় সরকারের অর্থ ভাণ্ডারও যে একেবারে ফুলে ফেঁপে উঠছে তা নয়। সেখানেও অভাব রয়েছে। আমাদের অভাবী দেশে সব জায়গা থেকে টাকা নিয়ে এসে অবিলম্বে বন্দোবস্ত করতে হবে যাতে গঙ্গা-পদ্মা ভাঙন থেকে জেলাগুলিকে রক্ষা করতে পারি। তা না পারলে, আমাদের দেশে টোটাল যে বৃষ্টিপাত হয় তার ৬০ শতাংশ জল আমরা ইউটিলাইজ করতে পারি না এবং সেই জল আলটিমেটলি নদী দিয়ে সাগরে চলে যায়। আর একটি কথা হচ্ছে, ফরাক্কা ব্যারাজ যখন তৈরি হয়েছিল তখন তার প্রয়োজন ছিল। কিন্তু আজকের দিনে মডার্ন ম্যানেজমেন্টে ব্যারাজ তৈরি হচ্ছে না। ইতোমধ্যে ইউ.এস.এ., জার্মানি প্রভৃতি দেশে বহু ব্যারাজ ভেঙে দেওয়া হয়েছে। মিশরে নীলনদের উপর আসোয়ান বাঁধ তৈরি করা হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে আপস্ট্রিমে জল টেনে নেওয়ায় ডাউনস্ট্রিমে জল টান পড়ায় মোহনা দিয়ে নোনা জল ঢুকে মিশরে কয়েক হাজার হেক্টর জমি লবণাক্ত করে দিয়েছে। এই ধরনের ড্যামগুলিকে আজকে ভেঙে দেওয়া হচ্ছে, কেন না নদীকে তার স্বাভাবিক গতিপথে বইতে দিলে সে মানুষের স্বার্থে কাজ করতে পারে। নদী আমাদের সম্পদ, তারজন্য যে সর্বদলীয় রেজলিউশন এসেছে তাকে সমর্থন করছি। ধন্যবাদ।

শ্রী জানে আলম মিঞা : মি: স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রী নৃপেন চৌধুরী এবং অন্যান্যরা যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের পক্ষে কয়েকটি কথা বলতে চাই। গঙ্গা-পদ্মা ভাঙন, ভাগীরথী ভাঙন, পাগলা-বাসলই-ময়ূরাক্ষীর ভাঙন, তাতে সব ভেঙে যাবে। এই বিধানসভায় ছ'বার প্রস্তাব নিয়ে ছ'বার কেন্দ্রের সঙ্গে আলোচনা করা হয়েছে, কিন্তু কোনো অর্থ পাওয়া যায়নি, ফলে ভাঙন প্রতিরোধ করা যায়নি। এই পরিপ্রেক্ষিতে সৌগতবাবু অনেকবার দিল্লি গেছেন, বঙ্গভবনে থেকেছেন, কিন্তু কাজের কাজ কিছু হয়নি। আমি স্থানীয় বাসিন্দা হিসাবে জোরের সঙ্গে বলতে পারি ফরাক্কা ব্যারাজ নির্মাণের পূর্ববর্তী এবং পরবর্তী অবস্থার কথা। ফরাক্কা ব্যারাজ নির্মাণের পূর্ববর্তী অবস্থায় গঙ্গা-পদ্মা-ভাগীরথীর চরিত্র যদি

বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে সেই সময় ভাঙন কম হত। সেই সময় মালদা, মুর্শিদাবাদের একটা বৃহৎ অংশে বন্যা হ'ত, কিন্তু সেই বন্যা ততটা ক্ষতিকর ছিল না মানুষের কাছে, ফসলও ততটা নষ্ট হ'ত না, এত প্রাণহানিও ঘটত না, এত ভাঙনও হ'ত না। ফরাক্কা ব্যারাজ নির্মাণের পরবর্তীকালে আমরা দেখছি, বহু কমিটি হয়েছে সেখানে। সেখানে মানসিং কমিটি হয়েছে, প্রীতমসিং কমিটি হয়েছে, কেশকার কমিটি হয়েছে। তাঁরা বিভিন্ন সময়ে প্রস্তাব দিয়েছেন, কিন্তু সেই প্রস্তাব অনুযায়ী কাজ করা হয়নি। এটা ঠিক, বিজ্ঞানকে যদি সঠিকভাবে ব্যবহার না করা হয় তাহলে সেই বিজ্ঞান অভিশাপ হয়। ফরাক্কা ব্যারাজ হবার পর যেসব কাজ করা বাঞ্ছনীয় ছিল সেসব কাজ করা হয়নি।

[11.40–11.50 a.m.]

যেমন ভাগীরথীর যে নাব্যতা সেই নাব্যতা বাড়াবার জন্য যে ভাগীরথী খনন করার কথা ছিল সেই কাজ করা হয়নি। সেই রাতে অন্ধকারে জরুরি অবস্থার সময় মানুষ যাতে না কিছু বলতে পারে, মানুষ যাতে না আওয়াজ তুলতে পারে সেই ১৯৭৫ সালের জুন মাসে ফরাক্কা ফিডার ক্যানাল খুলে দেওয়া হয়। এই ফিডার ক্যানাল চালু করে দেওয়ার ফলে সেখানে লক্ষ লক্ষ বিঘা জমি জলে ডুবে যায়, সেখানে আজকে লক্ষ লক্ষ মানুষ না খেয়ে জীবন যাপন করছে। সেখানে একটা কঠিন অবস্থার সৃষ্টি হয়েছে। সব থেকে কঠিন অবস্থা হয়েছে আজকে। এই ফরাক্কা ব্যারেজ কি উদ্দেশ্যে হয়েছিল ? কলকাতা বন্দরকে বাঁচাতে হবে। কলকাতা বন্দরকে বাঁচানো গেলে কেন্দ্রীয় সরকারের আয় বাড়বে রেভিনিউ বাড়বে। আজকে ফরাক্কা ব্যারেজের কঠিন অবস্থা। আবার সেই গঙ্গা পূর্বের অবস্থায় ফিরে যেতে চাইছে। আজকে আপনারা জানেন, যারা প্রত্যক্ষদর্শী, যারা প্রতিদিন গঙ্গাকে দেখেন, ফরাক্কাকে যাঁরা দেখে আসছেন তাঁরা জানেন, ফরাক্কার উজানে যে ভুতনী, সেখানে ধাক্কা মারতে মারতে চলে আসছে। প্রথম রিটার্ডমেন্ট বাঁধ হল, দ্বিতীয় রিটার্ডমেন্ট বাঁধ হল, তৃতীয় রিটার্ডমেন্ট বাঁধ হল, চতুর্থ রিটার্ডমেন্ট বাঁধ হল, পঞ্চম রিটার্ডমেন্ট বাঁধ হল, ষষ্ঠ রিটার্ডমেন্ট বাঁধ হল, সপ্তম রিটার্ডমেন্ট বাঁধ হল, অষ্টম রিটার্ডমেন্ট বাঁধ হল, তাতেও থামানো যায়নি, নবম রিটার্ডমেন্ট বাঁধ দেওয়া হয়েছে। গঙ্গাকে বাঁধ দিয়ে বাঁধা যাবে না। সে চলে যাবে এবং প্রথম অবস্থায় গৌড়ে গিয়ে ধাক্কা মেরে পদ্মার সঙ্গে মিলিত হবে। ফরাক্কা ব্যারেজ বাতিল হয়ে যাবে, ভাগীরথীতে ফিডার ক্যানালের জল আসবে না। কলকাতা বন্দরকে আর বাঁচানো যাবে না। কলকাতার লক্ষ লক্ষ মানুষকে পানীয় জল দেওয়া যাবে না এবং অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া যাবে না। একটা কঠিন অবস্থার সৃষ্টি হবে। কেন্দ্রীয় সরকারের এই কলকাতা বন্দরকে বাঁচাতে হলে ফরাক্কা ফিডার ক্যানাল বাঁচাতে হলে সম্পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে। কেন্দ্রীয় সরকার যদি দায়িত্ব না নেয় তাহলে কেন্দ্রীয় সরকারই বিপদে পড়বে। কেন্দ্রীয় সরকারের রাজস্ব আয় কমে যাবে। এই কঠিন অবস্থার কথা আমাদের মনে রাখতে হবে। আজকে ফরাক্কা ফিডার ক্যানাল হওয়ার ফলে অজয় ময়ূরাক্ষীর জল সমুদ্রে পড়ছে। আজকে যে ভাগীরথী তার ৪০-৫০ হাজার কিউসেক জল ধরার ক্ষমতা। আর এই সমস্ত খরস্রোতা নদীর লক্ষ লক্ষ কিউসেক জল ধাক্কা মেরে ফরাক্কার উজানে চলে আসছে। তারপর ভুতনীতে এসে আঘাত মেরে মালদা মুর্শিদাবাদ নদীয়া ভাঙনের যে তীব্রতা সেই তীব্রতা বাড়িয়ে

চলেছে। সৌগতবাবু জানেন ১৯৭৫ সালে ফিডার ক্যানাল হওয়ার আগে কখনও ভাগীরথীতে ভাঙন ছিল না। আজকে মুর্শিদাবাদের ৪৪টি জায়গায় ভাঙন দেখা দিয়েছে ফিডার ক্যানাল হওয়ার ফলে। বিজ্ঞানসম্মতভাবে এটাকে কাজে লাগানো হয়নি। আজকে গঙ্গার ভাঙন, পদ্মায় ভাঙন, ভাগীরথীতে ভাঙন এবং আশেপাশে সমস্ত নদীগুলিতে ভাঙন চলছে। আমি মনে করি আজকে যে প্রস্তাব আনা হয়েছে এই প্রস্তাব নিয়ে সর্বদলীয় কমিটি করে কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়া উচিত। এই কথা বলে প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে গঙ্গা-পদ্মা ভাঙনের ব্যাপার নিয়ে প্রস্তাব এসেছে এই প্রস্তাবকে আমি সমর্থন করছি। কিন্তু একটা জায়গায় আমাদেরকে দেখতে হবে যে, এই নিয়ে একাধিকবার আলোচনা হয়েছে, একাধিকবার প্রস্তাব নেওয়া হয়েছে এবং বহুবার গঙ্গা-পদ্মা ভাঙনের আলোচনার জন্য সর্বদলীয় কমিটি দিল্লি গেছে। কিন্তু অ্যাকচুয়ালি বাস্তবে কি রূপ নিয়েছে ? সেই তো আবার ৪ বছর পরে এই হাউসে এই বিষয়টি প্রস্তাবাকারে এল আমরা দেখতে পাচ্ছি। এই প্রস্তাবটিকে বাস্তবে রূপ দেবার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার কেবলমাত্র কেন্দ্রের কথা বলে, কেন্দ্রের উপরে সমস্ত চাপ দিয়ে নিজেদের একটা পরিষ্কার পিকচার দাঁড় করানোর চেষ্টা করেছেন। কিন্তু বাস্তবে তা নয়, এরজন্য বামফ্রন্ট সরকার সম্পূর্ণভাবে দায়ী। জাতীয় বিপর্যয় যখন ১৯৯৮ সালে হয় তখন আমার মনে আছে এক মিলিঝুলি সরকার কেন্দ্রে ছিল এবং তার প্রধানমন্ত্রী দেবগৌড়া ছিলেন। ওই মিলিঝুলি সরকারের প্রধানমন্ত্রী দেবগৌড়া মালদাতে গিয়ে একটা শর্ট টার্ম এবং লং টার্মের কাজের প্রস্তাব দিয়েছিলেন এবং তাতে একটা ৩০০ কোটি এবং আরেকটা ৬০০ কোটি টাকা নিয়ে মোট ৯০০ কোটি টাকার কাজের প্রস্তাব দেওয়া হল এবং তার একটা রিপোর্টও সেই সময়ে জমা দেওয়া হল। মালদা জেলার মানুষের আনন্দে বুক ভরে গেল। রাজ্যের মানুষের মন ভরে গেল যে প্রধানমন্ত্রী দেখে গেছেন, গঙ্গা-পদ্মার ভাঙন থেকে মানুষ বাঁচবে। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি এই ব্যাপারে কোনো টাকাই দিল না। কি জন্য টাকা পাওয়া গেল না বোঝা গেল না। মিলিঝুলি সরকার থাকা সত্ত্বেও কেন ওই টাকা এল না বুঝতে পারলাম না। আজকে এককথায় বলতে গেলে খুবই পেনফুল যে, মালদার একটা ভয়ঙ্কর অবস্থা। মালদা জেলা বলতে গেলে মানচিত্র থেকে মুছে যাবার উপক্রম হয়ে দাঁড়িয়েছে। মালদা এবং মুর্শিদাবাদের একটা অংশ পশ্চিমবঙ্গের মানচিত্র থেকে মুছে যাবার উপক্রম হয়েছে। যেমন এক সময়ে গৌড় যে বাংলার রাজধানী ছিল কিন্তু গঙ্গা ভাঙনের ফলে, গঙ্গার কোর্স চেঞ্জ করার ফলে আজকে গৌড় বিলুপ্ত হয়েছে তেমনি ফরাক্কা ব্যারেজের ফলে হয়তো একদিন মালদারও সেই অবস্থা হবে। এমনকি কলকাতা বন্দরও একদিন থাকবে কিনা জানি না, নাকি এটাও বিলুপ্ত হয়ে যাবে এই প্রশ্ন দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রী অ্যাসেম্বলী কমিটিতে বারেবারে বলেছিলেন যে, এটা একটা আন্তর্জাতিক সমস্যা, এটা নিয়ে মুখ বুজে থাকার ব্যাপার নয়। কিন্তু বাস্তবে তা কতটা রূপ নিল তা আজকে দেখা দরকার। আপনারা হাউসে গঙ্গা-পদ্মা ভাঙনের প্রশ্নে মালদা, মুর্শিদাবাদের ব্যাপারে দরকার হলে

আমরা আন্দোলন করব এবং দরকার হলে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে দরবার করতেও রাজি আছি। আমরা বিরোধীরা এই ব্যাপারে আপনার সঙ্গে সম্পূর্ণ সহযোগিতা করব। শুধু গঙ্গা-পদ্মা ভাঙন নয়, ময়ূরাক্ষী-দামোদরের ভাঙনে এবং ফুলহার নদীর ফলেও বিরাট ভাঙন দেখা দিয়েছে এবং একটা ভয়ঙ্কর অবস্থার পশ্চিমবঙ্গে সৃষ্টি হয়েছে। তাই বলতে বাধ্য হচ্ছি আপনারা যতটুকু টাকা পাচ্ছেন সেই টাকা ঠিকমত খরচ করছেন না। টাকার অপচয় হচ্ছে, আপনারা জেলা পরিষদকে অতিরিক্ত ক্ষমতা দিয়েছেন। জেলা পরিষদের সভাধিপতিকে ক্যাবিনেট র‍্যাংকের মন্ত্রী হিসাবে চেয়ারে বসিয়ে দিয়েছেন।

[11.50–12.00 noon]

সমস্ত ডিপার্টমেন্টকে আপনারা হ্যান্ডিক্যাপড করে দিয়ে সমস্ত ক্ষমতা জেলা পরিষদকে দিয়েছেন, এইজন্য যে ওখান থেকে আপনাদের রাজনীতি করবার একটা ভাল জায়গা আছে। এবং জেলা পরিষদের মাধ্যমে সমস্ত টেন্ডার ও কাজকর্ম হচ্ছে। আজকে এখানে মাননীয় মন্ত্রী আছেন, আপনি বলবেন এই যে বোল্ডার কেনা হয়, বোল্ডার কখন আপনি মাপে কেনেন ? মাপে কেনেন না। যে বোল্ডার আপনাদের দেখানো হয় সেটা ওখানে ফেলা হয় না। সেখানে আপনাদের এক শ্রেণির অফিসার এবং কন্ট্রাক্টর দ্বারা চুরি হয়ে যাচ্ছে। আমি এখানে বলতে চাই, ম্যাকিনতোষ বার্ন, গভর্নমেন্ট রেজিস্টার্ড ফার্ম, তারা সমস্ত কনট্যাক্ট পেয়ে যাচ্ছেন তারা আবার ১০ শতাংশ প্রফিট রেখে দিয়ে সাব-কনট্যাক্ট দিয়ে দিচ্ছে। এবং কিছু টাকা আপনাদের ইঞ্জিনীয়ারদের মধ্যে বন্টন হয়ে যাচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, এই ঘটনা ঠিক। কারণ, আপনি জানেন রাইটার্স বিল্ডিংসে গোটা ইরিগেশান ডিপার্টমেন্টে তোলপাড় করছে একজন চিফ ইঞ্জিনীয়ার। তাঁর বিরুদ্ধে ভিজিলেন্স রিপোর্ট পাঠিয়েছেন, ওর এগেনস্টে তদন্ত হচ্ছে। এই রকম অবস্থায় আপনারা এখানে দাঁড়িয়ে আছেন। এখানে দাঁড়িয়ে হাউসে বলুন সাবিত্রী মিত্র মিথ্যা কথা বলছে। এই যে টাকা চুরি, এটা কেউ আপনারা বন্ধ কবতে পারবেন না। ওই যে মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত উনি অনেক ভাল ভাল কথা বলছিলেন, উনি বলেছিলেন—উনি যখন মালদায় গিয়েছিলেন—আমি মালদার সন্তান, মালদাকে ভালবাসি। উনি সেখানে দাঁড়িয়ে বলেছিলেন, শীতকালের মধ্যে আমাদের কাজ সম্পূর্ণভাবে সারা হবে। কিন্তু আল্টিমেটলি আমরা কি দেখতে পাই, যখন বর্ষাকাল এল, সেই সময় কেবল বোল্ডার ফেলে কাজগুলি হয়। বোল্ডার ফেলে কাজ হয় আমরা এটা দেখেছি। আপনাদের উপর তলায় যাঁরা চিফ ইঞ্জিনীয়ার আছেন, তারা ওদের মন মতো কন্ট্রাক্টারকে কাজ পাইয়ে দেন। ওখানে কাজের ওয়ার্ক অর্ডার নেই, ফলে এক্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ার কাজ করতে পারছে না। এই রকম অবস্থায় দাঁড়িয়ে আপনারা শুধু কেন্দ্রীয় সরকারের উপর দোষ দিলেই চলবে না। যদি মনে করেন কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপিয়ে আপনারা বেঁচে যাবেন, পশ্চিমবাংলার মানুষের সঙ্গে কেন্দ্রীয় সরকার যেভাবে প্রতারণা করেছে, সেখানে আপনারাও বাদ যাচ্ছেন না। তাই এখানে যে প্রস্তাব এসেছে—গঙ্গা, পদ্মা ভাঙনের প্রস্তাব, তাকে সমর্থন করছি। তার সঙ্গে বলছি মালদার বিভিন্ন জায়গায় গঙ্গা পদ্মার ভাঙন শুধু নয়, বিভিন্ন নদীর যে ভাঙন হচ্ছে, যেমন মহানন্দা, ফুলহারে ভাঙন হচ্ছে, তেমনি বিহারের দিকেও জল ঢুকে যাচ্ছে,

সেটাও প্রস্তাবে রাখা উচিত। এই বন্যার ফলে হাজার হাজার হেক্টরের জমিতে আমরা দেখতে পাচ্ছি যে হাজার হাজার হেক্টরের জমির ধান ক্ষেত শেষ হয়ে যাচ্ছে। এখানে প্রস্তাব রেখেছেন, কেন্দ্রীয় সরকারকে কমপেনসেশান দিতে হবে ; যখন হাতিতে ধান ক্ষেত নষ্ট করে, সেই সময় রাজ্য সরকার ৪ হাজার টাকা কমপেনসেশান দিয়ে থাকেন যখন, তাহলে এই সমস্ত চাষীদের ক্ষেত্রে যাদের জমি নষ্ট হচ্ছে, তাদের ক্ষেত্রে কেন কমপেনসেশানের টাকা দেবেন না ? এটাও আমি প্রস্তাব রাখছি। কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপিয়ে আপনারা যদি মনে করেন, আপনারা বেঁচে যাবেন, তাহলে বলব বাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না। তাই স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই প্রস্তাবকে বাস্তবে রূপ দিতে গেলে মালদার মানুষ, মুর্শিদাবাদের মানুষ, আমরা রক্ত দেব, লড়াই করব। কিন্তু পশ্চিমবাংলা থেকে মালদা মুর্শিদাবাদকে আলাদা করতে দেব না। তাই মালদা ও মুর্শিদাবাদকে বিচ্ছিন্ন করে দেবার যে চক্রান্ত, এই চক্রান্তর বিরোধিতায় আমাদেরকে দায়িত্ব নিতে হবে, আমরাও আপনাদের সঙ্গে আন্দোলনে সামিল থাকব, এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে, আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী সৌগত রায় : মি: স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রী নৃপেন চৌধুরী গঙ্গা, পদ্মা ভাঙনের ব্যাপারে যে মোশান নিয়ে এসেছেন, ১৮৫ ধারায় ; এখানে আমাদের সংশোধনী গ্রহণ করার পরে আমি তাঁর এই প্রস্তাব সমর্থন করছি। সত্যি মালদহ এবং মুর্শিদাবাদে যে অবস্থা সেই অবস্থা প্রতি বছরই ভয়াবহ হচ্ছে। মালদহে বন্যা এবং মুর্শিদাবাদে ভূমিক্ষয় গঙ্গার ভাঙনকে ব্যাপক আকার দিয়েছে, এই ব্যাপারে কোনো সন্দেহ নেই। গত বর্ষায় আমি মানিকচকে গিয়েছিলাম পঞ্চানন্দঘাটের কাছে, সেখানে গঙ্গার চেহারা দেখলেই ভয় লাগে। ফরাক্কা ব্যারেজ অথরিটি জলের স্রোতটাকে ঘুরিয়ে দেওয়ার জন্য স্পার্ক তৈরি করেছে। কিন্তু চোখের সামনেই দেখা যাচ্ছে ভাঙন হচ্ছে। আবার যদি আখেরীগঞ্জে যায়, লালগোলা এবং তার পার্শ্ববর্তী এলাকায় ব্যাপকভাবে ভাঙন হচ্ছে। নৃপেন বাবু তাঁর বক্তৃতায় উল্লেখ করেছেন হাইস্কুল, রাস্তা বিভিন্ন পঞ্চায়েতের বাড়ি সেগুলো গঙ্গার গর্ভে চলে যাচ্ছে। সেখানকার মানুষ রাজনীতি বোঝে না, তারা এক্সপার্টও নয়, আজকে তারা অসহায় বোধ করছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা না নিলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। গত কয়েক বছর ধরেই একটা কথা বলা হচ্ছে, গঙ্গা ভাগ হয়ে গেছে। ফরাক্কার পর থেকে একটা শাখা ভাগীরথী নাম নিয়ে বহরমপুর হয়ে কলকাতায় গেছে এবং আরেকটা পদ্মা নাম নিয়ে কুষ্ঠিয়া জেলায় হার্ডিঞ্জ ব্রিজ হয়ে বাংলাদেশে গেছে। দুটো জায়গাতেই ভাঙন হচ্ছে এবং আমাদের এটা ভাবা দরকার কিভাবে এটাকে নিয়ন্ত্রণ করা যায়। আমি গত কয়েক বছর ধরে সেচ দপ্তরের কাজ লক্ষ্য করছি, তারা মুর্শিদাবাদে গঙ্গার ভাঙন ঠেকাতে প্রথমে বোল্ডার ফেলেন, তারপর তারের বেড়াজাল দিয়ে বোল্ডার ফেলেন। অ্যাকচুয়ালি কত বোল্ডার ফেলা হল, কত ব্যবহৃত হল এবং কতটা ডিপ করা হল, এসবের কোনো হিসাব নেই। এই বোল্ডার নিয়ে একটা বিরাট অর্থনীতি গড়ে উঠেছে মুর্শিদাবাদে এবং সেখানে এক শ্রেণির কন্ট্রাক্টারের সঙ্গে আর.এস.পি. পার্টির কি যোগাযোগ সেই ব্যাপারে আমি কোনো মন্তব্য করতে চাই না। গত

কয়েক বছর আগে কেন্দ্রীয় সরকারের কাছে একটা সর্বদলীয় দল গিয়েছিল, তখন সেচমন্ত্রী ছিলেন সি.পি. ঠাকুর, পরে যিনি স্বাস্থ্যমন্ত্রী হয়েছিল। আমরা তখন কেন্দ্রীয় সেচমন্ত্রীকে বলেছিলাম প্রিতম সিং কমিটির রিপোর্ট এবং কেশকার কমিটির রিপোর্ট রূপায়ণ করতে আরো বেশি অর্থ দিতে হবে, যাতে ওই জায়গাগুলোকে বাঁচানো যায়। এই ব্যাপারে সকলের সঙ্গে একমত হতে আমাদের কোনো অসুবিধা নেই। আমার প্রশ্ন হচ্ছে আপনাদের স্কীমটা কি ? গঙ্গা-পদ্মার ভাঙন এবং মুর্শিদাবাদের ভাঙনের ব্যাপারে রাজ্য সরকার কি কোনো স্কীম তৈরি করেছেন ? অমল বাবু বলবেন দুটো কমিটি এই ব্যাপারে রিপোর্ট দিয়েছে। আমার মনে হয় শুধু বোল্ডার ফেলে এবং নদীর মধ্যে স্পার্ক তৈরি করলেই হবে না, অন্য কোনো রাস্তা বার করতে হবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আদায় করার জন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে বার বার বলা হয় ফরাক্কা ব্যারেজের জন্যই নাকি এই ভাঙন হচ্ছে। আমি বিভিন্ন লোকের কাছ থেকে তথ্য নিয়েছি, দেবেশ মুখার্জির কাছ থেকে তথ্য নিয়েছি এবং যিনি নদী বিশেষজ্ঞ, সেই কপিল ভট্টাচার্যের কাছ থেকেও তথ্য নিয়েছি। তারা কিন্তু নানারকম থিয়োরি দিয়ে বলেছেন গঙ্গা-পদ্মার এই ভাঙন কেন হচ্ছে। রাজ্য সরকার যা বলছেন সেই ব্যাপারে কিন্তু আমি একমত নই। ফরাক্কা কেন হয়েছিল সেটা আপনারা জানেন। কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য পদ্মায় যে একসেস জল আছে, সেই জলটাকে ফিডার ক্যানেলের মাধ্যমে সুখা মরসুমে কলকাতা বন্দরে পাঠানোর জন্য ফরাক্কা করা হয়েছিল। ফরাক্কা হওয়ার পরই কিন্তু উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগের একমাত্র রাস্তা হয়। আজকে এত বছর পরেও উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগের বাড়তি ব্রীজ এখনো পর্যন্ত করা যায়নি।

[12.00–12.10 p.m.]

এটা মনে রাখা দরকার যে, ফরাক্কা হওয়ার আগে অসম বা উত্তরবঙ্গে যেতে হলে সগরিকলি ঘাটে স্টিমার ধরে অনেক কষ্ট করে যেতে হত। ফরাক্কা হওয়ায় সেটা দূর হয়েছে। সুতরাং সব দোষ ফরাক্কার উপর দেওয়া উচিত নয়। ফরাক্কা ব্যারেজ অথরিটি আছে, সেখানে স্লুইস গেটগুলোর অরিয়েনটেশন পরিবর্তন করা যায় কি না, ফরাক্কা ব্যারেজের কমান্ড এরিয়ায় স্পার দেওয়া, এটা তারা দেখবে এবং তা কেন্দ্রীয় সরকারের অধীনে। সেটা নিশ্চয় দেখা যেতে পারে। ফরাক্কা ব্যারেজ রাজ্যের একটা সম্পদ। এটা দুর্ভাগ্য যে, বাংলাদেশের রাজনীতির গণ্ডগোলে যে জলটা ফিডার ক্যানেল দিয়ে গঙ্গায় আসার কথা ছিল, সেটা হল না। সুখা মরসুমে ফ্ল্যাশ করে জলটা বাংলাদেশকে ইস্যু করার ফলে কলকাতা বন্দর বঞ্চিত হল। ৩০ বছর ধরে সেটা পেলুম না বাংলাদেশের রাজনীতির কারণে। আমি বুঝতে পারি না বাংলাদেশের কেন এত জল লাগে—বন্যাটাই তো ওদের সমস্যা। কিন্তু সেখানে গেলে দেখি তারা বলে এত জল লাগে, অত জল লাগে খালি চর দেখায়। আমি তার মধ্যে যেতে চাই না। আন্তর্জাতিক এগ্রিমেন্ট হয়েছে—আমি তখন লোকসভাতে ছিলাম—জগজীবন রাম কৃষিমন্ত্রী হিসাবে বাংলাদেশের সঙ্গে এগ্রিমেন্ট করেছিল। সেটা ভারতবর্ষের বিরুদ্ধে গেছে, যে জল ছেড়ে দেওয়া হয়েছে বাংলাদেশকে, তাতে কলকাতা বন্দর বাঁচবে না। কলকাতা বন্দর তো বাঁচবেই না, মালদা মুর্শিদাবাদকে বাঁচাবার জন্য ওয়ার ফ্লটিং ব্যবস্থা নিতে হবে। কিন্তু

এতদিন পর্যন্ত সেচ দপ্তরের যা পারফরমেন্স, তাতে আমি মনে করি না তাদের উপর ভরসা করা যায়। একটা গঙ্গা ওয়াটার কমিশন আছে, পাটনায় তার হেড-কোয়ার্টার। তাকে ইনভলব করে টোটাল প্ল্যান করতে হবে। রাজ্যের আর্থিক অভাব। এই বছর ইরিগেশন প্ল্যানের টাকা পাননি, কেন্দ্রের কাছ থেকে টাকা চাইতে হবে। তাদেরও যে অনেক টাকা আছে তা নয়। এটা নিয়ে এই বছরই আমাদের কিছু করা দরকার। প্ল্যানের টাকায় প্রথম কি করব সেটা ভাবা দরকার। আমার মনে আছে তিন বছর আগে, বোধহয় ১৯৯৯ সালে মালদায় বন্যা হ'ল। তার আগে কি হ'ল ? রিটার্ডেড বাঁধ দেওয়ার কথা ছিল, নানান গণ্ডগোলের জন্য তা দেওয়া গেল না। একটা জায়গায় বাঁধটা ভেঙে গেল, পুরো জমা জলটা মালদার অমৃত শহরে পৌঁছে গেল। দেবব্রত বন্দ্যোপাধ্যায়কে বলেছিলাম, তিনি বলেছিলেন, 'এবারে মালদার বন্যা আটকাতে পারলাম না, জমি না নেওয়ার জন্য মানিকচকে যে রিটার্ডেড বাঁধ দেওয়ার কথা ছিল সেটা দিতে পারিনি'। ইরিগেশন ডিপার্টমেন্টের ব্যর্থতায় দেখছি মালদার বন্যা। এবং, ধুলিয়ান থেকে লালগোলা পর্যন্ত যে ভাঙছে, সেখানে এই পর্যন্ত সেচ দপ্তর যে কাজগুলো নিয়েছে তা খুবই কম। আমরা সর্বদলীয় কমিটি থেকে বলে এসেছিলাম। ৩০ কোটি টাকা কেন্দ্র দিচ্ছে, কিন্তু আলটিমেটলি এই টাকাগুলো কি হ'ল ? পারমানেন্টলি কিছু করা গেল না। দেবব্রত বন্দ্যোপাধ্যায় তিন পাতা লম্বা স্টেটমেন্ট দিত, অমলবাবুও লম্বা লম্বা স্টেটমেন্ট দেন। এই পর্যন্ত যে টাকা খরচ হয়েছে তার একটা অ্যাসেসমেন্ট করা দরকার। কস্ট বেনিফিট অ্যানালিসিস করা দরকার। টাকা আপনারা পাচ্ছেন না, কেন্দ্রের কাছে দাবি জানান— আমরাও আছি। এই পর্যন্ত যে খরচ হয়েছে তাতে পারমানেন্টভাবে ইরোসান প্রিভেনসন বা ফ্লাড প্রিভেনসনের কি ব্যবস্থা এখন পর্যন্ত করা সম্ভব হয়েছে, কতটা বাঁচানো সম্ভব হয়েছে ? এপ্রিল মাসে যেটা করার কথা সেটা আজকে পর্যন্ত করা যায়নি। তার ফলে প্রতি বছর একটা আতঙ্কের মধ্যে মালদার লোক কাটাবে। এপ্রিল মাস থেকে যদি জমি অ্যাকুয়ার করে রিটার্ডেড বাঁধটা দেওয়া হয় মালদাকে তাহলে বাঁচানো যায়। প্রত্যেক বছর এই কাজ করতে করতে জুন হয়ে যায়, কাজটা হয় না। মুর্শিদাবাদের কাজটাও ঠিক সময়ে করতে হবে। এটাই তো সময়। শুখা মরসুমে বাঁধ করতে গেলে, বোল্ডার ফেলতে গেলে এটাই তো সময়। কিন্তু সরকারের হাতে টাকা নেই। সুতরাং পরিস্থিতিটা সামনের বছরে কি দাঁড়াবে অ্যান্টিসিপেট করতে পারেন ? এটা ভাবা দরকার। আরো একটা প্রবলমে হচ্ছে যে, মালদা মুর্শিদাবাদ জুড়েও গঙ্গা ভাঙতে শুরু করেছে এবং সঠিকভাবে বলেছেন যে, নদিয়া জেলার একটা অংশে পৌঁছে গেছে। এটা আস্তে আস্তে স্প্রেড করছে। ভাঙন এবং এর সঙ্গে সঙ্গে ফুলহর বলে একটা নদী মালদায় আছে, সেখানে পাড় ভাঙছে। ব্যাপক ইরোশান হচ্ছে। ফুলহরের নাম এখানে দেয়নি কেন জানি না এবং এই টোটাল মাস্টার প্ল্যান সব কটা নদী নিয়েই মাস্টার প্ল্যান হওয়া দরকার। এই ব্যাপারে সর্বদলীয় ডেলিগেশানে যাওয়ার প্রস্তাব নিন। আমাদের বিরোধীদল আপনার সঙ্গে থাকবে। কিন্তু ইরিগেশান ডিপার্টমেন্টের কাজটাকে উন্নতি করুন। চুরি কমান।

শ্রী অমলেন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য নৃপেন চৌধুরী যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবের উপর আমি কিছু বক্তব্য এখানে পেশ করতে চাই।

আমাদের আসল সমস্যাটা কি সেটা বুঝে নেওয়া দরকার। ফরাক্কা ব্যারেজের জায়গাটা ফরাক্কায় কেন বাছাই করা হয়েছিল, সেটা মনে রাখতে হবে। সাঁওতাল পরগনা পাহাড়ে ধার ধরে ধরে রাজমহল থেকে ফরাক্কা পর্যন্ত গঙ্গার মূল স্রোত যাকে বলে একেবারে সোজাসুজি কো-অ্যাকসিয়াল মুভমেন্ট ছিল বলে রাজমহল থেকে ফরাক্কা সোজাসুজি মূল স্রোতটা বইত। এটা একটা প্রধান কারণ যার জন্য ফরাক্কা ব্যারেজ করা ঠিক নয়। ব্যারেজের প্রয়োজন কি জন্য হয়েছিল সেই কথা আমাকে বোধহয় এখানে বিস্তারিত বলতে হবে না। আপনারা জানেন যে দেশভাগ যখন হয়েছিল তখন মুর্শিদাবাদ পাকিস্তানে পড়েছিল। পরবর্তীকালে মুর্শিদাবাদে র‍্যাডক্লিফ অ্যাওয়ার্ডের সুপারিশ অনুযায়ী আবার ভারতের মধ্যে আসে। এর প্রধানতম কারণ ছিল এই যে পূর্ব ভারতের অর্থনীতিকে যদি টিকিয়ে রাখতে হয়, তাহলে কলকাতা বন্দরকে যেমন করেই হোক বাঁচাতে হবে এবং কলকাতা বন্দরকে টাইডাল পোর্ট হিসাবে কিছুতেই বাঁচবে না। হেড ওয়াটার সাপ্লাই চাই এবং কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য হেড ওয়াটার সাপ্লাই একমাত্র এনসিওর হবে যদি ফরাক্কায় ব্যারেজ করে ৪০-৪৫ কিলোমিটার ফিডার ক্যানেল দিয়ে ভাগীরথীতে জল এনে ফেলা যায়। সেই কারণে ব্যারেজ করা হয়েছিল। নোডাল ডিপার্টমেন্ট ছিল শিপিং অ্যান্ড ট্রান্সপোর্ট মিনিস্ট্রি, তারপর সারফেস ট্রান্সপোর্ট মিনিস্ট্রি, তাদের ব্যারেজ। আমি আগেই বললাম এই যে মূল স্রোত রাজমহল থেকে ফরাক্কা পর্যন্ত যেটা সোজাসুজি বইত, সেটা ফরাক্কা ব্যারেজের পরে কি ভাবে বইছে।

[12.10–1.15 p.m. (after recess)]

দেখা যাচ্ছে যে ২৫ বছর ধরে আস্তে আস্তে একটু একটু করে গঙ্গা পূর্বদিক দিয়ে বইতে শুরু করল, সোজা রাস্তা ছেড়ে দিল। দক্ষিণ-পূর্ব ধরে এগোতে শুরু করল। ২৫ বছর ধরে ঢুকছে, ২৫ বছর ধরে মূল স্রোত ঘুরে যাচ্ছে, আস্তে আস্তে মালদাতে ভিতরে ঢুকে যাচ্ছে। কেন ঢুকছে ? ঢুকছে এই কারণে রাজমহল থেকে গৌড় পর্যন্ত হচ্ছে গঙ্গার সাম্রাজ্য। কতবড় নদী আমি বলি। সব সময়ে তো ফিগার মনে থাকে না। কত বর্গ কিলোমিটার গামলা, বেসিন ক্যাচমেন্ট এরিয়া ৯ লক্ষ ৭৯ হাজার ৩৩৯ বর্গ কিলোমিটার, কত জল আসে ২৯ হাজার ৪৫২ কিউসেকস, কত পলি আসে ৩০ কোটি ১১ লক্ষের উপর টন। ফরাক্কা পয়েন্টে পলি আসছে ব্যারেজ হওয়ার পর। দেখা গেল তাতে সামনের গতিপথ আস্তে আস্তে সিলটেড হয়ে যাচ্ছে। এখন সেটা পুরোপুরি সিলটেড কিন্তু এত বড় একটা নদী, পৃথিবীর অন্যতম বৃহত্তম নদী সে কি এখানে দাঁড়িয়ে থাকবে। এতো আপনারা জানেন যে পলি কাটা কি কঠিন কাজ। পলি যদি রাস্তা আটকিয়ে দেয় তখন নদী খোঁজে কোথায় আমার পুরনো রাস্তা আছে।

[At this stage, the House was adjourned till 1.15 p.m.]

[1.15–1.20 p.m. (after recess)]

Mr. Speaker: Before I resume the Debate, I would like to inform you that as the Debate on this motion will not be finished within the specified time, I extend the time by half-an-hour.

The motion was then put and agreed to.

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, আমি বলতে চাই আজ থেকে ১ বছর আগে এই ১৩ ডিসেম্বর ভারতীয় সংসদে উগ্রপন্থী হামলা হয়েছিল। সেই উগ্রপন্থী হামলার মোকাবিলা করেছিল যে রক্ষীবাহিনী সেখানে তাদের অনেককে নিহত হতে হয়েছিল। যারা সেদিন এই হামলা রুখতে গিয়ে প্রাণ দিয়েছিলেন। আমি তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করি এবং আপনাকে অনুরোধ করব ভারতীয় সংসদের স্পীকারের কাছে আমাদের তরফ থেকে একটা স্মারকবার্তা পাঠিয়ে দেওয়ার জন্য।

শ্রী অমলেন্দ্রলাল রায় : আমি যে কথা বলছিলাম যে মূল সমস্যা হচ্ছে গঙ্গা তার গতিপথ পরিবর্তন করে পূর্ব-দক্ষিণ পূর্ব মুখে যাচ্ছে। এটা যদি আটকানো না যায় এবং সোজাসুজি রাজমহল থেকে ফরাক্কা গঙ্গার গতিপথ যেভাবে নির্ধারিত ছিল সেটাকে প্রবাহিত করা না যায় তাহলে মূল সমস্যার কোনো সমাধান হবে না। আমরা মালদাকে বাঁচাবার জন্য একটার পর একটা বাঁধ করছি, এখন ৮টা বাঁধ হয়ে গেছে, হয়তো এর পরে ৯টা, ১০টাও হবে, কিন্তু তাতে দেখা যাচ্ছে গঙ্গা ওইদিকেই চলে যাচ্ছে। এখন আশঙ্কা হচ্ছে যেটা এখানে মাননীয় সদস্য পরশ দত্ত বলেছেন যে পুরনো গতিপথ দিয়ে জল যায় আউট ফ্ল্যাংকিং জলঙ্গি ব্যারেজে এবং ওইদিকে মোর এবং ফাজিলপুরের আউট ফ্ল্যাংকিং জঙ্গিপুর ব্যারেজে। এই দুটো হচ্ছে আমাদের সামনে সবচেয়ে বড় সমস্যা। আউট ফ্ল্যাংকিং ফরাক্কা ব্যারেজ হওয়া মানে ব্যারেজ প্রোজেক্ট ইনফ্লাকচুয়াস হয়ে যাওয়া। এত কোটি কোটি টাকা খরচ করে কলকাতা বন্দরকে বাঁচাবার জন্য পূর্ব ভারতের অর্থনীতিকে বাঁচাবার জন্যই নয় আমরা জানি নেপাল, ভূটান এবং কলকাতা ও হলদিয়া বন্দর তার অর্থনীতিকে টিকিয়ে রাখছে। এই জায়গায় সমস্যা হচ্ছে। এটা মালদার সমস্যা নয়, মুর্শিদাবাদের সমস্যা নয়, এটা পশ্চিমবঙ্গের সমস্যা নয় এটা সর্বভারতীয় সমস্যা। ভারতবর্ষকে এগিয়ে আসতে হবে, এখানে ভারত সরকারকে এগিয়ে আসতে হবে, এই কথাটাই আমরা ভারত সরকারকে বোঝাবার চেষ্টা করছি। সুখের কথা সম্প্রতি যিনি ইউনিয়ন ওয়াটার রিসোর্সেস মিনিস্টার মিঃ অর্জুন শেঠি তিনি ফরাক্কা এসেছিলেন, কলকাতায় এসেছিলেন আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে আমার সঙ্গে বৈঠক হয়েছে, সেখানে তিনি স্বীকার করে নিয়েছেন যে এটা একটা জাতীয় সমস্যা। কলকাতা বন্দর এবং পূর্ব ভারতের অর্থনীতি এবং তার সঙ্গে সঙ্গে আন্তর্জাতিক অর্থনীতি এর উপরে দাঁড়িয়ে আছে। এটা ভুলে গেলে আমাদের চলবে না।

[1.20–1.30 p.m.]

শুধু মুর্শিদাবাদ, মালদা বা পশ্চিমবাংলার কথা আমরা বলছি না। ওইখানে দৃষ্টি আমরা ফেরাতে বলছি আপনাদেরও। ঠিক আমাদের পক্ষে ১৫২ কি.মি. একটা নদী এবং কতবড় নদী সেটা আমি আগেই বলেছি, সেটা অনবরত ভাঙছে। এটা কি সোজা কথা ? আমাদের কাছে সব তথ্য আছে। এই তথ্যে কি বলছে ? আমরা চেষ্টা করছি ১৯৭৭ সাল থেকে। আমার মনে আছে তখন প্রয়াত প্রভাস রায় এই দপ্তরের মন্ত্রী ছিলেন। তাঁর নেতৃত্বে আমরা প্রথম ফরাক্কাকে নিয়ে দিল্লিতে ডেলিগেশনে গিয়েছিলাম। সেই ডেলিগেশনে আমিও মেম্বার ছিলাম।

কিন্তু দুঃখের কথা সেদিন থেকে যা আমরা বলে আসছি সেগুলো এখনও সেখানে গৃহীত হয়নি। সম্পূর্ণ দায়িত্ব তাদের নিতে হবে এটা আমরা বলছি। কিন্তু ওরা ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন গোটা সমস্যাটা। আশ্চর্যের কথা, এখানে নোডাল ডিপার্টমেন্ট হচ্ছে সিপিং অ্যান্ড সার্ফেস ট্রান্সপোর্ট মিনিস্ট্রি। জানেন আপনারা। মাননীয় সৌগতবাবু বলেছেন। এখান থেকে কত টাকা রোজগার করছেন ? ব্রীজ হয়েছে, রেল চলছে, টিকিট কত করে বাড়ানো হয়েছে ? প্রত্যেকটা টিকিটে বেড়েছে। কোথায় যাচ্ছে সেই টাকা ? ফরাক্কাকে, এই প্রোজেক্টাকে রক্ষা করার জন্য এক পয়সাও আসছে রেল থেকে, সার্ফেস ট্রান্সপোর্ট মিনিস্ট্রি থেকে ? আসছে না। জল নিচ্ছে কলকাতা বন্দর। এক পয়সাও ফিরে আসছে এলাকাকে রক্ষা করার জন্য ? কে করবে ? পশ্চিমবাংলা সরকার ? এটা বুঝি বন্যা নিয়ন্ত্রণের সমস্যা ? এটা বুঝি সেচের সমস্যা ? আশ্চর্য ব্যাপার, সেইজন্য আমরা মাননীয় কেন্দ্রীয় মন্ত্রীকে বোঝাবার চেষ্টা করেছিলাম ইন্টার-মিনিস্ট্রিয়াল অথরিটি চাই। সেইভাবে ফান্ডিং চাই। এইভাবে টুং-টাং কাজের কোনো ভবিষ্যৎ নেই। এখানে ওখানে সেখানে মেরামত করছি কিন্তু এতে ব্যারেজ বাঁচবে না এটা মনে রাখবেন। যদি আউট-ফ্ল্যাংঙ হয়ে যায় সেটা হচ্ছে ইমিডিয়েট ডেঞ্জার। আমরা বলছি ড্রেজিং করতে হবে এবং ড্রেজিং করে রাজমহল থেকে ফরাক্কা পর্যন্ত সোজাসুজি পথে নিয়ে আসতে হবে। কিন্তু ওরা রাজি হচ্ছে না। আজকে এই জাতীয় সমস্যা নিয়ে যে আলোচনা হচ্ছে সেটা সুখের কথা। মাননীয় সদস্য এই যে প্রস্তাব রেখেছেন তার পরিপ্রেক্ষিতে যদি ডেলিগেশন যায়, মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি তাতে সম্মতি দেন এবং লিডার অফ দি হাউজ, মাননীয় মুখ্যমন্ত্রী যদি সম্মতি দেন তাহলে তাতে আমারও নিশ্চয় সম্মতি থাকবে। এবং বলাবাহুল্য এই রকমভাবে চেষ্টা আমাদের করে যেতে হবে। ইতিমধ্যে খানিকটা কাজ হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী মহাশয় স্বীকার করে নিয়েছেন যে এটা জাতীয় সমস্যা। ইন্টার-মিনিস্ট্রিয়াল অথরিটি তৈরি করার চেষ্টা চলছে। এবং তা নিয়ে দুটো সরকারের মধ্যে কথাবার্তা শুরু হয়েছে। এটা আরো গতিপ্রাপ্ত হবে যদি আপনাদের তরফ থেকে সর্বদলীয় একটা প্রতিনিধি মণ্ডলী দিল্লিতে গিয়ে চেষ্টা করেন। তাহলে কাজের কাজ হবে। যে টাকা আমরা খরচ করেছি সেই টাকা খরচ করেও কিছু করা যাবে না, এটা লিখে রাখুন। কোথায় বোল্ডার চুরি হচ্ছে না হচ্ছে—এটা ঠিকই বলেছেন। এটা হতে পারে। কিন্তু সেটা হোক বা না হোক এই খাতে কত খরচ করেছি ১৯৭৭ থেকে ১৯৯৩ সাল পর্যন্ত সেটা একটু দেখুন। কেন্দ্রীয় সরকার এক পয়সাও আমাদের দেননি যদিও আমাদের করে যেতে হচ্ছে। এবারে খরচের হিসাবটা বলে দিচ্ছি। আজ পর্যন্ত, ১৯৭৭ সাল থেকে মালদার জন্য খরচ করেছি ৮২ কোটি টাকা, মুর্শিদাবাদের জন্য খরচ করেছি ১১৫ কোটি টাকা, মোট প্রায় ২০০ কোটি টাকার কিছু বেশি এই বাঁধ, ভাঙন মেরামতের জন্য খরচ করেছি। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্য পেয়েছি অ্যাসিসট্যান্স হিসাবে ২০ কোটি টাকা এবং গ্রান্ট হিসাবে ৭৪ কোটি টাকা। তাও কোথাও ৭৫ : ২৫ ভাগ হিসাবে, ওরা ৭৫ দেবে আমরা ২৫ দেব আবার কোথাও ৫০ : ৫০ হিসাবে কেন্দ্র সাহায্য করেছে। এইভাবে ফরাক্কা ব্যারেজকে রক্ষা করা যাবে না, কলকাতা বন্দরকে রক্ষা করা যাবে না, পূর্ব ভারতের অর্থনীতিকে বাঁচানো যাবে না, তার সঙ্গে নেপাল, ভূটান তারাও ডুববে। এই কথা মনে রেখে আমাদের এগোতে হবে। এই কথা বলে আমি এই প্রস্তাবে সর্বান্তকরণে সমর্থন করছি।

শ্রী নৃপেন চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইনিশিয়াল বক্তব্যে আমার প্রস্তাব উত্থাপন করেছিলাম, তার উপর অনেক মাননীয় সদস্য আলোচনা করেছেন, সকলেই এর মূল কনটেন্টসকে সমর্থন করেছেন। দুটো সংশোধনী এসেছে, তার মধ্যে ১ নম্বরে 'ফরাক্কা ব্যারেজকে কেন্দ্র করে'—এটা অমিট করার কথা বলা হয়েছে—এটা গ্রহণ করেছি। আরেকটা প্রস্তাব যেটা এসেছে সেটা গ্রহণ করা সম্ভব নয়। আশা করি সংশোধনী প্রস্তাব সহ মূল প্রস্তাব সকল মাননীয় সদস্য এবং মাননীয়া সদস্যাগণ গ্রহণ করবেন এবং এই ডিমান্ডকে বেস করে অল পার্টির একটা স্ট্রং ডেলিগেশন দিল্লির সরকারের কাছে যাবেন এই অনুরোধ করে আমি আমার কথা শেষ করছি।

Mr. Speaker : There are two amendments to the motion. The amendment given by Shri Pankaj Banerjee is out of order. However, the amendment given by Shri Saugata Roy is in order and the same has already been moved. Mr. Nripen Chaudhuri, are you accepting the amendment of Shri Roy ?

Shri Nripen Chaudhuri : Yes, Sir.

The motion of Shri Saugata Roy that in line 2, after the words "তিন দশক থেকে বিওয়ার্ডস বিশেষ করে গঙ্গা নদীর উপর ফরাক্কা ব্যারেজ নির্মিত হওয়ার পর থেকে বি ওমিটেড্"।

was then put and agreed to.

The motion of Shri Nripen Chaudhuri, as amended,

"এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে,—

বিগত প্রায় তিন দশক থেকে গঙ্গা, পদ্মা সহ ভৈরব, ভাগীরথী, বাঁশলই ও পাগলা নদীতে ভাঙন মালদহ, মুর্শিদাবাদ ও নদিয়া জেলার করিমপুর এলাকার ব্যাপক অংশকে গ্রাস করেছে এবং ফরাক্কার অপরদিকে মালদহ জেলার ব্যাপক অংশ এবং ফরাক্কা ব্যারেজের ডাউনস্ট্রিমে ফরাক্কা থেকে নদিয়া জেলার করিমপুর পর্যন্ত প্রায় ১১৬ মিটারব্যাপী গঙ্গা পদ্মা নদীর পশ্চিম পাড়ে ভাঙন এক ভয়ঙ্কর রূপ গ্রহণ করেছে যার ফলস্বরূপ,—

(১) বর্তমানে প্রায় ৪০,০০০ পরিবার গৃহহীন হয়ে রাস্তা, বাঁধ এবং রেললাইনের ধারে আশ্রয় নিতে বাধ্য হচ্ছে এবং প্রতি বছর এই সংখ্যা ক্রমবর্ধমান ;

(২) হাজার হাজার হেক্টর জমি নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ায় কৃষক একদিকে জীবনধারণের প্রধান উপকরণ জমি হারিয়ে ক্ষেতমজুরে পরিণত হচ্ছে এবং ভাঙন এলাকায় অর্থনীতি ভেঙে পড়ার ফলে নানা ধরনের সামাজিক সংকট তৈরি হচ্ছে ;

(৩) হাজার হাজার হেক্টর ভারতবর্ষের জমি অপর পারে বাংলাদেশের জমির সঙ্গে যুক্ত হচ্ছে এবং দুই দেশে জমির দখল নিয়ে সংঘাতের অবস্থা তৈরি হচ্ছে যা কোনো কোনো সময় দুই দেশের মধ্যে সম্পর্কের অবনতির পরিবেশ সৃষ্টি করছে ; এবং

(৪) কোনো কোনো ক্ষেত্রে বিশেষ করে মুর্শিদাবাদ জেলার ফাজিলপুরের কাছে ভাঙনের ফলে গঙ্গা ও ভাগীরথী নদীর অবস্থান প্রায় ১ কিলোমিটারের মধ্যে চলে এসেছে এবং এই মিলন প্রতিরোধ করতে না পারলে সমস্ত রাজ্যের ভৌগোলিক চেহারার পরিবর্তন ঘটে যাবে।

এই সভা অবগত আছে যে,—

এই ভয়ঙ্কর সমস্যার সমাধানকল্পে সামগ্রিক পরিকল্পনা গ্রহণের জন্য এই সভার পক্ষ থেকে এক সর্বদলীয় প্রতিনিধিবর্গ কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা সত্ত্বেও আজ পর্যন্ত কোনো ইতিবাচক সাড়া পাওয়া যায়নি।

এই সভা মনে করে যে,—

রাজ্য সরকারের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে এই রকম একটি আন্তর্জাতিক নদীর ভয়ঙ্কর ভাঙন প্রতিরোধে ব্যয়বহুল সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করা সম্ভবপর নয় এবং রাজ্য সরকার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে আন্তরিকভাবে চেষ্টা করলেও সমস্যার ব্যাপকতার তুলনায় তা অপ্রতুল।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,

(ক) এই সমস্যাটিকে কেন্দ্রীয় সরকারকে জাতীয় সমস্যা হিসাবে গ্রহণ করতে হবে,

(খ) ভাঙন প্রতিরোধের জন্য সামগ্রিক পরিকল্পনা জরুরি ভিত্তিতে গ্রহণ এবং তা কার্যকরী করার জন্য প্রয়োজনীয় অর্থ কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে বরাদ্দ করতে হবে ; এবং

(গ) ভাঙনে ক্ষতিগ্রস্ত মানুষের পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় অর্থ কেন্দ্রীয় সরকারকে বরাদ্দ করতে হবে।" was carried.

Mr. Speaker : Now we are taking up the second motion under rule 185 of Shri Saugata Roy. Mr. Roy, please move your motion.

Shri Saugata Roy : Sir, I beg to move that—

"Whereas, the State is facing total financial bankruptcy ;

Whereas, the State Government employees were paid only half of their usual bonus.

Whereas, teachers are being paid their salaries late ;

Whereas, different departments are not getting their budgeted plan funds ;

Whereas, the debts to the Central Government are increasing beyond control ; and

Whereas, there is a fear that the State Government may not be able to pay salaries in time in the near future ;

This House, therefore, urges on the State Government to publish a White Paper on the State's finances and take appropriate steps to share up the financial position."

শ্রী মুরসালিন মোল্লা : স্যার, এখানে আর্থিক সংকটের বিষয়ে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবের ভাষা এবং তার বিষয়গুলো সম্পর্কে আমার কোনো দ্বিমত নেই। কিন্তু সেই প্রস্তাবে তিনি সারা দেশের সংকটকে বাদ দিয়ে রাজ্য সরকারের সংকট ধরেছেন। এই জায়গায় আমার বিরোধিতা আছে। সেজন্য এই প্রস্তাবকে আমি বিরোধিতা করছি। মাননীয় বিরোধী দলের নেতা শ্রী পঙ্কজ ব্যানার্জি মহাশয়, শ্রী সৌগত রায় মহাশয় যেভাবে এখানে বলেছেন যে, ফিনানসিয়াল ব্যাংকরাপ্ট্সি, আমি বলছি আমাদের সারা দেশের, Shattering economy of the Centre is the reason for this financial bankruptcy. ভারতীয় অর্থনীতি সম্পূর্ণভাবে বিপর্যস্ত এবং তার অংশীদার হিসেবে পশ্চিমবঙ্গ একটা রাজ্য, যেখানে তার সব দায় আমাদের উপর এসে পড়ছে। আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের ফিনানসিয়াল ডেফিসিট এবং সারা দেশের ফিস্কাল ডেফিসিট কেন্দ্রে যা ঘটছে তাকে মোকাবিলা করার জন্য,

[1.30–1.40 p.m.]

কেন্দ্রীয় অর্থমন্ত্রী যশোবন্তজী যেখানে ৯০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন সামাল দেওয়ার জন্য, আর আমাদের এখানে আমাদের মাননীয় অর্থমন্ত্রী তার ধাক্কা সামলাতে গিয়ে যখন বলেছেন যে ৫ শত কোটি টাকা বাঁচাতে হবে, ১৫ পারসেন্টের মতো আমাদের আয় বাড়িয়ে তুলতে হবে সেখানে তারা বিরোধিতা করছেন। যেখানে ফিস্কাল ডেফিসিট ঘটেছে কেন্দ্রীয় অর্থব্যবস্থায় সেখানে ফিনানসিয়াল ক্রাইসিস্, আর্থিক সংকট রাজ্যের ক্ষেত্রেও দেখা দেবে এই বিষয়ে কোনো দ্বিমতে যাচ্ছি না। আমি দেখেছি যে, কেন্দ্র এবং রাজ্যের সামগ্রিক কর্মচারী, কর্মী, তাদের জন্য যে পে-কমিশন চলে আমাদের এখানেও সেই রীতি চলে আসছে। আমরা কেন্দ্রীয় হারে কেন্দ্রের সঙ্গে সমতা রেখে পে-কমিশনে যা ঘোষণা করা হয়, তার সঙ্গে সমতা রেখে আমাদের রাজ্যের কর্মচারী বন্ধুরা তার ফল ভোগ করে। ফিফ্থ পে-কমিশন টোটালি ইমপ্লিমেন্টেড হয়েছে। এই প্রশ্নগুলি যখন করা হচ্ছে, তখন স্বাভাবিকভাবেই আমাদের আর্থিক তহবিলের উপর তার চাপ আসছে, চাপ পড়ছে। তাই সেই চাপ কমাবার জন্য যখন মাননীয় অর্থমন্ত্রী ন্যাশানাল কাউন্সিল মিটিং হচ্ছে, সেখানে আমাদের অর্থমন্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রী যখন বলছেন যে আমাদের সুদের হার কমাতে হবে। আমাদের স্টেট, সেন্টার থেকে যে লোন পায় সেই লোনের রেট অফ ইন্টারেস্ট ১২ পারসেন্ট করে আপনারা নিয়ে যাচ্ছেন অথচ সেন্ট্রাল

গভর্নমেন্ট এজেন্সি থেকে লোন নিচ্ছে তাদের ৭ পারসেন্ট করে ইন্টারেস্ট দিতে হচ্ছে। সেটাকে রিভিশান করুন। রাজ্যের টাকা ছাপাবার জায়গা নেই। কেন্দ্রীয় সরকারের জায়গা আছে। তারা রিজার্ভ ব্যাঙ্ক এবং আদার ফিনানসিয়াল ইন্সটিটিউশান থেকে তাদের ঋণ গ্রহণ করবার সুযোগ আছে, কিন্তু রাজ্যের তা নেই। রাজ্যের বাজার থেকে তারা ঋণ তুলে নিয়ে সে সমস্যা সমাধানের জন্য মোকাবিলা করতে পারেন। কিন্তু অর্থ ব্যবস্থার দৃষ্টিভঙ্গিটা আমাদের কাছে স্পষ্ট নয়। স্যার এখানে বলা হয়েছে স্যালারি, ডি.এ., বোনাস দিতে পারছি না, আমরা দিচ্ছি, স্যার, আমরা দিয়ে আসছি, আমরা ডিয়ারনেস অ্যালাউন্স যেভাবে বাড়ে, এই বামফ্রন্ট সরকার তারা ১৯৭৯ সাল থেকে ডি.এ. কেন্দ্রীয় হারের সাথে সমতা রেখে কর্মচারীবন্ধুদের দিয়ে এসেছে এবং সেটা দিতে গিয়ে আমাদের আগে যেখানে ৫ টাকা, ৭ টাকা ডি.এ. পাওয়া যেত, সেক্ষেত্রে এখন আমরা সমগ্র বেতনের ৪১ পারসেন্ট ডি.এ. আমরা দিয়ে আসছি এবং সেইজন্য আমাদের প্রায় ২ হাজার ৫ শত ১২ কোটি টাকা খরচ করতে হচ্ছে, ঠিকই তো, আমরা পারিনি তো, আমাদের রাজ্য সরকারে এই ৫২ পারসেন্ট যে ডি.এ. বেড়েছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে, আমরা ৪১ পারসেন্ট দিচ্ছি, সেখানে ১১ শতাংশের একটু বেশি বাকি রয়ে গিয়েছে। ৭২০ কোটি টাকা বাকি রয়ে গেছে। ৭২০ কোটি টাকা লাগবে। এই ১১ শতাংশ যদি আমরা দিই তাহলে এই টাকাটা আমাদের রাজ্যের তহবিল থেকে দিতে হবে। কিন্তু সেই তহবিল থেকে তো ২ হাজার সালের বন্যার জন্য খরচ হয়ে গেল। আমি মাননীয় সৌগতবাবুকে খুব বিনয়ের সঙ্গে প্রশ্নটা করতে চাই—আপনাদের পার্টির রাজনৈতিক দৃষ্টিভঙ্গি কি মানুষকে বন্যায় ডোবানো, তাই কেন্দ্র ১০৩ কোটি টাকা দিয়ে ছেড়ে দিল, আপনারা কিছুই বললেন না ! তার বাইরে ওঁরা আর একটা টাকাও দিলেন না। এই অবস্থায় বাধ্য হয়ে একা রাজ্যকেই সংকটের মোকাবিলা করতে হচ্ছে। কেন্দ্র এখান থেকে আমাদের টাকা বিভিন্নভাবে নিয়ে চলে যাচ্ছে, অথচ তাঁরা কোনো ক্ষেত্রেই কোনো দায়-দায়িত্ব নিচ্ছেন না। রাজ্যকে সমস্ত দায়িত্ব পালন করতে হচ্ছে। আমরা লক্ষ্য করছি আমাদের মাননীয় অর্থমন্ত্রী খুবই বিচক্ষণতার সঙ্গে সংকটের মোকাবিলা করছেন। গতকালই আপনারা এখানে কোর্ট ফি বৃদ্ধির বিরোধিতা করলেন। একজনও কেউ বললেন না যে, আদালতে গিয়ে উকিলবাবুরা কিভাবে মানুষের কাছ থেকে টাকা নিচ্ছেন ! উকিলবাবুরা কি হিসাব করে টাকা নেন ? আমাদের রাজ্য সরকারের যদি ১৫% আয় বাড়ানো যায় তাহলেই আমরা আমাদের রাজ্যের এই যে ৩০০০ কোটি টাকার সংকট, এই সংকট থেকে উত্তীর্ণ হতে পারব। এই সংকট উত্তরণের জন্য স্বাভাবিকভাবেই আমাদের নিজস্ব রাজস্ব সংগ্রহের ওপর নির্ভরশীল হতে হবে, তার ওপর দাঁড়িয়ে আমাদের এগোতে হবে। আপনারা বোনাসের কথা বলছেন। আমি খুব বিনয়ের সঙ্গে বলছি, আপনারা কি বোনাস তুলে দিতে চাইছেন ? আমাদের সরকার এই সংকট মুহূর্তেও বোনাস দিয়েছেন, হ্যাঁ অর্ধেক দিয়েছেন, ৫০% দিয়েছেন। আপনারা কি চান ? কর্মচারী বন্ধুদের কাছে আপনাদের নিজস্ব আবেদন কি ? আপনাদের আমি দ্বিতীয় শ্রম কমিশনের কথা স্মরণ করতে বলি। মনে রাখবেন সেকেণ্ড লেবার কমিশন কি বলছে। এটা কোনো গলাবাজির বিষয় নয়, বিশ্লেষণের বিষয়। দ্বিতীয় শ্রম কমিশন, সেকেণ্ড লেবার কমিশন ওখানে থেকে ঘোষণা করে দিচ্ছে ! কর্মচারীদের বেতন সংশোধনের

সমস্ত কমিটি তুলে দেওয়া হোক। আমি জানি আপনাদের কষ্টটা কোথায়। ওখানে আপনারা বিরোধিতা করতে পারেন না। দ্বিতীয় শ্রম কমিশন তাদের রিপোর্টে বলছে যে, বেতন সংশোধনের সমস্ত বিষয়গুলো তুলে দেওয়া হোক। যখন তারা এই কথা বলে তখন আপনাদের এম.পি. সেখানে গিয়ে তার কোনো বিরোধিতা করতে পারেন না। আর আপনারা এখানে বলছেন : বামফ্রন্ট সরকার বোনাস দিতে পারছে না, শ্বেতপত্র প্রকাশ করুন। পত্র-পত্রিকায় পড়ছেন না, আবার শ্বেতপত্রের কি প্রয়োজন ? প্রতিদিন প্রতি মুহূর্তে সাদা কাগজে কালো অক্ষরে আমাদের গোটা দেশের সমস্ত অর্থনৈতিক চিত্রকে নির্মমভাবে প্রকাশ করে দিচ্ছে। আর আপনারা এখানে বলছেন শ্বেতপত্র প্রকাশ করতে হবে ! আমরা গর্বিত সারা ভারতবর্ষের মধ্যে আমাদের বামফ্রন্ট সরকার শ্রমজীবী মানুষের সরকার, শ্রমজীবী মানুষের স্বার্থে আমরা এখনো আমাদের কাজকর্মকে এগিয়ে নিয়ে যাচ্ছি। এর জন্য আমরা গর্বিত।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

স্যার, আমার আরো কিছু বলার ছিল, কিন্তু আমার সময় শেষ হয়ে গেছে, আমি আর বলছি না—যে উদ্দেশ্যপ্রণোদিত প্রস্তাব আজকে এখানে আনা হয়েছে তার বিরোধিতা করে, যাঁরা এই প্রস্তাব এনেছেন তাঁদের বলব, রাজ্য সরকার সম্পর্কে প্রস্তাব না এনে, কেন্দ্রের বিরুদ্ধে এ বিষয়ে সোচ্চার হোন।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রী সৌগত রায়, শ্রী পঙ্কজ ব্যানার্জি এবং অন্যান্যরা রাজ্যের দেউলিয়া অর্থনীতির পরিপ্রেক্ষিতে শ্বেতপত্র প্রকাশের দাবি জানিয়ে যে প্রস্তাব এনেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। স্যার, রাজ্য সরকারের দেউলিয়া অর্থনীতির জন্য আজ রাজ্যের সমস্ত মানুষের সংকট ঘনীভূত হয়েছে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। এই সংকট থেকে পরিত্রাণ পাবার জন্য মাননীয় অর্থমন্ত্রী হাসপাতালের চার্জ বৃদ্ধি করেছেন, স্কুল, কলেজের টিউশন ফি বৃদ্ধি করেছেন। এইরকম বেশ কিছু অমানবিক ব্যবস্থা গ্রহণ করেছেন। এমনকি যে কেরোসিন অয়েল ডিলাররা, রিটেল ডিলাররা ৪০ টাকা দিয়ে লাইসেন্স রিনিউ করতেন, সেখানে তাদের আজকে ৪০ টাকার জায়গায় সেটা ৫০০ টাকা করে দেওয়া হয়েছে।

[1.40–1.50 p.m.]

আপনারা বন্দোবস্ত করেছেন কোর্ট-ফিস, যেটা নিয়ে বিস্তৃত আলোচনা হয়েছে, যে আলোচনায় আপনারা কর্ণপাত না করে শুধুমাত্র দেউলিয়াপনা ঢাকা দেবার জন্য সংখ্যাগরিষ্ঠের জোরে আমাদের সমস্ত আবেদন ব্যর্থ করে দিয়ে গতকাল এই বিধানসভা থেকে পাশ করিয়ে নিয়েছেন। আজকে এই সরকার কোন অবস্থার মধ্য দিয়ে চলেছে ? আমাদের সকলকে মনে রাখতে হবে—ওরা কেন্দ্রীয় বৈষম্যের কথা বলেছেন, পঞ্চম বেতন কমিশনের কথা একটু আগে একজন মাননীয় সদস্য বললেন—পঞ্চম বেতন কমিশনের বোঝা সারা ভারতবর্ষে সমস্ত রাজ্যগুলির উপর পড়েছে। কিন্তু এই রাজ্যের কেন এই অবস্থা হল ? এই সরকার এই রাজ্যকে এমন একটা জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছে, যেখানে মাহিনা দিতে গেলে

পিয়ারলেসের মতন প্রতিষ্ঠান থেকে টাকা নিতে হচ্ছে, যেখানে মাহিনা দিতে গিয়ে—আমি জানি না—আগামীদিনে আর কোন্ সংস্থার কাছে যাবেন ? শেষ পর্যন্ত হয়তো সাট্টার বুকিদের কাছে হাত পাততে হবে কিনা জানি না। এই নিয়ে সদস্যরা চিন্তার মধ্যে পড়েছে এই বিধানসভায়। আমি আপনাকে বলতে চাই, আমাদের যে রাজস্ব আদায় হয় তাতে করে সরকারি কর্মচারীদের, শিক্ষকদের এবং অন্যান্যদের বেতন, পেনশন এবং ঋণের জন্য যে সুদ দিতে হয় তার পরিমাণ সংগৃহীত রাজস্বের ১১০ পারসেন্ট খরচ হয়ে যায়। এখন সেটা মেক-আপ দিতে গিয়ে লোন নিতে হয়। আপনি যে ঋণ নিচ্ছেন সেই ঋণের পরিমাণ সুদসহ ক্রমশ বাড়বে, না, ঋণের পরিমাণ ক্রমশ কমবে ? কোন দিকে যাবে—মাননীয় মন্ত্রিমহাশয় তার জবাব দেবেন। ১৯৯৯-২০০০ সালে ঋণের পরিমাণ ছিল ৪১ হাজার ৮৯৫ কোটি টাকা। ২০০০-২০০১ সালে সেই ঋণের পরিমাণ বেড়ে দাঁড়াল ৫২ হাজার ৭৬২ কোটি টাকা। আবার ২০০১-২০০২ সালে সেটা গিয়ে হল ৬৯ হাজার ৯০ কোটি টাকা। ক্রমশ বেড়ে যাচ্ছে কিন্তু রাজস্ব সেইভাবে বাড়ছে না। আমার বক্তব্য হচ্ছে এই ঋণ নেবার কারণ কি ? আপনার রাজস্ব আদায়ের পরিমাণ ক্রমশ কমছে। ৮০ দশকে এই বামফ্রন্টের রাজত্বে যেখানে রাজস্ব সংগৃহীত হত, অর্থাৎ রাজস্বের বার্ষিক বৃদ্ধির হার ছিল ১৬.৩, সেখানে সর্বভারতীয় গড় ছিল আমাদের থেকে কম অর্থাৎ ১৫.৯। ৯০ দশকে আমাদের রাজস্ব বৃদ্ধির হার কমে গেল। কি করে গেল মাননীয় অসীমবাবু তার জবাব দেবেন। আমাদের রাজস্ব বৃদ্ধির হার কমে গিয়ে দাঁড়াল ১১.২। সেখানে আবার সর্বভারতীয় গড় যেটা নাকি ৮০ দশকে ছিল ১৫.৯, সেটা বেড়ে হয়ে গেল ১৮.১, আমাদের থেকে ৩ পারসেন্টের উপর সর্বভারতীয় গড় চলে গেল। এই যে আমাদের রাজ্যে রাজস্ব আদায় হচ্ছে না তারজন্য মাননীয় অর্থমন্ত্রী কি বন্দোবস্ত নিয়েছেন ? শুধুমাত্র ট্যাক্স বৃদ্ধি করলেই সব সমস্যার সমাধান হয়ে যাবে ? আমি একটি চাঞ্চল্যকর তথ্য উপস্থিত করতে চাই। মাননীয় অর্থমন্ত্রী এ বিষয়ে উত্তর দেবেন কিনা জানি না, কিন্তু এটাই সব থেকে বাধা হয়ে দাঁড়াচ্ছে। রাজস্বের ক্ষেত্রে টাকা আদায় করা যাচ্ছে না, আপনি ব্যয় সংকোচনের কথা বলেছেন। কিন্তু এর জন্য কি কি ব্যবস্থা নিচ্ছেন তা আমি জানি না, কিন্তু আমি বলতে চাই, সেল্স ট্যাক্স রেভিনিউ যদি ঠিকমতো আদায় করতে পারতেন তাহলে এই সরকার চরম আর্থিক সংকট থেকে বাঁচতে পারত। কি রাজনৈতিক কারণ আমি জানি, কিন্তু সেল্ট ট্যাক্স রেভিনিউ আপনার ঠিকমতো আদায় করছেন না। যদি ঠিকমতো আদায় করতে পারতেন তাহলে এই দপ্তরকে সজীব করতে পারতেন। গত আর্থিক বছরে সেল্স ট্যাক্স কালেকশন সব থেকে কম হয়েছে, সর্বকালীন নিম্ন রেকর্ড, ৭ পারসেন্ট। অথচ টারগেট ছিল ২৫ পারসেন্ট। যেখানে ২৫ পারসেন্ট টারগেট ছিল সেই জায়গায় আপনি নিয়ে এসেছেন মাত্র ৭ পারসেন্টে। আপনি কমার্শিয়াল ট্যাক্স ডিপার্টমেন্টকে যদি আরো শক্তিশালী করতে পারতেন তাহলে রোগীদের চিকিৎসার জন্য নতুন করে আপনাকে আর চার্জ বৃদ্ধি করতে হত না, ছাত্রদের টিউশন ফি বৃদ্ধি করতে হত না। আপনার কমার্শিয়াল ট্যাক্স ডিপার্টমেন্ট একটা বাস্তুঘুঘুর বাসা হয়ে দাঁড়িয়েছে। এবার আমি বলতে চাই বর্ডার চেক-পোস্ট সম্বন্ধে। আমি বর্ডার চেক-পোস্টের কয়েকটি উদাহরণ দিচ্ছি। আসানসোলের কাছে আছে ডুমুর-ডিহি চেক-পোস্ট, পশ্চিম মেদিনীপুরে আছে চিচিরা চেক-পোস্ট আর উত্তর

দিনাজপুরে আছে ডালখোলা চেক-পোস্ট। এই চেক-পোস্টগুলিতে কি হয় তা কি আপনার জানা আছে ? এই চেক-পোস্টগুলি থেকে পেনাল্টি আদায় করার জন্য বন্দোবস্ত করা হয়েছে। কিন্তু আপনাদের আশ্রিত মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কিছু দালাল-ট্রান্সপোর্টার সেইসব চেক-পোস্টগুলি ব্যবহার করছেন। এর ফলে যে টাকা আদায় হওয়ার কথা সেই টাকা আদায় হচ্ছে না। আমি বলছি, আপনি খোঁজ নিয়ে দেখুন কত টাকার লেন-দেন করছেন। অসীমবাবু আপনি এখানে যে অফিসারদের বসিয়েছেন তাদের প্রথম কাজ হল, নিজের পকেটের কালেকসান কর, তারপর সরকারের রেভিনিউ আদায় কর। আমি আপনাকে বলছি, ডুমুরদি, হাওড়া, ব্যারাকপুর রেঞ্জে যে ইললিগ্যাল ট্রান্সপোর্টেশান অব গুড্‌স হচ্ছে সেখানে তদন্ত না করেই পেনাল্টি ধার্য করা হচ্ছে অথচ আইনে আছে তদন্ত করে পেনাল্টি ধার্য করতে হবে। সেখানে উপর উপর চোখে দেখেই পেনাল্টি ধার্য করা হচ্ছে ফলে সরকারের ঘরে ঠিকমতন রেভিনিউ জমা পড়ছে না, অফিসারদের পকেট ভর্তি হচ্ছে। সেটা বাস্তুঘুঘুর একটা বাসা হয়ে দাঁড়িয়েছে এবং চুরি জোচ্চুরি অবাধে চলছে। ওখানকার এডিশনাল কমিশনার, ডেপুটি কমিশনার, অ্যাসিসট্যান্স কমিশনারের প্রত্যক্ষ তত্ত্বাবধানেই এই কাজ চলছে। এই অফিসারদের কেন আপনি সেখানে বসিয়েছেন ? আলিমুদ্দিন স্ট্রিটে টাকার অংশ পৌঁছে দেবে বলে, না কি আপনার সঙ্গে তাদের ঘনিষ্ঠ যোগাযোগ আছে বলে—তার জবাব আপনাকে দিতে হবে। এই প্রসঙ্গে বলি, একজন অফিসার ১৫ বছর থাকার পর ৬০ বছরে তার সুপার অ্যানুয়েশান হয়ে গেল, সেখানে দেখা যাচ্ছে তাকে আবার অফিসার অন স্পেশাল ডিউটি করে বসানো হয়েছে। আবার শুনছি সুপারিশ করা হয়েছে ২০০৩ সালের ফেব্রুয়ারি থেকে এক বছরের জন্য তাকে রাখার। আপনি ভ্যালু অ্যাডেড ট্যাক্স যেটা ইনট্রোডিউস করতে যাচ্ছেন বলা হচ্ছে সেখানে তার অভিজ্ঞতাকে কাজে লাগাতে হবে অতএব ওই ভদ্রলোককে দরকার। অথচ আপনার জি.ও.-তে বলা হচ্ছে রি-এমপ্লয়মেন্ট দেওয়া চলবে না। একে তো ৬০ বছরের পরে তাকে অফিসার অন স্পেশাল ডিউটি করে রাখলেন আবার ভ্যালু অ্যাডেড ট্যাক্সের ব্যাপারেও তাকে রাখার চেষ্টা করছেন। এতে কি রাজস্ব সংগ্রহ বাড়বে মন্ত্রিমহাশয় ? ওই ভদ্রলোক কি বামফ্রন্টের সঙ্গে ঘনিষ্ঠ, না কি আপনার ঘনিষ্ঠ, আপনাদের তাঁবেদারি করে বলে তাকে কি বসিয়ে রাখছেন ? এর জবাব আপনাকে দিতে হবে। এই সমস্ত কারণে আমরা দেখছি রাজস্ব আদায় কম হচ্ছে। এর পর কয়লার রয়্যালটি এবং সেস নিয়ে বলব। আপনি বহু সময়ই বলে থাকেন যে রয়্যালটি ও সেস-এর টাকা পাচ্ছি না। আমার পরিষ্কার জিজ্ঞাসা, এ ক্ষেত্রে সঠিকভাবে আপনার বক্তব্য কি এবং রাজ্য সরকারেরই বা বক্তব্য কি সেটা জানান। কেন্দ্রীয় সরকারের কাছে কত পাওনা আছে, কত পাননি পরিষ্কার করে বলুন। হাউসকে বা দেশের মানুষকে বিভ্রান্ত করবেন না। অজিতবাবু যখন কয়লামন্ত্রী ছিলেন তখন আমরা জানি এ সম্পর্কে তার সঙ্গে আপনার আলোচনা হয়েছিল। এই কয়লার রয়্যালটি এবং সেসটি কোন জায়গায় দাঁড়িয়ে আছে সেটা বলুন। আপনারা বলছেন দুর্নীতি দমন করছেন অথচ 'বর্তমান' কাগজে ২০.৮ তারিখে বেরিয়েছে কো-অর্ডিনেশান কমিটির নেতা বলছেন, "বেশিরভাগ ক্ষেত্রেই অফিসার পর্যায়ের কর্মচারীরা দুর্নীতির সঙ্গে যুক্ত। মোটর ভেহিকেলস্ থেকে রেশন অফিস পর্যন্ত কোথাও ঘুষ না দিলে কাজ হয় না। এই অভিযোগ মেনে নিয়েছেন তিনি। তার

অভিযোগ দুর্নীতির সুস্পষ্ট অভিযোগ সত্ত্বেও সরকার ব্যবস্থা না নেওয়ায় আমরা বিস্মিত। নদিয়ায় ৪০ লক্ষ টাকা তছরুপের ঘটনায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে এফ.আই.আর পর্যন্ত করা হচ্ছে না।" এই যেখানে অবস্থা সেখানে দুর্নীতি দমন করবেন কি করে ? এই বলে শ্বেতপত্র প্রকাশের দাবিকে সমর্থন করে এবং এই মোশানকে সমর্থন করে শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী সৌগত রায় প্রমুখ এখানে মোশান উত্থাপন করেছেন পশ্চিমবাংলার দেউলিয়া অর্থনীতি এবং এই অর্থনীতির রাহুগ্রাস থেকে পশ্চিমবাংলার মানুষকে মুক্ত করার জন্য পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়ে। স্যার, পশ্চিমবাংলা যে এরকম একটা আর্থিক সংকটের মধ্যে দাঁড়িয়ে আছে ৮ মাস আগে মাননীয় অর্থমন্ত্রী যখন বাজেট পেশ করেন তখন কিন্তু তার কোনো ইঙ্গিত তার বাজেট ভাষণে ছিল না। বরং উল্টে তিনি বলেছিলেন পশ্চিমবাংলায় কৃষির ক্ষেত্রে এবং শিল্পের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় রেকর্ড পরিমাণ খাদ্যশস্য উৎপাদন হয়েছে। শিল্পে উৎপাদন বৃদ্ধির সূচক যেখানে সারা দেশে ২.৩ শতাংশ, সেখানে পশ্চিমবাংলায় হয়েছে ৪.৬ শতাংশ।

[1.50–2.00 p.m.]

তিনি প্রতি বাজেট ভাষণের মতো এবারের বাজেট ভাষণেও তাঁর বিকল্প অর্থনীতির সাফল্যের তথ্য দিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছেন। আজকে হঠাৎ করে অর্থনৈতিক সঙ্কট, বিক্রয় কর আদায়ে ঘাটতি, এসব কথা বলছেন, শিক্ষকদের বেতন দেওয়া, সরকারি কর্মচারীদের দেবার ক্ষেত্রে সঙ্কটের কথা, মহার্ঘভাতা দেবার ক্ষেত্রে সঙ্কটের কথা সব বলছেন। সেজন্য আমি বলতে চাই, তাহলে কেন তিনি অন্য কথা বলে মানুষকে বিভ্রান্ত করে আসছিলেন ? কেন পশ্চিমবঙ্গের আসল চিত্র তুলে ধরেননি ? বারবার কর্মসংস্থানের কথা বলেছেন এবং সে কথা বলে লক্ষ লক্ষ পশ্চিমবঙ্গের বেকার যুবকদের ভাঁওতা দিয়ে এসেছেন। পশ্চিমবঙ্গে আজকে প্রায় ৭০-৮০ লক্ষ বেকার। আজকে কেন এই আর্থিক সঙ্কট ? হ্যাঁ, কেন্দ্রীয় সরকার রাজ্যের প্রাপ্য অর্থ দিচ্ছেন না। নিশ্চয়ই সেক্ষেত্রে দাবি আমরা সকলে করব। কিন্তু আমার জিজ্ঞাস্য, এই আর্থিক সঙ্কটের মূল কারণ কি ? সারা দেশেই আজকে আর্থিক সঙ্কট, কিন্তু দেখছি, এমন ভাব করছেন যেন এক্ষেত্রে আপনাদের কোনো দায়-দায়িত্ব নেই। যেভাবে বিপুল পরিমাণে কর ছাড় মালিক শ্রেণীদের দিয়েছেন, যেভাবে তাদের কাছ থেকে প্রাপ্য টাকা আদায় করছেন না, তার উত্তর কি দেবেন ? একদিকে বিপুল পরিমাণ অর্থ অনাদায়ী থেকে যাচ্ছে, অপরদিকে মাথাভারি প্রশাসন এবং লাগাম-ছাড়া দুর্নীতি, মন্ত্রীদের বিলাসব্যসনের দায়, এভাবে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে নয়-ছয় করে রাজ্যকে দেউলিয়া অর্থনীতির দিকে ঠেলে দিয়েছেন। এবং তার জন্য আজকে সরকারি কর্মচারীদের বেতন অনিশ্চিত, শিক্ষকদের বেতন দিতে পারছেন না—সেটাও অনিশ্চিত, তাদের পেনশন অনিশ্চিত, নিয়োগ বন্ধ হয়ে যাচ্ছে, বিভিন্ন দপ্তরগুলিকে উন্নয়নখাতে ২৫ ভাগ উন্নয়নের টাকাও দিতে পারছেন না। এরকম মারাত্মক অবস্থা আজকে রাজ্যের। এরকম পরিস্থিতিতে

পশ্চিমবঙ্গের মানুষের উপর—নিম্নবিত্ত, মধ্যবিত্ত মানুষদের উপর—একের পর এক করের বোঝা চাপিয়ে দিচ্ছেন, হাসপাতালের চার্জ বৃদ্ধি করেছেন, শিক্ষায় ফি বৃদ্ধি করেছেন, বিদ্যুতে মাশুল বৃদ্ধি করেছেন, পেট্রোল ডিজেলের উপর লিটারে ১ টাকা বৃদ্ধি করে পশ্চিমবঙ্গের মানুষের পকেট থেকে ২৫০ কোটি টাকা কাটবার ব্যবস্থা করেছেন। সিদ্ধান্ত নিয়েছেন, পুর এলাকায় ধনী-গরীব নির্বিশেষে সবাইকে জল-কর দিতে হবে ; না দিলে পুরসভাগুলি তাদের জলের লাইন কেটে দেবে। আপনারা বলতেন, 'আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের শর্ত মানি না।' কিন্তু আজকে তাদের নির্দেশ নির্বিচারে পালন করছেন। আজকে পঞ্চায়েত এবং পুর-কর বৃদ্ধি করেছেন। আপনারা ব্যয় সঙ্কোচের কথা বলছেন, মুখ্যমন্ত্রী ফুলের মালা না কেনার কথা বলছেন। কিন্তু আমরা দেখছি, মন্ত্রী, যাঁরা আগে সাধারণ গাড়িতে চড়তেন, এখন এসি গাড়িতে চাপছেন। পশ্চিমবঙ্গে প্রাক্তন মুখ্যমন্ত্রী দুটি গাড়ি ব্যবহার করতেন। এখন তিনি তৃতীয় আর একটি বুলেটপ্রুফ এসি গাড়ি ব্যবহার করছেন। এবং তাতে অনেক টাকা খরচ হয়ে গেছে বলে তা নিয়ে এ.জি. প্রশ্ন তুলেছেন। এইভাবে রাজ্যে টাকা নয়-ছয় হচ্ছে। আপনি রাজ্যের জনগণের টাকা এভাবে ব্যয় করে আজকে আর্থিক সঙ্কট নামিয়ে এনেছেন। তার জন্য এই দেউলিয়া অর্থনীতির বিরোধিতা করে শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জি এবং অন্যান্য সদস্যদের আনা প্রস্তাবের বয়ান পাঠ করে আমার একটা গল্প মনে পড়ে গেল। ঢাকার একজন বলেছিলেন "ঘোড়াও হাঁসবো"। ওঁদের প্রস্তাবের বয়ান পড়ে ঘোড়াও হাঁসবো। ওনারা প্রস্তাবের যে টাইটেল দিয়েছেন সেটা পরিবর্তন করে রাজ্যের সম্পর্কে না বলে কেন্দ্রীয় সরকারের কথা বললে ভাল হয়। একটু চেঞ্জ করে দিলেই হবে। আপনাদের অনেক এম.পি. আছেন, অনেক মন্ত্রী আছেন, অনেক নেতা আছেন, অনেক নেত্রী আছেন, তাঁদের বলুন। এই যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থেকে বিশেষ করে আমাদের কেন্দ্রীয় সরকার এক-কেন্দ্রিক রাষ্ট্র পরিকাঠামো তৈরি করে পশ্চিমবাংলার প্রতি বঞ্চনা করছে। আপনারা তার বিরুদ্ধে লড়াই করুন। আমরা তাঁদের বিরুদ্ধে লড়াই করেছি, মাসুল সমীকরণ নীতির বিরুদ্ধে লড়াই করেছি। আপনারা কি জানেন কেন্দ্রীয় সরকার প্রায় ৯০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। এ ছাড়া আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার, বিশ্বব্যাঙ্ক নানা জায়গা থেকে অনেক ঋণ নিয়েছে। তার ফলে বছরে ১ লক্ষ কোটি টাকা ঋণ বাবদ শোধ করতে হয়। তারপর তাঁরা বলছেন ৫ বছর ধরে ২ শতাংশ হারে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের কমিয়ে দেবেন। অর্থাৎ ৫ বছরে ১০ হাজার কর্মচারী কমিয়ে দেবেন। তাঁরা বলছেন আমাদের সরকার পরিচালনা করার জন্য রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং অন্যান্য সম্পদ বিক্রি করে অর্থ সঞ্চয় করবেন। এখন আবার বিলগ্নিকরণ মন্ত্রী বলছেন এটা ১০ হাজার নয় এটা ২৫ হাজার হবে। আমরা জানি কেন্দ্রীয় সরকারের এই অর্থনীতির ফলে, অর্থনৈতিক সংস্কারের ফলে সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এই আর্থিক সংকট দেখা দিয়েছে। আমরা জানি আপনাদের সেই বেঙ্গল প্যাকেজের কথা। সেটা কি গঙ্গা-পদ্মা নদীতে বিসর্জন দিয়ে এসেছেন ? এখন তো কথাটার

উচ্চ-বাচ্চা করেন না। গঙ্গা-পদ্মা ভাঙনের জন্য কতবার সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লি গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে ধরনা দিয়েছি। তার জন্য কটা টাকা আমরা পেয়েছি ? সুবর্ণরেখা ব্যারেজের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছি। আমরা তো একটা পয়সাও পাইনি। সুতরাং আজকে এই কথা ভাবতে হবে। আমাদের রাজ্য সম্পর্কে আপনারা যে কথা বলেছেন সেই ব্যাপারে আপনারা কিছু জানেন না তা নয়। কেন্দ্রীয় সরকার যেখান থেকে ঋণ নেবে সেখানে সুদের হার ৬ পারসেন্ট আর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্য সরকার যদি ঋণ নেয় রাজ্যকে দিতে হবে ১২ পারসেন্ট। এটা তো অদ্ভুত ব্যাপার, আজব দেশ। যার ফলে রাজ্যগুলোকে বেশি টাকা সুদ দিতে হবে। আমাদের রাজ্য থেকে যে সেল্‌স ট্যাক্স, ইনকাম ট্যাক্স, করপোরেট ট্যাক্স নিয়ে যাচ্ছে কেন্দ্রীয় সরকার তার ৭৫ পারসেন্ট আমাদের দিতে। ওরা বলল এক পয়সাও দেব না। তারপর অনেক কষ্টে ২৯ পারসেন্ট ধার্য করেছে। এটা কি রাজ্যের প্রতি সুবিচার করা হল ? গতবারের বন্যায় যে ক্ষয়ক্ষতি হল তাতে আমরা ১৪০০ কোটি টাকা চেয়েছিলাম, আমরা ৪০০ কোটি টাকা খরচ করলাম। তার জন্য ওনারা কটা টাকা আমাদের দিয়েছেন ? ওরা দেবে না। আমাদের রাজ্য স্বল্প সঞ্চয়ে প্রথম স্থান অধিকার করেছিল। এখন কেন্দ্রীয় সরকার কি করলেন ? স্বল্প সঞ্চয়ে সুদের হার কমিয়ে দিলেন যাতে মানুষ সুদের হার কম দেখে তার সঞ্চয় কমিয়ে দেন। এইভাবে আমাদের আর্থিক দিক থেকে বঞ্চনা করলেন। কই, আপনাদের প্রস্তাবের বয়ানের মধ্যে এই কথা লিখলেন না ?

[2.00–2.10 p.m.]

আপনারা পশ্চিমবঙ্গ সরকারকে অপদস্ত করার জন্য এই ধরনের একটা প্রস্তাব নিয়ে এসে অবিচার করছেন। পশ্চিমবঙ্গ তার ন্যায্য দাবি, পাওনা পায়নি। সেখানে কেন্দ্রীয় সরকার যদি অর্থ না দেয় সেক্ষেত্রে আপনাদের উচিত আমাদের পাশে এসে দাঁড়িয়ে কেন্দ্রের পাওনা যাতে পাই তার ব্যবস্থা করার। কিন্তু তা না করে ক্ষুদ্র সংকীর্ণ স্বার্থের পরিচয় দিয়ে আজকে এই প্রস্তাব এনে এই ধরনের আচরণ করছেন। আজকে এই প্রস্তাব যখন আপনারা এখানে এনেছেন তখন কি খবর রাখেন কেন্দ্রের নীতির ফলে ভারতবর্ষে দু-হাজার কৃষক পরিবার আত্মহত্যা করেছে। আপনাদের কি মায়া, মমতা, স্নেহ, ভালবাসা বলে কিছুই নেই। ওই যে দু-হাজার কৃষক পরিবার আত্মহত্যা করল তার জন্য কি আপনাদের কোনো মন কাঁদে না। আজকে কেন্দ্রের ভ্রান্ত নীতির ফলে এইসব জিনিস যে ঘটছে তার জন্য আপনারা কোনো তো বলিষ্ঠ পদক্ষেপ নিচ্ছেন না। উল্টে আপনারা এই ধরনের প্রস্তাব এনে সস্তার বাজিমাত করতে চাইছেন। আজকে সারা দেশে আর্থিক সংকট দেখা দিয়েছে, সেখানে আপনারা এখানে এই সরকারের বিরুদ্ধে দেউলিয়া সরকার বলে প্রস্তাব এনে বাজিমাত করতে চাইছেন। আজকে আপনারা এই সরকারকে দেউলিয়া হয়ে গেছেন বলছেন, বেতন দিতে পারছে না, বোনাস দিতে পারেনি বললেন। কিন্তু বলুন তো ভারতবর্ষে একটা অঙ্গ রাজ্য আছে পশ্চিমবঙ্গ এবং কেরল ছাড়া—যারা বোনাস দিয়েছে। এমন কি আপনাদের দ্বারা পরিচালিত সরকারেও তো কোনো রাজ্য বোনাস দেয়নি। এই ব্যাপারে তো একটি কথাও উচ্চ-বাচ্চা করলেন না। কেন্দ্রীয়

সরকার তো নিজে ঘোষণা করেছেন যে, কেন্দ্রীয় কর্মচারীদের প্রতি বছর ২ পারসেন্ট হারে কর্মী সংকোচন করবেন। সুতরাং এইভাবে যে কর্মী সংকোচন হবে এতে তো বেকারের সংখ্যা এমনিতেই বেশি আরো বাড়বে। ভারতবর্ষে নথিভুক্ত বেকারের সংখ্যা তো দিনের পর দিন বেড়েই চলেছে। সারা ভারতবর্ষে বেকারের সংখ্যা কত তার কোনো হিসাব নেই। সেখানে পশ্চিমবঙ্গে কি সবচেয়ে বেশি বেকার আছে ? আজকে যে সারা ভারতবর্ষে এত বেকার তার জন্য আপনারা কেন্দ্রীয় সরকারকে কি বলেছেন ? কেন্দ্রীয় সরকার তো তার জন্য কোনো পদক্ষেপও নিচ্ছে না, সেই তুলনায় পশ্চিমবঙ্গ সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতটা সম্ভব উন্নতি করা যায় বেকারির ক্ষেত্রে তার চেষ্টা করেছে। আজকে এই সংকট তো শুধুমাত্র পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষব্যাপী এই সংকট। সুতরাং আপনারা যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করতে পারছি না। আপনারা যদি এর উল্টোটা নিয়ে আসেন—কেন্দ্রের বিরুদ্ধে এই প্রস্তাব নিয়ে আসেন তাহলে তখন ভেবে দেখব সমর্থন করব কি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি প্রথমেই যে প্রস্তাব মুভ করেছি তার উপরে বলার আগে একটা প্রিন্টিং মিসটেক আছে লাস্ট লাইনে—টু শেয়ার আপ দি ফিনানসিয়াল পজিশান এই কথাটি আছে। এখানে শেয়ারের জায়গায় শোর হবে। আমি প্রথমেই প্রস্তাবের উপরে বলতে গিয়ে অর্থমন্ত্রীর পদত্যাগ দাবি করছি। একটানা ১৫ বছর অর্থমন্ত্রী থেকে এই রাজ্যের আর্থিক অবস্থার জন্য ব্যক্তিগত দায়-দায়িত্ব অর্থমন্ত্রী, সেই দায়িত্ব তিনি পালন করতে পারেননি। সেই কারণে তাঁর পদত্যাগ করা উচিত। উনি একটা অভিনব রাজ্যে ফিনান্স মেস নিয়ে এসেছেন। প্রতি বছরই তিনি লাফিয়ে লাফিয়ে বাজেট বক্তৃতা করে একটা রোজি পিকচার পেন্ট করার চেষ্টা করেন। উনি সেদিনই একটা প্রশ্নের উত্তরে বলেছেন যে বাজেট বইতে বলে দিয়েছেন যে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না সেই কারণে রাজ্য সরকার টাকা দিতে পারছে না। রাজ্যের অর্থ আছে কি না পকেটে টাকা আছে কি না সে তো রাজ্যের অর্থমন্ত্রীকেই দেখতে হবে। সেখানে তিনি ফিনানসিয়াল প্ল্যানিং-এর ক্ষেত্রে কোনো রেসপনসিবিলিটি নিলেন না। এই চূড়ান্ত ইরেসপনসিবিলিটির জন্য ওর পদত্যাগ করা উচিত। উনি আগে বাজেট বক্তৃতায় বলেননি বোনাস অর্ধেক দেবেন, উনি বলেননি ১১ শতাংশ ডি.এ. বাকি রাখবেন, উনি বলেননি কোর্ট ফি, স্ট্যাম্প ডিউটি, মটর ভেহিকেলস ট্যাক্স, ডিজেল ও পেট্রোলের উপর ট্যাক্স এইগুলি সব বাড়াবেন। উনি বলেননি যে রাজ্যে সমস্ত রকম লাইসেন্স ফিজ্ বাড়াবেন এখানে এই সেসানে ৪টি অর্ডিনান্স এনেছেন, টাকা বাড়াবার জন্য। কয়েকটি হলেও ওর বোঝানোর দায়িত্ব ছিল রাজ্যবাসীকে, কিন্তু উনি বলেননি। আজকে রাজ্যে কি অবস্থা উন্নয়ন স্তব্ধ। প্লান বাজেটের ২৫ শতাংশ টাকা—আপনারা এতগুলি মন্ত্রী আছেন, বলুন কেউ পেয়েছেন, আপনারা পাননি ! তার চেয়েও ডেঞ্জারাস, উনি সেন্ট্রাল প্রজেক্টের সেন্ট্রাল শেয়ারের যে টাকা এসেছে সেটা ডাইভারসান করেছেন এবং সেই টাকা দিয়ে মাহিনা দিয়েছেন। আমার কাছে খবর আছে, পি.এইচ.ই অ্যাক্সিলারেটেড রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রামে ১৬০ কোটি টাকা, সেটা অন্যত্র ডাইভার্ট করেছেন এবং মাহিনাও দিয়েছেন।

আমি আপনাকে বলতে চাই, এই অবস্থা আজকে ধরা পড়েছে, তাদের ঋণ কতটা। সি.পি.এম-এর স্টেট কমিটি তাদের প্রথম রাজ্য সম্মেলনে বলেছিল, ফিনান্সের প্ল্যানিং ভুল হয়েছে। এই ব্যাপারে নিরুপমবাবু একটা পুস্তিকা বের করেছিলেন তাতে দেখিয়েছেন, বামফ্রন্ট ও আমাদের কত ব্যয় সেখানে দেখানো হয়েছে, ৬৩ হাজার কোটি টাকা রাজ্যর ঋণ। তার সঙ্গে ৮ হাজার কোটি টাকা যুক্ত হয়ে ৭১ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে। তাতে লিখেছে ফিনান্সের প্ল্যানিং হয়নি। বিকল্প অর্থনীতি আজকে কি অবস্থায় এসে দাঁড়িয়েছে। প্রথম বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এল, আমরা দেখেছি রাজ্যে রেভিনিউ ডেফিসিট তখন ছিল ১ কোটি ৮১ লক্ষ টাকা। এই অর্থমন্ত্রী যখন অর্থমন্ত্রী হয়ে রাজ্যে এলেন তখন সেটা অনেক বেড়েছে। পরের বছরে অর্থাৎ ৮৭-৮৮ সালে ১১৫ কোটি টাকা ৮৭ লক্ষ টাকা, এবারে সেটা দাঁড়িয়েছে, বাজেটে দেখবেন, উনি যখন বাজেট করছেন এটা দাঁড়িয়েছে ৮ হাজার ১৪২ কোটি টাকা—ডেফিসিট। এবং এই ডেফিসিট জাম্প করে বেড়েছে গত কয়েক বছরে। এটা দেখুন স্যার, '৯৬-৯৭ সালে ২ হাজার ১৩৫ কোটি টাকা : '৯৭-'৯৮ সালে ২ হাজার ২৯৪ কোটি টাকা, '৯৮-'৯৯ সালে সেটা ছিল ১৬ শত ৯১ কোটি টাকা, '৯৯-০০ সালে ৭ হাজার ৬ শত কোটি টাকা, সেটা জাম্প দিয়ে অ্যাকচুয়ালসটি হয়েছিল প্রায় ৯ হাজার কোটি টাকার মতো। তারপরে ২০০০-০১ সালে অ্যাকচুয়ালসটা হল ৭ হাজার ৫৮১ কোটি টাকা। ২০০১-০২ সালেতে রিভাইজড এস্টিমেট দাঁড়িয়েছে ৭ হাজার ৯৮৫ কোটি টাকা। এবারে ৮ হাজার ১৪২ কোটি টাকা। তার মানে, সংস্কৃত ভাষায় উনি বলেছেন, যাবৎ জীবেত সুখং জীবেত, ঋনং কৃত্ব, ঘৃতং পিবেৎ অর্থাৎ ধার করে তুমি ঘি খাও। এই বিখ্যাত সংস্কৃত শ্লোকটা উনি অনুসরণ করেছেন, ধার করে ঘি খাও। উনি বুক ফুলিয়ে বলেছেন, রাজ্যের অর্থনীতির উন্নয়নের জন্য এত করেছি, আমরা নবম পরিকল্পনায় টার্গেট ফুলফিল করেছি। কিভাবে কোথায় কি করা হবে, তার ফলে কি অবস্থা দাঁড়িয়েছে, সেটা বুঝতে হবে। এই বছরের বাজেটে দেখবেন, ওর টোটাল রেভিনিউ আর্নিং হচ্ছে ১৭ হাজার ৫৫৩ কোটি টাকা। আর রেভিনিউ এক্সপেন্ডিচার হচ্ছে, ২৫ হাজার ৬৯৫ কোটি টাকা। উনি ৮ হাজার কোটি টাকা বেশি ডেফিসিট দেখিয়েছেন, তার কারণ এই যে ডেফিসিট আছে, এটা পুরো ইন্টারেস্ট অ্যান্ড সার্ভিসিং অফ ডেট। এই বছরে যাচ্ছে, ৭ হাজার ৬৬৩ কোটি টাকা। এটা কি কোনো অর্থমন্ত্রীর একটা দায়িত্বশীল কাজ ? প্রতি বছরে ধার নিচ্ছে এবং পরের বছরে আবার ধার নিচ্ছে, সেই ধার শোধ করবার জন্য পরের বছরে আবার ধার নিচ্ছে, এই করে ধারের পরিমাণ এমন হয়েছে, ৭১ হাজার কোটি টাকায় পৌঁছে গেছে। সবচেয়ে বড় ডেঞ্জারাস কাজ যেটা উনি করেছেন। একটা রাজ্যে ইররেসপনসিবিলভাবে টাকা নেওয়া হয়েছে, আমরা দেখেছি, ব্যাঙ্ক বা পাবলিক ডেবট লোনস্, ওয়েজ অ্যান্ড মীনস অ্যাডভান্স ফ্রম আর বি আই এবং ওভারড্রাফ্ট ফ্রম আর বি আই করতে পারেন। কিন্তু উনি পাবলিক অ্যাকাউন্টের টাকাও তুলেছেন। পাবলিক অ্যাকাউন্ট কি ? পাবলিক অ্যাকাউন্ট হল—রাজ্য সরকারের যে প্রভিডেন্ট ফাণ্ড, যেটা কর্মচারী শিক্ষকদের টাকা, যেটা জমা থাকে রাজ্য সরকারের কাছে, স্মল সেভিংসও জমা থাকে, সেইগুলি : ইট ইজ হেল্ড ইন ট্রাস্ট, ইট ডাজ নট বিলং টু স্টেট গভর্নমেন্ট।

[2.10–2.20 p.m.]

উনি মাইনে দেবার জন্য রেগুলার পাবলিক অ্যাকাউন্টস থেকে খরচ করছেন। এর থেকে বড় ফিনানসিয়াল ইরেসপন্সিবিলিটি আর কি হতে পারে। এই ব্যাপারে আমরা গত তিন বছর ধরে হাউসে প্রতিবাদ করছি, কিন্তু উনি কাটিয়ে যান। গত জুলাই মাসেও এই ব্যাপারে হাউসে আমরা মোশান এনেছিলাম, তখনও উনি বলেননি যে এই অবস্থা। আসলে উনি ভেবেছিলেন লোন ফ্লো আসতে থাকবে, তাহলেই আমি এইভাবে কৃতিত্ব নিয়ে চালিয়ে যাব। জ্যোতিবাবু এইসব কিছু দেখতেন না, যা পার করো। তখন অসীমবাবু বলতেন সব কিছু ঠিক আছে এবং লোন নিয়ে চালিয়ে যাচ্ছিলেন। কিন্তু এবারের মন্ত্রিসভা হঠাৎ নড়েচড়ে বসেছে তাই অসীমবাবুর জারিজুরি ধরা পড়ে গেছে। গতকাল গৌতম দেব বললেন বাড়ি রেজিস্ট্রেশানের জন্য ট্যাক্স্ চার গুণ বাড়বে, ফায়ার সার্ভিস ট্যাক্স বাড়িয়ে দেওয়া হল, মোটর ভেহিকেলস্ ট্যাক্স চার গুণ বাড়িয়ে দেওয়া হল, কোর্ট ফি বাড়িয়ে দেওয়া হল। ফর হোয়াট ? আল্টিমেটলি ইকনমিক্সে বলে, ইণ্ডাস্ট্রিয়ালিস্টরাও ধার করে ইণ্ডাস্ট্রি করার সময়। যখন প্রোজেক্ট হয়, যখন ওয়েল্থ জেনারেট করে তখন পুরনো ধার শোধ করব। কিন্তু উনি ধার নিয়ে নিয়েই মাইনে দিয়ে যাচ্ছেন। ফিফথ্ পে কমিশান হওয়ার আগে, ১,৬৯১ ছিল, ১৯৯৯-২০০০ সাল থেকে সেটা বেড়ে হয়েছে ৭,৬০৩। অর্থাৎ ডেফিসিট চার গুণ বেড়ে গেল। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতাতেও বলেছেন ফিফথ্ পে কমিশানের একটা অংশ কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কেন্দ্রীয় সরকারকে একটা অংশ দিতে হবে সেটা আমরাও দাবি করি। কিন্তু আপনার কাছে টাকা আছে কি না সেটা দেখেই তো আপনাকে ফিফথ্ পে কমিশান ইমপ্লিমেন্ট করতে হবে। আপনি সেন্ট্রাল ডি.এ. যদি অ্যাকসেপ্ট করে নেন তাহলে তার একটা ইমপ্যাক্ট তো এসে পড়বে। কিন্তু দেয়ার ইন জো মানি। একটা ভয়াবহ অবস্থায় এসে দাঁড়িয়েছে। পঞ্চম বেতন কমিশানের অজুহাত দিয়ে রাজ্যের দেউলিয়া অর্থনীতিকে এড়িয়ে যাওয়া যাবে না। রাজ্য জুড়ে একটা ভয়াবহ অবস্থা চলছে। উনি প্রেস কনফারেন্সে বলেছিলেন এই ব্যাপারে হোয়াইট পেপার প্রকাশ করবেন, আমরাও হোয়াইট পেপারের দাবি করেছিলাম। এই ফিনানসিয়াল ক্রাইসিসের জন্যই রাজ্যকে ব্যাঙ্ক রাফট্সির দিকে নিয়ে যাচ্ছে। তাই আমরা এই অর্থমন্ত্রীর পদত্যাগ চাইছি। ওকে কেউ মাথার দিব্যি দেয়নি যে ধার করে মাইনে দিতে হবে। ওর কোনো অধিকার নেই এই পদে বসে থাকার। ভুল পথে নিয়ে গিয়ে উনি রাজ্যকে ডুবিয়ে দিচ্ছেন। যে অর্থমন্ত্রী ভুল তথ্য দিয়ে রাজ্যের মানুষকে প্রতারিত করেন তার ক্ষমতায় বসে থাকার কোনো অধিকার নেই।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় এবং পঙ্কজ ব্যানার্জি এখানে যে প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমার বক্তব্য রাখার জন্য যে সময়টুকু দিয়েছেন তার মধ্যেই আমার বক্তব্যটুকু সংক্ষেপে রাখব। পরে আরেকবার যখন সময় পাব তখন পূর্ণাঙ্গ বিবৃতি দেব। আমি যে বক্তব্যটা রাখছি, ভারতবর্ষের রাজনীতি নির্বিশেষে প্রত্যেকটি রাজ্যের অর্থমন্ত্রীরা একই বক্তব্য রেখেছেন। আজকে পশ্চিমবঙ্গ সরকার যে সমস্যার সম্মুখীন হয়েছেন, ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্যই একই

অবস্থার সম্মুখীন হয়েছে। কি হয়েছে মাননীয় অধ্যক্ষ মহাশয় ? পাঁচ বছর আগেও যেটা ছিল না, এখন সেটা কেন হল ? পঞ্চম বেতন কমিশানের কথা এখানে বারংবার বলা হয়। পাঁচ বছর আগে কেন্দ্রীয় সরকারের এই বেতন কমিশানের সিদ্ধান্তটা গৃহীত হয়। শুধু পশ্চিমবঙ্গ সরকার নয়, ভারতবর্ষের ২৮টি রাজ্য সরকারই এই বেতনক্রম কমবেশি প্রত্যেকে অনুসরণ করেছেন। এর মধ্যে কোনো রাজনীতি নেই। কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রীর কাছে প্রত্যেকটি রাজ্যের মুখ্যমন্ত্রীরা—১৯৯৯ সালের ফেব্রুয়ারি মাসে বলেছিলেন—বেতন এবং অবসরকালীন ভাতাজনিত—যেহেতু বেতনভার দ্বিগুণ হয়ে গেছে, কেন্দ্রীয় সরকারেরও হয়েছে এবং আপনারা সেটা সামাল দিচ্ছেন, তাই রিজার্ভ ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে একটা ভগ্নাংশ রাজ্যগুলিকে দিন। এর বেশি কিছু নয়। কেন্দ্রীয় বাজেটের অর্থ নিয়েও নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে সৌগতবাবু বললেন, আমি তাকে রিজার্ভ ব্যাঙ্কের প্রকাশিত তথ্যটা দিচ্ছি। গত বছর সমস্ত রাজ্যগুলির মিলিত বাজেট ছিল ৪.১ লক্ষ কোটি টাকা। কেন্দ্রের যে বাজেট, তার থেকে একটু কম ছিল—৩.৮ লক্ষ কোটি টাকা। প্রত্যেকটা রাজ্যের রাজস্ব ঘাটতি ছিল। প্রত্যেকের রাজস্ব ঘাটতি এই সময় বৃদ্ধি পেয়েছে। তা সম্মিলিতভাবে প্রায় ৪৪ হাজার কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের একা রাজস্ব ঘাটতি ছিল—যদিও তার বাজেট কম—৮০ হাজার কোটি টাকা। রাজ্যগুলোর যা, তার দ্বিগুণের মতো। এটা মনে রাখার ব্যাপার আছে। এবং, কেন্দ্রীয় সরকার ৯০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। আপনি যে ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ বলছেন—তারা ৯০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে বাজার থেকে। রাজ্যগুলিকে একত্র করে দেওয়া হয়েছে ১৩ হাজার কোটি টাকা। এটা সারা ভারতবর্ষের রাজ্যের শুধু সমস্যা নয়, কেন্দ্রীয় সরকারেরও সমস্যা। এটা যদি না বুঝি তাহলে আপনি যেগুলো বলছেন সেইগুলো বারবার আপনাকে বলতে হবে।

দ্বিতীয় সমস্যা হচ্ছে ঋণের বোঝা চাপানো নিয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগে যেগুলো সরাসরি গ্রান্ট হিসাবে দেওয়া হচ্ছিল, এখন প্রত্যেকটা প্রকল্প ১০০ ভাগ ঋণ হিসাবে কেন্দ্রীয় সরকার দিচ্ছে। ঋণের ক্ষেত্রে এ.আই.বি.পি. প্রকল্প, আর.আই.ডি.এফ. প্রকল্প ও ১০০ ভাগ ঋণ ১৩ শতাংশ সুদের হার, বাজার থেকে নিজেরা তুলছে ৭ শতাংশ হারে। আমরা শুধু ১৩টাকে ৭-এ নয়, ৮ শতাংশ করতে বলেছিলাম। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আপনি যে ঋণের কথা বলছেন, ঋণের মূল বৃদ্ধির কারণ আমাদের ৫০ ভাগ পর্যন্ত স্বল্প সঞ্চয়ে, এটা সর্বভারতীয় প্রকল্প। চিট্ ফান্ডের হাত থেকে মানুষকে রক্ষা করার জন্য আমরা স্বল্প সঞ্চয়কে গুরুত্ব দিই। এবং, এই স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আমরা বারবার বলছি, যে টাকাটা মানুষ জমা দিচ্ছে, তুলে নিচ্ছে, সেটা বাদ দিয়ে, সুদের টাকা বাদ দিয়ে যে নিট সঞ্চয় হচ্ছে সেটাও রাজ্যের উপর বারংবার ঋণ হিসাবে চাপানো হচ্ছে। বেতন বৃদ্ধি এবং ঋণ ভার বৃদ্ধি এই কারণে।

তৃতীয় কারণ হচ্ছে, মন্দার জন্য কেন্দ্রীয় সরকারের করের ঘাটতি পড়েছিল। আমি বলেছি, বাজেটেও বলেছি ৪৩৬ কোটি টাকা রাজ্য সরকারেরও, বিশেষ করে বিক্রয় করের

ক্ষেত্রে ৬০০ কোটি টাকার বেশি ঘাটতি হয়েছিল। আমি এই কারণগুলো খুব সংক্ষেপে বলে দিচ্ছি, যেহেতু প্রশ্নগুলো করেছেন। রাজ্য সরকারের ক্ষেত্রে একটা বহু পর্যায় থেকে প্রথম পর্যায় কর-এ যাওয়া। তখনই বলেছিলাম, এর সঙ্গে অনিশ্চয়তা থাকে। তারপরে হচ্ছে, যেগুলো আছে শিল্প অনুদান প্রকল্পে ছাড় দেওয়া হচ্ছিল, তার প্রভাবগুলো বাড়তে শুরু করে। ৬০০ কোটি টাকার মধ্যে ৩০০ কোটি টাকা তার জন্য গেছে। সব রাজ্যে গেছে, আমাদেরও গেছে। এরপরে দুটো ঘটনা ঘটে। আপনারা বারংবার বলছেন—বাজেটে বলেননি, আগে বলেননি কেন ? দেবপ্রসাদবাবু বলেছেন, আপনিও বলেছেন। দুটো ঘটনা ঘটে। একটা হচ্ছে কেন্দ্রীয় যোজনা কমিশন। রাজ্যের সঙ্গে যোজনার আয়তনের আলোচনার সময় ১৫০০ কোটি টাকা চুক্তিবদ্ধ ঋণ বা নেগোশিয়েটেড ঋণ তোলা যাবে বলে লিপিবদ্ধ হয়ে আমাদের জানিয়েছিলেন। পশ্চিমাঞ্চলের বোধহয় কোনো একটা রাজ্য বেনিয়ম করে, তার জন্য প্রত্যেকটা রাজ্যের উপর এই ঋণ গ্রহণের উপর একটা বিধিনিষেধ আসে, তার জন্য কোনো রাজ্য ঋণ গ্রহণ করতে পারেনি, প্রত্যেকটা রাজ্যই ব্যর্থ হয়েছে। আর একটা ঘটনা ঘটে একেবারে অক্টোবর মাসে। তখন আপনাদের বলার কোনো উপায় ছিল না। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে কেন্দ্রীয় বাজেটের বক্তব্যটা দেখবেন। তখন বলা হয়েছিল স্বল্প সঞ্চয় থেকে ১০০ ভাগ যা আদায়, সেটা রাজ্যগুলিকে দেওয়া হবে। কেন্দ্রীয় যোজনা কমিশনের আলোচনাতেও লিপিবদ্ধ হয়েছিল। আমাদের হঠাৎ বলা হ'ল, এটাকে ৮০ শতাংশ করা হবে। তাহলে ১৫০০ কোটি টাকার অতিরিক্ত একটা সমস্যার সৃষ্টি হল। বাজেট যখন আমরা পেশ করেছি, বোধহয় মার্চের প্রথম সপ্তাহে, তখনও ঘটনাগুলো ঘটেনি। আমি আপনাকে কালকেও বলেছি, এটা বছরের মাঝামাঝি সময়ে ঘটেছে। এখানে দাঁড়িয়ে আমরা প্রথমত কেন্দ্রীয় সরকারের কাছে যৌথভাবে গেছি এবং বলেছি, যেগুলো কেন্দ্রীয় নীতির সঙ্গে যুক্ত, সেইগুলো আপনারা পরিবর্তন করুন। ঠিক যে ঋণ বাজার থেকে আপনারা তুলছেন, তার একটা ভগ্নাংশ তুলতে দিন। দ্বিতীয় কথা আমরা বলেছি যে, এই ঋণের ভারটা কমাবেন এবং এখানে যে কমিটি হয়েছে, তার বিচার্য বিষয়ে দুটোই মেনে নিয়েছে। পদক্ষেপটা এখনও গ্রহণ করতে পারেনি সম্পূর্ণ। আর নিজেদের ক্ষেত্রে যেটা আপনি বলেছেন কর হারের বৃদ্ধি, আমাদের ১৫ শতাংশ করতেই হবে। এটা বাজেটে ৪.৩ পরিচ্ছেদে আছে। আমাদের করের বৃদ্ধির হার কমে গেছে। যেটা আপনি বলছেন অসিতবাবু। আমরা যে পদক্ষেপগুলি নিয়েছি তার মধ্যে আছে, বিশেষ করে ভূমি, ভূমিরাজস্ব দপ্তরের একাধিক পদক্ষেপ আছে। পরিবহন দপ্তরের পদক্ষেপ আছে, স্ট্যাম্প ডিউটি রেজিস্ট্রেশনের পদক্ষেপ আছে। এর মাধ্যমে এবং কর বহির্ভূত আদায়, আমরা অনেকগুলি ফি, যেগুলো অনেকদিন বৃদ্ধি করা হয়নি সেইগুলো যুক্ত করে ভাঙা বছর বলে ৫০০ কোটি টাকা অতিরিক্ত আদায় করতে পারব বলে মনে করছি। ওই ১৫ শতাংশে যাওয়ার উদ্দেশ্যেই। আর অপ্রয়োজনীয় খরচ—শুধু টেলিফোন, গাড়ির ভিত্তিতে এটা হবে না, অন্যান্য অনেক স্ট্যাবলিশমেন্ট খরচ, যেগুলোর প্রয়োজন হয় না, তাদের থেকেও ৫০০ কোটি টাকা আমরা বাঁচাতে চাইছি। এর পরেও কিন্তু একটা ২০০০ থেকে ২৫০০ কোটি টাকা ঋণের প্রয়োজন আছে।

[2.20–2.30 p.m.]

প্রত্যেকটা রাজ্যের অর্থমন্ত্রী বলছেন। এটা যোগ করলে ১০ হাজার কোটি টাকার একটু বেশি সামগ্রিকভাবে হয়—যে ১৩ হাজার কোটি টাকা ঋণ দিয়েছেন, এটা আপনারা বাড়ান। আমরা রিজার্ভ ব্যাঙ্কের গভর্নরের সঙ্গে সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীরা—আপনাদের কংগ্রেস দলের একটা রাজ্যের মুখ্যমন্ত্রী পর্যন্ত গিয়ে একটা কথাই বলি—এটা আপনারা দিন এবং নীতিগতভাবে এখানে কোনো অসুবিধা নেই। কিন্তু সেই ঋণটা এখনও পাওয়া যায়নি। এই সঙ্কটের মধ্যে দাঁড়িয়েও—আপনি যেহেতু জিজ্ঞাসা করছেন, রাজস্ব ঘাটতি রাজস্ব আদায়, আপনি পুরো তথ্যটা দিলে ভালো করতেন—রাজস্ব ঘাটতি এবং রাজস্ব আদায় এই অনুপাতটাই বারবার উল্লেখ করা হয়। যে তথ্যগুলি বলছেন পঞ্চম বেতন কমিশন এর পর থেকে। এটা বেড়ে গেছিল ৯১ শতাংশে। এটা কমতে কমতে ৫৮ শতাংশে এসেছে। একাদশ অর্থ কমিশন আমাদের বলেছিল আপনাদের ৬০ শতাংশে কমাতে হবে। আমরা আগামী বছরে ৫১ এবং তার পরের বছরে ৪৪ শতাংশে নামিয়ে আনার পদক্ষেপগুলি গ্রহণ করেছি। ঋণে বোঝার কথা বলেছেন। খুব কঠিন একটা সিদ্ধান্ত আমাদের নিতে হচ্ছে। যে স্বল্প সঞ্চয়ে যাই হোক আমরা স্বল্প সঞ্চয় থেকে যা পাচ্ছি ঋণ, সেটাকে ফ্রিজ করে দেব। আমাদের এই সিদ্ধান্ত নিতে হচ্ছে। নেগোশিয়েটেড ঋণ, লোন প্রতি বছর ৫০০ কোটি টাকা করে করে আমরা কমাব। যাতে ঋণের বোঝা কমে। এর মাধ্যমে যা করছি যেটা পরিকল্পনা মূল ব্যয়, সেটা রক্ষা করার জন্য। আপনারা জিজ্ঞাসা করেছেন পরিকল্পনাখাতে ব্যয়। গত বছরের ৬ মাসের সঙ্গে এই ৬ মাসের তুলনা করা উচিত। আমাদের ৭০০ কোটি টাকার মতো গত ৬ মাসে খরচ হয়েছে। আমি একসঙ্গে বলে দিচ্ছি পরপর। কিন্তু গত বছর এর চেয়ে বেশি খরচ হয়েছে। কিন্তু একটা খাতে আমাদের বেশি হয়েছে। আপনারা বলছেন ডিপোজিট অ্যাকাউন্টে টাকা জমা আছে। হ্যাঁ, জমা ছিল বলে ইতিমধ্যে প্রথম ৬ মাসে প্রায় ৯০০ কোটি টাকা ডিপোজিট অ্যাকাউন্টে যেগুলো ছিল আমরা খরচ করার জন্য বার করে দিতে পেরেছি এবং আমার মনে হয়েছিল এটাকে আরও বৃদ্ধি করা সম্ভব হবে আগামী মাসগুলিতে।

(ভয়েস : কত কোটি টাকা এখনও পর্যন্ত দিয়েছেন।)

আমি প্রথম ৬ মাসে বলছি। অ্যাকচুয়াল যেটা পাওয়া যাচ্ছে সেটা বলাই ভালো হবে। ৭০০ কোটি টাকা হচ্ছে পরিকল্পনা ব্যয়। আর হচ্ছে ডিপোজিট অ্যাকাউন্ট থেকে বার করা হয়েছে—৭০০-র সঙ্গে দয়া করে ৯০০ কোটি টাকা যোগ করুন। সেটা প্ল্যান এক্সপেন্ডিচারে জেলায় খরচ হয়েছে। দয়া করে যোগ করুন। এই যোগটাই আমরা করে আমি মূল পরিকল্পনা রক্ষা করার চেষ্টা করছি। আমি আপনাদের সহযোগিতা চাইছি দুটো জায়গায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কারভাবে বলতে চাইছি, রাজ্য সরকারের আর্থিক অবস্থার পূর্ণ বিবৃতি সরকার বই আকারে প্রকাশ করবে। প্রকাশ করে এখন থেকে একমাসের মধ্যে প্রকাশিত হবে এবং সেটা প্রকাশ করার পরে আমি আপনাদের আলোচনায় অনুরোধ করছি। আপনারা আসুন। আপনাদের সঙ্গে আলোচনা করব এবং একটা কথা বলছি আপনারা বারবার বলছেন বোনাসের কথা। বোনাস আপনারা শূন্য দিতেন সেটা কথা নয়। অন্য রাজ্য যারা বোনাস

দিতে শুরু করেছিল—কে যেন জিজ্ঞাসা করলেন—প্রত্যেকে বোনাস দেওয়া থামিয়ে দিয়েছে। শুধু পশ্চিমবঙ্গ অর্ধেক রক্ষা করেছে, আর আপনারা এর সঙ্গে শিক্ষকদের বেতন দিতে দেরি হওয়ার কথা বলেছেন। আপনাদের সময় শিক্ষক মহাশয়রা দুশো টাকাও পেতেন না। বছরে ৬ মাস দেরি হত। এখন সেটা গড়ে ৬ হাজার ৫০০ টাকা হয়ে গেছে। আপনাদের কোনো নৈতিক অধিকার আছে যেখানে ৬ মাস ছাড়া ছাড়া হত। কোনো বোনাস দিতেন না। যারা দিতেন আপনাদের রাজ্য তারাও থামিয়ে দিয়েছেন। আমরাই প্রথমে বোনাস দিয়েছি। আমরাই রক্ষা করে যাচ্ছি। যে যে কারণগুলো উল্লেখ করেছেন একটাও সঠিক নয়। পূর্ণ বিবৃতি রাজ্য সরকার পুস্তক আকারে জনসমক্ষে এখন থেকে একমাসের মধ্যে দেবে। আলোচনায় আপনাদের অনুরোধ করব।

মিঃ স্পীকার : আমরা সময় আরও ১৫ মিনিট বাড়িয়ে দিচ্ছি।

POINT OF ORDER

শ্রী সৌগত রায় : স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। অ্যাসেম্বলিতে একটা নিয়ম ছিল কেন্দ্রের কাছে রাজ্যের যে দাবি সেটা নিশ্চয় রাজ্যের মন্ত্রীরা উল্লেখ করতে পারেন। কিন্তু এটা লোকসভা নয়, এটা বিধানসভা। উই আর কনসার্নড উইথ দ্য অ্যাফেয়ারস অফ দ্য স্টেট। মন্ত্রীরা যে বারবার অন্য রাজ্য অন্য রাজ্য করে বলেন; এই মহারাষ্ট্রতে হয়েছে, পাঞ্জাবে হয়েছে এটা কি রেলেভ্যান্ট ? এটা কি নিয়ম অনুযায়ী করা যায় ? নিজের ব্যর্থতা ঢাকতে অন্য রাজ্যকে টানছেন। এই ব্যাপারে আপনি বলুন। স্যার, এটা কি আমাদের হাউসের নিয়ম অনুযায়ী করা যায় নিজের ব্যর্থতা ঢাকতে অন্য রাজ্যের রেফারেন্স টানা, এটা আপনি একটু বলুন।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা, সরকারের দেউলিয়া নীতি এবং তার ফলে পশ্চিমবাংলার অর্থনীতির মেরুদণ্ডকে ন্যুব্জ করে দেওয়ার জন্য প্রতিবাদে আমরা যে মোশন এনেছি তারপক্ষে আমাদের দলের তরফ থেকে অধ্যাপক সৌগত রায় বক্তব্য পেশ করেছেন। আমরা আশা করেছিলাম মাননীয় অর্থমন্ত্রী তিনি এই অভিযোগের জবাব দেবেন, অভিযোগ মেনে নেবেন। তিনি বলেছেন হোয়াইট পেপার প্রকাশ করা হবে। আমরা বলছি এখন অধিবেশন চলছে, অধিবেশন গত সপ্তাহে আরম্ভ হয়েছে ২০ তারিখ পর্যন্ত চলবে, আপনি হাউস চলাকালীন শ্বেতপত্র প্রকাশ করুন যখন আপনাদের সিদ্ধান্ত হয়েছে। আসলে সমস্যাটা হয়েছে মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলার অর্থমন্ত্রী গত ১৫ বছর ধরে অর্থমন্ত্রী থাকার সুবাদে পশ্চিমবাংলার হাল এমন জায়গায় নিয়ে গেছেন, এমন একটা চক্রের মধ্যে পড়ে গেছেন যে সেই চক্র থেকে বেরিয়ে আসার কোনো পথ, কোনো পন্থা বার করতে পারছেন না। আপনাকে আমি মনে করিয়ে দিই যে ৯০-এর দশকে যখন আপনি পিয়ারলেস জেনারেল ফিনান্স থেকে একশো কোটি টাকা ধার নিয়েছিলেন সেদিন থেকেই শুরু হয়েছিল অশনি সংকেত। তারপর আপনার ব্যবস্থা নেওয়া উচিত ছিল কিন্তু

আপনি কোনো ব্যবস্থা নেননি। তারপর ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে আপনি ৮৫০ কোটি টাকা ধার নিয়ে সেদিন সরকারের অর্থনৈতিক দেউলিয়া অবস্থা সামাল দেওয়ার চেষ্টা করেছিলেন সেদিন আপনার নজর দেওয়া উচিত ছিল কিভাবে আপনাকে ভবিষ্যতে এগোতে হবে। তারপর ডব্লু.বি.আই.আই.ডি.সি. থেকে ১৫৬৭ কোটি টাকা আপনি ঋণ নিয়েছিলেন তার মধ্যে ১১শো কোটি টাকা আপনার গেছে ধার মেটাবার জন্য। সেদিন আপনার বোঝা উচিত ছিল যে অর্থনৈতিক দৈন্যদশার ভেতর দিয়ে যাচ্ছেন, দেউলিয়া অর্থনীতির জালে আপনি জড়িয়ে পড়ছেন, এটা বুঝলে আজকে এই অবস্থা হত না। আজকে আপনি অন্য রাজ্যের নজির টেনে এনে বলছেন '৯৭-২০০১ সাল পর্যন্ত আপনি আপনার রাজস্ব আদায় করেছেন কম। আপনার যে লক্ষ্য ছিল তার থেকে আপনি ২ হাজার ৮৮২ কোটি টাকা কম আদায় করেছিলেন। আর আপনি বারবার কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণের কথা বলেন, হ্যাঁ, কেন্দ্রের কাছে নিশ্চয়ই বলতে হবে। কিন্তু, You have claimed at Paragraph 2.23 of the Budget Speech that the Central Government should give Rs. 766/- to you. সেন্ট্রাল গভর্নমেন্ট আপনাকে দিয়েছে ৮৭৮ কোটি টাকা যেখানে আপনার ডিমান্ড ছিল ৭৬৬ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার আপনাকে ১১২ কোটি টাকা বেশি দিয়েছে। তারপরে আপনি যে সমস্ত ভাতা দিতেন সেগুলোও বন্ধ করে দিয়েছেন। পুজোর আগে যে ভাতা, মহার্ঘ ভাতা কর্মচারীদের সেটা আপনি দেননি। এই অবস্থায় আপনি দাঁড় করিয়ে দিয়েছেন। আজকে যে একশো টাকা রেভিনিউ সেই রেভিনিউ ৪৯ পার্সেন্ট আপনি আদায় করেছেন। ৫১ পার্সেন্ট দেন কেন্দ্রীয় সরকার। কাজেই কেন্দ্রীয় সরকার দিচ্ছে না বলে মানুষকে ভুল বোঝানোর চেষ্টা করছেন। আজকে দেখুন ৮০ হাজার অ্যাপ্রুভড প্রাইমারি এবং সেকেন্ডারি স্কুল টিচারের পদ খালি পড়ে আছে। এই ৮০ হাজার পদ আপনি পূরণ করতে পারেননি। আজকে বলছেন শিক্ষকদের মাইনে বাড়িয়েছেন। '৭২ সালে শিক্ষক ৩শো টাকা মাইনে পেতেন। ঠিক কিন্তু '৭২ সালে চালের কেজি ছিল ৫০ পয়সা। আর এখন চালের কেজি ১৭ টাকা, আপনারা মাইনে দিচ্ছেন ১০ হাজার টাকা। পশ্চিমবাংলায় ৫০ হাজার রাজ্য সরকারের পোস্ট খালি পড়ে আছে, যাঁরা রিটায়ার করেছেন, মারা গেছেন সেখানে আপনি লোক নিয়োগ করতে পারেননি।

[2.30–2.40 p.m.]

শুধু তাই নয়, আজকে এই দু হাজার কোটি টাকা এই ইকনমিক পলিসির জন্য হয়েছে। আজকে ৬৫ কোটি টাকা বেড়ে ৭৫ কোটি টাকা ঋণ হয়েছে। এই ঋণটা যদি না বাড়তো তাহলে রাজ্যটা উন্নতির দিকে যেত। আপনি বাজেটে বলেছেন ৪ পার্সেন্ট গ্রোথ এনেছি। এটা একটা অসত্য ভাষণ করেছেন। টেনথ ফিন্যান্স যে বাজেট যেটা আলোচনা হয়েছে তখন কেন্দ্র যা বলেছে আমি আপনাকে তার একটা লাইন পড়ে দিচ্ছি, To sincerely believe that West Bengal has gone ahead, it is to be noted that the State of West Bengal is walking in the back side. আজকে আপনি পশ্চিমবঙ্গকে বিহার, উত্তরপ্রদেশের সাথে নিয়ে গেছেন। নেট যে উন্নয়ন ৪ পার্সেন্ট দাঁড়াচ্ছে না অর্থনৈতিক

পলিসির জন্য। আজকে বিহার, বিহারের উন্নয়নের পর্যায়ে নিয়ে যাচ্ছেন পশ্চিমবঙ্গকে। আজকে পশ্চিমবঙ্গের উন্নয়ন কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে রাতের অন্ধকারে অর্ডিন্যান্স আনছেন। আজকে পেট্রোল, ডিজেলের উপর সেস্ চাপাচ্ছেন। আজকে আপনি বলছেন ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য পেট্রোল, ডিজেল এবং রান্নার গ্যাসের উপরে ১ টাকা করে সেস্ নেবেন। সেটা এফ.ডি.আই. ক্যাপিটাল মার্কেট লিমিটেডে লাগিয়েছেন। আগামী ১০ বছরে যে টাকা আপনি সেস্ বাবদ আদায় করবেন সেটা মর্টগেজ রেখেছেন। আপনি ১৬০০ কোটি টাকা ওখানে রেখে একটা কনসোর্টিয়াম ব্যাঙ্ক করে ১৬০০ কোটি টাকা তোলার চেষ্টা করছেন। কবে সেস্ আদায় হবে সেই সেস্ মর্টগেজ করে দিলেন আগামী ১০ বছরের জন্য। ১৬০০ কোটি টাকা ব্যাঙ্ক থেকে আগাম নিয়ে নিলেন এবং নিজের মুখ রক্ষা করার চেষ্টা করছেন। সৌগত রায় আপনাকে ঋণ করে খাওয়ার কথা বলেছেন। আজকে রাজ্যটাকে এমন একটা জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন। আজকে রাজ্যে উন্নয়নমূলক কিছু হচ্ছে না। আপনি সেল ট্যাক্স বেশি বেশি করে রিয়ালাইজ করতে পারতেন, কিন্তু সেল ট্যাক্সে ৭০০ কোটি অনাদায়ী রয়ে গেছে। প্রত্যেকটা ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন। আপনি অর্থ উপার্জন করতে ব্যর্থ হয়েছেন আর দিনের পর দিন ঋণ করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে চিঠিটা ৭ই অক্টোবর আমি দিয়েছিলাম তার লাস্ট প্যারাটা আমি পড়ে শোনাচ্ছি, No, Mr. Finance Minister, No. You may be a theoretical pandit in economics. But so far as practical factors of management of State Finances are concerned you have learnt nothing like the Bourbon kings of France before the French Revolution. They paid with their necks in the guillotine. How you will pay back? If you have any shame left, accept the responsibility and for heaven's sake, resign. Let the State of West Bengal survive. In your hand there will be no future of this State. We demand your resignation. We hope that your Government will accept your responsibilities.

Whereas, the State is facing total financial bankruptcy;

Whereas, the State Government employees were paid only half of their usual bonus;

Whereas, teachers are being paid their salaries late;

Whereas, different departments are not getting their budgeted plan funds;

Whereas, the debts to the Central Government are increasing beyond control; and

Whereas, there is a fear that the State Government may not be able to pay salaries in time in the near future;

This House, therefore, urges on the State Government to publish a White Paper on the State's finances and take appropriate steps to share up the financial position.

was then put and a division was taken with the following result.

The Ayes being 38 and the Noes 64, the motion was lost.

শ্রী আবদুল মান্নান : স্যার, কালকে মাননীয় মন্ত্রী নিশীথ অধিকারী মহাশয় আইনজীবীদের ধর্মঘট প্রত্যাহার করতে বলেছেন। স্যার, আমি এই মাত্র খবর পেলাম বার কাউন্সিলের সভা চলছে এবং তাঁরা আইনমন্ত্রীর জন্য একটা বিরাট মালা তৈরি করে রেখেছেন তা দিয়ে তাঁকে সম্বর্ধনা দেওয়া হবে। তবে সেটা ফুলের মালা, ঘুঁটের মালা না গো-মূত্র দিয়ে তৈরি মালা তা আমি জানি না। মাননীয় আইন মন্ত্রীকে দয়া করে সেখানে পাঠিয়ে দিলে তিনি সেটা গ্রহণ করতে পারবেন। সমস্ত আইনজীবীরা তাঁর খোঁজ করছেন। হাউজে আসার আগে ওরা আমাকে এটা বললেন। তাই আমি আপনার মাধ্যমে এটা জানিয়ে দিলাম যে উনি যেন গিয়ে মালা নিয়ে আসেন এবং সঙ্গে একটা লোক নিয়ে যান, ঝুড়ি নিয়ে যান।

মিঃ স্পীকার : মিঃ মান্নান আপনি কি এখন উকিলদের হয়ে ওকালতি করছেন ?

শ্রী কল্যাণ ব্যানার্জী : স্যার, মাননীয় মান্না সাহেব তো শুনেছেন কিন্তু আমি গিয়ে দেখে এলাম আইনজীবীরা দাঁড়িয়ে রয়েছেন মালা নিয়ে। উনি এখানে কোর্ট ফি সংক্রান্ত বিল পাশ করিয়েছেন তাই আইনজীবীরা মালা দেবার জন্য অপেক্ষা করছেন। আপনি দয়া করে ওনাকে ওখানে মালা নেবার জন্য পাঠিয়ে দিন স্যার।

MOTION UNDER RULE 185

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, কেন্দ্রীয় সরকারের অবাধ আমদানি নীতি, অভ্যন্তরীণ শুল্ক বৃদ্ধি এবং কৃষি ক্ষেত্রে ভর্তুকি কমানোর জন্য ঘোর সংকটের মধ্যে পড়েছে পশ্চিমবঙ্গ সহ সারা দেশের কৃষি ব্যবস্থা। এর মধ্যে পড়ে আজকে কৃষকরা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। এই ব্যাপারে যে মোশান এনেছি সেটা আমি মুভ করছি। এ ব্যাপারে আমি পরে বলব স্যার।

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে অধিকাংশ কৃষক বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে কৃষিক্ষেত্রে বিনিয়োগ করার পর উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য না পাওয়ায় বাধ্য হয়ে উৎপাদিত মূল্যের চেয়ে অনেক কম মূল্যে ধান সহ অন্যান্য কৃষিজাত পণ্য বাজারে বিক্রি করতে বাধ্য হচ্ছেন যার ফলে তাঁদের আর্থিক সংকট তীব্রত থেকে তীব্রতর হচ্ছে, একাধিক

রাজ্যে অনেকেই ঋণের দায়ে জর্জরিত হয়ে আত্মহননের পথ বেছে নিচ্ছেন এবং অন্যদিকে কৃষি উৎপাদন চরমভাবে ব্যাহত হচ্ছে।

এই সভা মনে করে যে,—

কেন্দ্রীয় সরকারের গৃহীত আমদানি নীতি এবং অভ্যন্তরীণ শুল্ক বৃদ্ধির জন্য অনেক কম দামে আমদানি পণ্যে দেশের বাজার ভরে যাচ্ছে যার ফলে অন্যান্য রাজ্য সহ এই রাজ্যে কৃষকদেরও এক চরম অনিশ্চয়তার মধ্যে দিন কাটাতে হচ্ছে এবং তাঁদের অর্থনৈতিক অবস্থা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে যা কৃষিপ্রধান এই দেশের অর্থনৈতিক অবস্থাকে বিপন্ন করবে।

এই সভা আরও লক্ষ্য করছে যে,—

কেন্দ্রীয় সরকার বর্তমানে কৃষিতে ভর্তুকি কমিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়ায় কৃষিক্ষেত্রে সংকট আরও ঘনীভূত হচ্ছে এবং কৃষি উৎপাদন ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,—

(১) কৃষকদের জন্য সেচে, সারে, বীজে ও বিদ্যুতে ভর্তুকি তুলে দেওয়ার সিদ্ধান্ত বাতিল করে এই ভর্তুকির পরিমাণ আরও বাড়ানো হোক ; এবং

(২) সাথে সাথে কেন্দ্রীয় সরকারের খাদ্য নিগমের (এফ.সি.আই.) মাধ্যমে কৃষকদের কাছ থেকে ধান সহ অন্যান্য কৃষিজ পণ্য সহায়ক মূল্যে ক্রয় করার ব্যবস্থা গ্রহণ করা হোক।"

[2.40–2.50 p.m.]

Mr. Speaker : There are two amendments to this motion of Shri Pankaj Banerjee and Shri Saugata Roy. Hon'ble Members may now move their motion.

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, আই বেগ টু মুভ দ্যাট ইন লাইন ৮, আফটার দি ওয়ার্ডস 'গৃহীত আমদানি নীতি', দি ওয়ার্ডস ও কৃষকদের উৎপন্ন ফসল যোগাযোগ ও পরিকল্পনার অভাবে ক্রেতার কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারের ব্যর্থতা বি অ্যাডেড।

স্যার, মাননীয় আবু আয়েশ মণ্ডল মহাশয় এবং অন্যান্য মননীয় সদস্যরা যে প্রস্তাব এনেছেন সেখানটায় ইচ্ছে করে একটা কথা বলেননি যে, আজকে কৃষক তার ন্যায্য মূল্য পাচ্ছেন না। কারণ সরকার ভর্তুকি দিয়ে কিনবেন বলেছিলেন, মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় বাজেট অধিবেশনের সময় বলেছিলেন যে, সরকার এই সমস্ত চাষির পাশে গিয়ে দাঁড়াবেন, ভর্তুকি দিয়ে সরকার বেশিরভাগ খাদ্যশস্য প্রধানত ধান তাঁরা কিনে নেবেন—কিন্তু এখনও পর্যন্ত সরকার কোনো দৃঢ় পদক্ষেপ না নেওয়ার ফলে আজকে চাষিরা তাঁদের ন্যায্য মূল্য পাচ্ছেন না। তার ফলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি দেখেছেন যে, উত্তরবাংলার

কোচবিহারের চাষিরা আজকে দেনার দায়ে জর্জরিত, আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। তাই আমি বলছি যে, অ্যামেন্ডমেন্টটা নেওয়া হোক যে, রাজ্য সরকার ন্যায্য দামে কিনে নেবেন বলেছিলেন, তার জন্য রাজ্য সরকারের কাছে আমরা দাবি করি যাতে তাঁরা তাঁদের দেওয়া প্রতিশ্রুতি পালন করেন।

মিঃ স্পীকার : এটা আপনি গ্রহণ করছেন ?

শ্রী আবু আয়েশ মণ্ডল : না, গ্রহণ করছি না।

শ্রী সৌগত রায় : স্যার, ওঁর সঙ্গে আমার কথা হয়েছে, আমারটা উনি গ্রহণ করবেন। স্যার, আই বেগ টু মুভ দ্যাট আফটার প্যারা ২ স্টার্টিং উইথ দি ওয়ার্ডস 'পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে' অ্যান্ড এনডিং উইথ দি ওয়ার্ডস 'চরমভাবে ব্যাহত হচ্ছে', দি ফলোয়িং বি অ্যাডেড, 'পশ্চিমবঙ্গ সরকারও ধানের দাম পড়ে যাওয়া বন্ধ করতে, ধান কিনতে ব্যর্থ এবং রাজ্যের কৃষির বিষয়ে ম্যাকিন্‌সে রিপোর্ট রাজ্য সরকার গ্রহণ করলে রাজ্যে খাদ্যোৎপাদন মার খাবে।"

স্যার, মাননীয় আবু আয়েশ মণ্ডল মহাশয়ের প্রস্তাবটা তো সবটা শুধু কেন্দ্র আর ইম্‌পোর্ট নীতি, ডাংকেলের উপর চালিয়ে দেওয়া। এই রাজ্যে চাষি মার খাচ্ছে ধানের দাম পড়ে যাওয়ায় এবং রাজ্য সরকার কথা দেওয়া সত্ত্বেও ধান কিনছেন না। আজকে ম্যাকিন্‌সে রিপোর্ট মাননীয় নিরুপমবাবু নিয়ে এসেছেন। ওঁরা বলছেন ফুড ক্রপ্‌স্ ছেড়ে দিয়ে ক্যাশ ক্রপ্‌সে্ চলে যাও। তাতে খাদ্য উৎপাদন আরও কমে যাবে। এই দুইয়ের সংকটে রাজ্যের কৃষকরা একটা বাড়তি সংকটে পড়ছেন, সেটা আদৌ স্যার উল্লেখ করেননি। তাই আমি মনে করি, মাননীয় আবু আয়েশ মণ্ডল সাহেব উনি এগ্রিকালচার কমিটির চেয়ারম্যান, আগে আমিও ছিলাম, উনি তো বুঝছেন, রাজ্যের কি অবস্থা ? আমার আশা, আমার সংশোধনীটা উনি গ্রহণ করবেন।

মিঃ স্পীকার : এটা কি গ্রহণ করছেন ?

শ্রী আবু আয়েশ মণ্ডল : না।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় আবু আয়েশ মণ্ডল মহাশয় এবং আরও অন্যান্য মাননীয় সদস্যরা যে প্রস্তাবটি এনেছেন, তাতে কৃষকদের কথা এখানে উল্লেখ করা আছে। কৃষকদের আর্থিক দুরবস্থা থেকে আরম্ভ করে কৃষিক্ষেত্রে এককথায় বলতে গেলে নৈরাজ্য শুরু হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে আপনারা যে কথাটা বলেছেন যে, কৃষিক্ষেত্রে বিনিয়োগ করা এবং উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য না পাওয়ায় বাধ্য হয়ে উৎপাদিত মূল্যের চেয়ে অনেক কম মূল্যে ধান সহ অন্যান্য কৃষিজাত পণ্য বাজারে বিক্রি করতে হচ্ছে। কাদের জন্য ? কারা সরকারে আছে ? কারা নীতি ঠিক করছে ? রাজ্যে কারা কৃষিনীতি ঘোষণা করছে ? এই নীতি ঘোষণার পর গতবারে আমরা দেখলাম যে, কোনো

কৃষিনীতি ঘোষণা হল না। ২০০২-২০০৩-এ কৃষিনীতি ঘোষণা হয়নি, সেখানে ম্যাকিন্‌সে রিপোর্টটা গ্রহণ করবে, না কি সেখানে নিজস্ব চিন্তা-ভাবনার মধ্যে চলবে—এই নিয়ে মতান্তর। সেই পরিপ্রেক্ষিতে সেটা গ্রহণ করা হয়নি, কৃষিনীতি ঘোষণাই হয়নি। আজকে আপনারা বলতে পারবেন, আজকে ধানের দর যে হারে ঘোষণা করলেন, ৫৩০ টাকা করে ধানের দাম ধার্য করলেন, কিন্তু আজকে চাষিরা সেই ৫৩০ টাকার পরিবর্তে কত করে বিক্রি করলেন ? ২৫০ টাকা করে ধান বিক্রি করল। এখানে প্রান্তিক, ক্ষুদ্র, মাঝারি এবং দেশের অন্যান্য যারা প্রকৃত চাষ করছে, সরকার যেখানে আজকে কৃষিকে গুরুত্ব দিচ্ছেন, কৃষিভিত্তিক সবকিছু করার যে উদ্যোগ সেটা যেখানে চিন্তা-ভাবনা করছেন, সেখানে কৃষকরা যারা আজকে উৎপাদন করছে, যাঁরা উৎপাদন বৃদ্ধি করছেন—তাঁদের সেখানে আঘাত করা হচ্ছে। আজকে ধানের ক্ষেত্রে কি অবস্থা হয়েছে। এবারেও আপনারা ফুড কর্পোরেশন অফ ইণ্ডিয়াকে ক্ষমতা দিয়েছেন, ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের হাতে ক্ষমতা দিয়েছেন। সেখানে ধান সংগ্রহ করবেন বলেছেন। বেনফেড থেকে আপনাকে ধান সংগ্রহ করবার জন্য বলেছেন, কো-অপারেটিভ থেকে ধান সংগ্রহ করবার জন্য বলেছিলেন কিন্তু তার পরিপ্রেক্ষিতে দেখা গেল যে কেউ ধান কিনল না এবং যে টাকাটা ঋণ করে দেওয়া হয়েছিল, সেই টাকার জন্য আজকে সুদ দিতে হচ্ছে। আর একটা কথা হচ্ছে, এই ধান না কেনার জন্য আজকে জবাবদিহি করতে হচ্ছে। আজকে আলুর ক্ষেত্রে দেখুন, কি অবস্থা, আলু উৎপাদন হয়ে যাওয়ার পরে সেই আলুটা বাংলাদেশ থেকে আরম্ভ করে আপনার অন্যান্য জায়গায় বিভিন্ন রাষ্ট্রে চলে যাচ্ছে, সেখানে এই আলু রাখার কোনো ব্যবস্থা আপনারা করতে পারেননি। আপনাদের যে কৃষি বিপণন ব্যবস্থা সেই বিপণন ব্যবস্থাকে ঠিকভাবে কাজে লাগাতে পারেননি। ফলে আলুর ক্ষেত্রে একটা দুরবস্থা দেখা দিয়েছে, সেই আলুকে সংরক্ষিত করে রাখতে পারছেন না। পাটের ক্ষেত্রে আপনি দেখুন, পাটের ক্ষেত্রে কি অবস্থা হয়েছে, সেখানে পাট আপনারা কিনতে পারছেন না। আজকে পাট চাষিরা মার খাচ্ছে এবং সেখানে আজকে দেখবেন কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। সেখানে আপনি কোনদিকে যাবেন, যে দিকে যাবেন, সেইদিকে অন্ধকার দেখবেন সেখানে আপনাদের উৎপাদিত ফসল সেই ফসলটাকে আপনারা ঠিকভাবে রাখতে পারছেন না। কৃষি উন্নয়নের জন্য যেগুলি করা দরকার সেগুলি আপনারা করতে পারছেন না। কৃষি জমি রক্ষা করতে পারছেন না আপনারা। বলুন তো কত জমি নদ-নদীর ভাঙনে নষ্ট হয়ে যাচ্ছে ফলে জমির পরিমাণটা কমে যাচ্ছে। আমাদের ধারণা এখনও বাংলাদেশের সঙ্গে আমাদের কিছু জমি নিয়ে ডিসপুট আছে। সেই জমির হস্তান্তর এখনও হয়নি। এইভাবে জমির পরিমাণটা ক্রমশঃ কমে যাচ্ছে। সেখানে আমরা সব দিক থেকে জর্জরিত হয়ে যাচ্ছি এবং সেখানে আমাদের সমাজ-ব্যবস্থায়ও ঘুণ ধরেছে, এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা দেখতে পাচ্ছি যে কৃষি জমি ঠিকভাবে রক্ষা করার জন্য বিভিন্ন চেষ্টা চলছে। কৃষকদের রক্ষা করতে পারছি না। আজকে বিভিন্ন রাস্তাঘাট তৈরি করার জন্য কেন্দ্রীয় সরকার যে সড়ক যোজনা খাতে আপনাদের টাকা দিয়েছিল সেই টাকাটা আপনারা গ্রামীণ রাস্তা তৈরিতে খরচ করতে পারেননি। আজকে ৩৮৭টি রাস্তা নির্মাণের জন্য ২৮৪ কোটি ৬৫ লক্ষ টাকা দেওয়া হয়েছিল গ্রামীণ সড়ক যোজনায়, যাতে বড় রাস্তার সঙ্গে ছোট রাস্তার সংযোগ স্থাপন হয় ফলে উৎপাদিত ফসল

চাষীরা ঠিকমতো বাজারে নিয়ে আসতে পারে। সেই পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার ৩৮৭টি রাস্তা নির্মাণের জন্য ২৮৪ কোটি ৬৫ লক্ষ টাকা দিয়েছিল। ২০০০ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত প্রধানমন্ত্রীর 'গ্রাম-সড়ক যোজনা' খাতে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ২৮৪ কোটি ৬৫ লক্ষ টাকা দিয়েছে। তার মধ্যে এখন পর্যন্ত মাত্র ৮০ কোটি ৭১ লক্ষ টাকা খরচ হয়েছে। কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে সে টাকা আপনারা সদ্ব্যবহার করতে পারছেন না। এখানে উৎপন্ন ফসলের ঠিকমতো মার্কেটিং হচ্ছে না এবং তার জন্য কোনো বন্দোবস্ত হচ্ছে না। জমিগুলো রক্ষার কোনো ব্যবস্থা নেই। আমরা চোখের সামনে দেখছি হুগলী জেলার শ্রীরামপুর, ভদ্রেশ্বর, সিঙ্গুর প্রভৃতি জায়গায় ৭০০ বিঘা জমি প্রোমোটর-রাজ দখল করে নিয়েছে—কৃষির মাটি সব তুলে নিয়ে ২৫/৩০ ফুটের এক একটা পুকুর কেটে ফেলেছে। রাজ্যের বহু জায়গায় আজকে এই জিনিস ঘটছে। একটা সুনির্দিষ্ট কৃষিনীতি ঘোষণা করে সে অনুযায়ী রাজ্যকে পরিচালনা করার কোনো উদ্যোগই আমরা দেখতে পাচ্ছি না। এখানে ভর্তুকির কথা বলা হয়েছে। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের পক্ষ থেকে ইদানীং কৃষি-সহ বিভিন্ন ক্ষেত্র থেকে ভর্তুকি তুলে দেবার একটা প্রবণতা দেখা দিয়েছে। এখানে প্রস্তাবে উল্লেখ করা হয়েছে, "কেন্দ্রীয় সরকার বর্তমানে কৃষিতে ভর্তুকি কমিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়ায় কৃষিক্ষেত্রে সংকট আরো ঘনীভূত হচ্ছে এবং কৃষি উৎপাদন ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।" তারপর আরো বলা হয়েছে, "কৃষকদের জন্য সেচে, সারে, বীজে ও বিদ্যুতে ভর্তুকি তুলে দেওয়ার সিদ্ধান্ত বাতিল করে এই ভর্তুকির পরিমাণ আরো বাড়ানো হোক ইত্যাদি।" অথচ আজও রাজ্যে কিছু এলাকাকে খরাপ্রবণ এলাকা হিসাবে চিহ্নিত করা হচ্ছে, সেসব এলাকায় এখন পর্যন্ত কোনো সেচের ব্যবস্থাই নেই। বৃষ্টি না হলেই সেসব জায়গায় ঋণ মকুবের প্রশ্ন দেখা দিচ্ছে। এখনো বিভিন্ন জেলাকে আকাশের জলের ওপর নির্ভর করতে হচ্ছে। সেসব জেলাকে কেন্দ্রীয় সরকার যেমন কিছুই দিচ্ছে না, তেমন রাজ্য সরকারও কিছুই দিচ্ছে না। তাহলে রাজ্য সরকার ২৬ বছর ধরে কি করল ? তদানীন্তন কংগ্রেসী সরকারের আমলে যে সব সেচ ব্যবস্থাগুলি গড়ে উঠেছিল, যেগুলির সাহায্যে কৃষিতে একটা সামগ্রিক উন্নয়ন ঘটেছিল সেগুলিও বামফ্রন্ট সরকার রক্ষা করতে পারেননি। বীজ উৎপাদনের ক্ষেত্রে নতুন প্রযুক্তিকে কাজে লাগাবার জন্য ল্যাব থেকে আরম্ভ করে বিভিন্ন রকম স্টোরেজ সিস্টেম যা এখানে অতীতে গড়ে উঠেছিল সেগুলিও আজকে রাজ্য সরকার চালাতে পারছে না। রাজ্য সরকারের এত দৈন্যতা কেন ? সরকার এখনো পর্যন্ত এই দৈন্যতা কাটাবার কোনো সুষ্ঠু চিন্তা-ভাবনা পর্যন্ত করতে পারলেন না। এখন আবার রাজ্য সরকার বলছে, এফ.সি.আই.-র মাধ্যমে কৃষকদের কাছ থেকে ধান কেনা হোক। চিরকালই তো এফ.সি.আই. ধান কিনত। হঠাৎ কি প্রয়োজন পড়ল ? কয়েক বছর আগে হঠাৎ করে নিজেদের ক্যাডারদের রক্ষা করার জন্য ফুড কর্পোরেশন থেকে আলাদা করে একটা সেকশন তৈরি করলেন, তারা ধান কেনা-বেচা করবে। সেই পরিপ্রেক্ষিতে দেখা গেল ফুড কর্পোরেশন ধান কেনা বন্ধ করে দিল। তাহলে কেন আজকে আপনারা নিজেরা ধান কিনতে পারেননি ? এফ.সি.আই.কে আপনারা নিজেরা সরিয়েছেন, আবার সেই এফ.সি.আই.কে আপনারা নিজেরাই ডাকছেন। এবার অবশ্য ওরা নিজেরাই বলেছেন ধান কিনব। কিন্তু রাজ্য সরকার থেকে যে ব্যবস্থা

নেওয়া দরকার সেই ব্যবস্থা নেওয়া হয়নি। এদিকে ডিসট্রেস সেল শুরু হয়ে গেল, অগ্রহায়ণ মাসের প্রথম থেকেই ডিসট্রেস সেল শুরু হয়েছে। এখনও পর্যন্ত রাজ্য সরকার এফ.সি.আই.কে নামাতে পারল না, এখনও পর্যন্ত রাজ্য সরকার তাদের কোনো নির্দেশ দেননি। এটা তো রাজ্য সরকারের দায়-দায়িত্ব। কিন্তু রাজ্য সরকার এখন ধান প্রোকিওরমেন্ট করতে চান না। এর ফলে চাষিরা মার খাবেন এবং চাষিদের আরো বিপদে ফেলবেন। সেই পরিপ্রেক্ষিতে দেখতে পাচ্ছি, সরকারের গোটা কৃষিনীতিই ব্যর্থ, সরকারের সার্বিক কৃষিনীতিই দুর্বল। সুতরাং আমাদের দেশে প্রকৃত উন্নয়নের যেদিক সেই মূল দিকটা আমাদের চিন্তা করতে হবে। আজকে কৃষিকে বাদ দিয়ে দেশের কোনো সার্বিক উন্নয়ন হবে না। আমি গত বাজেটে বলেছিলাম, কৃষির সঙ্গে অন্যান্য দপ্তরের যে কো-অর্ডিনেশন গড়ে তোলা দরকার সেটা করতে হবে। কৃষির সঙ্গে সেচব্যবস্থা, ক্ষুদ্র সেচ, বৃহৎ সেচ এদের যোগসূত্র থাকা দরকার এবং তার সঙ্গে ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউয়েরও সম্পর্ক থাকা দরকার। না থাকার ফলে কি হচ্ছে ? কোনোটাই ঠিকমতো তথ্য সরবরাহ করতে পারছে না, তথ্য দিতে পারছে না, কোথায় কি করা যাবে সেটা করতে পারছে না। আজকে দেখতে পাচ্ছি, সরকারের নিজস্ব যে নীতি সেটা দুর্বল, সরকারের নিজস্ব গাফিলতির জন্য, সরকারের নিজস্ব ভ্রষ্টাচারের জন্য প্রকৃতভাবে কৃষির উন্নতি যেটা হওয়া দরকার সেটা হচ্ছে না। সেই নীতিকে ঠিকমতো কাজে লাগাতে পারছে না। এই কাজে লাগাতে না পারার জন্য আজকে ম্যাকিনসের নীতি তারা গ্রহণ করছেন। আমাদের নিজস্ব যে চিরাচরিত নীতি সেই নীতি চাষের কাজে লাগাতে পারছে না। চাষিরা নেবার জন্য বসে আছে, কিন্তু এই সরকার তা দিতে পারলেন না। সেই নীতি যদি সরকার দিতে পারতেন তাহলে আরো পরিপূর্ণতা লাভ করত। তাই আজকে বলব, আমাদের তরফ থেকে শ্রী পঙ্কজ ব্যানার্জী এবং শ্রী সৌগত রায় যে দুটি অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেগুলিকে গ্রহণ করুন। ওনারা ঠিকই বলেছেন, এই যে গৃহীত আমদানি নীতি এই নীতির ফলে কৃষকদের উৎপন্ন ফসলের যোগাযোগ ও পরিকল্পনার অভাবে ক্রেতার কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারের ব্যর্থতা। কারণ কৃষকরা তাদের ফসলের ঠিকমতো মূল্য পাচ্ছে না, সেইজন্য এই অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে আর সৌগতবাবু যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন তাতে তিনি বলেছেন, "পশ্চিমবঙ্গ সরকার ধানের দাম পড়ে যাওয়া বন্ধ করতে ধান কিনতে ব্যর্থ এবং রাজ্যে কৃষির বিষয়ে ম্যাকিনসে রিপোর্ট রাজ্য সরকার গ্রহণ করলে খাদ্যের উৎপাদন মার খাবে। এই দুটি অ্যামেন্ডমেন্ট যদি গ্রহণ করেন এবং ঠিকমতো চলেন তাহলে আমার মনে হয় এই যে প্রস্তাবটা নিয়ে আসা হয়েছে তাতে কিছুটা সফলতা লাভ করবে এবং সেই সাফল্য কৃষকদের কাজে লাগবে।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবু আয়েশ মণ্ডল এবং আমাদের অন্যান্য সদস্যরা রুল ১৮৫ এ যে মোশান এনেছেন কেন্দ্রীয় সরকারের কৃষিনীতির সম্পর্কে আমি তা সমর্থন করে এই সভায় কয়েকটি কথা বলতে চাই। আমি কাশীনাথবাবুর বক্তব্য শুনলাম, সৌগতবাবুরা যে অ্যামেন্ডমেন্ট মুভ করেছেন তাও শুনলাম। ওরা বলছেন যে আমাদের রাজ্য সরকারের দায়-দায়িত্বের কথাটা এখানে যুক্ত করতে হবে।

কিন্তু আমার কথা হল, এখানে মূল দায়িত্বটা কার ? এটা কি খালি পশ্চিমবঙ্গের সমস্যা নাকি ? এটা কি খালি ধানের দর, পাটের দর, আলুর দরের সমস্যা নাকি ? কিছুদিন আগে মহারাষ্ট্রে গিয়েছিলাম সেখানে গিয়ে দেখলাম সেখানকার চাষিরা আখের দাম পাচ্ছেন না, অন্ধ্রপ্রদেশের চাষিরা তামাকের দাম পাচ্ছেন না, তামিলনাড়ুতে নারকেলের দাম পাচ্ছে না। ভারতবর্ষের কোথাও কোনো জায়গায় কৃষকরা তাদের ফসলের দাম পাচ্ছেন না। সামগ্রিকভাবে এটা সারা দেশের সমস্যা, শুধু আমাদের রাজ্যের সমস্যা নয়।

(গোলমাল)

আপনারা চিৎকার করলে বলব না, বসে যাব। আপনারা যখন বলছিলেন তখন তো আমরা চুপ করে বসে শুনেছি, আপনারাও শুনুন। এটা সারা দেশের সমস্যা এবং তৃতীয় বিশ্বের সমস্যা। বিশ্বে যেখানে যেখানে এটা নিয়ে আলোচনা হচ্ছে সেখানেই বিক্ষোভ হচ্ছে। বিক্ষোভ হচ্ছে এইজন্য, যখন বিশ্ব বাণিজ্য সংস্থা তৈরি হল, গ্যাট চুক্তি হল তখন সেইসব চুক্তির মাধ্যমে তৃতীয় বিশ্ব এবং উন্নয়নশীল দেশগুলির উপর একটা অসম বাণিজ্যিক শর্ত চাপিয়ে দেওয়া হল। সেইসব শর্তের মাধ্যমে যেসব ব্যবস্থা করা হয়েছিল তাতে তখনই আমরা সে ব্যাপারে আপত্তি করেছিলাম এবং বলেছিলাম যে এতে আমাদের দেশের কৃষির সর্বনাশ হয়ে যাবে। এখন আমরা দেখছি সারা দুনিয়াতেই তা হচ্ছে। আমাদের দেশের কেন্দ্রীয় সরকার তখন এটা মেনে নিয়েছিলেন। তখন আমাদের কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী বই লিখলেন যে এতে কি কি সুবিধা হবে ইত্যাদি। আমরা কিন্তু বলেছিলাম এতে ভয়ঙ্কর বিপদ হয়ে যাবে। শেষে দেখলাম, দোহাতে যে বৈঠক হয়েছে তারপর আমাদের দেশের কেন্দ্রীয় সরকারও এখন মানছেন যে এই চুক্তিগুলি আমাদের দেশের স্বার্থের বিরুদ্ধে যাচ্ছে, আমাদের কৃষকদের স্বার্থের বিরুদ্ধে যাচ্ছে। আমরা কিন্তু তখনই বলেছিলাম যে এতে আমাদের সর্বনাশ হয়ে যাবে। ওরা কিন্তু সেটা মেনে নিয়েছিলেন এবং মেনে নিয়ে যা করলেন তাতে আমাদের ৬ শতাংশ কৃষিতে যে ভর্তুকি ছিল—আমাদের চেয়ে ভর্তুকি ওদের বেশি। যখন বিশ্ব বাণিজ্য সংস্থা তৈরি হল তার আগেই উন্নত দেশগুলি তাদের ভর্তুকি ইচ্ছামতো বাড়িয়ে নিয়েছিল ফলে ভর্তুকি কমানোর কথা যখন হল তখন আমাদেরই সবচেয়ে বেশি লোকসান হল, আর ওদের ভর্তুকি কমেও যা থাকল তাতেও আমাদের চেয়ে বেশি থাকল। তারপর অদ্ভুত সব কথা ওরা বলতে শুরু করলেন—গ্রীন বক্স, অ্যামবার বক্স। কোন ক্ষেত্রে ভর্তুকি দেওয়া যাবে, কোন ক্ষেত্রে দেওয়া যাবে না ইত্যাদি। তৃতীয় বিশ্বের যারা বিশেষত তারাও এখন বলছেন এই গ্রীন বক্সের মানে কি, অ্যামবার বক্সের মানে কি তারাও বুঝতে পারেননি। দুর্ভাগ্যবশত সর্বনাশ হয়ে যাবার পরও এরা এখনও তা বুঝতে চাইছেন না। উন্নত দেশগুলি রপ্তানি করার জন্য এক্সপোর্ট সাবসিডি দিতে পারবে আর আমরা আমাদের কৃষিতে সেচ, সার, বিদ্যুতের জন্য ভর্তুকি দিতে পারব না—এই মূল কথাটা ওরা বুঝতে পেরেও বুঝতে চাইছেন না। আমাদের সরকারের নাকি এক্সপোর্ট সাবসিডি দেওয়ার ক্ষমতা আছে। আমাদের কেন্দ্রীয় সরকার কি বাইরে রপ্তানি করার জন্য ভর্তুকি দেয় ? তাও দেয় না। এরমধ্যে আমরা দেখছি মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান তারা আরও বাড়িয়ে তুলছে ভর্তুকির পরিমাণ আর আমাদের দেশের

কেন্দ্রীয় সরকার ভর্তুকি ছাঁটাই করছেন। ডিজেলে লিটার পিছু ৭ টাকা করে বেড়েছে। পেট্রোলে লিটার প্রতি ৮ টাকা বেড়েছে, কেরোসিনে লিটার প্রতি ৯ টাকা বেড়েছে, সারের দাম বেড়েছে, কীটনাশক ওষুধের দাম বেড়েছে। স্বাভাবিকভাবে উৎপাদন ব্যয় বেড়েছে, কিন্তু কৃষক কোথাও দাম পাচ্ছে না। আমরা পশ্চিমবঙ্গে হিসাব করেছি, খরা সত্ত্বেও ১৩৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপন্ন হবে এবছর। এর ৬০ শতাংশ মার্কেটেবল্ সারপ্লাস, বাজারে আসবে ৮০ লক্ষ টন। আমাদের হিসাব, এর ১০ শতাংশ আমাদের সংগ্রহ করতে হবে। আমরা এফ.সি. আই.-কে বলেছি পশ্চিমবঙ্গে বি.পি.এল. এবং রেশন ব্যবস্থা চালু রাখতে বছরে ৮.৫ লক্ষ টন লাগে। আজকে পশ্চিমবঙ্গ বি.পি.এল.-য়ে যে কাজ হচ্ছে তাতে কেন্দ্রীয় সরকার ১ লক্ষ টন বরাদ্দ করেছেন। দ্বিতীয় কিস্তিতে আরো ১ লক্ষ টন দেবেন। ২ লক্ষ টন লাগবে এস.জে.আর.ওয়াই, প্রকল্পে। আর একটা মিড-ডে মিল প্রোগ্রাম যাতে কেন্দ্রীয় সরকারকে দিতে হবে ৩.৫ লক্ষ টন। এসব হিসাব করে দেখেছি, ১৫ লক্ষ টন পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থা চালু রাখবার জন্য দরকার। এফ.সি.আই. এবং কেন্দ্রীয় সরকারকে বলেছি, ১৫ লক্ষ টন যখন দিতেই হবে তখন সেটা ওইখান থেকে সংগ্রহ করবেন না কেন ? পাঞ্জাব, হরিয়ানা, অন্ধ্রপ্রদেশ থেকে যদি আপনারা সংগ্রহ করতে পারেন তাহলে এখান থেকে নয় কেন ? কেন পশ্চিমবঙ্গের মানুষ পাঞ্জাব, হরিয়ানা বা অন্ধ্রের চাল যাবে ? এটা আপনারা সমর্থন করবেন না ? এর বিরোধিতা করবেন ? এটা করলে কিন্তু কৃষকদের প্রতি বিশ্বাসঘাতকতা হবে। আমরা বলেছি, ১৫ লক্ষ টন এখান থেকে সংগ্রহ করতে হবে এবং কৃষকদের ন্যূনতম সংগ্রহ-মূল্য দিতে হবে। কিন্তু এফ.সি.আই. বলেছে যে তারা মাত্র ২ লক্ষ টন এখান থেকে সংগ্রহ করবেন। প্রথমে বলেছিলেন তিনটি জেলা থেকে, এখন বলছেন ৫টি জেলা থেকে সেটা সংগ্রহ করবেন। আমরা কেন্দ্রের সঙ্গে আলোচনা করে বলেছি, এটা আর একটু বাড়াতে হবে। আপনারা কি চান না সব জেলায় এফ.সি.আই. যাক ? আজকে কেন তারা ২ লক্ষ টনের জায়গায় ১৫ লক্ষ টন কিনবেন না ? তারই জন্য আমাদের এই প্রস্তাব, কারণ কেন্দ্রীয় সরকার আজকে আমাদের গণবণ্টন ব্যবস্থা তুলে দিতে চাইছেন, ন্যূনতম সংগ্রহ মূল্য তুলে দিতে চাইছেন, সেই নীতি তুলে দিতে চাইছেন। এসবের পাশাপাশি পরিকল্পনা কমিশন কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছেন, বাইরে থেকে আমদানি করা ফুডগ্রেনের উপর কোনোরকম শুল্ক রাখা চলবে না। বাইরের দেশের কৃষকরা প্রচুর ভর্তুকি পাচ্ছে এবং তার ফলে কম দামে তারা খাদ্যশস্য বিক্রি করছে, অথচ তারাই আমাদের বলছেন আমদানিতে জিরো ট্যারিফ করে এখানে ভর্তুকি তুলে দিতে হবে। এটা পশ্চিমবঙ্গের কৃষকদের পক্ষে মানা সম্ভব ? এসব মেনে নিতে চান আপনারা ? তারজন্য বলছি আমাদের দেশের কৃষকদের স্বার্থে আমাদের এই প্রস্তাবকে আপনারা সমর্থন করুন। এর বিরোধিতার অর্থই হচ্ছে পশ্চিমবাংলার এবং সারা দেশের কৃষকদের এবং কৃষি ব্যবস্থার প্রতি বিশ্বাসঘাতকতা করা। আমার বিশ্বাস সেই পথে ওনারা যাবেন না, এই প্রস্তাবকে সমর্থন করবেন।

[3.10–3.20 p.m.]

শ্রী নেপাল মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী আবু আয়েশ মণ্ডল মহাশয় কৃষি নীতির উপর যে প্রস্তাব পেশ করেছেন সেই প্রস্তাব যাদের নিয়ে, সেই

কৃষক সারা ভারতবর্ষসহ পশ্চিমবাংলায় ৭০ ভাগ রয়েছে। যারা দেশের মেরুদণ্ড তাদের নিয়ে আলোচনার সূত্রপাত করেছেন তিনি, সেটা অবশ্যই ধন্যবাদের যোগ্য। কিন্তু তিনি উদার মনে এই প্রস্তাব নিয়ে আসেননি। তিনি পশ্চিমবাংলার কৃষকদের স্বার্থে পশ্চিমবাংলার কৃষকরা সঠিক কৃষি পণ্যের মূল্য কিভাবে পাবে সেই ব্যাপারে যে উদার মনোভাব দরকার ছিল সেটা তিনি করেননি। শুধু কেন্দ্রের উপর দোষ চাপিয়েছেন। পশ্চিমবঙ্গ সরকার দীর্ঘ ২৫ বছর ধরে কৃষকদের উপর অত্যাচার অনাচার চালিয়েছে। কৃষকরা বিভিন্ন জায়গাতে যেভাবে কষ্ট করে পণ্য উৎপাদন করেছে তার মূল্য তারা পায়নি। সেই দিকে নজর না দিয়ে নজর ঘুরিয়ে দেবার চেষ্টা করেছেন। আমি তাই মাননীয় সদস্যকে অনুরোধ করব মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন এই প্রস্তাবের সঙ্গে সেটা গ্রহণ করুন। আজকে আপনারা কৃষিনীতি নিয়ে আলোচনা করছেন, সরকার কৃষকদের নিয়ে অনেক মায়া কান্না কাঁদেন, কিন্তু দুঃখের বিষয় কৃষকদের উপর যখন অত্যাচার চলছে সেই সময় এমন একটা প্রস্তাব পাশ হচ্ছে যেটা খুবই গুরুত্বপূর্ণ, তখন পশ্চিমবাংলার কৃষিমন্ত্রী কি কারণে অনুপস্থিত হলেন, কি কারণে কৃষিমন্ত্রী কৃষিনীতির বিতর্কে অংশগ্রহণ করলেন না সেটা আমরা বুঝে উঠতে পারলাম না। আমি আশা করব অবশ্যই সেই কারণ জানা যাবে। কৃষকদের উৎসাহিত করতে কৃষকদের অর্থনৈতিকভাবে সাহায্য করতে স্বাভাবিকভাবেই আমাদের কয়েকটি জিনিসের উপর নির্ভর করতে হয়। উৎপাদন করার জন্য পরিবেশ, সাজসরঞ্জাম, সেচ এবং উৎপাদিত শস্য কিভাবে রপ্তানি করা যায় তার ব্যবস্থা করা। সেখানে দরকার শস্য সহ অন্যান্য উপকরণ দেওয়ার ব্যবস্থা করা এবং সেই সঙ্গে দরকার কিছু ফুড প্রসেসিং ইউনিট তৈরি করা। আজকে এই ফুড প্রসেসিং ইউনিটের মাধ্যমে সারা বিশ্বে জোয়ার বইছে। পশ্চিমবাংলায় ফুড প্রসেসিং ডিপার্টমেন্টে মন্ত্রী থাকলেও খুব দুঃখের বিষয় পশ্চিমবাংলায় এমন একটা দপ্তর হয়নি যে দপ্তরের মাধ্যমে কৃষকরা বিভিন্ন রকম ফসল উৎপাদনে উৎসাহ পাবে। আমার এলাকায় আলু এবং টমাটো প্রচুর পরিমাণে উৎপন্ন হয়, টমাটো চাষ এমন হয় যে টমাটোর মূল্য প্রতি কেজি ৫-১০ পয়সায় নেমে আসে। ফুড প্রসেসিং ইউনিটের মাধ্যমে এই টমাটো নিয়ে সস তৈরি করা যেত এবং একটা জায়গায় কিনে সেটা বেকার ছেলেদের দিয়ে বিক্রি করার ব্যবস্থা করা যেত। তাতে কৃষকরা তাদের নায্য মূল্য পেত এবং কিছু বেকার সমস্যার সমাধান হত। তাতে কৃষকরা উৎসাহিত হত। তার সঙ্গে একটা জিনিস স্বীকার করতেই হবে কেন্দ্রীয় সরকারের হাতে ৭ মিলিয়ন টন খাদ্য মজুত থাকা সত্ত্বেও কৃষি নীতি সঠিক না থাকা ফলে বিভিন্ন জায়গাতে চাষিরা এবং সাধারণ মানুষ আত্মহত্যা করেছে খাবারের অভাবে। এটা সঠিক খাদ্য নীতি নয় কৃষি নীতি নয়। এফ.সি.আই. গুদামের কথা বলি, এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্বে ছিল, এটা পশ্চিমবঙ্গ সরকার নিয়ে নিয়েছে। আপনারা দায়িত্ব নেবার পরে যখন নিজেরা করতে পারলেন না তখন কি করলেন তা সকলেই জানেন। চাষিরা তাদের চাষের মূল্য পেল না। আপনারা প্রথমে বলেছিলেন ৬ মিলিয়ন টন খাদ্যশস্য কিনে নেবেন কিন্তু পরে আবার বললেন কো-অপারেটিভের মাধ্যমে কেনা হবে। কিন্তু পরে দেখলাম মাত্র ২ মিলিনিয়ন টন খাদ্যশস্য সংগ্রহ করলেন। আজকে আপনাদের ভুল নীতির ফলে কৃষকরা মার খাচ্ছে। আমি একটা উদাহরণ দিচ্ছি—আমরা আগে দেখেছি ফুড ফর ওয়ার্ক বলে একটা স্কীম চালু ছিল। ওই স্কীমটি গ্রামে গঞ্জের খুব উপযুক্ত ছিল। কাজের মাধ্যমে গরীব লোকেরা খাদ্যশস্য পেত।

এই স্কীমটি আবার নতুন করে কিভাবে চালু করা যায় সেই ব্যাপারে সরকারকে চিন্তা-ভাবনা করতে বলব। আজকে আমাদের রাজ্যে প্রায় ৪ লক্ষ পাট চাষি আছে কিন্তু তাদের দিকে সেইভাবে দৃষ্টি দেওয়া হয় না। মহারাষ্ট্র কটন মিল বিখ্যাত। আমরা দেখেছি কটন কর্পোরেশান অফ মহারাষ্ট্র কিন্তু পশ্চিমবঙ্গে সেই ধরনের জুট চাষের ক্ষেত্রে উদ্যোগ নেওয়া হয়নি। একটাও জুট কর্পোরেশান খুলতে পারেননি বা খোলার চেষ্টাও করেননি। আজকে কৃষিমন্ত্রী আসেননি, কেন আসেননি বুঝতে পারলাম না। ম্যাকেন্সি যে রিপোর্ট দিয়েছে কৃষির ব্যাপারে, সেই রিপোর্টে বলা হয়েছে ধান চাষের যে উপযুক্ত জায়গা, সেই জায়গায় ধান চাষ না করে পাল্টে দিয়ে অন্য সব ফসল চাষ করতে হবে যেমন আনারস ইত্যাদি। মাননীয় মুখ্যমন্ত্রী ম্যাকেন্সির রিপোর্ট মেনে নিয়ে, রিপোর্টের পক্ষে কিন্তু মাননীয় কৃষিমন্ত্রী মানতে পারেননি। সেইকারণে একটা ঠাণ্ডা লড়াই চলছে বলে হয়ত তিনি উপস্থিত হতে পারেননি। আমাদের জেলার ব্যাপারে কয়েকটি উদাহরণ দিচ্ছি। কৃষিনীতির কয়েকটি যে ধাপ তার মধ্যে সেচ একটা গুরুত্বপূর্ণ অংশ। আমরা দেখেছি ওয়াটার শেড স্কীমের মাধ্যমে কিভাবে কোন মাটিতে কোন চাষ হবে, কেমনভাবে তার রূপায়ণ হবে তার উপরে স্কীমটা করা হয়েছে। মাটির এবং চাষের প্রয়োজনীয়তা দেখে স্কীমটা করা হয়েছে এবং এরজন্য ১২ কোটি খরচ করার প্রস্তাবও রয়েছে। আমাদের পুরুলিয়া জেলাতে ওয়াটার শেড স্কীমের টাকা খরচ করা হয়েছে, কিন্তু এক ইঞ্চি জমি ইরিগেটেড হয়নি। শুধুমাত্র আপনাদের ভুল নীতির ফলে ওখানে ইরিগেশান হয়নি। পাহাড়ি মাটিতে যে চাষ হয় সেই চাষ হুগলী, ২৪-পরগনাতে হয় না। কিন্তু আপনারা সব চাষই একভাবে করতে চেয়েছেন। এইভাবে ওয়াটার শেড স্কীম চালু করেছেন। আমাদের পুরুলিয়াতে বৃষ্টি কম হয়, সেই বৃষ্টি ধরে রাখবার ক্ষমতা নেই। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি বারেবারে বলছি এই স্কীমে যে টাকা খরচ করা হচ্ছে এর কিন্তু আউটপুট জিরো। যেমন ডাক্তার রোগীকে চিকিৎসা করে সারিয়ে ওঠাতে না পারলে তাকে অন্য ওষুধ দিয়ে ভাল করতে হয় তেমনি আপনাদেরও এই ব্যাপারে অন্য ব্যবস্থা নেওয়া দরকার। এইভাবে আপনাদের ভুল নীতির ফলে এই স্কীম নিয়ে সব টাকা চুরি হয়ে যাচ্ছে, কাজের কাজ কিছুই হচ্ছে না। কৃষকদের মেরুদণ্ড ভেঙে দেওয়া হচ্ছে। এমনিতেই পুরুলিয়া জেলা খরাপ্রবণ এলাকা। তার ওপরে এই নীতি গ্রহণ করার ফলে কৃষকরা অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে। আসলে কৃষির উপরে ভিত্তি করে যে অ্যাগ্রো বেসড্ ইণ্ডাস্ট্রি গড়ে উঠেছে সেগুলোও মার খাচ্ছে। আজকে লাক্ষা চাষ যদি সঠিকভাবে করা যেত তাহলে খুব ভাল উৎপাদন হত। ঝালদাতে এই লাক্ষা চাষের যে কারখানা আছে সেই কারখানার মেটিরিয়াল না পাওয়ার জন্য মার খাচ্ছে এবং বন্ধের নোটিশ দিয়েছে। সরকারের থেকে এই লাক্ষা চাষের ব্যাপারে কোনো উদ্যোগ নিচ্ছে না। এমন কি যে রিসার্চ ইউনিট করবে সেইদিকেও নজর দিচ্ছে না। যার ফলে কৃষকরা বঞ্চিত হচ্ছে। সুতরাং সেইদিক দিয়ে যে প্রস্তাব এখানে আনা হয়েছে তার আমি বিরোধিতা করছি।

[3.20–3.30 p.m.]

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় সদস্য আবু আয়েশ মণ্ডল এগ্রিকালচারাল পলিসি অফ ইউনিয়ন গভর্নমেন্ট যে প্রস্তাব আজকে এই পবিত্র

সভাতে রেখেছেন, আমি এই প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন করছি। আমাদের দেশ ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ, অর্থনীতি আমাদের প্রধানত কৃষির উপর নির্ভর করে থাকে। আমাদের দেশে কৃষি ব্যবস্থা এবং কৃষক একে অপরের পরিপূরক শক্তি। কৃষি ব্যবস্থাকে যেমন বাঁচাতে হবে, তেমনি কৃষককেও রক্ষা করতে হবে। স্বাধীনতার পর প্রায় ৫৫ বছরে, বেশিরভাগ সময় আমাদের দেশে শাসন ক্ষমতায় ছিলেন কংগ্রেস। তারা নির্দিষ্টভাবে কৃষকের জন্য কোনো কৃষিনীতি গ্রহণ করেননি, যার ফলে কৃষক এবং কৃষির উপর একটা ভয়ঙ্কর আঘাত আসছে। আমরা ভুলে যাইনি, সেই অশুভ সন্ধিক্ষণে, যদিও আমরা বামপন্থীরা এবং কৃষক সংগঠনের কর্মীরা বলে থাকি, একটা অশুভ সন্ধিক্ষণে ভুল পদক্ষেপ। আমাদের পশ্চিমবঙ্গে তৎকালীন সময়ের কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী প্রণব মুখার্জি যে গ্যাট চুক্তি স্বাক্ষর করেছিলেন, আমরা বামপন্থীরা এবং কমিউনিস্টরা সেদিন বলেছিলাম কৃষক এবং কৃষি ব্যবস্থার উপর অদূর ভবিষ্যতে চরম আঘাত আসবে। আমরা মানুষের কাছে গিয়ে এই অশুভ ইঙ্গিতের কথাও বলেছিলাম এবং কৃষককুলের কাছে গিয়ে সভা সমিতি করে গ্যাট চুক্তির ফলে কৃষকের যে ক্ষতি মানুষের কাছে তা বারেবারে পৌঁছে দিয়েছিলাম। আশা করি তারা সেই ব্যাপারে নিশ্চয় তা অনুধাবন করতে পেরেছেন। পরবর্তীকালে দেশের শাসন ক্ষমতার যে পরিবর্তন হয়েছে, '৯৯ সালে বি জে পি তারা ক্ষমতায় এসেছেন এবং দেশের আমদানি নীতির ফলে কৃষক ও কৃষি ব্যবস্থার উপর আরো চরম আঘাত নেমে আসছে। ভারতবর্ষের বাইরের দেশ থেকে পণ্য আমদানি নীতির পরিবর্তন হওয়ার ফলে দেশের ভিতরে ১৪২৯টি পণ্য অবাধে ঢুকছে। আমাদের দেশের কৃষক যারা কায়িক পরিশ্রম করে ফসল ফলান, তারা সেই ফসলের ন্যায্য দাম পাচ্ছেন না। কৃষক যদি ফসলের ন্যায্য দাম না পায় তাহলে কৃষক সর্বস্বান্ত হয়ে যায়, এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতি। এই ভ্রান্ত নীতির জন্য ভারতবর্ষের কৃষককুলকে রক্ষা করা যাবে না। আমরা দেখেছি, সারা ভারতবর্ষে বিশেষ করে তৃণমূল কংগ্রেস এবং বি জে পি-র যিনি সবচেয়ে কাছে হাই টেক মুখ্যমন্ত্রী হিসাবে যিনি ভারতবর্ষে বিরাজ করে আছেন, তিনি অন্ধ্রপ্রদেশের চন্দ্রবাবু নাইডু। তাঁর রাজ্যে '৯৯-'০০ সালে কৃষক যারা দেনার দায়ে জর্জরিত হয়ে আছে, তাদেরকে মৃত্যুর পথে ঠেলে দিয়েছে, আবার মহারাষ্ট্রে তুলা চাষীরা দেনার দায়ে জর্জরিত তাঁদেরও মৃত্যুর দিকে ঠেলে দিয়েছে, আবার উত্তরপ্রদেশের মায়াবতী সরকার বি জে পি-র সরকার তাদের সেখানে কৃষকরা আখের দাম না পাওয়ার জন্য তাঁদেরও মৃত্যুর দিকে ঠেলে দেওয়া হচ্ছে। এই হচ্ছে সারা ভারতবর্ষের অবস্থা। যেখানে পশ্চিমবাংলায় আমরা শাসন ক্ষমতায় আছি, এখানে যে সরকার আছে, এই সরকার কৃষকের সরকার, শ্রমজীবী জনগণের সরকার, কৃষকের প্রতি আমাদের মমত্ববোধ রয়েছে। সহানুভূতি রয়েছে। অন্যান্য রাজ্যে যখন কৃষক মরছে, তখন আমাদের রাজ্যে ওই কারণে কোনো কৃষক মরেনি। কিন্তু এই নীতির ফলে কৃষক যে আড়ষ্ট বোধ করছেন, এই কথা বললে অত্যুক্তি হয় না। আমরা দেখেছি, গত বছরে যখন আমাদের রাজ্যে একটা ব্যাপক পরিমাণ ফসল ফলল, কৃষক যখন সেই ফসলের দাম পাচ্ছে না, তখন কিছু মধ্যস্বত্বভোগী লোক তারা আখেরে লাভ খাচ্ছে, কৃষক পচছে। তখন আমাদের রাজ্য সরকার ধান কেনা শুরু করল। আমাদের কৃষক সংগঠনের লোকেরা সংগ্রাম করে, তখন আমাদের রাজ্যে সরকার ঘোষণা করেছিল সমবায়ের

মাধ্যমে ধান কেনা হবে। আমরা দুই লক্ষ মেট্রিক টন ধান সমবায়ের মাধ্যমে কিনেছি। আমরা জানি হয়তো সমস্ত কৃষককে এর আওতায় নিয়ে আসতে পারিনি। রাজ্য সরকারের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দিয়েও এটা আমরা চেষ্টা করেছি। আজকে আমরা একটা নীতি নিয়েছি এবং যে নীতি আমরা কৃষককুলকে বোঝাতে সক্ষম হয়েছি। আজকে বামফ্রন্ট সরকার তাদের ক্ষমতা অনুযায়ী কৃষকদের রক্ষা করার কথা চিন্তা-ভাবনা করছে। তাই আজকে এই সরকারের নীতিই বড় হয়ে দাঁড়াচ্ছে। আমি ধন্যবাদ জানাই আবু আয়েশ মণ্ডলকে, তিনি ঠিক কথাই আজকে এই প্রস্তাবের মধ্যে রেখেছেন। কৃষকদের ভর্তুকির উপর নির্ভর করেই থাকতে হত। আজকে এই বি জে পি সরকার সমস্ত ভর্তুকি ছাঁটাই করে দিচ্ছেন—সেচ, ডিজেল, কীটনাশক, ওষুধ, বিদ্যুৎ সমস্ত ক্ষেত্রে। ভর্তুকি পাবে কারা ? যারা ব্যাঙ্ক থেকে কোটি কোটি টাকা ঋণ নিয়েছে তাদের আর ঋণ ফেরত দিতে হবে না। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোনো মাথাব্যথা নেই এবং এই ব্যাপারে তৃণমূল বন্ধুরাও লোকসভায় দাঁড়িয়ে কোনো প্রতিবাদ করেন না। আমরা যখন কৃষককুলের কথা বলি তখন আমাদের সঙ্গে তারা সহমত পোষণ করেন না। আজকে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : স্যার, আজকে এই প্রস্তাবের উপরে চারজন আলোচনায় অংশ নিয়েছেন। তার মধ্যে নেপালবাবু এই প্রস্তাবের উত্থাপকের উদার মনোভাবের অভাব বোধ করেছেন। কাশীনাথবাবু এফ.সি.আই., জে.সি.আই.-এর কথা বলেছেন। ওদের কী কাজ সেটা আপনি জানেন ? আজকে কৃষিক্ষেত্রে এই রাজ্য সরকারের নীতির জন্য কী অগ্রগতি ঘটেছে সেটা কিন্তু আপনার বক্তব্যের মধ্যে উল্লেখ করলেন না। বামফ্রন্ট জমানার পঁচিশ বছরে এই রাজ্যে কী অগ্রগতি কৃষির ক্ষেত্রে ঘটেছে সেটা কি কাশীবাবু অস্বীকার করতে পারেন। আজকে কৃষকদের কাজ বেড়েছে, চাষ বেড়েছে। আশির দশকে খাদ্য উৎপাদনে আমাদের রাজ্যের স্থান ছিল একাদশতম, আর এখন খাদ্য উৎপাদনে আমরা প্রথম স্থান অধিকার করেছি। এটা কি অগ্রগতি নয় ? সারা ভারতবর্ষে ৪০ ভাগ জমি সেচের আওতার বাইরে। আর পশ্চিমবঙ্গে ৬২ ভাগ জমি সেচসেবিত। আজকে পশ্চিমবঙ্গে রেকর্ড সংখ্যক ফসল উৎপাদন হচ্ছে। এইসব কথা উল্লেখ না করে আপনারা এক তরফাভাবে বক্তৃতা করে গেলেন। যিনি আমার উদার মনোভাবের অভাবের কথা বলেছেন তাকে জানাতে চাই, এই প্রস্তাবটা শুধু পশ্চিমবাংলার কৃষকদের জন্য নয়, সারা ভারতবর্ষের জন্য। ন্যাশনাল ক্রাইম ব্যুরো সর্বশেষ যে তথ্য দিয়েছেন তাতে বলছে ১৯৯৭ থেকে ২০০৫ এই পাঁচ বছরে রাজস্থানের কৃষি ফসলের দাম না পাওয়ার জন্য ৩,৩০২ জন কৃষক আত্মহত্যা করেছে। যোজনা কমিশনের সর্বশেষ রিপোর্ট বলছে বিগত পরিকল্পনাতে কৃষিক্ষেত্রে কোনো কর্মসংস্থান হয়নি।

[3.30–3.40 p.m.]

এটা জানা দরকার যে, উন্নত ধনতান্ত্রিক দেশগুলো বিশ্ববাণিজ্য সংস্থার নির্দেশ সত্ত্বেও আমদানি শুল্ক এবং ভর্তুকি কমায়নি। কিন্তু আমাদের দেশের সরকার নতজানু হয়ে এই

চাপের কাছে নতিস্বীকার করে কার্যত আমাদের দেশে অর্থনৈতিক একটা বিপর্যয় নিয়ে এসেছে। সেপ্টেম্বর মাসে মথুরাতে একটা কৃষক সমাবেশ হয়েছিল, সেখানে বক্তা ছিলেন আমাদের দেশের প্রধানমন্ত্রী বাজপেয়ীজি। তখন উড়িষ্যা, রাজস্থানের অনেক জায়গায় অনাহারে মানুষ মরছে। সেসব প্রশ্ন সেই সভাতে উঠলে অটলবিহারী বাজপেয়ী, প্রধানমন্ত্রী, তিনি বললেন—'না, না, এসব মৃত্যু অপুষ্টি বা অনাহারের জন্য নয়, এইগুলো ম্যালেরিয়া বা অন্য রোগের জন্য হয়েছে। আর, আমাদের দেশের সংবাদপত্র অনাহারে মৃত্যু নিয়ে অহেতুক জল ঘোলা করছে, এতে দেশের সম্মান হানি হচ্ছে'। আবার খাদ্যমন্ত্রী শারদ যাদব বলেছেন—আমাদের দেশে গরীব মানুষের কাছে খাদ্য পৌঁছচ্ছে না, অনাহারে মারা যাচ্ছে। আবার প্রধানমন্ত্রী বলেছেন—মৃত্যুর কারণ অনাহার না অপুষ্টি বুঝতে পারা যাচ্ছে না। এক কোটি টন খাদ্যশস্য মজুত, তবে কেন অনাহারে মারা যাচ্ছে এটা বুঝতে পারা যাচ্ছে না। শুধু তাই নয়, ঋণ নিয়ে ফসল ফলিয়ে সেই ফসলের দাম না পেয়ে কৃষক আত্মহত্যা করছে, কেউ ফসল পুড়িয়ে দিচ্ছে।

উদার আমদানি নীতি আপনারা গ্রহণ করেছেন ১৯৯১ সালে। এর এক দশক পর এর নির্মম বাস্তবতা উপলব্ধি করা যাচ্ছে। এর বিরুদ্ধে মাঠে-ঘাটে বিরোধীরা, বিশেষ করে বামপন্থীরা দীর্ঘকাল ধরে প্রশ্নগুলো তুলেছে। তারা তখন ন্যূনতম গুরুত্ব দেয়নি। এখন অস্বীকার করলে চলবে না। অনাহারে মানুষ মরছে, ফসলের দাম না পেয়ে মানুষ আত্মহত্যা করছে। তাই কেন্দ্রীয় সরকারের সমস্ত নীতি পরিবর্তন করতে হবে। অবাধ নীতিটাকে তুলে নিতে হবে। কৃষক যাতে ফসলের ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করতে হবে। সেচে, সারে, কৃষির সর্বত্র ভর্তুকি আরো বাড়াতে হবে। তাদের আরও সহজ সুদে ঋণ দিতে হবে। চাষ যাতে বাড়াতে পারে তার জন্য সবরকম ব্যবস্থা করতে হবে। সেটা না করে কৃষিক্ষেত্রে বেনিয়া তত্ত্ব হাজির করা হচ্ছে। বিদেশি বহুজাতিক সংস্থা আমাদের দেশের বৃহৎ পুঁজিবাদীরা মিলে, ১৯৭০ সালের পেটেন্ট অ্যাক্ট অনুসারে বন্ধ্যা বীজ আমাদের নিতে বাধ্য করছে। এইগুলো আপনাদের স্মরণে আসে না। গঠনমূলক সমালোচনা নিশ্চয় থাকতে পারে, কিন্তু কেন্দ্র-রাজ্য সম্পর্কে কৃষিনীতির যে কাজ, সেটা স্মরণ না রেখে কেন্দ্রীয় সরকারের দায়িত্বের কথা যদি মনে না রাখেন তাহলে কী হবে ? সারা দেশের কৃষকরা সঙ্কটে পড়ছে। অন্যান্য রাজ্যে মরছে, আমাদের রাজ্যে মরেনি। তারতম্যটা কী বোঝেন না ? এটা নেপালবাবুদের বোঝা দরকার। কাশীনাথবাবুদের বোঝা দরকার। একতরফাভাবে আপনারা পশ্চিমবঙ্গ সরকারের নিন্দা করেন। সারা দেশের কৃষি ব্যবস্থা একটা সঙ্কটের মধ্যে চলে গেছে। আগামীদিনে আরও যাবে। এটা না বুঝে একতরফাভাবে সমালোচনা করে গেলেন। আমি তাই আশা করি সকলে মিলে সর্বসম্মতভাবে এই প্রস্তাব গ্রহণ করে এবং সার, সেচ, বিদ্যুৎ, বীজে যে ভর্তুকি আছে, তার থেকে না কমিয়ে আরও বাড়াতে হবে। পশ্চিমবঙ্গ সরকার তার সামর্থ্য অনুযায়ী কৃষকদের স্বার্থে কাজ করছে। এই কথা বলে যে সংশোধনী এসেছে, তার বিরোধিতা করে প্রস্তাবের পক্ষে সকলে সমর্থন করবে এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Saugata Roy that—'পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতবর্ষে চরমভাবে ব্যাহত হচ্ছে', the following be added : 'পশ্চিমবঙ্গ সরকারও ধানের দাম পড়ে যাওয়া বন্ধ করতে ধান কিনতে ব্যর্থ এবং রাজ্যের কৃষির বিষয়ে ম্যাকিন্‌সে রিপোর্ট রাজ্য সরকার গ্রহণ করলে রাজ্যে খাদ্যোৎপাদন মার খাবে।'

was then put and lost.

The motion of Shri Pankaj Banerjee that—In line 8, after the words 'গৃহীত আমদানি নীতি', the words' ও কৃষকদের উৎপন্ন ফসল যোগাযোগ ও পরিকল্পনার অভাবে ক্রেতার কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারের ব্যর্থতা' be added :

was then put and lost.

The main motion of Shri Abu Ayes Mondal that—এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে অধিকাংশ কৃষক বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে কৃষিক্ষেত্রে বিনিয়োগ করার পর উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য না পাওয়ায় বাধ্য হয়ে উৎপাদিত মূল্যের চেয়ে অনেক কম মূল্যে ধান-সহ অন্যান্য কৃষিজাত পণ্য বাজারে বিক্রি করতে বাধ্য হচ্ছেন যার ফলে তাঁদের আর্থিক সঙ্কট তীব্র থেকে তীব্রতর হচ্ছে, একাধিক রাজ্যে অনেকেই ঋণের দায়ে জর্জরিত হয়ে আত্মহননের পথ বেছে নিচ্ছেন এবং অন্যদিকে কৃষি উৎপাদন চরমভাবে ব্যাহত হচ্ছে।

এই সভা মনে করে যে,—

কেন্দ্রীয় সরকারের গৃহীত আমদানি নীতি এবং অভ্যন্তরীণ শুল্ক বৃদ্ধির জন্য অনেক কম দামে আমদানি পণ্যে দেশের বাজার ভরে যাচ্ছে যার ফলে অন্যান্য রাজ্য-সহ এই রাজ্যে কৃষকদেরও এক চরম অনিশ্চয়তার মধ্যে দিন কাটাতে হচ্ছে এবং তাঁদের অর্থনৈতিক অবস্থা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে যা কৃষিপ্রধান এই দেশের অর্থনৈতিক অবস্থাকে বিপন্ন করবে।

এই সভা আরও লক্ষ্য করছে যে,—

কেন্দ্রীয় সরকার বর্তমানে কৃষিতে ভর্তুকি কমিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়ায় কৃষিক্ষেত্রে সঙ্কট আরও ঘনীভূত হচ্ছে এবং কৃষি উৎপাদন ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,—

(১) কৃষকদের জন্য সেচে, সারে, বীজে ও বিদ্যুতে ভর্তুকি তুলে দেওয়ার সিদ্ধান্ত বাতিল করে এই ভর্তুকির পরিমাণ আরও বাড়ানো হোক ; এবং

(২) সাথে সাথে কেন্দ্রীয় সরকারের খাদ্য নিগমের (এফ.সি.আই.) মাধ্যমে কৃষকদের কাছ থেকে ধান-সহ অন্যান্য কৃষিজ পণ্য সহায়ক মূল্যে ক্রয় করার ব্যবস্থা গ্রহণ করা হোক।

was then put and agreed to.

শ্রী পবন কুমার লাকড়া : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মোশান আন্ডার রুল ১৮৫-এ একটা প্রস্তাব উত্থাপন করছি। বিষয়টি হচ্ছে—

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

জলপাইগুড়ি জেলায় ডুয়ার্স ও দার্জিলিং-এর তরাই এলাকায় ১৯৩টি চা বাগানের সঙ্গে যুক্ত বহু আদিবাসী শ্রমিক বেতন, রেশন ও স্বাস্থ্য পরিষেবা পাচ্ছেন না এবং বহু আদিবাসী পরিবার স্বাস্থ্য পরিষেবার অভাবে মারা যাচ্ছেন এবং কেউ কেউ আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন।

এই সভা অবগত আছে যে,—

এই বাগানগুলিতে ৮০ (আশি) শতাংশ শ্রমিক তপশিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত এবং বর্তমানে বৈদেশিক চা আমদানি, এবং আরও অন্যান্য কারণে বহু চা বাগান বন্ধ আছে।

অতএব, এই সভা রাজ্য সরকারের কাছে চা শিল্পের পুনরুজ্জীবনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।"

শ্রী নির্মল দাস : স্যার, আপনার মাধ্যমে এখানে চা বাগান সংক্রান্ত যে সংকট তার উপর একটা প্রস্তাব আমি উত্থাপন করছি। বিষয়টি হচ্ছে :

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

উত্তর বাংলার ডুয়ার্স, তরাই ও দার্জিলিং-এ মোট ১৯টি চা বাগান কর্তৃপক্ষ নানা অজুহাতে ক্লোজার, লক আউট, ওয়ার্ক সাসপেনশন করে ৪০ হাজার চা শ্রমিক পরিবারের দুই লক্ষ মানুষকে অনাহার-অর্ধাহারের দিকে ঠেলে দিয়েছে এবং বিশ্বায়ন মন্দার নামে শ্রমিক কর্মচারী তথা উত্তর বাংলার অর্থনীতিকে বিপর্যস্ত করে তুলছে।

এই সভা মনে করে যে,—

কেন্দ্রীয় সরকারের বিদেশি চা অবাধে ভারতের বাজারে আসার সুযোগ প্রদান এই বিপর্যয়ের অন্যতম কারণ।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,—

(১) চা শিল্পের এই সংকট নিরসনে যথাযথ উদ্যোগ গ্রহণ করা হোক ;

(২) জলপাইগুড়িতে একটি টি অক্শান সেন্টার গড়ে তুলে বর্তমানে একচেটিয়া ব্যবস্থা ভেঙে বেশি চা পাতা ক্রয়ের সুস্থ প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক ; এবং

(৩) কেন্দ্রীয় সরকারের বাণিজ্য দপ্তর এবং টি বোর্ড সম্মিলিতভাবে চা শিল্পের সামগ্রিক উন্নয়নে দ্রুত ব্যবস্থা গ্রহণ করুক।"

The discussion was held together.

[3.40–3.50 p.m.]

Mr. Deputy Speaker : There is no amendment to these motions.

শ্রী আব্দুল করিম চৌধুরী : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আজকে সভায় মোশন আন্ডার রুল ১৮৫ আমাদের পবনকুমার লাকড়া এবং নির্মল দাস এনেছেন চা-বাগান বন্ধের ব্যাপারে। আমি আগেই বলেছিলাম যে উত্তরবাংলার দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলা—উত্তরবাংলার এই দুটো জেলা ছাড়া আর কোনো জেলায় বেশি চা-বাগান ছিল না। চা-বাগানগুলো ছিল দীর্ঘকালের। যেখানে চা-বাগান ছিল না—উত্তর দিনাজপুর এবং চাপড়াতে মাত্র একটা চা-বাগান ছিল। জলপাইগুড়ি থেকে নিয়ে উত্তর দিনাজপুর পর্যন্ত বেশি চা-বাগান ছিল না কৃষি এলাকায়। আজকে সেখানে দেখুন স্যার, ৯০ সাল থেকে প্রত্যেকটা কৃষি এলাকায় তিস্তা কমান্ড এরিয়াতে যে তিস্তা প্রকল্প চাষিদের জন্য করা হয়েছে সেই প্রকল্প বাদ দিয়ে, তিস্তা কমান্ড এরিয়ার জমিগুলোতে চা-বাগানের ফ্লাড বইয়ে দেওয়া হয়েছে। কয়েকটি চা-বাগান ছিল যেখানে এক্সপোর্ট কোয়ালিটির চা তৈরি হত। বড় বড় ফ্যাক্টরি ছিল দার্জিলিং, জলপাইগুড়ি, শিলিগুড়িতে যেখানে ভালো অকশন হত কলকাতায় কিন্তু এখন আর অপশন কোয়ালিটির চা হয় না। সমস্ত কৃষি এলাকায় চা-বাগান ঢুকল। আজকে আমাদের চাষীদের লোভ দেখিয়ে ওখানে চা-বাগান করা হয়েছে। ইসলামপুর, চোপড়া যেখানে একটা চা-বাগান ছিল কিন্তু এখন সেখানে দুশোটা চা-বাগান হয়েছে। শিলিগুড়িতে যে বাগানগুলো ছিল সেগুলো আরও বেড়েছে। জলপাইগুড়ি, ডুয়ার্স, তরাই এলাকায় যে বাগান ছিল সেগুলো আরও বেড়েছে। সমস্ত কৃষি এলাকায় বাগানগুলো করেছে। এখন কী হল, চা-বাগানে কম পাতির জমি তৈরি হচ্ছে। যার ফলে এখন চা-বাগানের মালিকরা লস হচ্ছে বলে কয়েকটা বাগান বন্ধ করে দিয়েছে। ২০-২৫টা বাগান বন্ধ হয়ে গেছে। লেবার মিনিস্টার মহম্মদ আমিন, পৌরমন্ত্রী অশোক ভট্টাচার্য গিয়েছিলেন লেবারদের নিয়ে, মালিকদের সঙ্গে ট্রাইপারটাইট চুক্তি করার জন্য কিন্তু কোনো সমাধান করতে পারেননি। চা-বাগানের মালিকরা যে সুবিধাগুলো লেবারদের দিচ্ছিল সেটা তারা লেবারদের জন্য বন্ধ করে দিয়েছেন। জল, রেশন, বিদ্যুৎ বন্ধ করে দিয়েছে। এখন লেবাররা কী করবে, তারা কি আন্দোলনের পথে যাবে না ? যখন তারা আন্দোলনের পথে গেছে সেখানে চাঁদমণি চা-বাগান লক আউট করে দিয়েছে। শ্রমিকদের কোনো প্রোটেকশনের ব্যবস্থা নেই। শ্রমিকদের উপর হামলা করা হল। পুলিশের গুলিতে একজন মারা গেল। কয়েকজনকে হাজতে বন্ধ করে দেওয়া হল। আজকে চাঁদমণি চা বাগানে টাউনশিপ গড়ার জন্য শহর থেকে প্রোমোটার নিয়ে যাওয়া হয়েছে। জলপাইগুড়ি টাউনের পাশে শিলিগুড়ি টাউনের পাশে ভালো ভালো জমিতে চা-বাগান ছিল। মালিকদের সঙ্গে মিলে আপনারা লেবারদের সরিয়ে টাউনশিপ গড়ার জন্য, ফ্ল্যাট হাউস গড়ার জন্য ভাগ দিয়ে দিয়েছেন। এই জিনিস সেখানে হচ্ছে। আজকে অশোক ভট্টাচার্য মন্ত্রী হয়ে এই রকম করছেন। আমি অবাক হয়ে যাচ্ছি কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং এলাকা মিলে ৫-৬ জন মন্ত্রী আছেন, অথচ ওখানে ৪০-৫০ হাজার শ্রমিক অনাহারে মারা যাচ্ছে, কেউ কেউ সুইসাইড করছে। এখানে ৫টা মন্ত্রী আছেন সেখানে মালিকদের ডেকে শ্রমিক

ইউনিয়নকে ডেকে এই সমস্যার সমাধান করা উচিত ছিল। আমি আগেও বলেছি কলকাতা থেকে শিলিগুড়ি থেকে ইসলামপুর থেকে বড় বড় কন্ট্রাক্টাররা কৃষকদের কাছ থেকে জমি নিয়ে চা বাগান করছে। যার বিরুদ্ধে আমি আন্দোলন করেছিলাম ৬ বছর ধরে এবং তার জন্য আমার মাথায় ফেট্টি বেঁধে ছিলাম। মালিকরা আসবে কৃষকদের জমি নিয়ে চা বাগান করবে আর কৃষকদের বলবে এই বাগানে তোমাদের চাকরি দেব, তার পরে কিছুদিন হয়ে গেলে বলবে তোমাদের রাখতে পারছি না, তোমরা চলে যাও। তারা তখন কোথায় যাবে ? তাদের জমিও যাবে, চাকরিও যাবে। তারা কোথায় যাবে ? তারা কেউ কেউ রাজস্থানে, কেউ গুজরাটে, কেউ পাঞ্জাবে, কেউ সিকিমে চলে গেছে। মালিকরা বলছে এখন আর চা বাগানে লাভ হচ্ছে না। এখন উৎপাদন কমে গেছে, এখন এক্সপোর্ট কোয়ালিটির চা হচ্ছে না, কো ইমপোর্ট কোয়ালিটির সাথে আমরা মোকাবিলা করতে পারছি না। এখন টি প্রোডাকশান বেশি হচ্ছে না। তার কারণ হচ্ছে ম্যানেজারদের জন্য। সরকার থেকে ক্যাবিনেট মন্ত্রীদের সরকার বলছে তোমাদের খরচ কম করো, কিন্তু চা বাগানের ম্যানেজারদের যদি দেখেন তাহলে মনে হবে ব্রিটিশ সাহেবদের দেখছেন, তারা এখনও আছে বলে মনে হবে। তাদের ঠাঁট-বাট, লাকসারি দেখলে আপনাদের মাথা খারাপ হয়ে যাবে। ম্যানেজারের সঙ্গে কথা বলা যায় না, কোনো লেবার তার সাথে কথা বলতে পারবে না, শুধু ইউনিয়নের লিডাররা কথা বলতে পারবে। ওদের এস্টেট মেন্টেন্যান্সেই প্রচুর টাকা খরচ হয়ে যায়। ওরা চা বাগান বন্ধ করবে নাতো কি করবে ? ওখানে ট্রেড ইউনিয়নের কোনো অ্যাকশন নেই। এখানে মাননীয় সদস্য শ্রী নির্মল দাস এবং মিঃ লাকরা সাহেব যে প্রস্তাব এনেছেন সেগুলি সঠিক কথাই বলেছেন। আমি সেগুলিকে সমর্থন করছি। আমি আগেই বলেছিলাম টি ডেভেলপমেন্ট কর্পোরেশন ৬টা চা-বাগান নিয়েছে। যে চা বাগানগুলিকে সিক্ বলে বলা হয় সেগুলি ডেলিবারেটলি বলা হয়, সেখানে চা বাগানগুলিকে সরিয়ে দেওয়ার জন্যই বলা হয়। ওখানে শ্রমিকদের ইন্টারেস্টকে বাঁচাবার জন্য সরকারের পক্ষ থেকে ভালো ব্যবস্থা নেওয়া উচিত। দিল্লি সরকারের কাছে অ্যাপ্রোচ করা দরকার। দার্জিলিং-এর টি এস্টেটকে বাঁচাবার জন্য এগুলি করতে হবে। স্যার, সেইজন্য আমার দাবি ছিল চা-বাগানের মালিকানার ২০ পারসেন্ট যদি শ্রমিকদের দেওয়া যেত তাহলে মালিকরা মাতলামি করতে পারত না, চা-বাগানের মালিকরা মস্তানি করতে পারত না। এবং শ্রমিকদের ২০ শতাংশ মালিকানা না দেওয়ার জন্যই এই গামছা এখনও আমার সাথে রয়েছে আপনারা জানেন।

[3.50–4.00 p.m.]

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ১৮৫ মোশান অনুসারে আজকে এখানে যে প্রস্তাব এসেছে বন্ধ চা-বাগানের বিষয়ে তাকে সমর্থন করে আমি কিছু বক্তব্য রাখছি। আমাদের উত্তরবঙ্গের অর্থনীতির একটা অন্যতম প্রধান স্তম্ভ হ'ল এই চা-বাগিচা। গোটা উত্তরবঙ্গের প্রায় ২ কোটি মানুষের মধ্যে এক বিরাট সংখ্যক মানুষ এই চা-এর উপর নির্ভরশীল এবং তাদের জীবন-জীবিকা এই চা-বাগানকে কেন্দ্র করে আবর্তিত হয়। আমাদের জলপাইগুড়ি জেলার জনসংখ্যার প্রায় ৩০ শতাংশ মানুষ চা-বাগানের অর্থনীতির উপর

নির্ভরশীল। অথচ সেই চা-বাগানের উপর নানাভাবে, নানা কারণে আঘাত নেমে আসছে এবং যে প্রস্তাব মাননীয় নির্মল দাস রেখেছেন তাতে বর্ণিত হয়েছে যে, এই মুহূর্তে ১৯টা চা-বাগান বন্ধ যার ফলে প্রায় ৪০ হাজার চা-শ্রমিকের পরিবারের ২ লক্ষ মানুষ অনাহারে অর্ধাহারে দিন যাপন করছে। আমি এই চা শ্রমিকদের দুঃখ দুর্দশার একটা সংক্ষিপ্ত বিবরণ আপনাদের কাছে রাখতে চাই। আমাদের জলপাইগুড়ি জেলার মালবাজার মহকুমায় কিল বলে একটা চা-বাগান আছে। সেই চা-বাগান বন্ধ হয়ে গেছে, মালিক পালিয়ে গেছে। চা-বাগানের মালিক শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষার জন্য নিজ খরচে যে হাসপাতাল করেছে সেই হাসপাতালে ৪০০ রোগী ভর্তি রয়েছে কিন্তু মালিক নেই। সেখানে ম্যালেরিয়ায় আক্রান্ত শ্রমিকরা দিনান্তে একমুঠো ভাত একটু নুন এবং রাত্রিবেলা শাকসেদ্ধ খেয়ে রয়েছে। ওষুধ নেই, ডাক্তার নেই, পথ্য নেই, নিদারুণ সংকটের মধ্যে দিন কাটাচ্ছে। উত্তরবঙ্গের জলপাইগুড়ির ডুয়ার্সে ম্যালেরিয়ার প্রকোপ হয়েছে। ম্যালেরিয়া প্রতিরোধে আমাদের সরকার তার সাধ্যানুযায়ী চেষ্টা করছে। কিন্তু কোম্পানি আইন অনুযায়ী বাগান মালিককে স্বাস্থ্য পরিষেবা দেওয়ার কথা। কিন্তু তা তারা দিতে ব্যর্থ হচ্ছে। বাগান বন্ধ করে পালিয়ে গেছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে যুদ্ধকালীন তৎপরতায় ব্যবস্থা গ্রহণ করা দরকার। এবং আজকে সঠিকভাবে এই প্রস্তাব এই সভায় উঠেছে। এই সভা থেকে এই প্রস্তাব গ্রহণ করে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে সুনির্দিষ্ট দাবির কথা যেটা রাখা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি বলতে চাই, আমাদের এই সংকট যে কোনো মূল্যে কাটাতে হবে। এই সংকট কাটিয়ে উঠতে না পারলে গোটা উত্তরবঙ্গের অর্থনীতি, সামাজিক অবস্থা, সব দিক দিয়ে এক ভয়ঙ্কর বিপর্যয় নেমে আসবে। সেই বিপর্যয় ঠেকাতে আমাদের সংকল্প গ্রহণ করতে হবে। না হলে কোনো উপায় নেই। আমাদের উত্তরবঙ্গের চা-বাগিচাগুলো তিনভাগে ভাগ করা যায়। প্রাক্-স্বাধীনতার যুগে যে চা-বাগান তৈরি হয়েছে, যার শতবর্ষ পূর্ণ হয়ে গেছে। সেই গাছগুলো বৃদ্ধ হয়ে গেছে। তারপরে স্বাধীনত্তোরকালের চা-বাগান এবং এখন যেগুলো গড়ে উঠছে। যেটা ইসলামপুরের বিধায়ক বললেন। চোপড়া, রাজগঞ্জ, কোচবিহার ইত্যাদি জায়গায় চা-বাগান হচ্ছে। এই বাগানগুলোর মধ্যে প্রাক্-স্বাধীন যুগের বাগান, প্রতিষ্ঠিত বাগান, বড় বড় মালিক যারা তারা আজকে পালিয়ে যাওয়ার জন্য চেষ্টা করছে, মুনাফা যেখানে বেশি সেইদিকে তারা ধাবিত হচ্ছে এবং এর পিছনে এই যে আমাদের ভারত সরকারের আমদানি নীতি সেটি প্রধানত দায়ী। সঠিকভাবেই প্রস্তাবে সেই কথার উল্লেখ করা হয়েছে। বিশ্বের চায়ের বাজারে আজকে শ্রীলঙ্কা, চীন, কেনিয়া তারা এগিয়ে আসছে। ইন্দোনেশিয়া গুটি গুটি পায়ে এগিয়ে আসছে। অথচ ট্র্যাডিশনাল চায়ের উৎপাদনে ভারতবর্ষ আজ নানা কারণে পিছিয়ে যাচ্ছে। আমাদের অনেক পরে স্বাধীনতা অর্জন করে ছোট একটা দেশ কেনিয়া যদি পৃথিবীর বাজার দখল করতে পারে সেখানে আমাদের দেশে এত চায়ের জমি, এত চা বাগান থাকা সত্ত্বেও আমাদের টি-বোর্ড, ভারত সরকার উদ্যোগ নিয়ে চা-কে আন্তর্জাতিক মানে পৌঁছানোর জন্য এক নম্বরে পৌঁছানোর জন্য কোনো উদ্যোগ নেননি। এটি একটি ভয়ঙ্কর অবস্থা। এই অবস্থা নিরসনের জন্য আজ এই প্রস্তাব সর্বসম্মতভাবে গ্রহণ করে আমাদের সকলকে উদ্যোগী হওয়া দরকার। আমরা মনে করি উত্তরবঙ্গের যে মানুষগুলো চা-বাগিচা বলয়ের মধ্যে থাকেন তাঁরা আহত হলে, তাঁরা বিপর্যস্ত হলে, শহরের মানুষ, চা-বাগিচার

বলয়ের মানুষ আমরা নিরাপদে থাকতে পারব না। যে কথা এখানে বর্ণিত হয়েছে যে, লক্ষ লক্ষ আদিবাসী শ্রমিক—যারা ছোটনাগপুর থেকে ওখানে গিয়ে ওখানে সংস্কৃতির সঙ্গে, মাটির সঙ্গে এই শত শত বছর ধরে এলাকার মানুষের প্রকৃতির সাথে মিশে গেছে তারা যদি আজকে অন্নহারা হয়, বাস্তুহারা হয়, জীবন রাখার তাগিদে তারা কিন্তু মরিয়া হয়ে উঠবে এবং আমাদের গোটা সমাজ, গোটা দেশ আমরা কিন্তু একটা ধ্বংসের মুখে এসে দাঁড়াব। এমনিতেই আপনারা জানেন যে, উত্তরবঙ্গ জুড়ে চলছে নানা ধরনের সাম্প্রদায়িক, বিচ্ছিন্নতাবাদী, উগ্রপন্থী তৎপরতা, এই অভাব, অনটনে জর্জরিত বাগান এলাকার যুবকদের মধ্যে যদি এই ভয়ঙ্কর প্রবণতা নিয়ে বিচ্ছিন্নতাবাদীরা হাতছানি দিতে থাকে, তাহলে এক দুর্যোগপূর্ণ অবস্থার সৃষ্টি হবে। তাই আমরা এই সভায় দাঁড়িয়ে এই কথাই বলতে চাই, পশ্চিমবাংলার বিধানসভা থেকে সম্মিলিত গৃহীত প্রস্তাব নিয়ে এই সমস্যাকে যুদ্ধকালীন তৎপরতায় মোকাবিলার জন্য একদিকে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাতে হবে, অন্যদিকে রাজ্যের সরকারের যেটুকু করণীয় সেই করণীয়টুকু করবার ভূমিকা নিয়ে রাজ্য সরকারকে উদ্যোগ নিতে হবে। এভাবে আমরা এই প্রস্তাব নিয়ে মানুষগুলোর পাশে যদি না দাঁড়াই তাহলে কিন্তু ইতিহাস আমাদের ক্ষমা করবে না। কারণ উত্তরবঙ্গের অর্থনীতিতে আজকে চা বাগিচার ১৯টি বাগান বন্ধ হয়ে যাওয়ার ফলে আমরা দেখছি ধূপগুড়ির বাজার, বানারহাটের বাজার, আলিপুরদুয়ার-ফালাকাটার কৃষিপণ্যের বাজার, সেই বাজারে আজকে মন্দা নেমে গেছে। কারণ এই কৃষিপণ্য কিনবে কারা ? চা-বাগানের লক্ষ লক্ষ শ্রমিক তারা মাইনে পাচ্ছে না, রোজগার নেই, তারা অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে, কৃষিপণ্য বিক্রির জন্য যে বাজার সেই বাজার বন্ধ হয়ে যাচ্ছে। ওদিকে অসমে নানা কারণে অস্থিরতা, অসমেও নানা কারণে কোনো পণ্য যাচ্ছে না। একটু আগে আমরা কৃষিপণ্যের বিষয় নিয়ে আলোচনা করেছি, কৃষিনীতি নিয়ে আলোচনা করেছি—এই দুটি খুব অ্যালায়েড বিষয়। আন্তর্জাতিক যে চাপ আমাদের দেশে সরকারের উপর আসছে এবং বি.জে.পি সরকার সেখানে দেশের স্বার্থ না দেখে যেভাবে অবনত মস্তকে সেই জিনিস মেনে নিয়ে আমাদের উপর, কৃষকদের উপর সাধারণ মানুষের উপর চাপিয়ে দেওয়ার চেষ্টা করছেন তার প্রভাব চা বাগিচাগুলোর উপরেও পড়বে। আমি তাই এই কথাই বলতে চাই যে, এই সভার থেকে প্রস্তাব নিয়ে আমরা তার মোকাবিলায় যদি রুখে না দাঁড়াই তাহলে এক মহা সংকটে, এক মহা বিপর্যয়ের মুখে পড়বে গোটা রাজ্য। সেখানে আজকে যে বেকার যুবকরা বিশেষ করে রাজগঞ্জ ব্লক, জলপাইগুড়ি সদর এবং কুচবিহারে কিছু এলাকা নিয়ে, আমি ব্যক্তিগতভাবে জানি—তারা তাদের চাষের জমিতে যেখানে ফসল উৎপাদন হয় না সেখানে চা বাগান করেছে। চা-বাগিচা মালিকরাও আজকে দিশাহারা হয়ে যাচ্ছে। চায়ের দাম নেই বাজারে, তার বাজার নেই, প্রতিযোগিতা নেই এবং সেই কারণে প্রস্তাব যেটা উঠেছে সেটা হল যে, জলপাইগুড়িতে অবিলম্বে একটা টি-অকশন কেন্দ্র গড়ে তোলা হোক যাতে সেখানে প্রতিযোগিতা বৃদ্ধি পায়, চায়ের ক্রেতারা আসে এবং এই চা-বাগিচাকে আমরা বাঁচাতে পারি। এই চা-বাগিচার অর্থনীতির উপর নির্ভর করছে আমাদের উত্তরবঙ্গের অর্থনীতি এবং আমাদের রাজ্য যেহেতু উত্তরবঙ্গ ছাড়া নয় সেজন্য উত্তরবঙ্গের অর্থনীতি যদি ভেঙে যায় তাহলে রাজ্যও বিপর্যস্ত হবে। তাই এই প্রস্তাবকে পুনর্বার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4.00–4.10 p.m.]

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এখানে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে, তার স্বপক্ষে যে কথাগুলি বলা দরকার তা হল এই যে, আমাদের দেশের বিশেষ করে উত্তরবঙ্গ চা নির্ভর শিল্প হিসাবে টি ইন্ডাস্ট্রির সাথে যুক্ত রয়েছে লক্ষ লক্ষ মানুষ—রেল নির্ভর মানুষ, রেলের সর্বনাশ হচ্ছে। অতি সম্প্রতি চায়ের সর্বনাশ একদিকে আমরা লক্ষ করছি। কেন্দ্রীয় সরকারের চা নিয়ে যে পলিসি—বিশ্বায়নের নাম করে বিদেশি চা আমাদের দেশে অবাধ আমদানির সুযোগ করে দেওয়া হয়েছে। বাজার দখলের নাম করে, যেহেতু ১০৪ কোটি মানুষ আমাদের দেশে বাস করে এবং সব থেকে স্বল্প মূল্যের পানীয় হল এই চা। বিশেষ করে সোভিয়েত রাশিয়ায় যখন বিপর্যয় হয় তখন ইন্ডিয়ান টি-র যে বাজার, সেই বাজার নষ্ট হয়ে যায়। এই অবস্থায় চা শিল্পকে বাঁচানোর জন্য কেন্দ্রীয় সরকারের উচিত ছিল, চায়ের আমদানি রোধ করবার। এখানে প্রচুর চা উৎপন্ন হয়, সেক্ষেত্রে বিদেশের বাজার দখল করবার সে ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করলেন না। আমরা লক্ষ্য করলাম, টি প্ল্যানটাররা যে সমস্ত চুক্তি করেছিল ওখানকার বাগানগুলি চালানোর ক্ষেত্রে যে অ্যাক্ট রয়েছে, সেই অ্যাক্ট অনুযায়ী তারা প্রায় বিনামূল্যে হাজার হাজার হেক্টর জমি চা বাগান হিসাবে ব্যবহার করেন। আমাদের রাজ্য সরকার এখানে মন্ত্রী আছেন, রেজ্জাক মোল্লা সাহেব তিনি জানেন সব চাইতে সুবিধাভোগী শ্রেণী হচ্ছে এই টি প্ল্যান্টাররা, সেখানে আমরা লক্ষ্য করছি তাদের যে বাগিচা আইন আছে, সেটা লংঘন করছে। বাগিচা আইনের মূল কথা ছিল, শ্রমিক-কর্মচারীদের সেল্টার দেওয়া হবে। বোনাস দেওয়া হবে। পানীয় জল, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্যের দিকে লক্ষ্য রাখতে হবে কিন্তু আজকে লক্ষ্য করছি আজ ১৯টি চা বাগান বন্ধ, সেখান থেকে কর্মচারীরা পালিয়ে গেছে। রেশন নেই, ওয়েজ নেই, বোনাস পায়নি, এইরকম অবস্থা সেখানে চলছে। আমরা লক্ষ্য করছি, যে সমস্ত চুক্তি ছিল সেগুলি লংঘন করা হচ্ছে। যে সমস্ত শ্রমিক-কর্মচারী এই সমস্ত বন্ধ কারখানায় কাজ করেন তাদের বিদ্যুতের লাইন কেটে দেওয়া হয়েছে, পানীয় জলের সংকট দেখা দিয়েছে। সেখানে আন্ত্রিক, ম্যালেরিয়ায় ব্যাপক মৃত্যু হচ্ছে। সেই মৃত্যুর জন্য দায়ী কে ? সেই মৃত্যুর জন্য দায়ী টি প্ল্যান্টাররা এবং আপনি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ডুয়ার্সে পূজার বোনাসের আগে যে চুক্তি হয়েছিল, এখানে কলকাতায় সেই চুক্তি হয়েছিল, সেই চুক্তি লংঘন করছে। আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় শ্রী জ্যোতি বসু তার উপস্থিতিতে যে ১০ হাজার নিউ এমপ্লয়মেন্টের চুক্তি হয়েছিল ২ বছর আগে সেটাও ওরা কার্যকরী করেননি। এটা একটা ক্রিমিনাল অফেন্স করেছেন। প্রভিডেন্ড ফান্ডের কোটি কোটি টাকা তারা কেটে নিয়েছেন, গ্রুপ ইনসিওরেন্সের কোটি কোটি টাকা তাঁরা কেটে নিয়েছেন। সেই টাকাটা তারা জমা দেয় নাই। এটা ক্রিমিনাল অফেন্স হয়েছে। বিচারমন্ত্রী এখানে আছেন, লেবার মিনিস্টার আছেন, তাদেরকে আমি অনুরোধ করব, এইভাবে শুধু লেবার ডিপার্টমেন্ট বা শ্রম দপ্তরকে ডাকলে হবে না, এটা টার্ন আপ করুন। আমি নিজে ট্রেড ইউনিয়ন সংগঠনের জেলা সম্পাদক, সেখানে আমি লক্ষ্য করেছি যে, সেই শ্রমিক কর্মচারীদের মুখের দিকে তাকানো যায় না। দক্ষিণবঙ্গে বিশেষ করে আমরা জানি যে সংকট অনেক দিন ছিল কিন্তু উত্তরবঙ্গে সংকট সম্প্রতি। একদিকে কে.এল.ও. জঙ্গিদের আন্দোলন, কামতাপুরী

বিচ্ছিন্নতাবাদী আন্দোলন এখানে যেভাবে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে এই সংকটের ফলে সর্বনাশ হবে। ইতিমধ্যেই ৪০ হাজার ১৯টি বাগানের ৪০ হাজার শ্রমিক ক্ষতিগ্রস্ত। তাদের পরিবারপিছু যদি ৫ জন করে ধরা যায়, তাহলে ২ লক্ষ শ্রমিক-কর্মচারী সদস্যদের সর্বনাশ হয়েছে। এই অবস্থায় মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার যেটা প্রস্তাব সেটা হচ্ছে এই যে, কেন্দ্রীয় সরকারের কানে জল দেওয়া দরকার দৃষ্টি আকর্ষণ করা দরকার, যে শিল্প স্বাধীনতার ৪৭ সাল থেকে আজকে ২০০২ সাল পর্যন্ত ৫৫ বছর ৫ হাজার কোটি টাকা বিদেশি মুদ্রা অর্জন করেছে—সে টাকার সামান্য অংশও চাশিল্পের উন্নতির জন্য, উত্তরবঙ্গের উন্নয়নের জন্য তারা ব্যয় করেনি। বন্যা উত্তরবঙ্গের মানুষের চিরসঙ্গী। বন্যায় চা-বাগিচা ধ্বংস হয়ে গেলেও টি বোর্ড সেদিকে কোনো নজর দেয় না, কেন্দ্রীয় সরকার দেখে না। এটা আমাদের দুর্ভাগ্য। আজকে এখানে বিশ্বায়নের কথা বলা হচ্ছে। বিশ্বায়নের চুক্তিতে সই করেছিলেন ভারতবর্ষের তৎকালীন অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায়। সুতরাং এই অবস্থা সৃষ্টি হওয়ার জন্য তাঁরও নাম করতে হয়। এখানে আজকে করিম চৌধুরীর বক্তব্য আমার ভাল লাগল। আমার প্রস্তাব সমর্থন করে তিনি বক্তৃতা দিয়েছেন। আমি অনুরোধ করব ওইভাবে তাঁরা কেন্দ্রীয় সরকারকেও বলুন। চা শিল্পকে বাঁচাবার জন্য আজকে তাদের টাকা দিতে হবে, কারণ তারাই এই সংকট সৃষ্টি করেছেন। অতএব এই সংকটের হাত থেকে চা শিল্পকে বাঁচাবার দায়িত্ব তাদের নিতে হবে। ওখানে হেল্‌থ হ্যাজার্ডস হচ্ছে, মানুষের মৃত্যু হচ্ছে—সেই মৃত্যুর দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে। মৃত্যু যাতে না হয় তার জন্য ব্যবস্থা করতে হবে। লিজ ল্যান্ড, একেবারে বিনা পয়সায় আমরা দিচ্ছি, সেটার একটু রিভিউ করান। সরকারীভাবে ২৮৫টা বাগান আছে। আসলে অনেক বেশি আছে—চা বাগান না বলে, চা ক্ষেত বলাই ভাল। ওখানে প্রচুর ক্ষেত হয়ে গেছে। কৃষির কমান্ড এরিয়াতে পর্যন্ত চা ক্ষেত করেছে। এটা আমরা উত্তরবঙ্গের প্রায় সর্বত্রই লক্ষ্য করছি। ২৮৫টা চা বাগানের কোটি কোটি কে.জি. চা কেনার জন্য মাত্র ১৯ জন মোনোপলিস্টস রয়েছেন। তারা যা দাম ঠিক করে দেয়, ওই ১৯ জন বায়ার্স যা দাম ঠিক করে দেয় দ্যাট ইজ ফাইনাল। অথচ পশ্চিমবাংলার মানুষের কাছে, ভারতবর্ষের মানুষের কাছে চা-এর দাম কিন্তু কমছে না। বাজারে যান বিশ্বায়নের আগে যে দামে চা কিনেছেন, বিশ্বায়নের পরেও আপনাকে সেই দামেই চা কিনতে হচ্ছে। বরঞ্চ বিশ্বায়নের পরে কোয়ালিটি নষ্ট হয়ে গেছে। রাজ্য সরকারের বাণিজ্যমন্ত্রী এবং প্রবীণ নেতা শ্রমমন্ত্রী এখানে উপস্থিত আছেন আমি তাঁদের কাছে আবেদন করব, শুধু প্রস্তাব গ্রহণ করলেই হবে না জলপাইগুড়িতে একটি টি অকশান সেন্টার গড়ে তোলার জন্য তাঁদেরও কিছু উদ্যোগ গ্রহণ করতে হবে, সেই উদ্যোগ তাঁরা গ্রহণ করুন। তাহলে ক্যারিং কস্ট কমবে। ১৯ জনের মনোপলি ভাঙতে হবে, ওখানে আরো অসংখ্য মানুষ চা কেনার জন্য যেতে পারবে। আমাদের কাছে খবর আছে ওইসব মোনোপলি বায়ারদের সঙ্গে টি প্ল্যান্টারদের যোগ আছে। ৫৫ বছর ধরে কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করেছে টি ইন্ডাস্ট্রিস থেকে। অনুরূপভাবে টি প্ল্যান্টাররা কোটি কোটি টাকা মুনাফা করেছে। এখন তারা সেই সমস্ত টাকা অন্যত্র সরিয়ে নিয়ে যাচ্ছে, অন্য ব্যবসা করছে, অন্য ইন্ডাস্ট্রিতে নিয়ে যাচ্ছে টি ইন্ডাস্ট্রির মডার্নাইজেশনের কোনো চেষ্টা না করে। ফলে ১০,০০০ শ্রমিকের যে সুযোগ সুবিধার

সম্ভাবনা ছিল তা থেকে তারা বঞ্চিত হয়েছে। ওখানে আজকে শ্রমিকদের কো-অর্ডিনেশন কমিটি হয়েছে—টি.ইউ.সি.সি. ; সি.আই.টি.ইউ. ; আই.এন.টি.ইউ.সি., এ.আই.টি.ইউ.সি. প্রভৃতি সংগঠনগুলো সম্মিলিতভাবে আন্দোলন করছে। ওখানে আন্দোলন হচ্ছে, আর এখানে উল্টো কথা বলা হচ্ছে। আগে শ্রমিকদের পক্ষ থেকে লেবার ডিপার্টমেন্টে চার্টার্ড অব ডিমান্ডস দেওয়া হত। এখন উল্টো দিক দিয়ে চার্টার অব ডিমান্ড দেওয়া হচ্ছে, এখন মালিকদের পক্ষ থেকেই বলা হচ্ছে,—এই এই কন্ডিশন মানলে চা বাগান চলবে, নাহলে চা বাগান বন্ধ করে দেব। অদ্ভুত পরিস্থিতি ! গোটা উত্তরবঙ্গ জুড়ে এই জিনিস চলছে। আমি মাননীয় বাণিজ্যমন্ত্রীকে অনুরোধ করছি, আপনি একবার জলপাইগুড়িতে যান, নিজে অবস্থা দেখে আসুন। এখান থেকে সর্বদলীয় কমিটি করে সমস্ত দলের নেত্রীস্থানীয়—ট্রেড ইউনিয়ন যাঁরা করেন তাঁদের নিয়ে—সদস্যদের যুক্ত করে কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী, বাণিজ্যমন্ত্রীর কাছে আমাদের দাবি পেশ করতে হবে। কোটি কোটি টাকা টি বোর্ডের নিয়ন্ত্রণে আছে, অথচ চা শিল্পের উন্নয়নের জন্য তাদের কোনো ভূমিকাই আমরা দেখছি না। এই সংকট নিরসনের জন্য টি বোর্ড তথা কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে যথাযথ উদ্যোগ নিতে হবে। কেন্দ্রীয় সরকারকে বাধ্য করতে হবে। এক্ষেত্রে কোনো দয়া দাক্ষিণ্যের ব্যাপার নেই। উত্তরবঙ্গের মানুষ, চা শ্রমিকরা কোনো রকম দয়া দাক্ষিণ্য চায় না, ন্যায্য অধিকার চায়। সেজন্য আমরা এখানে শুধু বক্তব্যই রাখছি না, আমরা উত্তরবঙ্গে আন্দোলন করছি। আন্দোলন চলছে। যে সমস্ত চা বাগান, কারখানা বন্ধ হয়ে আছে সে সমস্ত চা বাগান এবং কারখানার শ্রমিকদের চালু বাগানের শ্রমিকরা নিয়মিত সাহায্য করছে।

[4.10–4.20 p.m.]

তাঁরা আন্দোলন, সংগ্রাম করছেন এবং কেন্দ্রীয় সরকারের বাণিজ্য দপ্তর যে বাণিজ্য দপ্তর আমাদের দেশকে মৃগয়া ক্ষেত্র হিসাবে পরিণত করার চেষ্টা করছে তাদেরকে বোঝাতে হবে যে এটা বন্ধ করো, বিদেশী চা আমদানি বন্ধ করতে হবে, বন্ধ করো। তবেই স্তব্ধ করতে পারব, তবেই এই সংকটের হাত থেকে মানুষকে বাঁচাতে পারব। তা যদি না হয় তাহলে শুধু ১৯টি নয়, ২৯টি, ৩৯টি, ৪৯টি চা-বাগান বন্ধ হবে। কেন্দ্রীয় সরকারের যে অনিচ্ছার হাত, আমাদের যে ন্যায্য দাবী সেই দাবী যদি আমরা উদ্ধার করতে পারি, যদি আমরা ছিনিয়ে নিতে না পারি তাহলে উত্তরবঙ্গের চা-বাগানের মানুষ মরে যাবে। আমি আশা করি, এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হবে। আমার বন্ধু শ্রী পবন কুমার লাকরা যে প্রস্তাব দিয়েছেন—আমি এক লাইন পড়ছি, "এই বাগানগুলিতে ৮০ শতাংশ শ্রমিক তফশিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত"। এখানে আবার নেপালি এবং বাঙালি শ্রমিক-কর্মচারীরাও আছে। এই চা-বাগান যাতে বন্ধ না হয় সেটা দেখতে হবে। বর্তমানে বৈদেশিক চা-আমদানি এবং আরো অন্যান্য কারণে বহু চা-বাগান বন্ধ আছে—এটা আমি মেনে নিচ্ছি। আমি আশা করছি, এই প্রস্তাবটি সর্বসম্মতভাবে গৃহীত হবে এবং প্রস্তাব গ্রহণ করার পর আমরা দিল্লি যাব, আন্দোলন চলবে। ধন্যবাদ।

শ্রী অসিত কুমার মাল : স্যার, রুল ১৮৫ অনুসারে একটা মোশন আমাদের দলের পক্ষ থেকে মাননীয় বিধায়ক শ্রী পবন কুমার লাকড়া যেটা উপস্থাপিত করেছেন বিশেষ করে জলপাইগুড়ি জেলার ডুয়ার্স, দার্জিলিং তরাই অঞ্চলে চা-শিল্পে যে সংকট দেখা দিয়েছে তার ফলে চা-শিল্পে কর্মরত শ্রমিকরা অনাহারে দিন কাটাচ্ছে এবং আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। এই বিষয়ে আমি গুটি কয়েক কথা এই হাউসে রাখতে চাই। স্যার, এই সভা অবগত আছে যে, বিশ্বের বাজারে চা রপ্তানি করে বিদেশী মুদ্রা অর্জনের জন্য বিভিন্ন সংস্থা ন্যায্য মূল্যে রেশনিং ব্যবস্থার মাধ্যমে চা সরবরাহ করার উদ্দেশ্যে ১৯৭১ সালে কেন্দ্রীয় সরকারের বাণিজ্য দপ্তরের অধীন টি ট্রেডিং কর্পোরেশন অফ ইন্ডিয়া গঠিত হয়েছিল এবং ১৯৮৫ সালে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুসারে উক্ত সংস্থাগুলির পরিচালনার দায়িত্ব স্টেট ট্রেডিং কর্পোরেশনের হাতে অর্পণ করা হয়েছিল। কিন্তু রাষ্ট্রায়ত্ত শিল্পের প্রতি কেন্দ্রীয় সরকারের উদাসীনতার কারণে দীর্ঘদিন যাবৎ সংস্থার কাজকর্ম বন্ধ হয়ে রয়েছে। যার ফলে কর্মরত শ্রমিকরা তাদের বেতন পাচ্ছে না। অতএব, এই সভা রাজ্য সরকারের কাছে চা শিল্পের পুনরুজ্জীবনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে যাতে শ্রমিক-কর্মচারীরা তাদের বেতন-ভাতা ইত্যাদি যা যা প্রাপ্য সেটা যেন পায় এবং তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি। স্যার, আপনি জানেন এবং এই সভা ভালভাবেই অবগত আছে যে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষে তথা ভারতবর্ষের বাইরে দীর্ঘদিন ধরে একটা কথা বলে এসেছে যে বিদেশ থেকে শিল্পের আমদানি করতে হবে, শিল্পপতিদের ধরে নিয়ে আসতে হবে। আমাদের তৎকালীন মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি বহুবার বিদেশে গেছেন শিল্পের বাজার এখানে তৈরি করতে এবং এরজন্য তিনি কোটি কোটি টাকা খরচা করেছেন। মাননীয় সাংসদ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের জন্য বলেছেন, তিনি নাকি শিল্পের জোয়ার আনছেন। কিন্তু কি কেন্দ্রীয় সরকারের, কি রাজ্য সরকারের শিল্পক্ষেত্রে কোনো জোয়ার দেখতে পাচ্ছি না, শিল্পের ভাটা পড়েছে, কোনো জায়গাতেই শিল্প নেই। কেন্দ্রীয় সরকারকে প্রশ্ন করলে কোথায় আপনাদের নতুন শিল্প তার উত্তর মেলে না, আবার রাজ্য সরকারকে জিজ্ঞাসা করলে, কোথায় আপনাদের নতুন শিল্প, তার উত্তর মেলে না। দীর্ঘদিন ধরে এরা বিশ্বের সমস্ত দেশে ঘুরলেন শিল্পপতিদের আনার জন্য, এখানে শিল্প গড়ে তোলার জন্য। কিন্তু আজকে কোথায় ক'টা শিল্প হয়েছে তার সদুত্তর মিলছে না। যখন বিশ্বের বাজারে চায়ের প্রয়োজন উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং শ্রীলঙ্কার সঙ্গে প্রতিযোগিতা করে যখন ভারতীয় চা বিশ্বের বাজারে নতুন করে জায়গা করে নিচ্ছে তখন চায়ের উৎপাদন যাতে বাড়ে এবং এর উৎপাদনের গতি যাতে অব্যাহত থাকে সেদিকে নজর দিতে হবে। তার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট যারা শ্রমজীবী মানুষ আছেন তাঁদের রুজিরোজগার যাতে ঠিকমতন বজায় থাকে, মালিকদের শোষণের হাত থেকে যাতে তারা রক্ষা পায় তারজন্য একটা কর্পোরেশনের মাধ্যমে চায়ের উৎপাদন বজায় রেখে সরকার যাতে সরাসরি তাতে অংশগ্রহণ করে সে ব্যবস্থাও করা দরকার। স্যার, আপনারা জানেন, '৭১ সালে তৎকালীন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর নির্দেশে এবং তত্ত্বাবধানে টি.সি.আই. তৈরি হয়েছিল এবং তার হেড অফিস হয়েছিল কলকাতায়। ২৬ বছর অতিক্রান্ত হয়ে গিয়েছে, জানি না সেই

টি.সি.আই. কি অবস্থায় চলছে, তার কর্মচারীরা বেতন পাচ্ছেন কিনা বা কিভাবে তারা আছেন। স্যার, আমরা দেখছি, দার্জিলিং, ডুয়ার্স এবং তরাই অঞ্চলের বিভিন্ন চা বাগান একের পর এক বন্ধ হয়ে যাচ্ছে। কোনো চা বাগানের ২৫ জন, কোনো চা বাগানের ১০ জন, কোথাও ১৫ জন চা শ্রমিক মারা গিয়েছেন, কিছু শ্রমিক আত্মহত্যাও করেছেন। এই অবস্থায় আমি বলব, কোনো হিংসা নয়, বিদ্বেষ নয়, সারা বাংলার মানুষকে এক হয়ে দাঁড়িয়ে এই চা শিল্পের সংকট যাতে দূর হয় তার জন্য আন্দোলন করতে হবে এবং একটা বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে চলতে হবে। এক্ষেত্রে রাজ্য সরকার যে শুধু কেন্দ্রীয় সরকারের উপরই দায়ভার চাপিয়ে দিয়ে তাদের কর্তব্য শেষ করবেন তা হবে না, সেখানে তাদেরও যে দায়িত্ব ও কর্তব্য আছে তা সঠিকভাবে পালন করতে হবে এবং একটা প্লাটফর্ম করে সকলকে একসঙ্গে এগিয়ে যেতে হবে। আজকে শুধু ট্রেড ইউনিয়ন করে ভোট আদায় করার দিন শেষ হয়ে গিয়েছে কারণ মানুষ জানতে চায়, বুঝতে চায় যে ট্রেড ইউনিয়ন সমাধানের পথ কিনা। ট্রেড ইউনিয়নগুলি যদি সঠিকভাবে সংগঠন করে শ্রমিকদের স্বার্থে মালিকদের সঙ্গে বোঝাপড়া করত তাহলে শ্রমিকদের স্বার্থ এইভাবে বিঘ্নিত হত না। নির্মলবাবু সঠিকভাবেই তাই বলেছেন, শুধু তপশিল জাতি, উপজাতির লোকরাই নয়, সেখানে নেপালি, বাঙালি, অন্যান্য সম্প্রদায়ের মানুষরাও আছেন যারা দীর্ঘদিন ধরেই খেতে পাচ্ছেন না, কাজ পাচ্ছেন না, মেডিকেল ফেসিলিটিস পাচ্ছেন না, আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন, মারা যাচ্ছেন তাদের স্বার্থ দেখতে হবে। শুধু দিল্লিতে গিয়ে মন্ত্রীর সঙ্গে টেবিলে বসে আলোচনা করলেই বা রাইটার্স থেকে চিঠি পাঠিয়ে দিয়ে কর্তব্য শেষ করলেই হবে না সেখানে রাজ্য সরকারের যে দায়িত্ব আছে তা সঠিকভাবে পালন করতে হবে। আমি বলছি না রাজ্য সরকারের যা ক্ষমতা আছে তা দিয়েই সবটা করে ফেলা যাবে, তা নয়, কিন্তু যতটা করা যায় রাজ্য সরকারকে তা করতে হবে। আজকে আমরা দেখছি তরাই, ডুয়ার্স, দার্জিলিং-এর বিভিন্ন চা বাগান একের পর এক বন্ধ হয়ে যাচ্ছে। এই বন্ধ হয়ে যাওয়াটা খুবই উদ্বেগজনক ঘটনা। তার ফলে কোনো চা বাগানে ২১ জন, কোনো চা বাগানে ১১ জন, কোনো চা বাগানে ১৭ জন না খেতে পেয়ে মারা গেছেন। আমার কাছে লম্বা লিস্ট আছে, সময়াভাবে সবগুলো বলতে পারলাম না, আজকে মাননীয় মন্ত্রীর কাছ থেকে পরিষ্কার করে শুনতে চাই, কারণ চা বাগানের অনেক শ্রমিক আজকে যক্ষ্মা রোগগ্রস্ত, তাদের পি.এফ.-এর টাকা লোপাট হয়ে গেছে, গ্র্যাচুইটির টাকা পাচ্ছেন না, তার সমস্ত হিসেব দিতে হবে। এই বলে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4.20–4.30 p.m.]

শ্রী মহম্মদ আমিন : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এখানে চা বাগান নিয়ে মাননীয় সদস্য যে মোশন এনেছেন আমি তাকে সমর্থন করি। এতগুলো চা বাগান একসঙ্গে বন্ধ হয়ে যাওয়া দুই-তিন মাসের মধ্যে, এটা যথেষ্ট উদ্বেগের কারণ। অতীতে এরকম কখনো হয়েছে কিনা আমার জানা নেই। নভেম্বর মাসে যখন আমাদের কাছে খবর এল জলপাইগুড়ি জেলায় কয়েকটি চা বাগান বন্ধ হয়ে গেছে, মালিকরা চা বাগান ছেড়ে চলে গেছেন, তখন আমরা উদ্বিগ্ন হয়ে ব্যবস্থা করি যে, সমস্ত মালিকদের নিয়ে একটা মিটিং করতে হবে। গত মাসের

২৫ তারিখে শিলিগুড়ি গিয়েছিলাম এবং সেদিন সেই মিটিং হয়েছিল। সেই মিটিংয়ে সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন, মালিকরা ছিলেন বন্ধ হয়ে যাওয়া ১২-১৩টি চা বাগানের। ওদের সঙ্গে দুই ঘণ্টা আলোচনা হয়। মাননীয় সদস্য, যাঁরা আজকে আলোচনায় অংশগ্রহণ করলেন, তাঁরা উদ্বেগ প্রকাশ করেছেন যথাযথভাবেই। চা শিল্পের এই পরিস্থিতির জন্য আপাতত মনে হচ্ছে যে এর পেছনে দুটি কারণ রয়েছে ; প্রথম কারণ, চা শিল্প বহুদিন ধরে আছে, কিন্তু চা বাগানের মালিকরা বাগান চালিয়ে যে প্রফিট করেছেন তার কোনো অংশ রি-ইনভেস্ট করেনি, নিয়ে চলে গেছেন। বাগান যখন পুরনো হয়ে যায় তখন তার উৎপাদন ক্ষমতা কমে যায়। এবং তখন পুরনো চা গাছ তুলে ফেলে নতুন করে গাছ লাগাতে হয়। এই কাজটা ঠিকমত হয়নি। চটকল মালিকদের মতো করেছেন এরাও। তার ফলে বাগানের ক্ষমতা হ্রাস পেয়েছে। দ্বিতীয় কারণ, বিশ্বায়ন। কেন্দ্রীয় সরকার বিশ্বায়ন করে ১,৪০০টি পণ্যের প্রবেশ অবাধ করে দিয়েছেন। তার মধ্যে চা-ও আছে। তার ফলে ভারতের বাজারে বাইরের চা ঢুকছে। যেসব দেশ থেকে চা আসছে তার মধ্যে মালয়েশিয়া এবং শ্রীলঙ্কা রয়েছে। সেখানকার শ্রমিকদের বেতন কম এবং সেই চা কম দামে পাওয়া যায়। এটাও একটা কারণ।

আমরা আর একটা কথা শুনলাম, মালিকরা ত্রিপাক্ষিক আলোচনায় আসতে চান না। আমি বললাম, 'আলোচনায় না বসলে কি করে সমস্যার সমাধান হবে ? কি ডিফিকাল্টি হচ্ছে সেটা আমাকে বলতে হবে এবং তারপর ট্রেড ইউনিয়ন এবং শ্রমিকদের সঙ্গে আলোচনা করে পথ বের করতে হবে। বাগান ছেড়ে চলে যাওয়াটা সমাধান নয়।' শেষ পর্যন্ত মালিকপক্ষ রাজি হলেন আলোচনায় বসতে। পরে ১১ তারিখে আলোচনা হয়েছে। ইতিমধ্যে একটা বাগান খুলেছে, দুটি বাগানের মালিকরা সময় নিয়েছেন। ১৮ তারিখে আবার মিটিং ডাকা হয়েছে। এই সব হয়ে যাওয়ার পরে আমি আবার যাব শিলিগুড়ি জলপাইগুড়ি এবং চেষ্টা করব যাতে এই বাগানগুলো খোলা যায়। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের দাবি জানাতে হবে যে বিদেশী চা ঢোকা যদি বন্ধ না করা যায় তাহলে এই সংকট কাটবে না, অসুবিধা বেড়ে যাবে। এটা শুধু উত্তরবঙ্গের ব্যাপার নয়, পশ্চিমবাংলার অর্থনীতির উপর চাপ পড়বে। চা এবং জুট শিল্প আমাদের কাছে খুবই দরকার, এই দুটো শিল্প বন্ধ হলে আমাদের বিপদ বাড়বে। আমাদের সরকারের পক্ষ থেকে আমি এই আলোচনায় বলেছি মালিকদের যে আপনারা রেশন বন্ধ করে দিয়েছেন কেন, পরিষেবা হিসাবে বিদ্যুৎ বন্ধ করে দিয়েছেন কেন ? ১০ দিনের মধ্যে এটা রেস্টোর করতে হবে। চা বাগানে শুধু বেতন নয়, শ্রমিকদের রেশন দিতে হয়। ওয়ার্কারদের মধ্যে আদিবাসী হোক নেপালি হোক অন্য যে কেউ হোক সেটা বড় কথা নয়, বড় কথা হল এত হাজার হাজার লক্ষ লক্ষ শ্রমিক, তারা যদি বিপদগ্রস্ত হয় তাহলে তাদের রেস্টোর করার কথা বলা হয়েছে। এর কি পরিণাম হয় সেটা দেখে পরবর্তীকালে আমরা পদক্ষেপ নেব। রাজ্য সরকারের কিছু চিন্তা-ভাবনা এই ব্যাপারে আছে। আমি ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের বলেছি, আপনারা দেখুন চিন্তা করে এই অবস্থায় কি করা যায়। মালিকরা ছেড়ে চলে যাচ্ছে এত অতীতে কোনোদিন দেখিনি। কেন চলে যাচ্ছে ? আলোচনার মধ্যে জানলাম কিছু মালিক ব্যাঙ্ক থেকে লোন নিয়েছে, লোন ফেরত দেননি বা দিতে পারছেন

না। ফলে ব্যাঙ্ক আর লোন দিতে চাইছে না। এই একটা সমস্যা হয়েছে। এই সমস্যার সমাধান তো শ্রমিকরা করবে না। ব্যাঙ্ক লোন নিয়ে ফেরত দিলেন না সেটা তো আপনাদের সমাধান করতে হবে। আমি মনে করি এই মোশান যুক্তিযুক্ত। এটা গ্রহণ করা উচিত। আমার পক্ষ থেকে রাজ্য সরকারের পক্ষ থেকে যা কিছু করা সম্ভব আমি সব করব, আমার চেষ্টার কোনো ত্রুটি থাকবে না এই আশ্বাস আমি এই সভাকে দিতে পারি। ধন্যবাদ।

শ্রী পবন কুমার লাকড়া : মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। নির্মলবাবু চা বাগানগুলির ব্যাপারে যে প্রস্তাব দিয়েছেন সেটার জন্য তাঁকে আমি সমর্থন করছি, দেরিতে হলেও তিনি বুঝতে পেরেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমার প্রস্তাবের মধ্যে একটা জায়গায় বলা ছিল ৮০ শতাংশ আদিবাসী শ্রমিক। আমি শুধু আদিবাসী শ্রমিকদের কথা বলিনি। ৮০ শতাংশ বলার অর্থ টোটাল শ্রমিকের ৮০ শতাংশ হচ্ছে আদিবাসী। ২০ শতাংশকে বাদ দিচ্ছি না। ৮০ শতাংশ আদিবাসী শ্রমিক রয়েছে এবং ২০ শতাংশ অন্যান্য শ্রমিক তারা সকলেই এফেক্টেড। চা-বাগানগুলির বন্ধ থাকার কারণে, ক্লোজার থাকার কারণে যে সমস্ত শ্রমিক মারা গিয়েছে তার মধ্যে বেশিরভাগ হচ্ছে তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত। মন্ত্রী মহাশয় বলেছেন যে চা-বাগানগুলোর গাছগুলো পুরনো হয়ে গিয়েছে, এটা নতুন লাগাতে হবে। কেন্দ্রীয় সরকারের বিশ্বায়নের জন্য চা-বাগানগুলি ঠিকমতো চলছে না, সমস্যার সৃষ্টি হচ্ছে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে একটা প্রশ্ন করতে চাই। চা-বাগানের ব্যাপারে যেখানেই প্রশ্ন করতে যাই সেখানেই একই উত্তর জানতে পারি যে কেন্দ্রীয় সরকার এর জন্য দায়ী। কিন্তু আমার প্রশ্ন রাজ্য সরকারের কি কোনো দায়িত্ব নেই ? আমি আগেই বলেছি বহু শ্রমিক মারা গিয়েছে। কত শ্রমিক মারা গিয়েছে এবং কতগুলি পরিবার সুইসাইড করেছে তার উত্তর আমি পেলাম না। আমার মনে হয় পশ্চিমবাংলায় কতগুলি চা-বাগান আছে, জলপাইগুড়িতে কতগুলি চা-বাগান আছে ; কতগুলি চা-বাগান এফেক্টেড, কতগুলি চা-বাগানে ক্লোজার চলছে, কতগুলি চা-বাগানের মালিক পালিয়ে গেছে, কোন কোন চা-বাগানে কতগুলো লোক মারা গেছে তার সঠিক হিসাব মন্ত্রী মহাশয়ের কাছে নেই।

[4.30–4.40 p.m.]

আমি এই হাউসে কয়েকটি চা-বাগান কতদিন ধরে বন্ধ এবং কতজন মারা গেছে তার একটা হিসাব দিচ্ছি। যেমন রোহিনীবাগে পূর্ত দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী থাকেন। ওখানে ৯ মাস ধরে টী বাগান বন্ধ ৩১ জন শ্রমিক মারা গেছে। তারপরে বক্সা টী কোম্পানীর ৩টে চা-বাগান রয়েছে যেমন কালচিনি, রায়মাতাঙ্গ এবং ডিমা। এটা ৭ মাস ধরে বন্ধ, এতে ২১ জন শ্রমিক মারা গেছে। তারপরে মুজলাই টী এস্টেট ৮ মাস ধরে বন্ধ, ২৬ জন শ্রমিক মারা গেছে। রামঝোড়া টী এস্টেট ২৩ জন শ্রমিক মারা গেছে। ধাকলাপাড়া টী এস্টেট ৩ মাস বন্ধ, ওখানে ৫ জন শ্রমিক মারা গেছে। কাঁঠালগুড়ি টী এস্টেট ৩ মাস বন্ধ ২১ জন শ্রমিক মারা গেছে। পাথরঝোড়া টী এস্টেট ১০ মাস বন্ধ, ৩৫ জন শ্রমিক মারা গেছে। সামসিং টী

এস্টেট ২৬শে নভেম্বর থেকে বন্ধ এবং সিমলাগড় ২৬শে নভেম্বর থেকে বন্ধ, চামুরচি টী এস্টেটে ১৫ জন শ্রমিক মারা গেছে। কেরন টী এস্টেটে ১ বছর ধরে বন্ধ ৩১ জন শ্রমিক মারা গেছে। দেবীঝোড়া ৮ মাস ধরে বন্ধ ১১ জন শ্রমিক মারা গেছে। শহিদাবাদ টী এস্টেট এটা লক আউট এবং এর ২১৯ জন শ্রমিক মারা গেছে। আপনারা গতবারে কালাহান্ডিতে মানুষ না খেতে পেয়ে আমের আঁটি খেয়েছিল বলে আলোচনা করেছিলেন। কিন্তু আজকে এই যে মানুষগুলো না খেতে পেয়ে মরে যাচ্ছে তার কি ব্যবস্থা নিচ্ছেন ? আমার জেলা দার্জিলিংয়ের তরাই অঞ্চলে চা-বাগানগুলোতে শ্রমিকরা না খেতে পেয়ে, ওষুধ না পেয়ে মরছে তার জন্য কাকে দায়ী করব ? মাননীয় মন্ত্রীকে চা-বাগানগুলো খোলার ব্যাপারে কয়েকটি প্রস্তাব দিচ্ছি। প্রথমত চা পাতা বাইরে থেকে আমদানি যে হচ্ছে তার উপরে ট্যাক্স ধার্য করতে হবে। তারপরে টী অকশান সেন্টারগুলোতে যাতে সবাই পার্টিসিপেট করতে পারে সেটা দেখতে হবে। আর প্ল্যানটেশান অ্যাক্ট চা মালিকরা মানছে না। শ্রমিকদের মাইনের থেকে যে টাকা কেটে এল.আই.সি, প্রভিডেন্ড ফান্ডে এবং গ্র্যাচুয়িটিতে রাখার কথা মালিকরা সেই টাকা রাখছেন না, জমা দিচ্ছে না। এমনকি শ্রমিকদের মৃত্যুর পরেও তার পরিবারের লোকেদের এল.আই.সি., প্রভিডেন্ড ফান্ড এবং গ্র্যাচুয়িটির টাকা দেওয়া হচ্ছে না। যেসব চা মালিকরা এই প্ল্যানটেশান অ্যাক্ট মানছেন না তাদের লিজ ক্যান্সেল করে দেওয়া হোক। যে সমস্ত চা শ্রমিকরা না খেয়ে মরছে তাদের ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক। তারপরে প্ল্যানটেশান এরিয়া এবং ফ্যাক্টরি এরিয়ার মধ্যে চা উৎপাদনের জায়গা বাদ দিয়ে বাকি যে জায়গাটা পড়ে আছে সেই জায়গাটাকে পঞ্চায়েতের অন্যান্য কাজকর্ম করার জন্য দেওয়ার ব্যবস্থা করা হোক এবং এই ব্যাপারে মালিকদের জোর দিতে হবে। মাননীয় মন্ত্রীকে আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, যেসব শ্রমিক অর্ধাহার, অনাহারে আছে তাদের ব্যাপারে রাজ্যের প্রশাসনের আধিকারিকদের কাছে গেছিলাম এবং বলেছিলাম যারা দু মাস ধরে খেতে পাচ্ছে না তাদের খাবারের ব্যবস্থা করুন। তারপরে যে সমস্ত চা-বাগানে মালিক নেই, চলে যাচ্ছে সেই অঞ্চলের চা বাগানের শ্রমিকদের কি বেঁচে থাকার কোনো অধিকার নেই, নাকি ওই অঞ্চলটি রাজ্যের বাইরে বলে রাজ্য সরকারের দেখার দরকার নেই। আর যে সমস্ত চা-বাগানগুলি বন্ধ আছে, আমাদের রাজ্যের বাইরে ; যেমন কেরালাতে, আপনাদের কাছে হিসাব আছে, মনে হয় লিখিত হিসাবও আছে, কেরালায় যে সমস্ত চা-বাগানগুলি লক-আউট বা ক্লোজার অথবা মালিক বাগান ছেড়ে পালিয়েছে, এই সমস্ত চা বাগানের শ্রমিক পরিবার পিছু সরকার ১ হাজার টাকা অনুদান দিয়েছে। কিন্তু পশ্চিমবাংলায় এর কোনো রকম সুফল পায়নি। আমি আজকে এই সভায় বলতে চাই এই গুরুতর সমস্যাগুলি যাতে সমাধান করা যায় তার জন্য সর্বসম্মতিক্রমে বিধানসভা থেকে একটা প্রস্তাব গ্রহণ করা হোক এবং রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে যাতে এই ব্যাপারে সঠিক পদক্ষেপ নেওয়া হয় তার জন্য যে ব্যবস্থা নেওয়া দরকার, তা নেওয়া হোক, ধন্যবাদ।

Mr. Deputy Sepaker: There is one amendment to the motion given by Shri Gobinda Roy.

The motion of **Shri Gobinda Roy** that—স্যার, এখানে আমার সংশোধনী হল, শ্রী পবন লাকড়া তার প্রস্তাবের তৃতীয় প্যারাগ্রাফে যে কথাটা বলেছেন, এই বাগানগুলিতে ৮০ শতাংশ শ্রমিক তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত এবং কর্মরত অন্যান্য সম্প্রদায়ের ২০ শতাংশ শ্রমিক রয়েছেন'—এই কথাটা এখানে যুক্ত করতে হবে। এটা যুক্ত কবার জন্য আমি অনুরোধ করছি"।

was then put and carried.

শ্রী পবন কুমার লাকড়া : হ্যাঁ, আমি এই সংশোধনীটা গ্রহণ করছি।

The motion of Shri Paban Kumar Lakra, as amended,

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

জলপাইগুড়ি জেলায় ডুয়ার্স ও দার্জিলিং-এর তরাই এলাকায় ১৯৩টি চা বাগানের সঙ্গে যুক্ত বহু আদিবাসী শ্রমিক বেতন, রেশন ও স্বাস্থ্য পরিষেবা পাচ্ছেন না এবং বহু আদিবাসী পরিবার স্বাস্থ্য পরিষেবার অভাবে মারা যাচ্ছেন এবং কেউ কেউ আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন।

এই সভা অবগত আছে যে,—

এই বাগানগুলিতে ৮০ (আশি) শতাংশ শ্রমিক তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত এবং কর্মরত অন্যান্য সম্প্রদায়ের ২০ শতাংশ শ্রমিক রয়েছেন এবং বর্তমানে বৈদেশিক চা আমদানি এবং আরও অন্যান্য কারণে বহু চা বাগান বন্ধ আছে।

অতএব, এই সভা রাজ্য সরকারের কাছে চা শিল্পের পুনরুজ্জীবনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।"

was then put and agreed to.

The motion moved by Shri Nirmal Das

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

উত্তরবাংলার ডুয়ার্স, তরাই ও দার্জিলিং-এ মোট ১৯টি চা বাগান কর্তৃপক্ষ নানা অজুহাতে ক্লোজার, লক-আউট, ওয়ার্ক সাসপেনশন করে ৪০ হাজার চা শ্রমিক পরিবারের দুই লক্ষ মানুষকে অনাহার-অর্ধাহারের দিকে ঠেলে দিয়েছে এবং বিশ্বায়ন মন্দার নামে শ্রমিক কর্মচারী তথা উত্তরবাংলার অর্থনীতিকে বিপর্যস্ত করে তুলছে।

এই সভা মনে করে যে,—

কেন্দ্রীয় সরকারের বিদেশী চা অবাধে ভারতের বাজারে আসার সুযোগ প্রদান এই বিপর্যয়ের অন্যতম কারণ।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,—

(১) চা শিল্পের এই সংকট নিরসনে যথাযথ উদ্যোগ গ্রহণ করা হোক ;

(২) জলপাইগুড়িতে একটি টী অকশান সেন্টার গড়ে তুলে বর্তমানে একচেটিয়া ব্যবস্থা ভেঙে বেশি চা পাতা ক্রয়ের সুস্থ প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক ; এবং

(৩) কেন্দ্রীয় সরকারের বাণিজ্য দপ্তর এবং টী বোর্ড সম্মিলিতভাবে চা শিল্পের সামগ্রিক উন্নয়নে দ্রুত ব্যবস্থা গ্রহণ করুক।"

was then put and carried.

Shri Tapas Roy: Mr. Deputy Speaker, Sir, under rule 185 I would like to move that—

"Whereas, both the Central and State Governments are following a policy of disinvestment ;

Whereas, the Central Government has already closed down MAMC, Durgapur and decided to close down HFC, Haldia and other Central PSUs ;

Whereas, the State Government has decided to close down India Paper Pulp and Sunderban Suger Beat and also decided to sell of 6 State PSUs to private parties ; and

Whereas, such actions will jeopardise the interests of the working class ;

This House, therefore, urges on the State Government and through the State Government on the Central Government to desist from their policy of disinvestment and to revive the Central and the State PSUs through suitable measures."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটি পয়েন্ট অফ অর্ডার আছে। স্যার, আপনি দেখুন, মন্ত্রীদের কেউ নেই। অন্তত আপনি দয়া করে শিল্পমন্ত্রীকে ডাকুন। এটা ডিসইনভেস্টমেন্টের ব্যাপার, শিল্পমন্ত্রীর থাকার কথা, উনি ছিলেনও হাউসে, দয়া করে যদি শিল্পমন্ত্রীকে ডাকেন।

[4.40–4.50 p.m.]

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রী সুব্রত মুখার্জী এবং অন্যান্যরা যে মোশান এনেছেন আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে, সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে এই মোশান আনা হয়েছে। ভারতবর্ষ ছাড়া সারা

পৃথিবীতে আর কোথাও এই বিলগ্নিকরণ দপ্তর নেই এবং অরুণ শৌরীকে এই দপ্তরে বসিয়ে দিয়ে বর্তমান ভারত সরকার ভারতবর্ষটাকে বিক্রি করে দেওয়ার একটা পরিকল্পনা শুরু করেছে। বিরোধী তৃণমূলের বন্ধুরা এদিকে রাস্তাঘাটে বলছেন আমরা বেরিয়ে এসেছি ওই সরকার থেকে। কিন্তু এখনো তাদের আশা আছে আরেকবার ডাকিলেই যাইব। গতকাল রাজ্যসভায় বিলগ্নিকরণ দপ্তর নিয়ে আলোচনা হয়েছে এবং আমাদের বামপন্থী এম.পি.-রা তারা আলোচনা করেছেন। আগামী কয়েকদিনের মধ্যে তিনি একটা বিল নিয়ে আসার চেষ্টা করছেন, আর যেগুলো বাকি আছে সেগুলোকে কিভাবে বিক্রি করে দেওয়া যায়। আজকে কেন্দ্রীয় সরকার চক্রান্ত করে এইসব কাজ করছে। আর এখানে বিরোধীদলের বন্ধুদের দরদ উথলিয়ে পড়ল শ্রমিক-কৃষকের জন্য। কিন্তু তারা একবারও লোকসভায় দাঁড়িয়ে বলতে পারছেন না, আমাদের দেশের সার কারখানাগুলো বন্ধ করে দেওয়া হচ্ছে কেন। আপনারা এই কথা কি কখনও বলেছেন সেখানে ? আপনাদের বলার মতো সৎ সাহস নেই বলে আপনারা বলতে পারছেন না। তাই আপনাদের এই মোশান আনার আগে লজ্জা হওয়া উচিত। পশ্চিমবাংলার সাতটি সার কারখানা আজকে বন্ধ করে দেওয়া হচ্ছে, তার বিরুদ্ধে আপনারা বলবেন না। আজকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে সুব্রতবাবু এই মোশানটা নিয়ে এসেছেন। গতকাল বিধানসভার লবিতে দাঁড়িয়ে তিনি সাংবাদিকদের বলছিলেন, কলকাতা কর্পোরেশনের বারো হাজার কর্মীকে তিনি ছাঁটাই করবেন। এটা আপনাদের দলের রাজনৈতিক উদ্দেশ্য নয় ? স্যার, আমি বলতে চাইছি, এরা উদ্দেশ্যপ্রণোদিতভাবে সারা ভারতবর্ষের মানুষকে বিভ্রান্ত করছে, আর পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করার জন্য এই ধরনের মোশান এনে বিধানসভায় হৈ-চৈ করার চেষ্টা করছে। ১৯৭৭ সালে আমরা যখন—বামফ্রন্ট—যখন সরকারে আসে, আমরা জিরো থেকে পথ চলা শুরু করেছি এবং সবার আগে যাবার চেষ্টা করেছি। আর, অতীশবাবু, শ্রদ্ধেয় মানুষ, তিনি আছেন এখানে, এরা কেন্দ্রীয় সরকারে যখন ছিলেন তখন নয়া অর্থনীতি, নয়া শিল্প নীতি, নয়া কৃষিনীতি বলতে লাগলেন, সব নয়া, পুরনো কিছু থাকবে না। এইভাবে এরা দেশটাকে বিক্রি করে দিলেন। আজকে চিৎকার করলে কি হবে ? ওদিকে চা-বাগানের শ্রমিকরা খেতে পাচ্ছে না, মালিকরা বাগান বিক্রি করে চলে যাবার চেষ্টা করছে। আপনারা দালালি করেছেন, দেশের সর্বনাশ করেছেন, পশ্চিমবাংলার সর্বনাশ করেছেন। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার ছাড়া পৃথিবীর আর কোনো দেশে, ভারতের আর কোন রাজ্যে বিলগ্নিকরণ দপ্তর আছে ? অরুণ শৌরীর মতো মন্ত্রী আর কোথায় আছে ? আমাদের রাজ্যে কি বিলগ্নিকরণ মন্ত্রী আছে ? আপনারা মানুষের কাছে অপরাধ করেছেন, সেই অপরাধ ঢাকার জন্য আজকে এই বিধানসভায় এরকম একটা মোশান এনেছেন এবং বাংলার মানুষকে বিভ্রান্ত করছেন। তাই এর বিরোধিতা করছি।

মাননীয় সদস্যরা আলোচনার সময় বলেছেন সর্বভারতীয় টিম করে কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়া হোক। আমি বলি টিম নয়, এই ব্যাপারে হাউসের সমস্ত সদস্যরা দিল্লির সরকারের কাছে গিয়ে ধর্ণায় বসে প্রতিবাদ জানাক।—এই কটি কথা বলে, এই মোশানের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Atish Chandra Sinha : Mr. Deputy Speaker, Sir, initially I would like to correct Shri Ananda Gopal Das that he took my name saying that I am in the NDA Government that means our party is in the NDA Government which is not true and he has told it mistakenly and, therefore, I would like to correct him.

Sir, I support this motion. While supporting this motion I must say that dis-investment as such is not a very bad policy. I will tell you the reason that there are certain Central Government Undertakings as well as State Government Undertakings which are completely unnecessary and because of various social reasons they have either been taken over by the Central Government or have taken over by the State Government.

[4.50–5.00 p.m.]

Sir, you will agree with me that before this government came to power, while they were in the opposition, they had been shouting at their best that everything should be controlled by the government, all the industries which are becoming sick should be taken over by the government. Now that they have become experienced after being in the power for 26 years and realised that it is not possible to run these undertakings profitably. They are also not trying to run these undertakings profitably and therefore they have to dish out a lot of money in order to run these public undertakings. They have realised that it is not possible to run all these undertakings by the State Government and that is one of the reasons why the state government here in West Bengal have proposed that certain undertakings should be closed down and they have closed down two undertakings, the names of which have been given in the proposal in the motion itself. They are also going for joint ventures. Sir, perhaps you know that in the 80 public undertaking which the state government runs no further recruitments are being done and in most of the undertakings, the employees are in a state of constant fear of loosing job which is very serious. They are thinking that any day their services might go, they might come under VRS. If that is not so, I would like to be clarified by the Minister himself. Sir, you would agree with me that there are certain undertakings like hotels etc. should never be taken up by the Central Government or the State Government because in these undertakings there are

lots of private enterprises who can take up and do the job much better. Sir, the difference between a public undertaking and a private undertaking is very serious. In one of the debates in which we undertook Mr. Rusi Modi was there and the subject matter of the debate was, "why the public undertakings are not making profit ?" Mr. Modi was Chairman of TISCO for more than 20 years. He said that in a public undertaking, the Chairman stays for hardly one year or two years at the maximum. So, he has no responsibility, cannot get hold of it and if anybody asks him why the undertaking is not making profit under him, he will reply, "I have been only for one or two years and I am not responsible for the loss that the undertaking is making." That is the difference.

Sir, I will give you another example. I was a Minister-of-State of Public Undertakings Department and I was Chairman of the D.P.L., one of the largest undertakings of the state government. Now, when I became the Chairman of DPL, it was making loss and with my efforts within five years DPL started making a profit of about four crores of rupees per year. This was only possible because I was regularly after the workers, regularly after the management and I used to visit DPL very often and find out what are the lacune which are making the public undertaking a loss making one and I was able with my efforts to turn it into a profit making organisation. Sir, with this example I would like to say that if there is a goodwill a public undertakings, not all the public undertakings but many of the public undertakings, can be turned into a profit making organisation which unfortunately has been completely absent in this state for the last 26 years. As you know, Sir, out of this 80 public undertakings about 80 or 85 per cent of the undertakings are making loss. Only 10 or 14 undertakings are making a little bit of profit and they are making profit from the very beginning.

And this State Government has not been able to turn any of the loss making one into a profit making one. For the information of Shri Ananda Gopal Das, I must say that they are thinking of closing down some of the undertakings. They have done so with two Public sector undertakings—Indian Paper Pulp and another. And they are thinking to go for joint ventures. In many cases, they have stopped recruiting and as a result of which all the PSUs

on the State Government are actually in a moribund state and any day some of the workers might be completely chucked of and might go under V.R.S. So this is the situation which is very pathetic and therefore, the disinvestment that the State Government is doing, the Central Government is also doing. They are bad as such because it will tell upon the interest of the workers. There is no doubt about it. The interest of the workers should be affected. I completely agree with Shri Subrata Mukherjee that the interest of the workers will be affected. So every efforts should be done by the State Government as well as the Central Government to look into the affairs of the workers so that their interest is not suffered and therefore I support this motion under Rule 185. Thank you very much.

শ্রী তপন হোড় : স্যার, ১৮৫-এ শ্রী সুব্রত মুখার্জী, তাপস রায় এবং অন্যান্যরা যে মোশান এনেছেন সেটাকে কি করে সমর্থন করব। সমর্থন করার জায়গা নেই। কার মূল মুভার যিনি তিনি কোথায় ? তিনি নিজেই কলকাতা কর্পোরেশনে ভি আর এস দেবেন প্রায় ১২ হাজার কর্মচারীকে তিনি বিদায় করে দেবেন। তিনি এই ঘোষণা করেছেন। বিদেশ থেকে তিনি আড়াই হাজার কোটি টাকা ঋণ নিচ্ছেন। তা সত্ত্বেও কর্মী সংকোচন করতে হবে। ভি আর এস দিতে হবে। আজকে এখানে সকালবেলায় আলোচনা করেছি সুব্রতবাবু কেন চলে গেছেন ? তিনি টার্ন আপ করেননি। ডিস ইনভেস্টমেন্ট নিয়ে সুব্রতবাবুর বাড়াবাড়ি বক্তৃতা, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে, একজন শ্রমিকও সুব্রতবাবু আপনার নেই। তাই আজকে তিনি ভুল তথ্য এখানে দিয়েছেন। তিনি জানেন যে, আমাদের এখানে কতগুলি রাষ্ট্রায়ত্ত সংস্থা আছে এবং কোনগুলি জয়েন্ট ভেঞ্চারে নিয়ে যাওয়া হবে, কোনগুলি আমরা চালু রাখব। এখানে বলেছে দেখুন—also decided to sell all State Public Sector center takings (PSU) to private parties. এই যে কথাগুলি বলেছেন অর্থাৎ না জেনে একজন শ্রমিক নেই, তিনি আজকে যে ভূমিকা পালন করছেন, বিশ্বায়নের যে ভূমিকা লক্ষ্য করছি, তার আজকে তাঁবেদারি করা ছাড়া আর তার জায়গা নেই। আজকে তিনি পালিয়ে গেছেন। ভয়ে তিনি আসেননি। আমরা চার্জ করব এই ভয়ে তিনি পালিয়ে গেছেন। এটা জেনে রাখা দরকার যে ১৬টি রাষ্ট্রায়ত্ত সংস্থা আছে, তার মধ্যে ১০টি সংস্থা তার ৭৪ পার্সেন্ট বিক্রি করে দিয়ে সেখানে জয়েন্ট ভেঞ্চার করা হবে। ৪টি সংস্থাকে আমাদের স্টেট গভর্নমেন্ট নেবে, চালাবে। আর দুটো সংস্থা ক্লোজ করে দেবে। কোন কোন সংস্থা এর মধ্যে আছে সেটাও বিরোধীপক্ষের বন্ধুরা জানেন না। এতবড় ঘটনা নিয়ে এসেছেন, শ্রমিকদের সঙ্গে নেই, সাধারণ মানুষের সমস্যার মধ্যে নেই। আজকে ডিস ইনভেস্টমেন্ট নিয়ে হাস্যকর মোশান নিয়ে এসেছেন। আজকে সৌগতবাবু শোভনদেববাবু বলুন কেন সুব্রতবাবু ভি আর এস দিচ্ছেন সেটা বলুন। এত কোটি টাকা ঋণ নিয়ে যে ঘটনার উপস্থাপনা করছেন, আজকে তার উত্তর দেবেন। যাই হোক আজকে ভারত সরকারই হোক না কেন, রাজ্য সরকারই হোক না

কেন, যে কোনো রাষ্ট্রায়ত্ত সংস্থা তার বিলগ্নীকরণ করাটা সাধারণত বিরোধী কারণ এটা শ্রমিক স্বার্থ বিরোধী।

[5.00–5.10 p.m.]

আজকে আনন্দবাবু বলেছেন, অতীশবাবু বলেছেন, আপনারা অস্বীকার করতে পারেন না মনমোহন সিং-এর আমলে প্রণব মুখার্জী গ্যাট চুক্তিতে সই করেছিলেন। আমরা তখন আপত্তি করেছিলাম। আমরা বলেছিলাম এই চুক্তিতে সই করলে ২০০১, ২০০২ সালের মধ্যে তার তীব্র সংকট শুধু ভারতবর্ষেই নয় পশ্চিমবাংলাতেও আছড়ে পড়বে। চা বাগানের ব্যাপারে আপনারা এতক্ষণ ধরে শুনলেন। বিভিন্ন ক্ষেত্রে ন্যাশনাল টেক্সটাইলস্ কর্পোরেশনের ১২টা মিল রয়েছে, তার মধ্যে তারা বলছেন ৯টা মিলকে বন্ধ করে দিয়ে মাত্র ৩টে মিলকে চালাবেন। তাহলে এই ৯টা মিলের শ্রমিকদের কি হবে ? এ ব্যাপারে কংগ্রেস বা তৃণমূল কংগ্রেস সদস্যদের কোনো কথা শুনতে পাইনি। আসল ব্যাপার হচ্ছে তাঁদের এই প্রস্তাবই আনা উচিত হয়নি। তাঁরা তো প্রাইভেটাইজেশানের পক্ষে, তাঁরা বেসরকারিকরণের পক্ষে, কাজেই তাঁরা কি করে আজকে বলবেন। ক্যাটার পিলার, অ্যাপেলো জিফার, এঞ্জেলা ইন্ডিয়া, শালিমার ওয়ার্কস, লিসকো এই সব কোম্পানিগুলিকে জয়েন্ট ভেঞ্চারে নিয়ে আসবেন। কাজেই এখানে তাদের বিরোধিতা করার কিছু নেই, আমরা এর পক্ষে তাই আমরা কিছু বলতে পারি। আপনারা প্রাইভেটাইজেশানের পক্ষে, বেসরকারিকরণের পক্ষে, বিশ্বায়নের পক্ষে তাহলে আপনারা কি করে এই ধরনের মোশান আনলেন ? আপনাদের কি করে সমর্থন করি। আমি আগেও বলেছি আবার এখনও বলছি একটা সময় ছিল ৩০, ৩১-এর দশকে লর্ড কেইনস্ মিক্সড ইকোনমির যে কনসেপ্ট আমাদের দিয়েছিলেন যে সুপারিশ করেছিলেন সেটা পার্সোনাল ক্যাপিটাল, প্রাইভেট এন্টারপ্রেনারশিপ তাদেরকে উৎসাহিত করার জন্যই। কিন্তু আজকে সেই অবস্থান পাল্টেছে। আজকে ডাংকেল প্রস্তাব, গ্যাট নিয়ে আপনারা পুঁজিবাদীদের, সাম্রাজ্যবাদীদের বাঁচাতে চাইছেন। আজকে প্রাইভেটাইজেশানের মধ্যে দিয়ে, বিশ্বায়নের মধ্যে দিয়ে শ্রমিক বিরোধী সমস্ত রকম ব্যবস্থাপনার উদ্যোগ তারা নিয়েছেন। আজকে ক্যাপিটালিস্ট, সাম্রাজ্যবাদী দুনিয়াকে বাঁচাতে চাইছেন। কারণ তাদের আর পুরনো কায়দায় বাঁচানো যাবে না, কাজেই নতুন কায়দায় বাঁচাতে হবে, তাই গ্লোবালাইজেশানের রাস্তা ধরেছেন। ওই চা বাগানের শ্রমিকরা, এন.টি.সি.-র শ্রমিকরা কি করে খাবে সেটা দেখার দরকার আপনাদের নেই। জেশপ, এম.এম.সি. নিয়ে আপনাদের কোনো আন্দোলন নেই। ৮ কোটি লোকের মধ্যে মাত্র ২০, ২৫ হাজার মানুষ হচ্ছে আইনজীবী, যাদের কাছে ১৭০০ টাকা ফি চায়, ১৭ হাজার টাকা, ৭০ হাজার টাকা ফি চায় তাদেরকে আপনারা সমর্থন করছেন। যেখানে জেশপ্ বিক্রি হয়ে যাচ্ছে তখন আপনারা আন্দোলন করছেন না। আপনারা বরাবরই জনস্বার্থের বিরুদ্ধে আছেন। এই যে মোশান আনলেন এটা আনবার আপনাদের কোনো অধিকার আছে ? আপনারাই এই মোশানের বিরুদ্ধাচারণ করেন। আপনারা বিশ্বায়নের পক্ষে, ডাংকেলের পক্ষে, ডব্লু.টি.ও. পক্ষে, আপনারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যুক্ত। আপনাদের নেত্রী মন্ত্রী হতে পারছেন না এতে হয়তো আপনাদের দুঃখ হতে পারে কিন্তু কেন্দ্রীয় সরকারের

সমস্ত পাপের সঙ্গে আপনারা আছেন তা সে সাম্প্রদায়িকতা থেকে শুরু করে, অর্থনীতি থেকে শুরু করে, সমাজনীতি থেকে শুরু করে, দর্শন থেকে শুরু করে সমস্ত পাপের সঙ্গে আপনারা আছেন। কাজেই আপনারা সেই পাপের বিরোধিতা করবেন কি করে ? সৌগতবাবু, আজকে নির্লজ্জের মতো কথা বলেছেন, সুব্রতবাবু নির্লজ্জের মতো ভি.আর.এস. দিচ্ছেন। এতে আপনাদের কোনো প্রতিবাদ আছে ? কাজেই এই মোশান হাস্যকর, লজ্জাকর এবং বিব্রতকর আপনাদের কাছে। কাজেই আমরা একথা বলতে পারি যে পশ্চিমবাংলা একটা ছোট জায়গার মধ্যে আছে। আন্তর্জাতিক অর্থনীতি মার্কিন সাম্রাজ্যবাদ যার নেতৃত্বে রয়েছে। সেখানে দাঁড়িয়ে ভারতবর্ষের অটলবিহারী বাজপেয়ী প্রেসিডেন্ট বুশের পা চাটছেন। আপনারা আবার সেই মন্ত্রীসভাকে সমর্থন করছেন, সেখানে যোগ দেওয়ার চেষ্টা করছেন। ভাবুন আপনাদের অবস্থান কোথায় ? আজকে আপনারা সেখানে এমন একটা দলে রয়েছেন যার দলনেতা নেই। তার প্রকৃত আস্থা আপনাদের প্রতি নেই। আপনারা আবার ১৯ তারিখে নো কনফিডেন্স ডেকেছেন। কার বিরুদ্ধে নো-কনফিডেন্স ? আপনাদের নিজেদের মধ্যেই তো কোনো মিল নেই। সৌগতবাবুর শোভনদেববাবুর প্রতি, শোভনদেববাবুর পঙ্কজবাবুর প্রতি কোনো আস্থা নেই। আপনারা আবার নো-কনফিডেন্স ডেকেছেন। কাজেই আজকে এখানে যে মোশান এসেছে আমরা নীতিগতভাবে সেই বিলগ্নীকরণের বিরোধিতা করছি। অরুণ শৌরী মহাশয় এমন একটা দপ্তরের মন্ত্রী যা সারা পৃথিবীতে নেই। কেন্দ্রীয় মন্ত্রীসভার মধ্যে বিরোধ লেগেছে। উমা ভারতী থেকে শুরু করে অনেকে 'নালকো' বিক্রি করার বিরোধিতা করছেন। কাজেই আমরা যদি পশ্চিমবাংলার ক্ষেত্রে ভারতবর্ষকে বিচার না করি তাহলে হবে না। আজকে আমাদের সাবেক সব কারখানা—ই.সি.এস., এম.এম.সি., জেশপ, ইসকো, মার্টিন বার্ন কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? এই সব ক্ষেত্রে আপনারা একটা কথাও বলেননি। কাজেই আজকে এই প্রস্তাব আপনাদের পক্ষ থেকে আনা হাস্যকর। এই মোশানকে সমর্থনের কোনো প্রশ্নই ওঠে না। আপনারা আজকে পরিষ্কার করে বলুন আপনারা বিশ্বায়নের পক্ষে না কৃষকদের পক্ষে, শ্রমিকদের পক্ষে, সাধারণ মানুষের পক্ষে ? অথবা আজকে আপনারা বলুন, আমরা সাধারণ মানুষের বিপক্ষে, শ্রমিকের বিপক্ষে, কৃষকদের বিপক্ষে। জনগণ পাঁচবারের জন্য আমাদের সমর্থন করেছেন, আপনাদের করেননি। আর, তাই আজকে আপনারা মূল থেকে তৃণমূল, তৃণমূল থেকে মূল, এই সব করছেন এবং সেই জায়গায় দাঁড়িয়ে আপনারা বিলগ্নীকরণের কথা বলছেন। আপনাদের বিলগ্নীকরণের নীতি আমরা মানি না। এটা ঠিক যে আমাদের সরকার একটা অভূতপূর্ব সংকটের মধ্যে দিয়ে চলেছে। কেন্দ্রীয় সরকার বাধ্যতামূলকভাবে অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন এবং রাজ্য সরকারকে বাধ্যতামূলকভাবে কিছু পদক্ষেপ নিতে হচ্ছে। যদিও আমাদের সরকার যে সমস্ত কারখানা বন্ধ হয়ে যাচ্ছে সেই সব ক্ষেত্রে শ্রমিকদের সহযোগিতা করছেন। শ্রমিকদের দুঃখ যন্ত্রণার সঙ্গে একাত্ম আছেন। এবং সেই কারণে আমরা এর বিরোধিতা করছি। আমরা আশা করছি আপনারা এই মোশান তুলে নেবেন অথবা দাঁড়িয়ে বলবেন যে, আপনারা বিলগ্নীকরণের পক্ষে। আপনাদের নীতিও তাই বলে, কেন্দ্রীয় সরকারও তাই বলেন। আপনাদের নেতৃত্ব তাই বলেন। আপনারা এটা না বললে নেত্রী আপনাদের দল থেকে তাড়িয়ে দেবেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫-এ আমাদের দলের পক্ষ থেকে মাননীয় সুব্রত মুখার্জী-সহ অন্যান্যরা যে প্রস্তাব এনেছেন সে বিষয়ে মাননীয় আনন্দ দাস এবং তপনবাবুর বক্তব্য শুনলাম। মাননীয় নিরুপমবাবু বসে আছেন। আমার মনে হয় আন্তরিকভাবে আপনাদের এবং আমাদের এই প্রস্তাবে সমর্থন করা উচিত। আক্রমণের মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার—ইউ আর আন্ডার কম্পালশন, যা কতগুলো জায়গায় করছেন,—কিন্তু আমার মনে হয় এক্ষেত্রে উভয়পক্ষের একটা চিন্তা-ভাবনা করা প্রয়োজন আছে। স্টেট গভর্নমেন্ট যে সিদ্ধান্তগুলো নিয়েছেন তার কাগজের কাটিং আমার কাছে আছে। কিন্তু আমাদের মূলত বক্তব্য ছিল কেন্দ্রীয় সরকার যে সব সিদ্ধান্ত নিয়েছেন পাবলিক সেক্টর আন্ডারটেকিং-এর ক্ষেত্রে সেগুলো আগে পুনর্বিবেচনা করা হোক।

[5.10-5.20 p.m.]

সেগুলো সম্পর্কে পুনর্বিবেচনা করুন। সবগুলো বন্ধ করে দিতে হবে এমন নয়। মাননীয় অরুণ শৌরির কথা আপনারা বলেছেন। আমরা সর্বদলীয় প্রতিনিধি দল মাননীয় অরুণ শৌরির সঙ্গে দেখা করতে গিয়েছিলাম, বামফ্রন্টের সদস্যরাও গিয়েছিলেন। মাননীয় অরুণ শৌরি মহাশয় বলেছিলেন যে, 'আপনারা এক হাজার প্রশ্ন করুন, আমি এক হাজার প্রশ্নের উত্তর দেব, তারপর কোনো উত্তর বলার থাকবে না।' কিন্তু তখন কেউ কোনো প্রশ্ন করেননি, তাই কোনো উত্তরও হয়নি, বামফ্রন্ট সদস্যরা গিয়েছিলেন, কিন্তু দে বেস্ট মাম্। এই অবস্থায় আমরা ফিরে এসেছিলাম। ভারতের সংবিধানে সমাজতান্ত্রিক কথাটা ইনক্লুড করা হয়েছিল। কিন্তু যেভাবে আমরা এগোচ্ছি সেটা সমাজতন্ত্রের পথ নয়, পুঁজিবাদী ব্যবস্থার রাস্তা ধরে আমরা এগোচ্ছি। এই যে এগোচ্ছি এটা কতটা কম্পালশন আমাদের কাছে, দেশের কাছে এটা আমাদের ভেবে দেখতে হবে। বাইপোলার ইকোনমি পৃথিবীতে আগেও ছিল—একটা রাশিয়ার দ্বারা পরিচালিত হত এবং অন্যটা আমেরিকা-সহ পুঁজিবাদী দেশগুলোর দ্বারা পরিচালিত হত। পুঁজিবাদ পৃথিবীর কাছে একটা বিপদ হয়ে দাঁড়িয়েছে এবং সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার পর পুঁজিবাদী দেশগুলো পৃথিবীকে কন্ট্রোল করছে। এটা কোথায় পৌঁছেছে ? চাইনিজ আকাডেমি অফ সোশাল সাইন্সের একটা তথ্য পাওয়া গেছে, আজকে সেখানে চায়নার পার্টি মিটিং হল, সেখানে বলছে মার্কস, লেনিন, মাও সে তুং সিন্দুকে বন্দী হয়ে আছে, কমিউনিস্ট ফোরামে পুঁজিবাদ হ্যাজ বিন এক্সটেন্ডেড আপ-টু দি টিচার, অধ্যাপক তারাও ইনক্লুডেড হয়েছেন। এই পার্টির ফোরামে যে পুঁজিবাদীদের নিয়ে আসা হয়েছে সেই পুঁজিবাদী প্রতিনিধিদের মধ্যে সর্বনিম্ন সম্পত্তির পরিমাণ ৫০ কোটি টাকা। মাননীয় বুদ্ধদেববাবু বলছিলেন, চায়না যে সিদ্ধান্ত নিয়েছে আমরা তাকে অভিনন্দন জানাই। আনন্দবাবু, আপনি কি বলবেন ? নিরুপমবাবু আপনি কি বলবেন ? আমি জানি না, কেন্দ্রীয় সরকার কতগুলো পাবলিক সেক্টর শাট-ডাউন করার সিদ্ধান্ত নিয়েছেন। Mining and Allied Machinery Corporation, XN Bycle Corporation, Weighboard, Tannery and Footwear Corporation of India Ltd., Rehabilitation

Industries Corporation, Tyre Corporation, Bharat Processing and Mechanical Engineering. এই ৭টা টোটালি বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন, আপনারাও এই সিদ্ধান্ত নিয়েছেন। আপনারা ইন্ডিয়ান পেপার পাল্প, সুন্দরবন সুগারবিট বন্ধের সিদ্ধান্তও নিয়েছেন। কেন নিয়েছেন ? এই ৭টা পি.এস.ইউ.-র মাইনে দিতে ৭৩ কোটি টাকা লাগে, ইয়ারলি টার্ন-ওভার ২৭ কোটি টাকা। এখন এই যে ব্যাপার, এর মধ্যে কোনটা খুলবেন, আর কোনটা বন্ধ করবেন ? আমরা অন্যায় কিছু বলিনি। এই ৭টার ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে অ্যাপিল করেছিলাম। এই যে ভয়ঙ্কর আক্রমণ, এই যে র‍্যানডাম্ বিলগ্নীকরণের প্রশ্ন এসেছে, আমরা এই র‍্যানডাম্ বিলগ্নীকরণ এবং উদারীকরণের বিরুদ্ধে। এই যে ৭টা কোম্পানির টোটাল লস্ যেটা আমি বলছিলাম সেটা হচ্ছে ২০৬৫ কোটি টাকা। এটা এই যে লসের ব্যয়ভার এবং ঋণের ব্যয়ভার—এই জন্য ৭টা কোম্পানি বন্ধ হয়ে গেল। সেই একই সিদ্ধান্ত তো আপনারাও নিয়েছেন। ইন্ডিয়ান পেপার পাম্প এবং সুন্দরবন সুগার বিট বন্ধের সিদ্ধান্ত তো আপনারা নিয়েছেন। নির্বাচনের পরে আমরা দেখলাম। পশ্চিমবঙ্গের সরকার গরীব মানুষের সরকার—নির্বাচনের পরে আমরা একটা ছবিতে দেখেছিলাম যে, আপনি হাসছেন, বুদ্ধদেববাবু হাসছেন, হর্ষ নেওটিয়া হাসছেন, সঞ্জীব গোয়েঙ্কা হাসছেন, অর্থাৎ আপনারা পার্টিকে ওদের কাছে বিক্রি করে দিয়েছেন। আমরা কি চাইছি, আমরা চাইছি যে, কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত নিয়েছেন, আমরা তার পক্ষে না। এম.এম.সি বলুন এবং জেশপ-এর ব্যাপারে বলুন যেগুলির ব্যাপারে আজকে পার্লামেন্টের ফ্লোরে দাঁড়িয়ে আমাদের দলের পার্লামেন্টের মেম্বাররা চূড়ান্তভাবে লড়াই করেছেন। চূড়ান্তভাবে সংগ্রাম করেছেন। আমরা যারা ট্রেড ইউনিয়ন করি, আমরাও লড়াই করেছি। অন্যান্য ট্রেড ইউনিয়ন যারা করে তারাও লড়াই করেছেন। রবীন দেব পরিষ্কার কথাই বলেছেন যে, আপনাদের দলের নেতাদের দুজন বরোদা ভট্টাচার্য এবং চুনীলাল দাস ২ পাতার একটা লিফলেট বিলি করলেন, সেই লিফলেটে কি বলেছেন—বলেছেন যে, রাষ্ট্রায়ত্ত শিল্প বন্ধ করে শেয়ার বিক্রির মাধ্যমে রাষ্ট্রায়ত্ত শিল্পের বেসরকারীকরণ নীতির আমরা তীব্র বিরোধী। তাহলে আপনার সরকার কোন্ পক্ষে, আপনি কোন্ পক্ষে। বরোদা ভট্টাচার্য এবং চুনীলাল দাস ১২ কমিটির আহ্বায়ক, তাহলে আপনারা কি ডাবল স্ট্যান্ডার্ড মেনটেন করছেন না। এটা আপনাদের পলিটিকাল হিপোক্রেসি। আপনারা রাজনৈতিক ফায়দা তোলার জন্য এ রকম কথা বলছেন, আবার ভোট আদায়ের জন্য আর একরকম কথা বলছেন। বামফ্রন্ট সরকারের আর্থিক সংস্কার নীতিতে, ৫ বছরে আমাদের অভিজ্ঞতাতে দেখেছি যে, একটা গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ সরকারের পক্ষে এখানে দাঁড়িয়ে আপনারা এই কথা বলছেন। আপনারা হাউ ডু ইউ ফেস্ ইওর পিওপিল ? আপনারা কি করে জনগণের সঙ্গে থাকবেন। আজকে মানুষেরা রাস্তায় দাঁড়িয়ে চিৎকার করছে। আজকে ১৬টি কোম্পানির মধ্যে ২টি কোম্পানি সম্পূর্ণ বন্ধ করে দিয়েছেন। ১২টির জন্য আপনারা শেয়ার বিক্রি করার জন্য সংবাদপত্রে অ্যাডভাটাইজ করেছেন। ব্রিটিশদের সঙ্গে চুক্তি করেছেন যেটা সেই পেপারটা আমি দেখেছি। তার মধ্যে আপনি বলেছেন ৭৪ পারসেন্ট শেয়ার বিক্রি করে দেবেন। তাহলে এখানে দাঁড়িয়ে যে চিৎকার করছেন সেটা ভাবের ঘরে চুরি নয় ? ৭৪ পারসেন্ট শেয়ার বিক্রি করে দেবেন আপনি বলেছেন এবং

২৬ পারসেন্ট আপনার কাছে রেখে দেবেন। আপনি হলদিয়ার ক্ষেত্রে কি করেছেন। হলদিয়া পেট্রোক্যামিকেলস-এর ক্ষেত্রে—আপনার নেতা অর্থাৎ রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে মিট করতে গিয়েছিলাম। উনি পরিষ্কার করে বলেন আমাদের কাছে ১ পারসেন্টও শেয়ার হলদিয়ায় আমরা রাখব না। দাজ ইট স্যুট ইউ ? এই সব কথা বলে আপনারা মানুষদের কাছ থেকে ভোট পেয়েছেন। ২০০১ সালেও এইভাবে ভোট পেয়েছেন। তাই নিরুপমবাবু আপনি যে রাস্তায় হাঁটছেন, সেটা সঠিক বলে আমার মনে হয়নি। আপনি যা বলেন আর যা করেন তার সঙ্গে কোনো মিল নেই। তাই আমি বিরোধিতা করছি। এই ইতিহাস শুধু আজকের নয়, বামফ্রন্ট সরকার ১৯৮০ সালে যখন এই বিশ্বায়নের বিষয়টি পৃথিবীতে আসেনি তখন থেকেই আপনারা কোম্পানি বিক্রি করতে শুরু করেছেন, বেসরকারিকরণ করতে শুরু করেছেন। ১৯৮০ সালে দুর্গাপুর ওয়েস্ট বেঙ্গল স্কুটার কিনেছিলেন সেটা বিক্রি করে দিয়েছেন। তখন তো বিশ্বায়ন শুরু হয়নি। ১৯৯১ সালে মনমোহন সিং, যশোবন্ত সিং এবং নিরুপম সেনের এই যে রিজিম, এই রিজিমেই শুরু হল, কোম্পানির বেহাল অবস্থা। খড়্গপুর ওয়েস্ট বেঙ্গল স্কুটার বিক্রি করে দিয়েছেন। বিক্রি করে দিয়েছেন ই.ডি.পি-র অনেকগুলো পার্ট আপনি বিক্রি করে দিয়েছেন। আপনি বিক্রি করেছেন ওয়েবেল কার্বন অ্যান্ড মেটালস্ ফিল্ম রেজিস্টার্স-এর যে কোম্পানি সেটা বিক্রি করে দিয়েছেন। কোথায় আছেন আপনারা, আপনারা এখানে লাফালাফি করছেন, আপনারা খবরও রাখেন না। রাখলেও এমন চাকরবৃত্তি করেন যে—এর বিরুদ্ধে বলার কোনো জায়গা নেই আপনাদের। এই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সারা ভারতবর্ষের বিরুদ্ধে কি সমালোচনা করবে ? মনমোহন সিং-এর বিরুদ্ধে কি সমালোচনা করবেন ? আপনারা কোম্পানি বিক্রি শুরু করেছিলেন ৮০ দশক থেকে। বেসরকারীকরণ শুরু করেছিলেন। আজ ২০০২ সালে তপন হোড়, আনন্দগোপাল দাস পাগলের মতো এখানে বিপ্লব করছেন। এখানে ওয়েবেল টেলিমেটিক্স আপনি বিক্রি করে দিয়েছেন। সিমেন্স বিক্রি করেছেন। আপনি ওয়েবেল ইলেকট্রো সিস্টেম নিকো গ্রুপের কাছে বিক্রি করেছেন। ভারত জুট প্রসেস এটাও রাজ্য সরকার নিয়েছিল এখন আপনাদের নামে চলছে, সেটাও আপনাদের কাছে নেই।

[5.20–5.30 p.m.]

ধর্মতলার ওপর রিজ কন্টিনেন্টাল হোটেল আপনারা অধিগ্রহণ করেছিলেন এবং সেটা পিয়ারলেসকে দিয়ে দিয়েছেন। দুটো গ্যাস টারবাইন বিক্রি করে দিয়েছেন। আমরা জানি একটা কঠিন পরিস্থিতির মধ্যে দিয়ে আমাদের রাজ্য চলছে। এই অবস্থায় এই সমস্ত ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্তগুলো নিচ্ছে তার সঙ্গে আমরা একেবারেই একমত নই। ব্যাঙ্ক বেসরকারীকরণ, এল.আই.সি. বিক্রি করে দেওয়া, বিভিন্ন কোর সেক্টর বিক্রি করার আমরা তীব্র বিরোধী। হ্যাঁ, আমরা জানি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য কোথাও কোথাও জয়েন্ট সেক্টরকে নিতে হবে—জয়েন্ট সেক্টরে যেতে হবে। গতকালই মুখ্যমন্ত্রী বললেন, 'সিনেমা শিল্পের জন্য আমরা এত করেছি, এবার আমাদের জয়েন্ট সেক্টরে যেতে হবে।' পরিস্থিতি তাঁকে এই কথা বলাচ্ছে। কিন্তু র‍্যান্ডম বিক্রির আমরা বিরোধী। যে কোম্পানিগুলো

একেবারেই প্রফিট মেকিং নয়, সেগুলো নিয়ে চিন্তা-ভাবনা করা যেতে পারে। কিন্তু বাকি ক্ষেত্রে—আমরা বালকো নিয়ে তীব্র বিরোধিতা করেছি। বি.পি.সি.এল. নিয়ে এইচ.পি.সি.এল. নিয়ে সেন্টুর হোটেল নিয়ে আমরা তীব্র বিরোধিতা করেছি। এই পরিপ্রেক্ষিতে আমি আপনাদের কাছে আবেদন করছি যখন বিতর্কের জায়গাটা খুব বড় নয়, বিরোধিতার জায়গাটাও নিশ্চয়ই খুব বড় নয়। এ ক্ষেত্রে আমাদের উভয়ের বলার এবং চলার পথে বিশেষ কোনো পার্থক্য যখন নেই তখন ন্যাচারালি এই প্রস্তাব শুধু বিরোধিতার জন্য বিরোধিতা না করে গ্রহণ করুন। প্রয়োজনে আমরা দিল্লি যাই, কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করি। র‍্যান্ডম ডিস-ইনভেস্টমেন্টের, বিদেশী শিল্পপতিদের জন্য অবাধ রাস্তা খুলে দেওয়ার আমরা বিরোধী। তার বিরোধিতা করে, প্রস্তাব পেশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিরুপম সেন : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে একটা খুব প্রাসঙ্গিক বিতর্ক এখানে উপস্থাপিত করা হয়েছে। আমি মাননীয় সদস্য শ্রীযুক্ত অতীশচন্দ্র সিন্‌হা মহাশয়ের এবং মাননীয় সদস্য শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয়ের বক্তব্য শুনলাম। কিন্তু তাঁরা এই প্রস্তাবের পক্ষে বললেন অথবা বিপক্ষে বললেন তা আমি ঠিক বুঝতে পারলাম না। আমার মনে হ'ল এই যে প্রস্তাব তাঁরা উত্থাপন করেছেন, সকলকে এই প্রস্তাব সমর্থন করতে বলেছেন। কিন্তু যে যুক্তি জাল তাঁরা উপস্থাপিত করেছেন দুয়ের মধ্যে সাযুজ্যের অভাব আছে। শোভনদেববাবুর প্রধান বক্তব্য হ'ল পশ্চিমবঙ্গ রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার, তারা উভয়ে একই নীতি নিয়ে চলছে। কিন্তু বলার সময় তিনি একটু অন্য কথা বলছেন। তিনি এই কথাও বলেছেন যে, প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের পতনের পরে বিশ্বজুড়ে যে পরিস্থিতি হয়েছে তাতে পুঁজিবাদকে আজকে বিশ্বের সব দেশ মেনে নিয়েছে। এ কথা তিনি অরুণ শৌরীকে উদাহরণ তুলে বলেছেন। অরুণ শৌরী যে সব যুক্তি উত্থাপিত করেছেন সে সবের একটারও আমাদের বামপন্থী সদস্যরা জবাব দিতে পারেননি, এটা তিনি বললেন। আমার ধারণা শোভনদেববাবুও সে সবের জবাব দেননি। যদি জবাব না দিয়ে থাকেন তাহলে এই প্রস্তাব এখানে তোলা সংগত কিনা একটু বিবেচনা করে দেখার জন্য আমি তাঁকে অনুরোধ করব।

আমার দ্বিতীয় কথা, প্রথমেই গোড়ায় গলদ হয়েছে। গোড়ায় গলদ হ'ল এই যে, শোভনদেববাবু, ঠিকই বলেছেন আমরা বামপন্থা এবং সমাজতন্ত্রে বিশ্বাস করি। কিন্তু শোভনদেববাবুর এটা জানা উচিত, আমরা যখন পশ্চিমবাংলায় সরকার গঠন করার জন্য জনগণের কাছে ভোট চেয়েছি তাদের তখন একথা বলিনি যে পশ্চিমবাংলায় আমাদের সরকার প্রতিষ্ঠিত করো, এই পশ্চিমবাংলায় আমরা সমাজতন্ত্র গড়ে দেব। সমাজতন্ত্র গড়ে তোলার প্রতিশ্রুতি দিয়ে পশ্চিমবাংলার ক্ষমতায় আমরা আসিনি। কারণ আমরা জানি, সারা ভারতবর্ষে একটা অঙ্গ রাজ্যে যদি সরকার পরিচালনা করতে হয় আর সেই সরকার সেই রাজ্যে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করতে পারবেন এই ধরনের কাঁঠালের আমসত্ত্বের কথা আমরা কখনও বলি না। একথা পরিষ্কার করে মনে রাখা দরকার যে একটা সাধারণ বুদ্ধিতে, যখন রাজনীতি করছেন তখন বুদ্ধি দিয়ে বিচার করবেন, সেটা হল, এই ভারতবর্ষে যে সাংবিধানিক

কাঠামো, সেই সাংবিধানিক কাঠামোয় সমাজতন্ত্রের কথা লেখা থাকলেও সমাজতন্ত্র হয় না। যেমন ধরুন, শোভনদেববাবু বলেছেন, আমাদের সংবিধানে সমাজতন্ত্র কথাটা লেখা আছে, কিন্তু উনি কি মনে করেন আমাদের অর্থনীতি সমাজতান্ত্রিক অর্থনীতিতে পরিচালিত হচ্ছে ? এটা নিশ্চয়ই উনি মনে করেন না, আমরা কেউই মনে করি না। সুতরাং সংবিধানে সমাজতন্ত্র লেখা থাকলেই গোটা দেশ সমাজতন্ত্র হয় না। আমাদের সাংবিধানিক কাঠামোর মধ্যে একটা অঙ্গ রাজ্য পরিচালনা করতে গিয়ে—যার মধ্যে দাঁড়িয়ে আমাদের কাজ করতে হয়—দ্বিধাহীন কণ্ঠে বলতে পারি, পশ্চিমবাংলা ধনতন্ত্রের মূল যে ধারণা, যে সূত্র, ধনতন্ত্রের সেই নিয়ম মেনেই চলছে, এর কোনো ব্যতিক্রম হচ্ছে না। কিন্তু ধনতন্ত্র বনাম সমাজতন্ত্রের বিতর্কে আমি প্রবেশ করতে চাই না, এটা সেই বিতর্কের বিষয়বস্তুও নয়। বিতর্কের বিষয়বস্তু শোভনদেববাবু যেটা বলেছেন সেটা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি এবং রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গির কোনো পার্থক্য আছে কি নেই—এটাই বিতর্কের মূল বিষয়বস্তু। এ কথা পরিষ্কার করে মনে রাখা দরকার যে রাজ্য সরকারকে যে অবস্থার মধ্যে কাজ করতে হয়, যে অর্থনৈতিক সূত্র মেনে কাজ করতে হয়—কারণ অর্থনৈতিক নীতি যখন প্রযুক্ত হয় তখন আমাদের সকলের ইচ্ছা নিরপেক্ষ। আমরা যখন বলি এই নীতিতে বিশ্বাস করি—কেন্দ্রীয় সরকারের যে নীতির কথা আজকে বলছেন সেটাই বাজারের পক্ষে মূল চালিকা শক্তি। মিনিমাম গভর্নেসের কথা যখন বলা হচ্ছে সরকারের মিনিমাম গভর্নেস চালু হয়ে যাবে, মার্কেট ডমিনেট করবে, তখন ভারতবর্ষে সিঙ্গল মার্কেটের যে লজ সেই লজ পশ্চিমবাংলার বাইরে আমাদের বরাকর প্রান্তে এসে থেমে যাবে না। সেই লজ ভারতবর্ষের জন্য প্রযোজ্য, গোটা ভারতবর্ষে এটাই যাবে। আজকে সকাল থেকে গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর বিতর্ক হচ্ছে, রাজ্য সরকারের আর্থিক সংকট নিয়ে বিতর্ক উঠেছে, আমাদের রাজ্যে কৃষি অর্থনীতি নিয়ে বিতর্ক উঠেছে, আমাদের চা-শিল্প নিয়ে বিতর্ক উঠেছে এবং একটু পরে জুট শিল্পের সংকট নিয়ে বিতর্ক উঠবে। প্রতিটি ক্ষেত্রে একটার সঙ্গে আর একটার সম্পর্ক আছে। আমাদের দেশের সামগ্রিক নীতি সঞ্জাত বিষয়ে বিতর্কে প্রবেশ করছি না, কিন্তু এটা মনে করি বিতর্ক করা দরকার। এমন কি ধনতান্ত্রিক অর্থনীতির মধ্যে দাঁড়িয়ে আজকে কেন্দ্রীয় সরকার যে পথ নিয়েছে এটাই আমাদের সাধারণত পৃথিবীর যে সমস্ত দেশে ধনতন্ত্র বিকশিত হয়েছে সেই দেশের মানুষকে কিছুটা সুযোগ-সুবিধা দিতে পেরেছে, কিন্তু একই পথ অনুসরণ করে বিকশিত হয়েছে কিনা সেই বিতর্ক আমাদের সকলের করা উচিত। কিন্তু আমি যে কথাটা বলতে চাই, কি ডিফারেন্স আছে ? পশ্চিমবাংলা আজকে যে অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে—এটা ঠিকই, আপনাদের সঙ্গে আমি একমত যে রাজ্য সরকার ২টি কারখানা বন্ধ করার সিদ্ধান্ত করেছে, আমি আপনাদের সঙ্গে একমত যে রাজ্য সরকার ১০টি শিল্পে বেসরকারী বিনিয়োগ নিয়ে আসার সিদ্ধান্ত গ্রহণ করেছে। আমি আপনাদের সঙ্গে একমত যে রাজ্য সরকার ৪টি শিল্প নিজেদের....(নয়েজ).... ঠিকই, আমি একথা বলি, ১৯৯১ সালে অথবা ১৯৮৫ সালে অথবা ১৯৯০ সালের মধ্যে আমরা এই সিদ্ধান্ত করিনি, এই সিদ্ধান্ত করতে দীর্ঘ অভিজ্ঞতার পথ বেয়ে নীতি প্রযোজ্য হয়, খানিকটা তার মাঝামাঝি দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকারের আর্থিক অবস্থার কথা বিবেচনা করে এই প্রশ্নে সিদ্ধান্ত গ্রহণ করতে হয়েছে। আপনি ঠিকই বলেছেন।

[5.30–5.40 p.m.]

হ্যাঁ, এই শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য রাজ্য সরকার প্রয়াস চালিয়েছিলেন। রাজ্য সরকার তার সামর্থ্যের মধ্যে দাঁড়িয়ে প্রয়াস চালিয়েছিলেন যাতে করে শিল্পগুলি পুনরুজ্জীবিত হতে পারে কিন্তু আজকের দ্রুত বিকশিত প্রযুক্তি, উন্নত প্রযুক্তি যে জায়গায় এসেছে এবং যে বিপুল পরিমাণের পুঁজি এতে বিনিয়োগ করে এই শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করা সম্ভব, সেই আধুনিক প্রযুক্তি নিয়ে আসা সম্ভব সেই জায়গাতে রাজ্য সরকারের সামর্থ্যের অভাবের কথা আমরা তো গোপন করিনি। যে দায়িত্ব আজকে কেন্দ্রীয় সরকার অস্বীকার করছেন সেই দায়িত্ব রাজ্য সরকারকে গ্রহণ করতে হচ্ছে এবং সেই দায়িত্ব আমাদের যদি পালন করতে হয় তাহলে সেই দিকে আমাদের যেতে হবে এবং সেই কারণেই এই সিদ্ধান্ত আমাদের গ্রহণ করতে হয়েছে। কিন্তু আমরা কোনো প্রফিট মেকিং ইউনিটকে প্রাইভেটাইজ করিনি। আমরা কোনো স্ট্র্যাটেজিক ইউনিটকে প্রাইভেটাইজ করিনি। আমরা কোনো প্রটেনশিয়ালি ভায়াবল ইউনিটকে প্রাইভেটাইজ করিনি। সুতরাং কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের এখানে পার্থক্য আছে। বি.এস.এন.এল. প্রাইভেটাইজ আর অ্যাপোলো জিপার প্রাইভেটাইজকরণের কথা বলে এই দুটোকে যদি কেউ সমতার মধ্যে টানতে চান তাহলে বলব তিনি ভুল করবেন। আমি মনে করি এখানে পার্থক্যের কথাটা তুলে ধরা দরকার। আজকের এই পরিস্থিতিতে এটা সকলের মাথায় রাখা দরকার। আরও একটা কথা উঠেছে শ্রমিকদের স্বার্থের প্রশ্নে। আমরা মনে করি বামপন্থীরা সদাসর্বদা শ্রমিকদের স্বার্থকে সর্বাপেক্ষা অগ্রাধিকার দিয়ে থাকেন। সেই অগ্রাধিকার দেওয়ার জন্যই আজকে কতকগুলি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যদি শ্রমিকরা কর্মচ্যুত হন তাহলে সেই কর্মচ্যুত শ্রমিকদের জন্য যে কমপেনসেসান প্যাকেজ করা হয়েছে তা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল কমপেনসেসান প্যাকেজ। আর দ্বিতীয় কথা হচ্ছে, এই সমস্ত কারখানাতে যদি আমরা বেসরকারী বিনিয়োগ টেনে নিয়ে আসি এবং তা নিয়ে এসে পুনরুজ্জীবিত করতে পারি তাহলে যে শ্রমিকরা আজকে কাজ করছেন আগামীদিনে সেই কারখানাতে তাদের ভবিষ্যত প্রজন্ম কাজ করবেন। সেই দৃষ্টান্তকে মাথায় রেখেই এই সমস্ত কারখানাকে পুনরুজ্জীবিত করার সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি। সেখানে শ্রমিকদের স্বার্থ যাতে আমরা রক্ষা করতে পারি সেটার প্রতি আমরা গুরুত্ব দিয়েছি। এখন এই শিল্পগুলি আমাদের রাজ্যে কিভাবে অধিগৃহীত হয়েছিল, কি পরিস্থিতিতে হয়েছিল তার হিস্টোরিক্যাল দিকটা যদি দেখেন তাহলে বলব, প্রতিটি শিল্পের ব্যাপারে বিচার বিবেচনা করে আপনাদের সিদ্ধান্ত করতে হবে। শোভনদেববাবু বললেন যে তিনি র‍্যান্ডাম ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে। র‍্যান্ডাম ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে যদি উনি হন তাহলে ওকে এটা প্রমাণ করতে হবে আই.পি.পি.-র ডিস-ইনভেস্টমেন্টটা র‍্যান্ডাম ডিস-ইনভেস্টমেন্টের সিদ্ধান্ত কিনা অথবা এটাই হচ্ছে যুক্তিযুক্ত পরিণতি। যে এই কারখানা দীর্ঘদিন ধরে বন্ধ আছে সরকারীভাবে তাকে বন্ধ ঘোষণা করা। তিনি যদি মনে করেন যে তিনি র‍্যান্ডাম ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে তাহলে তাকে বলতে হবে বিশ্লেষণ করে যে সুন্দরবন সুগার বিট কারখানাটি চালানো উচিত কিনা। সে ব্যাপারে তাকে সিদ্ধান্তে আসতে

হবে। প্রস্তাবে কিন্তু সেইভাবে মন্তব্য করা হয়নি। প্রস্তাবে অ্যাবব্রাস্টলি বলা হয়েছে। তুলনা তাকে করতে হবে যে ফার্টিলাইজার কারখানার সঙ্গে সুন্দরবন সুগার বিটের তুলনা করবেন কিনা, আই.পি.পি.-র সঙ্গে এম.এ.এম.সি.-র তুলনা করবেন কিনা। আপনাকে বলতে হবে কোনটা র‍্যান্ডাম আর কোনটা র‍্যান্ডাম নয়। নিশ্চয় আপনাকে বিচার করতে হবে শ্রমিকদের স্বার্থ রক্ষিত হবে কিনা। সময় শেষ হয়ে গিয়েছে, আমি তাই একটা কথা সভায় উপস্থিত করেই আমার বক্তব্য শেষ করছি। এটা কোনো সমাজতন্ত্রীর বক্তব্য নয়, মার্কসের বক্তব্য নয়, আমি সে সব কথা বলছি না, কেন্দ্রীয় সরকার আজকে যে নীতি গ্রহণ করেছেন, যে নীতি নিয়ে আজকে এতো আলোচনা বেরিয়ে এসেছে, বিশ্বব্যাঙ্ক, আন্তর্জাতিক অর্থ তহবিল, বিশ্ববাণিজ্য সংস্থা যাকে ওয়াশিংটন কনসেনসিয়াস বলা হয়, যে ওয়াশিংটন কনসেনসিয়াসের উপর অরুণ শৌরী মন্তব্য করেছেন যে গভর্নমেন্টের বিজনেসে কোনো বিজনেস নেই, গভর্নমেন্টকে এখান থেকে উইথড্র করে নিয়ে আসতে হবে কিন্তু যে যুক্তি তিনি হাজির করেছেন আমি সকলের অনুভূতির জন্য বলছি, ২০০১ সালে যিনি নোবেল পুরস্কার পেয়েছেন অর্থনীতিতে, যিনি বিশ্বব্যাঙ্কে দীর্ঘদিন ধরে মুখ্য আর্থিক উপদেষ্টা ছিলেন, যিনি বিল ক্লিনটনের মুখ্য আর্থিক উপদেষ্টা ছিলেন, তিনি সম্প্রতি একটি বই লিখেছেন—Joseph Stiglitze. সেই বইটা তিনি লিখেছেন—গ্লোবালাইজেশন অ্যান্ড ইটস্ ডিসকনটেন্ট। বইটা বাজারে, পাওয়া যাচ্ছে, পড়ে নেবেন। তার থেকে একটা অংশ কোট করে শোনাতে চাইছি। It has become increasingly clear not to just ordinary citizen but those policy makers as well, not just those in developing countries but those in developed countries as well. Globalisation as it has been practised has not lived up to what it advocates promised it would accomplish—or to what it can and should do. Washington consensus has all too often been to benefit the few at the expense of the many, the well off at the expense of the poor, in many cases, commercial interests and values have susperseded concern for the environment, democracy, human rights and social justice. যাঁরা ধনতন্ত্রের প্রবক্তা তাঁদের বলব, ধনতান্ত্রিক পথেই এই আলোচনা করুন ; সমাজতন্ত্র যখন আসবে তখন কি হবে সেটা আমাদের উপর ছেড়ে দিন। ধন্যবাদ।

(এই সময় প্রস্তাবের উপর নির্ধারিত সময় শেষ হওয়ায় সভার সম্মতিক্রমে আলোচনার সময় ১০ মিনিট বৃদ্ধি ঘটে) ?

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫-এ যে প্রস্তাব এনেছি তার সমর্থনে আলোচনা করছি। এই প্রস্তাব না আনলে সি.পি.এম.-এর চরিত্র বুঝতে পারতাম না ; এই প্রস্তাব না আনলে কাঁঠালের আমসত্ত্ব বা সোনার পাথরবাটি যেমন হয় না, তেমনি আপনারা যে সমাজতন্ত্রের পথ থেকে অনেক দূরে সরে গেছেন সে কথাও আপনার বাণী থেকে শুনতে পেতাম না। একথাই তো আমরা শুনতে চেয়েছি ! আজকে আপনারা আর মার্কসবাদে বিশ্বাস করেন না, ম্যাকেন্সিবাদে বিশ্বাস করেন। তারই জন্য সারা দেশের কোনো

প্রদেশ যখন চাষির কথা ভেবে ম্যাকেন্সির কথা শুনছে না, তখন আমার বাংলা ম্যাকেন্সির কথা শুনে চাষের কথা ভাবছে ! এখানে প্রশ্ন হ'ল, আমরা ডেসপারেট ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে। 'দুনিয়ার শ্রমিক এক হও' বলে যে স্লোগান দিতেন সেই স্লোগান আজকে কেন দিতে পারছেন না ? আসুন, ডেসপারেট ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে—তিনি অরুণ শৌরী হন বা নিরুপম সেন-ই হোন—একসঙ্গে লড়াই করি শ্রমিকদের স্বার্থে, তাদের বাঁচাতে ! 'বামফ্রন্ট সরকার, শ্রমিকদের হাতিয়ার', একথা তো আপনারা বলতেন। আজকে সেকথা কেন উঠে দাঁড়িয়ে বলবেন না ? তাহলে অরুণ শৌরীর সঙ্গে আপনার পার্থক্য কোথায় ? আজকে আপনি দ্বিচারিতা করছেন। আপনার মতো আমরাও কেন্দ্রীয় সরকারের ডেসপারেট ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে। আজকে কেন্দ্রীয় সরকারের এই যে স্ট্র্যাটিজিক সেল রুট, তার বিরোধিতা করছি। কিন্তু আপনি ১৬টি কারখানার মধ্যে ৪টি কারখানা—গ্লুকোনেট, ডি.সি.এল., ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং এবং স্যাকসবি ফারমার—বিক্রি করে দেবার ব্যাপারে আমাদের সঙ্গে বসেছিলেন, শিল্প-শ্রমিকদের নিয়ে বসেছিলেন ? দুটো কারখানা—ইন্ডিয়া পেপার পাল্প এবং সুন্দরবন সুগারবিট কারখানা—বন্ধ করে দেবেন। দশ বছর ধরে ইন্ডিয়া পেপার পাল্পে মুখ্যমন্ত্রীর ভায়রাভাইকে বসিয়ে রেখেও একফোঁটা দায়িত্ব নিলেন না। তার দায়িত্ব আপনি নিয়েছেন ? তার দায়িত্ব সরকারের নেই ? আজকে প্রশ্ন সেই জায়গায়। আজকে কথা হচ্ছে এই যে Applo Ziffer, Angel India, Lily Biscuit, Salimar Works, Neo Pipe & Tube. Krishna Glass, West Bengal Plywood, Carter Puller, Nisco, West Bengal Chemical এইগুলো যে জয়েন্ট ভেঞ্চারে দিচ্ছেন, কার সঙ্গে আলোচনা করছেন, কার সঙ্গে আলোচনা করেছিলেন ? আজকে হ্যাঁ টাটাকে বি.এস.এন.এল. দেওয়া হয়েছে আমরা তার বিরুদ্ধে। আজকে এইচ.এন.এল.-কে মডার্ন ফুডকে দেওয়া হয়েছে, আমরা তার বিরুদ্ধে। বালকো যে স্টারলাইটকে দেওয়া হয়েছে, আমরা তার বিরুদ্ধে। বি.পি.সি.এল., এইচ.পি.সি.এল. যে বিক্রির সিদ্ধান্ত নিয়েছেন আমরা তার বিরুদ্ধে। কারণ আমি মনে করি এইগুলো পাবলিক ইস্যু করে জনগণের মধ্যে শেয়ারকে বণ্টন করতে হবে বিক্রি করতে হবে। ইন্দিরা গান্ধী রুগ্‌ণ সংস্থাগুলোকে রাষ্ট্রায়ত্ত সংস্থা করেছিলেন সেইগুলোকে আজকে বন্ধ করে দেওয়া হয়েছে। আমরা তার বিরুদ্ধে বলব না ? আজকে লক্ষ লক্ষ শ্রমিক কোথায় থাকবে, তাদের অবস্থান কোথায় গিয়ে খুঁজবে, কোথায় তাদের পরিবার থাকবে ? বামফ্রন্ট সরকার আজকে ভি.আর.এস.-এর কথা ভাবছে। বামফ্রন্ট সরকার এবং তার শিল্পমন্ত্রীর তাঁর যে শিল্পনীতি এবং শ্রমনীতি আজকে পশ্চিমবাংলাকে এই জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন। আজকে বামফ্রন্ট ভেঞ্চারে যাওয়ার কথা ভাবতে হচ্ছে। আজকে কাদের এটা ভাবনা আমি জানি না। আজকে দক্ষিণ দুয়ার খোলা। আপনাদের চীনের লাস্ট কংগ্রেসে দুয়ার খুলে দিয়েছে। আজকে ৭৫০ কোটি টাকার ব্যক্তিগত মালিকানার মালিকদের ডেকে আনা হচ্ছে সেন্ট্রাল কমিটিতে মেম্বার করার জন্য। আরো ৩ জন শিল্পপতিদের ডেকে আনা হচ্ছে। আমি জানি না মেম্বারশিপ দিয়েছেন কিনা গোয়েঙ্কাকে টোডিকে নেউটিয়াকে। আপনারা তাদেরকেও এই কারখানাগুলো দিয়ে সেন্ট্রাল কমিটি পলিটব্যুরোতে পাঠাবেন কিনা জানি না। আমি দুঃখ পাব সেই দিন যে দিন সেন্ট্রাল কমিটিতে আপনাকে না দেখে নেউটিয়াকে দেখি। আমি দুঃখ পাব সেই দিন যে দিন সেন্ট্রাল কমিটিতে

শ্রমমন্ত্রীকে না দেখে টোডিকে দেখি। আমি দুঃখ পাব যদি বুদ্ধদেববাবুকে না দেখে যদি নেউটিয়া টোডি বা গোয়েঙ্কাকে দেখি। আজকে আপনাদের এই কথা বলতে হবে, পশ্চিমবাংলায় আপনারা এতোগুলো সিদ্ধান্ত ইতিমধ্যেই নিয়েছেন, দুটো কারখানা বন্ধ করার ঘোষণা করেছেন সেই দুটো কারখানার শ্রমিকদের বন্দোবস্ত কি করেছেন ? আজকের বক্তব্যে সেটা আমরা পেলাম না ? আজকে ৪টি চালাবেন বলেছেন। কেন ? কেন ১০ চালাবেন না ? আজকে বলছেন সমাজতন্ত্রের ভবিষ্যত নেই। সারা জীবন সমাজতন্ত্রের গান গাইলেন, সাম্যের গান গাইলেন, আজকে বলছেন সমাজতন্ত্রের কথা বলে তো ভোট ভিক্ষা করিনি। নিশ্চয়ই আপনারা ভন্ডামি করলেন, আপনারা অসত্য কথা বললেন। সারা জীবন সমাজতন্ত্রের গান শোনাবেন বলে, সাম্যের গান সমাজবাদী মানুষের গান শুনিয়ে তাদের বোকা বানিয়ে ভন্ডামি করে ভোটে জিতে এসেছেন। আজকে আপনারা বলছেন সাম্যের গান আমরা বলিনি, সমাজতন্ত্রের গান আমরা শোনাইনি ? সোনার পাথরবাটি যে হয় না এটা আমরা জানি, কাঁঠালের আমসত্ত্ব যে হয় না এটা আমরা জানি। সুতরাং আজকে এই যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে আজকে যে কথা দাঁড়িয়ে বলছেন কালকে সেই কথা বলেন না। ২৫ বছর ধরে এই কথা বলেননি, ২০ বছর আগে এই কথা বলেননি, ১৫ বছর আগে এই কথা বলেননি ১০ বছর আগে এই কথা বলেননি। আজকে শ্রমিকদের কোথায় তুলে নিয়ে যাচ্ছেন, শ্রমিকদের আপনারা কোথায় রেখে যাচ্ছেন ?, হ্যাঁ, ভি.আর.এস.-এর কথা তো আপনারা ঘোষণা করেছেন। এটা পাবলিক আন্ডারটেকিং নয় ? We are talking about the motion on Public Undertakings. আমার দুঃখ হয় যে আনন্দগোপাল দাস, তপন হোড়ের মতো সিনিয়ার মেম্বার মোশান পড়ে না। যখন বলবেন, তখন মোশানটা পড়ে বলবেন। অবশ্য আমার ভুল হয়েছিল ইংরাজিতে মোশানটা লিখেছি, বাংলায় লেখা উচিত ছিল। সেই জন্য হয়তো নানুরের আনন্দগোপাল দাস এবং তপন হোড় ওরা বুঝতে পারেননি, তাই সঠিক বক্তব্য রাখতে পারেননি। আজকে সিক ইন্ডাস্ট্রি রিভাইভের কথা আপনার কাছ থেকে শুনতে পেলাম না। এটা বড় দুঃখ হয় যন্ত্রণা হয়। আজকে সেন্ট্রাল গভর্নমেন্টের যে ডিস-ইনভেস্টমেন্ট এবং তারাও যে বন্ধ করে দিচ্ছেন তার বিরুদ্ধে আমরা, আমাদের রাজ্যের শ্রমিকদের পক্ষে আমাদের সীমিত ক্ষমতা নিয়ে থাকব। বামফ্রন্ট সরকার ডিস-ইনভেস্টমেন্টের মধ্যে দিয়ে বন্ধ করে দিচ্ছেন, শ্রমিকদের স্বার্থ দেখছেন না অপরদিকে কেন্দ্রীয় সরকার যে শ্রমিকদের স্বার্থ দেখছেন না এই দুটো ব্যাপারেই আমরা শ্রমিকদের পক্ষে রয়েছি, শ্রমিকদের সঙ্গে ছিলাম, শ্রমিকদের সঙ্গে আছি এবং শ্রমিকদের সঙ্গে থাকব। কোনো দ্বিচারিতা নয় কোনো ভন্ডামি নয়, কোনো কথা বলে সেই কথার পরিবর্তন নয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি প্রস্তাবকে সমর্থন করে। এই প্রস্তাবের সমর্থনে যাঁরা বক্তব্য রেখেছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Tapas Roy that "Whereas, both the Central and State Governments are following a policy of disinvestment ;

Whereas, the Central Government has already closed down MAMC, Durgapur and decided to close down HFC, Haldia and other Central PSUs ;

Whereas, the State Government has decided to close down India Paper Pulp and Sunderban Sugar Beat and also decided to sell of 6 State PSUs to private parties ; and

Whereas, such actions will jeopardise the interests of the working class ;

This House, therefore, urges on the State Government and through the State Government on the Central Government to desist from their policy of disinvestment and to revive the Central and the State PSUs through suitable measures" was then put and a Division was taken with the following results :

The Ayes being 15 and Noes 36.

The motion was lost.

শ্রী মানস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়,

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,

কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির পরিণতিতে লুপ্তপ্রায় রাজ্যের ইঞ্জিনীয়ারিং শিল্প, সুতাকল শিল্প, চা ও কয়লা শিল্প ছাড়া পাট শিল্প ভয়ঙ্কর সংকটের মধ্যে দিয়ে চলছে।

এই সভা অবগত আছে যে,

দেশের মধ্যে শুধু এই রাজ্যেই শতকরা ৯৬ ভাগ চটকল অবস্থিত এবং তার মধ্যে ৫৯টি চটকলের প্রায় দেড় লক্ষ শ্রমিকের জীবন জীবিকা বিপন্ন।

এই সভা আরও অবগত আছে যে,

কেন্দ্রীয় সরকারের পরিবেশ মন্ত্রক পলিপ্যাকে খাদ্যসামগ্রী বহন করা নিষিদ্ধ ঘোষণা করা সত্ত্বেও উক্ত সরকার চটের ব্যাগ ব্যবহারের পরিবর্তে ঢালাও পলিব্যাগ ব্যবহারের নীতি ঘোষণা করেছে।

এই সভা আরও অবগত আছে যে,

চটশিল্পের স্বার্থে ট্রেড ইউনিয়নগুলি, চটকলের মালিকরা এবং রাজ্য সরকার চটের ব্যাগ ব্যবহার বাধ্যতামূলক করার দাবি জানানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কোনো ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেননি যার পরিণতিতে রাজ্যের ৫৯টি চটকলের দেড় লক্ষ শ্রমিক ভয়ঙ্কর সংকটের মুখে এবং লক্ষ লক্ষ পাটচাষীর জীবিকা বিপন্ন যা রাজ্যের অর্থনীতির উপর ভয়াবহ প্রভাব ফেলছে।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে চটশিল্পের শ্রমিক ও পাটচাষীদের স্বার্থে অবিলম্বে এই নীতির পরিবর্তন করে তাদের সামগ্রিক উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।

আজকে চটশিল্প এবং পাটচাষীদের জীবনে যে ভয়ঙ্কর সমস্যা নেমে এসেছে তারই পরিপ্রেক্ষিতে এই মোশন সভায় উপস্থাপিত করেছি এবং আশা করি পাট শিল্প এবং চটশিল্পের স্বার্থে এবং পাটচাষীদের স্বার্থে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হবে।

[5.50–6.00 p.m.]

শ্রী মলয় ঘটক : স্যার, আজকে সেকশান ১৮৫-তে মোশন এসেছে, Regarding deterioted conditions of Jute Industry in the State. পশ্চিমবঙ্গের জুট ইন্ডাস্ট্রি এমন একটা ইন্ডাস্ট্রি যে সারা ভারতবর্ষে ৭৩টা জুট ইন্ডাস্ট্রির মধ্যে ৫৯টা জুট ইন্ডাস্ট্রি আমাদের রাজ্যে অবস্থিত। এবং রাজ্য সরকার যদি এখনও পর্যন্ত জুট ইন্ডাস্ট্রিকে বাঁচাবার জন্য ঠিকমতন এগিয়ে না আসেন তাহলে একটু আগে যে প্রস্তাবগুলি আলোচনা হল, হয়তো আমাদের এই বিধানসভার মধ্যে কয়েকদিন পরে একইভাবে বলতে হবে জুট ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে, বন্ধ হয়ে যাচ্ছে। গত এক বছরে একটার পর একটা জুট ইন্ডাস্ট্রি লক-আউট হয়েছে, মাসের পর মাস বন্ধ থেকেছে, যারা লেবার তারা মাহিনা পায়নি। অথচ স্যার, রাজ্য সরকারের থেকে যাতে এই জুট ইন্ডাস্ট্রিগুলি ঠিকমতন চলে তার চেষ্টা করা হয়নি। আসলে যে জুট ইন্ডাস্ট্রি পশ্চিমবাংলায় রয়েছে সেই জুট ইন্ডাস্ট্রিগুলি আপনারা যদি দেখেন তাহলে দেখবেন সবচেয়ে বড় যে নতুন জুট ইন্ডাস্ট্রি হয়েছে সেটা হচ্ছে রানীগঞ্জ ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে। যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে অরুণ বাজোরিয়া হচ্ছেন ওয়েস্ট বেঙ্গলে ইন্ডাস্ট্রিয়াল সার্কেল-এর জুট ব্যারণ। রানীগঞ্জকে জুট ইন্ডাস্ট্রির কয়েকটি মালিক বেছে নিয়েছেন জুট কারখানা খোলার জন্য। আমারও প্রথমে খুব কিউরিওসিটি ছিল। কারণ কোনো শিল্পপতি যদি রাজস্থানের মরুভূমিতে চাষ করার জন্য যান তাহলে প্রথমে দেখতে হবে সেই শিল্পপতির উদ্দেশ্য কি। তিনি আদৌ সেখানে কি চাষ করতে যাচ্ছেন নাকি রাজ্য সরকারের বা কেন্দ্রীয় সরকারের ব্যাঙ্কের টাকা লুঠ করতে যাচ্ছেন। অরুণ বাজোরিয়া যে জুট মিল খুলেছেন তার নাম হচ্ছে হুগলী জুট মিল প্রজেক্ট, এটা মঙ্গলপুর ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে। এই কারখানা শুরু হওয়ার পর থেকে এই কারখানার শ্রমিকদের ডেলি ২০ টাকা মাহিনা দিতে হত, ১২ ঘণ্টার চাকরিতে ২০ টাকা মাহিনা। যেদিন শ্রমিকরা সেখানে ধর্মঘট করল, কারখানা খোলার ১ মাসের মধ্যে ধর্মঘট হয়ে গেল। এই রাজ্যের মন্ত্রী বংশগোপাল চৌধুরী এবং সেখানকার এম পি বিকাশবাবু মিটিং করে বললেন যে জুট মালিকের সঙ্গে কথা বলেছি ২০ টাকার জায়গায় ২৩ টাকা করে দিয়েছে। আমরা কোন রাজ্যে আছি। ১২ ঘণ্টার কাজ করে—রাজ্যের মন্ত্রী, এম পি-রা মিটিং করার পরে সেখানে ২০ টাকার জায়গায় ২৩ টাকা করে মাহিনা করে দিলেন। আসলে এই জুট মিলের মালিক সেখানে শ্রমিকদের চাকরি দেওয়ার উদ্দেশ্যে যাননি। তারা কম দামে জমি পেয়েছেন, ইলেকট্রিসিটি সাবসিডি পেয়েছেন, সেলস্ ট্যাক্স হলিডে পেয়েছেন এ১ং ১৪০ কোটি টাকা ধার নিয়েছেন বিভিন্ন সংস্থার কাছ থেকে। আর এখানে শ্রমমন্ত্রী রয়েছেন, নিশ্চয় জানেন, লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বলে যে বই বের করেছেন, সেখানে পেজ ১২-তে, প্যারা ৪২টা পড়ে নিতে বলব, ওখানে লেখা আছে The new entrants such as workmen

who are paid wages through vouchers and who are engaged as zero number worker or who are paid less wage for the rate payable as per the industry-wise settlement and whose names are not borne in the master roll of the workers of the mill will get a sum of Rs. 100 as wage per day plus usual fringe benefits like V.D.A. and etc.

সুতরাং উনি যে বই ছাপিয়েছেন, ওনার যে বাজেট ভাষণ, সেই বাজেট ভাষণে সেখানে জুট সম্পর্কে লিখেছেন, প্যারা ১৫(খ)তে। যে সমস্ত নতুন শ্রমিক ভাউচারের মাধ্যমে মজুরি পান, এবং যারা শূন্য সংখ্যার শ্রমিক হিসাবে নিযুক্ত হন অথবা যারা শিল্পভিত্তিক দেয় মজুরি হারের পরিবর্তে কম মজুরি পান, এবং যাদের নাম শ্রমিকদের মাস্টার রোলে অন্তর্ভুক্ত নয়, তারা অন্যান্য শ্রমিকের সুবিধাসহ প্রতিদিন ১০০ টাকা মজুরি পাবেন। এখানে ৩ হাজার শ্রমিক কাজ করছে, ৩ হাজার শ্রমিককে যদি ১ শত টাকা মাহিনা দেওয়া হত তাহলে ২৩ টাকা মাহিনা যা দেওয়া হয় তার মধ্যে ৭৭ টাকা পার হেড, পার শিফ্‌ট করে প্রতি ওয়ার্কারের থেকে চুরি করা হচ্ছে। সেখানে ই এস আর হচ্ছে প্রতিদিন ২ লক্ষ ৩১ হাজার টাকা, তাকে ৩০ দিয়ে গুণ করলে ৭০ লক্ষ টাকা, আবার যদি তাকে ১২ দিয়ে গুণ করেন, গুণ করলে দাঁড়াবে ১০ কোটি টাকার কাছাকাছি। এই জুট ইন্ডাস্ট্রিটা হয়েছে রানীগঞ্জে। এটা চালাবার জন্য করেননি, এরা রাজ্য সরকারের কাছ থেকে বা অন্যান্য যারা রয়েছেন, তাদের সঙ্গে যোগসাজশ করে লুঠ করতে গিয়েছেন। বছরে দশ কোটি টাকা সেখানে লুঠ হচ্ছে। শ্রমিকরা তাদের প্রাপ্য মাইনে পাচ্ছেন না, সমস্ত টাকা ভাগ বাটোয়ারা হচ্ছে। এইভাবে কোনো ইন্ডাস্ট্রি চলতে পারে না। যেদিন তাদের সেলস্ ট্যাক্স দিতে হবে, যেদিন শ্রমিকদের পুরো মাইনে দিতে হবে, যেদিন বিদ্যুতের উপরে ভর্তুকি উঠে যাবে সেদিন তারা তালা ঝুলিয়ে দেবে। পাঁচ বছর পর্যন্ত এই সুবিধা পাওয়া যাবে, পাঁচ বছর পরে সেখানে গণেশ উল্টিয়ে দিয়ে তারা চলে যাবে। আমরা দেখেছি প্রত্যেকটি জুট ইন্ডাস্ট্রি গঙ্গা নদীর দুই ধার দিয়ে গড়ে উঠেছে। ওই মালিক পক্ষ গঙ্গা নদীর ধার ছেড়ে দিয়ে রানীগঞ্জে জুট ইন্ডাস্ট্রি করার কারণ হচ্ছে, এখানকার ইউনিয়নগুলো মালিকপক্ষের উপরে ঝাঁপিয়ে পড়বে, তাই তারা ওখানে জুট ইন্ডাস্ট্রি করেছেন। আজকে ২৩ টাকা করে মাইনে দিয়ে, শ্রমিকদের ৭৭ টাকা করে লুঠ করা হচ্ছে। মাননীয় শ্রমমন্ত্রী যখন বক্তৃতা করবেন তখন নিশ্চয় বলবেন, শ্রমিকদের ২৩ টাকা করে মাইনে দেওয়া হচ্ছে কেন এবং বাকি ৭৭ টাকার ভাগ কারা পাচ্ছে ? পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রি চলবে আর শ্রমিকরা সরকারি রেটে প্রাপ্য পাবে না এটা হতে পারে না। তিন হাজার বেকার ছেলে আজকে ওই রেটেই কাজ করতে বাধ্য হচ্ছে। আমি এই ঘটনার তীব্র প্রতিবাদ করছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এর জবাব চাইছি।

শ্রী সুব্রত বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮৫ ধারা অনুযায়ী শ্রী মানস মুখার্জী এবং তপন হোড় যে প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। অবিভক্ত বাংলায় উঁচুমানের পাট উৎপাদন এবং পাট শিল্প ছিল আমাদের গর্বের বিষয়। স্বাধীনতার পর যখন আমাদের দেশ ভাগ হল, তখন পশ্চিমবাংলায় উঁচুমানের পাট উৎপাদন

শুরু হল এবং কাজে আমরা বিশেষ সাফল্য অর্জন করেছিলাম। অবিভক্ত বাংলায় পাট উৎপাদন বেশি হত পূর্ব বাংলায় এবং পাটশিল্পগুলো প্রতিষ্ঠিত হয়েছিল গঙ্গা নদীর দুই ধার দিয়ে। আমাদের গর্বের সেই পাটশিল্প আজকে ভয়ঙ্কর অবস্থার মধ্যে দিয়ে চলছে। এর একটা প্রধান কারণ, সারা বিশ্বে পাট জাতীয় দ্রব্যের পরিবর্তন ঘটেছে এবং তারা সেই পদ্ধতি অনুসরণ করেছে। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় আমরা সেই পদ্ধতি গ্রহণ করিনি। মাননীয় সদস্যরা সকলেই জানেন, পাটশিল্পের মধ্যে দিয়ে আজকে শুধু গানি ব্যাগস্ এবং কার্পেট রোলস্ই হচ্ছে না। আজকে পাটের জুতো, পাটের কাপড়, পাটের ব্যাগ, পাটের চটি উৎপাদন হচ্ছে। সারা ভারতের পর্বের বিষয় ছিল পশ্চিমবাংলার এই পাটশিল্প, তারা কিন্তু এই ডাইভারসিফিকেশান গ্রহণ করেনি।

[6.00–6.10 p.m.]

তার জন্য বহুলাংশে আমি দায়ী করব আমাদের কেন্দ্রীয় সরকারকে। এইজন্য করব যে, আমরা আশা করেছিলাম কেন্দ্রীয় সরকার যখন পশ্চিমবঙ্গের ৫টি এবং বিহারের একটি জুট মিল অধিগ্রহণ করে চালাচ্ছিলেন,—তার মধ্যে ছিল সম্ভবত এশিয়ার বৃহত্তম জুট মিল হাওড়া জেলার সাকরাইলে ন্যাশানাল জুট মিলও—সেইগুলোর উপর যদি নিয়ন্ত্রণ রাখতেন তাহলে বেসরকারি জুটমিলের মালিকরাও হয়তো এই পদ গ্রহণ করতেন। আমার মনে হয়, মাননীয় সদস্যরাও আমার সঙ্গে একমত হবেন যে, পাটশিল্পের ডাইভার্সিফিকেশন এবং নানারকম পাটজাত দ্রব্য তৈরি করতে যদি আরম্ভ করেন তাহলে আগামীদিনে পাটশিল্পের পুনরুজ্জীবন হতে পারে। মাননীয় অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় অন্য একটি প্রস্তাবের আলোচনায় উল্লেখ করেছেন, আমাদের কেন্দ্রীয় সংস্থার জুট মিলগুলোতে প্রকৃত ম্যানেজমেন্টের অভাবে এই অবস্থা এসে দাঁড়িয়েছে। দু বছর, তিন বছরের জন্য একজন ম্যানেজিং ডিরেক্টর বা চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর নিয়োগ হতেন। তাঁরা আসতেন ইন্ডিয়ান অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস থেকে। যেহেতু তাঁরা জানতেন ২/৩ বছরের জন্য থাকবেন, সেইজন্য এই শিল্পের প্রতি তাদের কোনো কমিটমেন্ট ছিল না, এবং সেই কমিটমেন্ট না থাকার জন্য এই অবস্থায় এসে দাঁড়িয়েছে।

মাননীয় শ্রমমন্ত্রী এখানে উপস্থিত আছেন। আমি তাঁর এবং পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করব যে, কেন্দ্রীয় সরকার এবং বেসরকারি জুট মিল মালিকদের সংস্থা ইন্ডিয়ান জুট ম্যানুফ্যাকচারিং অ্যাসোসিয়েশনকে এই কথাটা যদি উপলব্ধি করানো যায় যে, এই শিল্প বাঁচাতে পারে, একে বন্ধ করার কোনো কারণ নেই, একে সঙ্কটের মধ্যে ফেলা উচিত নয়, যদি এর ডাইভার্সিফিকেশন করা যায় তাহলে পাটশিল্প আবার পুনরুজ্জীবিত হবে। এই আশা প্রকাশ করে মাননীয় সদস্য মানস মুখার্জী মহাশয় এবং তপন হোড় মহাশয় যে প্রস্তাব উল্লেখ করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abu Hasem Khan Chaudhury: Mr. Deputy Speaker, Sir, I would like to support the motion about the deteriorating

condition of jute industry. Sir, to begin with I would like to say why Calcutta was strategically important for jute industry. The reason it was important because it was a very nice port and the jute industries were set up on the other side of the river—lot of them, because trasnporting hessian cloth, jute was cheaper by ship than anything else. Sir, in those days, prior to partition, the raw materials supplier was the East Bengal and Calcutta was industrially making very profitable jute bags, hessians and supplying to overseas, particularly to United States of America and Scotland ; but after the partition the situation changed. Though the raw materials came from West Bengal and Assam but the new countries like Bangladesh, Egypt, Thailand—they all have set up the industries—jute industries, and consequently the demand for our jute bags and hessains was declining. Furthermore, one of the most hard hit to the jute industry situation was the new material—the innovations of new countries—of packaging materials, like paper and particularly, a man-made material—plastic. It created an unprecedented demand in all over the world and the countries which were buying from us jute bags for hessian cloth were started buying locally these plastic bags, plastic materials. Sir, I have been told that the situation was so bad that the Calcutta Mill Owners even could not pay their bills to the brokers who were supplying the raw materials and many of them gave or sold their industries to the suppliers. We had also the problem of electricity, fluctuations of electricities, and although the jute industry or the owners of jute industries, they were thought to be living within the traditional products, they started new ones like carpets, drips, handbags and other kind of materials ; they started to make hessian cloth and jute bags. And when the situation was that bad in West Bengal the Left Front Govt. came and that made the situation even worse. The Left Front Govt's industrial policy—I think, they were confused, they did not know what role they should play in this industrial situation. They have played a role of spoilers. They neglected the owners of mills of production and supported blindly the unions—that created a nervousness, tension in the minds of the jute mill owners. And they do not invest any money for the new machines or anything rather they channel their money in other areas, in other states and that has created further problem. Sir, if you see the difference between the Left Front Government of West Bengal and the

Government of Maharashtra, you will realise why the industrialists are going to Maharashtra. In Maharashtra, government plays a neutral role but in West Bengal, the Left Front Government blindly supports the unions. This has created many problems and one after another jute mills are closing down.

Sir, several jute mills were nationalised by the Central Government and several crores of rupees were spent on them but the output of these mills was much lower than the private jute mills. It is difficult to say now as to whether one should inject more funds to the jute industries which are not doing well because it is not the problem of owners or the workers but it is the problem of marketing. If by injecting more money the jute mills can become profitable, I think we should do that otherwise we should invest money in new situations, new industries where the generation of income will be more. As far as jute industry is concerned, the situation is really pathetic and one is not sure whether it is wise to encourage investment of money in this industry.

Thank you.

শ্রী নির্মল ঘোষ : স্যার, মাননীয় সদস্য শ্রী মানস মুখার্জী যে ১৮৫ প্রস্তাব এনেছেন তাতে আমাদের কোনো আপত্তি থাকা উচিত না। আজকে এই হাউসে অগ্রজপ্রতিম মাননীয় মন্ত্রী রয়েছেন, জুট মিল থেকেই তাঁর যাত্রা শুরু হয়েছিল। তিনি আমাদের থেকে ভালোই জানেন যে '৭৭ সালে ৩ লক্ষ ২৫ হাজার শ্রমিককে নিয়ে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় এসেছিলেন, আজকে সেই শ্রমিকের সংখ্যা কোথায় এসে দাঁড়িয়েছে। আজকে অনেক শিল্পপতিরা পশ্চিমবাংলায় নতুন করে শিল্প করার চেষ্টা করছে। অনেক জুট মিল তৈরি করার প্রস্তাব আছে। বিড়লারা চালাতেন, গোয়েনকারা চালাতেন, রাজ্যের বড় বড় হাউজগুলি জুট মিল চালাতেন। ইংরেজরা এখান থেকে চলে যাবার পর বিশেষ করে সত্তরের দশকে এবং তার পরে আপনারা আসার পরে বিশেষ করে আমরা দেখেছি ২৬ থেকে ২৭টি জুট মিল চলে গেছে তাদের হাতে যারা জুট সাপ্লাই করত, সেই সারদা প্রসাদদের হাতে। Jute brokers have become the Jute Owners of the Jute mill. সেখান থেকে ডিটিরিওরেট হয়েছে। গ্রাফটা উপর থেকে নীচের দিকে গেছে। শ্রমিকের সংখ্যা কমতে কমতে দেড় লক্ষে এসে দাঁড়িয়েছে। এর পিছনে রাজ্য সরকারের দায়িত্ব থাকা উচিত। সেই দায়িত্বের কথা মাননীয় সদস্য জানেন কিনা জানি না। তবুও বলছি আপনি যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি। কেন্দ্রীয় সরকারকে বলার সুযোগ এখানে আছে, কেন্দ্রীয় সরকার জে.সি.আই. তৈরি করেছেন। মাননীয় মন্ত্রী এখানে রয়েছেন—আমরা গত ৪০ বছর ধরে আমি আসার আগে এই হাউজে বারেবারেই বিভিন্ন দলের পক্ষ থেকে এমনকি আপনাদের দলের পক্ষ

থেকেও বলেছে যে রাজ্য সরকারের একটা ব্যবস্থা নেওয়া উচিত ছিল। জে.সি.আই. তৈরি করে তাকে সাপোর্ট দেওয়া হয়েছিল। তারা জুট গ্রোয়ার্সদের সাপোর্ট দেওয়ার জন্য জে.সি.আই. তৈরি করলেন। কিন্তু এই জুট গ্রোয়ার্স এবং জে.সি.আই.-এর মাঝে যে ফড়েরা ছিল তারা এই জুট ইন্ডাস্ট্রির ক্রিমটা খেয়ে ফেলল এবং তারা বলেছিল এর বদলে তারা জুট মিলগুলিকে ভালো করে চালাবে। আগে চায়ের পরেই জুট থেকে সবচেয়ে বেশি ফরেন মানি আয় হত। আগে জুট ইউরোপ এবং আমেরিকার মার্কেটে যেত, কিন্তু আজকে ডাউনফল হয়েছে কি করে সেটা বলার অপেক্ষা রাখে না। আমরা যারা কনসার্ন আমরা জানি আজকে ভারতবর্ষের জুটের ৮৫ পারসেন্ট প্রোডাক্ট আমাদের দেশের মানুষই ব্যবহার করে এই জুট শিল্পকে বাঁচিয়ে রেখেছে। ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তিনি প্রোপোজ করেছিলেন জুটমিলগুলির আধুনিকীকরণ দরকার। ১৯৮৫ অ্যান্ড অনওয়ার্ডস বললেন আমি ১৫০০ কোটি টাকা জুটমিলগুলির জন্য দেব, তখন মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে এটা ঠিক হয়েছিল ১৫০০ কোটি টাকার অঙ্কটা। কিন্তু আপনি জেনে দুঃখিত হবেন মাত্র ১৭৫ কোটি টাকা এই মালিকরা নিতে পেরেছে। কারণ There was a proposal. The money will be invested in the factory for revival for renovation for modernisation directly by the agencies not through the employer. সেখানে এমপ্লয়াররা বুঝে নিল যে তারা আর কাটমানি পাবে না, তাই তখন তারা আর নিল না। সরকার টাকা দিতে চেয়েছিল কিন্তু তারা তা নিল না। আজকে জুটমিলগুলির অবস্থা খুবই খারাপ হয়েছে, আজকে তাই বরানগর জুটমিলের সৃষ্টি হয়েছে, টিটাগড় জুটমিলের এই অবস্থা, হেস্টিং জুটমিলের এই অবস্থা। হুগলি জুটমিলের আজকে কি খারাপ অবস্থা।

[6.20–6.30 p.m.]

আপনি জানেন এবং আমরা সবাই জানি আজকে জুট মিলের অবস্থা খারাপ, মডার্নাইজ না করা গেলে হবে না। শুধু শ্রমিকদের কথা শুনলে হবে না। আমি রিপিট করতে চাই যে, আপনি তো এগ্রিমেন্ট করেছেন ক'টা মিল মানছে ? আজকে আপনি এগ্রিমেন্ট করেছেন ভাগাওয়ালা জিরো ওয়ার্কার থাকবে না, তারা ১০০ টাকা পাবে। আপনি আরো বলেছেন ২০ শতাংশ বদলি এবং স্পেশ্যাল বদলি থেকে উইল বি মেড পার্মানেন্টে। আপনি বলতে পারেন কটা মিল তারা বদলি থেকে স্পেশ্যাল বদলি থেকে এটা করেছেন ? দে ডিড নট মেক পার্মনেন্ট। বরং পি.এফ.-এর প্রচুর টাকা চুরি করা হয়েছে এই রাজ্যে, জুট মিল মালিকরা তা করেছে। আমরা দেখতে পাচ্ছি প্রত্যেক ৩ মাস অন্তর মিলগুলোর মালিকানা পরিবর্তন হচ্ছে। এই র‍্যাকেট ধরুন। মাননীয় মন্ত্রী মহাশয় আমার থেকে কম জানেন না। আজকে পি.এল. গ্রুপ, টিটাগড় জুট মিল-সহ ৫টা জুট মিল ছিল। কিন্তু পরবর্তীকালে ৩টে হয়ে গেল। আপনারা জানেন কিভাবে এর মালিকানা চেঞ্জ হয়ে গেল। কতগুলো ব্রেকার যারা বড় বাজারে ট্রেডিং করত তারা মিল করছে। দে ওয়ার ম্যান অফ লাখস, নাউ দে আর ম্যান অফ ক্রোড়স, জুট ইন্ডাস্ট্রিতে। এটা দেখা দরকার। সেন্ট্রাল গভর্নমেন্টের মধ্যে এটা নেই। তাদের যে এন.জে.এম.সি. আছে, তাদেরটা এস্যুওরড। সেখানে যে টাকা জমা পড়ছে ইন দি

নেম অফ প্রেসিডেন্ট, তা পাওয়া যাবে। সেই টাকা শ্রমিকরা আজ হোক কাল হোক পাবে। কিন্তু এখানকার মিল মালিকরা পি.এফ., ই.এস.আই. না দিয়ে চলে গেল। আপনারা তাদের স্পেয়ার করলেন। এবং তারা মিলগুলো রক্ষাও করল না। মিলগুলোকে যদি মডার্নাইজ করার দিকে জোর দিতেন তাহলে শ্রমিকদের ন্যায্য পাওয়া থেকে মালিকরা যে বঞ্চিত করছে তা রুখতে পারতেন। এবং তাহলে আজকে জুট মিলে শ্রমিক সংখ্যা কমে যেত না। এবং মিঃ চৌধুরী রাইটলি টোল্ড যে জুটে ডাইভার্সিফিকেশন হয়নি। আমরা পলিপ্যাকের বিরোধী। কেন্দ্রে ইন্দিরা গান্ধীর সময় থেকে যারা যখন সরকারে এসেছে তাদের বলেছি যে, জুট বাংলার একটা ঐতিহ্য, একে বাঁচাতে হবে এবং খাদ্য চিনি, সিমেন্ট, ফার্টিলাইজার সব ক্ষেত্রে জুট ব্যাগের ব্যবহারে প্রাধান্য দিতে হবে। আপনারা জানেন পলিথিন ব্যবহার পলিউশনের দিক থেকে একটা ক্ষতিকর মাত্রায় চলে গেছে। পলিথিন আজকে চালু করার চেষ্টা হচ্ছে এবং এর ফলে শিল্প, জুট মিল মার খাচ্ছে। কাজেই আমরা মনে করি পলিথিন বন্ধ হওয়া উচিত এবং ফার্টিলাইজার, সিমেন্ট, খাদ্যশস্য প্রভৃতিতে জুটকে প্রায়োরিটি দেওয়া দরকার। যদিও আমরা বলেছি, যেটা ক্ষোভ আমাদের। এক্ষেত্রে আমাদের শেয়ার ৩ লক্ষ থেকে দেড় লক্ষে চলে গেছে। ৩৩ লক্ষ জুট গ্রোয়ার্স-এর কথা বলা দরকার। জুট গ্রোয়ার্স এবং জুট মিল শ্রমিকদের প্রোটেকশন দেওয়া দরকার এই মোশানের মধ্যে। আপনাদের সরকারেরও ব্যর্থতা আছে। নাইদার ইউ কুড প্রটেক্ট দি জুট এমপ্লয়িজ নর ইউ প্রটেক্ট দেয়ার রাইটস্। এই ফেলিওয়েরর কথা বলে আপনাদের প্রস্তাবকে সমর্থন করছি। ধন্যবাদ।

শ্রী মহঃ আমীন : মাননীয় মানস মুখার্জি মহাশয় জুট মিল সম্বন্ধে যে মোশান এনেছেন তাকে সমর্থন করছি। এই মোশানের উপর যে কয়েকজন মাননীয় সদস্য আলোচনা করেছেন, তারা যা বলেছেন তাতে আমার মনে হয়েছে কেউ এর বিরোধিতা করেননি। মাননীয় মলয় ঘটক রানীগঞ্জের একটা নতুন মিলে কম পয়সায় শ্রমিককে কাজ করানো হচ্ছে বলেছেন। এটা সঠিক। ট্রাইপারটাইট যে এগ্রিমেন্ট সই হয়েছে সেটার যদি ভায়োলেশন হয় বা যদি এরকম হয় যে, সেটা মানা হচ্ছে না, তাহলে সেই সম্পর্কে আমি বলতে চাই যে, গভর্নমেন্ট এ ব্যাপারে ইন্টারভেন করবে, কেন না ট্রাইপারটাইট এগ্রিমেন্ট হয়ে যাওয়ার পরে কোন মিলে কোন শ্রমিক দৈনিক ১০০ টাকা প্লাস ফ্রিঞ্জ বেনিফিট ছাড়া কাজ করতে পারবে না, যদি তারা এটা না মেনে কাজ করে তাহলে সেটা ট্রাইপারটাইট এগ্রিমেন্টের বহির্ভূত হবে। কোন জায়গায় কোন ওয়ারকার বা ইউনিয়ন যদি আমাদের জানান যে, ট্রাইপারটাইট এগ্রিমেন্ট মানা হচ্ছে না, তাহলে আমরা আমাদের যতটুকু শক্তি আছে সেটা আমরা ব্যবহার করব এবং মালিকদেরকে ওই চুক্তি মানতে বাধ্য করব। ট্রাইপারটাইট এগ্রিমেন্টে অনেকগুলো বিষয় নেওয়া হয়েছে—এতে শ্রমিকদের লাভ হয়েছে, শ্রমিকরা কোনো না কোনো দিকে বেনিফিট পাচ্ছে, তাদের টাকা-পয়সা বেড়েছে, ডি.এ. বেড়েছে, পি.এফ. বেড়েছে, মিনিমাম গ্যারান্টি হয়েছে এবং সব মিলিয়ে কম-বেশি এটা ইমপ্লিমেন্টেড হয়েছে, তবে ১০০ পারসেন্ট ইমপ্লিমেন্টেড হয়েছে সেটা দাবি করতে পারি না। অনেক কারখানায় দেখা যাচ্ছে যে, মালিকরা শ্রমিকদেরকে ফাঁকি দিচ্ছে—সেটা হল, যারা অ্যাপ্রেনটিশ হিসেবে কারখানায় কাজ

করছে তাদেরকে মালিকরা এই ট্রাইপারটাইট এগ্রিমেন্ট অনুযায়ী টাকা দিচ্ছে না, তাদেরকে কম টাকা দিচ্ছে। কারণ হিসেবে মালিকরা বলছে যে, 'ওরা অ্যাপ্রেনটিশ, ওরা কাজ শিখছে, সেজন্য ওদের কম টাকা দেব'। এই ট্রাইপারটাইট এগ্রিমেন্টে অ্যাপ্রেনটিশদের নিয়ে কিছু বলা নেই। আমরা ঠিক করেছি, এর পরে যখন এগ্রিমেন্ট হবে তখন, অ্যাপ্রেনটিশরা কত পাবে, কতদিন অ্যাপ্রেনটিশ থাকবে, অ্যাপ্রেনটিশ থাকার সময় শেষ হওয়ার পরে যখন নিউ এনট্রান্ট হবে তখন কত পাবে ইত্যাদি বিষয়গুলো ঠিক করা হবে। চটকলের মালিকরা শ্রমিকদের ঠকাতো। যারা এখন চটকল চালাচ্ছেন তাঁরা কেউই ট্রাডিশনাল ইন্ডাস্ট্রিয়ালিস্ট নন, এখানে একজন মাননীয় সদস্য বলেছেন যে, 'পাটের ব্যবসা করতে করতে তাঁরা এখন মিল মালিক হয়ে গেছেন',—এই কথাটা ঠিকই। আজকে চট শিল্পের প্রধান সমস্যা হচ্ছে, কেন্দ্রীয় সরকার সিন্থেটিক চালিয়ে দেওয়ার চেষ্টা করছেন। ১৯৮৭ সালে যখন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন সেই সময় তিনি চটশিল্পকে রক্ষা করার জন্য আইন পাশ করেছিলেন, কম্পালসারি জুট মেটেরিয়ালস অ্যাক্ট, ১৯৮৭,—এই আইন অনুযায়ী ঠিক করা হয়, ১০০ পারসেন্ট সিমেন্ট, ১০০ পারসেন্ট ফার্টিলাইজার, ১০০ পারসেন্ট সুগার, ১০০ পারসেন্ট ফুড-গ্রেইনস এগুলোকে যুদ্ধকালীন ভিত্তিতে চটের ব্যাগে প্যাকিং করতে হবে। পরবর্তীকালে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এ ব্যাপারে রিভিউ করার জন্য একটা ইন্টার মিনিস্টারিয়াল কমিটি করেছিলেন। তারা প্রথমেই যেগুলো কম্পালসারি ছিল সেগুলো তুলে দিল, তারা প্রথমেই সিমেন্ট বাদ দিল—তারা বলল চটের ব্যাগে সিমেন্ট থাকবে না, তারপর তারা ফার্টিলাইজার কমিয়ে দিল, তারপর তারা সুগার কমিয়ে দিল এবং এখন তারা ফুড গ্রেইনসকেও কমিয়ে দিল। সর্বশেষ তারা যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন সেটা সবচেয়ে বিপজ্জনক, সেটা হল—২০০২ সালের ১২ই জুলাই থেকে ২০০৩ সালের ৩রা জুলাই পর্যন্ত ফুড গ্রেইনস প্যাকিং হবে ৮০ পারসেন্ট, সুগার প্যাকিং হবে ৭৫ পারসেন্ট। ২০০৩ সালের ১লা জুলাই থেকে ২০০৪ সালের ৩০শে জুন পর্যন্ত ফুড গ্রেইনস প্যাকিং হবে ৬০ পারসেন্ট, সুগার প্যাকিং হবে ৫০ পারসেন্ট। যদি এটাকে আটকানো না যায় তাহলে অনেকগুলো জুট মিল বন্ধ হবে এবং প্রায় ৪০ লক্ষ পাট চাষীর ক্ষতি হবে। এর বিরুদ্ধে হাইকোর্টে মামলা হয়েছে। আমরাও মনে করি এই সিদ্ধান্ত ঠিক নয়। আইনের দিক থেকে এটা টিকবে কি না—এটা আমাদের ডাউট আছে। কেন না যে আইন পার্লামেন্ট থেকে পাশ হয়ে বলবৎ হয়েছে তাকে কোনো গভর্নমেন্ট অর্ডারের মাধ্যমে নেগেট করা যায় না।

[6.30–6.40 p.m.]

সেইজন্য হাইকোর্টে যে মামলা হয়েছে তার আজকে শুনানি হচ্ছে। আজকে শুনানি পড়ে কি রায় দেবে হাইকোর্ট, সেটা আমাদের দেখতে হবে কিন্তু পশ্চিমবাংলায় এটা জীবন-মরণের সমস্যা। কাজেই এটা সহজেই আমরা ছেড়ে দেব না। দরকার হলে সুপ্রিম কোর্ট পর্যন্ত আমরা যাব। আন্দোলন হবে।

(ভয়েস—এন.জি.এম.সি.-র কটা মিল খোলা আছে ?)

৫টি মিল পশ্চিমবাংলায় আছে। এর মধ্যে চলছে। কিন্তু পাট নেই, এটা নেই, সঠিকভাবে চলছে না। এর মধ্যে ২টিকে বন্ধ করে দেওয়ার নোটিশ দিয়েছে কেন্দ্রীয় সরকার। এখানে সেইজন্য আমি বলছি, সিন্থেটিক যদি আসে, তাহলে পশ্চিমবাংলায় বড় সমস্যা আছে। এনভায়রনমেন্ট সেটা আজকে সব দেশের বিপদ। এটা মাননীয় সদস্যরা বুঝবেন। এইরকম সরকার পৃথিবীর কোনো দেশে পাওয়া যাবে না, যে এনভায়রনমেন্টকে রক্ষা করবার জন্য কোটি কোটি টাকা খরচা করছেন, আবার এই সরকার এনভায়রনমেন্টকে ডেসট্রয় করবার জন্য এই সিন্থেটিককে নিয়ে আসছে। এদেশ কোথায় যাবে, কি হবে, একটা নিতে হবে তো। বিভিন্ন দেশে এখন সিন্থেটিক ব্যান্ড হচ্ছে। বাংলাদেশে চটশিল্প বন্ধ হয়ে যাচ্ছে, উঠে যাচ্ছে। চীনে চট শিল্প তুলে দিচ্ছে। ওদের আর প্রয়োজন নেই। ওদের অর্থনীতির অনেক পরিবর্তন হয়েছে। এই সময়েই আমাদের এখানে ভারতবর্ষে পশ্চিমবাংলায় চটশিল্প অনেক গুরুত্ব, এটাকে রক্ষা না করে এখন কেন্দ্রীয় সরকার একটা পাওয়ারফুল লবি যাদের সিন্থেটিক কারখানা আছে, তারা জুটকে সরিয়ে সিন্থেটিককে আনতে সচেষ্ট। ক্ষুধা লাগলে বিষ খাওয়া যায় না। তাতে ক্ষুধা মিটবে কি না জানি না, লোকটা মারা যাবে। এটা কোথাকার কি নীতি, কেউ বুঝতে পারছে না। সেইজন্য দেশের মানুষকেও সচেতন হতে হবে। সিন্থেটিকের বিরুদ্ধে যে লড়াই, এটা শুধু শিল্পের বাঁচাবার লড়াই নয় দেশটাকে বাঁচাবার লড়াই, এটাই হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা। এর আগে কয়েকজন মাননীয় সদস্য কয়েকটি প্রশ্ন করেছে, আমি উত্তর দিচ্ছি। এই অবস্থায় চটকলগুলির মধ্যে ২টি এখন বন্ধ হয়ে গেছে, গৌরীপুর এবং নিউ সেন্ট্রাল জুট মিল বন্ধ হয়ে গেছে। বাকি সবগুলি চলছে। এন.জি.এম.সি.-র কারখানা কেন্দ্রীয় সরকার সেটাকে সঠিকভাবে চালাচ্ছে না, টাকা নেই, পাট নেই, তাহলে চলবে কি করে। চটকলগুলিতে শ্রমিকদের আজকে বড় সমস্যা আছে। ত্রিপাক্ষিক চুক্তির পরেও অনেকগুলি দাবি মিটছে না। কিন্তু মালিকরা এখন ডি.এ. দিচ্ছে না। জিনিসপত্রের দাম বাড়লে ডি.এ. বাড়বে। শ্রমিকরা আজকে ধর্মঘট করতে খানিকটা ইতস্তত করছে কোন আন্দোলনে নামতে যে তাহলে সিন্থেটিক ঢুকে আসবে। এর সুযোগ নিয়ে মালিকরা কিছু অন্যায় কাজ করছেন। আমি এই ফ্লোর থেকে বলছি ডি.এ. যা বেড়েছে, তা অবিলম্বে দিয়ে দেওয়া উচিত। তা নাহলে শ্রমিকরা যদি কোনো আন্দোলনে নামেন, তাহলে তাদের পক্ষে ভুল হবে না। আশাকরি চটশিল্পে আজকের পরিস্থিতির ব্যাপারে এই যা কথা বলার ছিল। এটা মাননীয় সদস্যরা গ্রহণ করবেন এবং এই মোশানটির সঙ্গে একমত হয়ে গ্রহণ করবেন। ধন্যবাদ।

শ্রী মানস মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রুল আন্ডার ১৮৫ চটশিল্পের সংকট নিয়ে যে প্রস্তাব আমি উপস্থিত করেছিলাম, সেই প্রস্তাবটি বিরোধী বন্ধুরা সমর্থন করলেন সেইজন্য ধন্যবাদ এবং চটশিল্প জুটমিলের শ্রমিকদের স্ট্রাগেলের প্রতি মালিকদের যে দৃষ্টিভঙ্গি, মালিকদের—শ্রমিকদের লড়াই, মালিকরা শ্রমিকদের টাকা আত্মসাৎ করে নেয়, আমরা সকলেই জানি এবং তার জন্য চটশিল্পের শ্রমিকরা তারা লড়াই করছেন। এবং লড়াই করে এখনও পর্যন্ত সেটা স্যার, তাদের অধিকার রক্ষা করবার চেষ্টা করছেন এবং রাজ্য সরকার সমস্ত শক্তি নিয়েই শ্রমিকদের সেই লড়াইয়ে মদত দিচ্ছেন। মাননীয় সদস্য যে সমস্যাটি

মাননীয় মন্ত্রী উত্থাপন করলেন আমরা চটশিল্প এলাকায় থাকি, আমরা বুঝতে পারছি হাড়ে—হাড়ে। ইতিমধ্যে বিভিন্ন চটকলে শ্রমিক কমানোর, শিফ্‌ট কমানোর পরিকল্পনা শুরু হয়ে গেছে। এর সাথে সাথে পাট চাষীদের—আমাদের দেশের বেশিরভাগ পাট চাষী আমাদের রাজ্যে বাস করেন—জীবিকা বিপন্ন হয়ে পড়বে। পাট চাষ এবং চট শিল্পের ভয়ঙ্কর পরিণতি আমাদের রাজ্যের অর্থনীতির ওপর এসে পড়বে। একটু আগে মাননীয় শ্রমমন্ত্রী সঠিকভাবে বলেছেন, কেন্দ্রীয় সরকারের নীতির জন্যই এই মুহূর্তে এই সমস্যা আমাদের সামনে উপস্থিত হয়েছে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে বিভিন্ন ক্ষেত্রে চটের ব্যাগের পরিবর্তে ঢালাওভাবে সিন্থেটিক ব্যাগের ব্যবহার শুরু হয়ে গেছে। ১৯৮৪ সালে এই বিধানসভা থেকে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করে তখনকার মাননীয় সদস্য প্রয়াত কমল সরকারের নেতৃত্বে সর্বদলীয় প্রতিনিধি দল তদানীন্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে ডেপুটেশন দিয়েছিলেন, চট শিল্পের সমস্যার কথা তাঁকে জানিয়েছিলেন। দুর্ভাগ্যজনকভাবে তার ঠিক পরবর্তীকালে ইন্দিরা গান্ধীর মর্মান্তিক মৃত্যু হয়। তারপর ১৯৮৭ সালে রাজীব গান্ধীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপে জুট প্যাকেজিং মেটিরিয়ালস অ্যাক্ট তৈরি হয়। জুট প্রোডাকশনকে সুযোগ সুবিধা দেওয়ার যে সিদ্ধান্ত সে সময়ের মন্ত্রীসভা গ্রহণ করেছিল, যা বিলের মাধ্যমে আইনে পরিণত হয়েছিল, সেই সমস্ত আইনকে আজকের কেন্দ্রীয় সরকার অগণতান্ত্রিক পদ্ধতিতে লঙঘন করে চট শিল্পের সামনে, পাট চাষীদের সামনে একটা ভয়ঙ্কর চ্যালেঞ্জ উপস্থিত করেছে। এর পাশাপাশি, যেটা মাননীয় মন্ত্রীও বললেন—যখন পরিবেশ রক্ষায় সারা পৃথিবীতে সিন্থেটিক ব্যান্ড হচ্ছে তখন আমাদের দেশের কেন্দ্রীয় সরকার সিন্থেটিকের ঢালাও ব্যবহারের অনুমতি দিচ্ছে। অথচ আমাদের দেশেও পরিবেশ দপ্তর বিভিন্নভাবে কোটি কোটি টাকা খরচ করছে। বিশ্ব স্বাস্থ্য সংগঠন বলছে : সিন্থেটিক ব্যবহার বন্ধ করা উচিত পরিবেশের কারণে, স্বাস্থ্যের কারণে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা যখন ওই কথা বলছে তখন আমাদের দেশে খাদ্যশস্য বহন করার জন্য, প্যাকেজ করার জন্য সিন্থেটিক ব্যবহার করার অনুমতি দিয়ে দেওয়া হচ্ছে। এর বিরুদ্ধে আজ যদি আমরা প্রতিটি মানুষ, প্রত্যেক সদস্য দলমত নির্বিশেষে রুখে দাঁড়াতে না পারি—কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে রুখে দাঁড়াতে না পারি তাহলে আমরা আমাদের রাজ্যের চট শিল্প এবং পাট চাষীদের রক্ষা করতে পারব না। আমাদের রাজ্যের পাট চাষী পরিবারগুলিকে, আমাদের রাজ্যের চটকল শ্রমিক পরিবারগুলিকে রক্ষা করতে পারব না। এমন কি আমরা আমাদের রাজ্যের অর্থনৈতিক ভারসাম্যকেও রক্ষা করতে পারব না। সুতরাং রাজ্যের সমস্ত রাজনৈতিক দলকে মিলিতভাবে কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে, সম্মিলিতভাবে বাধা দিতে হবে। আমরা শুনলাম ইতিমধ্যে মালিকরা যে মামলা করেছে সেই মামলায় ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে রাজ্য সরকারও অংশীদার হয়েছেন। সেই মামলার শুনানি চলছে। শুধু মামলাই নয় আমাদের সকলকে সম্মিলিতভাবে রুখে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকারকে এ ব্যাপারে বাধ্য করতে হবে। তারা যা করছে তা থেকে তাদের বিরত করতে হবে। তাদের নীতির পরিবর্তন ঘটাতে তাদের বাধ্য করতে হবে। আজ আমাদের রাজ্যের চটকল শিল্পের শ্রমিকদের স্বার্থে, পাট চাষীদের স্বার্থে, সামগ্রিকভাবে রাজ্যের স্বার্থে দলমত নির্বিশেষে রাজ্যের প্রতিটি নাগরিকের সাহায্য দরকার। নিশ্চয়ই আমাদের লড়াই

করতে হবে মালিকদের অন্যায়ের বিরুদ্ধে, শ্রমিক শোষণের বিরুদ্ধে—সে লড়াই নিশ্চয়ই আমরা করতে পারব—কিন্তু এই মুহূর্তে যে সংকট, সেই সংকটের মোকাবিলায় আসুন আমরা সবাই মিলে সোচ্চার হয়ে পাট শিল্পকে, পাট চাষীদের জীবিকাকে রক্ষা করি। আপনারা যাঁরা এই প্রস্তাবের পক্ষে বললেন, তাঁদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker : There is no amendment to the Motion.

The motion of Shri Manas Mukherjee.

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে,—

কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির পরিণতিতে লুপ্তপ্রায় রাজ্যের ইঞ্জিনিয়ারিং শিল্প, সুতাকল শিল্প, চা ও কয়লা শিল্প ছাড়াও পাট শিল্প ভয়ঙ্কর সংকটের মধ্য দিয়ে চলছে।

এই সভা অবগত আছে যে,—

দেশের মধ্যে শুধু এই রাজ্যেই শতকরা ৯৬ ভাগ চটকল অবস্থিত এবং তার মধ্যে ৫৯টি চটকলের প্রায় দেড় লক্ষ শ্রমিকের জীবন-জীবিকা বিপন্ন।

এই সভা আরো অবগত আছে যে,—

কেন্দ্রীয় সরকারের পরিবেশ মন্ত্রক পলিপ্যাকে খাদ্যসামগ্রী বহন করা নিষিদ্ধ ঘোষণা করা সত্ত্বেও উক্ত সরকার চটের ব্যাগ ব্যবহারের পরিবর্তে ঢালাও পলিব্যাগ ব্যবহারের নীতি ঘোষণা করেছে।

এই সভা আরো অবগত আছে যে,—

চটশিল্পের স্বার্থে ট্রেড ইউনিয়নগুলি, চটকলের মালিকরা এবং রাজ্য সরকার চটের ব্যাগ ব্যবহার বাধ্যতামূলক করার দাবি জানানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কোনো ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেননি যার পরিণতিতে রাজ্যের ৫৯টি চটকলের দেড় লক্ষ শ্রমিক ভয়ঙ্কর সংকটের মুখে এবং লক্ষ লক্ষ পাট চাষীর জীবিকা বিপন্ন যা রাজ্যের অর্থনীতির উপর ভয়াবহ প্রভাব ফেলছে।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে চটশিল্পের শ্রমিক ও পাট চাষীদের স্বার্থে অবিলম্বে এই নীতির পরিবর্তন করে তাদের সামগ্রিক উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে।"

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6 : 39 p.m. till 11-00 a.m. on Monday, the 16th December, 2002, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 16th December, 2002 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 08 Ministers, 07 Ministers of State and 130 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

Scale of fees in undergraduate Colleges

*35. (Admitted Question No. *71) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Higher Education Department be pleased to state—

(a) the present scale of fees of BA/BSc./BA (Hons.)/BSc. (Hons.) students in undergraduate colleges of the State ;

(b) whether Government has issued any directions to the Colleges as to how money collected from fees are to be spent ; and

(c) if so, details thereof ?

Minister-in-Charge of the Higher Education Department :

(a) The present scale of fees is as follows :

Course	Monthly Tution fees
B.A. (General)	Rs. 50/-
B.Sc. (General)	Rs. 85/-
B.A. (Hons.)	Rs. 75/-
B.Sc. (Hons.)	Rs. 110/-

(b) For Non-Government College — Yes.

For Government College — No.

(c) According to the G.O. No. 785-Edn (CS) dated 11.7.2001, the income arising from the tution fees should be used by the authority of non-Government College exclusively for the academic and internal development. In respect of Government Colleges, income arising from the tution fees is to be deposited in the concerned Treasury.

Shri Saugata Roy : Sir, Hon'ble Minister has given the new scales of monthly tution fees. So, May I ask the Hon'ble Minister if they have fixed any amount that is required for the admission of students to these courses and also any amount if computer is taught as a subject in any of these courses ?

Shri Satya Sadhan Chakraborty : Well, the Hon'ble Member knows that these fees have been recommended by the Higher Education Council. We have circulated it. So far as admission is concerned it primarily depends on the Principal and on Governing Bodies. And other certain fees, charges apart from these tution fees from—laboratories fees to caution money—so many fees, that are collected. Some colleges are collecting fees for three or four months at a time. It is depending on various factors. So it varies from college to college. What actually, the student has to pay at the time of admission varies from college to college. So, it is almost impossible to have a general statement in the sense that since it varies from college to college and some concessions are provided in many institutions. So if it is within the means of students, not below the poverty line, the concession is not required. So far as other steps in the emerging areas are concerned since they are mainly self-financed tution fees depend on the number of students and also the circular given by the Universities upto the maximum they can charge from the students.

Shri Saugata Roy : Actually the minister gave a long reply but he did not reply to my question. It seems that in the name of allowing the colleges to increase tution fees the Higher Education department has thrown the students to the wolves. As it is tution fees have been raised five to six times and now colleges are demanding Rs. 3000 from students for ordinary admission and in case they are studying any subject which has computer science in it, whether computer science (pass), computer science (Hons.) etc. the colleges are charging upto Rupees 8000 for admission fees.

The students are being fleeced and the Higher Education department is becoming a mute spectator to the students being fleeced by the colleges. May I ask the minister whether he proposes to issue any specific direction to the colleges to limit the amount of admission fees that can be charged from pass, honours students. Because you have fixed your Higher Education Council. You have not directly increased the fees, you have asked the Higher Education Council, which comes to the scene, but have not put any ceiling on the admission fees and the students are being killed, they are being fleeced by the college authorities. Do you propose to issue any instruction to the colleges for a ceiling on the admission fees both without computers and with computers ?

Shri Satyasadhan Chakraborty : I can assure the Hon'ble member that the policy of the government is to see that the students are not to pay heavily during the time of admission or for their education. But at the same time since there are certain self-financing courses particularly in the emerging areas involving higher costs as you know Molicular Biology or Bio-technology or Electronics, even computer science — all these subjects involve higher costs. Naturally the students who opt for these subjects are to pay higher tution fees but it is a policy of the government to see that unnecessarily heavy fees are not imposed on them and we are also thinking as you know this has started — only one or two years have elapsed. We are gaining experience and as you know also even in your college — the colleges are managed by the teachers where the representative of the student is also a member including non-teaching members. So the government wants the people who are responsible for running the college, particularly the governing body they should take into account all these factors and if we find that exorbitant amounts are being charged I can assure you, the government will not remain a silent spectator.

Shri Saugata Roy : Unfortunately in spite of the minister's very nice sounding words the fact ramains that in colleges like Bhabanipur Education Society moneys upto 15,000 to 20,000 are charged from students entering the courses. You are talking about the emerging areas. Have you ever visited the colleges which teach these so called emerging subjects like Bio-technology, Micro-Biology, Molicular Biology or solar science whatever ? They have

no infrastructure whatever. You have a college in Garia Dinobandhu Andrews College which opened an M.Sc. course in Micro-Biology. They have no teacher for months together. Mostly these new courses are being managed by guest lecturers. The government has done nothing to ensure that minimum academic standards are maintained. To introduce nice sounding subjects and modern emerging areas is very fine but to ensure that there is proper infrastructure and proper teaching staff in these colleges is different and the government has done nothing in this regard. I am sorry to say that just like in Karnataka Private Colleges fleece students in West Bengal also the same thing is happening and in the name of teaching new areas students are being fleeced by inadequate teachers, inadequate infrastructures, inadequate laboratory facilities and all that.

But my question is not regarding that. My question is regarding the new ones. Every college is earning around seventy-five lacs to one crore of rupees during the admission session. And they have got this huge fund at their disposal. And I find that in colleges no proper accounting is being done about how the funds are being spent. Most colleges are spending it on their buildings, new panels, carpeting the Principal's room and all that. There is no control on the money that is being spent by the colleges. It seems that the government has allowed a policy of laissez-faire in this respect. The funds collected are being spent on carpeting the Principal's room or on five intercom system, i.e., for window dressing but not on meeting the course contents.

May I ask the Hon'ble Minister whether he proposes to set up any supervisory body for these colleges, including the government colleges, because I have a report that even in Moulana Azad College money is collected from students at the time of admission ? Whether the fund is used properly or not, why should not you hvae a supervision over the colleges ?

[11.10—11.20 a.m.]

Shri Satyasadhan Chakrabarty : Mr. Speaker, Sir, I appreciate the concern expressed by the Hon'ble Member, but I do not understand the reason why he is so much apprehensive. There is a control, there is control — No. 1. You have mentioned the name

of a particular college. I have received a complaint, I have instituted an enquiry committee. They have gone into the affairs.

And you know, sometimes these collections are not very open. It is very difficult if someone takes money for a trust and it is not accounted in the college account. What can I do ? This is a private arrangement between the giver and the taker. But even then we have instituted an enquiry about the infrastructure. Hon'ble Member knows that it is a university which conducts the enquiry and submits a report to the syndicate as to the infrastructural requirements and the college applies to the governing body.

So far as the Dinabandhu Andrews College is concerned, we have provided them with rupees three lacs and also some additional three posts of teachers for starting the post graduate course. In Moulana Azad also we have provided teachers and also money. It is not possible to meet their demands hundred per cent in a single year ; but we are trying to meet the demands gradually because requirements will increase as the years go by.

So, we are concerned, we are having a close look. But as I have told you, the university, the governing body, they have to work as watch dogs. So far as the government is concerned whenever any complaint comes, we institute an enquiry and also we try to help them materially and also in men.

Shri Saugata Roy : Sir, if there is a serious complaint, you can always say that you can stop the salaries of the teachers. You can also threaten that — we would suspend the salaries we pay to teachers. If the government does not threaten if you don't have control on them they would go on collecting fees as much as they like while the government goes on paying the salaries.

Shri Satyasadhan Chakrabarty : Well, Sir, the Hon'ble Member will be glad to know that we stopped payment of salary to forty colleges — when I say forty, I mean forty ; forty colleges have not submitted their audited reports of accounts. It is only through the audited reports — we can't act on hearsay. We act on the basis of audited report. If we find anything wrong in the audited report, we stop their salary. Whenever we get the audited report, we analyse how much money received and how much money spent by the college and if we find any discrepency we warn them that

if you do not behave properly we are going to take measures against you.

Shri Saugata Roy : Will the Hon'ble Minister be pleased to let us know that is it true that some colleges are collecting faculty improvement fees from the students for the part-time lecturers due to shortage of the regular lecturers in honours courses.

Shri Satya Sadhan Chakraborty : I have no knowledge about faculty improvement fees and all these things. Whenever we get any written complaint we try to know from the college authorities.

It is true since it is not possible for us to provide full-time teachers when we open new subjects and since there is great demand for these subjects from the students, and we also put pressure on the college authorities and the government and the universities to study new courses and since the students said they are ready to pay higher fees to learn better and new subjects, some fees are collected for the payment of guest lecturers, teachers etc. but this is within a limit.

Shri Pankaj Banerjee : Sir, Hon'ble Minister has answered to the question raised by Prof. Roy and from his answer we came to know that the fees range from Rs. 50 to Rs. 110.

Would the Hon'ble Minister kindly let us know what is the concession given to the poor students who are not in a position to pay their tution fees ? Already we were told by different students that they have been applying for concession but the college authorities are not considering their cases. They are very rigid to collect fees from the students. Would you kindly let us know the procedure laid down by the Governing Body to give concession to those who cannot pay the relevant fees they are supposed to pay.

Shri Satya Sadhan Chakraborty : Hon'ble Members will be glad to know that the circular that has been issued by my Department contains that poor and meritorious students must get concession so that they can continue their studies and as you know recently our Chief Minister has also said that people who are below the poverty line will get free education. At this moment what is happening I can tell you because you know in private colleges the authority is the Governing Body which is a democratic one and in these governing

bodies I have represented many times. These governing bodies have the representatives of the students, union leader of the students, representatives of the teachers, representatives of the non-teaching staff, the nominees of the Government, nominees of the University. It is up to them. We have not set any limit. If a student is really poor, if the Governing Body or the Principal is satisfied he can give him hundred per cent fee concession. Well, if they do not give, it is for the Governing Body first of all to consider it. And if someone writes to me then I write to the Principal that I have got a complaint, he is not in a position to pay the fees, you do something, tell it to your Managing Committee and report it to me.

[11.20—11.30 a.m.]

Shri Nirmal Das: Sir, will the Hon'ble Minister be kind enough to let us know how many categories of colleges are running in West Bengal ?

And after your announcement six part time teachers those who are associated with the colleges, are not getting Rs. 3000/- minimum wage. The colleges are given only Rs. 1,000 on the account, where the part time teachers are getting their salary as per G.O. Will you take any action against those colleges where the college is running only with these part time teachers along with some full time ?

Shri Satya Sadhan Chakraborty: Well, in West Bengal, we have primarily two types of general colleges excluding engineering and management colleges. The first category is the Government colleges where the responsibility lies with the Government of West Bengal. The second category is the non-Government Colleges i.e. the largest number of the colleges belong to this category. So far as the part time teachers are concerned, the Government has issued the circular that the part time teachers who will be taking six classes per week, the college should pay Rs. 2,000 per month. We have made funds available to them for paying the part time teachers because according to the Payment of Salaries Act 1978, 75 per cent of the tuition fees that are collected, are to be deposited with the Government. We have said in the Circular that you need not deposit this amount with the Government, you keep it with you and out of this money, mainly Government's money, you

pay the part time teachers and if there is a surplus you spend it for infrastructural development. I agree with you that there are some college authorities, who are not doing this but gradually their number is diminishing. More and more colleges are paying this amount to the part-timers. The colleges which are not paying, we are putting pressure on them.

Shri Atish Chandra Sinha: The Hon'ble Minister knows that many of the colleges in West Bengal, are running without proper teachers. In one college, I am the President of Kanti Raj College, there are as many as 27 part time teachers but they are normally paid anything between Rs. 500-2000. At one stage the Hon'ble Minister says if there is any deficit to payment to part time teachers, audited report should be sent to the Government. And if the Government finds the deficit, the deficit would be made by the Government. The audited reports have been sent to the Government but the deficit has not been received as yet. I would like to know from the Hon'ble Minister whether he will stick to the promises he has made and whether the deficit money would be available to the colleges for payment to the part time teachers.

Shri Satya Sadhan Chakraborty: Hon'ble member would be glad to know that in some colleges we are already paying deficit money particularly the B.Ed. Colleges where the number of student is less but before paying any grant, we must be sure that there has to be proper collection of the amount and how the colleges are spending money and whether the deficit is a real one. And if we are satisfied, I can assure you, if a college comes along with the audited account we will be paying the amount that is required to pay the part timers.

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই, প্রেসিডেন্সি কলেজে এবারে ১১ জন হিন্দিতে ফেইল করেছে পার্ট ওয়ানে, এবং মুখ্যমন্ত্রীর মেয়ে মাত্র ৪৬ শতাংশ নম্বর পেয়েছেন। এবারে রিভিউতে এই প্রথম ১০০ শতাংশ নম্বর যোগ হয়েছে, এতদিন রিভিউতে নম্বর বাড়লে তার ৫০ শতাংশ অ্যাড করা হত। এবারেই ১০০ শতাংশ নম্বর অ্যাড করা হয়েছে, এটা কি মুখ্যমন্ত্রীর মেয়েকে লক্ষ্য করে ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য কোথা থেকে এই সমস্ত খবর সংগ্রহ করেছেন আমি জানি না। অন্তত এই রকম কিছু নেই। তবে এটা ঠিক, একটা সাবজেক্টে প্রেসিডেন্সি

কলেজে ফল খারাপ হয়েছে। এর আগে প্রেসিডেন্সি কলেজে ইংরাজিতে ফল খুব খারাপ হয়েছিল। সেই ব্যাপারে আমি খবরাখবর নিয়েছিলাম এবং এনকোয়ারি করেছিলাম। কারণ এটাতো হওয়া উচিত নয়। আমাদের সবচাইতে ভালো ছেলে-মেয়েরা প্রেসিডেন্সি কলেজে ভর্তি হয় এবং যে কলেজের জন্য আমাদের সবচেয়ে বেশি টাকা ব্যয় করতে হয়, সেই কলেজের ছেলে-মেয়েদের ফল খারাপ হবে কেন। ফল খারাপ হওয়ার পরে আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ করি—প্রো-ভাইস চ্যান্সেলার (অ্যাকাডেমিক) তার সঙ্গে যোগাযোগ করি। আমি তাদের বলি, আপনারা নিজেরা দেখুন কোনো জায়গায় ভুল হয়েছে কিনা ? এই সম্পর্কে আপনাদের যা করার করুন এবং যদি অন্যায় হয়ে থাকে তাহলে পদক্ষেপ গ্রহণ করুন। আর যদি তা না হয়ে থাকে, তাহলে ওই ডিপার্টমেন্টের রেজাল্ট খারাপ হচ্ছে কেন শিক্ষকদের সঙ্গে বসে সেই ব্যাপারে আলোচনা করুন এবং এই রকম যাতে না হয় সেই সম্পর্কে আপনারা পদক্ষেপ নিন। এর চেয়ে বেশি কিন্তু আমার কাছে কোনো খবর নেই বা আপনি যেটা বলেছেন সেই রকমও কোনো খবর আমাদের কাছে নেই।

*36 not called.

অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯২) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য অগ্নিনির্বাপণ বিভাগ অগ্নিনির্বাপণের ক্ষেত্রে সেবা বাবদ ব্যয় (সার্ভিস চার্জ) চালু করছে ;

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত সেবা ব্যয় চালু করা হবে ; এবং

(গ) এই ব্যয় কি পদ্ধতিতে ধার্য করা হবে ?

অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) অগ্নিনির্বাপণের ক্ষেত্রে সেবা বাবদ সার্ভিস চার্জের আইনগত বিধান আগে থেকেই সাধারণভাবে চালু ছিল। এখন কিছু কিছু নতুন সংশোধনী প্রস্তাব আনার পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) আইনগত পর্যালোচনা করার পরেই এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

(গ) বিষয়টিও আইনগত পর্যালোচনার উপর নির্ভরশীল।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন এই সার্ভিস চার্জ আগেও ছিল। যদি কোনো জায়গায় আগুন লাগে এবং যে প্রেমিসেসে আগুন লাগবে সেই প্রেমিসেসের ওনারস্‌কে তার জন্য ক্ষতিপূরণ দিতে হবে বা চার্জ দিতে হবে। সরকার এই সম্পর্কে কোনো আইন চালু করার কথা ভাবছেন কি ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : এই বিষয়ে এই মুহূর্তে আমার কিছু বলার নেই। আমার আজকে একটা বিল আছে এবং তাতে কিছু সংশোধনী হয়েছে এবং কিছু বাদ দেওয়া হয়েছে। তবে এতে সাধারণভাবে সাধারণ মানুষের কোনো অসুবিধা হবে না।

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : আমি স্পেসিফিকভাবে মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করেছি, কোনো প্রেমিসেসে আগুন লাগলে, সেই প্রেমিসেস হোল্ডারকে কম্পেনসেট বা কোনো টাকা দেওয়ার জন্য সরকার চিন্তা-ভাবনা করছেন কি ?

[11.30—11.40 a.m.]

শ্রী প্রতীম চ্যাটার্জী : আমার এক নম্বর প্রশ্নের উত্তরে এই কথা বলা হয়েছে। আইনটা আগেই ছিল। যেগুলোকে ফায়ার প্রোন পদার্থ বলা হয় এবং যেগুলো উইদাউট লাইসেন্স কোনো প্রেমিসেসে রাখলে এবং সেখানে আগুন লাগলে আইনগত ব্যবস্থার কথা আগেও ছিল, তাদের সম্বন্ধে কিছু করা হবে। সাধারণভাবে সাধারণ মানুষের উপর কোনরকম টাকা-পয়সা ধার্য হবে না বা কিছু হবে না। আইনটা ছিল, লাইসেন্স যদি না থাকে এবং সেখানে কি পদার্থ আছে সেই ডিক্লেয়ারেশন না থাকলে আগেও ছিল নানারকমে গ্যারান্টি দিতে পারিনি বা অন্য ভাবে সাজা দিতে পারিনি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : বিধ্বংসী অগ্নিকাণ্ডের পর প্রত্যেকবার একটা করে কমিটি করেন, কিন্তু সেই কমিটির রিপোর্ট বিধানসভায় বা সাধারণ সভায় দেন না। সাম্প্রতিক কালে পার্ক স্ট্রিট এবং লিন্ডসে স্ট্রিটের মধ্যে ফিরপো মার্কেটে আগুন লেগেছিল। তারপর সরকারের পক্ষ থেকে একটা অনুসন্ধান কমিটি গঠন করা হয়। কিন্তু কমিটির ফাইন্ডিংস কি এবং তার অ্যাকশন টেকেন রিপোর্ট কি আপনি জানান।

শ্রী প্রতীম চ্যাটার্জী : অনুসন্ধানের যে সময় ছিল, তার থেকে ১ সপ্তাহ বেশি লেগেছিল। রিপোর্ট বেরিয়ে গেছে। ২ টাকা কত পয়সা দাম, সেটা যে কেউ নিতে পারে, তবে এম. এল. এ.রা এমনিতেই নিতে পারে। আর, এমন কোনো আইন নেই যে, এখানে পেশ করতেই হবে। আগুন সম্বন্ধে ফাইন্ডিংস যেটা হয়েছে, ফরেন্সিক বিশেষজ্ঞরা গিয়েছিল। কিন্তু সেখানে অতি দাহ্য পদার্থ, হাইলি কম্বাস্টিব্‌ল ম্যাটেরিয়ালস ছিল বলে এক মাস পরে তার স্যাম্পেল নিতে হল। আমরাও এনকোয়ারির সময় বাড়িয়ে দিলাম। এনকোয়ারিতে দেখা গেল সেখানে দারোয়ান ছিল না এবং বারুদ ইত্যাদি জাতীয় পদার্থে এই আগুনটা লাগেনি, কোনো ইলেকট্রিক্যাল সর্টসার্কিট থেকে হয়েছে বলে মনে হয়েছে এবং এটা নেভাতে সময় লেগেছে ফলে ক্ষতির পরিমাণ বেড়েছে। অতি দাহ্য পদার্থ ছিল তা আমাদের জানা ছিল না এবং তার লাইসেন্সও ছিল না। এই প্রসঙ্গে বলি, আমি বাড়ির মালিককে অ্যারেস্ট করতে বলেছিলাম। পরে শুনেছি সে জামিন পেয়ে গেছে। পরবর্তীকালে এনক্যায়ারিতে তাকে ডাকা হয়েছিল, সে উপস্থিতও হয়েছিল। যেসব কাগজ আমি পেয়েছি তাতে দেখেছি সম্পত্তিটা লিজ নিয়েছিল এবং লিজটা শেষ হবে ২০০৮ সালে। সেখানে একটা লজিক হল, ২০০৮ সালে লিজ শেষ হয়ে গেলে বাড়িটাকে ভেঙে ৮/১০ তলা করার সুযোগ নেই। একটা হচ্ছে আগুনটা লাগানো হয়েছে বা অন্য কোনোভাবে লেগেছে। আমাদের মহা

নাগরিককে বলেছিলাম পরিষ্কার-পরিচ্ছন্ন করতে। তিনি বলেছিলেন আমি বাড়িটা বড় করব, পার্ক প্লাজা করব, ইত্যাদি। লিখিত নয়—বাড়িওয়ালা ভদ্রলোককে বলা হয়েছিল করে দিন একটা কিছু। একটা হলফনামায় সে বলেছিল আমি দোতলা করব, তিনতলা করব না এবং ৮৩ পার্সেন্ট অ্যাফেকটেড ওনলি দে উইল গেট চান্স টু-স্টল ওভার দেয়ার। সুতরাং এখানে কারচুপি বা অন্য কিছু করেছে বলে আমার মনে হচ্ছে না। মাননীয় সদস্যরা যদি লিখিত ভাবে চান আমি দিতে পারি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : দুটো বিল্ডিংয়ে যে আগুন লেগেছে, তাতে কোনো কনস্পিরেসি দেখছেন না। আপনি বলছেন স্বাভাবিকভাবে আগুন লেগে গেছে। এই অন্তর্ঘাতমূলক কার্যকলাপের অভিযোগে কটা কেস দায়ের করেছেন এবং আপনি যতদিন মন্ত্রী আছেন তাতে এই কেসে কতজনকে জেল ও জরিমানা দেওয়া হয়েছে।

শ্রী প্রতীম চ্যাটার্জী : অনেকগুলি কেস চলছে। আপনাদের বলি এগুলি কাগজেও আসে। যেমন বিগ বাজার। ভি আই পি রোডের উপর ১৫ দিন হল আগুন লেগেছিল। রং প্ল্যানিং ছিল। বাড়িটা ৭ তলার, নীচে দোকান ঘর আছে। তার উপরে মানুষ বাস করে। সেখানে আমার যে আইন আছে, তাতে জেলে দেওয়া যায় না। সেইজন্য আইনের পরিবর্তন আসছে। তবে অনেকগুলি কেস চলছে। ফাইন আদায় করা যায় না। ফাইন যেভাবে আছে, সেটা কারখানায় বলবৎ হয়। অনেকগুলি থেকে পেয়েছি। কিন্তু এই সমস্ত বাড়ি থেকে ফাইন আদায় করা যায় না। যদি কোর্টের বিচারে ৩ মাসের জেল হয়, যেখানে ৫ বছর পর্যন্ত প্রভিশান আছে, সেখানে থেকে ফাইন আদায় করা যায়। সরাসরি কেস না করলে ফাইন আদায় করা যায় না। তবে কয়েকটা কেসে ফাইন আদায় করতে পারছি।

শ্রী নির্মল দাস : আমাদের রাজ্যে যে সমস্ত ফায়ার স্টেশানগুলি ছিল, সেই ফায়ার স্টেশানগুলি নিয়ে প্রয়োজনীয় নির্বাপণ কাজ করা যাচ্ছে না। আরও দরকার। উত্তরবঙ্গে বারভিসায় দু থেকে তিনবার করে আগুন লাগে। পাটের গুদাম, কিছু কিছু ক্ষেত্রে অন্তর্ঘাতমূলক কাজও হচ্ছে। কয়েকটা ক্ষেত্রে অতি লোভী ব্যবসায়ীরা নিজেরাই আগুন লাগিয়ে দিচ্ছে। আপনার দপ্তর অনেকটাই সংগঠিত এবং পুলিশের মতো। এই অবস্থায় ফায়ার স্টেশান-এর সংখ্যা বাড়ানোর কোনো ব্যাপার আছে কি ? হাসিমারায় ফায়ার স্টেশান আছে। সেটা বিমান বাহিনী ব্যবহার করেন। আবার রেলের ফায়ার স্টেশান ছিল, সেটা তুলে দিচ্ছে। এগুলি যাতে তুলে না দেয় এবং আলিপুরদুয়ারে গত বছর আগুনে কোটি কোটি টাকা নষ্ট হল। সেখানে এম পি ল্যাড থেকে ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ওখানে ঝিলগুলি সংস্কার করে আগুন নির্বাপণের কাজে যাতে ব্যবহার করা যায়, সেই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন কি ?

[11.40—11.50 a.m.]

শ্রী প্রতীম চ্যাটার্জী : আমাদের ফায়ার স্টেশান বেড়েছে। পশ্চিমবঙ্গে ৯৫টি আছে এবং ১৯ তারিখে একটা উদ্বোধন হবে। ৯৬টি হয়ে যাবে। এখন নতুন ফায়ার স্টেশান

বসানোর কাজ অনেকগুলি চলছে। ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট চালু হওয়ার পরে তাড়াতাড়ি কতগুলি ফায়ার স্টেশান চালু হয়েছিল গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার নির্দেশে।

সেখানে কিছু বাড়ি ভাড়া করা হয়েছিল, কিছু বাড়ি লিজ নেওয়া হয়েছিল। বর্তমানে বাড়িগুলো ভেঙে গেছে সেগুলো নতুন করে করা হচ্ছে। নতুন নগরায়নের ফলে নতুন বাড়ি ইমপর্ট্যান্ট হয়ে গেছে সেখানে নিশ্চয়ই দরকার আছে। একটা কথা বলি কোনো দেশেই পাড়ায় পাড়ায় ফায়ার স্টেশন করতে পারবে না কোনো ডেভেলপ্‌ড কান্ট্রি সেখানেও হয় না। নিজেরা যদি প্রিভেনশন না নেওয়া যায়, অ্যাওয়ারনেস যদি না থাকে তাহলে শুধু স্টেশন বাড়িয়ে হবে না। আর উত্তরবঙ্গে তো ম্যাকসিমাম আছে, দিনহাটাতে কাজ চলছে। সেজন্য আমাদের যে ব্যবস্থা সেই ব্যবস্থা যে রকম আমাদের যা সংগতি আছে তার উপর রেখে করা হচ্ছে। একটা কথা বলি, মনে হতে পারে যে একটা ফায়ার স্টেশন আর এমন কি খরচ, একটা করেই দিন না। একটা ফায়ার স্টেশন করা মানে চারটে পুলিশ স্টেশন কম করে। আমাদের মিনিমাম লোক থাকবে ৬২ জন এবং সেখানে তাদের রাউন্ড দি ক্লক ডিউটি সেখানে তাদের থাকতে হয়। অর্থাৎ তাদের বাসস্থানের ব্যবস্থা করতে হয়, দুজন ও.সি. থাকে। এই ৬২ জনের মেসিং বাড়িঘর, যন্ত্রপাতির ব্যবস্থা করতে হয়। ১টা ফায়ার স্টেশন করতে গেলে দেড় কোটি টাকা লাগে। যাইহোক আমরা এগুলো খেয়াল করছি। পশ্চিমবঙ্গ সরকার ব্যবস্থা নিচ্ছেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রীমহাশয়, অন্যান্য প্রশ্নের উত্তর দিয়েছেন কিন্তু ফায়ার স্টেশনের সঙ্গে যুক্ত যে সমস্ত কর্মচারী আছেন তাঁরা বিভিন্ন সময়ে অগ্নিনির্বাপণ করতে গেলে বহু কর্মচারী মারা যান বা আহত হন। যাঁরা মারা যান তাঁদের ক্ষেত্রে আপনাদের কমপেনসেশনের কি ব্যবস্থা আছে এবং যাঁরা আহত হন ধরুন কারোর হাত চলে গেল, পার্মানেন্ট লায়াবিলিটি হয়ে গেলেন তাঁদের ক্ষেত্রে আপনি কি সিদ্ধান্ত নিয়ে থাকেন ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : আমাদের ডায়েড-ইন হারনেস-এর কেস অনেকগুলো আছে। ইদানীংকালে আমরা এগুলো অনেক কমিয়ে দিয়েছি কিছু রিক্রুট করা হয়েছে, ডায়েড-ইন হারনেস কেস করা হয়েছে ৩০ জনের। সুতরাং কেউ মারা গেলে তার পরিবারবর্গের কাউকে তার ছেলে থাকলে তাকে চাকরি দেওয়া হয়। আর এখানে মেয়েদের সুযোগ কম তবুও মেয়েদের গ্রুপ ডি পদে নেওয়া হয়েছে। আর এককালীন কিছু সাহায্য করা হয়। গ্রুপ ইনসিওরেন্সও হয়েছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : সেটা কত টাকা। আর পার্মানেন্ট লায়াবিলিটি যাদের তাদের কি হবে ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : পার্মানেন্ট ডিসএবিলিটি যাঁরা তাঁদের চাকরি হবে। আর এককালীন যে সাহায্যের কথা বললেন, এটা স্পেসিফিক কিছু নয় এটা কেস টু কেস ভ্যারি করে।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী বললেন যে সর্বত্র ফায়ার ব্রিগেড করা সম্ভব না। এটা ঠিকই যে করা সম্ভব নয়। গ্রামের প্রত্যন্ত যে এলাকাগুলো আছে সেখানেও করা সম্ভব হয় কিন্তু আগুন নেভানোর জন্য সেখানকার আগ্রহী যুবক-যুবতীদের নিয়ে ন্যূনতম ইকুইপমেন্ট দিয়ে তাদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করার কোনো ইচ্ছা আপনাদের আছে কিনা ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : এটা আইনের ব্যাপার নয়, এটা অনুভবের ব্যাপার। এটা আমরা শুরু করছি। এটা অনেকদিন আগেই বলেছিলাম, মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন কাগজে দেখেছেন। এটা বর্ধমান ডিভিশন থেকে শুরু করেছি স্টেশনে স্টেশনে গিয়ে বিশেষ করে ওই স্টেশন থেকে যে ডিভিশন স্টেশন বেরোচ্ছে সেখানে পঞ্চায়েতের অধীনে জায়গা আছে সেখানে দিন ঠিক করা হচ্ছে এবং তাদের ট্রেনিং-এর বন্দোবস্ত করা হচ্ছে। তার পরে আমরা চাইছি এখানে যে ফায়ার ইনস্টিটিউট আছে সেখানে তাদের নিয়ে আসতে, কিন্তু এটা খুব বড় কাজ হবে না, কারণ যে যে ইনস্ট্রুমেন্টগুলি তাদের দেখানো হবে সেগুলি তারা তো পাবে না।

শ্রীমতী রত্না দে : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে হুগলি জেলার শ্রীরামপুরে একটা নতুন ফায়ার স্টেশন করার জন্য জমি অধিগ্রহণ করা হয়েছিল, সেই কাজটা এখন কোন পর্যায়ে আছে ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : মাননীয়া সদস্যা জানেন যে এর প্রোগ্রেস কি, উনি আমার সঙ্গে কথা বলেছেন। সেখানে কিছু অসুবিধা ছিল জমি পাওয়ার ব্যাপারে। ২ বিঘা জমি সেটা, জমির মালিক সেই জমি দিচ্ছিল না, তবে সকলের সাহায্যে জমিটা পেয়েছি, কাজটা শুরু হয়ে গেছে। এটা ৩টি পাম্প স্টেশন মানে খুব বড়ো স্টেশান হবে এবং এর খরচও অনেক বেশি। কাজের জন্য প্রথমে ৩০ লক্ষ টাকা দেওয়া হয়েছে, কাজ শুরু হয়ে গেছে। এটাতে ১ কোটি টাকার উপর শুধু কনস্ট্রাকশান কস্ট্ লাগবে, তার পরে গাড়ি লাগবে। সেখানে যে স্টেশনটি ছিল তার অবস্থা খুবই খারাপ। তবে এটা তাড়াতাড়ি হবে সেটা আমার আশা।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : স্যার, মাননীয় মন্ত্রী বললেন যে অনেক ফায়ার স্টেশন গড়ে উঠছে। কিন্তু গত বছরে মাননীয় মন্ত্রী বলেছিলেন নবদ্বীপ ফায়ার স্টেশন তাড়াতাড়ি হবে, জায়গার অভাবে হচ্ছিল না। গত বছরে তিনি জায়গা পেয়ে গেছেন। পৌরসভা সেখানে জায়গা দিয়েছে, রেজিস্ট্রি করে দিয়েছে। এটা কবে হবে জানাবেন কি ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : মাননীয় সদস্যকে বলছি যে আমি এর আগেই উল্লেখ করেছি ২০০২-০৩ সালে যে কাজগুলি ধরার কথা সেটা হচ্ছে তেহট্ট যেটা নদীয়া জেলায়, এটা বর্ডার এরিয়া প্রোজেক্টে কেন্দ্রীয় সরকারের টাকাতে হবে এবং তার জন্য ৭৮ লক্ষ টাকা ওখান থেকে পাচ্ছি, এটা অনুমোদন হয়ে গেছে। তার পরে করিমপুরের কথা বলা হয়েছে, সেখানে কাজ শুরু করতে পারছি না টাকার অভাবে। বানতলা চর্মনগরীতে করার কথা আছে, ডায়মন্ড হারবারে কাজ শুরু হয়েছে, আমি বানতলাতে গেছি, কিন্তু সেখানে কাজ শুরু করিনি, তবে সাইট পেয়েছি, এর কাজটা হয়ে যাবে। তারপরে কামারহাটি, বারাসাত, কুচবিহার, দিনহাটা সেখানে পুরনো স্টেশনে কাজ হচ্ছে। নবদ্বীপ সম্পর্কে বলি এটা ২০০৪ সালে শুরু হবে বলে আশা করছি, এর আগে করতে পারবো না। এর আগে হবে উলুবেড়িয়া, এগুলি বহুদিন আগে থেকেই বলা আছে। আপনারটা হবে ২০০৪ সালে। এগরা, তমলুক, উলুবেড়িয়া এগুলি অনেক আগের।

[11.50—12.00 noon]

শ্রী সুনির্মল পাইক : স্যার, খেজুরী তফসিলভুক্ত এলাকা, পূর্ব মেদিনীপুরের মধ্যে পড়ে। সেখানে একটা ফায়ার ব্রিগেডের কেন্দ্র করার পরিকল্পনা দীর্ঘদিন ধরে পেন্ডিং রয়েছে। প্রসেস, ইত্যাদি হয়ে গেছে। এটা কার্যে পর্যবসিত কবে করা হবে ? এই সঙ্গে বলতে চাই, মুর্শিদাবাদেও বিভিন্ন জায়গায় আগুন লাগছে। সেখানে এই রকম কেন্দ্র খোলার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : এটা সকলেই চাইছেন। কিন্তু চাইলেই তো হয় না। সদস্য মহাশয়দের বলি আপনারা যে যেখানে আছেন সেখানে এটা করার জন্য চিঠি দিচ্ছেন। কিন্তু এই ভাবে হবে না। একটা নিয়ম আছে। যেমন ঘন জনবসতি, কামব্রাসলি গো-ডাউন আছে কিনা, লিক্যুইড পেট্রোল কেমিকেল স্টক আছে কিনা,—নানা জিনিস দেখে এটা দেওয়া হয়। আমার খুশিতেই হয়ে যাবে না। সুতরাং চাইলেই দেওয়া যাবে না, এক্ষেত্রে আমাদের একটা ঘোষিত নীতি আছে। সেটা হচ্ছে সাবডিভিশন বা নতুন জেলা যেখানে হয়েছে সেখানে এগুলোর দিকে লক্ষ্য রেখে আমাদের কাজ এগোবে।

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনার মতো মাননীয় নিশীথবাবুর দায়িত্ব পড়েছে কোর্ট ফি বাড়িয়ে টাকা আয় করার। আবার সুভাষবাবুরও দায়িত্ব পড়েছে সেস বসিয়ে টাকা আদায় করার। কিন্তু আপনি জগদ্ধাত্রী পুজোর ফায়ার লাইসেন্স ৫০০ টাকা কেন করলেন ? দুর্গাপুজো, কালীপুজোয় এটা কম ছিল, এক্ষেত্রে বাড়িয়ে দিলেন কেন ? চন্দননগরের বিখ্যাত পুজোগুলো যা নিয়ে আন্দোলন করছে সে ব্যাপারে মাননীয় মন্ত্রীর বক্তব্য কি ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : চন্দননগরে আইনকে যারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাবেন তাদের বিরুদ্ধে কেস করব। এবং দরকার হলে তাদের জেলে দেব। সেটাই নিয়ম। গভর্নমেন্টকে চ্যালেঞ্জ করলে ভালো হবে না। 'ফিস' তো আগে থেকেই চালু ছিল। কিন্তু এখন খরচ বেড়েছে। স্টেশন অফিসারকে একবারের জায়গায় তিনবার ইনস্পেকশনে যেতে হলে পেট্রোল-ডিজেলের খরচ আছে। আগের মতো ৫০ টাকায় হবে না। ১৯৫০ সালে আমাদের পুজোতে ৫-১০ লক্ষ টাকা খরচ হত ? আর, এই যে বেড়েছে এটা ৫০ সালের পর প্রথম বাড়ানো হল। আগে একেবারে বাড়েনি। আর, এমন কিছুও বাড়েনি। এখন একটা পুজোতে ১০ লক্ষ টাকা খরচ হবে আর এই টাকাটা দিতে পারবে না ?

সালিশি বোর্ড গঠন

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন আদালতে জমে থাকা মামলার দ্রুত নিষ্পত্তির জন্যে আদালতের বাইরে সালিশি বোর্ড বা কাউন্সিলিং বোর্ড তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা রূপায়ণের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের বিভিন্ন আদালতে জমে থাকা মামলার দ্রুত নিষ্পত্তির জন্য আদালতের বাইরে সালিশি বোর্ড বা কাউন্সিলিং বোর্ড তৈরির কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়নি। তবে প্রাক্‌মামলা পর্যায়ের সকল প্রকার দেওয়ানি ও আপসযোগ্য ফৌজদারি বিবাদের মীমাংসার জন্য আদালতের বাইরে সালিশি বোর্ড বা কাউন্সিলিং বোর্ড তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) তবে প্রাক্-মামলা পর্যায়ের সকল প্রকার দেওয়ানি ও আপোসযোগ্য ফৌজদারি বিবাদের মীমাংসার জন্য একটি সুনির্দিষ্ট বিধেয়ক প্রণয়ন করা হয়েছে। আসন্ন বিধানসভা অধিবেশনে তা পেশ করার জন্য পশ্চিমবঙ্গ বিধানসভায় এ বিষয়ে একটি বিজ্ঞপ্তিও দেওয়া হয়েছে।

মিঃ স্পিকার : নিশীথবাবু এখন কোর্ট খুলছে না। ওই সালিশি বোর্ডগুলো দিয়ে বিচার করিয়ে দিন।

শ্রী নিশীথ অধিকারী : ওটা বিচারের জন্য নয়, ওটা বিবাদ মীমাংসার জন্য। বিচার আলাদা জিনিস, বিবাদ-মীমাংসা আলাদা জিনিস।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, মীমাংসা আলাদা, বিচার আলাদা জিনিস। কেন্দ্রীয় সরকার রাজ্যে রাজ্যে স্থায়ী লোক আদালত স্থাপনের জন্য পরিকল্পনা বা প্রস্তাব দিয়েছেন। তার সঙ্গে এই সালিশি বোর্ড, আদালতের বাইরে সালিশি বা মীমাংসার জন্য—এর সঙ্গে কোনো গুণগত তফাৎ আছে কিনা যদি দয়া করে বলেন ?

শ্রী নিশীথ অধিকারী : হ্যাঁ, একেবারেই তফাৎ আছে, সেটা হল যে, আমাদের প্রাক মামলা, বিরোধ নিষ্পত্তির জন্য যে সালিশি বোর্ডের কথা ভাবা হয়েছে—এটা আমাদের সংবিধানের যে ৩৯(ক) ধারা অনুযায়ী যে লিগ্যাল সার্ভিসেস অথরিটি অ্যাক্ট হয়েছে তাকে বাস্তব এবং বিস্তার করার জন্য একেবারে তাদেরই পর্যায়ে তারা ঠিক করবেন এবং এরকম একটা চিন্তা করে প্রাক মামলা, যদি বিবাদ থাকে, প্রাক বিবাদ যদি থাকে সেই বিবাদকে মেটানোর বন্দোবস্ত। আর কেন্দ্রীয় সরকার যেটা করেছেন, পার্মানেন্ট লোক আদালতের কথা যেটা বলেছেন সেই আইনটা নতুন এসেছে, আমরা দেখছি, সেটা কিন্তু, অনেক ক্ষেত্রে—যেগুলো পাবলিক ইউটিলিটি সার্ভিসেস ক্ষেত্রে—সেটা কিন্তু আদালতের বিকল্প, এটা কিন্তু আদালতের বিকল্প নয়। ওটা কিন্তু ওখানে লোক আদালত সিল্ করে দেবেন, এই বন্দোবস্ত করা আছে। ফলে এটার সঙ্গে ওটার কোনো সম্পর্ক নেই। তার দৃষ্টিভঙ্গিরও সম্পূর্ণ বিপরীত। দুটো আলাদা। এখানে শুধু মাত্র বলা হয়েছে যে, বিবাদ—অনেক সময় বিবাদের মধ্যে যে বিষ থাকে সেটা আদালতে মেটে না। এটা তার আগেই যদি আলোচনা করে মিটিয়ে দেওয়া যায় এটা সেইরকম কথা।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহোদয়, একাদশ অর্থ কমিশন ২ বছরের বেশি যে মামলাগুলো জমে আছে—দায়রা মামলাগুলো সেগুলোর নিষ্পত্তির জন্য অ্যাডহক্ আদালত স্থাপনের কথা বলেছিল। সেই অনুযায়ী রাজ্যে অনেকগুলো আদালত আপনি স্থাপন

করেছেন—জমে থাকা মামলা নিষ্পত্তির ক্ষেত্রে অ্যাডহক্ মামলাগুলো কি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে ? এবং এ পর্যন্ত কত মামলা নিষ্পত্তি হয়েছে তা যদি দয়া করে বলেন।

শ্রী নিশীথ অধিকারী : এটা অ্যাডহক্ আদালত নয়। একাদশ অর্থ কমিশনের কথা অনুযায়ী যেটা করা হয়েছে সেটা হচ্ছে ফাস্ট ট্র্যাক কোর্ট। সেই ফাস্ট ট্র্যাক কোর্ট আমাদের পশ্চিমবঙ্গে অনেকগুলো স্থাপন করা হয়েছে এবং সেই আদালতগুলো কাজ করছে। আমাদের একটা ট্রেন্ড আছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমরা শুধুমাত্র ফাস্ট ট্র্যাক কোর্ট ছাড়াও মামলা নিষ্পত্তির জন্য আদালতকে সাহায্য করার ব্যাপারে কমপিউটারকে আমরা কাজে লাগিয়েছি, কমপিউটারকে আমরা অনেক বেশি কাজে লাগিয়েছি এবং যেটাকে ক্ল্যাসিফিকেশন বলে সেই রকম করে বন্দোবস্ত করা হয়েছে। আমাদের দিক থেকে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি তিনি যে পরিকল্পনা গ্রহণ করেছেন, যার ফলে আমরা দেখতে পাচ্ছি যে, পশ্চিমবাংলায় এই জমে থাকা মামলার দ্রুত নিষ্পত্তিও হচ্ছে। অর্থাৎ যেটা ১৮ লক্ষ ছিল আজ থেকে ৬ বছর আগে, সেটা কমে গিয়ে ১৪ লক্ষ হয়ে গেছে। এই জায়গাটাতে আমরা নিশ্চিত বলতে পারি যে, পশ্চিমবাংলা এই জমে থাকা মামলা নিষ্পত্তির ব্যাপারে একটা ভালো জায়গায় দাঁড়িয়ে আছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় ফাস্ট ট্র্যাক আদালতের কথা বললেন। এই আদালতগুলো পরিচালনা—আদালতের বাইরে এই সব আদালত—বাড়তি আদালত—এইগুলো পরিচালনার জন্য আর্থিক দায়-দায়িত্ব এটা কি শুধু রাজ্য সরকারকে বহন করতে হবে ? নাকি কেন্দ্রীয় সরকার এর জন্য কোনো অর্থ বরাদ্দ করেছে ?

শ্রী নিশীথ অধিকারী : ফাস্ট ট্র্যাক কোর্টের ব্যাপারে কেন্দ্রীয় সরকারে সাহায্য আছে।

শ্রী কল্যাণ ব্যানার্জী : আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করছি। আপনি বললেন যে মামলা নয়, মামলার আগের স্টেজের জন্য এই সালিশি বোর্ড বা কাউনসেলিং বোর্ড। আপনি যে প্রস্তাব কনটেম করেছেন, তার একটা বিলের কপি আমরা পড়েছিলাম। আপনি বলেছেন, সেকশান থ্রি টোয়েন্টি অফ দি সি. আর. পি. সি. যেগুলি হবে, সেক্ষেত্রে সালিশি বোর্ড যেভাবে কনটেম অ্যাক্ট ফেলিওর হয়ে গেল, মলেসটেশান যখন করলেন সেটা থ্রি টোয়েন্টি অফ দি সি. আর. পি. সি. এর মধ্যে এসেছে। তারপর সালিশি বোর্ড কী করে তার ডিসাইড করে যাবে। আপনার অ্যাক্টে যে ড্রাফ্ট বিল আমরা পেয়েছি বিলটা সেটা সার্কুলেট করেছিলেন আপনি তার মধ্যে রয়েছে। তাহলে আপনি যে বললেন লিটিগেশান স্টেজে যা এসেছে তার আগে কী করে এটা হল।

Starred Questions
(to which answers were laid on the Table)

"আত্মমর্যাদা" ও "আত্মসম্মান" প্রকল্পের মাধ্যমে স্ব-নিযুক্ত বেকারের সংখ্যা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২) **শ্রী রামপদ সামন্ত** : স্ব-নিযুক্তি প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) "আত্মমর্যাদা" ও "আত্মসম্মান" নামের স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প দুটির মাধ্যমে ৩১.১০.২০০২ পর্যন্ত কতজন বেকারের কর্মসংস্থান সম্ভব হয়েছে ; এবং

(খ) ওই প্রকল্পে ঋণদানে রাজ্যের ব্যাঙ্কগুলির ভূমিকা কীরূপ ?

স্ব-নিযুক্তি প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) 'বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' চালু হবার পর থেকে এখনো পর্যন্ত ১৩,৯৬০ জন বেকারের 'আত্মমর্যাদা' নামক এবং ৩৪২ জনকে 'আত্মসম্মান' 'স্বনির্ভর কর্মসংস্থান' প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে।

(খ) এই প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলি সদর্থক অগ্রণী ভূমিকা গ্রহণ করছে। জেলা যুব আধিকারিকগণ সংশ্লিষ্ট ব্যাঙ্কে প্রকল্পসমূহ পোষণ (Sponsor) করেন। তারপর ব্যাঙ্ক প্রকল্প সমূহের বাস্তবায়নযোগ্যতা (viability) পরীক্ষা করে প্রকল্প মঞ্জুর (sanction) করেন ও ঋণ প্রদান (disburse) করেন।

Number of Fire Incidents

*39. (Admitted Question No. *252) **Shri Chittaranjan Roy :** Will the Minister-in-Charge of the Fire Services Department be pleased to state—

(a) total number of Fire incidents held during January, 2002 to October, 2002 ;

(b) number of people died ; and

(c) the steps taken in this regard ?

Minister-in-Charge of the Fire Services Department :

(a) 3095 members.

(b) 25 peoples.

(c) Several steps have been taken by the Government to bring down fire outbreaks which are as follows :

(i) As a part of the programme efforts are being made to increase public awareness in fire safety and fire prevention through meeting, Exhibition, Seminars, distribution of leaflets & booklets and different mass media.

(ii) Steps are being taken to upgrade the existing fleet of fire appliances to combat fire more effectively.

(iii) Implementation of fire safety norms strictly to minimise the number of fire incidents. Some amendment of the Act is also under consideration with a view to ensuring installation of fire prevention measures.

অধ্যাপকের শূন্য পদের সংখ্যা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৮) **শ্রী ঈদ মহম্মদ** : উচ্চ-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের কলেজগুলিতে অধ্যাপকের শূন্য পদের সংখ্যা কত ; এবং

(খ) শূন্য পদগুলি পূরণের জন্য কী ব্যবস্থা নেওয়া হয়েছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্যের কলেজগুলিতে অধ্যাপকের শূন্যপদের সংখ্যা ১০২৯-এর কাছাকাছি।

(খ) বেসরকারি কলেজে শিক্ষক নিয়োগে পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় সেবা আয়োগ সুপারিশ করেন। বিভিন্ন বিষয়ে শিক্ষকদের মূল্যায়ন অনুযায়ী তালিকা প্রস্তুতি ২০০৩ জানুয়ারিতে সম্পূর্ণ হবে। পরবর্তী পর্যায়ে কলেজগুলির চাহিদা অনুযায়ী শিক্ষকদের নাম সুপারিশের কাজ শুরু করবে পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় সেবা আয়োগ।

সরকারি কলেজের নিয়োগ পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগের সুপারিশ অনুসারে হয়। এই মুহূর্তে শিক্ষা দপ্তর থেকে শূন্যপদ পূরণের জন্য ব্যবস্থা নেওয়ার কোনো অনুরোধ আয়োগকে করা হয়নি।

বর্ধমান, উত্তরবঙ্গ ও কলকাতা বিশ্ববিদ্যালয়কে সরকারী অনুদানের পরিমাণ

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪) **শ্রী অতীশ চন্দ্র সিংহ** : উচ্চ-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান আর্থিক বছরে বর্ধমান, উত্তরবঙ্গ ও কলকাতা বিশ্ববিদ্যালয়কে সরকার কর্তৃক প্রদত্ত অনুদানের পরিমাণ কত ?

উচ্চ-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমান আর্থিক বছরে সরকার ০৫.১২.২০০২ তারিখ পর্যন্ত বিভিন্ন রকম খাতে বর্ধমান বিশ্ববিদ্যালয়কে মোট ১৭.৯৩৯৮ কোটি টাকা, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে ১১.১৮২৯ কোটি টাকা এবং কলকাতা বিশ্ববিদ্যালয়কে ৪২.১৪০২ কোটি টাকা অনুদান প্রদান করিয়াছেন।

নতুন অগ্নি-নির্বাপণ কেন্দ্র স্থাপন

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫০) **শ্রী অজয় দে :** অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান ২০০২-০৩ আর্থিক বছরে নতুন অগ্নি-নির্বাপণ কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, সেগুলি কোথায় কোথায় ?

অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ আছে।

(খ) তেহট্ট, করিমপুর, কোলকাতা লেদার কমপ্লেক্স, ডায়মন্ডহারবারে ও যে সমস্ত জায়গায় পুরনো বাড়ির বদলে নতুন বাড়ি হচ্ছে।

বাংলা ভাষায় আদালতের কাজকর্ম

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৮) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কতগুলি আদালতের কাজকর্মে বাংলা ভাষা চালু করা সম্ভব হয়েছে (তালিকাসহ) ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যের দশটি জেলার বিভিন্ন দেওয়ানি বিচারক (নিম্ন বিভাগীয়), বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, মহকুমা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট ও মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের কাজকর্ম বাংলা ভাষায় চালু করা সম্ভব হয়েছে।

উক্ত জেলাগুলির নামের তালিকা নিম্নরূপ :

১। হুগলি

২। বীরভূম

৩। মালদহ

৪। দক্ষিণ ২৪ পরগনা

৫। বাঁকুড়া
৬। জলপাইগুড়ি
৭। বর্ধমান
৮। মুর্শিদাবাদ
৯। নদীয়া
১০। কুচবিহার

QUESTION OF PRIVILEGE

Mr. Speaker : I have received a notice of privilege motion from Shri Subrata Mukherjee. Yes, Mr. Mukherjee, please move your motion.

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আশা করব আমায় একটু সময় দেবেন, বেশি নয়। আমি তো জানি একটা কর্মচারী যদি ছুটি না নিয়ে কাজ করে, তাহলে শেষের দিকে ছুটি বেশি পাওনা হয়ে যায়, সেইরকম আমাকেও একটু সময় দেন।

Mr. Speaker Sir, I do hereby give notice of privilege against Dr. D. D. Chottopadhyay, Surgeon Superintendent, S.S.K.M. Hospital, Kolkata under rules 224 and 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

স্যার আমি প্রথমে আপনাকে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি, যে, একটু দেরি হয়ে গেছে আপনার সম্মুখে আনার ক্ষেত্রে, তা সত্ত্বেও আপনি যে এখানে উত্থাপন করার সুযোগ দিয়েছেন, এরজন্য আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করি। আমি ৭১ সাল থেকে এম. এল. এ. আছি। অনেক পুরনো সদস্য আছেন। আমি নিজেও প্রিভিলেজ কমিটির বহুবার সদস্য ছিলাম। কিন্তু সেভাবে কখনও দরকার হয়নি, কারোর বিরুদ্ধে প্রিভিলেজ আনা। না কোনো সদস্যদের বিরুদ্ধে, না কোনো অফিসারদের বিরুদ্ধে in my whole thirty years of M.L.A. life.— এই ফার্স্ট টাইম আমাকে এই প্রস্তাব উত্থাপন করতে হচ্ছে। এর গুরুত্ব, আমি অনুরোধ করব, সদস্যদের উপলব্ধি করার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এটা যে শুধু একজন ব্যক্তি সুব্রত মুখার্জীর কেস নয়, আজকে আমার হয়েছে, এটা তৃণমূলের কারোর হতে পারে আবার সি.পি.এম.-এরও হতে পারে বা কংগ্রেসের এই অবস্থা হতে পারে। আমি প্রথমে বলি যে, এটা কনটেম্পট এগেইনস্ট ইনডিভিজুয়াল সুব্রত মুখার্জীর কেস নয়। It is contempt of the House. যখন কোনো এম.এল.এ.-কে অবজ্ঞা করা হয়, অশ্রদ্ধা করা হয় এবং স্বাধিকারের প্রশ্ন যখন আসে, তখন সেটা শুধু ব্যক্তি এম.এল.এ.-র কনটেম্পটের প্রশ্ন নয়। এটা কনটেম্পট অফ দি হাউস। contempt is what obstructs the House. Its members, officers or others in the performance of the

functions of the Parliament that does mean কোনো গভর্নমেন্ট অফিসার কোনো এম.এল.এ.-কে অবজ্ঞা করলে, কাজে বাধা দিলে, হেয় করলে সেটা কনটেম্পট অব দি হাউস হয়—এই দৃষ্টিভঙ্গিতেই আমি আপনাদের সকলকে বিষয়টা বিবেচনা করতে অনুরোধ করছি। আপনারা যদি মনে করেন এটা ইগোর ব্যাপার তাহলে আমি আপনাদের বলব যে, রাজনৈতিক জীবন ইগো নিয়ে চলে না। যদি কেউ মনে করেন এটা প্রতিহিংসার ব্যাপার তাহলে আমি তাঁকে বলব যে, আমার ৩০ বছরের সংসদীয় রাজনীতির জীবনে প্রতিহিংসার প্রশ্ন যখন কখনো ওঠেনি তখন এটা আজকে উঠলো কেন, এটা একটু ভেবে দেখবেন। আমি আপনাদের ঘটনাটা জানাই। আমি পি.জি. হাসপাতালে গিয়েছিলাম। একজন সাংবাদিক খুবই অসুস্থ ছিলেন। আমি তাঁর চিকিৎসার ব্যাপারে সার্জেন সুপারিনটেন্ডেন্টকে টেলিফোন করেছিলাম। টেলিফোন করার পরে তিনি পাঁচদিন পরে রুগীকে নিয়ে যাবার জন্য টাইম দিয়েছিলেন। আমি মনে করেছিলাম, ঠিক আছে, হতে পারে, পি.জি হাসপাতালে রুগীর সংখ্যা ভয়ঙ্করভাবে বেশি, সুতরাং এটা হতেই পারে। পাঁচদিন পরে তিনি গিয়েছিলেন। তাঁর বাড়িতে একটি ৩-মাসের শিশুসন্তান আর সদ্য বিবাহিতা স্ত্রী ছাড়া আর কেউ নেই। ফলে তিনি তাঁর দুজন সাংবাদিক সহকর্মীকে সঙ্গে নিয়ে আমার কথামতো পি.জি. হাসপাতালে গিয়েছিলেন। সেখানে যাবার পরে তাঁদের ৪ ঘণ্টা বসিয়ে রাখা হয়েছিল। সেদিন সে সময়ে পি.জি. হাসপাতালের পাশেই আমি অন্নদাশংকরের মৃতদেহে মালা দিতে গিয়েছিলাম। সেখানে আমি পি.জি. হাসপাতাল থেকে টেলিফোন পেলাম যে, তাঁদের বসিয়ে রাখা হয়েছে। তিনি এমন পর্যায়ের অসুস্থ ছিলেন যে, তার দু'দিন পরেই মারা গেলেন। আমি নিশ্চয়ই তাঁকে বাঁচাতে পারতাম না, আমার সে ক্ষমতা নেই। কিন্তু আমি যখন পাবলিক লাইফ ডিল করি তখন নিশ্চয়ই পি.জি.-র মতো হাসপাতালে তাঁকে একটা চিকিৎসার সুযোগ করে দিতে পারতাম—দিস ইজ মাচ। কারণ তাঁর ক্ষমতা ছিল না অন্য জায়গায়, বেশি ব্যয়-সাপেক্ষ জায়গায় চিকিৎসার সুযোগ নেওয়ার। টেলিফোন পাবার পরে আমি পি.জি. হাসপাতালে গিয়ে উপস্থিত হই। আমি যাবার পরে উনি চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়েছিলেন কিম্বা কি ব্যবহার করেছিলেন সে প্রশ্নের মধ্যে যাচ্ছি না—আমি জানি এখন রাজনীতির মানুষদের প্রতি লোকের শ্রদ্ধা কমে গেছে। যে কেউ বলতে পারে যে, কে তুমি এম.এল.এ. হরিদাস যে তার বিরুদ্ধে প্রিভিলেজ আনলে ? আমি যাবার পরে উনি আমাকে বললেন, 'আপনি আসছেন শুনে আমি রুগীকে ভর্তি করে দিয়েছি। পি.জি. হাসপাতালে একটা সেকশন আছে সেখানে ব্রেনের ট্রিটমেন্ট হয়, রুগীর ক্যানসার ব্রেন পর্যন্ত চলে গিয়েছিল, তাই আমি তাঁকে সেখানে রেখে চিকিৎসার ব্যবস্থা করার জন্য অনুরোধ করেছিলাম। তাঁকে ততক্ষণে ম্যাকেঞ্জি ওয়ার্ডে ভর্তি করে নিয়েছিল। আমাকে উনি বসতে বলেননি বা কি রকম হম্বিতম্বি করে কি ব্যবহার করেছেন না করেছেন সেসব এখানে আমি তুলতে চাই না, তাতে বিতর্ক সৃষ্টি হতে পারে। আমি কেন হাউসে প্রিভিলেজ নিয়ে এসেছি, এই জিনিস যাতে আর না ঘটে, এর পুনরাবৃত্তি যেন আর কোনো এম.এল.এ.-র জীবনে না ঘটে, মানুষের জন্য কাজ করতে গিয়ে অসহায় হয়ে ফিরে আসতে না হয়। সাধারণভাবে হাউসে প্রিভিলেজের প্রশ্নে মেম্বারের কথাই বিশ্বাস করতে হয়, তা সত্ত্বেও আমি এই সংক্রান্ত চিঠিপত্রগুলি নিয়ে এসেছি এবং আপনাকে দিচ্ছি। সাংবাদিক ভদ্রলোককে হাসপাতালে ভর্তি

করার দু'দিন পরেই তিনি মারা যান। তার দু'দিন পরেই তিনি—সুপারিনটেন্ডেন্ট একটা চিঠি দেন, সেই চিঠির কপি আমি আপনাকে দিয়েছি। সেই চিঠিতে তিনি কি বলেছিলেন তা আমি হাউসে মেম্বারদের জ্ঞাতার্থে পড়ে দিচ্ছি। সেই চিঠির পরে গভর্নমেন্ট তাঁকে ডেকে পাঠিয়েছিল, তারপর ডিপার্টমেন্ট বলে দিল, 'না, ওর কোনো অপরাধ হয়নি।' এই যদি অবস্থা হয় তাহলে এর পরে আমরা কোথায় যাব ? এই তো তিনদিন আগে স্বাস্থ্যমন্ত্রীর স্ত্রী স্বাস্থ্যমন্ত্রীর আপ্ত-সহায়ককে নিয়ে এন.আর.এস. হসপিটালে গিয়েছিলেন। এন.আর.এস. হসপিটালের একজন সিস্টার তাঁর সঙ্গে নাকি ভাল ব্যবহার করেনি। একজন রুগী সম্বন্ধে প্রশ্ন করেছিলেন, কোনো উত্তর পাননি। সেই কারণে সেই সিস্টারকে শাস্তি দিয়ে বদলি করে দেওয়া হয়েছে। একজন সি.এ.'র নির্দেশে বদলি করে দেওয়া হল। তাহলে কি এম.এল.এ.-দের অবস্থা একজন সি.এ.'র চেয়েও খারাপ হয়ে গেছে আজকে ? মেয়র হিসাবে আমি কোনো প্রশ্ন এখানে উত্থাপন করছি না। আমি এম.এল.এ. হিসাবেই এই প্রিভিলেজ মোশান এনেছি। আমার সংসদীয় রাজনীতির ৩০ বছরের জীবনে আমি কোনোদিন প্রিভিলেজের প্রশ্ন উত্থাপন করিনি। আমি যখন অপমানিত হলাম তখন সরকার থেকে বলে দেওয়া হল—ওর কোনো দোষ নেই ! দল-মত-নির্বিশেষে সকল সদস্যের সামনে আমি এই প্রশ্ন রাখছি।

[12.10—12.20 p.m.]

শ্রী ডি. ডি. চট্টোপাধ্যায় উনি নিজের প্যাডে তার পরের দিন লিখেছিলেন, প্যাডটা দেখুন স্যার, সার্জেন সুপারিনটেন্ডেন্ট, হি ইজ সিম্পল এম.বি.বি.এস., কিন্তু ওখানে এম.ডি. পড়ানো হয়, এম.এস. পড়ানো হয়, তা সত্ত্বেও ওখানে একজন এম.বি.বি.এস.-কে বসিয়ে দিয়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটিতে কোনো আন্ডারগ্র্যাজুয়েটকে ভাইস চ্যান্সেলারে কি বসিয়ে দেবে ? কিন্তু ওকে মোর দ্যান ওয়ান টার্ম ওখানে রেখে দেওয়া হয়েছে, একটা মৌরসি পাট্টা হয়ে গেছে। উনি কি লিখেছিলেন সেটা আমি পড়ে দিচ্ছি, "It is a matter of great regret on my part that I do not show the courtesy which is due for a gentleman not to speak of Mayor of Kolkata. Sir, due to heavy pressure from the hospital side for the last few days, I was very much tired and moreover was perplexed from the situation which developed in relation to the subject which brought you to my office chamber. This sort of ungentleman—" It would be ungentlemanly. 'ungentlemanly behaviour is deeply regretted from my part and may be excused for this behaviour. However, I assure you all sorts of sincerity on my part in future.' আমি প্রশ্ন করতে চাই সরকারি যাঁরা সদস্য আছেন তাদের কাছে, তারপরেও হেল্‌থ ডিপার্টমেন্ট সংবাদপত্রে পুরোপুরি বলে দিলেন, উনি বেকসুর খালাস, কোনো অপরাধ তিনি করেননি। আমি হাউসের কাছে জানাতে চাই, অপরাধ স্বীকার করার পর ইফ্, বাট আসছে কেন ? আমি এই চিঠির কপি দিয়ে দিচ্ছি। কোনো রাজ্য সরকারের বলার অধিকার আছে, যেখানে

একজন সি.-এর জন্য হাসপাতালের একজন (সি) গ্রেডেড নার্সকে—এ গ্রেড, বি গ্রেড তারপর সি গ্রেড কর্মী—তাকে ট্রান্সফার করে দেওয়া হয়, সেখানে একজন এ গ্রেডেড সার্জেন সুপারিনটেনডেন্ট—যিনি একজন অর্ডিনারি এম.বি.বি.এস.—সীমা ছাড়িয়ে যাওয়া সত্ত্বেও তারপরেও বলা হচ্ছে, তিনি বেকসুর খালাস ? ইংরাজি সংবাদপত্রে একটা চিঠি দিয়েছিলেন, আমি নাকি আমার স্ত্রীকে ভালবেসে নিয়ে গিয়েছিলাম। আমি জানি না, কোন্ মানুষ তার স্ত্রীকে না ভালবাসেন ? অবশ্য এটা ঠিক, যাঁদের একটি ছাড়া দু-তিনটি স্ত্রী আছে তাঁরা নাও ভালবাসতে পারেন। কিন্তু আমি আমার স্ত্রীকে ভালবাসি এবং আমার স্ত্রী পলিটিক্সের ১০০ মাইলের মধ্যে নেই, তা সত্ত্বেও তাকে সংবাদপত্রে নিয়ে আসা হয়েছে ? আমি স্যার, বিচার চাই ? এটা একটা হিউমিলিয়েশন। একটা লিমিট থাকবে তো ? দেয়ার ইজ এ লিমিট। স্যার, আই বেগ জাস্টিস ফ্রম ইউ, আই বেগ জাস্টিস ফ্রম দি হাউস। আমি আরো একটা বই দেখাচ্ছি, সামান্য সামান্য কারণে কমিউনিস্টরা পার্লামেন্টে পর্যন্ত প্রিভিলেজ করে, পার্লামেন্টারি প্রিভিলেজেস ইন ইন্ডিয়া, রঞ্জন অরোরার বই, সেখানে ২৪৬ পাতায় ফিফ্থ রিপোর্ট, ২২.৭.১৯৬৮ তারিখে কি বলেছে দেখুন, The question of privilege was raised against Shri B.P. Patel, Chairman, State Trading Corporation. আরো উদাহরণ দিই, ২৫১ পাতায় নাইন্থ রিপোর্টে, ৩.৫.১৯৭৪ তারিখে আছে, The question of privilege regarding alleged mal-treatment and obstruction caused to Shri Lalji Bhai, M.P. by some railway officials and others. আমি সিমিলার নজির দেখাতে চাইছি, জুলাই, ১৯৭৪ সালের ইলেভেন্থ রিপোর্টে আছে, the question of privilege raised by Shri Krishnan Mancharan, M.P. regarding the alleged assault on him by certain persons at the Madras airport on 15th November, 1972. আমি আরো বলতে চাই, ১৭তম রিপোর্টে ২৭.১.১৯৭৬ তারিখে, the question of privilege raised by Shri Ajit Kumar Saha, M.P. regarding the alleged harrasment and ill treatment meted out to him by certain Railway staff Police and others. এইরকম সিরিজ ঘটনা আছে। এমনকি শ্রীমতী ইন্দিরা গান্ধীকে যখন অধিকার ভঙ্গের দায়ে স্যাক করে দিল মেম্বারশিপ থেকে, তখনও পর্যন্ত ঘটনা দেখেছিলাম। আমি চাই, এমন একটি দৃষ্টান্তস্বরূপ ব্যবস্থা গ্রহণ করুন। আমি জানি না এর রিপিটেশন হবে কিনা, কিন্তু আই ওয়ান্ট টু ফরগেট। এম.পি. এবং এম.এল.এ.-দের আপনার অফিস থেকে যেটা দেওয়া হয়েছিল যেটা আমাদের লিডার অফ দি অপোজিশন আমাদের পরবর্তীকালে সাপ্লাই করলেন, সেখানে বলেছেন, The Government should show proper courtesy to Members of Parliament. When an M.L.A. goes to see an officer, he should rise in his seat and receive the member and see him off. আমাদের অবস্থা বুঝুন, বলুন কোথায় যাবো। আমি গিয়েছি, তারপর ওই ঘটনা ঘটেছে। ওখানে উনি কি করেন সেই প্রশ্ন তুলতে চাই না। সেটা হেল্থ-এর আলোচনার সময় বলব। কিন্তু এখন প্রশ্ন তুলতে চাইছি, কারণ আই ওয়ান্ট

জাস্টিস। উনি এতই বিশেষজ্ঞ হয়ে গেছেন যে ছয় বছর ধরে ওই একই জায়গায় রয়েছেন। you are a judicious man. I hope you will give proper protection.

মিঃ স্পীকার : যদি কোনো একজন ক্ষমা চান তখন আমরা ম্যাগনানিমাস হই, ক্ষমা করে দিই। উনি আনকনডিশনাল ক্ষমা চেয়েছেন তো, চিঠিও লিখেছেন আপনাকে It is a matter of great regret on my part that I did not show the courtesy which is due for a gentleman not to speak of Mayor of Kolkata. আপনার কাছে ক্ষমা চেয়েছেন। How ever, I assure you all sorts of sincerity on my part in future. আমাদের প্রসিডুরাল রুলস্-এ অনেক সময় আমরা ম্যাগনানিমাস হই।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমাকে ক্ষমা করবেন। বিষয়টা গভর্নমেন্টের কাছে ভেন্টিলেট হয়েছে, প্রেসের কাছে হয়েছে। I want to expose the truth. Let the people know. আমি জানি ক্ষমা চেয়েছেন, কিন্তু আমি এটা চাইছি যে, প্রেস জানুক যে উনি ক্ষমা চেয়েছেন।

মিঃ স্পীকার : এটা তো হাউসের মধ্যে পড়া হচ্ছে, কাজেই প্রেস জানবে যে উনি ক্ষমা চেয়েছেন।

শ্রী সুব্রত মুখার্জী : হু বদার ফর ক্ষমা চাওয়া। ভেন্টিলেটেড হচ্ছে বলছেন, কিন্তু আমি কোথায় প্রিভিলেজ চাইবো ? প্রিভিলেজ কমিটি যদি মনে করেন তাহলে, they will decide on the basis of the letter.

মিঃ স্পীকার : কথা হল, প্রিভিলেজের নিয়ম হল—কেউ ক্ষমা চাইলে আমরা ক্ষমা করে দিই। আগেও কাগজের এডিটর ক্ষমা চাওয়ায় আমরা ক্ষমা করে দিয়েছি।

শ্রী সুব্রত মুখার্জী : আমি তো পড়ে দিলাম যে উনি ক্ষমা চেয়েছেন। কিন্তু সরকার বলেছেন যে, ওঁর নাকি কোনো অপরাধ নেই। কাজেই প্রিভিলেজ কমিটি বললে ক্ষমা করে দেব।

..... (গোলমাল) .....

Mr. Speaker: I am on legs. Now, we are discussing a very important matter. I am competent to decide this problem. There is a technical point which is to be considered.

শ্রী সুব্রত মুখার্জী : যখন আমাদের এখানকার মাননীয় মন্ত্রী শ্রী কলিমুদ্দিন সামস, তিনি একটি অফিসে গিয়েছিলেন, আলিপুর ট্রেজারিতে গিয়ে অপমানিত হয়েছিলেন, আপনি বিষয়টা স্যুও-মোটো প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দিয়েছিলেন, কারণ আপনি হচ্ছেন অথরিটি।

মিঃ স্পীকার : ঘটনা ঘটলো ৯ তারিখে, আপনি অফিসে ফাইল করলেন ১১ তারিখে। We have to follow certain principles and procedures,

established rules and procedures. I am not finding fault. I am stating the fact, the incident. Mr. Mukherjee is making Statement that Government is giving him a clean chit. There is no record from him. I find from his letter that Superintendent has expressed appology admitting mistake.

[12.20—12.30 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : আপনি প্রিভিলেজ কমিটিতে পাঠান। আমি দুটি পয়েন্ট ব্যাখ্যা করে বলেছি, তার মধ্যে একটা গভর্নমেন্টের ব্যাপার আছে। ক্ষমা চাওয়ার ব্যাপারটা তো আমি পড়ে দিয়েছি। আর গভর্নমেন্ট বলছে সে অপরাধমুক্ত এবং সেটাই ভেনটিলেটেড হয়েছে। এই ক্ষেত্রে আমি প্রপার জাস্টিস পাচ্ছি না। এটা প্রিভিলেজ কমিটিতে যাক এবং সেখানে হেয়ারিং হোক। সেখানে তো বোথ পার্টির মেম্বার আছে এবং সেখানে আপনারাই মেজরিটি এবং ডেপুটি স্পীকার হিমসেল্ফ চেয়ারম্যান। এখানে ক্ষমা করাটা তো কোনো ব্যাপার নয়, আমি তো গলা কেটে নিতে পারি না। আমি আশা করি সেখানে প্রকৃত সত্য উদ্‌ঘাটিত হবে। আর নোটিশ দেরিতে দিয়েছি সেটা আমি আগেই বলেছি। এটা তো কোর্টের মতো নয় যে ৪০ দিনের মধ্যে মামলা করতে হবে। এমন তো কোনো রুল নেই।

মিঃ স্পীকার : নোটিশ দিতে পারা যায় একগাদা। There is no difficulty in that. নিয়ম হচ্ছে নিউজ পেপারের কাছ থেকে বক্তব্য চাইবো। তারপর তারা তার উত্তরে চিঠি লিখে পাঠাবে। And then we will decide whether this will go to the Privilege Committee or not. তার মধ্যে তারা যদি ক্ষমা চায় তাহলে we do not send it straight forward to the Privilege Committee.

শ্রী সুব্রত মুখার্জী : প্রাইমাফেসী কেস প্রিভিলেজে যায়। এই রকম উদাহরণ আমি দিয়েছি। তাহলে আপনি কেন গভর্নমেন্টকে প্রোটেকশান দিচ্ছেন ? গভর্নমেন্টের একজন মন্ত্রীর সি.এ. যদি লিখে পাঠান সেটা ঠিকমতো যদি দেখা না হয় তাহলে একজন সিস্টারকে বীরভূমে ট্রান্সফার হয়ে যেতে হয়। ওদের ক্ষেত্রে অপরাধ করলে অপরাধ আর আমাদের ক্ষেত্রে অপরাধ করলে অপরাধ হয় না, এটা ঠিক নয়।

মিঃ স্পীকার : আপনার বিষয় ছেড়ে আপনি অন্য বিষয়ে চলে যাচ্ছেন। আপনি উদাহরণ দিয়েছেন ঠিকই কিন্তু এখানে কি ঘটেছে আমি তো জানি না। I will send it to the Government for their views on it. তারপর যা করার আমি করবো।

শ্রী সুব্রত মুখার্জী : Let it be sent to the Privilege Committee.

মিঃ স্পীকার : এ হয় না। একটা প্রসিডিয়োর আছে, গভর্নমেন্টের কাছে জানতে হবে। we have to write to the Government.

শ্রী সুব্রত মুখার্জী : তাহলে এম.এল.এ.-কে আপনি অবিশ্বাস করছেন ?

মিঃ স্পীকার : কারণ হচ্ছে there is a letter of apology from the Superintendent. আরে বুঝছেন না কেন ? গভর্নমেন্টের কথা শুনি—but you are saying that Government has given a clean chit.

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন আপনার গভর্নমেন্টের বহু মন্ত্রী আমাকে রিকোয়েস্ট করেছেন এই প্রিভিলেজ মোশান না আনবার জন্য। where I will go ? আমি যদি কোনো বিচার না পাই তাহলে অন্য ব্যবস্থা নিতে হবে। ধরে নেব গভর্নমেন্টের মন্ত্রীরা যেমন আমাকে রিকোয়েস্ট করেছেন আপনাকেও রিকোয়েস্ট করেছেন।

মিঃ স্পীকার : Nobody has approached me.

শ্রী সুব্রত মুখার্জী : আমি নাম বলে দিতে পারি।

মিঃ স্পীকার : I will send it to the Government for their views. After the views have been received then we will decide. But the technical difficulties remain. The delay is fatal. That is the rule that is the law that we will decide after the government gives explanation.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received seven notices of Adjournment Motions. The first one is from Smt. Sonali Guha on the subject of proposal for setting up of atomic power station in the state. The second one is from Dr. Asish Banerjee on the subject of non-functioning of Public Health Laboratory at Kalyani, Nadia since 1999. The third one is from Shri Kashinath Mishra and Shri Tapas Roy on the subject of proposal for enhancement of electricity charges in the State. The fourth one is from Shri Ashok Kumar Deb on the subject of apprehended pollution from arsenic in underground water in the area under Barrackpore Municipality. The fifth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of alleged threatening of Chief Minister to the trade union movement. The sixth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged demonstration of the nurses of NRS Hospital over transfer order of a sister. And the seventh one is from Shri Saugata Roy on the subject of alleged clash between two groups of farmers at Kharibari under Barasat P.S. on 13.12.2002.

A notice on the subject similar to the third motion was received on 11.12.2002 consent to which was withheld. As such the notice is out of order and I reject it.

The subject matters of the remaining adjournment motions relate to the day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc. besides, a No-Confidence Motion is to be discussed on 19.12.2002 where the Members will get ample scope to raise the matters. I, therefore, withhold my consent to the Motions.

One Member may, however, read the text of the Motion as amended.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন বিষয়টি হল—

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শিল্পপতিদের সভায় ট্রেড ইউনিয়ন আন্দোলন করলে তা স্তব্ধ করে দেবার হুমকি দিয়ে শ্রমিক-কর্মচারীদের ন্যায় সঙ্গত অধিকার রক্ষার আন্দোলনকে চরম-আঘাত দিয়েছেন। শ্রমিক-কর্মচারীদের প্রতিনিধিত্বের দাবীদার হয়ে তাঁদের প্রতি যে অসম্মান প্রদর্শন করেছেন তাকে তীব্র ধিক্কার জানায় পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :

	Subject		Name
(i)	Alleged clash between two groups of farmers and death of one person by police firing at Minchibheri under Barasat P.S.	:	Smt. Sonali Guha & Shri Subrata Bakshi
(ii)	Outbreak of malaria at different areas in the State	:	Dr. Asish Banerjee

Subject		Name
(iii)	Alleged drainage of money in preparation of voters identity cards	: Shri Kashinath Mishra
(iv)	Notice of IDBI to Haldia Petrochemicals and Government of West Bengal for repayment of loan	: Shri Sobhan Deb Chattopadhyay
(v)	Closure of most of the Fertiliser factories in the State	: Dr. Asim Bala
(vi)	Reported murder of one Chandan Chaki by the extremists of KLO on 13.12.2002 in Jalpaiguri	: Shri Nirmal Das

I have selected the notice of Dr. Asim Bala on the subject of closure of most of the Fertiliser factories in the State.

The Minister in charge may please make a statement today. If possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on the 18th December, 2002.

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS

Annual Report of the West Bengal Surface Transport Corporation Limited for the year 2001-2002

Shri Prabodh Chandra Sinha : Sir, with you kind permission I beg to lay the Annual Report of the West Bengal Surface Transport Corporation Limited for the year 2001-2002.

Annual Accounts of the South Bengal State Transport Corporation for the years 1998-99 and 1999-2000

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission I beg to lay the Annual Accounts of the South Bengal State Transport Corporation for the years 1998-99 and 1999-2000.

শ্রী অশোক দেব : স্যার, গত ১৩ নভেম্বর থেকে সারা রাজ্যের বিভিন্ন আদালতে আইনজীবীদের সিজ ওয়ার্ক চলছে, জনগণের স্বার্থে তারা লড়াই করছেন। কিন্তু দুঃখের বিষয় কয়েকদিন ধরে কাগজে দেখা যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী নিশীথ অধিকারী, মাননীয় মুখ্যমন্ত্রী থেকে শুরু করে এমনকি তাঁর দলের নেতা অনিল বিশ্বাসও বলেছেন ক্যাডার নামিয়ে এই আন্দোলন ভাঙাবার চেষ্টা করছেন। তাঁরা জানেন না সারা রাজ্যের আইনজীবীরা এক এবং জনগণের লড়াইয়ে মীমাংসা করতে তারা কোনোভাবেই পিছপা হবে না। সেই কারণে আমি আপনার কাছে অনুরোধ করছি ওঁনাদের হুমকি দিতে বারণ করুন এবং ওঁরা যেন হুমকি দেবার চেষ্টা না করেন। আইনজীবীদের অপমান করার কোনো এক্তিয়ার তাঁদের নেই। সারা রাজ্যের আইনজীবীরা প্রমাণ করে দিয়েছে যে ক্যাডার নামিয়ে সি.পি.এম.-এর ক্যাডার বাহিনী দিয়ে আন্দোলন স্তব্ধ করা যাবে না। কোনো কোর্টেই কাজ হয়নি, আইনজীবীরা যায়নি। যাবার চেষ্টাও কেউ করেনি। সুতরাং ওঁনারা যে হুমকি দিয়ে কাজ করাতে চাইছেন তা কখনোই বন্ধ করা যাবে না। ওইভাবে আন্দোলন ভঙ্গ করা যাবে না। আইনজীবীরা যাতে সুষ্ঠুভাবে আন্দোলন করতে পারে এবং কোনো রকম যেন হুমকি দেওয়া না হয় তার জন্য আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি।

MENTION CASES

[12.30—12.40 p.m.]

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র সাতগাছিয়াতে বাওয়ালী সেকেন্ডারি স্কুলে সেন্টিনারি অনুষ্ঠানে এই রাজ্যের পরিবহন মন্ত্রী ২০০০ সালের এপ্রিল মাসে গেছিলেন এবং কয়েক হাজার মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়ে বলেছিলেন যে বাওয়ালী থেকে বাবুঘাট নতুন বাস রুট চালু হবে। বাওয়ালী থেকে বাবুঘাট পর্যন্ত নূতন করে একটি বাস রুট চালু করবেন বলে ঠিক করেছিলেন। কিন্তু ২০০০ সালের পর, ২০০১ সালে যখন নির্বাচন হল, ১৩ মে পর্যন্ত, ওই কেন্দ্রের বিধায়ক ছিলেন বাংলার অপদার্থ মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, তার পরে ওখানকার মানুষ আমাকে তাদের শুভেচ্ছা দিয়ে এখানে পাঠিয়েছেন। কিন্তু পরিবহন মন্ত্রী সেখানে প্রতিশ্রুতি রাখতে ব্যর্থ হয়েছেন। এখন পর্যন্ত নূতন করে কোনো বাস রুট বাওয়ালী থেকে বাবুঘাট বা বাওয়ালী থেকে ধর্মতলা পর্যন্ত চালু হয়নি। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, যাতে সেখানকার মানুষের চাহিদা অনুযায়ী বাওয়ালী থেকে ধর্মতলা বা সেখান থেকে বাবুঘাট পর্যন্ত নূতন বাস রুট চালু হয়।

শ্রী ভক্তরাম পান : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের প্রাণী সম্পদ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উদার আমদানি নীতির মধ্যে দিয়ে ১৪২৯টি পণ্য আমাদের দেশে আসছে। তার মধ্যে কৃষি পণ্য রয়েছে। আমাদের রাজ্যে হাজার হাজার পোলট্রি খামার রয়েছে, যেখানে হাজার হাজার বেকার যুবক যুক্ত, এবং এর

দ্বারা তাদের জীবিকা নির্বাহ করেন। এখন বিদেশ থেকে মুরগির মাংস আমদানি হওয়ার ফলে বি.কে. রায় কোম্পানি পর্যন্ত আমদানি করছে—আমাদের দেশে হাজার হাজার বেকার যুবক যে রকম সংখ্যায় তারা এই কাজ করছে, তাদের সামনে একটা বিপদের সম্ভাবনা দেখা দিয়েছে। আমি আমাদের মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি আমাদের দেশে যারা মুরগির মাংস উৎপাদন করছে, সেটাকে ঠিক রাখতে ; যাতে এই সমস্ত ক্ষেত্রে যারা পোলট্রি পালক আছেন, তাদের জীবন-জীবিকা ঠিক রাখা যায়, তার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি।

ডাঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রামপুরহাট বিধানসভা এলাকার অন্তর্গত কয়েকটি আদিবাসী গ্রামে ম্যালেরিয়ার প্রচণ্ড প্রকোপ দেখা দিয়েছে। এই সম্পর্কে সরকার উদাসীন। একদম পুরোপুরি আদিবাসী এলাকায় তুমানি, গড়পাহাড়ি এবং আরেনদা এই তিনটি এলাকায় ম্যালেরিয়া হওয়ায় দুইজন শিশুর মৃত্যু হয়েছে। একজনের নাম যোশেফ কিসকু, অপর জনের নাম হোপেন মারাড়ি। এদের একজনের বয়স ৭ বছর আর একজনের বয়স ৮ বছর। অথচ জেলা স্বাস্থ্য আধিকারিক থেকে বা জেলা স্বাস্থ্য বিভাগ থেকে কোনো তদন্ত এই পর্যন্ত হয়নি। এমনকি ম্যালেরিয়া প্রতিহত করবার জন্য যে ব্যবস্থা, সেই ব্যবস্থাও গ্রহণ করা হয়নি। আমরা অবাক হয়ে যাই, যখন বামফ্রন্ট সরকার নির্বাচনের আগে আসবাসীদের সম্পর্কে নানান কথা বলে থাকেন, কিন্তু কাজের কাজ তারা করেন না। আজকে দিনের পর দিন এই আদিবাসী এলাকায় ম্যালেরিয়া ছড়িয়ে গিয়েছে। জেলা স্বাস্থ্য দপ্তর, স্বাস্থ্য বিভাগ অর্থাৎ সরকারের তরফ থেকে কোনো রকম সাহায্য একে প্রতিরোধ বা প্রতিহত করবার জন্য চেষ্টা হয়নি। উদাসীন সরকার, আদিবাসী এলাকায় দিনের পর দিন ম্যালেরিয়ার প্রকোপ বাড়ছে। সেখানকার বেশ কয়েকটি এলাকার মানুষ সন্ত্রস্ত। যাদের থাকার ঘর নেই, বাড়ি নেই, তারা এই চিকিৎসার সুযোগ পাচ্ছে না। তাই আমি দাবি করছি, সরকার যেন অবিলম্বে ম্যালেরিয়া প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করেন, এই নির্দেশ যেন অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রীকে দেন।

শ্রী ইউনুস সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, পরিবহন-এর ব্যাপারে আমি রাজ্য সরকার মারফত কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্পেশাল ট্রেন বিভিন্ন সময়ে চালানো হয়। বিশেষ করে বড়দিনে এবং তার পরে অন্যান্য এলাকায় বিশেষ উৎসবে স্পেশাল ট্রেন চালানো হয়। আমি অবাক বিস্ময়ে লক্ষ করছি, মুর্শিদাবাদ জেলায় লালগোলায় একটা ট্রেন যায়, যে ট্রেনটা ঈদের দুইদিন আগে যায়। ওই ট্রেনটা যেভাবে যায় তাতে অর্ধেক প্যাসেঞ্জার রাত্রিবেলা যেতে পারে না। তাই আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রকের কাছে দাবি জানাচ্ছি ঈদের দিনগুলোর আগে যাতে একটা স্পেশাল ট্রেন চালানো হয়। অন্য সব উৎসবের সময় যেমন স্পেশাল ট্রেন চালানো হয়, সেই রকম ঈদের সময়েও স্পেশাল ট্রেন চালানোর জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৩ সালে নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতাল গড়ে

উঠেছিল এবং সেই সময় শয্যা সংখ্যা ছিল ১২৫। আজও পর্যন্ত সেখানে বেডের সংখ্যা বাড়ানো হয়নি এবং দুঃখের বিষয় সরকারি নিয়ম অনুযায়ী সেখানে পেয়িং বেডের সংখ্যা বাড়ানো হয়েছে। এতে সাধারণ গরিব মানুষদের বেডের সংখ্যা কমে গেছে। ওয়ার্ল্ড হেলথ্ প্রোজেক্টে দু'কোটি টাকা দিয়ে বাড়িটির দ্বিতল ভবন হয়েছে। কিন্তু হাসপাতালের শয্যা সংখ্যা বাড়ানো হয়নি। ওখানকার পরিস্থিতি উদ্বেগজনক হয়ে উঠছে। ২১.৬.২০০১ তারিখে দৃষ্টি আকর্ষণীয় সময়ে আমি বলেছিলাম ওই হাসপাতালে কোনো প্যাথোলজিস্ট নেই। অবিলম্বে ওখানে প্যাথোলজিস্ট এবং রেডিওলজিস্ট দেওয়ার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে ওই হাসপাতালে শয্যা সংখ্যা বাড়ানোর জন্য আমি অনুরোধ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন পশ্চিমবাংলার বিভিন্ন স্কুলগুলোতে মিড ডে মিল নিয়ে একটা ভয়ঙ্কর অবস্থা তৈরি হয়েছে। মিড ডে মিল নিয়ে সুপ্রীম কোর্ট যে নির্দেশ দিয়েছে, তারা রান্না করার খাবার স্কুলের ছাত্র-ছাত্রীদের দেওয়ার কথা বলেছেন। এখানে রান্না করা খাবার তো দূরের কথা, স্কুলগুলোতে মিড ডে মিল দেওয়াই হচ্ছে না। এদিকে মিড ডে মিলের ভালো চাল গো-ডাউনগুলোতে নষ্ট হচ্ছে এবং ছাত্র-ছাত্রীদের সেই চালও দেওয়া হচ্ছে না। এই মিড ডে মিল নিয়ে সরকার ছাত্র-ছাত্রীদের সঙ্গে প্রতারণা করছে। এই ব্যাপারে দৃষ্টি দিতে আমি অনুরোধ করছি।

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে বর্ধমান ছাড়া, বীরভূম, বাঁকুড়া এবং হুগলির একটা অংশের মানুষ চিকিৎসার সুযোগ পেয়ে থাকে। এখানে কোনো ডায়ালিসিস ইউনিট না থাকার জন্য গ্রামের মানুষকে কলকাতার হাসপাতালে আসতে হচ্ছে। এতে গরিব মানুষ অর্থনৈতিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে সি.টি স্ক্যান চালু করছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তাই আবেদন সাপে কাটা রোগী এবং অন্যান্য রোগীদের ডায়ালিসিস করার জন্য সেখানে একটা ডায়ালিসিস ইউনিট খোলার ব্যবস্থা করা হোক।

[12.40—12.50 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সবাই জানেন ১৯৯৬ সালের ১৮ ফেব্রুয়ারি থেকে যুগান্তর, অমৃতবাজার পত্রিকা ওয়ার্ক সাসপেনসন হয়ে রয়েছে। এই কাগজ দুটি বন্ধ হয়ে যাবার পর থেকে আমরা যারা ইউনিয়নের সঙ্গে ওখানে যুক্ত আছি, বারবার আবেদন করি এবং সেই অনুযায়ী ১১টা মিটিং হয় মুখ্যমন্ত্রীর অফিসে তাদের স্পেশাল সেল অফ ইন্ডাস্ট্রিজের সচিবদের উপস্থিতিতে। এই মিটিংগুলো ১৯৯৭ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত ১১ বার হয়। কিন্তু এখনও পর্যন্ত পত্রিকাগুলোর দরজা খোলার সম্ভাবনা দেখা যায়নি।

মিটিঙে প্রমোটাররা আসে, ইউনিয়নের পক্ষ থেকে যাওয়া হয়, জার্নালিস্ট অ্যাসোসিয়েশন আসে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আজ পর্যন্ত সেই প্রমোটার কোনো শর্ত মানতে রাজি হচ্ছে না। শর্ত ছিল যুগান্তরের বাড়ি এবং অন্যান্য সম্পত্তি বিক্রি করে প্রথমে শ্রমিকদের দেবে তারপর অন্যান্য ক্রেডিটরদের দেবে। কিন্তু যুগান্তরের অত বড় সম্পত্তি, বম্বের অত বড় ফ্ল্যাট বিক্রির পরও শ্রমিক-কর্মচারীদের টাকা দিচ্ছে না। এই পত্রিকার সঙ্গে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রাম জড়িত। মুখ্যমন্ত্রীকে আবারও অনুরোধ করছি, এই ঐতিহ্যপূর্ণ কাগজটি চালু করার ক্ষেত্রে এবং প্রমোটারকে বাধ্য করতে শ্রমিক-কর্মচারীদের টাকা দিতে ব্যক্তিগত উদ্যোগ নিন।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ার লাডলো মিল, ২০০১ সালের নভেম্বর মাসে ১২ দিন গেট খোলা থাকলেও শ্রমিকরা কাজে জয়েন করেনি। মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে মীমাংসার কথা হয়েছিল, টি.ভি., কাগজেও বেরিয়েছিল। এ.আই.টি.ইউ.সি.সি.-র নেতা রেজ্জাক হল্লার বিরুদ্ধে পুলিশ চার্জশিট দিয়েছে ১৬.৯.২০০২ তারিখে। আমরা উত্তর দিয়েছি ১৮.৯.২০০২ তারিখে। কিন্তু আজ পর্যন্ত কোনো ফয়সালা হয়নি। উপরন্তু ১৩০ জন শ্রমিক ১০/১২ বছর কাজ করেছে, তাদের বাইরে রেখে দিয়েছে। শ্রমমন্ত্রী বলেছিলেন ওদের বাইরে রাখা যেতে পারে না। শ্রমিকদের কোনোরকম রিটায়ারমেন্ট বেনিফিট দেয়নি। পুলিশ সেখানে মালিকদের পক্ষ নিয়েছে শ্রমিকদের উপর অত্যাচার করছে। মিলের ভেতরে পুলিশ ক্যাম্প হয়েছে, তারা মালিকদের সঙ্গে খানাপিনা করছে। তারা শ্রমিকদের গণতান্ত্রিক আন্দোলনকে স্তব্ধ করে দিচ্ছে। অবিলম্বে মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রী এই বিষয়ে হস্তক্ষেপ করে গরিব, মেহনতি শ্রমিকদের বাঁচার পথ দেখাবেন, এই আবেদন করছি।

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে মানকুণ্ডু মানসিক হাসপাতাল বন্ধ করে দেবে। আপনারা জানেন ১৯৩৩ সালে এই হাসপাতাল তৈরি হয়। তারপর দেখা যাচ্ছে অনেক হাসপাতালকে সরকার অধিগ্রহণ করেছে। কিন্তু ওই হাসপাতালকে অধিগ্রহণ করা হয়নি এবং তাতে বর্ধমান এলাকা থেকে শুরু করে হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনার বিভিন্ন এলাকার মানুষ এখানে চিকিৎসা করতেন। কিন্তু এখন প্রচণ্ড অসুবিধায় পড়ছে ওই সব এলাকার মানুষ। ওই হাসপাতালটি বন্ধ করার চেষ্টা করা হচ্ছে। আমি অনুরোধ করব যে, ওই হাসপাতাল যাতে বন্ধ না হয়। আপনি আসার আগে ননী ভট্টাচার্য এখানে মন্ত্রী ছিলেন। তিনি একটা কমিটি করেছিলেন। সেই কমিটির মাধ্যমে বলা হয়েছিল যে, এই হাসপাতাল অধিগ্রহণ করা হবে। বন্ধ করা হবে না। কিন্তু এখন এই চেষ্টাই করা হচ্ছে। তাই আমার অনুরোধ যে ওই হাসপাতাল যাতে বন্ধ না হয় এবং মানুষের যাতে কাজে লাগে সেই চেষ্টা করা হোক।

শ্রী নির্মল দাস : স্যার, আপনার মাধ্যমে রাজ্য সরকারের বিশেষ করে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, অসম এবং ভুটান পরিবেষ্টিত আলিপুরদুয়ার মহকুমা হচ্ছে রাজ্যের সবচেয়ে বড় মহকুমা। মহকুমা প্রত্যন্ত এলাকা অসম ভুটান সীমান্ত থেকে জেলা সদরের

দূরত্ব ২০৫ থেকে ২১০ কিলোমিটার। বহরমপুর থেকে কলকাতা শহরের দূরত্বই প্রায় ওই একই। কিন্তু এখানে বর্ধমান, হাওড়া, হুগলি, নদিয়া এই ৪টি জেলা। কিন্তু আলিপুরদুয়ার মহকুমা একটা জেলা সদর মহকুমা। দূরত্বের জন্য ওখানকার মানুষজন প্রশাসনিক পরিষেবা সঠিক ভাবে পান না। গত ২ বছর ধরে বিভিন্ন জঙ্গি হামলায় ২১ জন মারা গেছে। জেলা পরিষদ বিশেষ করে পুলিশ প্রশাসন আদপেই দৃষ্টি দিতে পারে না এবং এই জেলা সদর, আলাদা হয়ে যাতে জেলা হয় এবং সেখানে ডি.এম., এস.পি. ইত্যাদি অন্যান্য পরিষেবা থেকে মানুষ যাতে বঞ্চিত না হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : স্যার, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে দুটো স্বাস্থ্যকেন্দ্র আছে। একটা ঘুঁটিয়ার শরিফ পি.এইচ.সি. সেখানে ১০ বছরে ১০টি বেডের স্যাংশন হয়েছে। কিন্তু চালু হয়নি। কোনো ডাক্তার নেই। কনট্যাক্ট বেসিসে ডাক্তার ৩ দিন করে যায়। সেখানে ওষুধপত্র নেই। সর্বদিক থেকেই এই পি.এইচ.সি. বঞ্চিত হচ্ছে। ক্যানিং মহকুমা হাসপাতাল ৭৪ সালে ২০টি বেড ছিল। পরে ৫০টি বেড দিয়ে এই গ্রামীণ হাসপাতালকে মহকুমা হাসপাতালে উন্নীত করা হয়েছে। ৫ জন ডাক্তার আছে। তার মধ্যে দুজন ডাক্তার দু-বছর ধরে নিয়মিত আসছে না। ওষুধপত্র নেই। এক্স-রে মেশিন অকেজো অবস্থায় পড়ে আছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে যে মেশিনগুলি দেওয়া হয়েছিল, তার মধ্যে দুটো চুরি হয়ে গেছে। তাই স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, সুন্দরবনের, সিংহদুয়ার ক্যানিং-এর হাজার হাজার মানুষ চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50—1.00 p.m.]

শ্রী সৌগত রায় : স্যার, আমি একই সাথে মৎস্যমন্ত্রী এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসে এর আগে দুলাল ব্যানার্জি সি.পি.এম. নেতার অপকীর্তি আলোচনা হয়েছে। সঞ্জয় গোস্বামী এবং চন্দন চক্রবর্তী বলে দুজন লোককে পিটিয়ে মারার অভিযোগে জেলে গিয়েছিল। কিন্তু দুলাল ব্যানার্জী দু-নাম্বার ওয়ার্ডে একটার পর একটা পুকুর বুজিয়ে চলেছে। ৩৮টি দু-নাম্বার ওয়ার্ডে জলাভূমি ছিল। তার মধ্যে একটা রিপোর্ট অনুযায়ী একটা জলাভূমি এর মধ্যে বন্ধ হয়ে গেছে। ১৪৪ (সি) সাউথ সিঁথি রোডে একটা ১৬ কাঠার পুকুর ছিল। সেখানে দুলালের একজন সাগরেদ প্রভাত সামন্ত জোর করে ১৬ কাঠার মধ্যে দু-কাঠা এর মধ্যে বুজিয়ে দিয়েছে। আইনটা হচ্ছে ইনল্যান্ড ফিশারিজ অ্যাক্ট। ইমপ্লিমেন্ট করবে কর্পোরেশান। কিন্তু এখনও পর্যন্ত এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে না।

ওই এলাকার বহু মানুষ মেয়র থেকে আরম্ভ করে, মৎস্যমন্ত্রী থেকে শুরু করে, পৌরমন্ত্রীর কাছে অভিযোগ জানিয়েছে যে দুলাল ব্যানার্জি, পচা কৃষ্ণ পার্টির বাইরে তা সত্ত্বেও কিভাবে এই ধরনের বে-আইনী কাজ চলতে পারে। দু-নম্বর ওয়ার্ড সাউথ সিঁথি রোডে পেয়ারাবাগানে এখনও পর্যন্ত সরকার কোনো ব্যবস্থা নেননি। আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে আবেদন করছি যে স্থানীয় বাসিন্দা মাস পিটিশন করে জমা দিয়েছেন কিন্তু এই

ব্যাপারে বেলগাছিয়া পশ্চিমের যিনি স্থানীয় বিধায়ক রাজদেও গোয়ালা তিনি কোনো উদ্যোগ গ্রহণ করেননি। স্থানীয় বাসিন্দারা অত্যন্ত ক্ষুব্ধ। দুলাল জেলে থাকলেও তাকে এখনও পার্টি থেকে এক্সপেল করা হয়নি। তাদের প্রশ্রয়ে পুরো সিঁথি অঞ্চলে পুকুর ভরাট হয়ে চলেছে, প্রোমোটার রাজ চলেছে। সমস্ত মানুষ প্রতিবাদ করছে। প্রভাত সামন্ত বলে একজন দুলালের শাগরেদ তাদের সকলকে ভয় দেখাচ্ছে। আমার আবেদন দু-নম্বর ওয়ার্ডে পুরো সার্ভে করা হোক ফিশারি ডিপার্টমেন্ট থেকে। ১৪৪-এর সি সাউথ সিঁথি রোডে যে পুকুরগুলো বুজিয়ে বাড়িগুলো করা হয়েছে সেই বাড়িগুলো ভেঙে দেওয়া হোক, পুকুরগুলো সংস্কার করা হোক। ১৪৪-এর সি সাউথ সিঁথি রোডে ১৬ কাঠার পুকুর বোজানোর জন্য দুলাল তার শাগরেদদের সমস্ত প্রচেষ্টাকে স্তব্ধ করে দেওয়া হোক।

Shri Shanta Chhetri : Hon'ble Deputy Speaker, Sir, I would like to draw the kind attention to the Hon'ble Health Minister through you. Sir, it has been a long standing demand as well as the need from the Darjeeling Gorkha Autonomous Hill Council that the district hospital of Darjeeling needs to be upgraded with respect to bed strength. Presently, bed strength of 308 needs to be enhanced to 500 to meet the patient load throughout the year. Sir, the upgradation of the Darjeeling district hospital was undertaken under the SHSDP project No. 2 West Bengal, increasing the number of bed strength to 350 from 308 with an original estimate of Rs. 3 crores, 8 lakhs, 59 thousand, 1 hundred and 92. It was felt that the increased number of bed would be insufficient and that the number of beds be increased at least 500. I again request the Hon'ble Minister of State to look into the matter and consider the genuine demand of the Darjeeling Hills. Thank you, Sir.

শ্রী তন্ময় মণ্ডল : স্যার, আমি যে বিষয়টা বলছি সে বিষয় নিয়ে এর আগেও আলোচনা হয়েছে। আমার রাজারহাট বিধানসভা কেন্দ্রে কেষ্টপুর, বাগুইহাটি, তেঘরিয়া, কৈখালির উপর দিয়ে একটা ফ্লাইওভার, সাবওয়ে হওয়ার কথা দীর্ঘদিন ধরে চলছে। আমি পূর্তমন্ত্রীর কাছ থেকে জেনেছি যে দপ্তর থেকে ১৭৩ কোটি টাকা অনুমোদন করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত সেই কাজের কোনো পদক্ষেপ সরকারের পক্ষ থেকে নেওয়া হয়নি। দুর্গাপুজোর পর থেকে এ পর্যন্ত যান চলাচল করা সময়ে ১২ জন পথচারী নিহত হয়েছে। নিহত হওয়ার কারণে সেখানে সাধারণ মানুষ রাস্তা অবরোধ করে। এই নিয়ে অনেক সময় ব্যয় হয়। বাগুইহাটি অঞ্চলে ট্র্যাফিক নিয়ন্ত্রণও ঠিকমতো হয় না পুলিশী ব্যবস্থা না থাকার জন্য। তাই আমার অনুরোধ এই কাজটিকে ত্বরান্বিত করা হোক এবং যত তাড়াতাড়ি এই কাজ হবে যান চলাচলের সুবিধা হবে, সাধারণ মানুষের সুবিধা হবে।

ZERO HOUR

শ্রী অতীশ চন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই মন্ত্রীসভার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপন করছি। কিছুদিন আগে কাগজে দেখলাম যে পশ্চিমবঙ্গে নিউক্লিয়ার পাওয়ার স্টেশান করবার ব্যাপারে বামফ্রন্ট সরকার বিশেষ করে সি.পি.এম. দল নাকচ করে দিয়েছেন। আমি ব্যক্তিগত ভাবে জানি বর্তমান মুখ্যমন্ত্রী এবং প্রাক্তন মুখ্যমন্ত্রীও এই পশ্চিমবাংলায় নিউক্লিয়ার পাওয়ার স্টেশনের ব্যাপারে উৎসাহী ছিলেন এবং এখনও আছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কয়লা এবং তেল এটা বেশিদিন স্থায়ী হবে না, ম্যাকসিমাম ৫০ থেকে ১০০ বছর পরে এটা শেষ হয়ে যাবে। তার পরে কনভেনশনাল যে পাওয়ার স্টেশন আছে সেগুলি অকেজো হয়ে যাবে। তাই এখন নিউক্লিয়ার পাওয়ার স্টেশন স্থাপন করা অত্যন্ত জরুরি বলে আমি মনে করি। পৃথিবীর এমন অনেক দেশ আছে বিশেষ করে ফ্রান্সে প্রায় ৭০-৮০ ভাগ পাওয়ার এই নিউক্লিয়ার পাওয়ার স্টেশনের মাধ্যমে তৈরি হয়। অথচ এখানে চেরনাবিলের নিউক্লিয়ার পাওয়ার স্টেশনের মতো অ্যাকসিডেন্ট হতে পারে এই আশংকা প্রকাশ করে পশ্চিমবঙ্গে এটা নিতে চাইছেন না। যদিও আমি জানি বামফ্রন্টের মধ্যে এমন অনেক এম.পি., এম.এল.এ. আছেন যাঁরা চান পশ্চিমবঙ্গে এটা তৈরি হোক। আমি ভবিষ্যৎবাণী করছি নিউক্লিয়ার পাওয়ার স্টেশনের ব্যাপারে যে এখনই যদি এ ব্যাপারে উদ্যোগী না হন তাহলে ৫০-১০০ বছর পরে আমরা যখন কেউউ থাকবো না তখন পরের প্রজন্ম আমাদের গালাগালি দিতে ছাড়বে না। অন্ধকারের মধ্যে তাদের জীবন-যাপন করতে হবে। আজকে যেহেতু আমরা পশ্চিমবঙ্গে নিউক্লিয়ার পাওয়ার স্টেশন করতে চাইছি না, তাই এটা অন্ধ্রপ্রদেশ এবং উড়িশ্যাতে চলে যাচ্ছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে আমরা পশ্চিমবঙ্গে এই রকম একটা সুবর্ণ সুযোগ হাতছাড়া করছি। তাই মন্ত্রীসভার কাছে আমি আবেদন করছি পশ্চিমবঙ্গে এই নিউক্লিয়ার পাওয়ার স্টেশন স্থাপন করবার জন্য সমস্ত রকমের উদ্যোগ গ্রহণ করা হোক এবং তার জন্য তাঁরা এখন থেকেই সচেষ্ট হন, এই কথা বলে আমার বক্তব্য শেষ-করছি।

শ্রী সৌগত রায় : (হাউসে অনুপস্থিত)।

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ তারিখে গুজরাটে নির্বাচন হল এবং গতকাল তার ফলাফল বেরিয়েছে। এই সাম্প্রদায়িকতার বিষ ছড়িয়ে যারা জয়ী হয়েছে, তাঁরা ইতিমধ্যেই ওই রাজ্যে আবার সাম্প্রদায়িকতার আগুন জ্বালাচ্ছে। ইতিমধ্যেই একজনের প্রাণহানি ঘটেছে। নির্বাচনে জয়-পরাজয় হতেই পারে, কিন্তু ধর্ম নিরপেক্ষতাকে বলি দিয়ে জবাই করে একদল উন্মত্ত লোক এই রকম আচরণ করছে এবং আমাদের রাজ্যে জনৈক বি.জে.পি. নেতা এখানেও হিন্দুত্ব ছড়াবার হুমকি দিচ্ছে, তাদের সাথে তৃণমূলও গলা মেলাচ্ছে। স্বাধীনতার এতকাল পরে এমন সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়িয়ে ইতিপূর্বে কোনো নির্বাচন হয়নি। এটা শুধু রাজ্যের বিষয় নয়, এটা গোটা দেশের গণতন্ত্রের উপর ধর্মনিরপেক্ষতার উপর আঘাত নেমে আসবে। এর বিরুদ্ধে সোচ্চার হয়ে প্রতিবাদ করার জন্য হাউজের কাছে দাবি জানাচ্ছি।

শ্রীমতি শান্তা ছেত্রী : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্কুল সার্ভিস কমিশন হিল জোনে আজকে ২ বছর হয়ে গেছে সেখানে কাজ বন্ধ। ২০০-এর বেশি ক্যান্ডিডেট স্কুল সার্ভিস কমিশন থেকে পাশ করেছে কিন্তু তাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়নি। ডি.জি.এইচ.সি. ডিভিশন থেকে অনেকবার এ ব্যাপারে মুখ্যমন্ত্রীর কাছে চিঠি দিয়েছেন যাতে স্কুল সার্ভিস কমিশনকে ডি.জি.এইচ.সি.-র আওতায় আনা হয়। মাননীয় শিক্ষামন্ত্রী রয়েছেন, তাঁকে আমি আন্তরিক ভাবে আবেদন করছি যাতে স্কুল সার্ভিস কমিশন ডি.জি.এইচ.সি.-র আওতায় আনা হয়।

[1.00—1.10 p.m.]

শ্রী নির্মল দাস : স্যার, এন.এফ. রেলওয়ে প্রকৃতপক্ষে বাংলা, অসম সহ ৭টি রাজ্য এবং বিহার পর্যন্ত বিস্তৃত। অতি সম্প্রতি কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রক এমন এক ফরমান জারি করেছেন যে আলিপুরদুয়ার ডিভিশন যেটা প্রাচীন ডিভিশন যেটা ১৬৮৮ কিঃমিঃ বিস্তৃত, সেই ১৬৮৮ কিলোমিটার বিস্তৃত ডিভিশন ভাগ করে রঙ্গিয়ায় একটা নতুন ডিভিশন করার চেষ্টা করা হচ্ছে। এটা করলে আলিপুরদুয়ারের সর্বনাশ হবে, এর অস্তিত্ব বিপন্ন হবে। আলোয়াবাড়ি থেকে বঙ্গাইগাঁও, নিউ জলপাইগুড়ি, গোয়ালপাড়া সমেত আলিপুরদুয়ার ডিভিশন ধরে রাখা জরুরি। এটাকে যেভাবে আলাদা ডিভিশন করার চেষ্টা হচ্ছে তাতে সর্বনাশ হবে। এই ব্যাপারে আমি মাননীয়, মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রী রেলমন্ত্রী এবং রেল বোর্ডের চেয়ারম্যানকে চিঠি দিয়েছি এবং বলেছি যে, এইভাবে ভাগ করলে আলিপুরদুয়ার ডিভিশনের অস্তিত্ব বিপন্ন হবে। এবং এই রেল যোগাযোগের মাধ্যমে নানা ভাষার মানুষ, বিশেষত বাংলা-বিহার, অসমের মানুষের মধ্যে যে ইন্টিগ্রিটি গড়ে উঠেছে তা নষ্ট হতে পারে এবং অর্থনৈতিক সুস্থিতি বিঘ্নিত হবে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীকে বিষয়টা দেখার জন্য আমি অনুরোধ করছি। ইস্টার্ন রেল নিয়ে অনেক কথাবার্তা হচ্ছে। কিন্তু নর্থ-ইস্টার্ন-ফ্রন্টিয়ার রেলওয়ের ব্যাপারে কিছু বলা হচ্ছে না। এটা যাতে যে ভাবে আছে, বঙ্গাইগাঁও-গোয়ালপাড়া-এন.জি.পি.-আলোয়াবাড়ি, সেই ভাবেই বিস্তৃত থাকে তার জন্য আবেদন করছি।

শ্রী সৌগত রায় : স্যার, রাজ্যে আইনজীবীদের ধর্মঘট চলছে। এই ব্যাপারে সভায় আলোচনা করতে চাই। এখানে মাননীয় আইন মন্ত্রী একটা কোর্ট ফি অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে এসেছিলেন। পাশ হয়ে গেছে। আমরা সেই সময় ওয়াক-আউট করেছিলাম। কিন্তু বার কাউন্সিল সেটা প্রত্যাখ্যান করেছে। সারা রাজ্যে একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে। অনেক লোক জেলে রয়েছে বেল পাচ্ছে না, আইনী পরিষেবা পুরোপুরি বন্ধ হয়ে গেছে এবং এর মধ্যে সি.পি.এম. জোর করে ধর্মঘট ভাঙবার চেষ্টা করছে। সকালে বালুরঘাট কোর্টে মারামারি হয়েছে, ব্যারাকপুরেও হয়েছে। এটা বাঞ্ছনীয় নয়। অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, আপনি আইনজীবীদের ডাকুন। এবং এখানে নতুন করে কিছু অ্যামেন্ডমেন্ট ইন্ট্রোডিউস করা যেতে পারে। এবং তা করে আইনজীবীদের সমস্যার সুষ্ঠু সমাধান করা উচিত। সি.পি.এম.-এর রাজ্য সম্পাদক প্রতিদিন নানা কায়দায় আইনজীবীদের হুমকি দিচ্ছেন বা সি.পি.এম. ক্যাডার দিয়ে জোর করে আইনজীবীদের ধর্মঘট ভাঙা যাবে না। রাজ্যের জনসাধারণ, যারা আবেদন করে তাদের উপর কোর্ট-ফি বৃদ্ধিতে চাপ পড়বে এবং মামলার

সংখ্যা কমে যাবে এবং আদালতের বাইরে সেটেল করার প্রবণতা বাড়বে। এটা আটকানোর জন্য আইনজীবীরা ধর্মঘট করছেন। আপনি জানেন সামান্য একটা ওকালতনামা, পিটিশন ইত্যাদির ক্ষেত্রে নতুন কোর্ট-ফি আইনে অনেক টাকা দিতে হবে। সরকারের দেউলিয়া অবস্থা থাকতে পারে কিন্তু এত দেউলিয়া অবস্থা কেন হবে ? যে গরিব লিটিগেন্টদের থেকে টাকা তুলবেন এবং বিচার ব্যবস্থা বন্ধ হয়ে যাবে ? আমি এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে একটা মিটিং ডাকার অনুরোধ করছি। নইলে আপনি অনুমতি দিন এই হাউজে একটা এডজর্নমেন্ট মোশান নিয়ে আসি। মাননীয় মন্ত্রী এত গুরুত্বপূর্ণ বিষয়ে একটা আইন পাশ করিয়েই তাঁর দায়িত্ব স্খলন করতে পারেন না। আমার মনে হয় আইনজীবীদের ধর্মঘট এবং কোর্ট-ফি বৃদ্ধির ব্যাপারে এই সভায় আরো আলোচনা দরকার।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটা কেলেঙ্কারি বলুন আর যাই বলুন, আই.সি.ডি.এস. প্রকল্পগুলো কিভাবে চলছে একটু দেখুন। আজকে শিশু থেকে আরম্ভ করে প্রসূতি পর্যন্ত যে খাবার পাচ্ছে তাতে যে মানের চাল দেওয়া হচ্ছে তা খাওয়ার উপযুক্ত কিনা তা দেখা হচ্ছে না। সেগুলো পশুর খাদ্যপোযোগী কিনা তা দেখা হচ্ছে না। কয়েক জায়গায় এই জিনিস ঘটছে। বাঁকুড়ার প্রত্যেকটা ব্লকে বেশ কয়েকটা শিশু বিকাশ প্রকল্প আছে। বাঁকুড়া ১ নম্বর এবং ২ নম্বর ব্লকে যে শিশু বিকাশ প্রকল্পগুলো আছে, সেখনে যে চাল দেওয়া হয়েছে সেই চাল প্রচণ্ড খারাপ বেরিয়েছে। এর ফলে দেখা যাচ্ছে যে, সেখানে অনেক শিশু বিকাশ প্রকল্প বন্ধ হয়ে গেছে। সেখানে প্রত্যেকটা শিশু বিকাশ প্রকল্প চালানোর ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়েছে। এই অসুবিধার সৃষ্টি হয়েছে কেন, সেটা আপনারা তদন্ত করছেন না। আই.সি.ডি.এস. প্রকল্পের মাধ্যমে যাতে শিশুদের দেখাশোনা এবং তাদের রক্ষা করার ব্যাপারটা ভালভাবে চালানো যায় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গুজরাট সম্পর্কে বক্তব্য রাখার জন্য আপনার কাছে লিখিতভাবে জানিয়েছিলাম। কিন্তু আপনি, আমাকে এবং সি.পি.এম. দলের মাননীয় শ্রী মানস মুখার্জিকে বলেছিলেন যে, 'কোন কথা বলা যাবে না'। আপনি আমাকে সাবজেক্ট চেঞ্জ করতে বললেন। আমি জানতে চাই যে, মাননীয় শ্রী রবীন দেব মহাশয়ের নাম ছিল না, কিন্তু তা সত্ত্বেও মাননীয় শ্রী রবীন দেব মহাশয় কিভাবে গুজরাট নিয়ে বলার অনুমতি পেলেন ?

মিঃ ডেপুটি স্পীকার : মাননীয় রবীন দেব মহাশয়ের নাম লিস্টে ছিল। এবং বলা হয়েছিল যে, 'গুজরাট সম্পর্কে কিছু বলবেন না।' যদি কোনো মাননীয় সদস্য.....

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : তাহলে এক্সপাঞ্জ করুন। আপনি রুলিং দিন। আমাদের গুজরাট নিয়ে বলার অনুমতি দিলেন না। তাহলে মাননীয় রবীন দেব মহাশয়ের বক্তব্য কেন এক্সপাঞ্জ হবে না ?

আমি এখন আমার বক্তব্য রাখছি—আমরা বিধানসভায় গত কয়েক বছর ধরে বলে আসছি যে, এই রাজ্যে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছত্র-ছায়ায় মস্তান, গুণ্ডা বাড়ছে।

সম্প্রতি উত্তর ২৪-পরগনার শাসন অঞ্চলে গত শুক্রবার জমির ধান কাটা নিয়ে সি.পি.এম.-এর দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ হয়েছিল। এই দুটো গোষ্ঠীর মধ্যে একটা গোষ্ঠী হল মজিদ মাস্টারের এবং আরেকটা গোষ্ঠী হল অমিতাভ বসুর—যাঁর নেতৃত্ব করে ওই অঞ্চলের রবি দত্ত। সেই সংঘর্ষের ফলে পুলিশ সেখানে বেপরোয়া গুলি চালালে একজন কৃষকের মৃত্যু হয়। সি.পি.এম.-এর এই দুটো সমাজবিরোধী গোষ্ঠীর মধ্যে অন্তদ্বন্দ্বের ফলে একজন সাধারণ কৃষক মারা গেল। এর ফলে আবার প্রমাণিত হল যে, যা আমরা এই বিধানসভায় দাঁড়িয়ে বলে এসেছি যে, এই রাজ্যে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছত্র-ছায়ায় ক্রিমিনালরা অবাধে বিচরণ করছে। দক্ষিণ ২৪-পরগনায় সেলিম, দমদমে দুলাল ব্যানার্জীরা পশ্চিমবঙ্গের বুকে দাপিয়ে বেড়াচ্ছে—এইসব সমাজবিরোধীরা সি.পি.এম. পার্টির ছত্র-ছায়ায় পশ্চিমবঙ্গের বুকে দাপিয়ে বেড়াচ্ছে। আজ সমাজবিরোধীদের অন্তদ্বর্ন্দ্বের ফলে সাধারণ কৃষকের মৃত্যু হয়েছে এবং সাধারণ মানুষের ক্ষতি হচ্ছে।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমি, বিষ্ণুপুর (ইস্ট)-এর বিধায়ক মাননীয় শ্রী দিলীপ মণ্ডল মহাশয় এবং আমাদের দলের রাজ্য সাধারণ সম্পাদক মাননীয় শ্রী শক্তি মণ্ডল মহাশয় উস্তি থানা এলাকায় প্রোগ্রাম করতে গিয়েছিলাম। সেখানে গিয়ে জানতে পারলাম যে, ২০০ জন সমাজবিরোধী উস্তি থানা এলাকায় তাণ্ডব চালিয়ে যাচ্ছে—খুন, ডাকাতি, ছিনতাই ব্যাপক হারে চলছে। গতবারে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় উস্তিতে একটা রাস্তা উদ্বোধন করতে গিয়েছিলেন, সেই সময় ২০ জন সমাজবিরোধী মোটর সাইকেল করে তাঁকে অভ্যর্থনা জানিয়েছিল। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় সন্ত্রাসের বিরুদ্ধে একটা প্রোগ্রাম করতে যাচ্ছেন উস্তিতে। এর ফলে সেখানকার সমাজবিরোধীরা যারা সি.পি.এম. দলের লোক তারা উৎসাহিত হবে। গতবারে তিনি উস্তিতে মিটিং করে আসার পরে উস্তি থানার গোপালনগরে মহিষামুড়ি গ্রামে সি.পি.এম.-এর সমাজবিরোধীদের হাতে ভূদেব হালদার নিহত হন। এছাড়া রবীন হালদার এবং সুবল হালদার নামে আরও দুজন সি.পি.এম.-এর সমাজবিরোধীদের হাতে নিহত হন। কিন্তু এখনও পর্যন্ত কাউকে অ্যারেস্ট করা হয়নি।

মুখ্যমন্ত্রী আজকে সেখানে প্রোগ্রাম করতে যাচ্ছেন। আজকে উস্তি এলাকা ডাকাত, খুনি সন্ত্রাসবাদীতে ভরে গেছে। দক্ষিণ ২৪-পরগনার আইন, প্রশাসন পুরোপুরি ভেঙে পড়েছে। অপদার্থ এস.পি. কোনোরকম ব্যবস্থা আজ পর্যন্ত গ্রহণ করতে পারলেন না। তাই আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই সমস্ত কার্যকলাপের বিরুদ্ধে সমাজবাদীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যেতে পার, যাতে উস্তিতে সন্ত্রাস বন্ধ হয়, তার জন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1.10—1.20 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমি আপনার কাছে যে কথা বলবার চেষ্টা করেছিলাম, সেটা হল এই যে, হাউসের চেয়ার থেকে যখন কোনো নির্দেশ দেওয়া হয়,

কোনো রুলিং দেওয়া হয়। আপনি বলেছিলেন যে আজকে গুজরাট সম্পর্কে কোনো আলোচনা করা যাবে না, একটু আগে মি. স্পীকারও সেই কথাই বলেছেন। আমি এবং মানস মুখার্জী দুজনে একই সাবজেক্টের উপর বলার জন্য আপনাকে জানিয়েছিলাম, আমাকে এবং মানস মুখার্জিকে দুজনকেই বলা হয়েছে সাবজেক্ট চেঞ্জ করার জন্য। আমরা সাবজেক্টও চেঞ্জ করলাম অথচ রবীনবাবু এখানে দাঁড়িয়ে গুজরাট সম্পর্কে বলে গেলেন, সেটা আপনার রুলিং-এর বিরুদ্ধে গেলেন। আমি তাই আপনার কাছে অনুরোধ করছি যে, রবীনবাবুর বক্তব্যকে এক্সপাউজ করুন।

শ্রী রবীন দেব : স্যার, আমার একটা পারসোনাল এক্সপ্ল্যানেশান আছে।

মিঃ ডেপুটি স্পীকার : আপনি এবং মানস মুখার্জি উল্লেখপর্বে আপনারা বলেছেন, যে গুজরাট সম্পর্কে বলার কথা আছে। গুজরাট সম্পর্কে এখানে বলা যাবে না বলে আমি বলতে দিইনি। কিন্তু মাননীয় সদস্য রবীন দেব-এর ঠিক ছিল অন সেকিউলারিজম উনি বলবেন। সেখানে যদি উনি বলেন, আমি প্রসেডিংস্ দেখব, যদি গুজরাট সম্পর্কে কোনো বক্তব্য থাকে, আমি বাদ দিয়ে দেব।

শ্রী অশোক দেব : স্যার, আমি আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি শিক্ষামন্ত্রীর সাথে অনেকবার কথা বলেছি যে, আমার এলাকায় বজবজ কলেজ আছে। সেই কলেজে সাতগাছিয়া, বিড়লাপুর, মহেশতলার ছেলেমেয়েরা পড়াশুনা করে। স্বাভাবিক কারণে কলেজে প্রচণ্ড চাপ আছে। অনেক সময় দেখা যায় তারা কলকাতায় পড়াশুনা করতে এসে তারা সুযোগ পায় না। স্বভাবতই আমি মন্ত্রীকে বলেছিলাম, ওখানে যে সাবজেক্ট-এর অনার্স নেই, সেই সাবজেক্ট-এর অনার্স চালু করতে এবং যে সাবজেক্ট নেই, সেই সাবজেক্ট চালু করতে। এছাড়া সায়েন্স বিল্ডিং-এর অবস্থা ভয়াবহ, তার কাছে আমি বলেছিলাম, কিছু টাকা দিলে সায়েন্স বিল্ডিংটাকে সুন্দর করে সাজাতে পারি এখানে মন্ত্রী আছেন, তিনি এর উত্তর দিন, যদি উত্তর না দিয়ে থাকেন, তাহলে মন্ত্রীর কাছে জানাতে চাইছি, যে কামিং ইয়ারে যাতে ওখানে যে সাবজেক্টে অনার্স নেই সেই সাবজেক্ট-এর অনার্স চালু করতে এবং যে সাবজেক্ট নেই সেই সাবজেক্ট চালু করতে এছাড়া সায়েন্স বিল্ডিং যাতে সুন্দর করে করা যায় তার চেষ্টা করুন।

ড. আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে একসঙ্গে মাননীয় কৃষিমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বামফ্রন্ট সরকার আসার পর থেকে চাষিদের অবস্থা অত্যন্ত খারাপ হয়ে গেছে। এটা সকলেই জানেন কারণ, ধানের দর নিয়ে যা করেছেন। আর এবারে আখের চাষ নিয়ে, আমেদপুরে চিনিকল সেটা প্রায় বন্ধ হয়ে গেছে। আমেদপুরে চিনিকল বস্তুত খোলা আছে, না বন্ধ আছে এ সম্পর্কে মাননীয় মন্ত্রী নিরুপম সেন এই ফ্লোরে দাঁড়িয়ে বলেছিলেন যে, বিষয়টা দেখা হচ্ছে। এখনও পর্যন্ত সেই বিষয়টা পরিষ্কারভাবে জানালেন না। আমেদপুরের চিনিকলটি বন্ধের মুখে, না বন্ধ হয়ে গেছে, না খোলা আছে। একজন ভদ্রলোকের সাথে চুক্তি করেছিলেন। চাষিদের জন্য ৫শত একর জমিতে আখ চাষ করা হবে। সেই ভদ্রলোকের চুক্তি অনুসারে আখচাষিরা আখ চাষ

করেছিলেন। পাঁচশত একর জমিতে চাষ করবার পর আজকে আখ উৎপন্ন করার পর দর সম্পর্কে কিছু বলতে আপনাদের দরজায় যখন যাচ্ছেন, তখন তারা প্রত্যাখাত হচ্ছেন। আমার মনে হয় এ বিষয়ে চাষিরা সরকারের কথা বিশ্বাস করেছিলেন, তার ওপর নির্ভর করেছিলেন। এখন যদি সরকারের আখ কেনার সামর্থ্য না থাকে তাহলে সেটা বলে দিন, তা নাহলে যে ভাবেই হোক সেই আখ কেনার চেষ্টা করুন। এ বছর যদি আমেদপুর চিনি-কলের জন্য আখ নাও কেনা হয় তাহলেও সরকার অন্য যে কোনো ব্যবস্থার জন্য আখ কিনুন। আখ চাষিরা ভীষণ অসুবিধার মধ্যে পড়ে গেছে। স্যার, আমরা সকলেই জানি রাজ্যের শিল্প ক্ষেত্রে আমেদপুর চিনি-কল এক সময়ে খুবই গর্বের জায়গায় ছিল। সেটা আজকে ধুঁকছে। সেজন্য এই বিষয়টির প্রতি আমি কৃষিমন্ত্রী এবং শিল্পমন্ত্রী, উভয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আখ চাষিদের যাতে সর্বনাশ না হয় তা একটু দেখুন।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার বাইরে যেসব জেলাগুলি আছে সেসব জেলাগুলির রুগীরা অনেক সময়েই সেখানকার হাসপাতাল থেকে বাধ্য হয়ে কলকাতার মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার জন্য আসে। এখানে তাদের দীর্ঘ সময় ধরে পরীক্ষা-নিরীক্ষা করে তারপর ডাক্তারমশাইরা একটা ডেট দেন হাসপাতালে ভর্তি হবার জন্য। কিন্তু দিনের পর দিন ঘুরেও রুগীরা হাসপাতালে ভর্তি হতে পারেন না। তাদের বেহাল অবস্থা হয়। আমার এলাকার একজন ক্যানসার রুগী এখানে সাতবার এসেছেন, সাতবারই তাঁকে নো বেড, নো বেড বলে ফেরত দেওয়া হয়েছে এবং বাড়ি গিয়ে তিনি মারা গেছেন। আমরা এতদিন জানতাম কলকাতার হাইকোর্টে গ্রামের মানুষদের বিচারের জন্য আসতে হলে ঘটি-বাটি সব বিক্রি করে আসতে হত। এখন জেলার গরিব রুগীদের কলকাতার হাসপাতালে আসতেও ঘটি-বাটি বিক্রি করে সর্বস্বান্ত হয়ে মরতে হচ্ছে। শেষে তাদের মৃত্যু ছাড়া আর কোনো উপায় থাকছে না। তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমি দাবি জানাচ্ছি অন্ততপক্ষে জেলা এবং মহকুমা হাসপাতালগুলিতে আরো সুচিকিৎসার ব্যবস্থা করা হোক, যাতে সেখান থেকে রুগীদের কলকাতায় চিকিৎসার জন্য না আসতে হয়।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইনমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ সকালে খুব ভয়ঙ্কর একটা ঘটনা ঘটে গেল, বিশেষ করে ব্যারাকপুর, কোচবিহার, বারাসাত, বালুরঘাট, বুনিয়াদপুর, কলকাতার ব্যাংকশাল কোর্ট, আলিপুর, আলিপুরদুয়ার, শিলিগুড়ি, মেখলিগঞ্জ, মাথাভাঙা, মালদা, বসিরহাট, বনগাঁসহ ৭২টা কোর্টে ডি.এল.এ. আইনজীবীদের সঙ্গে বার অ্যাসোসিয়েশনের সদস্যদের হাতাহাতি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আইন মন্ত্রীকে জানাচ্ছি, অনিল বিশ্বাসের উত্তেজনামূলক কথাবার্তার পরিপ্রেক্ষিতেই এই অবস্থার সৃষ্টি হয়েছে। অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় রাজ্যপাল বিষয়টিতে ইন্টারফেয়ার করুন। তা নাহলে আগামী দিনে আরো জটিল অবস্থার সৃষ্টি হবে। আজ বিকালে বার কাউনসিল শ্যামবাজার পাঁচমাথার মোড়ে সভা করার পারমিশন চেয়েছিল। অনেক বলার পরেও প্রথমে শ্যামপুকুর থানা রাজি হয় না, পরে শ্যামপকুর থানা পারমিশন দেয়। এ বিষয়ে মুখ্যমন্ত্রী অবিলম্বে ইন্টারফেয়ার

না করলে আগামী দিনে বার অ্যাসোসিয়েশনের এবং ডি.এল.এ.-র আইনজীবীদের মধ্যে সংঘর্ষ শুরু হয়ে যাবে। উভয়ে সংঘর্ষে লিপ্ত হবে। তাই আমি অনুরোধ করছি অবিলম্বে এই সমস্যার সমাধান করুন, তা নাহলে এই সমস্যা আরো জটিল আকার ধারণ করবে।

শ্রী অরূপ ভদ্র : ডেপুটি স্পীকার স্যার, আমার বিধানসভা এলাকা একটা সাব-ডিভিশনাল শহর। সেখানে একটা সাব-ডিভিশনাল ক্রিমিনাল কোর্ট তৈরি হয়ে রয়েছে, বার বার আইনমন্ত্রীকে জানানো সত্বেও সেই সাব-ডিভিশনাল ক্রিমিনাল কোর্ট আজ পর্যন্ত চালু হয়নি। মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করলে উনি বলেন এ.পি.পি. পোস্টের জন্য চালু করা যাচ্ছে না। এখন আবার উনি বলছেন, ওই কোর্ট বিল্ডিং পি.ডাবলিউ.ডি. এখনও পর্যন্ত হ্যান্ডওভার করেনি। আমি খোঁজ নিয়ে দেখলাম যে পি.ডাবলিউ.ডি. হ্যান্ডওভার করেছে এবং সেসব কাগজ আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দিয়েছি। স্যার, আপনার মাধ্যমে আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, যখন কোর্ট তথা বিচার ব্যবস্থার পরিষেবা পাবার জন্য মানুষ হাহাকার করছে তখন তিনি অবিলম্বে ওই কোর্টটা চালু করার ব্যবস্থা করুন। কোর্টের রায়ে যাতে সমস্ত নিষ্পত্তি হতে পারে সেইজন্য সাব-ডিভিশন কোর্টগুলিতে পরিষেবা দেবার জন্য, প্রত্যন্ত এলাকার মানুষকে পরিষেবা দেবার জন্য সত্বর বারুইপুর সাব-ডিভিশন ক্রিমিনাল কোর্ট চালু হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ধন্যবাদ।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি, আবার আমরা মিলিত হব ২টার সময়ে।

[The House was adjourned at 1.20 p.m. for recess and reassembled at 2.00 p.m.]

POINT OF INFORMATION

[2.00—2.10 p.m. after recess]

শ্রী রবীন দেব : মিঃ ডেপুটি স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন। আজ থেকে ৩১ বছর আগে ১৯৭১ সালে এই দিনটিতে ধর্মীয় পরিচয়ের ঊর্ধ্বে উঠে বাঙালীর জয়ের সূচনা হয়েছিল, বাংলাদেশের মুক্তি আন্দোলনের বিজয় হয়েছিল। ওই দিনটিকে স্মরণ করে আজকের দিনে বাংলাদেশের মানুষ বাংলাদেশের মুক্তি আন্দোলনে নিহত যোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছেন। কলকাতাতেও বাংলাদেশ মুক্তি আন্দোলনের বিজয় দিবস রবীন্দ্রসদনে উদ্‌যাপিত হচ্ছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ধর্মের নামে বিভেদ আনবার চেষ্টা করা হচ্ছে। আমি বাংলাদেশ মুক্তি আন্দোলনের নিহত যোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঐতিহাসিক দিন। মাননীয় বন্ধু রবীন দেব অর্ধ সত্য বললেন। প্রকৃত সত্য বলতে লজ্জা বোধ করছেন। ৩ ডিসেম্বর পাকিস্তান যুদ্ধ শুরু করে এবং ১৬ ডিসেম্বর ভারত জয়লাভ করে এবং ৯৩ হাজার পাকিস্তানি সেনা আত্মসমর্পণ করে। সেদিন পাকিস্তানকে আমাদের

ইন্দিরা গান্ধী যে জবাব দিয়েছিলেন তার জন্য আমরা গর্ব অনুভব করি। আজকের দিনটিতে আমরা আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধীর প্রতি শ্রদ্ধা জানাচ্ছি। আমরা আজকে দিনটিকে একটা ঐতিহাসিক দিন বলে মনে করি। বর্তমান কেন্দ্রীয় সরকার পাকিস্তানকে জবাব দেওয়া হবে বলে বলছেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয়, পাকিস্তানের বিরুদ্ধে তারা কোনো পদক্ষেপ নিতে পারছেন না। এবং সেটা না পারায় কেন্দ্রীয় সরকারের প্রতি ধিক্কার জানাচ্ছি।

শ্রী সৌগত রায় : মিঃ ডেপুটি স্পীকার স্যার, বলতে দেবার জন্য ধন্যবাদ। ১৯৭১ সালে আজকের দিনে জেনারেল নিয়াজী সই করেছিলেন এবং ৯০ হাজার পাকিস্তানী সেনা ঢাকার রমনা ময়দানে আত্মসমর্পণ করেছিলেন, সেই ঘটনার কথা আমাদের মনে আছে। ওই দিনটিতে ভারতের লোকসভায় আনন্দের বন্যা বয়ে গিয়েছিল। এমনকি, ভারতের বর্তমান প্রধানমন্ত্রী শ্রী অটলবিহারী বাজপেয়ী সেদিন সংসদে দাঁড়িয়ে ইন্দিরা গান্ধীকে দেবী দুর্গার সঙ্গে তুলনা করেছিলেন। সেদিন আমরা ভারতবাসী মাত্রেই খুশি হয়েছিলাম। তাতে একটা ডিসকারডেন্ট নোট ছিল—আমাদের বামপন্থী বন্ধুদের মধ্যে বিশেষ একটি দল, সি.পি.এম., তারা কিন্তু বলেছিলেন, 'ইন্দিরা গান্ধী ইয়াহিয়া খান এক হায় এক হায়, ভুলো মত্ ভুলো মত্'। এই দিনটিতে জেনারেল জগজিৎ সিং অরোরার সামনে পাকিস্তানের জেনারেল নিয়াজী ইনস্ট্রুমেন্ট অফ সারেন্ডারে সই করেছিলেন। কাজেই আজকের এই ঐতিহাসিক দিনে ওই বন্ধুদের দেশদ্রোহিতার কথা যেন আমরা ভুলে না যাই।

LEGISLATION

The West Bengal Fire Services (Amendment) Bill, 2002

Shri Pratim Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Fire Services (Amendment) Bill, 2002.

(Secretary then read the title of the Bill)

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখতে পাচ্ছি আমাদের কাছে বিল দেওয়া হল। পার্লামেন্ট বলুন বা বিধানসভাগুলোতে বলুন, তার একটা প্রসিডিয়োর আছে, সেই প্রসিডিয়োর মানা উচিত। আমরা ক্রমশ দেখতে পাচ্ছি বিধানসভাতে আমরা আইন পাশ করছি ঠিকই কিন্তু সেটা দুর্বল হয়ে পড়ছে। সরকারের কর্তব্য হল অরিজিনাল যে অ্যাক্ট সেই অ্যাক্টের একটা এক্সট্রাক্ট আমাদের দেওয়া দরকার। সরকারের কর্তব্য এবং উচিত প্রত্যেককে অ্যাক্টের এক্সট্রাক্ট দেওয়া। সেই এক্সট্রাক্ট আমাদের দেওয়া হয়নি। আমাদের অ্যামেন্ডমেন্ট দিতে অসুবিধা হয়, অরিজিনাল অ্যাক্টে কি আছে সেটা বুঝতে পারি না। এখানে প্রকৃতপক্ষে আইনের অমান্য করা হচ্ছে। এক্সট্রাক্ট কেন দেওয়া হয়নি ? অবিলম্বে দিতে বলুন।

মিঃ ডেপুটি স্পীকার : এই ব্যাপারে কনভেনশান আছে, বাধ্যবাধকতা নেই। তবে এটা দেওয়া উচিত। There are motion for circulation of the Bill for

eliciting public opinion by Shri Nirmal Ghosh, Shri Abdul Mannan, Shri Saugata Roy, Shri Kashinath Mishra, Shri Ashok Deb and Shri Sobhan Deb Chattopadhyay.

I now call upon Shri Nirmal Ghosh to move his motion.

Shri Nirmal Ghosh: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003.

Mr. Deputy Speaker: Now, I call upon Shri Abdul Mannan to move his motion.

Shri Abdul Mannan: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003. স্যার, আমার কিছু বক্তব্য আছে। স্যার, আমাদের মন্ত্রীদের মধ্যে একটা জিনিস দেখতে পাচ্ছি একটা ট্যাক্স বসাতে পারলেই যেন উৎসাহিত বোধ করছেন। আইনমন্ত্রী নিশীথবাবু বসালেন, উনি করছেন, যেখানে যে যা পারছেন করছেন। আপনি কতকগুলি ব্যাপারে অনেক অ্যামেন্ডমেন্ট এনেছেন। বাড়ি তৈরি করতে গেলে আপনি কতকগুলি নিয়মকানুন তৈরি করেছেন। সেখানে উদ্দেশ্যগুলিতে যা বলেছেন, অবজেক্ট অ্যান্ড রিজিনসে যা বলেছেন তার সঙ্গে বাস্তবের মিল নেই। বাস্তব হচ্ছে আপনার ডিপার্টমেন্টের টাকা আদায় করা। মানুষকে শোষণ করে টাকা আদায় করা। একটা লোক বাড়ি করতে যাবে, তাকে প্রথমে কর্পোরেশানের কাছে যেতে হবে মিউটেশান করতে তারপর করপোরেশনের কাছে কান্ট্রি অ্যান্ড ডেভলপমেন্ট ট্যাক্স দিতে হবে। সে কর্পোরেশানের নিয়ম কানুন মেনে বাড়ি করবে, তারপর আপনার ডিপার্টমেন্টের কাছে যাবে। একটা লোককে আপনার ডিপার্টমেন্ট শোষণ করবে, পুরো দপ্তর শোষণ করবে। কতগুলো জায়গায় সে ফিজ দেবে ? আপনি যে বিল এনেছেন, কর্পোরেশন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেছেন ? সেই সব বলুন। সেই সব বললেন না, আপনি বিল পেশ করে দিলেন। কলকাতার বুকে বা শহরে বাড়ি তৈরি করতে গেলে এমনিতেই অনেক ঝঞ্ঝাট পোয়াতে হয়, বিভিন্ন ডিপার্টমেন্টে যেতে হয়, তারপর আপনার ডিপার্টমেন্টে গিয়ে পয়সা দিতে হবে।

সরকারের দুর্নীতি খুব বেশি থাকায় আজকে সরকার আর্থিক দিক থেকে দেউলিয়া সরকারে পরিণত হয়েছে এবং সেই কারণে মানুষকে শোষণ করে আগুন নেভানোর জন্য তাদের কাছ থেকেও টাকা-পয়সা আদায় করার জন্য একটা নতুন ধরনের কায়দায় ট্যাক্স আদায় করতে চাইছে। আমার মনে হয় এই বিলটিকে আগে পাবলিক ওপিনিয়নের জন্য পাঠানো হোক। নেক্সট্ সেসানে বিলটি নিয়ে আসবেন। স্টেটমেন্ট অফ অবজেক্টস্ অ্যান্ড রিজিনস্ যদি ঠিক থাকে তখন বিলটি পাশ করবেন। অযথা মানুষের উপরে বোঝা চাপিয়ে লাভ নেই। এমনিতে কর্পোরেশানের যে আইন তাতে সব তো নেওয়া হচ্ছে, সুতরাং এখনই এই বিলটি আনার দরকার নেই। আপনি যে আগুন লাগার ব্যাপারে কারণগুলো দেখার জন্য তদন্ত কমিটি

বসিয়েছেন, সেই তদন্ত কমিটির রিপোর্ট আগে প্রকাশ করুন। তখন বুঝবো ওর সঙ্গে এর কোনো সম্পর্ক আছে কিনা। সুতরাং আগে পাবলিক ওপিনিয়নের জন্য পাঠানোর ব্যবস্থা করুন।

Shri Saugata Roy: Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003. স্যার, এইরকম একটা বিল এনে মাননীয় মন্ত্রী মানুষের উপরে নতুন করে করের ভার চাপিয়ে দিতে চাইছেন। আগুন লাগলে আগুন নেভানোর জন্য আবার টাকা দিতে হবে। সরকারের এমন দেউলিয়া অবস্থা যে এর উপরেও ট্যাক্স বসাতে হচ্ছে। আমার মনে হয় এখন এই বিলটি পাশ করা উচিত নয়। এমনিতেই বিভিন্ন বাড়ি তৈরি করার সময়ে সেখানে দাহ্য পদার্থ বা ফায়ার ওয়ার্কসের জন্য অগ্নি নির্বাপক ব্যবস্থা নেওয়া হয়, তার উপরে এই বিল আনার কোনো দরকার নেই। সুতরাং বিলটিকে পাবলিক ওপিনিয়ন নেওয়ার জন্য পাঠানো হোক, তারপরে বিলটি পাশ করা হোক।

Shri Kashinath Mishra: Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the eliciting public opinion by the 31st March, 2003. স্যার, শহরাঞ্চল বলুন বা গ্রামাঞ্চল বলুন মানুষকে সব সময়ে অগ্নি নির্বাপকের উপরে নির্ভর করতে হয়। ফায়ার সার্ভিস একটা সামাজিক দায়-দায়িত্বের মধ্যে পড়ে। বিশেষ করে সমাজের বিভিন্ন সময়ে বিভিন্ন মানুষের উপকারে এই ফায়ার সার্ভিস কাজ করে। এখানে মাননীয় মন্ত্রী যে বিলটি পাশ করাতে চাইছেন আমার মনে হয় বিলটিকে পাবলিক ওপিনিয়নের জন্য পাঠানো হোক। বিভিন্ন ভাবে যে দাহ্য পদার্থ কারখানাতে ব্যবহার হয়ে থাকে তার জন্য আগুন নেভানোর ব্যবস্থা রাখা হয়ে থাকে। সরকার আজকে শিল্পের অগ্রগতি চাইছে এবং সেখানে ছোটোখাটো কুটির শিল্প থেকে আরম্ভ করে বড় যে সব কর্মকাণ্ড গড়ে উঠছে তার জন্য কাঁচামালের প্রয়োজন হয় এবং সেগুলো বিভিন্ন জায়গায় স্টোরেজ করে রাখা হয়। সেখানে কোনো ক্ষেত্রে ঘনবসতি এলাকায় হতে পারে আবার ফাঁকা জায়গাতেও হতে পারে। সেখানে বিপদ হতেই পারে এবং সেই বিপদের কথা ভেবেই আমরা জনসাধারণের স্বার্থে এই বিলটির ব্যাপারে জনগণকে জানান। কিছুদিন ওয়েট করুন, বাজেট অধিবেশনে বিলটি পাশ করুন। আপনাদের টাকা-পয়সা লাগবে বলে অযথা এই বিলটি এনে জনগণের উপরে চাপিয়ে দেবেন না। পাবলিক ওপিনিয়ন আগে নিন।

Mr. Deputy Speaker: Now I call upon Shri Ashok Deb to move his amendments. ..... (pause).

I find Shri Ashok Deb is not present in the House. So it is not moved.

Shri Sobhandeb Chattopadhyay: Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st January, 2003. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার

আগে আমাদের মাননীয় সদস্যরা এর উপরে অ্যামেন্ডমেন্ট মুভ করেছে এইভাবে ফায়ার সার্ভিসের ক্ষেত্রেও মানুষের উপরে একটা বাড়তি বোঝা চাপানোর চেষ্টা হচ্ছে। মূলতঃ আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ সরকার স্বাস্থ্য, শিক্ষা, আইন এবং জরুরি পরিষেবা অগ্নি-নির্বাপক তার উপরেও নতুন করে টাকার বোঝা জনগণের উপরে চাপিয়ে দিচ্ছেন। আপনারা দীর্ঘদিন ধরে সরকারে আছেন এবং পপুলার পলিটিক্স করতে গিয়ে এতদিন যেসব কথা ভাবেননি, আজকে হঠাৎ সেই বোঝা সামাজিক ভাবে সমস্ত ক্ষেত্রে চাপিয়ে দিয়েছেন আপনারা। ছাত্রদের মাহিনা বেড়ে যাচ্ছে, হাসপাতালের চার্জ বেড়ে যাচ্ছে, তারপরে আইনের ক্ষেত্রেও দেখা গেল কোর্ট ফিজ বৃদ্ধি হল। এর পরে আপনি আবার নূতন করে ফায়ার সার্ভিসের ক্ষেত্রে ব্যপকভাবে বাড়াচ্ছেন। কোথাও এক হাজার থেকে ৫ হাজার, কোথাও ৫ হাজার থেকে ১০ হাজার, ৫০ হাজার করে বাড়িয়ে দিচ্ছেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এটা আপাতত আপনি বিলটা স্থগিত রেখে পাবলিক ওপিনিয়ন নিন। তার পরে আপনি বিধানসভায় আনুন। আগামী বাজেট অধিবেশনে তখন আমরা বিচার করে দেখবো।

শ্রী প্রতীম চ্যাটার্জী : স্যার, এই বিলটা সম্বন্ধে ওরা একপেশে কিছু কথা বলে যাচ্ছেন। সত্যিই, এই বিলটা যদি দেখেন তাহলে দেখবেন, প্রতিটি রুল-এর আলোচনা করতে পারে, এটাতে কোনো সাধারণ মানুষের উপর এই বিলের জন্য কোনো ব্যয়ভার বাড়বে না। কোথাও নয়। এখানে যেটা মূল উদ্দেশ্য বলা আছে, এনি পারসন অ্যাসোসিয়েটেড উইথ দি লাইসেন্সি এজেন্সি ইন এনি অফ দি পারপাস। চ্যাপ্টার থ্রি-এতে বিলটা যদি দেখেন, দেখে নেবেন, এখানে বলা হচ্ছে, যারা মিস ইনফর্মেশান দিচ্ছে, ফলস স্টেটমেন্ট দিচ্ছে, লাইসেন্সি নিচ্ছে না, ঘনবসতি এলাকায় কমবাসটিবল মেটিরিয়ালস নিয়ে কাজ করছে, তারা আইনের কোনো ধার ধারছে না। তাদের ক্ষেত্রে বলা হচ্ছে, তাদেরকে ইমপ্রিজনমেন্ট-এর কথা বলা হয়েছে, তাদের ক্ষেত্রে বাড়ানো হচ্ছে, তা নয়। তাদের ক্ষেত্রে ফাইন-এর কথা বলা হয়েছে, সেটা এখানেও বলা আছে। এখানে '৫০ সালে যখন আইনটা হয়েছিল, তার উপর অ্যামেন্ডমেন্ট করা হয়েছিল, '৬৬ সালেতে। তার পরে '৭৪ সালে যে মিউনিসিপ্যাল অ্যাক্ট হয়, সেখানেও সি.আর.পি.সি.-তে উল্লেখ আছে। এখানে কোথাও টাকা বাড়াবার কথা বলা হয়েছে ? আপনারা এখানে এক পেশে বলে যাচ্ছেন। এখানে টাকা বাড়ানোর কথা নেই। এখানে কতকগুলি ধারা অ্যামেন্ডমেন্ট করা হচ্ছে, কতকগুলি দরকার নেই, সেইগুলি অমিট করা হচ্ছে। '৬৬ সালের অভিজ্ঞতায় এটা করা হচ্ছে। এখানে এই বিলের মধ্যে তেমন কিছু নেই, তাই আমি চাই, বিলটা হাউসে আসুক এবং বিলটা গ্রহণ করা হোক।

The motions that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon were then put and a Division was taken with the following results :

The Ayes being 32 and Noes 53. The motions were lost.

Shri Pratim Chatterjee: Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 2002, be taken into consideration.

[2.20—2.30 p.m.]

শ্রী তাপস রায় : মিঃ ডেপুটি স্পীকার স্যার, মাননীয় অগ্নি নির্বাপক মন্ত্রীমহাশয় 'দি ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ যা নিয়ে এসেছেন আমি তার বিরোধিতা করছি এবং বিভিন্ন সদস্যর আনা অ্যামেন্ডমেন্টগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এটা ঠিকই অগ্নি-নির্বাপক মন্ত্রীমহাশয় খুব আন্তরিক। আমি বর্তমানে যে কেন্দ্রের বিধায়ক সেই কেন্দ্রেই বেশি আগুন জ্বলেছে। হয়তো আমি যাবার পরে পৌঁছেছেন বা আগে। উনি আন্তরিক, উনি চেষ্টা করছেন। এখানে যে বিলটা এনেছেন, যার ২১টি ক্লজ এবং অ্যামেন্ডমেন্ট এনেছেন। ১৯৫০ সালের এই আইন, তার ৪৬ বছর পর ১৯৯৬ সালে তার অ্যামেন্ডমেন্ট হয়েছিল। আর ১৯৯৬ সালের পর ছয় বা সাড়ে ছয় বছরের অভিজ্ঞতায় উনি ভাবছেন আরও কিছু অ্যামেন্ডমেন্ট দরকার। আধুনিকীকরণ, পরিষেবা দেওয়া, সেইগুলোর দিকে মন্ত্রী যাননি। তাঁর স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে যে কথা বলেছেন, সেইগুলো আমি বলার চেষ্টা করব, ক্লজ বাই ক্লজ বলার চেষ্টা করব, ওনার এবং ওনার ডিপার্টমেন্টের অসহায়তার কথা বলব। ডাইরেক্টরকে উন্নীত করে ডাইরেক্টর জেনারেল করলেন। ফায়ার সার্ভিস বা ফায়ার ব্রিগেডে ডাইরেক্টর বা ডাইরেক্টর জেনারেল যে পদ করা হয়েছে, তা আই.পি.এস. অফিসারদের সাময়িক রাখার বা থাকার বন্দোবস্ত হয়েছে কিনা। আমার মনে হয় সেই বন্দোবস্তের মধ্যেই করা হয়েছে, নাহলে অল্প কয়েকদিনের মধ্যে তিনজন আই.পি.এস. অফিসারকে চলে যেতে হচ্ছে কেন ? স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে কি বলেছেন ?

Moreover, the infrastructural and other incidental costs for extinguishing fire have increased immensely and is likely to further increase. আমি বলছি, অগ্নি নির্বাপণে আপনি আন্তরিক। সরকার আপনার দপ্তরকে রাষ্ট্রমন্ত্রী না করে এটাকে ক্যাবিনেটে উন্নীত করুন। সেটা সরকার চাইছেন না। আপনি একটা মাল্টি ন্যাশানাল কোম্পানির টপ পদে কাজ করা মানুষ, আর দেখছি বাচ্চা মন্ত্রীদের আপনার উপরে রেখেছে। স্টেটমেন্ট অফ অবজেক্টস্ অ্যান্ড রিজনসে ৩ নম্বরে কি বলছেন দেখুন। In order to remove such difficulties and with a view to improve the public fire fighting arrangements in extinguishing fire, it has been felt necessary and expedient to amend the said act. এটা কি তার সঙ্গে সঙ্গতি রেখে ? আপনি করেছেন কি ? একটু শক্ত হতে চাইছেন, একটু কড়া হতে চাইছেন। ডাইরেক্টরকে ডাইরেক্টর জেনারেল করতে চাইছেন, কিছু সেকশন অমিট করতে চাইছেন, কিছু সংযোজন করতে চাইছেন আর শক্ত হাতে কিছু আইন এনে স্ট্রাকচার, অয়্যার হাউস, ফায়ার ওয়ার্কস ইত্যাদি ক্ষেত্রে কতগুলো কঠিন কঠিন আইন আনছেন। এখানে যেমন অমিট করতে চাইছেন কালেক্টর। যেখানে হ্যাজার্ডাস সাবস্ট্যান্স আছে, সেখানে ইন্ডিয়ান এক্সপ্লোসিভ অ্যাক্ট ১৯৮৪ রয়েছে, এক্সপ্লোসিভ সাবস্ট্যান্স অ্যাক্ট ১৯০৮ রয়েছে, ইনফ্লেমেবল্ সাবস্ট্যান্স অ্যাক্ট ১৯৫২ রয়েছে। এইগুলো হ্যাজার্ডাস সাবস্ট্যান্স, এইগুলোর ব্যাখ্যা দিয়েছেন। আপনার সঙ্গে এখানে আমি একমত—এইগুলো দেখা উচিত, এবং এইগুলোর জন্যই আগুন জ্বলছে এবং বাড়ছে এবং আপনাকে দৌড়োদৌড়ি করতে হচ্ছে।

এই যে চর্মনগরী হচ্ছে, সেখানে আমি দুবার গেছি। একবার দু-ঘণ্টা, একবার আড়াই, তিন ঘণ্টা ঘুরে ঘুরে দেখেছি। দেশের সর্বোচ্চ আদালত লেদার কমপ্লেক্সের ব্যাপারে কিছু নির্দেশ দেয়। কতগুলো প্রি-কন্ডিশন সরকারকে দেওয়া হয় এবং সরকারকে এফিডেবিট করে সেইগুলো দিল। তার মধ্যে অন্যতম ছিল ফায়ার ব্রিগেড বা ফায়ার ফাইটিং। বলা হয়েছিল সেখানে একটা পারমানেন্ট ফায়ার ফাইটিং সেন্টার করতে হবে।

[2.30—2.40 p.m.]

আমরা গিয়ে কি দেখলাম, গিয়ে দেখলাম যে সেখানে একটা গাড়ি দাঁড়িয়ে আছে। সেই গাড়িটা দেখলে আমার মনে হচ্ছিল যে যেদিন থেকে পশ্চিমবাংলায় ফায়ার সার্ভিস সৃষ্টি হয়েছিল সেই সময়ের গাড়ি। গাড়ির কাঁচগুলো ভাঙা, সেই গাড়ির যদি নিজের গায়ে আগুন লাগে সে নেভাতে পারবে না। সেই গাড়িটাকে গেটের ডানদিকে দাঁড় করিয়ে দিয়েছেন। লেদার কমপ্লেক্সে যদি আগুন লাগে এই গাড়ি আগুন নেভানোর বন্দোবস্ত করবে এবং আপনি সুপ্রিম কোর্টের আদেশ পালন করলেন। আমি অনুরোধ করব আপনি নিজে যদি এখন অ্যাসেম্বলি থেকে গিয়ে ওই গাড়িটাকে সরিয়ে নতুন একটা ঝকঝকে, চকচকে গাড়ি দিন যে অন্তত নিজের আগুন নেভাতে পারবে। আমি আপনাকে একটা দিনের একটা ঘটনার কথা তুলে ধরছি। দেওয়ালির আগের দিন ৩ নভেম্বর বেন্টিঙ্ক স্ট্রিটে একটা আগুন লেগেছিল, আপনি জানেন হয়তো আপনার স্মরণে আছে, আগুন লেগেছিল ১০।২০, ২৫ মিনিট এরকম একটা সময়ে। স্বাভাবিক ভাবেই ওই কেন্দ্রের বিধায়ক হিসাবে আমাকে খবর দেওয়া হয়, আমি রাস করলাম, সেখানে গিয়ে দেখলাম দমকল গাড়ি পৌঁছে গেছে, পুলিশ পৌঁছে গেছে, এলাকার লোকজন আছে। আমরা পৌঁছনোর পর দেখলাম পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যাচ্ছে। এক প্রাণান্তকর প্রচেষ্টা করতে হচ্ছিল পুলিশকে এবং সেখানে যাঁরা আপনারা অফিসার ছিলেন যেখানে রাষ্ট্রপতি পদকপ্রাপ্ত অফিসারও রয়েছেন কিন্তু ছোটাছুটি করতে হলে আমাদেরকে এবং সারাদিন ধরে জল দেওয়ার চেষ্টা করা হল। দেড় ঘণ্টা ধরে চেষ্টা করার পরও আমরা দেখলাম যে ঢোকা যাচ্ছে না, ভেতর দিয়ে আগুন জ্বলছে, কাঁচ রয়েছে জলটা যাচ্ছে না ওপর দিয়ে জল দেওয়ার চেষ্টা করা হল তারপর আপনাদের অফিসাররা বললেন যে হাইড্রোলিক কমপিউটারাইজড ল্যাডার আসছে। ভালো কথা সেই হাইড্রোলিক কমপিউটারাইজড ল্যাডারের জন্য অপেক্ষা করতে লাগলাম। আনন্দিত হলাম যে হাইড্রোলিক কমপিউটারাইজড ল্যাডারের মাধ্যমে ফায়ার ফাইটাররা আগুন নেভাবে যেভাবে হোক। গাড়ি পৌঁছনোর পর জানা গেল লোক আসেনি অর্থাৎ এক্সপার্ট যাঁরা ল্যাডারটা অপারেট করবে, তুলতে পারবে, আপনি জানলে বিস্মিত হবেন যে সেই অপারেটর আসেননি তিনি অনুপস্থিত। এই ভয়াবহ সিচুয়েশনে কি অবস্থা গেছে পুলিশের এবং আমাদের। কি সাংঘাতিক অবস্থা রাত আড়াইটে পর্যন্ত। তারপর ম্যানুয়াল এলো। ততক্ষণ যে সর্বনাশ হওয়ার হয়ে গেছে। তবে এটাও অস্বীকার করা যাবে না যে দু-তিনজন ফায়ার ফাইটার ঝুঁকি নিয়েছে, আমি যা দেখেছি আমি তারই অবতারণা করছি। অন্যথা করব না। এই যখন আপনার দপ্তরের অবস্থা তখন আপনাকে ২১টা অ্যামেন্ডমেন্ট আনতে হলো। আপনার অবজেক্টস অ্যান্ড রিজনসে আপনি বলছেন যে আপনি কড়া হচ্ছেন, শক্ত

হচ্ছেন দমন করার জন্য, ফিসের কথা বলছেন, বলছেন যে ফায়ার লাইসেন্স ছাড়া আপনি আগুন নেভাবেন না। তাহলে আপনার ইনফ্রাস্ট্রাকচার কি আছে। আপনার যারা ফায়ার ফাইটার রয়েছে তারা উপযুক্ত কিনা, যে সমস্ত যন্ত্রপাতি রয়েছে সেগুলো কেজো না অকেজো, কতটা তার ওয়ার্কিং ক্যাপাসিটি। সেগুলো দিয়ে কাজ করানোর মত এক্সপার্ট আপনার আছে কিনা, ট্রেন্ড এক্সপার্ট আছে কিনা দেখুন তা নাহলে বেন্টিঙ্ক-এর মতো ঘটনা, ফারপো মার্কেটের মতো ঘটনা, হাওড়া ব্রিজের ধারে স্ট্রান্ড রোডের যে বাজার নন্দরাম মার্কেট তার মতো অবস্থা হবে। নিউ ইয়র্ক যারা নাম লিখিয়ে দিয়ে সার্টিফিকেট নিয়ে অর্থ রোজগার করে তার জন্য আইন এনেছেন, সেখানে আমি আপনার সঙ্গে একমত। তারা ইনসিওরেন্স ক্লেমের জন্য আপনার কাছে বা আপনার অফিসারদের কাছে এই কিছু ভালোমানুষী অফিসার রয়েছেন, অসৎ অফিসার রয়েছেন, তাদের কাছ থেকে ভালো মানুষ ভাব দেখিয়ে ম্যানেজ করে। একটা ঘটনা হয়েছিল—নিউ মার্কেটে। সেখানে আপনিও গেছেন। যে মালিকের পুড়েছে তার কোনো ভাবনা-চিন্তা নেই। আপনিও ছোটাছুটি করছেন, ফায়ার ফাইটাররাও ছোটাছুটি করছেন। অথচ সে আপনাদের বসিয়ে পানীয় খাওয়ানোর ব্যবস্থা করছেন। এটা আমি উপলব্ধি করেছি। আমি জানি আপনার উপলব্ধি হয়েছে, তাই আপনি এই ব্যাপারে ব্যবস্থা নিতে চাইছেন। কিন্তু একটা বস্তির পাশে মালিস্টোরিড বিল্ডিং বিশেষ করে কলকাতা শহর গ্রেটার কলকাতায় যে বিল্ডিংগুলির লাগোয়া বস্তি আছে, সেখানে আপনি একটা আইন আনতে চলেছেন। আপনি একটা ব্যাপার অমিট করে যাচ্ছেন। আপনি বিভিন্ন জায়গায় আইন আনতে চাইছেন। সেখানে দেখুন আজকে যদি আগুন লাগে, সেখানে আগুন লাগে কে টাকা দেবে ? বহু বাড়ি আছে, সেখানে অর্থ দেওয়ার লোক নেই। অকুপাই রয়েছে, ওনার রয়েছে, কেসেস পেন্ডিং উইদ দ্য কোর্ট, বিভিন্ন রকম ব্যাপার রয়েছে। অথচ সরকার-এর দায়বদ্ধতা নেই। আমি দেখছি আপনি অর্থ আয় করছেন। হয়তো বুদ্ধদেববাবু আপনাকে বলেছেন আপনার দপ্তর থেকে টাকা দিতে হবে। সরকারের পরিষেবার ব্যাপারে কোনো দায় নেই। অগ্নি-নির্বাপণের ক্ষেত্রে সরকারের যে দায়বদ্ধতা আছে, সেটা আপনার দপ্তর ভুলে গিয়ে অর্থের বিনিময়ে করবেন এই জিনিস করছেন। কিন্তু হাইলি ইনফ্লেমেবেল গুডস, হ্যাজার্ডাস আইটেম যেগুলি অ্যাক্টের মধ্যে পড়ে, সেগুলির মধ্যে আপনি বাধ্যতামূলক করুন। কিন্তু অর্থের বিনিময়ে অগ্নি নির্বাপণ পরিষেবা আমি মেনে নিতে পারছি না। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি দুঃখের সঙ্গে বলছি যে, এই দিকটা আপনি তুলে দেওয়ার ব্যবস্থা করুন। আগুন যখন লাগে তখন এরিয়ার সীমানা পেরিয়ে অন্যান্য দিকও গ্রাস করে। অন্যান্য জায়গায় এরিয়া নির্ধারণ করেছেন। কিন্তু এক্ষেত্রে এরিয়া নির্দেশ করা যায় না। কেন লেগেছে, কোথায় গ্রাস করবে, এই ব্যাপারটা সমস্ত দিক বিচার বিবেচনা করে এই জায়গা বাদ দেবেন এবং পরিষেবা দায় এবং দায়বদ্ধতা সরকারের বা ডিপার্টমেন্টের। সেটা মাথায় রাখবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[2.40—2.50 p.m.]

শ্রী সুনীল কুমার ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী এখানে যে বিল উপস্থাপন করেছেন, তার আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। ওরা এখানে যে

অ্যামেন্ডমেন্ট এনেছেন, আমি তার বিরোধিতা করছি। স্যার, মানব সভ্যতার আদিমকাল থেকে বিধ্বংসী আগুনকে নিয়ন্ত্রিত করতে হয়েছে। এইভাবে মানব সভ্যতার অগ্রগতি ঘটেছে। সেইজন্য এই বিভাগের কার্যকলাপ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সঠিকভাবে যাতে এই দপ্তর চলতে পারে, সেইজন্য সময় সময় যে আইনগুলি আছে, তার কিছু কিছু সংশোধনের বা পরিমার্জনের প্রয়োজন হয়। সেইজন্য আজকে এই বিল আনা হয়েছে। আগুন যাতে আদৌ লাগতে না পারে, প্রতিরোধ ব্যবস্থা যাতে আগাম নেওয়া যায়, সেই দিকে চিন্তা-ভাবনা করেই এই বিল আনা হয়েছে। স্যার, আমরা প্রায়ই বিরোধী দলের সদস্যদের কাছে শুনি যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার দেউলিয়া হয়ে গেছে এবং তারা নাকি এই ভাবে অর্থ আদায় করে তাদের দেউলিয়াপনা থেকে উদ্ধার হতে চেষ্টা করছেন। আমি আপনাদের কাছে বলতে চাই পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ষষ্ঠবারের মতো নির্বাচিত হয়েছে জনগণের রায়ে এবং অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলতে চাই পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার এবং তার সমস্ত দপ্তর সগৌরবে চলছে এবং ষষ্ঠ বছর পূর্ণ করবে এবং পরবর্তীকালে তারাই আবার আসবে। যে বিশ্বায়ন কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন আপনাদের কি মনে পড়ে না যে আপনারা বিশ্বব্যাঙ্ক এবং আন্তর্জাতিক অর্থভাণ্ডার থেকে ঋণ নিয়ে দেশটাকে চালাচ্ছেন এবং সেই ঋণ শোধ করবার জন্য আবার তাদের দ্বারস্থ হতে হচ্ছে। তাহলে গোটা ভারতবর্ষের অর্থব্যবস্থা পঙ্গু হয়েছে, শুধু তাই নয় আপনাদের মাতব্বর বুশ সাহেব তাঁর দু-জন আর্থিক উপদেষ্টাকে তাদের পদ থেকে সরিয়ে দিয়েছেন। বলতে পারেন আজকে অর্থনৈতিক মন্দা কোথায় নেই ? গোটা পৃথিবীতে মন্দা চলছে, ভারতবর্ষে মন্দা চলছে। আর সমস্ত রকমের বঞ্চনাকে অবহেলা করে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার সগৌরবে চলছে। আপনাদের মনে পড়ে ২০০০ সালের বন্যার জন্য কেন্দ্রের কাছে ১৪৮৭ কোটি টাকা চাওয়া হয়েছিল, কিন্তু মাত্র ১০৩.২৫ কোটি টাকা ওখান থেকে পাওয়া গেছে। তার জন্য আপনারা একবারও একটা কথাও বললেন না। তখন আপনারা বলেছিলেন এটা ম্যান মেড বন্যা। এটা দেখে কি আপনাদের বঞ্চনার কথা মনে পড়ছে না। আপনারা কি জানেন না কয়লার উপর সেস এবং রয়্যালটির অর্থ পশ্চিমবাংলা পেত না। আপনারা জানেন না রিজার্ভ ব্যাঙ্কের কাছে দেনা করে চলছে। আজকে সেইজন্য বলছি সমস্ত রকম বঞ্চনাকে বাদ দিয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার চলছে এবং চলবে। আপনাদের জ্ঞাতার্থে জানাই আসলে এই দপ্তর আগুন লেগে যাওয়ার পরে সেটা কমানোর চেয়ে আগুন যাতে না লাগতে পারে সেই ব্যাপারে সাবধানতার জন্য এই বিল আনা হয়েছে। কতগুলি কথার অর্থ অস্পষ্ট থাকার জন্য ১৯৯৬ সালে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছিল সেটা পরিপূর্ণ ভাবে কাজে লাগানো যায়নি বলেই আবার এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। এই অ্যামেন্ডমেন্টের মধ্যে সঠিক ভাবে তার অর্থ জানানো হয়েছে। সেটা আপনারা জানেন এখানে দেওয়া আছে ওয়্যার হাউজ, ওয়ার্ক শপ্ প্রসেস-এর অর্থগুলি অনেক রকম অর্থ করা হয়েছে, এতে এখন সেগুলি সঠিক অর্থেই করা হয়েছে এবং ডাইরেক্টর জেনারেলের একটা আলাদা দপ্তর করা হয়েছে যাতে লাইসেন্স ফী-এর টাকা তারা সংগ্রহ করতে পারেন। কোনো কিছু স্থাপনের জন্য ফায়ার সেফটি সার্টিফিকেট বা ফায়ার লাইসেন্স দেওয়ার প্রস্তাব করা হয়েছে। যাতে কোনো ব্যক্তি বা সংস্থা সতর্কভাবে তা

গ্রহণ করতে পারেন। বীমার আওতায় এনে তাদের বীমার ব্যবস্থা করা হয়েছে। বীমা কোম্পানি তাদের টাকা দেবে। এবং তার ফলে পার্টি ক্ষতিগ্রস্ত হবে না তার গায়ে লাগবে না, তার কোনো অর্থ ফায়ার ডিপার্টমেন্টকে দিতে হবে না। মাননীয় মন্ত্রী আগেই বলেছেন এর সঙ্গে অর্থের লেনদেনের কোনো সম্পর্ক নেই। তাই আপনাদের জানানোর জন্য বলছি সরাসরি কোনো ফিজ এখানে ধরা হচ্ছে না, কিছু রুলস অন্তর্ভুক্ত করা হচ্ছে। জীবনহানি বা অঙ্গহানির ক্ষেত্রে অর্থ জরিমানার নজির না দিয়ে শাস্তি সম্মত চিন্তার দিকে লক্ষ্য রেখে এই অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে। শাস্তিমূলক ব্যবস্থা যেটা আছে সেটা যাতে সঠিক ভাবে রূপায়িত হতে পারে সেই জন্য এই বিলে কিছু কিছু অ্যামেন্ডমেন্ট করা হয়েছে এস-২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩৩-এ, ৩৩-বি-তে। আশা করছি সরকার এবং জনগণ একত্রিত ভাবে এই বিলের কার্যকারিতার দিকগুলো গ্রহণ করবেন এবং এই দপ্তর সার্থকভাবে তার কাজ রূপায়িত করতে পারবে। আজকে আই.এস.আই.-র চর ঢুকছে, সাম্প্রদায়িক সম্প্রীতির অভাব ঘটছে। বিভিন্ন রাজ্যে এই জিনিস আমরা লক্ষ করছি। আজকে দেখতে পাচ্ছি বাবরি মসজিদ ভেঙে যাওয়ার ফলে আগুনের লেলিহান শিখা জ্বলে চলেছে। আই.এস. আই.-র চর পশ্চিমবঙ্গের বুকেও ঢুকছে এবং সীমান্তবর্তী জেলাগুলিতে বিভিন্ন জায়গায় বিস্ফোরণ ঘটছে এবং তার ফলে আগুনও লেগে যাচ্ছে। তাই এই দপ্তরকে 'ছেলে খেলা' বলে মনে করলে হবে না। পশ্চিমবঙ্গেও আজকে আই.এস.আই. চর ঢুকছে। তাই সবার সহযোগিতা নিয়ে এবং সরকারের একান্ত প্রচেষ্টার মধ্যে দিয়ে এই দপ্তরকে কার্যকরী করতে হবে। তাই মাননীয় মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.50—3.00 p.m.]

শ্রী অতীশচন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা একটা জিনিস লক্ষ করছি, কয়েকদিন ধরে বিধানসভার অধিবেশন চলছে এবং মূলত আমরা দেখছি সরকারের তরফ থেকে বিভিন্ন ফিস, ট্যাক্স, ইত্যাদি বাড়ানো হচ্ছে এই অর্থনৈতিক সংকটাপন্ন অবস্থা থেকে বেরিয়ে আসার জন্য। এর পরেও একটা বিল আসবে এবং তাতেও দেখছি ফিজ বাড়বে এবং এর আগেও দেখেছি বিভিন্ন ভাবে ফিজ বা ট্যাক্স বৃদ্ধি করার চেষ্টা হয়েছে। আমি এর তীব্র বিরোধিতা করছি এবং সাথে সাথে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তারও বিরোধিতা করছি এবং কারণগুলো আমি তুলে ধরছি। মাননীয় মন্ত্রী মহাশয় স্টেটমেন্ট অফ অবজেক্টস্ অ্যান্ড রিজনসে স্বীকার করে নিয়েছেন যে টু কমপ্লাইং উইথ দি ইনক্রিসিং থ্রেট অফ ফায়ার হ্যাজার্ডস। তার মানে মন্ত্রী স্বীকার করে নিয়েছেন এই ২৬ বছরে ফায়ার হ্যাজার্ড পশ্চিমবঙ্গে বৃদ্ধি হয়েছে। তাই আমি সবিনয়ে জিজ্ঞাসা করতে চাই যে, এই যে একটা আলাদা দপ্তর, মন্ত্রী সৃষ্টি হয়েছে তার কি দরকার যদি ফায়ার হ্যাজার্ড বাড়তে থাকে ? তাহলে কেন আপনি কোনো ব্যবস্থা গ্রহণ করছেন না ? ফায়ার যাতে না লাগে তার জন্য কেন ব্যবস্থা গ্রহণ করছেন না ? এবং এটাও আপনি স্বীকার করবেন যে, আমরা দেখছি দৈনন্দিন কোথাও না কোথাও বড় মাঝারি, ছোটো আগুন লাগছে এবং আগুন নেভানোর

আপ্রাণ চেষ্টা করেও দেখা যাচ্ছে প্রচুর ক্ষতির হাত থেকে মানুষ এবং সম্পত্তিকে বাঁচানো যাচ্ছে না। বুক ফেয়ারে, বইমেলাতে আগুন লাগল। ফিরপো মার্কেটে আগুন লাগল। এই ভাবে প্রতিদিন কোথাও না কোথাও আগুন লেগে জীবন ও সম্পত্তি হানি ঘটছে।

এই যে জীবনহানি এবং সম্পত্তি ক্ষতিগ্রস্ত হচ্ছে এর থেকে বাঁচবার কোনো উপায় আছে কিনা সেটা মাননীয় মন্ত্রী মহাশয় বিচার করবেন এবং সেটা বিচার করে যাতে আরো সংযত হওয়া যায় এবং সমস্ত রকমের ব্যবস্থা গ্রহণ করা যায় তাহলে এই ধরনের ফিজ্ বৃদ্ধি করা—মানুষের উপর, দোকান, বাড়ি ইত্যাদির উপর এই ধরনের ফিজ্ বৃদ্ধি করার কোনো প্রয়োজন হবে না। কিন্তু আমরা দেখছি যে, সেদিকে সরকারের যথেষ্ট শৈথিল্য আছে। এবং সরকারের যে সমস্ত নির্দেশিকা আছে সেই সমস্ত নির্দেশিকা না মেনে অনেক বাড়ি, দোকান তৈরি হয়েছে। আমাদের নিজের অভিজ্ঞতা থেকে দেখেছি যে, কালীপুজোর সময় অনেক জায়গায় হাজার হাজার বাজির দোকান হয়েছে। এবারে ময়দানে দেখলাম আলাদা একটা স্টল করে বাজির দোকান করা হয়েছিল, কিন্তু তা সত্ত্বেও প্রত্যেকটি বাজারে ছোটো-বড়ো-মাঝারি বাজির দোকান আছে—তাদের লাইসেন্স আছে কি না জানি না। তাদের লাইসেন্স আছে কি না, তারা সরকারকে টাকা দেয় কি না সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই সচেষ্ট হবেন। কারণ এ থেকে আগুন লাগার সম্ভাবনা প্রচণ্ড ভাবে থেকে যায়। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় স্বীকার করবেন যে, ফায়ার হ্যাজার্ড বেড়ে চলেছে এবং এটাকে কমাবার জন্য এই দপ্তর কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় যখন উত্তর দেবেন তখন নিশ্চয়ই বলবেন। আজকে একটা প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, কোথায় কোথায় নতুন ফায়ার ব্রিগেড তৈরি হবে। আমি আশা করেছিলাম এই নতুন ফায়ার ব্রিগেডের সংখ্যাটা আরো বৃদ্ধি পাবে, কিন্তু দেখলাম, সেই সংখ্যাটা ২-৩-৪-এর মধ্যে সীমাবদ্ধ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যেভাবে ফায়ার হ্যাজার্ড বেড়ে যাচ্ছে এবং এই কথা মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করবেন যে, সেই অনুপাতে আজকে গোটা রাজ্যে ফায়ার ব্রিগেডের সংখ্যা অনেক বেশি বৃদ্ধি হওয়া উচিত। কিন্তু অর্থের অভাবে বেশি সংখ্যায় ফায়ার ব্রিগেড স্থাপন করা যাচ্ছে না। আমার নিজের এলাকায় ফায়ার ব্রিগেড তৈরি করার জন্য জমি দিয়েছি, মাননীয় মন্ত্রী মহাশয় কথা দিয়েছিলেন যে, সেখানে নতুন ফায়ার ব্রিগেড তৈরি হবে। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় যে সমস্ত জায়গায় নতুন ফায়ার ব্রিগেড তৈরি হবে বললেন সেই লিস্টের মধ্যে আমার এলাকা কাঁদির নাম মাননীয় মন্ত্রী মহাশয়কে উল্লেখ করতে দেখলাম না। আমার কাঁদি এলাকা একটা সাব-ডিভিশনাল টাউন, সেখানে প্রায়ই আগুন লাগে, কিন্তু গোটা মহকুমার মধ্যে কোনো অগ্নি-নির্বাপক ব্যবস্থা নেই, সেখানে কবে নতুন ফায়ার ব্রিগেড তৈরি হবে সেটা যদি মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বলেন তাহলে আমাদের সুবিধা হবে। পশ্চিমবঙ্গে প্রতিদিন বিভিন্ন জায়গায় ছোটো-বড়ো-মাঝারি ধরনের আগুন লাগে, এর জন্য কতগুলো ফায়ার ব্রিগেড আছে এবং আরো কত নতুন ফায়ার ব্রিগেডের প্রয়োজন আছে এবং কতগুলো ফায়ার ব্রিগেডে আধুনিক যন্ত্রপাতির প্রয়োজন আছে, কতগুলো ফায়ার ব্রিগেডে হাইড্রোলিক ল্যাডার বসানো হবে—এইসব ব্যাপারে কোনো অ্যাসেসমেন্ট আছে কি না সেটা মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন। একজন মাননীয়

সদস্য বললেন যে, কোনো একটা ফায়ার ব্রিগেডে কমপিউটারাইজড্ হাইড্রোলিক ল্যাডার বসানো আছে, কিন্তু সেটাকে চালানোর মতো লোক পাওয়া যায় না, সময়মতো যদি লোক পাওয়া না যায় তাহলে হাইড্রোলিক ল্যাডার থাকাও যা, না থাকাও তাই। ফায়ার ব্রিগেডের জন্য মডার্ন ইকুইপমেন্ট সহ এরকম যন্ত্রপাতি কিনবার কোনো পরিকল্পনা আপনাদের আছে কি না এবং সেগুলো কিনবার জন্য অর্থ আছে কি না এবং অর্থ থাকলে আগামী কয়েক বছরের মধ্যে পশ্চিমবঙ্গে অগ্নি-নির্বাপক ব্যবস্থাকে জোরদার করতে আপনারা পারবেন কি না সেটা নিশ্চয়ই আমাদের জানাবেন। আমি আর একটা জিনিস আপনার কাছ থেকে জানতে চাই। এই যে আগুন লাগছে এবং আজকে মন্ত্রী মহাশয় উত্তর দেবার সময় বললেন যে এক জায়গায় এনকোয়ারি হয়েছে, ওই এনকোয়ারি রিপোর্ট উনি আমাদের কাছে দেননি, দেওয়ার নাকি নিয়ম নেই। দু টাকা করে নাকি কিনতে হবে। কিন্তু আমি জানতে চাই, মাননীয় মন্ত্রী নিশ্চয়ই জানেন যে এই যে আগুন লাগল, গত পাঁচ বছরে, তার মধ্যে কতগুলির এনকোয়ারি হয়েছে, এবং এনকোয়ারি হওয়ার পরে কতজনকে দোষী সাব্যস্ত করা হয়েছে এবং কতজনকে শেষ পর্যন্ত শাস্তি দেওয়া হয়েছে। এই বিষয়ে নির্দিষ্ট তথ্য আমি মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি। আমি এই প্রসঙ্গে আর একটি কথা আপনাদের সবাইকে জানাতে চাই আমাদের অভিজ্ঞতা থেকে বলতে হয় যে এই ফায়ার লাইসেন্সের ব্যাপারে, যেমন এখন কোনো বাড়ি তৈরি করতে গেলে, কোনো দোকান করতে গেলে আজও প্রায়ই ফায়ার ব্রিগেডের লাইসেন্স দরকার হচ্ছে। এই লাইসেন্স কিন্তু এখন চট করে পাওয়া যাচ্ছে না। এখন নানারকম ঘুষের কথা, নানারকম দীর্ঘসূত্রতার কথা আমাদের কানে আসে এবং এর জন্য বাড়ি তৈরি করতে বা কোনো দোকান চালু করতে যথেষ্ট পরিমাণ দেরি হয়ে যায়। এই বিষয়ে নিশ্চয়ই নজর দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। এরপর আমি কয়েকটি ক্লজ সম্পর্কে বলতে চাই, সেটা হচ্ছে যে, মাননীয় মন্ত্রী ৪(এ) ক্লজে উনি বলেছেন যে একটা ফিজ ধার্য করবেন, সেই ফিজ-এর নির্দিষ্ট সংজ্ঞা তিনি দেননি। কত টাকা ফিজ হিসাবে ধার্য করবেন। কোন্ জায়গায় আগুন লাগল, আপনারা গেলেন, আগুন নেভানোর চেষ্টা করলেন এবং অনেক চেষ্টার পর আগুন নিভল। তার জন্য সেই সংস্থার বা সেই বাড়িওয়ালাকে কত টাকা ফিজ দিতে হবে, তার কথা এখানে নির্দিষ্ট করে আপনি বলেননি। আপনি জানিয়েছিলেন ফিজ দিতে গেলে কত টাকা ফিজ দিতে হবে, শুধু তাই নয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাকে আর এক মিনিট সময় দেবেন, আমি যেটা বলতে চাইছি, সেটা হল, কোনো জায়গায় ইনসিওরেন্স করা থাকলে, আপনি হুমকি দিয়ে বলেছিলেন সেই ইনসিওরেন্স কোম্পানির কাছে রিপোর্ট পাঠাবেন না, যতক্ষণ না তার ফিজ দেওয়া হয়। আপনি বলেছেন, ফিজ না দিলে আপনি রিপোর্ট পাঠাবেন না। রিপোর্ট না পাঠালে স্বাভাবিকভাবেই ইনসিওরেন্স কোম্পানি থেকে সে নির্দিষ্ট টাকা পাবেন না। কিন্তু এখানে উল্লেখ নেই সেই সংস্থার সঙ্গে ইনসিওরেন্স কোম্পানির কোনো আলোচনা হয়েছে কি না বা তার সঙ্গে কি এগ্রিমেন্ট হয়েছে। ফিজ-এর ব্যাপারে ইনসিওরেন্স কোম্পানি রিকভারি দেবে কি না এবং সেই রিকভারির উপর কতটা ফি দেবে বা সেই সংস্থা রিকভারি পাবে কি না সেটা কঠিন হয়ে যাবে। আমি মনে করি এটাও সংশোধনের জন্য চিন্তা-ভাবনা করবেন। যে হুমকি আপনি দিয়েছেন সেটা আমাদের ভাল

লাগেনি সেটা সংশোধন হওয়া দরকার আছে। পরবর্তী বিভিন্ন ক্লজে আপনি যে ফিজগুলি বাড়াবার পরিকল্পনা করেছেন, সেগুলি একটার পর একটা ১২, ১৩ থেকে ১৭ পর্যন্ত প্রত্যেকটি ক্লজে আপনি ফিজ বাড়াবার পরিকল্পনা করেছেন, সেই ফিজ বাড়াবার আমি বিরোধিতা করছি এবং সামগ্রিকভাবে আমি বলতে চাই ফিজ বাড়িয়ে আপনাদের অগ্নিসংযোগ লোপ করতে পারবেন না, আগুন লাগার সংখ্যা যেভাবে বাড়ছে, সেই অগ্নি-নির্বাপণের জন্য আপনারা কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং সেই ব্যবস্থা যাতে ব্যাপক করা হয় তার জন্য আপনাকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই কথা বলে আমি এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

POINT OF INFORMATION

শ্রী কল্যাণ ব্যানার্জী : স্যার, একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে অ্যাডভোকেটরা তাদের সিজ ওয়ার্ক চালিয়ে যাচ্ছে। একঘণ্টা আগে কলকাতা হাইকোর্টের বার লাইব্রেরিতে একটা নির্বাচন হয়, সিজ ওয়ার্ক উঠবে, না উঠবে না এই বিষয়ে, সেখানে ২শত জনের মধ্যে মাত্র ৭ জন সিজ ওয়ার্কের উঠে যাওয়ার পক্ষে আছেন। তাহলে এখন দেখুন গণতন্ত্র কোনখানে।

[3.00—3.10 p.m.]

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অগ্নিনির্বাপক মন্ত্রী যে বিলটি এনেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। বিরোধিরা, তারা এই বিলটির বিরোধিতা করেছেন। ওঁরা বলছেন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার তাদের অর্থনৈতিক সমস্যার সমাধানের জন্যই এইসব বিলগুলি আনছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে, আমাদের হাওড়া জেলায় অনেক চটকল আছে, বিভিন্ন রকমের অনেক কারখানা আছে, কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশন আছে, ইন্ডাষ্ট্রিয়াল গ্রোথ সেন্টার আছে। হাওড়া জেলার বিভিন্ন মহকুমায়, বিশেষ করে কোলাঘাট মহকুমায় নতুন নতুন সব কারখানা তৈরি হচ্ছে। ওখানে হোগলা কারখানা আছে যা পশ্চিমবাংলার আর কোথাও নেই। জরি শিল্পের কারখানা আছে। অথচ ওখানে আজ পর্যন্ত ফায়ার ব্রিগেডের সার্ভিস স্টেশন তৈরি হল না। এই কিছুদিন আগে হোগলা কারখানায় আগুন লেগে ই.এস.আই. হাসপাতালে পর্যন্ত আগুন লেগে গিয়েছিল। ফায়ার ব্রিগেড যাবার আগেই আমরা গ্রামের মানুষরা বালতি করে জল নিয়ে গিয়ে সেই আগুন নিভিয়ে ফেলেছিলাম। ফায়ার ব্রিগেড যখন গিয়ে ওখানে উপস্থিত হয়েছিল তখন ওখানে আগুন নিভে গিয়েছিল। আমরা দীর্ঘদিন ধরে ওখানে একটা ফায়ার সার্ভিস স্টেশন স্থাপনের দাবি জানিয়ে আসছি। মাননীয় মন্ত্রী মহাশয় এ বিষয়ে আমাদের বলেন যে, ওখানে জমি পাওয়া যাচ্ছে না, প্রস্তাব স্যাংশন হয়ে পড়ে রয়েছে। অথচ ওখানে প্রায়ই হোগলা শিল্পে আগুন লাগছে, গরিব হোগলা শিল্পীদের সব শেষ হয়ে যাচ্ছে, তারা কোনো রকম ক্ষতিপূরণ পাচ্ছে না। আজ পর্যন্ত একজন মাত্র হোগলা শিল্পের মালিক ক্ষতিপূরণের টাকা পেয়েছে। আর যাদের সবকিছু আগুনে পুড়েছে তারা কেউ কোনো ক্ষতিপূরণ পায়নি। অবিলম্বে যাতে উলুবেড়িয়ায় ফায়ার ব্রিগেড স্থাপিত হয় তার জন্য আমি

আবার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি। মন্ত্রী মহাশয় স্থান নির্বাচনের দায়িত্ব জেলা প্রশাসনকে দিয়ে দিন, কোথায় হবে, না হবে সে ব্যবস্থা নিশ্চয়ই তারা করতে পারবে। আমরা নিশ্চয়ই জায়গা খুঁজে দিতে পারব না। টাকা স্যাংশন হয়ে পড়ে আছে, কিন্তু কাজ হচ্ছে না। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের গ্রামাঞ্চলে রাস হয়, কালীপুজো হয়, দুর্গাপুজো হয়, নানা রকম উৎসব হয়, বহু মানুষের সমাবেশ ঘটে এবং মাঝে মাঝে সেসব জায়গায় আগুনও লেগে যায়, সেই পরিপ্রেক্ষিতেও গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় ফায়ার ব্রিগেডের প্রয়োজন আছে—বিশেষ করে আমাদের উলুবেড়িয়ায়, কারণ ওখানে কোনো ফায়ার ব্রিগেড নেই। আমি বার বার ওখানে ফায়ার ব্রিগেড চালু করার জন্য বলেও এখন পর্যন্ত তা হল না। আমাদের কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশনে মাঝে মাঝেই আগুন লাগে, ফলে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হয়, ব্যাপক লোডশেডিং হয়। লোডশেডিং-এর কারণ জানতে গিয়ে অনেক সময়ই শুনেছি—কোলাঘাট থার্মালে আগুন লেগেছে তাই লোডশেডিং। আমি জানি না মন্ত্রী মহাশয়ের আরো কোথায় কোথায় ফায়ার সার্ভিস স্টেশন করার পরিকল্পনা আছে। তবে শুনেছি তমলুকে ফায়ার সার্ভিস স্টেশন করার পরিকল্পনা আছে। আরো কয়েকটি জায়গায় আছে। আজকে বামফ্রন্ট সরকার ২৬ বৎসর ক্ষমতায় আছে। জনসংখ্যা বাড়ছে, একথা বিরোধীরা নিশ্চয়ই জানেন। আজকে কেন্দ্রশাসিত অনেক জুটমিল বন্ধ হয়ে গেছে। ফলে মানুষের মধ্যে বেকারের জ্বালা বাড়ছে। আজকে পশ্চিমবঙ্গ সরকারের এই যে পরিকল্পনা, কেন্দ্রে যে সরকার আছে তারা পশ্চিমবঙ্গ সরকারের প্রতি কতটুকু আন্তরিকতা দেখাচ্ছেন সেটা বিরোধী দলের সদস্যরা নিশ্চয়ই জানেন। পঞ্চায়েতের মধ্য দিয়ে অনেক পরিকল্পনা করার জন্য এবং এ ছাড়া অন্যান্য পরিকল্পনা করার জন্য আমাদের টাকার প্রয়োজন। সেইজন্য আজকে মিনিমাম ফি যদি না থাকে সে যে কোনো কাজের ক্ষেত্রেই হোক তাকে বাস্তবায়িত করা যাবে না। সুতরাং একটা ফিজ থাকা উচিত। আমাদের মধ্যে ধনী আছে, বণিক আছে, শিল্পপতি আছে, আবার ছোটো-ছোটো কারখানা আছে, যেমন হোগলার কারখানা আছে, জরি শিল্পের কারখানা আছে, ছোটো-ছোটো কারখানা আছে যেগুলি আমাদের বাঙালিরা তৈরি করেছে। তাদের ক্ষেত্রে ফায়ার সার্ভিসের প্রয়োজন হয়। এদের ক্ষেত্রে ফিজ কিভাবে কনসিডার করা যায় সে ব্যাপারে নিশ্চয়ই মাননীয় অগ্নি নির্বাপক মন্ত্রিমহাশয় চিন্তা-ভাবনা করবেন। আমি জানি না, আমরা ক্ষমতায় আসার পর কতগুলি ফায়ার ব্রিগেড গড়ে উঠেছে এবং কতগুলি পুরানো আছে। তাদের মেকানিক্যাল টেস্ট করবার কথা বিরোধী দলের বন্ধু শ্রী তাপস রায় বললেন। তিনি বললেন, গাড়ি হলেও গাড়িগুলির অবস্থা খারাপ, মেকানিক্যাল এক্সপার্টরা আসে না। এই সমস্ত যে ত্রুটিগুলি আছে সেই ত্রুটিগুলি আজকে দূর করতে হবে এবং এর জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে যাদের এই বিষয়ে এক্সপিরিয়েন্স আছে, যাদের অভিজ্ঞতা আছে সেইরকম দায়িত্বপূর্ণ অফিসারকে নিয়োগ করতে হবে। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় এই যে বিল এনেছেন এই বিল সম্পর্কে বিরোধী দলের সদস্যরা বললেন, আজকে এই বিলটি রেখে দিন, আলোচনার মাধ্যমে পরে স্থির করে বিল পেশ করা হবে। এখানে যেসব বিল আসছে সেইসব বিলের ক্ষেত্রে ওরা একই কথা বলছেন। এবারের যে সেশন সেটা খুবই জরুরিভিত্তিক সেশন। গ্রামের মানুষের উন্নয়নের কথা, গ্রামের মানুষের পরিকল্পনার

কথা, গ্রামের মানুষের অর্থনৈতিক অবস্থার কথা চিন্তা করে আজকের এই সেশন। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো, পশ্চিমবাংলার কোথায় কোথায় ফায়ার ব্রিগেড করার পরিকল্পনা আছে সেগুলি জানান এবং সেগুলি যাতে বাস্তবে রূপ দিতে পারেন সেই ব্যবস্থা করবেন। আজকে গ্রামে-গঞ্জে আগুন লাগলে ফায়ার সার্ভিস যাতে ভালভাবে দিতে পারা যায় সেটা দেখবেন। দেখা গেছে, গ্রামের মানুষ জল দিয়ে আগুন নিভিয়ে দেবার পর ফায়ার সার্ভিসের লোকেরা যায়। তেমনি, বিরাট বিরাট বাড়ি, হাসপাতাল, কারখানা, জুটমিলে আগুন লাগলে সেই আগুন লোকে নিভিয়ে দেবার পর ফায়ার ব্রিগেডের গাড়ি উপস্থিত হয়। এগুলির ক্ষেত্রে আপনাকে নজর দিতে হবে। এছাড়া হাওড়া জেলার উলুবেড়িয়ায় কতদিনের মধ্যে ফায়ার ব্রিগেড করবেন সেটা আপনাকে বলতে হবে। দীর্ঘদিন ধরে টাকা মঞ্জুর হয়ে পড়ে আছে। এখনো পর্যন্ত করতে পারেননি। সেখানে জায়গা ঠিক করে কতদিনের মধ্যে হবে সেটা আপনি অন্তত ঘোষণা করবেন। পশ্চিমবাংলার যেখানে যেখানে ফায়ার ব্রিগেড করার কথা সেগুলি আপনাকে ঘোষণা করতে হবে। এই কথা বলে এই বিলটিকে সমর্থন করছি এবং বিরোধী দলের সদস্যরা নিশ্চয়ই আমাদের এই বিলটিকে সমর্থন করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.10—3.20 p.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় দমকল মন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' যা উপস্থিত করেছেন আমি তার পূর্ণ বিরোধিতা করছি এবং বিরোধী দলের আনা সংশোধনীগুলির প্রতি সমর্থন জানাচ্ছি। এখানে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনস্ বলে যা বলা হয়েছে, এতে অবজেক্টসও সত্য নয়, রিজিনস্ও সত্য নয়। আসলে 'শুনেছ মোর মুখের কথা, শোননি মোর অন্তরের কথা', ব্যাপারটা এরকম। সরকারের প্রতিটি বিল পেশ করবার ক্ষেত্রে এই ব্যাপারটা প্রকট হয়ে যায়। এখানে আমার কথা হচ্ছে, কয়েক মাস আগে বাজেট পেশ করবার সময় মন্ত্রী বুঝতে পারলেন না রাজ্যের দেউলিয়া অবস্থার কথা। আসলে এই সরকার দেউলিয়া হয়ে গেছে, কারণ আমরা সবাই জানি মোটর সাইকেল ধরে এখন সরকার চলছে। স্বাভাবিকভাবে অন্য কোনোরকম চিন্তা নেই টাকা আদায় করা ছাড়া। তাই বাজেট পেশের সময় একথা না বলে এখন অ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে টাকা আদায়ের ব্যবস্থা হচ্ছে। আজকে সরকারের এই ধোঁকা এবং ধাপ্পা সবাই বুঝতে পারছেন। আপনি জানেন যে, ফায়ার স্টেশন সম্পর্কে একটা অদ্ভুত কথা চালু রয়েছে যে, আগুন লাগলে ফায়ার স্টেশনকে খবর দিলে যতটুকু অবশিষ্ট থাকে সেটাও তারা নষ্ট করে দিয়ে চলে যায়। শহরাঞ্চলেই যদি ফায়ারের খবর দিলে তারা দেরিতে পৌঁছায়, তাহলে গ্রামাঞ্চলে যেখানে কুড়ি-ত্রিশ-পঞ্চাশ কিলোমিটারের মধ্যে ফায়ার স্টেশন নেই সেখানে কি অবস্থা হতে পারে সবাই বোঝেন। ২৫ বছর ধরে গরিব মানুষের জন্য চোখের জল ফেলছেন, কিন্তু গ্রামাঞ্চলের মানুষের চোখের জল মোছাতে কোনো কাজের কাজ করেননি। আধুনিক যন্ত্রপাতির ক্ষেত্রেও আপনি পরিপূর্ণ ব্যর্থ হয়েছেন ; আধুনিক যন্ত্রপাতি আনবার ক্ষেত্রে কোনোরকম প্রয়াস দেখতে পাচ্ছি না। ২৫ বছরে এক্ষেত্রে

কোনোরকম নজর দেননি। আনন্দবাজার পত্রিকা অফিসে যখন আগুন লাগলো তখন এই বিভাগ সেখানে গিয়ে চারতলার আগুন নেভাবার জন্য মাত্র একটি যন্ত্র নিয়ে গিয়েছিল। যেমন যেমন আগুন লাগে তখন বড় বড় কথা বলেন, বলেন তদন্ত কমিটি করা হচ্ছে। গত পাঁচ বছরে স্টার থিয়েটার, ফির্পো বাজার প্রভৃতি জায়গায় আগুন লেগে পুড়ে গেছে। বলেছেন তদন্ত কমিটি হয়েছে। সেই তদন্ত কমিটির রিপোর্ট আজ পর্যন্ত পেশ করেছেন বিধানসভায় ; কোনো ব্যবস্থা নিয়েছেন ? বিভিন্ন ক্ষেত্রে চার্জ বৃদ্ধি করেছেন ; স্কুল-কলেজে চার্জ বৃদ্ধি করেছেন, হাসপাতালে চার্জ বৃদ্ধি করেছেন, বিদ্যুতের দাম বৃদ্ধি করেছেন। কাজেই এক্ষেত্রে চার্জ বৃদ্ধি করে টাকা আদায় করবেন এটা স্বাভাবিক। আর পুলিশ কর্তাদের খুশি না করলে বামফ্রন্ট সরকার চলবে না। তাই সরকারে থাকতে পুলিশ কর্তাদের খুশি করতেই হবে। তারই জন্য এই সার্ভিসে অভিজ্ঞ ব্যক্তিদের কখনই মাথায় বসালেন না। মাথায় বসালেন কাকে ? একজন পুলিশ কর্তাকে। তাদের মাথায় বসিয়ে দিলেন। সেই ক্ষেত্রে বিবেচনা করলেন না যারা আপনার ডিপার্টমেন্টে দীর্ঘকালের অভিজ্ঞতা সঞ্চয় করে এখানে হাজির হয়েছে। তাদের কথা আপনি একবারও বিবেচনা করে দেখলেন না। স্বাভাবিক ভাবে মাথা ভারি প্রশাসন, পুলিশকে বসিয়ে দিয়ে দমকল বিভাগকে চালাবার চেষ্টা করছেন। আপনি একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। ১০০ টাকারটা ১০০০ টাকা, ১০০০ টাকারটা ৫০০০ টাকা, ৫০০০ টাকারটা ৫০০০০ টাকা এই ভাবে বাড়াচ্ছেন। বিভিন্ন ক্ষেত্রে এইগুলো যে আনছেন এটা বন্ধ করুন। তার চেয়ে আপনি একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। আর কয়েক মাস পরেই বাজেট অধিবেশন আসছে সেখানে এই বিল আনতে পারেন। আপনারা সমস্ত বিধানসভার অধিবেশনকে এড়িয়ে অর্ডিনেন্স আনছেন। মূল বিল না এনে অর্ডিনেন্স এনে বাড়ানো এই প্রবণতাকে বন্ধ করুন। এই ভাবে ভিন্ন পথে মানুষকে পরিচালনা করা হচ্ছে। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো আপনি একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। আর একটা বিষয় আপনি করতে পারতেন, বড় বড় বাড়ি যখন করেছে, আগে থেকে সিদ্ধান্ত গ্রহণ করে তাদের কিছু কনডিশান দিতে পারতেন, কিছু শর্ত দিতে পারতেন, মালটিস্টোরেজ বিল্ডিং করতে গেলে এই এই ব্যবস্থাগুলো রাখতে হবে। আপনি সেইসব ব্যবস্থা রাখেননি। তাদের কনডিশানের কথা বললেন না। একটা গ্রামের গরিব মানুষ বাড়ি তৈরি করেছে, একজন মধ্যবিত্ত মানুষ বাড়ি তৈরি করেছে, সেই বাড়িতে কোনো কারণে আগুন লেগে গেল। সেখানে ফায়ার সার্ভিস গেল, ফায়ার সার্ভিস প্রথমে গিয়েই তাকে চার্জ করে দিল যে এতো টাকা লাগবে। এই পরিষেবার অর্থ কি ? সরকারি কলে জল খেতে পয়সা লাগবে সরকার বলছে, সরকার বলছে হাসপাতালে গেলে পয়সা লাগবে, সরকার বলছে স্কুল কলেজে পড়াশোনা করতে গেলে পয়সা লাগবে। বিদ্যুতের দাম ২ গুণ, ৩ গুণ, ৪ গুণ করে বাড়িয়ে যাচ্ছেন। এর পর আর কি থাকলো ? আপনারা মোটর সাইকেলের চালকের ক্ষেত্রে জুতো নেই ট্যাক্স বসিয়ে দিচ্ছেন। সর্ট সার্কিট যাতে না হয় তার ব্যবস্থা করুন, বিপজ্জনক ব্যবস্থা, ফায়ার হ্যাজার্ডস যেগুলো আছে সেটা যাতে না রাখা হয় তার ব্যবস্থা করুন, যাতে সমস্ত রকম প্রতিরোধ ব্যবস্থা করা হয় তার ব্যবস্থা করুন। আপনার দপ্তর সাধারণ মানুষকে যে ঝামেলা করবার চেষ্টা করে সেটা বন্ধ করার চেষ্টা করুন। নূতন করে ভাবনা-চিন্তা করে

নূতন ভাবে বিল আনার ব্যবস্থা করুন। এই অ্যামেন্ডমেন্ট বিলের সম্পূর্ণ বিরোধিতা করে বিরোধীদের আনা সংশোধনীর প্রতি সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3.20—3.30 p.m.]

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে দি ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ সমর্থন করছি। প্রকৃতপক্ষে আমরা একটা জতুগৃহে বাস করছি। গোটা দেশকে জতুগৃহ তৈরি করেছে কেন্দ্রীয় সরকার এবং তার ধারক-বাহক সহকারীরা। আর আমরা এখানে জতুগৃহে বাস করছি এই কারণে যে, পরিকল্পিত কোনো ব্যবস্থা নেই। অপরিকল্পিত নগরায়ন, অপরিকল্পিত সমস্ত নির্মাণ। সেই নির্মাণের সুরক্ষার জন্য, নির্মিত বাড়ির মধ্যে যারা থাকবে তারা যাতে ভালভাবে থাকতে পারে তার ব্যবস্থা হচ্ছে। অ্যাওয়ারনেসের অভাব, অধিকাংশ সব ডোন্ট কেয়ার, কোনো আইন মানব না, এই রকম একটা ব্যবস্থা চলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি যেহেতু একটা সময়োপযোগী বিল এখানে উথাপন করেছেন। এটাকে কার্যকরী করা খুবই জরুরি। সর্বপ্রথমে আমি অনুরোধ করব, আপনার যে ফায়ার স্টেশানগুলো আছে যেখানে যে সমস্ত অপারেশনাল যন্ত্রপাতি আছে যেগুলো ব্যবহার করা হয় সেইগুলো অনেক পুরানো হয়ে গিয়েছে। বহু জায়গা আছে যেখানে পাইপ লাইন থেকে জল পড়ে। যন্ত্রপাতির অভাবে ফায়ার স্টেশানের যে সমস্ত ওয়ার্কাররা আছেন তাঁরা যথেষ্ট চেষ্টা করেও আহত হন আক্রান্ত হন। আক্রান্ত হন আমি এই শব্দটা ব্যবহার করছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, ডিরেক্টর জেনারেল, আমি তাঁকে চিনি।

অফিসার্স গ্যালারিতে বলখার সিং বসে আছেন, তিনি এখন ডিরেক্টর জেনারেল। আগে তিনি জলপাইগুড়ির এস.পি. ছিলেন, তিনি প্রচণ্ড কর্মদক্ষ ব্যক্তি। তিনি এক সময়ে জলপাইগুড়ির গোটা রাজ্য ঘুরে দেখাশোনা করেছিলেন। আমার মনে হয় ফায়ার সার্ভিসে নেট ওয়ার্ক খুব দরকার কারণ যে পরিমাণে অপরিকল্পিতভাবে নগরায়ন হচ্ছে এবং ফায়ারের ঘটনা ঘটছে এবং উৎসবের নাম করে বেহাল্লাপনা করছে তাতে এই ধরনের ব্যবস্থা নেওয়া দরকার। এইবার এস.ই.বি. খুব দ্রুততার সঙ্গে শর্ত ইমপোজ করে সরকারের আয় বাড়িয়েছে। আপনিও এখানে প্রস্তাব আনুন। এখানে কিছু কিছু সদস্য আছেন যাঁরা জেনেও না জানার ভান করেন। এটা কখনো সাধারণ মানুষের উপরে ইমপোজ হবে না। যেসব বড় বড় গুদাম আছে সেগুলো সুরক্ষার জন্য এই ধরনের বিল আনার দরকার আছে। কারণ অনেক সময়ে মালিকরা খুব চালাক হয় দোকানে নিজের থেকে আগুন লাগিয়ে দিয়ে ফায়ার সার্ভিসের সার্টিফিকেট নিয়ে ইনস্যুরেন্স থেকে ২৮ লক্ষ টাকা আদায় করছে। যেহেতু তাদের ইনস্যুরেন্স করা থাকে সেইহেতু খুব সহজে তারা টাকাটা আদায় করে। সেইদিক থেকে এই বিষয়টা আইডেনটিফাই করার দরকার আছে। আপনাদের বিভিন্ন জায়গায় অপারেশান রয়েছে সেখানে আপনাদের লোক খুব কম আছে। আরো লোক বাড়ানোর দরকার আছে। আমি একটি প্রশ্নও করেছিলাম যে, আলিপুরদুয়ারে আমার বিধানসভা কেন্দ্রে এম.পি. ল্যাডের থেকে ২, ৩ কোটি টাকা আসে, সেই টাকার সম্পত্তি নষ্ট হয়ে গেছে। মাননীয় মন্ত্রী

দশরথ তিরকীর জায়গা বারুভিসাতে কোটি কোটি টাকার সম্পত্তি নষ্ট হয়ে গেছে। সেখানে কোনো ফায়ার সার্ভিস সেন্টার নেই। সুতরাং অবিলম্বে একটা ফায়ার সার্ভিস স্টেশান করা দরকার আলিপুর জংশনে। এছাড়া আলিপুরে রেলের একটা ফায়ার স্টেশান ছিল, ওটি ৫০ বছর ধরে ছিল। হঠাৎ করে ওটা বন্ধ করে দেওয়া হল। জানি না ওটা কেন্দ্রীয় সরকারের পলিসি কিনা, আমার মনে হয় ডিজি গিয়ে ব্যাপারটা একটু দেখুন। তারপরে আমাদের ওখানে প্রচুর বিল আছে, ওই বিলগুলোকে ঠিকমতো কাজে লাগাতে পারলে প্রচুর উপকারে লাগবে। এখন নগরায়ণের উন্নতি চলছে সেই কারণে ফায়ার স্টেশানের প্রচুর প্রয়োজন আছে। আপনাদের কর্মীরা খুব দক্ষতার সঙ্গে কাজ করে থাকেন। বইমেলাতে যেভাবে আগুন লেগেছিল সেই আগুন নেভানোর কাজে যেভাবে উদ্যোগ নিয়েছিলেন তার জন্য নিশ্চয় আপনারা অভিনন্দনযোগ্য। আপনাদের কর্মীদের নিজের জীবন বিপন্ন করে এবং বহু ক্ষেত্রে সাধারণ মানুষের মার খেয়েও কাজ করতে হয়। আমারই এক ছাত্র ফায়ার সার্ভিসে কাজ করে তাকে কিভাবে পাবলিক মারধোর করেছিল বলার নয়। ফায়ার সার্ভিসে খবর দিলে ঠিক সময়ে তারা না পৌঁছলেই মানুষ ক্ষিপ্ত হয়ে ওঠে। সুতরাং আপনাদের একটা কো-অর্ডিনেশানের দরকার আছে। এবং অন্য ডিপার্টমেন্টের সঙ্গেও কো-অর্ডিনেশানের দরকার আছে। পুলিশের সাথে কো-অর্ডিনেশানের খুব দরকার। যখনই ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হবে একই সাথে পুলিসকেও খবর দেওয়া দরকার। কেননা পুলিশ তো ল অ্যান্ড অর্ডারটা দেখবে। ফায়ার একটা সেনসেটিভ ব্যাপার, মানুষ সেখানে ইমোশনাল হয়ে যায়। যার সর্বস্বান্ত তার তো শেষই হয়ে যায়। সাধারণ মানুষের সর্বস্বান্ত হওয়া মানে শেষই হয়ে যাওয়া। সুতরাং আমার মনে হয় এই ব্যাপারে আপনার নেট ওয়ার্ক আরো বেশি করে নেওয়া দরকার। ফায়ার সার্ভিস তো মাল্টিপারপাস কাজেও লাগে। কোনো একটা জায়গায় লোক বিপজ্জনকভাবে ঝুলছে সেক্ষেত্রে তো ফায়ার সার্ভিসকে দরকার হয়। আবার এস.ই.বি.-র কিছুদিন আগে যেভাবে শর্ট শার্কিট হয়েছিল তখন ফায়ার সার্ভিস উপযুক্ত ভূমিকা পালন করেছিল। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর, আপনি উদ্যোগী মন্ত্রী, আপনি নেট ওয়ার্ক করুন। যারা গোডাউনে মাল রাখে কোটি কোটি টাকার, ইনসিওরেন্স-এর টাকা-পয়সা নেন, ইনসিওরেন্স-এর একটা অংশ ওই ফায়ার নেভাবার জন্য আপনার দপ্তরে যাতে ওই মিনিমাম ট্যাক্স হিসাবে, রেভিনিউ হিসাবে আসে তাহলে তার ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট হবে। আপনার উদ্যোগে যে চেষ্টা সেটা যদি সফল না হয় তাহলে নিন্দিত হবেনই, সেখানে বন্দিত হবার জায়গা নেই। আপনার ডাইরেক্টার জেনারেল খুব উদ্যোগী লোক, আমি তাকে জানি। তিনি জলপাইগুড়ির এস.পি. ছিলেন, তাঁকে ব্যবহার করুন, ইনডিভিজুয়াল পারফরমেন্সে কাজ করলে হবে না। আসলে একটা টিম ওয়ার্ক হিসাবে যদি ফায়ার সার্ভিসের কাজটা করেন, আপনাদের যে পরিকল্পনাগুলি আছে, সেইগুলি যদি বাস্তবায়িত করেন, নিশ্চয় একটা স্বাভাবিক জায়গায় যাবে। এখানে যে পরিকল্পিত জতুগৃহ তা নেভাতে পারবেন না। কিন্তু ওদের যে জতুগৃহ তৃণমূল বি.জে.পি.-র সেটাকে অন্যভাবে নেভাবার চেষ্টা করতে হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটার নম্বর ৩৬,২০০২ ; দি ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২। এই যে বিলটা মাননীয় মন্ত্রী মহাশয়

এখানে নিয়ে এসেছেন, এখানে আমরা ২৩টি সংশোধনী দিয়েছি। সেইগুলির সমাধানে মোটামুটি আমরা বক্তব্য রেখেছি এটা একটা গুরুত্বপূর্ণ দপ্তর। আমরা যে কথা বারে বারে বলেছি, বিভিন্ন ব্যক্তি বলেছেন, আমাদের সরকারি দলের মাননীয় সদস্যরা যারা আছেন, তাদেরকেও প্রকারান্তরে বলতে হবে, তারা যে কথাগুলি বলছেন, আমরা সেখানে বলছি, আজকে এখানে প্রকৃতভাবে যদি কমপ্রিহেনসিভ বিলগুলি আনতেন, একটা বিল-এর হঠাৎ পরিবর্তন করে দিলেন, সেখানে গত বাজেটেও দেখাননি, যে বিলটা নিয়ে এসে এইগুলি সংশোধন করবেন। আয় বাড়াবেন। মূলত আয় যেখানে বাড়াতে হচ্ছে, ফিনান্স ডিপার্টমেন্টের, অর্থ দপ্তরের চাপে বিলটা করেছেন। বিলটা করে, সেখানে জনসাধারণের উপর থেকে টাকা আদায় করার জন্য চেষ্টা করছেন। সেখানে আপনাদের এই কারণে মনে হচ্ছে, '০২-'০৩ সালে বাজেটে কত টাকা পেয়েছেন ? পুরো টাকা পেয়েছেন ? বছর শেষ হতে গেল, নূতন বছর আসছে, সেখানে কত টাকা ব্যয় করেছেন ? আপনার দপ্তর থেকে বিভিন্ন জায়গায় কাজ শুরু হওয়ার কথা, যেমন বিষ্ণুপুরে, খাতরায়,—আমি বাঁকুড়া জেলার কথা জানি—এবং এছাড়াও যেখানে যেখানে ফায়ার স্টেশান-এর কাজগুলি হওয়ার কথা, সেইগুলি পর্যন্ত বাস্তবায়িত হয়নি। তাই এখানে যে হারে পরিবর্তনগুলি করছেন, ডাইরেক্টার জেনারেলে করছেন, গতবারে ডাইরেক্টারে করেছিলেন, এবারে ডাইরেক্টার জেনারেলে করছেন, সেখানে প্রশাসনিকভাবে বিরাট ক্ষমতা দিয়েছেন, তারাই রিপোর্ট ফার্নিশ করবে ফায়ার অ্যাসিওরেন্স কোম্পানির কাছে। এর উপরে বলেছেন, অর আদার পারসনস ইন্টারেস্টেড অন পেমেন্ট অফ সাচ ফিজ্—তারা এইগুলি যখন দিতে সক্ষম হবেন, তার বেসিসে আপনারা যাবেন বা কাজ করবেন। এইগুলি কগনিজেবিল এবং পানিশেবিল অফেন্স—নন বেলেবেল সেক্শানে করছেন। কগনিজেবিল অফেন্স সেখানে নন বেলেবেল করে দিয়েছেন। আজকে সারা পশ্চিমবাংলায় বস্তির সংখ্যা কত, গরিব মানুষের সংখ্যা কত, মধ্যবিত্তর সংখ্যা কত, সেই দিকটায় আপনি চিন্তা করবেন না ? সেইদিকে ধ্যান না দিয়ে সেখানে কি করে দিলেন, সেখানে যদি কেউ অপনাকে ডাকে, সেখনে যদি ফায়ার সার্ভিস সেফটি সার্টিফিকেট না থাকে....

[3.30—3.40 p.m.]

ফায়ার সেফটি সার্টিফিকেট সাধারণ মানুষ জোগাড় করতে পারবেন না। ওয়্যারহাউস, ওয়ার্কশপ, যেখানে দাহ্য পদার্থগুলো স্টক থাকবে সেইসব জায়গাতে এই ফয়ার সেফটি সার্টিফিকেট লাগবে। যদি সে সেই সার্টিফিকেট না দিতে পারে তাহলে তাকে পানিশেবেল অফেন্সের মধ্যে নিয়ে আসবেন। ট্রেড লাইসেন্স ইস্যুর জন্য পপুলেশান সার্টিফিকেট, ফায়ার সেফটি সার্টিফিকেট এবং হেলথ্ সার্টিফিকেট লাগে। আপনার ঘনবসতিপূর্ণ এলাকায় যদি ওয়্যারহাউস বা ওয়ার্কশপ থাকে তাহলে তাদের জন্য এটা করা যেতে পারে। আপনি বাজেটকে উপেক্ষা করে মানুষের কাছ থেকে এইভাবে টাকা তুলবার চেষ্টা করছেন। কিছুদিন আগে আমরা কাগজে দেখেছি, যদিও বিষয়টি এই বিলের মধ্যে নেই, যাত্রার জন্য আড়াই হাজার টাকা লাগবে এবং সার্কাসের জন্য আড়াই হাজার টাকা লাগবে বলে ঘোষণা করেছেন। আপনি এইভাবে টাকার সংস্থান করলে আলাদা ব্যাপার। কিন্তু আপনি অর্থমন্ত্রীর চাপে পড়ে

যে বিল নিয়ে এসেছেন এবং টাকা তোলার কতগুলো প্রভিশান করেছেন বিভিন্ন সেকশানে এটা ঠিক নয়। ১৩ থেকে ২১ নম্বর সেকশান পর্যন্ত আপনি দেখুন সেখানে আপনি চাপ দিয়ে টাকা আদায় করবার চেষ্টা করেছেন। সেকশান ২৫, সেকশান ২৬, প্রত্যেকটি ক্ষেত্রেই আপনি বলেছেন ফাইনটা নট একসিডিং ফাইভ থাউজেন্ড রুপিস। তার পরের সেকশানেই আবার বলেছেন ওয়ান থাউজেন্ড রুপিস হুইচ মে এক্সটেন্ড ফাইভ থাউজেন্ড রুপিস। একটা জিনিসও আপনি কমপ্লিট করছেন না কোথাও। ২০ নম্বর সেকশানের ১৪ নম্বর ক্লজে "with fine not exceeding five hundred rupees", the words "with fine of one thousand rupees which may extend to five thousand rupees" shall be substituted. এখানে আপনি ১৪ এবং ১৫ নম্বরে একই কথা বলেছেন। হুইচ মে এক্সটেন্ড টু ফাইভ থাউজেন্ড রুপিস। সেকশান ২৪, সেখানে আপনি বলেছেন "with fine not exceeding one hundred rupees", the words "with a fine of one thousand rupees" shall be substituted. প্রত্যেকটি ক্ষেত্রেই এই অর্থনৈতিক চাপটা সৃষ্টি করা হয়েছে এবং সেখানে চাপ সৃষ্টি করা হচ্ছে। স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে দেখছি ফায়ার ইনভলভ্‌মেন্টের কোনো ব্যাপার থাকছে না। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের ৭৫ হাজার কোটি টাকা ঋণ আছে, তার ইন্টারেস্ট দিতে লাগছে বছরে ১৭ হাজার কোটি টাকা। আপনারা নন প্ল্যানে খরচ করে ফেলেছেন, প্ল্যানেও খরচ করতে পারছেন না, কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকাও খরচ করতে পারছেন না। সব কিছু স্তব্ধ হয়ে গেছে। এইরকম পরিস্থিতিতে বিভিন্ন দপ্তর থেকে টাকা আদায়ের চেষ্টা করছেন। পশ্চিমবাংলার মানুষের পক্ষে এটা শুভ নয়। তাই, যেসব অ্যামেন্ডমেন্ট দিয়েছি, সেইগুলোকে সমর্থন করে, এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রীপ্রতিম চ্যাটার্জী মহাশয় যে 'ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' এনেছেন তার উপরে বলছি।

মাননীয় মন্ত্রীর স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে খুবই পুওরলি ড্রাফটেড। আপনার ডিপার্টমেন্টের যে অফিসাররা করেছেন তাদের বলবেন, এত ডিটেইলস বিলে ৬ লাইন, ৮ লাইনের অবজেক্টস অ্যান্ড রিজনস করা উচিত ছিল না। এটা আপনার দপ্তরের গলদ না বিধানসভার গলদ জানি না—এক্সট্রাক্ট ফ্রম দা অরিজিন্যাল বিল যেটা দিয়েছেন, সেটা মেম্বারদের মধ্যে সার্কুলেট হওয়া উচিত। মেম্বাররা বিলটা পড়ে, অরিজিন্যাল অ্যাক্ট না পড়লে বুঝতে পারবেন না অ্যামেন্ড কি করেছেন। পুরো ব্যাপারটা ভেগ রয়ে গেছে। আপনি আগুন কতটা নেভাতে পেরেছেন জানি না, তবে সচেতনতা বৃদ্ধির চেষ্টা করেছেন। আপনার একটা মিডিয়া ফোকাস আছে। আপনি ছুটে গেছেন বোসপুকুরের মাটির ভাঁড়ের প্রতিমা, রেকর্ডের প্রতিমা, আখের ছিবড়ের প্যান্ডেলে। বলেছেন এসব চলবে না। যা হোক পুজোগুলো হয়েছে। আপনি চন্দননগরের জগদ্ধাত্রীর পুজোর সময় ভীষণ কড়াকড়ি করেছেন। ওদের উপর অনেক টাকা ফায়ার লাইসেন্স চাপিয়েছিলেন। শেষ পর্যন্ত জগদ্ধাত্রী পুজো হল, কিন্তু

ওরা সবাই আপনার উপর রেগে গেল। আপনি একটা মিশনারি ডিল নিয়ে অগ্নি নির্বাপণে সচেতনতা তৈরি করছেন মানুষের মধ্যে, তাতে আপত্তি করছি না। কিন্তু অধিকাংশ সময় আপনার প্রস্তাবগুলো বাস্তবসম্মত নয়। আপনি বেসিক্যালি বলছেন—বাঁশ দিয়ে প্যান্ডেল করা যাবে না, নর্ম্যাল চট দিয়েও প্যান্ডেল করা যাবে না, কেমিক্যালি ট্রিটেড চট দিয়ে করতে হবে, আর বাঁশের স্ট্রাকচারের জায়গায় লোহার স্ট্রাকচার করতে হবে। তাতে কত খরচ হয়, হিসেব করে দেখেছেন ? এটা করতে গেলে কোনো প্যান্ডেলই হবে না এবং আপনি এই আইন ইমপ্লিমেন্ট করতে পারবেন না। আপনি আনপ্র্যাকটিক্যালি জিনিস সাজেস্ট করছেন। ক্ষমা করবেন—এটা রিডিকিউলাস হচ্ছে বলে আমার মনে হয়। বর্তমান আর্থ-সামাজিক ব্যবস্থায় কতটা কি করা যায় এবং আপনি কতটা কি করতে পারবেন সেটা বুঝে সাজেস্ট করা দরকার। এমন এমন সাজেস্ট করছেন, যেগুলো ইমপ্লিমেন্ট করতে পারছেন না। যেমন, আখের ছোবড়ার প্যান্ডেল, রেকর্ডের প্রতিমা, মাটির ভাঁড়ের প্রতিমা বন্ধ করতে পারলেন না, চন্দননগরের জগদ্ধাত্রী পুজোও বন্ধ করতে পারলেন না। যেটা তাপস বলল, হাই রাইজে বিল্ডিংয়ের ক্ষেত্রে যাতে হাইড্রোলিক ল্যাডার ব্যবহার করা যায় সেটা করা দরকার। যাতে ফোম আরও বেশি থাকে, ফায়ার এক্সটিংগুইশার যাতে আরও রাখা যায় সেটা দেখা দরকার। সেইগুলো আপনি যথেষ্ট ভাবে দেখেননি।

[3.40—3.50 p.m.]

কিন্তু বিলে আপনি কতগুলি মারাত্মক পরিবর্তন এনেছেন। আপনি ডিরেক্টারকে ডিরেক্টার জেনারেল করেছেন। এতে আপত্তি নেই। আপনি আই.পি.এস. অফিসার এনেছিলেন। এখন আপনি জেনারেল পোস্ট থেকে এনে ডিরেক্টার জেনারেল করছেন। আমার তাতে আপত্তি নেই। কিন্তু আপনি যেটা করছেন সেটা মারাত্মক ব্যাপার। এর আগে ছিল প্রিন্সিপাল সেকশান ফোরে-তে fees payable for extinguishing fire যে এরিয়া অফ জুরিসডিকশানের বাইরে আগুন লাগলে আগে ফিজ দিতে হত। এখন আপনি নতুন আইন করছেন। এমন আইন কারোর জায়গায় লাগলে ফিজ দিতে হবে। তার মানে আগে যেটা ছিল ফায়ার সার্ভিসেস, একটা সোশাল সার্ভিসেস। সেটা পে পেড সার্ভিসে রূপান্তরিত করেছেন। এটা মারাত্মক। এই কারণে আমি এটার উপর সংশোধনী এনেছি। এটা বাদ দিন। আপনি ভয় দেখাচ্ছেন। যদি আপনার ফিজ না দেয়, তাহলে ইনসিওরেন্স কোম্পানিকে সার্টিফিকেট দেবেন না। এর আগে ছিল যে, ডি.এম.ই. ইনসিওরেন্স কোম্পানিকে ডিরেক্টলি সার্টিফিকেট দিতে পারত। আপনি সেটা সেন্ট্রালাইজ করে আপনার ডিরেক্টার জেনারেলের হাতে নিয়ে নিয়েছেন। তার মানে কারোর আগুন লেগেছে। সে ইনসিওরেন্স ক্লেম করবে। কিন্তু আগে ডি.জি.কে. টাকা জমা দিতে হবে। তারপর ইনসিওরেন্স সার্টিফিকেট দেবে। তার মানে পুড়ে গিয়ে যে ক্ষতিগ্রস্ত হয়েছে আর আপনার খরচ মেটাতে তার দেনার দায় ডবল হয়ে যাবে। এটা জনবিরোধী কাজ। গভর্নমেন্টকে এর মিনিমাম সার্ভিস দেওয়া উচিত। পাবলিক সার্ভিস দেওয়া উচিত। সেটা থেকে আপনি সরে যাচ্ছেন। এই যে এনকোয়ারি করে ডি.এম.-এর কাছে যাবে, সে রিপোর্ট দেবে। এখন আপনি ক্ষমতা দিয়ে দিয়েছেন ডিরেক্টার

জেনারেল ফায়ার সার্ভিসকে। আপনি দুটো ভুল করেছেন। ওয়ার হাউসের আগে ডেফিনেশান ছিল না। আপনি ওয়ার হাউসের ডেফিনেশান দিয়েছেন। ওয়ার্কশপের ডেফিনেশান ছিল না। আপনি ওয়ার্কশপের ডিটেলস ডেফিনেশান দিয়েছেন। এবার আপনি ফলস ফায়ার সেফটি সার্টিফিকেট, হাই রিস্ক বিল্ডিং, আগে আইনে ছিল owner or occupier of the high risk building to provide fire prevention and fire safety measure. তাকে একটা ফায়ার সেফটি সার্টিফিকেট দিতে হত। এটা আপনি ক্ষমতা দিয়েছেন ডিরেক্টার জেনারেলকে সার্টিফিকেট দেওয়ার এবং ওইটার আপনি অ্যাড করছেন। বাড়িতে ফায়ার সার্ভিস সার্টিফিকেট পেতে গেলে আপনার structural means of escape from where owner or occupier can evacuate the buildings. এটা অ্যাড করছেন। আমার মনে হয় এটাও ঠিক আছে। কিন্তু যেখানে আপনি ব্যাপকভাবে পেনাল্টিগুলি বাড়িয়ে দিয়েছেন। প্রত্যেক জায়গায় পেনাল্টি ফর নট টেকিং আউট ওয়ার্ক। আপনি ৫০০ থেকে এক হাজার করেছেন। Penalty for operating after refusal of licence. সেটাও ৫০০ থেকে ১ হাজার করেছেন। Penalty for breach of conditions. সেটাও আপনি এক হাজার টাকা ডাইরেক্টলি করেছেন। আগে ছিল এক হাজারের বেশি হবে না। সেখানে penalty for failing to notify change of occupation of warehouse. সেটা আগে ছিল ৫ হাজার টাকার বেশি হবে না। আপনি বলছেন মিনিমাম ১ হাজার টাকা হবে। যেখানে পেনাল্টি ফর ইরেকটিং স্ট্রাকচার, সেখানে আপনি ১০ হাজার টাকা মিনিমাম ফিজ করে দিয়েছেন। এর আগে কমপাউন্ডিং অফ অফেনসেস-এর ক্ষমতা ছিল ডি.এম.-এর হাতে, সেই ক্ষমতা আপনি ডিরেক্টার জেনারেলকে করে দিয়েছেন। তার মানে আপনি ফায়ার সার্ভিসেসের একটা প্যারালাল অ্যাডমিনিস্ট্রেশান তৈরি করছেন। যেটুকু ক্ষমতা সিভিল অ্যাডমিনিস্ট্রেশানের হাতে ছিল, সেটাকে আপনি কেড়ে ডিরেক্টার জেনারেলের হাতে কনসেনট্রেট করেছেন এবং আপনি প্রত্যেক ক্ষেত্রে ফাইন অসম্ভবভাবে বাড়িয়েছেন। এবার সবচেয়ে যেটা হয়েছে যে সেকশান ৩৩-এর বি-তে আপনি ফাইন বাড়িয়েছেন সেকশান ৩৩-এর বি-তে ছিল penalty for obstructing of persons exercising powers. সেখানে ফাইন আপনি আরও বাড়িয়ে দিয়েছেন এবং এখানে আপনি সমস্ত offences under this Act non-bailable, and cognizable. করে দিয়েছেন। তার ফলে ফায়ার সার্ভিসের বসের হাতে আপনি পুলিশের ক্ষমতা নিয়ে এসেছেন। প্রশ্ন হচ্ছে এর সঙ্গে আপনার ডিপার্টমেন্টের এফিসিয়েন্সি কমপেয়ার করেছেন। ফাইন বাড়াচ্ছেন, ক্ষমতা বাড়াচ্ছেন, সমন ফি নেবার জন্য চেষ্টা করেছেন কিন্তু আপনার এফিসিয়েন্সি সেখানে ম্যাচ করছে না। আপনার ফায়ার সার্ভিসে যারা কাজ করছেন তাদের কোনো ত্রুটি নেই, তারা অত্যন্ত সিনসিয়ার কিন্তু আপনার ডিপার্টমেন্ট ফ্রী স্কুল স্ট্রিটে ফায়ার লাইসেন্স নিতে গেলে টাকা ঘুষ দিতে হয়। ঘুষ ছাড়া হয় না। ইট ইজ এ প্লেস ফর ওপেন ব্রাইব। এটা সকলেই জানে। কিছু লাইসেন্স এজেন্সি আছে যারা ফায়ার এক্সটিংগুইশার প্রোভাইড করে। এই লাইসেন্স এজেন্সির সঙ্গে আপনার ফায়ার ডিপার্টমেন্টের লোকেদের যোগাযোগ

আছে। কেউ একটা প্যান্ডেল করবে লাইসেন্স দিতে গেলে বলে আপনি অমুকের কাছে যান এবং সে যে টাকা পাবে তার একটা কাট আপনার এমপ্লয়ী পাবে। আপনার ফায়ার ফাইটার যারা জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে, ইট খায়, আগুন নেভায়, সেখানে যারা কলম লিখে কাজ করে তাদের মধ্যে ব্যাপক দুর্নীতি আছে। আমি জানি না আপনি নিউ সেক্রেটারিয়েটে বসেন না রাইটার্স বিল্ডিংসে বসেন কিন্তু আপনি ফ্রি স্কুল স্ট্রিটে কতবার গিয়েছেন আমি জানি না, সেখানে ব্যাপক দুর্নীতি আছে। আপনি কি সেটা দূর করার চেষ্টা করেছেন। আমি বলব যে অন্য আইনগুলো মেনে নেওয়া যেতে পারে কিন্তু আমরা এটা কিছুতেই মানব না যে আগুন নেভানোর জন্য আপনি টাকা আদায় করবেন। বিরোধী দল হিসেবে আমরা এটা মানতে পারি না। সর্বতোভাবে আমরা এটা বিরোধিতা করছি এবং দরকার হলে যে অ্যামেন্ডমেন্টগুলো এনেছি তাতে আমরা ভোট চাইব আমি আপনাকে আরও বলছি যে আপনি কনসাশনেস তৈরি করুন সংঘর্ষ নয়। পশ্চিমবাংলায় সমস্ত উৎসব প্যান্ডেলকে কেন্দ্র করে হয়। এটা একটা বড় ডেকরেকটর্স শিল্প। শুনলাম যে গাড়ির সিট বেল্ট বাঁধা কমপালসরি হয়েছে। এই ক্ষেত্রে গভর্নমেন্টের কিছু লবি আছে, সেইরকম আপনার কিছু লোক লবি করছে ফায়ার প্রুফ মেজার তৈরি করে, তাদের মেটিরিয়াল বেশি বিক্রি হবে। আনপ্র্যাকটিক্যাল এই ধরনের জিনিস করা যাবে না। এই কথা বলে এই বিলের বিরোধিতা যা আছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

POINT OF INFORMATION

শ্রী কল্যাণ ব্যানার্জী : স্যার, পয়েন্ট অব ইনফরমেশন স্যার, জয়েন্ট বেঙ্গল হাউসিং বোর্ড থেকে চিঠি দিয়েছে পঙ্কজ ব্যানার্জীকে অ্যাড্রেস করে, তাতে লিখেছে অনারেবল ডেপুটি স্পীকার অ্যান্ড লীডার অব দি অপোজিশন, ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি, তারপর অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্টের কভারিং লেটারে দেখুন অনারেবল ডেপুটি স্পীকার এবং লীডার অব দি অপোজিশন। এই হচ্ছে সরকারি কর্মক্ষমতা।

[3.50—4.00 p.m.]

শ্রী প্রতীম চ্যাটার্জী : ডেপুটি স্পীকার স্যার, ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ নিয়ে আলোচনা হল। আলোচনা যেটা হল তার মধ্যে বিরোধী পক্ষের সদস্যরা যেটা বললেন সেটা প্রসঙ্গত বলে রাখি একটা কথা ঠিকই যে আগের যে অ্যামেন্ডমেন্ট ছিল সেটা তার কিছুটা আওয়াজ দেওয়া উচিত ছিল। প্রথাগত কি ব্যাপার আছে আমি পাঠিয়ে দিতাম। আরেকটা বলছি যেটা মূল ধারাটা একই সেটা যেন সরকারের টাকা-পয়সার টানাটানি পড়েছে, সেইজন্য ফায়ার সার্ভিসের মাধ্যমে টাকাটা তোলার চেষ্টা করা হচ্ছে। এটার কোনো যৌক্তিকতা নেই। এটার কোনো যৌক্তিকতা নেই এই বিলের মধ্যে। বিলটাকে যদি ভালো করে অনুধাবন করেন, বিলের ১৩ থেকে ২০ নম্বর যেটা আছে—সেটা কাশীবাবু বলেছেন সেটা সংশোধন করা হয়েছে। যে প্রস্তাবগুলি আছে সেগুলি সবই অপরাধীদের বিচার করার কথা বলা আছে, পেনাল্টি ইমপোজ করার কথা বলা হয়েছে, কোথাও চার্জের কথা বলা হয়নি। কিন্তু এখানে আপনারা বারেবারে চার্জের কথা

বলেছেন। একটা বিষয় এখানে বলা হয়েছে সেটা হল ৩০এ, ৩৫এ, ৩৭বি, যেটা আগে ছিল তা যদি দেখেন সেটাতে সি.আর.পি.সি. তার উল্লেখ আছে। আমাদের আগের যে অ্যামেন্ডমেন্ট হয়েছে ১৯৯৬ সালে তাতে উল্লেখ আছে এবং ১৯৭৪ সালে যে মিউনিসিপ্যাল অ্যাক্ট তাতে বলা আছে, কিন্তু এর প্রয়োগ হয়নি। এটা ঠিক যে ফাইনগুলি অন্যভাবে করা হয়েছে। তবে এটা করার কারণ আছে, মিনিমাম থেকে ম্যাকসিমাম রাখা উচিত বলেই করা হয়েছে। মিনিমামটাই কেউ দিত না, খুব কম কেসেই পেয়েছি। নন-বেলেবেল কেস হবে। এটা নাহলে কোনো রকম—এটা শুধু পশ্চিমবঙ্গেই নয়, সমস্ত ভারতবর্ষেই এই ফায়ার সংক্রান্ত ব্যাপারে ডিজার্সটার ম্যানেজমেন্টের ব্যাপারে ভারতবর্ষে স্বাধীনতার পরে কোনো আইন নেই। এই দিকটায় লক্ষ করা হয়নি। আজকে ফায়ার সার্ভিস ডিপার্টমেন্ট বলে একটা ডিপার্টমেন্ট হলো যেটা ভারতবর্ষে কোথাও নেই। যারা বিদেশে গেছেন তারা দেখেছেন সেখানে এই ডিপার্টমেন্টকে কত সম্মান দেওয়া হয় এবং তার জন্যই তারা আইনগুলি মেনে চলেন। আজকে কলকাতা শহর ৩১৩ বছরের পুরনো শহর, যেখানে যেমন খুশি ভাবে বেড়ে উঠেছে। এখন একটা পরিকল্পনার দিকে যাচ্ছে। ভারতবর্ষ যখন দ্বিধাবিভক্ত হলো পূর্বপাকিস্তান হলো তার পরে কত লোক এসেছেন, যেখানে খুশি লোক আসছেন। সেখানে ডিমান্ড বাড়ছে। যদি বলেন সার্ভিস ওরিয়েন্টেশানের ব্যাপার, নিশ্চয়ই, আমাদের কাছে পয়সা না থাকে—আগুন নেভাতে হবে। পয়সার কথা বলা হয়েছে—সেখানে ইনসিওরেন্সের যে কথাটা আপনাদের দলের তাপসবাবু উল্লেখ করেছেন সেটা একটা বিশেষ দোকানের কথা বলেছেন। আগুন লাগার সবটাই যে অ্যাকসিডেন্টের আগুন, তা কিন্তু নয়। একটা কোম্পানিতে আগুন লাগলো, কিন্তু দেখা গেল সেই কোম্পানি মাত্র ১ মাস আগে ইনসিওরেন্স করিয়েছেন এবং তার পরে পুড়ে গেল। আমি এই জিনিসগুলি জানি। আপনি আমার ডিপার্টমেন্টের কথা বললেন, আমি এইগুলি জানি। (ভয়েজ : আপনার ডিপার্টমেন্টে কোরাপশান আছে জানেন ?) আমি আগেও বলেছি, এখনও বলছি যদি কেউ সত্যিই বলতে পারেন যে এই কেসে আমার ডিপার্টমেন্টের লোকটা ঘুষ চেয়েছে বা ঘুষ দেওয়া হয়েছে আপনি যদি সঠিকভাবে বলতে পারেন তাহলে আমি ব্যবস্থা নেব, তাকে জেলে ঢোকাব। কিন্তু এইভাবে হয় না, স্পেসিফিক ভাবে আপনাদের বলতে হবে। হাওয়ায় কথা বললে কাজ হবে না। এবারে আমি বলছি সার্ভিসের কথা। এটা ঠিক। এখানে মাননীয় নির্মলবাবুও আলোচনা করেছেন। এটা ঠিক যে পুরনো গাড়ি। এটা স্বীকার করছি। যেহেতু আমাদের হাইড্রেন্ট কম। ২০ লক্ষ টাকা দিয়ে ১৯টা হাইড্রেন্ট তৈরি হল। টাকা দিলাম মিউনিসিপ্যাল কর্পোরেশনকে, নিজেরা আরো ৮-১০টা করলাম। হাইড্রেন্ট শহরে নেই। আমি গাড়ি কিনবো না হাইড্রেন্ট করব ? কত হাইড্রেন্ট করব ? বাউজার, যেটার মধ্যে অধিক জল নিয়ে যেতে পারি সেই বাউজার গাড়ি ১২টা কেনা হয়েছে। কয়েক বছরে। ৩৩ লক্ষ টাকা এক-একটা বাউজার গাড়ির দাম। নিশ্চয় আমাদেরও মনে হয় গাড়িগুলো সব পাল্টে ফেলা উচিত এবং ক্যারিয়ার না থেকে বাউজার থাকা উচিত। যেখানে ২০ মিনিট অন্তত লড়তে পারবে। ২-৩টে বাউজার লাগিয়েও যদি আগুন না নেভানো যায় তাহলে বুঝতে হবে বড় আগুন লেগেছে। কিন্তু সেই গাড়ি কিনতে পারছি না। এটা প্ল্যান বাজেটের ব্যাপার, সরকারের

খরচের ব্যাপার। কিন্তু তার উপর ভিত্তি করে আমরা নতুন অনেক যন্ত্রপাতি কিনেছি। এটা তো বললেন না ? এপ্রিসিয়েট করলেন না ? একটা ইনস্টিটিউট হয়েছে সেটা তো বললেন না ?

(ভয়েজ : এটা তো বিলে নেই।)

বিলে তো অনেক কিছুই নেই তাও তো আপনারা বললেন। বিলে সব বিশদে দেওয়া আছে তা আপনারা পড়লেন না বুঝলেন না, বললেন না। ১৩ থেকে ২০তম সংশোধনী দেখুন। পয়সার কথা কোথায় বলা হয়েছে ? পেনাল্টি ইমপোজ এসেছে।

(ভয়েজ : ৫০০ টাকাটা হাজার টাকা হবে)

তাও যে সব আদায় করতে পারব তা নয়। এত বড় কলকাতা শহরে কতজন দেবেন ? অনেকেই বললে পরিষেবা করতে গেলে লোক বাড়াতে হবে। কত বাড়াবেন ? আপনাদের দেখতে হবে পশ্চিমবঙ্গের পরিষেবা কোথায় দাঁড়িয়ে আছে। এই পরিষেবাকে গুরুত্ব দিয়ে পশ্চিমবঙ্গ সরকার একটা আলাদা ডিপার্টমেন্ট করেছে। দরকার ছিল না তা নয়। এটা আগে মিউনিসিপ্যাল সার্ভিসের মধ্যে ছিল। কিন্তু ডিপার্টমেন্ট আলাদা করে যে কোনো উন্নতি হয়নি এটা বলতে পারবেন না। তবে একথা আগেও স্বীকার করেছি যে, গাড়ি নতুন হওয়া উচিত। যন্ত্রপাতি যেগুলো ছবিতে দেখেছি সেগুলো দেওয়া হচ্ছে। যদি বলেন যে অনেক লোক তো ট্রেনিং পাইনি। এটা সত্যি। আর, মাননীয় তাপসবাবু যে কথা বললেন, ল্যাডারগুলো চালানোর জন্য লোক পাওয়া গেল না, তার পরিপ্রেক্ষিতে বলছি, ল্যাডার চালানোর জন্য তিনজনকে বিদেশ থেকে ট্রেনিং দিয়ে আনা হয়েছে এবং এক্ষেত্রে কোনো অসুবিধা নেই। তবে এটা হতে পারে যে যে সময় ল্যাডার পৌঁছেছিল সেই সময় ল্যাডার অপারেটর পৌঁছায়নি। এটা আমার জানা নেই। এটা অ্যাকসিডেন্টাল। তবে যে কোনো অগ্নিকাণ্ডের ঘটনায় ৩০ সেকেন্ড দেরিতে পৌঁছানোর ঘটনা আমি পৃথিবীর অনেক দেশ ঘুরেছি, দেখেছি, জানি। একবার দেখেছিলাম লন্ডনে স্ট্রাইকের সময় বাসস্ট্যান্ডে পুলিশ এবং ফায়ার সার্ভিসের লোকেরা কি রকম দৌড়াদৌড়ি করছিল।

[4.00—4.10 p.m.]

আমাদের এত গাড়ি নেই, এত লোক প্রোভাইড করতে পারছি না, কারণ আমাদের টাকা নেই। বিদেশের কথা যদি বলেন তাহলে বলি যে, বিদেশেও আগুন লাগার ঘটনা বাড়ছে, সমস্ত জায়গায় বাড়ছে—গত ২ মাসে চায়নায় ৩টি জায়গায় আগুন লাগার ঘটনায় ৪৩২ জন মারা গেছেন, অস্ট্রেলিয়ায় দাবানল থেকে আগুন বনে-জঙ্গলে ছড়িয়ে পড়ে এবং সেখান থেকে রাজধানী পর্যন্ত এসে পৌঁছায়, আমেরিকায় আগুন লাগার ঘটনা ঘটেছে, ইজরায়েলের দূতাবাসে আগুন লেগে সেই আগুন প্যারিসের উপর গিয়ে পড়ে শেষ হয়, লন্ডনে রানির বাড়িতে রান্নাঘর থেকে আগুন লেগে ডাইনিং রুম পর্যন্ত চলে যায়, সেখানে তো প্রযুক্তি কম ছিল না, তাহলে সেখানে কেন আগুন লাগে ? আমার আগে একজন মাননীয় সদস্য বলেছেন, যে, হোগলার আগুন নেভাতে পারবেন ? আমি বলছি যে, হোগলার আগুন কোনোদিনই দমকল নেভাতে পারবেন না। আমাদের এখানে কোথাও আগুন লাগার খবর পেলে

৩০ সেকেন্ডের মধ্যে দমকলের গাড়ি সেখানে বেরিয়ে যায়, সেক্ষেত্রে কোনো কমপ্রোমাইজ নেই। আপনি যেমন রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যান, সেরকম দমকলও রাস্তা দিয়ে যায়, অনেক সময় রাস্তার অবস্থার জন্য দমকলের গাড়ি পৌঁছাতে দেরি হয়ে যায়। যার বাড়িতে আগুন লাগে বা যার দোকানে আগুন লাগে সেই জায়গায় ১ সেকেন্ড দেরিতে পৌঁছালে অনেক ক্ষতি হয়ে যায়। যার বাড়িতে আগুন লাগে বা যার দোকানে আগুন লাগে সে ভাবতে থাকে যে, কখন দমকল এসে পৌঁছোবে, কারণ তার কাছে তখন এক একটা সেকেন্ড এক একটা ঘণ্টা বলে মনে হয়। এটা সবদেশেই প্রযোজ্য। এটা শুধু আমাদের দেশে নয়, বিদেশেও হয়। আমাদের এখানে কোথাও আগুন লাগার ঘটনার কথা শুনে দমকল সেখানে দেরিতে পৌঁছেছে—এরকম কোনো কমপ্লেইন কোথাও হয়নি। এখানে অনেক মাননীয় সদস্য বলেছেন যে, অনেক জায়গায় দমকল কেন্দ্র হয়নি। হ্যাঁ, এটা সত্যি। আমরা অনেক জায়গায় দমকল কেন্দ্র করেছি, আবার অনেক জায়গায় দমকল কেন্দ্র এখনও পর্যন্ত তৈরি করতে পারিনি, কারণ অর্থের অভাবে এখনও অনেক জায়গায় দমকল কেন্দ্র তৈরি করতে পারিনি। আমি ওঁনার কথা বলছি, উনি ওঁনার কেন্দ্রে দমকল কেন্দ্র হয়নি সেকথা বলেছেন। কিন্তু আমি বলছি যে, ওঁনার কোনো প্রচেষ্টা নেই। আমি এ ব্যাপারে হাওড়ার ডি.এম.-এর সঙ্গে কথা বলেছিলাম, হাওড়ার ডি.এম. বললেন যে, 'উনি একবারও আমার সঙ্গে এ ব্যাপারে আলোচনা করেননি এবং কিছু বলেননি।' মাননীয় অতীশচন্দ্র সিনহা মহাশয় তাঁর কেন্দ্র কাঁদিতে দমকল কেন্দ্র করার কথা বলেছেন। কাঁদির নাম আমাদের লিস্টে রয়েছে, এর জন্য ৩ মাস হল আমরা জমি পেয়েছি, কিন্তু অর্থের অভাবে সেখানে আমরা দমকল কেন্দ্র করতে পারছি না। আপনি টাকা ধার দিন, তাহলে এখনই সেখানে দমকল কেন্দ্র করতে পারি, পরে আপনার টাকা শোধ করে দেব। কিন্তু টাকা না থাকলে এখনই করতে পারবো না। দমকল কেন্দ্র করার জন্য আমরা অনেক জায়গায় জমি পেয়েছি, আবার অনেক জায়গায় আমরা জমি চাইছি। অনেক মাননীয় সদস্য এই বিলের উপর বলার সময় বলেছেন যে, 'এই বিলটা আনার কোনো প্রয়োজন ছিল কি' ? হ্যাঁ, এই বিলটা আনার প্রয়োজন হয়ে পড়েছিল। এই বিলটা আনার ফলে, আইনকে যারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে চলে যাচ্ছিলেন তাদের হয়তো একটু অসুবিধা হবে। যেমন অনেক দোকানে অনেক ধরনের পদার্থ থাকে। আগে যেমন পেট্রোকেমিকেল ছিল না, এখন অনেক দোকানে পেট্রোকেমিকেল রাখা থাকে।

মিঃ ডেপুটি স্পীকার : আপনার কত সময় লাগবে ?

শ্রী প্রতিম চ্যাটার্জী : আর ১০ মিনিট সময় লাগবে।

মিঃ ডেপুটি স্পীকার : ঠিক আছে, আমরা আরো ১৫ মিনিট সময় বাড়ালাম। The motion was then put and agreed to.

শ্রী প্রতীম চ্যাটার্জী : এখন বাড়িতে যা ইউজ করছেন তার বেশিরভাগই পেট্রোকেমিকেলের বাই প্রোডাক্ট। উইদাউট দি নলেজ অফ আস্। যেসব জায়গায় পেট্রোকেমিকেলের বাই প্রোডাক্ট স্টোর রাখা হয়েছে, যেখানে লিকুইড পেট্রোকেমিকেলস রয়েছে, সেক্ষেত্রে যারা এগুলো করছে তাদেরকে ফাইন করতে হবে। ফাইনের জন্য ক্লজ

রাখতে হবে। যদি সবকিছু ফ্রি করে দিই আমরা, তাহলে যার যেমন ইচ্ছে তেমনি চলবে। এসব থেকে আগুন লাগার সম্ভাবনা থাকে। সেজন্য প্রিভেনশনের সাথে সাথে অ্যাওয়ারনেস বাড়াতে হবে। তা নাহলে অগ্নি-নির্বাপক বসিয়েও আগুন নেভানো যাবে না। সেজন্য এ ব্যাপারে বলছি যে, প্রিভেনশন অ্যান্ড অ্যাওয়ারনেস ইজ দি বেস্ট স্লোগান—এটা আপনারা জেনে রাখুন। যারা এই আইনি ব্যবস্থাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে কাজ করে যাচ্ছে আপনারা তাদেরকে সাপোর্ট করছেন। এর কোনো মানে নেই। ১৯৯৬ সালে যখন অ্যামেন্ডমেন্ট করেছিলাম। তাতে ৬ বছরের অভিজ্ঞতায় আমরা দেখলাম যে, কাউকে ধরতে পারছি না। কারণ তাতে এমন কোনো ক্লজ ছিল না, যার মাধ্যমে এই আইনি ব্যবস্থাকে যারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে কাজ করছে তাদেরকে ধরে আমরা জেলে পাঠাতে পারি। সবাই জানে যে দমকলের অ্যারেস্ট করবে নিয়ে যাবে, আমরা কারখানা পুড়ে গেছে, ইনসিওরেন্স কোম্পানি থেকে টাকা পাব, আবার আমরা ইনসিওরেন্সকে সার্টিফিকেট দিতে হবে, অদ্ভুত ব্যাপার। একটা পয়সা নেব না। আগুন জ্বলল বা জ্বালালো, ইনসিওরেন্স-এ যখন ক্লেম হয়, জানি না সে ক্লেমটা কিভাবে হয়, আমি ইন্ডাস্ট্রির ব্যাপারে জানি, সকলেই জানে এবং ফেব্রুয়ারিতে আগুন বেশি হয়। কেন হয়। ব্যাংকে থাকে। ব্যাংকে ওরা স্টকটা দেয়, স্টক দেওয়ার পর আগুন বেড়ে যায়। ইন্ডাস্ট্রিতে আমরা এই দেখেছি। আর এই যে এখানে গঙ্গার পাড়ে যতগুলি ওয়্যার হাউস আছে, তারা কি রেখেছে কেউ জানেন ? আমি দেখেছি সর্ষের তেল যেরকম আছে, সেখানে ডাল আছে, সেখানে সাবান আছে, আরো কি কি আছে কেউ জানে না। এবং যেখানে লাইট নেই, সেখানে হুকিং করে নিয়েছে। উপর থেকে সেখানে আগুন জ্বলল, ইনসিওরেন্সে ক্লেম হয়। ইনসিওরেন্স কোম্পানিকে অনেক কিছু দেখিয়ে ক্লেম করল। আমি আগুন নেভাবো, তাকে জিনিস বার করে দেব, তাদের লোক আটকে গেলে তাকে নিয়ে আসব, আবার ইনসিওরেন্স থেকে টাকাটা যাতে পুরোপুরি পায় সেটাও আমি লিখে দেব ইনসিওরেন্স কোম্পানিকে যে হ্যাঁ, আমি দেখেছি ওর সব পুড়ে গেছে, তাহলে ভাল কথা। আমি যদি পয়সা নিই বা তাদেরকে আমি আইনের দরজায় নিয়ে যাই সেটা খুব অন্যায় হয়ে গেল। আমি কখনও বলিনি আমজনতার জন্য একটা পয়সা দিতে হবে। ১৮২২ সালে যখন এই ফায়ার ব্রিগেড চালু হয়, কলকাতা মহানগরী তখন হচ্ছে কলকাতা—'ক্যালকাটা' ব্রিটিশ সাম্রাজ্য তখন কিন্তু এটা ছিল—ফর দি এলিট পিওপিল অফ দি ক্যালকাটা। আমি বলেছি এখনকার এই পশ্চিমবঙ্গ বামফ্রন্ট আমলে কখনও সাধারণ লোকের থেকে একটা পয়সা চাওয়া হবে না। তবে একথা ঠিক আপনি হাইরাইজ বিল্ডিং-এর কথা বললেন। হাইরাইজ বিল্ডিং কখনও কল্পনা করতে পেরেছেন, ১৯৫০ সালে কল্পনায় আনতে পেরেছেন যে কলকাতা ৩৬ তলা বাড়ি হবে, কল্পনা করতে পেরেছেন। সুতরাং হাইরাইজ বিল্ডিং-এ অনেক হাইরিস্ক থাকে, ব্যবস্থা নিতে হবে। এটা যদি ব্যবস্থা না নেয় কেউ, আপনি, আমরা যদি এর মধ্যে না দেখাশুনা করি, আর যেভাবে খুশি সেখানে ছেড়ে দিই, আগুনের চেহারা যা দেখেছি, তার থেকে অনেক বাড়বে, অনেক বাড়বে, সেইজন্য আমি, আপনাদের কাছে অনুরোধ, আপনারা কোনো সংশোধনী কিছু নেই, আপনারা একই কথা বলে গেছেন, একই কথা বলে গেছেন, বাস্তবসম্মত কোনো কথা নেই। সুতরাং আমার এই বিলকে সমর্থন করা হোক, এই হাউস সমর্থন করুন, এটা আমি আশাকরি। নমস্কার।

The motion of Shri Pratim Chatterjee that the West Bengal Fire Services (Amendment) Bill, 2002 be taken into consideration was then put and agreed to.

Clause 1 and Clause 2

The question that the clause 1 and 2 do stand part of the bill was then put and agreed to.

Clause 3

Mr. Deputy Speaker: There is an amendment to Clause 3 of Shri Saugata Roy. Now I call upon Shri Saugata Roy to move his amendment.

Mr. Saugata Roy : Mr. Deputy Speaker, Sir, I beg to move that Clause 3 be omitted. স্যার আমি আবার বলছি, মন্ত্রিমহাশয় একটু শুনবেন, এই যে ক্লজ ৩-এ আপনি বলেছেন, আগুন লাগলে ফিস্ দিতে হবে, আর ফিস্ না দিলে ইনসিওরেন্স কোম্পানিকে সার্টিফিকেট দেবেন না। এই যে ফিস্টা আপনি বলেছেন, 'অ্যাজ মে বি প্রেসক্রাইবড' সেটা পরে রুলস-এ আপনি কত ফিস্ করবেন, ভগবান জানেন। ফায়ার ইঞ্জিনগুলো ছাড়ার বেসিসে এই পাবলিক সার্ভিস-এর জন্য ফিস্ নেওয়া, পৃথিবীর কোনো দেশে নেই, যে আগুন লাগলে আমি ক্ষতিগ্রস্ত হলুম আবার সরকারের কাছে ফিস্ দিতে হবে। এটা ঠিক হচ্ছে না। আর একটা স্যার, এই প্রসঙ্গে বলি, আমি বলতে ভুলে গিয়েছিলাম যে, ক্লজ ২৪-এ এর আগে ছিল পেনাল্টি ফর লেটিং অফ রকেটস্ এট্সেটেরা। যারা রকেট ছাড়ত তাদের ক্ষেত্রেও পেনাল্টির প্রভিশন ছিল। আপনি এইবারে ওই রকেট আর ফায়ার বেলুনস, এই দুটো কথা ক্লজ ২৪ থেকে বাদ দিয়ে দিলেন। তার মানে কি এরপর আমি যদি যেখান থেকে সেখান থেকে এনে যত ইচ্ছা রকেট ছাড়ি, আর কেউ ধরার নেই। আপনি ফায়ার বেলুন এবং রকেট কেন বাদ দিয়ে দিলেন ?

শ্রী প্রতিম চ্যাটার্জী : রকেট বলতে যা বোঝায় তা ওই ফায়ার ওয়ার্কস-এর মধ্যেই কভার করে যাচ্ছে। ওটা আপনি একটু পড়ে দেখুন। ওর মধ্যেই সব আছে, আর বেলুন এখন কেউ ওড়ায় না। আগে বড়লোকেরা ওড়াতো। এখন ওর ব্যবহার নেই, সুতরাং ওটা রাখার প্রয়োজন নেই। আর স্ট্রাকচার সংক্রান্ত সমস্ত কিছুই ২৩(এ)-তে কভার করা আছে। আর আপনি টাকা-পয়সার কথা যে বলছেন, টাকা-পয়সা দিতে হবে, এটা কোথায় বলা আছে ? সুতরাং ও-সব বলে কোনো লাভ নেই। স্যার, আমি ওঁর অ্যামেন্ডমেন্ট গ্রহণ করছি না।

The motion of Shri Saugata Roy was then put and lost.

The question that Clause-3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4 - 8

The question that Clauses 4-8 do stand part of the Bill was then put and agreed to.

Clause - 9

Deputy Speaker: There is amendment (no. 8) to Clause 9 by Shri Kashinath Mishra. Mr. Mishra may now move his motion.

Shri Kashinath Mishra: Sir, I beg to move that in clause 9, in line 3, for the word "cognizable" the word "non-cognizable" be substituted. ৯ নং-এ আফটার সেকশন ১১(ক) অফ প্রিন্সিপ্যাল অ্যাক্টকে এখানে ১১(এল) করা হচ্ছে—অল অফেন্স পানিশেবল। এ সম্বন্ধে আমি আমার বক্তব্যে বলেছি, এটাকে কগনিজেব্‌ল্‌ না করে নন্‌-কগনিজেব্‌ল্‌ এবং বেলেবেল সেকশন করুন। এই যে পুলিশকে আরো ক্ষমতা দিয়ে দিচ্ছেন, এতে আপনি পুলিশকে আরো টাকা-পয়সা খাবার ব্যবস্থা করে দিচ্ছেন। এটা হয় না, এটা করবেন না।

Shri Pratim Chatterjee: স্যার, আমি এই অ্যামেন্ডমেন্টটি গ্রহণ করছি না।

The motion of Shri Kashinath Mishra was then put and lost.

The question that Clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Mr. Deputy Speaker: There is amendment (no. 9) to Clause 10 by Shri Ashok Deb. Mr. Deb may now move his motion..... I find Shri Deb is not present. The amendment is not moved.

The question that Clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

The question that clause 11 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 12

Mr. Deputy Speaker: There is an amendment to clause 12 by Shri Saugata Roy being amendment no. 10. The amendment is in order. Now I call upon Shri Roy to move his amendment.

Shri Saugata Roy: Sir, I beg to move that in clause 12, in line 6 and 7, the words "which may ..... rupees" be omitted. আমি আগেই বলেছি, ক্লজ ২৪-এতে আগে লেটিং অফ রকেট্‌স অ্যান্ড লেটিং অফ ফায়ার বেলুনসে যে শাস্তি ছিল সেটা আপনি তুলে নিলেন। আমি জানি না এতে কি লাভ হবে,

কি জন্য এই অ্যামেন্ডমেন্ট করছেন ? এখানে শুধু সেলিং অফ ফায়ার ওয়ার্কস রইল। লেটিং অফ রকেট্স অ্যান্ড লেটিং অফ ফায়ার বেলুন্স-এর অফেন্সটা রইল না। আমি বলছি, আপনার ডিপার্টমেন্ট ভুল করছে। এই দুটোকে বাদ দিয়ে এখানে এটা কারেক্ট করুন।

Shri Pratim Chatterjee : I don't accept the amendment.

The motion of Shri Saugata Roy that in clause 12, in line 6 & 7, the words "which may ..... rupees" be omitted, was then put and lost.

The question that clause 12 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 13

Mr. Deputy Speaker : There are amendments to clause 13, by Shri Kashinath Mishra (amendment no. 11), Shri Tapas Roy (no. 12) and Shri Ashoke Kumar Deb (no. 13). The amendments are in order. I call upon Shri Kashinath Mishra to move his amendment. Shri Roy and Shri Deb will also move their amendment in that order.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in clause 13, in line 2 and 3, for the words "with fine.....five thousand rupees" the words "with fine not exceeding five hundred rupees" be substituted.

Shri Pratim Chatterjee : Sir I can't accept his amendment.

Shri Tapas Roy : Sir, I beg to move that in clause 13, in line 2 and 3, for the words "with fine ..... five thousand rupees", the words "with fine not exceeding five hundred rupees" be substituted.

Shri Pratim Chatterjee : Sir, the amendment is not accepted.

Mr. Deputy Speaker : However, I don't find Shri Ashoke Kumar Deb, as such his amendment is not moved.

The motion of Shri Kashinath Mishra that in clause 13, in line 2 and 3, for the words "with fine ..... five thousand rupees" the words "with fine not exceeding five hundred rupees" be substituted, was then put and lost.

The motion of Shri Tapas Roy that in clause 13, in line 2 and 3, for the words "with fine ..... five thousand rupees", the words

"with fine not exceeding five hundred rupees", be substituted, was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

The question that clause 14 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 15

Mr. Deputy Speaker: There are amendments to clause 15 by Shri Kashinath Mishra, Shri Tapas Roy and Shri Ashoke Kumar Deb being amendments no. 14, 15 and 16 respectively. I call upon Shri Kashinath Mishra to move his amendment now.

Shri Kashinath Mishra: Sir, I beg to move that in clause 15, in sub-clause (a), in line 2 and 3, for the words, "with fine ..... five thousand rupees", the words, "with fine not exceeding one hundred rupees", be substituted.

[4.20—4.30 p.m.]

Shri Pratim Chatterjee: Sir, I do not accept it.

The motion of Shri Kashinath Mishra was then put and lost.

Mr. Deputy Speaker: Now, I call upon Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy: Sir, I beg to move that in Clause 15, in sub-clause (a), in line 2 and 3, for the words "with fine ..... five thousand rupees", the words "with fine not exceeding one hundred rupees" be substituted. (Amendment No. 15).

Shri Pratim Chatterjee: Sir, I do not accept it.

The motion of Shri Tapas Roy was then put and lost.

Mr. Deputy Speaker: There is Amendment No. 16 to Clause 15 by Shri Ashok Deb. Now, I call upon Shri Deb to move his motion. As Shri Deb is not present in the House, his amendment could not be moved.

The question that Clause 16 do stand part of the Bill was then put and agreed to.

The question that Clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

Mr. Deputy Speaker : There is amendment No. 17 to Clause 16 by Shri Ashok Deb. Now, I call upon Shri Deb to move his amendment. As Shri Deb is not present in the House, his amendment could not be moved.

The question that Clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

Mr. Deputy Speaker : There is Amendment No. 18 to Clause 17 by Shri Kashinath Mishra.

Now, I call upon Shri Mishra to move his motion.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in Clause 17, in line 2 and 3, for the words "with fine ..... five thousand rupees" "the words" "with fine of fifty rupees which may extend to one thousand rupees" be substituted. (Amendment No. 18)

Shri Pratim Chatterjee : Sir, I do not accept it.

The motion of Shri Kashinath Mishra was then put and lost.

Mr. Deputy Speaker : There is Amendment No. 19 to Clause 17 by Shri Tapas Roy. Now, I call upon Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy : Sir, I beg to move that in Clause 17, in line 2 and 3, for the words "with fine of ..... five thousand rupees" "the words" "with fine of fifty rupees which may extend to one thousand rupees" be substituted. (Amendment No. 19)

Shri Pratim Chatterjee : I do not accept it.

The motion of Shri Tapas Roy was then put and lost.

The question that the Clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clause 18

The question that Clause 18 do stand part of the Bill was then put and agreed to.

Clause 19

Mr. Deputy Speaker: There are amendments to Clause 19. Now I request Shri Kashinath Mishra to move his amendment.

Shri Kashinath Mishra: Sir, now I move that in Clause 19, in line 2 and 3, for the words "with fine ..... five thousand rupees" the words "with fine not exceeding two thousand rupees" be substituted.

Shri Pratim Chatterjee: Sir, I do not accept it.

The Motion of Shri Kashinath Mishra was then put and lost.

Mr. Deputy Speaker: Now I request Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy: Mr. Deputy Speaker, Sir, I move that in Clause 19, in line 2 and 3, for the words "with fine ..... five thousand rupees", the words "with fine not exceeding two hundred rupees" be substituted.

The Motion of Shri Tapas Roy was then put and lost.

The question that Clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clause 20

The question that clause 20 do stand part of the Bill was then put and agreed to.

Clause 21

Mr. Deputy Speaker: There are amendments to Clause 21. Now I request Shri Kashinath Mishra to move his amendment.

Shri Kashi Nath Mishra: Sir, I move that in Clause 21 in line 4 and 5, the words "or the Director-General, "be omitted.

Shri Pratim Chatterjee: Sir, I do not accept it.

The Motion of Shri Kashi Nath Mishra was then put and lost.

Mr. Deputy Speaker: Now I request Shri Tapas Roy to move his amendment.

Shri Tapas Roy: Sir, I move that in Clause 21, in line 4 and 5, the words "or the Director General", be omitted.

Shri Pratim Chatterjee: Sir, I do not accept it.

The motion of Shri Tapas Roy was then put and lost.

The question that Clause 21 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill, was then put and agreed to.

[4.30—4.40 p.m.]

Shri Pratim Chatterjee: Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

শ্রী তাপস রায় : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আবার বলছি যে, আপনার সুন্দর ঝকঝকে গাড়ি যদিও বা কোথাও পৌঁছায় কিন্তু অপারেটাররা সেখানে পৌঁছায় না। সুতরাং এটাকে আপনার পরিষেবা হিসাবে দেখবেন না, সেবা হিসাবে দেখুন। এটা আপনাদের দায়বদ্ধতা নয়, এটা আপনাদের দায়। এখানে অনেক পেনাল্টি এবং শাস্তির কথা বলেছেন, আপনি যতই কড়া আইন করুন না কেন তাতে কোনো আপত্তি নেই কিন্তু আগুন নেভাতে গেলে যেভাবে অর্থ তোলার বন্দোবস্ত করছেন তার আমরা বিরোধিতা করছি। আগুন নেভানোটাকে আপনারা সেবা হিসাবে গ্রহণ করুন। এটা একটা সরকারের দায় হিসাবে দেখুন। আগুন কখন কোন জায়গায় লাগে কেউ বলতে পারে না। আপনার আগুন যদি লাগে আপনার বাড়ি কেন, আপনার গোঁফ পর্যন্ত আগুনে পুড়ে যেতে পারে। সুতরাং এই আগুন নেভানোটাকে একটা সেবা হিসাবে, দায় হিসাবে গ্রহণ করুন। এর থেকে অর্থ তোলার চেষ্টা করবেন না।

মিঃ ডেপুটি স্পীকার : এই বিলটি শেষ হতে আরো কিছু সময় লাগবে সেই কারণে আমি আরো ১৫মি. সময় বাড়িয়ে দিলাম। আশা করি এতে সবার সম্মতি আছে।

(সভার সকল সদস্যর সম্মতিক্রমে আরো ১৫মি. সময় বাড়ানো হল।)

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই যে, ডিরেক্টর জেনারেলকে আপনি মাথায় বসিয়ে রেখে দিয়েছেন। তিনি কলকাতায় থাকেন। সেখানে সাধারণ মানুষকে ফায়ার সার্ভিস সার্টিফিকেট নিতে হলে কলকাতায় ডাইরেক্টর জেনারেলের কাছ থেকে নিতে হয়। সারা পশ্চিমবঙ্গের মানুষকে একজন মানুষের কাছে এসে সার্টিফিকেট নিতে হবে। তাতে কখন কিভাবে একজন মানুষের কাছে সবাই যাবে, কিভাবে কথা বলবে, তাঁর কথা কিভাবে শুনবেন, কিভাবে কাজ করবেন এটা নিয়ে একটা ক্ল্যাশ এসে যাবে। কাজেই এটা যদি ডি.এম. বা চেয়ারম্যান অবধি ক্ষমতা রেখে দেন তাহলে অনেক সুবিধা হবে। এই যে অ্যামেন্ডমেন্ট এনেছেন এর থার্ড রিডিংয়ে এই জিনিসটা স্পেশিফিক্যালি বলছি।

শ্রী প্রতীম চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যকে জানাচ্ছি যে, ডাইরেক্টর জেনারেল পদটি যখন হল তখন কেন এটা করা হল সেটা অন্য ব্যাপার। অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যাপার ছিল। অনেক বড় ব্রিগেড হয়ে গেছে। ডি.এম.-এর হাতে যখন ছিল তখন সামান্য কেরোসিন তেলের ডিলার থেকে শুরু করে সবাই আমার কাছে জানাতো সামান্য ১০ টাকা, ১৫ টাকা জমা দিতে কলকাতায় যাবো। ডি.এম.-কে দিয়ে দেব বলত কিন্তু তারা দিত না। সেইজন্য ডিসেন্ট্রালাইজ করা হল। এই যে ১৫ টাকা, ২০ টাকা একত্রিত করলে অনেক টাকা হবে। যেটা ওরা আগে কখনো দিত না, এখন ডিসেন্ট্রালাইজের ফলে দিতে হবে। আগে যেটা ছিল সেটা পালটাতে হবে এবং এটা চিন্তা করেই করেছি। ডি.এম-কে বলেছি আমাদের যে স্টেশানগুলো আছে তার কর্তাদের হাতে ক্ষমতা দিতে হবে। ডিসেন্ট্রালাইজ করতেই হবে, ডিসেন্ট্রালাইজ না করলে একটা পয়সাও আসবে না।

The motion of Shri Pratim Chatterjee that the West Bengal Fire Services (Amendment) Bill, 2002, as settled in the Assembly be passed, was then put and agreed to.

The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002.

Shri Subhas Chakraborty : Sir, I beg to introduce the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002.

(Secretary then read the title of the Bill).

Mr. Deputy Speaker : There are circulation motions. I now request Shri Kashinath Mishra to move his motion.

শ্রী কাশীনাথ মিশ্র : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by 31st March, 2003. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের পরিবহণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বিলটা নিয়ে এসেছেন সেখানে ভয়ঙ্করভাবে প্রত্যেকটি বিলে দেখছি একটা অর্থনৈতিক চাপ জনসাধারণের উপর থেকে কিভাবে আদায় করা যায়, সেখানে পরিষেবা কথাটা শেষ

হয়ে যাচ্ছে, পরিষেবা কথাটা তুলে দিয়ে, অর্থ কিভাবে আদায় করা যায়, নেওয়া যায়, সেখানে এক বছর, দুই বছর নয়, একসঙ্গে ১৫ বছরের অর্থ কিভাবে নেওয়া যায়, সেখানে সরকারের চিন্তা-ভাবনা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান-টাইম ট্যাক্স অন মোটর ভেহিকেলস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এখানে নিয়ে এসেছেন। এটা যেভাবে নিয়ে এসেছেন, এখানে আমরা এর প্রতিবাদ জানাচ্ছি এবং এখানে বলব অন্তত এটা কনসিডার করুন। মোটর-এর ক্ষেত্রে যেমন আছে, অটো রিকশার ক্ষেত্রে আছে, বিভিন্ন পরিবহনে আছে, চারিদিকে যখন বেকার সমস্যা তীব্র, যখন বেকাররা অটো রিকশা চালিয়ে বা বিভিন্নভাবে পরিবহণের সঙ্গে যুক্ত হয়ে কাজ করে বেকারত্ব দূর করার জন্য, সেখানে ১০ টাকা রোজগার করে, এইভাবে অটো রিকশা বলুন, প্রাইভেট বাস বলুন, অমনিবাস বলুন, বিভিন্ন পরিবহণ বলুন, সেখানে গুডস ক্যারেজ থেকে আরম্ভ করে প্রত্যেকটি ক্ষেত্রে যাতে অসুবিধার সৃষ্টি না হয়, সেখানে অতিরিক্ত কর যেটা বসিয়েছেন, সেটা অন্তত বিবেচনা করুন, এটা হচ্ছে আপনার কাছে আমার আবেদন।

শ্রী নির্মল ঘোষ : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003. একটা চাঁদা তোলার ধূম পড়ে গিয়েছে। স্যার, এই চাঁদা তোলার ধূম-এর ব্যাপারে আমাকে বলতেই হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয়কে, আপনি যে অ্যাডিশনাল ট্যাক্স এবং ওয়ান টাইম ট্যাক্স জিজিয়া কর বসিয়েছেন এবং তার সঙ্গে পিটুনি কর, দুটো তো একসঙ্গে বসিয়েছেন। এটা বসানোর আগে জনসাধারণের স্বার্থে পাবলিক ওপিনিয়ন নেওয়া উচিত ছিল। তবে বর্তমানে যে পরিষেবা ও যে পরিস্থিতি ট্রান্সপোর্টে রয়েছে, তার উপর আপনি এই যে করের বোঝা চাপাতে চাইছেন, ট্যাক্স-এর ধারা উপধারার পরিবর্তন চাইছেন, তার সঙ্গে এইজন্য বলছি পাবলিক ওপিনিয়ন নেওয়া উচিত। স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনসে দিয়েছেন যেটা, সেটা কিন্তু সেখানে কিছু স্পেশিফাই করেননি। বলেছেন, সরকারি নীতির জন্য করতে হবে। আপনার নীতিটা কি ? ট্যাক্স বাড়িয়ে যাওয়া, ট্যাক্স-এর বোঝা চাপিয়ে দেওয়া তার জন্য বলছি, একটা পাবলিক ওপিনিয়ন নেওয়া উচিত।

Mr. Deputy Speaker : I now request Shri Ashok Deb to move his motion. .....(pause)..... I find Shri Deb is not present in the House. So, his motion is not moved.

[4.40—4.50 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st January, 2003. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুভাষবাবু যে অ্যামেন্ডমেন্টটা নিয়ে এসেছেন সেটা উনি নিজে পড়েছেন কিনা জানি না। আপনি ব্যাপকভাবে অ্যাডিশনাল ট্যাক্স সর্বত্র বসিয়েছেন। এমনকি অ্যাম্বুলেন্সের উপরেও অ্যাডিশনাল ট্যাক্স বসিয়েছেন। যেখানে সিটিং

ক্যাপাসিটি অ্যাবভ সেভেন, ইনক্লুডিং ড্রাইভার সেখানে তিন হাজার টাকা করা হয়েছে। বামফ্রন্ট সরকারের এমন একটা দৈন্যের দশা যে কোনো জায়গাকেই ছাড় দিচ্ছেন না। সেই তুলনায় কোনো পরিষেবা বা রাস্তাঘাটের কোনো উন্নতি তারা করতে পারছেন না। কেবলমাত্র সরকারের কোষাগার শূন্য বলে এটা তারা করছেন। অসীমবাবুর অসহায়তার কথা আমরা বুঝতে পারি, সেই রকম আর লাফিয়ে লাফিয়ে তিনি বক্তৃতা দিচ্ছেন না। আজকে এই অ্যাডিশনাল ট্যাক্স বাড়ার ফলে স্বাস্থ্য থেকে আরম্ভ করে শিক্ষা সর্বত্র ইনডাইরেক্ট ভাবে সমাজের উপরে এই প্রভাব পড়বে। তাই এটা আপাতত স্থগিত রেখে সামনের বাজেট সেশানের সময় যদি এটা নিয়ে আসেন বিচার-বিবেচনা করে তাহলে ভালো হয়। এবং সেটা এফেকটিভ হবে বলে মনে করি।

শ্রী সৌগত রায় : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003. স্যার, আমাদের পক্ষ থেকে আগেই বলা হয়েছে, আবার একটা করের বোঝা মানুষের উপরে চাপছে। প্রাইভেট গাড়ির উপরে অ্যাডিশনাল এক হাজার টাকা ট্যাক্স বসবে, অটোর উপরে এক হাজার টাকা অ্যাডিশনাল ট্যাক্স বসবে, ডিলাক্স বাসের ক্ষেত্রে বাড়ছে সাত হাজার টাকা এবং অ্যাম্বুলেন্সের উপরেও অ্যাডিশনাল ট্যাক্স বাড়ছে। এটা একটা অমানবিক। অথচ এর বিনিময়ে কোনো পরিষেবা দেওয়ার প্রতিশ্রুতি সরকারের নেই, ট্যাফিক জ্যাম কম করার দিকে কোনো লক্ষ নেই। লোকে একটা গাড়ি কিনবে, কিন্তু তার ট্যাক্স আপনারা অস্বাভাবিকভাবে বাড়িয়ে দিচ্ছেন। গাড়ি কেনাটা কি অপরাধ হয়ে যাচ্ছে ? আপনারা সব ক্ষেত্রে ট্যাক্স বসাচ্ছেন, কিন্তু তার বিনিময়ে কোনো কিছু দেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছেন না। একটা কথা অছে—'ভাত দেবার ভাতার নেই, নাক কাটবার গোঁসাই'। তাই এইরকম ভাবে কোনো ট্যাক্স না চাপিয়ে ফেব্রুয়ারি মাসে এটা নিয়ে আসুন, বাজেট সেশানের সময়। ততদিনে সরকারের হোয়াইট পেপার প্রকাশ হয়ে যাবে। সরকার কতটা দেউলিয়া অবস্থায় আছে সেটা আমরা জানতে পারব, তারপরে আমরা ভাবনা-চিন্তা করব।

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই ট্যাক্স বাড়ানোর প্রস্তাবটা কিন্তু এখনকার নয়। মাননীয় অর্থমন্ত্রী ৮ মার্চ ২০০২-২০০৩ সালের যে বাজেট প্লেস করেছিলেন তখনই বলা হয়েছিল কোথায় কোথায় এবং কোন কোন শিল্পে এই বাড়তি ট্যাক্স বসবে এবং কোন কোন জায়গায় বসবে না সেটাও তিনি বলেছেন। আমাদের পরিবহন বিভাগ পর্যালোচনা করে যেটা মনে করেছে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যের থেকে তুলনামূলকভাবে কম রেখে সামান্য কিছু বৃদ্ধির প্রস্তাব আমরা করেছি। মাননীয় অর্থমন্ত্রীর দেয় প্রতিশ্রুতিকে আমরা পালন করার চেষ্টা করেছি মাত্র। আমি আশা করব পরিস্থিতির দায়বদ্ধতা এবং ব্যয়বাহুল্য একটা স্বাভাবিক ব্যাপার। শুধু সরকার নয়, যে কোনো প্রতিষ্ঠানে ব্যয় করতে গেলে তার পাশাপাশি আয় বৃদ্ধির যোগ্যতার ব্যাপারও থাকে। এটা পরস্পর পরিপূরক, অঙ্গাঙ্গিভাবে যুক্ত। বাড়বে না, এটা বলা যাবে না। আপনারাও তো দীর্ঘকাল সরকারে ছিলেন এখনও অন্যান্য রাজ্যে আছেন, তাদের সঙ্গে তুলনা করে দেখবেন। এই

বিষয়ে এখন দীর্ঘ ফিরিস্তির মধ্যে যাচ্ছি না, পরে বলব। আপনারা যে ভাবে বলছেন, যেন হঠাৎ করে এসে গেল। এটা বিধানসভায় অর্থমন্ত্রীর দেওয়া প্রতিশ্রুতি। বৃদ্ধি হবে লেখা ছিল। সামান্য বৃদ্ধি হচ্ছে। আমাদের পাশের রাজ্য উড়িষ্যা, বিহার, আসাম এবং বড় রাজ্য মহারাষ্ট্র, গুজরাট, দিল্লি, অন্ধ্র সবার থেকে কম। তুলনামূলক ভাবে অনেক কম। যে সমস্ত অ্যামেন্ডমেন্টগুলো এনেছেন, আমি সবগুলোর বিরোধিতা করছি এবং গ্রহণযোগ্য মনে করছি না। একটা সুনির্দিষ্ট দৃষ্টিকোণ থেকে এসব অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, এইগুলো গ্রহণযোগ্য নয়, আমি আমার স্বাভাবিক বিল উপস্থাপন করছি।

The motion of Shri Kashinath Mishra that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003, was then put and lost.

The motion of Shri Nirmal Ghosh that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003, was then put and lost.

The motion of Shri Sobhandeb Chattopadhyay that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st January, 2003, was then put and lost.

The motion of Shri Saugata Roy that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003, was then put and lost.

Shri Subhash Chakraborty: Sir, I beg to move that the West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002, be taken into consideration.

শ্রী অতীশ চন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে The West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002 এনেছেন, তার বিরোধিতা করছি।

স্যার, এর আগের আলোচনাতেও আমি বলেছি, এই পুরো সেসনটা যতদিন ধরে চলছে আমরা দেখছি একটার পর একটা বিল আসছে যাতে করে সরকার বিভিন্ন ভাবে ট্যাক্স বাড়িয়ে, ফিজ বাড়িয়ে আর্থিক সেস বাড়িয়ে যাচ্ছে যাতে সরকারি তহবিলে টাকা আসে। যে অর্থনৈতিক সঙ্কটের মধ্যে এই সরকার পড়েছে, তার থেকে বাঁচবার আপ্রাণ চেষ্টা করছে। মাননীয় মন্ত্রী বললেন—অর্থমন্ত্রী নাকি বলেছিলেন এই ট্যাক্স বাড়বে। আমি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে সবিনয়ে জানতে চাই, এতদিন কেন কোনো বিল আনলেন না, ৫/৬ মাস অতিক্রান্ত হয়ে যাবার পর আনলেন ? এতদিন পর আপনার চৈতন্য উদয় হল ? যে প্রতিশ্রুতি বাজেটে দিয়েছিলেন, সেটা এখন পূরণ করতে হবে ? কত বাড়বে সেটা তো সেখানে বলেননি। শুনে খুব আশ্চর্য লাগল যে, পরিবহন মন্ত্রী বলেছেন খুব সামান্য বাড়ছে।

এই যদি সামান্য বাড়ার নিদর্শন হয়, তাহলে অধিক বাড়ার নিদর্শন কি ? প্রথমেই আমি উল্লেখ করতে চাই এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস্ অ্যান্ড রিজনসে কি বলেছেন। বলেছেন—"with a view to giving effect to the policy of the State Government it has been decided to raise the existing annual rate of additional tax on certain categories of motor vehicles by one thousand rupees."

[4.50—5.00 p.m.]

উনি বলছেন স্টেটমেন্ট অফ ওয়ান থাউজেন্ড রুপিজ অ্যাডিশনাল ট্যাক্স বাড়াবেন। কিন্তু এই বিলের মধ্যে যদি আপনি প্রত্যেক জায়গা দেখেন, হলে দেখবেন যে, ১ হাজার টাকার অনেক বেশি উনি অ্যাডিশনাল ট্যাক্স বসিয়েছেন। ৭ হাজার টাকা থেকে আরম্ভ করে, কোথাও ৩ হাজার, কোথাও ৬ হাজার, কোথাও ২ হাজার ইত্যাদি বাড়ানো হয়েছে। স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনসে আপনি যে এক হাজার টাকা বাড়ানোর কথা বলছেন, আপনি যে অ্যাডিশনাল ট্যাক্স বাড়ানোর কথা বলছেন সেটা সঙ্গত কারণ আছে বলে মনে করি না। নিশ্চয় এর ব্যাখ্যা আপনি করবেন। স্যার, এখানে যে কথা বলতে চাই সেটা হচ্ছে পেজ টুতে সিডুল ওয়ানে ট্যাক্স বাড়াতে গিয়ে মোটর গাড়িতে ৫০ পারসেন্ট অ্যাডিশনাল ট্যাক্স বসিয়েছেন। তারপর উনি এডুকেশনাল ইনস্টিটিউশন, অর্গানাইজেশন অর ট্রাস্ট এর যে গাড়ি আছে, সেগুলির উপরও ৫০ পারসেন্ট ট্যাক্স বসিয়েছেন। এগুলি মারাত্মক বলে মনে করি। শিক্ষা প্রতিষ্ঠান এডুকেশান বা ট্রাস্ট যেগুলি আছে সেগুলির উপর অ্যাডিশনাল ট্যাক্স বসানোটা আমি উচিত বলে মনে করি না। এটাকে উনি যদি বাদ দেন, তাহলে সবদিক থেকে ভালো হবে। কারণ প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠানগুলি অর্থাভাবে ধুঁকছে। সেখানে তাদের গাড়িগুলির উপর যদি অ্যাডিশনাল ট্যাক্স দিতে হয়, তাহলে তারা নিশ্চয় খুব একটা সুবিধাজনক অবস্থার মধ্যে পড়বে না এবং প্রচণ্ড অসুবিধার মধ্যে পড়বে। তাই এটাকে বাদ দেওয়া উচিত বলে মনে করি। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, যেখানে তিনি ডিলাক্স বাস, টুরিস্ট বাস, এক্সপ্রেস বাস ইত্যাদির উপর ৭ হাজার টাকা করে অ্যাডিশনাল ট্যাক্স বসানের পরিকল্পনা করেছেন। সরকারি বাসের কোনো ট্যাক্স দিতে হয় না। অ্যানুয়াল রেট অফ অ্যাডিশনাল ট্যাক্স এখানে আপনার ভাষা ঠিক হয়নি। এখানে এই কথার মানে দাঁড়াচ্ছে ৭ হাজার টাকাই যেন অ্যাডিশনাল ট্যাক্স দিতে হবে। ৬ হাজারের উপর যে ১ হাজার টাকা দিতে হবে, এটা কেউ বুঝবে না। সরকারি বাসগুলিকে ট্যাক্স দিতে হয় কিনা আপনি জানাবেন। যদি না হয়, তাহলে সরকারি বাসগুলিকে ট্যাক্স ধার্য করা উচিত বলে মনে করি। আর একটা জিনিস বলছি পলিউশান কন্ট্রোলের ব্যাপারে অলোচনা করে থাকি। পলিউশান কন্ট্রোলের ব্যাপারে সবচেয়ে দোষী যদি কেউ হয়ে থাকে সেটা আপনার বাস। এই বাসগুলির সামনে, পিছনে বা পাশ দিয়ে যদি কেউ যায় বা গাড়ি যায়, তাহলে গাড়ির কাঁচগুলি ওঠাতে হয় বা নাকে রুমাল চাপা দিয়ে যেতে হয়। এই গাড়িগুলি যাতে ধোঁয়া না ছাড়ে তার জন্য সমস্ত রকম ব্যবস্থা করা উচিত এবং আর একটা কথা বলি আপনি একস্ট্রা অ্যাডিশনাল ট্যাক্স অ্যাম্বুলেন্সে

বসিয়েছেন। এটা অন্যায় হয়েছে। অ্যাম্বুলেন্স গাড়িগুলি সাধারণত পরিষেবার জন্য ব্যবহৃত হয়। অসুস্থ রোগীকে কোনো হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য, ডাক্তারের কাছে নিয়ে যাওয়ার জন্য ব্যবহৃত হয়। এর উপর যে অ্যাডিশনাল ট্যাক্স বসাতে চেয়েছেন, এটা মনে হয় অনুচিত হবে। এটা বাদ দিলে ভালো হবে। এছাড়া আর একটা কথা বলি। ট্যাক্স আমরা দিই। গাড়ি, বাস ইত্যাদিতে ট্যাক্স দিই। বিভিন্ন ধরনের পরিবহনের উপর ট্যাক্স দেওয়া হয়। এর অন্যতম কারণ হচ্ছে রাস্তাগুলি যাতে ভালো থাকে। কিন্তু গোটা পশ্চিমবাংলায় রাস্তাগুলির যে অবস্থা তাতে অ্যাডিশনাল ট্যাক্স দেওয়ার কোনো জাস্টিফিকেশান আছে বলে মনে হয় না। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে বাইরের দেশে বিশেষ করে বিলেত, আমেরিকা ফ্রান্সে সমস্ত দেশে রাস্তা খারাপের জন্য, যদি কোনো গাড়ি খারাপ হয়ে যায় ট্রান্সপোর্টের ক্ষতি হয় সেই গাড়িগুলোকে ক্ষতিপূরণ দিতে হয়। পশ্চিমবাংলা বা ভারতবর্ষে যদি রাস্তা খারাপ হওয়ার জন্য গাড়ি খারাপ হয়, ভেঙে পড়ে থাকে সেখানে সরকারের কোনো প্রচেষ্টা বা ব্যবস্থা নেই কমপেনসেশন দেওয়ার। নতুন করে গাড়ি কিনতে বা গাড়ি মেরামত করতে হাজার হাজার টাকা খরচ করতে হয়। তার মধ্যে এই যে অ্যাডিশনাল ট্যাক্স ধার্য করেছেন এটা অত্যন্ত অনুচিত হয়েছে বলে আমি মনে করি। আরেকটা কথা বলে আমি শেষ করব। আপনি অ্যাডিশনাল ট্যাক্সের আওতা থেকে অটো রিকশা, মিনি বাস, মিটার ট্যাকসিকে ছাড় দিয়েছেন। এদের ছাড় দেওয়া উচিত কিনা আপনি জানেন। বহু অটো রিকশা আছে যারা বিনা পারমিটে, বিনা লাইসেন্সে কোনো ট্যাক্স না দিয়ে অটো চালায়। দক্ষিণ ২৪-পরগনায় এরকম অনেক অটো রিকশা আছে যারা পুলিশের সঙ্গে বন্দোবস্ত করে ট্যাক্স না দিয়ে পারমিট না দিয়ে গাড়ি চালাচ্ছে। আমি পরিবহন মন্ত্রীকে অনুরোধ করব অটো রিকশার কাছে যাতে ট্যাক্স আদায় করতে পারেন তাহলে সরকারি তহবিলে এই টাকা জমা হবে। এবং বেআইনিভাবে যে অটো রিকশা চলছে সেগুলো বন্ধ হবে। এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি কারণ এই বিল করে একস্ট্রা টাকার উপার্জন করা চেষ্টা করছেন কিন্তু আমাদের পশ্চিমবাংলায় জ্বলন্ত সমস্যাগুলো যেমন রাস্তা খারাপের সমস্যা। এই সমস্যাগুলো সমাধান হবে না পরন্তু গাড়ির মালিকদের এক্সট্রা টাকা দিতে হবে, তাদের অবস্থা খারাপ হয়ে যাবে সে বিষয়ে সন্দেহ নেই। যারা বাস চালিয়ে অর্থ উপার্জন করছেন তাদের কাছে এই বিল বাধাস্বরূপ হয়ে পড়বে।

শ্রী তাপস চ্যাটার্জী : স্যার, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান টাইম ট্যাক্স অন মোটর ভেহিকেলস্ (অ্যামেন্ডমেন্ট) বিল ২০০২ এখানে এনেছেন আমি সেই বিলকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রী উল্লেখপর্বে একবার বলেছেন এটা কেন করতে হচ্ছে। প্রতিদিন আমাদের রাজ্যের মানুষের চাহিদা বাড়ছে। আরও উন্নত রাস্তা, আরও প্রশস্ত রাস্তা। প্রতিদিন অসংখ্য গাড়ি সেই রাস্তাকে ব্যবহার করছে, রাস্তাকে খারাপ করে দিচ্ছে। বাজেটে যে ব্যয়বরাদ্দ করা হয়েছে তা দিয়ে এই চাহিদা পূরণ করা যাচ্ছে না। স্বাভাবিকভাবে এই চাহিদা পূরণ করা যাচ্ছে না, আরও অর্থের দরকার। রাস্তা খারাপ করছে তার জন্য অর্থ তোলার জন্য ব্যবস্থা এই বিলের মধ্যে করা হয়েছে, এই কথা বিরোধী দলের সদস্যরা করেছেন কিন্তু বাস্তবক্ষেত্রে এক হাজার টাকার বেশি অ্যাডিশনাল ট্যাক্স করা হয়নি। ডিলাক্স বাস, একসপ্রেস বাসকে ৬ হাজার টাকার উপরে আরও এক হাজার টাকা করা

সাধারণভাবে ট্যাক্সের হার অনেক কম। ট্যাক্স বেশি হলে আমাদের রাজ্যের আয় অনেক কমে যেত। এর কারণটা কি ? এর কারণ হচ্ছে আমাদের রাজ্য থেকে ট্রান্সপোর্ট এবং বাসের মালিকরা রেজিস্ট্রেশন নেওয়ার জন্য পার্শ্ববর্তী রাজ্যে চলে যেত। তাহলে আমাদের রাজ্যের আয় কমে যেত। পার্শ্ববর্তী রাজ্যগুলোর ভেহিকেলস আমাদের রাজ্যে এসে রেজিস্ট্রেশনকরিয়ে নিয়ে যায়। এর ফলে আমাদের রাজ্যে বাড়তি আয় হয়। একবার বিহারের ট্রান্সপোর্ট রেট বেড়ে যাওয়ার ফলে আসানসোল সংলগ্ন এলাকায় বিভিন্ন গাড়ি রেজিস্ট্রেশন করায়। আমরা বিভিন্ন জায়গা বা অন্য রাজ্যে ভ্রমণে যাই, সেখানে পারমিট, ট্যাক্স দিয়ে যেতে হয়। লাকসারি বাস যাওয়ার জন্য স্পটে আলাদা করে ট্যাক্স নেওয়া হয়। এইভাবে প্রত্যেকটি রাজ্য তাদের কোষাগারকে স্ফীত করছে। কিন্তু আমাদের রাজ্যে এই রকম ব্যবস্থা ছিল না। আমাদের এটা করার দরকার ছিল। অন্য রাজ্য তাদের ট্যাক্স বাড়াবার ক্ষেত্রটাকে প্রসারিত করেছে, আমাদের রাজ্যেও এটা করার দরকার ছিল। অন্য রাজ্য থেকে এ রাজ্যে আসার জন্য টেম্পোরারি পারমিট নেওয়ার ক্ষেত্রে ট্যাক্সের হার অন্য রাজ্যে অনেক বেশি, আমাদের রাজ্যে কম। স্বাভাবিক ভাবেই এটা বাড়ানোর ফলেই এখন এটা কাছাকাছি আসবে এবং তার থেকে বাড়তি কিছু টাকা আয় হবে। যদিও লোকাল ট্রাক, মিনি ট্রাক, ট্যাঙ্কার, থ্রি-হুইলার আছে সেগুলি পশ্চিমবঙ্গে রেজিস্ট্রেশান, তাদের ক্ষেত্রে অতিরিক্ত কোনো ট্যাক্স লাগবে না। স্বাভাবিক ভাবেই ১৯৭৯ সালের মোট ভেহিকেল অ্যাক্ট সেটা যদি দেখেন তাহলে বুঝতে পারবেন সেইভাবে বাড়নো হয়নি। এই দীর্ঘ সময় পরে এই ট্যাক্স অ্যামেন্ড করে বাড়ানো হচ্ছে। সেই দিক থেকে এটা আমাদের রাজ্যের রাস্তাঘাট উন্নয়নের ক্ষেত্রে খুবই প্রয়োজন, তাই বিলকে সমর্থন করছি এবং আশা করছি সকলেই এই বিলকে সমর্থন করবেন।

[5.00—5.10 p.m.]

শ্রী কল্যাণ ব্যানার্জী : মি. ডেপুটি স্পীকার স্যার, আমি প্রথমে যে বিল এসেছে অর্থাৎ "দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান-টাইম অন মোটর ভেহিকেলস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২" আমি তার বিরোধিতা করছি। আমার পূর্ববর্তী বক্তা তাপস চ্যাটার্জী যে কারণগুলি বললেন যার জন্য এটা দরকার, রাস্তাঘাটের উন্নতির জন্য, আজকে এই কারণগুলি মন্ত্রী মহাশয় যদি বিলে রাখতেন তাহলে বোধহয় বিরোধিতা করতাম না। আপনাদের এই যে সৎ উদ্দেশ্য সেটা আপনাদের মাথার মধ্যে রাখলে হবে না। আজকে দেখছি একটা বিল দেওয়া হয়েছে, যেগুলির লেজিসলেশান হয় তার একটা অবজেক্ট থাকে। অবজেক্ট জানতে হবে বিল থেকে। আমরা যদি বিলটা পড়ি "with a view to giving effect to the policy of the State Government it has been decided to raise the existing annual rate of additional tax on certain categories of motor vehicles by one thousand rupees. What is the policy you want to give effect ? কি পলিসি ? আপনি পলিসির কথা কোথাও বলেননি। তাপসবাবু যে কথাটা বললেন রাস্তার উন্নতির কথা আপনাদের ইমাজিনেশানের মধ্যে রেখে দেন তাহলে কি হবে। এই রকম কোনো পলিসি নিয়েছেন। সুভাষবাবুর কাছে অনেক টাকা এসেছে। প্রাইম মিনিষ্টার্স সড়ক যোজনায় রাস্তাঘাট নির্মাণের জন্য টাকা এসেছে। আপনি পেট্রল এবং ডিজেলের উপর

১ টাকা করে সেস্ বসিয়েছেন সেখানে ৭,৮ মাস ধরে আপনি টাকা পেয়েছেন। আপনি সেই টাকা করলেন কি ? কোথায় সেই টাকা খরচ করলেন ? পেট্রল এবং ডিজেলের পার লিটার ১ টাকা করে ট্যাক্স বসিয়েছেন। আজকে একটা হিডেন পলিসি যে পলিসি মানুষের কাছে বলা যাবে না, সেই জন্যই বলেননি। আপনারা দেউলিয়া হয়ে গেছেন, আপনাদের সরকার এখন একটা ভিক্ষার জায়গায় দাঁড়িয়েছে। তাই আপনার দলের তরফ থেকে মানুষকে এই সব বলতে পারছেন না। আপনি মানুষকে বলতে পারছেন না। আপনার এই তঞ্চকতা কেন ? এই দ্বিচারিতা কেন ? বাজেট পেশ হল, বাজেটে আলোচনা হল, জুন মাসে বোধহয় আপনার বাজেট পাশ হল, তাতে দেখা গেল যে, আপনার ট্যাক্সেস অন্ গুড্স্ অ্যান্ড প্যাসেঞ্জার্স ২০০১-২০০২-এ ২২৮ কোটি টাকা ছিল, রিভাইসড্ বাজেট হল ২২২, সেখানে আজকে চলে গেল ২৫৫ কোটি টাকা। ২০০২-২০০৩-এ আপনি বাজেট পেশ করলেন। জুন মাসের পর থেকে আজকে জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাস হয়ে গেল। জুন মাস কি জুলাই মাসে আপনার বাজেট পেশ হয়েছে। কিন্তু মাত্র ৫ মাসের মাথায় আপনাকে এরকম একটা জায়গায় যেতে হচ্ছে, আপনাকে টাকা তুলতে হচ্ছে। তখন কিন্তু মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটের মধ্যে ছিল না যে, টাকা তুলতেই হবে, ইট ইজ নট, সেই রকম কোনো প্রভিশন ছিল না। সেখানে একটা স্লাইট সাজেশনের মতো রেখে গেছেন। এই বিলের মাধ্যমে আপনি ১ হাজার টাকা করে তুলেছেন, আপনি এখানে রেভেনিউ তুলেছেন, আজকে দেখুন, আপনি এই যে পুরো বিষয়টা বিলে করেছেন, প্রতিটি লেভেলে আপনি ১ হাজার টাকা করে চার্জ করে গেছেন, ১ হাজার টাকা অ্যাডিশনাল, প্রতিটি জায়গায় ১ হাজার টাকা হবে। অটো-রিকশা, প্রাইভেট ভেহিকেল্স-এ রয়েছে, প্রোভাইসোতে যেগুলো পার্টস রয়েছে সেগুলো বাদ দিয়ে সেখানে আপনি ১ হাজার টাকা চার্জ করেছেন। আবার ডিলাক্স বাস সেখানে ১ হাজার টাকা চার্জ করছেন, আবার মোটর ভেহিকেল্স্, প্রাইভেট মোটর ভেহিকেল্স্ সেখানে ১ হাজার টাকা চার্জ করেছেন। আপনার ক্রাইটেরিয়া কি ? টাকাটা ১ হাজার টাকা তোলা ? এটা যদি অবজেক্ট হয়, তাহলে নিঃসন্দেহে আপনি অ্যাডিশনাল ট্যাক্সে কনক্লুডে চলে গেলেন এবং তার তো একটা প্যারামিটার থাকবে, একটা জায়গা থাকবে ? অটো-রিকশার জন্য স্ট্যান্ডার্ড থাকবে, প্রাইভেট ভেহিকেল্সের জন্য একটা স্ট্যান্ডার্ড থাকবে, ডিলাক্স বাসের জন্য একটা স্ট্যান্ডার্ড থাকবে। আপনি কোনো জায়গায় কেন সেই স্ট্যান্ডার্ড মেইনটেইন করলেন না? ১৯৮৯ সালে একটা অ্যাক্ট হল, আজকে ২০০২, তার মধ্যে একটা ১৩ বছরের মধ্যে ৫ বার আপনাকে অ্যামেন্ডমেন্ট করতে হল। আপনি ১৯৯৯-তে অ্যামেন্ডমেন্ট করে রেইজ করেছেন, আজকে আবার ২০০২-তে আপনি সেটাকে বাড়াচ্ছেন। আপনি দেখুন ডিলাক্স বাসের ক্ষেত্রে যেটা ছিল আপনি এটা সাবস্টিটিউট করেছেন। আনফরচুনেটলি যখন অ্যামেন্ডমেন্ট বিলগুলো আসছে তখন অরিজিনাল স্ট্যাটুটগুলোকে সার্কুলেট করা হচ্ছে না। তার জন্য নিঃসন্দেহে অনেকে একটু মিস্লিড্ হয়ে যাচ্ছেন। হয় মাননীয় মন্ত্রী যিনি বিল পাশ করবেন তাঁর উপর দায়িত্ব দিন, না হলে অ্যাসেম্বলির উপর দায়িত্ব দিন। অরিজিনালটা দিলে তার একটা কমপেয়ার করা যায়। আপনি দেখুন—আপনার সিটিং ক্যাপাসিটি অ্যাম্বুলেন্সে ১ হাজার টাকা ছিল, বাড়িয়ে দিলেন আরও ১ হাজার টাকা। অটো-রিকাশায় যা ছিল তার থেকে আপনি ১ হাজার টাকা

বাড়িয়ে দিলেন। আগে ওনলি ৫০ পারসেন্ট অফ দি ট্যাক্স আন্ডার দি ১৯৭৯ অ্যাক্স-এ ছিল, আপনি ১ হাজার টাকা করে বাড়িয়ে দিলেন। তাহলে পুরো ক্ষেত্রটা আপনি ১ হাজার টাকা করে বাড়িয়ে যাচ্ছেন। ইজ ইট রিজোনেবল্ ? ক্যান ইট বি প্রোপরশনাল ডিস্ট্রিবিউশন অফ অ্যাডিশনাল ট্যাক্স ? ক্যান ইট বি সেইড সো ? অটো-রিকশার ক্ষেত্রে ১ হাজার হবে, ডিলাক্সের ক্ষেত্রে ১ হাজার হবে, প্রাইভেট গাড়ি যারা চালাচ্ছে তাদের ক্ষেত্রেও ১ হাজার হবে। ইজ ইট এ ডিস্ট্রিবিউশন অফ ট্যাক্সেস ? আমার বক্তব্য হচ্ছে যে, আপনি অ্যাডিশনাল ট্যাক্সে যে রেট করেছেন সেটা সিন্স ইট ইজ সো আনরিজোনেবল। আপনি এটা আবার একটু চিন্তা-ভাবনা করুন। বাসের ক্ষেত্রে একরকম, অটো-রিকশার ক্ষেত্রে একরকম, ডিলাক্স বাসের ক্ষেত্রে আরেক রকম, ক্যাটাগরিগুলো আলাদা রয়েছে, সেই ক্যাটাগরিগুলো করুন, প্রভিসোকে আপনি বাদ দিয়েছেন। অটো-রিকশা, ওনলি অটো-রিকশা, যেগুলো পাবলিক কেরিয়ার হবে সেখানে আপনি বাদ দিয়েছেন। হোয়াট ইজ দি জাস্টিফিকেশন অফ দ্যাট ? আপনি মিনিবাসের ক্ষেত্রে বাদ দিচ্ছেন, অটো-রিকশাজ অ্যান্ড অমনিবাসেস্ (আদার দ্যান দোজ নট রেজিস্টার্ড অ্যাজ ট্রান্সপোর্ট ভেহিকেল্স) আপনি ৫০ পারসেন্ট ট্যাক্স চার্জ করছেন। একটা লোক প্রাইভেট গাড়ি কিনেছে বলে সে অন্যায় করে ফেললো ? তাকে আপনি ১ হাজার টাকা করে চার্জ করে দেবেন ? মিনিবাসের ক্ষেত্রে এবং যে সমস্ত অটো-রিকশা ব্যবসা করছে তাদের ক্ষেত্রে আপনি চার্জ করবেন না ? সেখানে আপনি একটা বৈষম্যমূলক ডিসক্রিমিনেটরি অ্যাটিচুড রেখে যাবেনই? আমি সেজন্য তার বিরুদ্ধে আপনার কাছে প্রতিবাদ জানাচ্ছি। আমরা যেটা দেখতে পাচ্ছি এবং অনেক বক্তাও বলে গেছেন এবং ১০ তারিখে আমি প্রথম বলেছিলাম যে, মনে হচ্ছে এবারে বিধানসভা বসেছে যেন টাকা তোলার জন্য, তোলা তোলার মতো করে, তোলা তুলতে হবে তোলা তোল, কোনোরকম ভাবে টাকা তোল, আপনার ক্ষেত্রেও তাই হল। লোকে বলে আপনি তোলা অন্য জায়গায় তোলেন। কিন্তু আপনি হয়তো নিঃসন্দেহে তোলেন না—এটা আমার ধারণা ছিল। আপনার দলের লোকেরাও অনেক সময় অনেক কিছু বলে, এফ.আই.আর. হচ্ছে, আমরা অন্তত বিশ্বাস করেছিলাম, কিন্তু আপনি মাননীয় শ্রী নিশীথ অধিকারী মহাশয়ের মতো তোলা তোলার রাস্তায় নেমে গেছেন—পাবলিকের কাছ থেকে কিভাবে টাকা তোলা যায় সেটা তোলার রাস্তায় নেমে গেছেন। যতগুলো বিল এই সমস্ত বিলে শুধু টাকা তুলে নিয়ে যাচ্ছেন। দিচ্ছেন কি ? রাস্তাঘাটের উন্নতি নেই, একট অলীক কল্পনার মধ্যে রেখে দিয়েছেন। কলিগরা বসে আছেন রাস্তাঘাটের উন্নতি হবে বলে কিন্তু সেটা হবে না। আপনারা যে ট্যাক্স করছেন সার্ভিসটা রেন্ডার করুন তাহলে না হয় ভাবা যাবে। আপনারা এটা তুলছেন কিন্তু দেখা যাচ্ছে রাস্তা তৈরি অন্য দপ্তরের দায়িত্ব। আপনার ডিপার্টমেন্ট থেকে টাকা যাবে না। তাই আজকে আপনি যে অ্যাডিশনাল ট্যাক্সের বিল এনেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। আই এপিল টু ইউ আপনি একটা মাইন্ড অ্যাপ্লিকেশন করুন। অ্যাডিশনাল ট্যাক্স করতে হলে দেন দেয়ার স্যুড নট বি অ্যান্ড দিস ইজ দি ওয়ে। আপনি দেখুন অটো-রিকশার ক্ষেত্রে, প্রাইভেট মোটরের ক্ষেত্রে, ডিলাক্স বাসের ক্ষেত্রে এক এক রকম হচ্ছে। এইভাবে তোলা তুলবেন না। ইউ অ্যাপ্লাই ইয়োর মাইন্ড। কৌটো বাজিয়ে বাজিয়ে অনেক তোলার অভ্যাস ছিল, এইভাবে করবেন না।

[5.10—5.20 p.m.]

শ্রী সুব্রত বোস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে 'ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান টাইম ট্যাক্স মোটর ভিকেলস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' এনেছেন আমি তাকে সমর্থন করছি। একে সমর্থন করে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি কয়েকটা বিষয়ের প্রতি। আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য অতীশচন্দ্র সিনহা এবং মাননীয় কল্যাণ ব্যানার্জী মহাশয় এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস সম্বন্ধে কয়েকটা কথা বলেছেন। আমারও মনে হয়েছে এই অবজেক্টস অ্যান্ড রিজনস যেটা দেওয়া হয় সেটা আর একটু মনোযোগ সহকারে যদি দেখা হয় এবং বিশদভাবে দেখা হয় তাহলে সদস্যদের অনেক সুবিধা হয়। আমি অনুরোধ করব ভবিষ্যতে যারা বিভাগীয় আধিকারিকগণ আছেন তাদের প্রতি এ ব্যাপারে নির্দেশ দেবেন। আপনি কয়েকটা ক্ষেত্রে অ্যাডিশনাল ট্যাক্স বাদ দিয়েছেন। মোটর সাইকেলে নতুন করে অ্যাডিশনাল ট্যাক্স হচ্ছে না। এটা প্রকৃতপক্ষে কম আয়ের লোকেরা ব্যবহার করেন এবং যেগুলো পাবলিক সার্ভিস ভেহিকেলস, অটো-রিকশা, মিটার ট্যাকসি আর মিনি বাসের ক্ষেত্রে যে সিদ্ধান্ত নিয়েছেন সেই সিদ্ধান্তের জন্য আমি আপনার বিলকে স্বাগত জানাচ্ছি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। এটা অত্যন্ত উপযোগী এবং প্রয়োজনীয়। তবে অনেকগুলো ক্ষেত্রে ট্যাক্স বেড়েছে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। ব্যয়-বৃদ্ধি ক্রমাগত হচ্ছে। সেখানে কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্য সরকার সর্বক্ষেত্রে ট্যাক্স বাড়াচ্ছে সেখান থেকে আমাদের বেরিয়ে আসার কোনো উপায় নেই। তবে কয়েকটা জিনিস আমি লক্ষ্য করছি তাতে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। হয়তো ভবিষ্যতে আপনি বিষয়গুলো বিবেচনা করবেন। মালবাহী যানবাহনের ক্ষেত্রে ১৯৭৯ সালের যে অ্যাক্ট 'ওয়েস্ট বেঙ্গল মোটর ভেহিকেলস ট্যাক্স অ্যাক্ট ১৯৭৯ সেখানে কত মাল বহন করার ক্ষমতা থাকবে তার উপর ট্যাক্স ধার্য করা হয়েছিল, এখনও তা আছে। কিন্তু আপনি হয়তো লক্ষ করবেন যে, আমি উদাহরণস্বরূপ বলছি, আপটু টু হান্ড্রেড কেজি রেস্ট্রিকটেড একটা ট্যাক্স ছিল। একসিডিং টু হান্ড্রেড কেজি বাট নট একসিডিং ফোর হান্ড্রেড কেজি একটা রেস্ট্রিকটেড ছিল। এবং তৃতীয় পর্যায়ে ছিল একসিডিং ফোর থাউজেন্ড কে.জি. বাট নট একসিডিং সিক্স থাউজেন্ড কে.জি. আপনি যে সংশোধনী এনেছেন তা আমি লক্ষ করেছি। আপনারা প্রথম স্ল্যাপটা আপটু নো একসিডিং সিক্স থাউজেন্ড কে.জি. নির্ধারিত করেছেন। আমি আপনাদের অনুরোধ করব যে ভবিষ্যতে যদি একটু বিবেচনা করতে পারেন। অ্যাম্বুলেন্সের কথাও মাননীয় সদস্যরা কয়েকজন বলেছেন, আমি সেটাকেও সমর্থন জানাই যে, এটাও ভবিষ্যতে আপনি বিবেচনা করতে পারেন এবং এটি দুঃস্থ লোকেদের পক্ষে যারা হঠাৎ অসুস্থ হয়ে গেল, অ্যাম্বুলেন্সের প্রয়োজন হয়, সেই সময় অ্যাম্বুলেন্সের ক্ষেত্রেও যদি কর বাড়ানো হয় স্বভাবতই তাদের যে চার্জ সেটা বাড়িয়ে দেওয়া হবে এটি আমরা আশঙ্কা করছি। তাই আমি আপনার কাছে আবার সবিনয়ে অনুরোধ করব এটা আপনি ভবিষ্যতে যদি একটু বিবেচনা করেন। জরিমানার ক্ষেত্রে মাননীয় সদস্যেরা কিছু কিছু মন্তব্য করেছেন। দুর্ভাগ্যবশত অনেক ব্যক্তি

যারা ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাথে যুক্ত তাদের একটু কর ফাঁকি দেওয়ার প্রবণতা আছে। তাই আমি মনে করি আপনারা যে জরিমানা স্কেল ধার্য করেছেন এটা সঠিক হয়েছে এবং এর কারণ তাদের সত্যি সত্যি একটু শাস্তি না দিলে তাদের মনোবৃত্তির পরিবর্তন হবে না। তাই এটাতেও আমি আপনাকে সমর্থন জানাচ্ছি। ব্যয় বৃদ্ধি হয়েছে। ট্যাক্স বাড়াতে হবে। সর্বক্ষেত্রে ব্যয় বৃদ্ধি হয়েছে, কর বেড়েছে। এই কথা মনে রেখে, যদিও এটাও অনেক ব্যক্তির কিছু অসুবিধা সৃষ্টি হয় কিন্তু এগুলি আমাদের মেনে নিতে হবে। তাই আমি আপনার প্রস্তাবিত বিলটির পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডাঃ রত্না দে (নাগ) : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় পরিবহন মন্ত্রী যে বিলটি এনেছেন, তার আমি বিরোধিতা করছি। সরকার আর্থিক সংকটের জন্য সর্বক্ষেত্রে ট্যাক্স বাড়িয়ে অর্থ সংগ্রহ করার চেষ্টা করছেন। এই বিলে সিডিউল ১এ প্যাসেঞ্জার কার যেগুলি আছে সেগুলি ভাড়া খাটাবার জন্য ব্যবহার করা হয় না। সেখানে ১ হাজার টাকা ট্যাক্স বৃদ্ধি করেছেন। এগুলি কিন্তু পরিবহনের জন্য, ভাড়া খাটাবার জন্য নয়।

গাড়ি কিন্তু এখন বিলাসদ্রব্য হিসাবে পরিগণিত হয় না। যাদের একটা গাড়ি আছে, গাড়িটা ছোট, সেক্ষেত্রে এই ট্যাক্স অত্যন্ত অসুবিধাজনক। আমি মন্ত্রীর কাছে অনুরোধ করব এই ট্যাক্স ৫০ পারসেন্ট কমিয়ে দেওয়ার জন্য। ডিলাক্স বাস, লাকসারি বাস, মাল পরিবহন কার-এর ক্ষেত্রে যদি প্রতিবেশী রাজ্যের মোটর ভেহিকেলস অ্যাক্ট অনুযায়ী যদি ট্যাক্স কম হয়, তাহলে ওই কার মালিকেরা ওই সমস্ত রাজ্যে গিয়ে গাড়ি রেজিস্ট্রেশন করাবে এবং সেক্ষেত্রে এই রাজ্যের রাজস্ব আদায় কমে যাবে। এই দিকে দেখার দরকার আছে। তার কারণ ওই সমস্ত রেজিস্টার্ড গাড়িগুলি ৩০-৪০ টাকা সপ্তাহে অ্যাডিশনাল ট্যাক্স দিয়ে আমাদের রাজ্যে অনুপ্রবেশ করে আইনি রক্ষকদের, কমিশনভোগীদের হাতে যে কোনো ট্রাফিক সিগ্‌নালে প্রায়ই দেখা যাবে ৩-৪ টাকা গুঁজে দিয়ে বছরের পর বছর ট্যাক্স ফাঁকি দিয়ে এখানে ব্যবসা করে চলেছে। অটো-রিকশা, মিটারে ট্যাক্সি, মিনিবাস এর ক্ষেত্রে কোনো ট্যাক্স প্রায় ধার্য করা হয়নি। মাননীয় মন্ত্রী কি জানেন, আপনার বিধাননগর উত্তর ২৪-পরগনায় কতগুলি অটো-রিক্সা আছে, এর মধ্যে কতগুলি অটো-রিকশা রেজিস্টার্ড, আবার এই রেজিস্টার্ড অটো-রিকশার মধ্যে শতকরা কতজন নিয়মিত ট্যাক্স দিয়ে থাকেন। এছাড় টি.সি. নামের প্লেট বসিয়ে অনেকে বছরের পর বছর ব্যবসা করে যাচ্ছে।

[5.20—5.30 p.m.]

নম্বর প্লেট না লাগিয়ে অটো-রিকশার ব্যবসা করছে। তারপর একই নম্বরের দুটো অটো-রিকশা পাওয়া মোটেই বিচিত্র নয়। যে সমস্ত অটো-রিকশা সম্পূর্ণভাবে ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের কাছ থেকে অ্যাডিশনাল ট্যাক্স পাওয়ার কোনো প্রশ্নই ওঠে না। তাদের কাছ থেকে নিয়মিত মোটর ভেহিকেলস্ অ্যাক্ট অনুযায়ী ট্যাক্স আদায় করার ব্যবস্থা হলে, রাজ্যের বাড়তি কিছু রাজস্ব আদায় হতে পারে, এটা কি মাননীয় মন্ত্রী কখনো ভেবে দেখেছেন ? বলতে পারেন আমাদের কথা পরাজিতের আর্তনাদের মতো শোনাচ্ছে, তা শোনালেও এটা সত্য যত যুক্তি দিয়েই বিলগুলির বিরোধিতা করি না কেন সংখ্যাধিক্যের বলে সব বিলই

পাশ হয়ে যাবে। স্যার, আমরা কি একটু প্রশাসনিক স্বচ্ছতা আনতে পারি না ? কলকাতার বেলতলায় মোটর ভেহিকেলস্ ডিপার্টমেন্টের অফিসে ৬০০ টাকা ট্যাক্স দিতে ৮০০ টাকা কেন দিতে হবে ? এই বেশি টাকাটা না দিলে কারো পক্ষে ট্যাক্স জমা দেওয়া সম্ভব হয় না। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ ট্যাক্স জমা দেওয়ার ফর্ম অন লাইন পাওয়ার সুযোগ করে দিন। সেই ফর্ম ডাউন লোড করে নির্দিষ্ট ব্যাঙ্কে জমা দেওয়ার ব্যবস্থা করুন। ফর্মে ওয়াটার ট্যাক্স সার্টিফিকেট নং অ্যান্ড ডেট, পলিউশন ফ্রি সার্টিফিকেট নং অ্যান্ড ডেট, রেজিস্ট্রেশন নং, মালিকের নাম ইত্যাদি লেখার ব্যবস্থা করা হোক। ব্যাঙ্কের মাধ্যমে, কুরিয়ারের মাধ্যমে কিম্বা কমপিউটারের মাধ্যমে সেসব ট্যাক্সের সার্টিফিকেট যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করা হোক। যতক্ষণ সেসব সার্টিফিকেট না পাওয়া যাবে ততক্ষণ টাকা জমা দেওয়ার রসিদটা ভ্যালিড সার্টিফিকেট হিসাবে গ্রহণ করা হোক। যে কোনো সময় আইন পাশ হলেই বর্ধিত ট্যাক্স মানুষকে দিতে হবে। কিন্তু মানুষ যখন ট্যাক্স দেবে তখন আশা করবে উন্নত পরিষেবার। মাননীয় মন্ত্রী নিশ্চয়ই জানাবেন এই ট্যাক্স বৃদ্ধির ফলে সমাজে এর কি প্রতিফলন হবে, মানুষ কতটা উন্নত পরিষেবা পাবে। রাজ্যের কয়েকটা ব্যস্ত শহরের বেশ কিছু রাস্তা যখন তখন অটো-রিকশার জন্য অবরুদ্ধ হয়ে যায়। আমি উদাহরণরূপে বলছি : বিধাননগর স্টেশন সংলগ্ন রাস্তা অটো-রিকশায় অবরুদ্ধ হয়ে যায়, যানজটের সৃষ্টি হয় ; মাননীয় মন্ত্রী, আপনি কি তা দূর করতে পারবেন ? ধন্যবাদ।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান-টাইম ট্যাক্স অন মোটর ভেহিকেলস্ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' নিয়ে এসেছেন। সেটাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে বলতে চাই যে, একজন মন্ত্রী মহোদয় ইচ্ছে করলেই অতিরিক্ত ট্যাক্স বসাতে পারেন না এবং মাননীয় মন্ত্রী মহোদয় ইচ্ছে করলেই ট্যাক্স কমিয়ে দিতে পারেন না। অতএব আজকে একটা প্রেক্ষিতের ওপর এই অতিরিক্ত ট্যাক্স বসানো হচ্ছে। মন্ত্রী মহোদয় বলেছেন আমাদের পাশের রাজ্য উড়িষ্যা, বিহার, ঝাড়খণ্ড, আসাম—এমনকি মহারাষ্ট্র পর্যন্ত আমাদের রাজ্যে নির্ধারিত ট্যাক্সের চেয়ে অনেক বেশি ট্যাক্স নির্ধারিত রয়েছে। আমরা জানি আমাদের পশ্চিমবঙ্গে ৮ কোটির বেশি মানুষ বসবাস করেন। সেই পরিপ্রেক্ষিতে রেল পরিবহন, জন-পরিবহন এবং পণ্য পরিবহন করার যে ব্যবস্থা তা মোটেই যথেষ্ট নয়। কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণের জন্য আজকে রেল পরিবহন ব্যবস্থা পশ্চিমবাংলায় সে হারে মোটেই নেই। তাই আজকে পশ্চিমবঙ্গের মানুষকে, পশ্চিমবাংলার ব্যবসায়ীকে, চাষিকে, পশ্চিমবাংলার ক্ষেত-মজুরকে এবং শিল্প শ্রমিকদেরকে মোটর পরিবহনকে গ্রহণ করতে হয়েছে এবং এটা তথ্য। আপনি সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের যদি তথ্য নিয়ে থাকেন তাহলে দেখবেন, সব থেকে পশ্চিমবাংলায় জনপরিবহন, পশ্চিমবাংলায় মাল-পরিবহন মোটর ভেহিকেল দ্বারা বেশি হয় এবং এখানে মোটর মালিক থেকে শুরু করে ট্যাক্সি থেকে শুরু করে বিভিন্ন প্রকরের যান-পরিবহনের মালিকরা অনেক লাভ করেন, অর্থাৎ এখানে একটু সুযোগ আছে। সেই সুযোগের কারণে যথেষ্ট পরিমাণে লাভ করেন—এটা আপনাদের জানা। আমরা জানি, মোটর মালিকদের পক্ষে যে সামান্য অ্যাডিশনাল ট্যাক্স বাড়নো হয়েছে সেটা দেওয়া এমন

কোনো কষ্টকর ব্যাপার নয়। সর্বোপরি বলি, এ বছরের পূর্ত দপ্তরের বাজেট দেখেছেন। সেই বাজেটে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, যেখানে কেন্দ্রীয় সরকার উড়িষ্যাকে ১ হাজার কিলোমিটার রাস্তা তৈরি করার জন্য টাকা দিচ্ছে, সেখানে পশ্চিমবঙ্গকে ২০০২-২০০৩ সালে মাত্র ৬৫ কিলোমিটার রাস্তা তৈরি করার জন্য টাকা দিচ্ছে, এই অবস্থায় পশ্চিমবাংলাকে রাখা হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে রাস্তাঘাট ভাল ইত্যাদি করার জন্য মাননীয় পরিবহন মন্ত্রী যে অতিরিক্ত ট্যাক্স বসিয়েছেন সেটা যথাযথ হয়েছে। আমার কনস্টিটিউয়েন্সির পাশে বিহার পড়ে। সেদিন লখানে গিয়েছিলাম। ঝাড়খণ্ডের মাননীয় মন্ত্রী শ্রী দেবধন বেসরার কাছে বাঁশলই এবং পাগলার জন্য মুরারই বিধানসভা কেন্দ্রের এম.এল.এ.-কে নিয়ে গিয়েছিলাম। পশ্চিমবাংলার পর থেকে মহিষপুরে যে রাস্তা ছিল সেটা একেবারে খানাখন্দে ভরা। আমি ওনাকে জিজ্ঞাসা করলাম, এটার কি অবস্থা ? তিনি বললেন, আমরা ট্যাক্স তুলি, অমুক তুলি, কিন্তু রাস্তা হয় না। অথচ দেখুন, পশ্চিমবঙ্গে রাস্তা আছে, গাড়ি চলার মতো সুন্দর রাস্তা আছে। সুতরাং বললে হবে না—এখানে টায়ার বার্স্ট হয়, বললে হবে না এখানে বাসের প্লেট ভাঙে। পশ্চিমবাংলায় রাস্তাঘাট ভাল আছে। এই কারণে পশ্চিমবঙ্গ সরকারের পরিবহনমন্ত্রী এবং পূর্তমন্ত্রী দায়িত্ব সহকারে, জনগণের দায়িত্ব সহকারে এই কাজগুলি করছেন। সেই কারণে যে ক্ষেত্রে ট্যাক্স বাড়ানো হয়েছে সেটা যুক্তিযুক্ত হয়েছে। এই কথা বলে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান-টাইম ট্যাক্স অন মোটর ভেহিকেলস্ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২, এই বিলের উপর বিরোধী সদস্যদের আনা অ্যামেন্ডমেন্টগুলিকে সমর্থন করে এবং বিলের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। অনেকক্ষণ ধরে আলোচনা হয়েছে এবং স্যালিয়েন্ট পয়েন্ট অর্থাৎ যেগুলি ইমপর্ট্যান্ট সেগুলির সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রায় সকল সদস্যরাই বলেছেন। আমি শুধু বলতে চাই, এটা আমাদের স্বল্পকালীন অধিবেশন, সেই অধিবেশনে ধূম পড়ে গেছে—টাকা নেই, টাকা তুলতে হবে। কোথা থেকে তুলতে হবে ? মানুষের কাছ থেকে তুলতে হবে। কিন্তু কোথাও কোনো প্রস্তাব নেই, তিনি কত টাকা তুলতে পারবেন আর সেই টাকা তুলে কি কি কাজ করবেন। এই প্রস্তাবে তার কোনো অবতারণা করেননি। খালি অবতারণা করেছেন অবজেক্টস অ্যান্ড রিজিন্‌সে, সরকারি নীতির সমর্থনে তিনি এটা করছেন। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা ওনাকে বলতে চাই, মাননীয় মন্ত্রী মহাশয় অনেক সময়ে বলে থাকেন তিনি সস্তার রাজনীতি করেন না, যা সত্য তাই বলেন, যা করার চেষ্টা করেন। কিন্তু একথা আপনার সরকার বোধ হয় মানেন না, যদি মানতো তাহলে আমাদের যে রাস্তাঘাট আছে—দিল্লিতে ৩০ লক্ষ গাড়ি চলে আর আমাদের এখানে ১০ লক্ষের কম গাড়ি চলে। আপনার যে এন্ট্রি পয়েন্ট আছে—হাওড়া থেকে কলকাতা, হুগলি, নর্থ এবং সাউথ ২৪-পরগনার দিক থেকে কলকাতায় ঢুকতে এই এন্ট্রি পয়েন্টে যতগুলি রাস্তা আছে তারা কি এই রাস্তাগুলি সম্বন্ধে বলে না ? পাবলিক ট্রান্সপোর্ট আপনার সঙ্গে মিট করছে, প্রতিদিন দরবার করছে।

[5.30—5.40 p.m.]

বলছি যে, মেইন মেইন রাস্তা, যেগুলো কলকাতায় ঢুকছে, সেগুলোকে বিশ্বমানের কথা ছেড়েই দিলাম, দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে বিশ্বমানের হলেও বাকিগুলোর ক্ষেত্রে কিছুই করতে পারেননি। এ ক্ষেত্রে আপনাদের ফেইলিওর আছে। তার জন্য আমার অনুরোধ, ব্যক্তি-মালিকানার ক্ষেত্রে আপনি রাজনীতিবিদ, সমাজসেবীদের কথা মাথায় রাখুন। তাদের উপর অ্যাডিশনাল ট্যাক্স, ওয়ান-টাইম ট্যাক্সের ব্যাপারে বলছি আমি। এটা যদি না দেখেন চলবে না, কারণ আজকাল মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্তদেরও গাড়ি আছে। তার জন্য এটা বলছি। অটো-রিকশা এবং মিনিবাস সম্বন্ধে আলোচনা হয়েছে ইনক্লুডিং প্রাইভেট বাসেস রেজিস্টার্ড ইন দি নেম অফ ইনডিভিজুয়ালস, এ ক্ষেত্রে ১৫ পারসেন্ট বৃদ্ধি, অর্থাৎ ১০০০ টাকা বাড়িয়েছেন। অটো-রিকশা, যেগুলোর রেজিস্ট্রেশন আছে, সেগুলো সবই প্রাইভেট ভেহিকেল্, ভাড়া খাটে। আর একটা জায়গায় আপনি বলেছেন যে, অটো-রিকশা এবং মিটার ট্যাক্সিকে বাদ দিয়েছেন। অথচ এখানে বলছেন—অটো-রিকশা অ্যান্ড অমনিবাসেস আদার দ্যান দোজ নট রেজিস্টার্ড অ্যাজ ট্রান্সপোর্ট ভেহিকেল্। এ সবই তো ট্রান্সপোর্ট ভেহিকেল্, যাত্রী বহন করে। অতএব, এই জায়গাটা আপনাকে একটু স্পষ্ট করে বলতে হবে। কলকাতা এবং শহরতলীতে যেসব অ্যাম্বুলেন্স আছে তার ৮০ পারসেন্ট হয় কোনো ক্লাবের, না হয় কোনো এন.জি.ও.-র, না হয় এম.এল.এ., এম.পি. ল্যাবের, না হয় কোনো বিশেষ সামাজিক সংস্থার। তারা সাধারণের কাছ থেকে চাঁদা তুলে অ্যাম্বুলেন্সগুলো চালান। কাজেই এ ক্ষেত্রে ট্যাক্স রেহাই দিলে আপনি ভাল কাজ করবেন। এখানে স্কুলবাস সম্বন্ধে অনেকে বলেছেন। আমি স্কুলবাস সম্পর্কে বলছি—অবশ্য মিশনারি স্কুল, যারা ছাত্রপিছু মাসে ৫০০ থেকে ২,০০০ টাকা পর্যন্ত ফি নিচ্ছেন, তাদের কথা বলছি না—কিন্তু শহর এবং শহরতলীতে অবস্থিত অনেক স্কুলে ছেলেমেয়েদের অভিভাবকরা স্কুলবাসে করে পাঠান। আজকে সেই গাড়িগুলোকে যদি ওভার-ট্যাক্স করেন তাহলে ছেলে-মেয়েদের পড়াশুনা ক্ষতিগ্রস্ত হবে। তারজন্য এ ক্ষেত্রে ট্যাক্স রেহাই দিতে বলছি। আর বড় বড় কোম্পানি, তাদের ক্ষেত্রে অ্যাডিশনাল ট্যাক্স করুন! কল-কারখানার ভেহিকেল্-এর ক্ষেত্রে কি করে আপনি ছাড় দিলেন ? আপনি হাউসকে জানাবেন যে কেন ছাড় দিলেন দোজ ভেহিকেলস্ ওনড্ বাই রেজিস্টার্ড কোম্পানিজ। কারণ সেক্ষেত্রে একটি গাড়ি কেনার ৫ বছরের মধ্যে ৫ থেকে ৮ লক্ষ টাকা ডেপ্রিসিয়েশন হতে পারে। কিন্তু সেই টাকাটা যদি ডেপ্রিসিয়েশন অ্যাকাউন্টে সরিয়ে রাখে তাহলে ৫ বছরে গাড়ির দাম উঠে আসতে পারে। এক-একটি কোম্পানির এক থেকে একশো গাড়ি রয়েছে, কিন্তু সেগুলোর উপর ট্যাক্স করলেন না। এ ব্যাপারে আমার অভিযোগ, আপনার দপ্তর আপনাকে মিসলিড্ করেছে। কি কারণে বাদ দিলেন ওদের ? যে হাউসগুলি ব্যবসা-বাণিজ্য করে, সার্ভিস ওরিয়েন্টেশনের সঙ্গে যুক্ত, তাদের উপর ট্যাক্স করলেন না ! আশা করব, এটা আপনি দেখবেন।

মিঃ ডেপুটি স্পীকার : নির্ধারিত সময়সীমা শেষ হয়ে আসার কারণে এই সময় সভার সম্মতিক্রমে আলোচনার সময় ৩০ মিনিট বৃদ্ধি করা হল।

শ্রী নির্মল ঘোষ : আমার মনে হয়েছে বলে বলতে হচ্ছে, সেই জায়গাটা অত্যন্ত সংগতপূর্ণ। ইনটার স্টেট যে ট্যাক্স সেটা অন্য রাজ্যে আছে। এমনভাবে বাড়াচ্ছেন যে অন্য রাজ্য থেকে বাস তো আসবে না। আপনার স্টেট ট্রান্সপোর্টের হাল হকিকৎ তো জানেন, ভাল নয়। আপনাকে ধার করে বাস কিনতে হচ্ছে। বাইরের রাজ্যের থেকে মাল, খাদ্যদ্রব্য নিয়ে আসবে, কারখানায় দেবে, ব্যবসা-বাণিজ্য বাড়বে। কিছু জায়গা ক্ষেত খামার, চা-বাগান এলাকা, ট্রাক্টর নিয়ে পাবলিক রোড দিয়ে যাবে এই সমস্ত কিছু কিছু জায়গা বাদ দিয়েছেন। কিন্তু আপনি যেভাবে অ্যাডিশনাল ট্যাক্স বাড়াচ্ছেন তাতে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য খাদ্যদ্রব্যের উপর প্রভাব পড়বে। আমাদের বাইরের রাজ্য থেকে মাছ আসে। যদি আসতে না পারে মাছের দাম যেখানে ৪০ টাকা আছে সেখানে ৭০-৮০ টাকা হয়ে যাবে। এই বিষয় আমি বিবেচনা করার জন্য বলব। আমরা যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি সেইগুলো একটু বিচার-বিবেচনা করুন। আপনি সংখ্যাধিক্যে পাশ করিয়ে নিয়ে যাবেন, বিরোধীরা বলছে বলে আপনি মেনে নিতে পারছেন না এটাও হতে পার। তবে কয়েকটি বিষয় যেগুলো বলেছি সেইগুলো যদি মেনে নেন তাহলে আমার মনে হয় ভাল হয়।

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের আলোচনায় যাঁরা অংশগ্রহণ করেছেন তাঁদের আমি স্বাগত জানাচ্ছি এবং স্বাগত জানিয়ে দু-একটি তাৎক্ষণিক মন্তব্য যেগুলি প্রাসঙ্গিক তার মধ্যে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। আমি সময় বেশি নেব না। আমাদের অর্থমন্ত্রী নির্ধারিত কিছু আর্থিক প্রস্তাব প্রথমেই রেখেছিলেন কোথায় কোথায় ট্যাক্স রাখবেন, কোথায় কোথায় অতিরিক্ত ট্যাক্স দেবেন না। স্বাভাবিক ভাবে অর্থ দপ্তর যে ভাবে নির্দেশ দিয়েছেন, অর্থমন্ত্রী তাঁর বক্তব্যের মধ্যে যে ভাবে বলেছিলেন তার বাইরে আমার এই মুহূর্তে যাওয়ার কোনো সুযোগ নেই। কাকে ছাড় দেওয়া হয়েছে কাকে বাদ দেওয়া হয়েছে এটা আমার দপ্তরের পক্ষে বিবেচনা করা যাবে না। সামগ্রিক ভাবে একটা প্রক্রিয়া আছে। অতীশবাবু এটা ভাল করে জানেন। সরকারি কাজে যে পদ্ধতি, একটা বিল আসবার আগে যে প্রক্রিয়াগুলি অবলম্বন করে আসে সেটা একটা দায়িত্ববোধের ভেতর দিয়ে আসে। আমার দপ্তর সেই দায়িত্ববোধের মধ্যে সীমাবদ্ধ। সেই জায়গায় দাঁড়িয়ে আমার প্রথম কথা হচ্ছে পূর্ব নির্ধারিত। অর্থমন্ত্রী নির্দিষ্ট একটা প্রস্তাব দিয়েছেন যে এই এই বিষয়ের উপর অতিরিক্ত কর বসবে। দুটি সমস্যা আমার একটা সময় হয়েছে, সেটা হচ্ছে অ্যাডিশনাল ট্যাক্স নামটা। এই নামটা পূর্ব নির্ধারিত। আসলে অ্যাডিশনাল ট্যাক্স ১৯৪৯ সালে যেভাবে নামাঙ্কিত হয়েছে তার সঙ্গে আমরা কিছু যোগ করেছি। সরকার যে কোনো সিদ্ধান্ত নেয় কর বৃদ্ধি সম্পর্কে আয় বাড়াবার সম্পর্কে জনগণের উপর কর বসাবার সম্পর্কে, তখন তার একটা প্রক্রিয়া আছে। মাননীয় সদস্যদের আমি জিজ্ঞাসা করতে চাই যে ১৯৭৯ সালে একটা অ্যামবাসাডার গাড়ির দাম কত ছিল আপনি স্মরণ করুন। ১২ হাজার টাকা থেকে ১৪ হাজার টাকা। ১৯৮০ সালে সেটা বেড়ে হয় ২০ হাজার টাকা থেকে ২২ হাজার টাকা। আজকে একটা অ্যামবাসাডার গাড়ির দাম কত ? এ.সি. গাড়ি হলে ৪ লক্ষ টাকার নীচে নয়, প্রায় সাড়ে ৪ লক্ষ টাকা। স্বাভাবিক ভাবে যে রেটে অন্যান্য জিনিসের দাম বেড়েছে, গাড়ি থেকে পুঁই শাক পর্যন্ত, সেই অনুপাতে বাড়েনি। আমি অন্যান্য সব রাজ্যের খবর খুব

একটা জানি না, এই মুহূর্তে আমাদের রাজ্যের মানুষের কিছুটা স্বস্তি এবং বোঝা কমাবার প্রচেষ্টা আমরা নিয়েছি। তুলনামূলকভাবে আমাদের পার্শ্ববর্তী রাজ্যের খবর নিয়ে দেখেছি বড়ো বড়ো রাজ্যগুলির খবর নেওয়া সম্ভব হয়নি, তাদের থেকে আমরা কম রেখেছি।

[5.40—5.50 p.m.]

এখানে বললেন ফ্ল্যাট রেট করলেন কেন সেই ব্যাপারে বলছি—এটা সুবিধার জন্য, হিসাবের সুবিধার জন্য করেছি। এতে সব মুড়ি-মুড়কির এক দর এবং মোটামুটি এতে সুবিধা হবে বলেই করেছি। তবে তুলনামূলকভাবে অন্য জায়গার থেকে কম। এটা বৃদ্ধি করে ৭ হাজার করেছি, আগে ৬ হাজার ছিল, ১ হাজার বেড়েছে। অতীশবাবু একটু বুঝতে ভুল করেছেন, সব জায়গাতেই ১ হাজার বেড়েছে। হয়তো ভাষার কিছু অসুবিধা এতে থাকতে পারে, আমি দপ্তরের সঙ্গে অলোচনা করে যদি অ্যাপ্রোপ্রিয়েট ল্যাঙ্গুয়েজ বসানো যায় এবং আরো স্পষ্ট করে ভাষা ব্যবহার করা যায় বিলেতে সেটা নিয়ে কথা বলবো। আসলে এটা পূর্ব নির্ধারিত সিদ্ধান্ত অনুযায়ী বিধানসভাতে এটা আনা হয়েছে। যদিও এটা আনতে আমাদের একটু দেরি হয়েছে। এই বিল নিয়ে অনেক কথা উঠেছে। এটা জানাবেন এক একটা সময়ে এক একটা জিনিস প্রাধান্য পায়—সরকারের এখন এক ধরন, আরেক সময়ে আরেক ধরন এবং সেইভাবে বিল নিয়ে আসা হয়। কখনো কখনো অর্থ বিষয়ে বিল পাশ হয়, কখনো রাজনীতি বিষয়ে, আবার অনেক সময়ে সাংস্কৃতিক বিষয়ে বিল পাশ হয়। এইবার বাজেটের পরে যে বিষয়গুলো এসেছে তাতে আমাদের বিভাগের পক্ষ থেকে বলেছি একটা সুনির্দিষ্ট প্রস্তাব আমাদের দেওয়া ছিল। কিন্তু আমরা আমাদের কার্যকারণে এই বিলটি তৈরি করতে পারিনি। এর পরীক্ষা-নিরীক্ষা করে অনুমোদন পেতে গেলে যে ভাবে করতে হয় সেটা গত বাজেট সেসানে করে উঠতে পারিনি। আমাদের সেটা যদি দুর্বলতা বলেন সেটা হতে পারে এবং তার জন্য আমরা রেট্রোস্পেকটিভ অ্যাফেক্টও দিইনি। ২০০৩ সাল থেকে চালু করার কথা বলেছি। বিরোধীরা এর সমালোচনা করে বিরোধিতা করেছেন, আপনারা সমালোচনা না করলে বাইরে গিয়ে মার খাবেন আর আমাদের সমর্থন না করলে অস্বস্তির মধ্যে পড়তে হবে। আর অ্যাম্বুলেন্সের ব্যাপারে বলেছেন—অ্যাম্বুলেন্সের ক্ষেত্রে আমাদের রাজ্য সরকারের এখানে সঠিক এবং সুনির্দিষ্টভাবে ঘোষিত বক্তব্য—যারা কমার্শিয়ালি অ্যাম্বুলেন্স ব্যবহার করেন—যেমন আমাদের বড়ো বড়ো নার্সিং হোমগুলো, বড়ো বড়ো হাসপাতালগুলো সেখানে ঢালাওভাবে ছাড় দেওয়া যায় না। কিন্তু সুনির্দিষ্ট কোনো প্রস্তাব কোনো এম.এল.এ. বা কোনো মাননীয় সদস্য নিয়ে আসেন সেটা বিবেচনা করে তার কর ছাড় দেবো। কিন্তু কাদের ফেরত দেবো—যারা ব্যবসা করছে তাদের ক্ষেত্রে। তাদেরকে এই করের আওতা থেকে ছাড় দেওয়া সম্ভব নয়। আর ভরতুকি কাদের দেবো যারা ব্যবসা করছে তাদেরকে ? এ ক্ষেত্রে যদি কেউ আবেদন করেন সরকারের কাছে যে তিনি নন কমার্শিয়াল অ্যাকটিভিটিজের সঙ্গে আছেন সে ক্ষেত্রে কর ছাড় দেওয়া হবে। আর তাপস চ্যাটার্জি খুব সঠিকভাবেই বলেছেন যে এই বিলের উদ্দেশ্য বিস্তারিতভাবে এখানে বলা নেই। পূর্ব নির্ধারিত বিষয়কে কেন্দ্র করে বাজেটে পরিবহন বিভাগের পক্ষ থেকে পলিসি স্টেটমেন্ট ইস্যু করা সম্ভব হয়নি। তাপস চ্যাটার্জি সঠিকভাবেই বলেছেন

পরিকাঠামোগত উন্নয়নকে সহজতর করার তাগিদকে সামনে রেখে এই বিলটি গ্রহণ এবং পরিকাঠামো গড়ার জন্য এটা করা হয়েছে সুনির্দিষ্টভাবে যদি বিলটিতে লেখা থাকতো তাহলে ভাল হত। তাপস চ্যাটার্জি যে কথা বলেছেন পরবর্তী ক্ষেত্রে সেটা রাখবার চেষ্টা করবো। ১৯৮৯ সালের পর থেকে প্রায় ১৪ বছর পরে আজকে এই অ্যামেন্ডমেন্ট এনেছি। অন্য কোনো রাজ্যে এতো দীর্ঘদিন বাড়ানো হয়নি এইরকম নেই। অন্যান্য রাজ্যে প্রতি বছরই কিছু না কিছু বেড়েছে। আর এখানে যে ফারাক হয়েছে ১০০,৫০ এর। এই পরিস্থিতিতে মাননীয় সদস্যদের আবেদন করবো এই বিলটিকে সমর্থন করে সরকারকে সাহায্য করবেন এই বিলটিকে কার্যকরী করতে, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Subhas Chakraborti that the West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002 be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker: There is amendment (no. 3, (i) to (xxi) ; List - I) to clause 2 by Shri Kashinath Mishra. I call upon Shri Mishra to move his amendment. ..... (pause) ..... Shri Mishra has not move his amendment, the amendment is not moved.

There are also amendments to clause 2 by Shri Nirmal Ghosh being amendment nos. 1, 3, 5 & 6 (List - II) and Shri Saugata Roy being amendment nos. 2 & 4 (List - II). I now call upon Shri Ghosh and Shri Roy to move their amendments.

1. **Shri Nirmal Ghosh :** Sir, I beg to move that in Clause 2, in Schedule I, in Sl. No. A(1), in Column 2, for the figure "1000/-" the figure "100/-" be substituted.

2. **Shri Saugata Roy :** Sir, I beg to move that in Clause 2, in Schedule I, in Sl. No. A(1), in Column 2, for the figure and words "50% of the tax ..... plus Rs. 1000/-" the figure and words "25% of the tax is payable under the West Bengal Motor Vehicles Tax Act, 1979" be substituted.

3. **Shri Nirmal Ghosh :** Sir, I beg to move that in Clause 2, in Schedule I, in Sl. No. A(2), in Column 2, for the figure "1000/-" the figure "100/-" be substituted.

4. **Shri Saugata Roy :** Sir, I beg to move that in Clause 2, in Schedule I, in Sl. No. A(3), in Column 2, for the figure and words "50% of the tax ..... plus Rs. 1000" the figure and words "25% of the tax which is payable under the West Bengal Motor Vehicles Tax Act, 1979" be substituted.

5. **Shri Nirmal Ghosh :** Sir, I beg to move that in Clause 2, in Schedule I, in Sl. No. B.1(e) (i), in Column 2, for the figure "2000/-" the figure "500/-" be substituted.

6. **Shri Nirmal Ghosh :** Sir, I beg to move that in Clause 2, in Schedule I, in Sl. No. B.1.(e) (ii), in Column 2, for the figure "3000/-" the figure "1000/-" be substituted.

Shri Subhas Chakraborti : Sir, I don't accept the amendments.

The motions of

1. **Shri Nirmal Ghosh :** That in Clause 2, in Schedule I, in Sl. No. A(1), in Column 2, for the figure "1000/-" the figure "100/-" be substituted, and

2. **Shri Saugata Roy :** That in Clause 2, in Schedule I, in Sl. No. A(1), in Column 2, for the figure and words "50% of the tax ..... plus Rs. 1000" the figure and words "25% of the tax is payable under the West Bengal Motor Vehicles Tax Act, 1979" be substituted, and

3. **Shri Nirmal Ghosh :** That in Clause 2, in Schedule I, in Sl. No. A(2), in Column 2, for the figure "1000/-" the figure "100/-" be substituted, and

4. **Shri Saugata Roy :** That in Clause 2, in Schedule I, in Sl. No. A(3), in Column 2, for the figure and words "50% of the tax ..... plus Rs. 1000" the figure and words "25% of the tax which is payable under the West Bengal Motor Vehicles Tax Act, 1979" be substituted, and

5. **Shri Nirmal Ghosh :** That in Clause 2, in Schedule I, in Sl. No. B. 1(e) (i), in Column 2, for the figure "2000/-" the figure "500/-" be substituted, and also

6. **Shri Nirmal Ghosh :** That in Clause 2, in Schedule I, in Sl. No. B.1.(e) (ii), in Column 2, for the figure "3000/-" the figure "1000/-" be substituted.

were then put and lost.

Mr. Deputy Speaker : There are also amendments to Clause 2 by Shri Tapas Roy being amendment nos. 4, 6, 8, 10, 11 (i to ix) (List - III) and Shri Asok Kumar Deb being amendments nos. 5, 7, 9 (i & ii) (List - III). I now call upon Shri Roy and Shri Deb to move their amendment. ... (pause) ... Shri Roy and Shri Deb have not moved their amendment, the amendments are not moved.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Subhas Chakraborti : Sir, I beg to move that the West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

[5.50—6.00 p.m.]

শ্রী তাপস রায় : স্যার, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি। আপনি প্রাইভেট ভেহিকেলস্, লাক্সারি বাস, ডিলাক্স বাস, এক্সপ্রেস বাস, অটো রিকশা, অ্যাম্বুলেন্স সব ক্ষেত্রেই এক হাজার টাকা করে অ্যাডিশনাল ট্যাক্স বসিয়েছেন। আপনার অদায়ের সুবিধার জন্য প্রত্যেকটি ক্ষেত্রেই আপনি এক হাজার টাকা করে বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। তিন, চারটি ক্ষেত্রে এটা কমানোর জন্য আপনাকে ভাবনা-চিন্তা করার অনুরোধ করছি এবং অ্যাম্বুলেন্সের ক্ষেত্রে যেটা বাড়িয়েছেন সেটা কমানোর জন্য আবেদন করছি। পি.ভি.ডি.-র অফার লেটার পাওয়ার পরেও তিন মাস সময় লেগে যায় এবং ন্যাশানাল পারমিটের ক্ষেত্রে দেড় মাস সময় লেগে যায়, এইসব ব্যাপারগুলো আপনি একটু দেখুন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করছি আপনি বিষয়টি একটু ভেবে দেখুন। আপনি সব গাড়ির ক্ষেত্রেই এক হাজার টাকা করে বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু যেগুলো পুরাতন মডেলের গাড়ি, যেগুলো ষাটের দশকের বা সত্তরের দশকের গাড়ি সে পেট্রোলই হোক বা ডিজেলই হোক সেইগুলোর ক্ষেত্রে আপনি ফ্ল্যাট রেটে বাড়াবেন না। এই ব্যাপারটা আপনাকে দেখতে হবে ও কনসিডার করতে হবে। আর অ্যাম্বুলেন্সের ক্ষেত্রেও আপনাকে কনসিডার করতে হবে। আপনি বলেছেন আপনাকে জানাতে হবে, কিন্তু আপনাকে জানানোর আগেই তো পুলিশ ব্যবস্থা নিয়ে নেবে, তখন তো রোগীরা একটা বিপদে পড়বে। তাই এই ব্যাপারগুলো আপনাকে দেখতে অনুরোধ করছি।

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্য গাড়ি সম্পর্কে আমি মন্তব্য করবো না। মাননীয় সদস্য কাশীনাথ বাবু এবং তাপস রায় অ্যাম্বুলেন্সের সম্পর্কে ভাবনা-চিন্তা করতে বলেছেন। যদি অ্যাম্বুলেন্স কমার্শিয়াল ভাবে ব্যবহার না হয়, তাহলে এই বৃদ্ধি স্থগিত রাখার ব্যাপারে আমি চিন্তা-ভাবনা করব। বিধানসভা দু-একদিনের মধ্যেই বন্ধ হয়ে যাবে। কিন্তু এই ব্যাপারে আমরা যে সদর্থক ভূমিকা নেব সেটা এম.এল.এ.-দের জানিয়ে দেব।

The motion of Shri Subhas Chakraborty that the West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.54 p.m. till 11 a.m. on Tuesday, the 17th December, 2002, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 17th December, 2002 at 11 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 11 Ministers, 08 Ministers of State and 150 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

Labour Officer's death

*44 (Admitted Question No. *101) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the Labour Department be pleased to State—

(a) whether it is a fact that a labour officer of Rishra Hastings Jute Mills injured by a group of workers, died on 15th October, 2002 ; and

(b) if so, how many such attacks on the management personnel took place from June 2001 to date in the State ?

Shri Mohammad Amin :

(a) Yes.

(b) One more such incident occurred in M/s Antartica Ltd. Falta Export Processing Zone in the month of July, 2001.

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্ন করার আগে বলি—বিধানসভার পশ্চিম গেট দিয়ে যখন এই সচিবালয়ের কর্মচারীরা ঢুকছিল, তখন পুলিশ তাদের উপর শারীরিক বলপ্রয়োগ করে। অলোক চ্যাটার্জী, উদয় ঘোষ, বিশ্বজিৎ পাঠক, মানিক রায় ঘটক, চারজন পুলিশের হাতে আক্রান্ত হয়। মানিক রায় ঘটককে গেট থেকে টানতে টানতে ঘরে নিয়ে যায়। আজকে যদি এই সচিবালয়ের কর্মচারীদের এই অবস্থা হয়, তাহলে বলতে হয় পুলিশি রাজ কায়েম হয়ে গেছে। অ্যাসেম্বলি চলার সময় পুলিশের জুরিসডিকশন চলছে। তার উপর গায়ে হাত দিচ্ছে, শারীরিকভাবে আক্রান্ত হচ্ছে। কর্মচারীরা এইভাবে নিগৃহীত হলে একটা ব্যবস্থা হওয়া দরকার।

মিঃ স্পীকার : আপনার প্রশ্ন করুন।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী উত্তরে বলেছেন হ্যাঁ এবং আন্টার্টিকায় এ রকম ঘটনা ঘটেছে। মুখ্যমন্ত্রী এখন সমস্ত বণিকসভায় গিয়ে বলছেন পশ্চিমবাংলা শিল্পের মরূদ্যান। এতদিন শান্তির মরূদ্যান বলছিলেন, এখন আর বলেন না। কেননা মরূদ্যানে রক্তের ছোপ ছোপ দাগ পড়ে গেছে। শিল্পের মরূদ্যানে শিল্পপতিদের আহ্বান করছেন। ককটেল পার্টিতে সেজেগুজে যাচ্ছেন, চার তারা হোটেলে ভাষণ দিচ্ছেন, ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার হচ্ছে। কিন্তু এখানে কারখানা পরিচালকদের উপর ক্রমাগত হামলা হচ্ছে। এতে পশ্চিমবাংলার যে শিল্পের বাতাবরণ সৃষ্টি হচ্ছে, তা কি অন্যান্য রাজ্যের শিল্প উদ্যোগীদের এখানে ডেকে আনার পক্ষে উপযোগী মনে করেন ?

শ্রী মহম্মদ আমিন : কারখানায় অশান্তি হলে সেটা দুঃখের। দু বছরে দুটো ঘটনা ঘটেছে। দুটোই দুঃখজনক। দুটোতেই কেস হয়েছে। একটা কেসে শাস্তিও হয়ে গেছে। হুগলির কেসে কয়েকজন অ্যারেস্ট হয়েছে। মামলা চলছে। এ রকম কোনো ভায়োলেন্স হলে সেটা ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটের সঙ্গে যুক্ত কিনা বোঝা মুশকিল, কোর্টে গেলে বোঝা যায়। আন্টার্টিকার ঘটনা ছিল, একজন ওয়ার্কারকে ডিসমিস করেছিল ম্যানেজমেন্ট। কন্সিলিয়েশন হল, তারপর ট্রাইবুনালে রেফার করা হল। কিন্তু সেই লোক বিক্ষুব্ধ হয়ে কারখানার বাইরে আক্রমণ করল। আর হুগলির ব্যাপারটা কি কারণে হয়েছিল সেটা জানা যায়নি, মামলা শেষ হলে জানা যাবে। তবে অশান্তি যাতে না হয়, সেদিকে সরকার সতর্ক আছে।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে শ্রমিক কর্মচারীদের মধ্যে অসন্তোষ হচ্ছে, তার কারণ আপনার দপ্তরের সার্বিক ব্যর্থতা। মালিকরা ই.এস.আই., প্রভিডেন্ট ফান্ডের টাকা মেরে দিচ্ছে। শ্রমিকরা কারখানায় কাজ করতে গিয়ে দেখছে যে, কারখানাকে সিজ অফ ওয়ার্ক করে দিয়ে কারখানাকে একতরফাভাবে নোটিশ করে দিয়েছে। ট্রেড ইউনিয়নের সঙ্গে আলাপ আলোচনা করে ট্রাইপারটাইট নেগোশিয়েশন করার পরেও ব্যর্থ হয়ে মালিক পক্ষ একতরফাভাবে কারখানা বন্ধ করে দিচ্ছে এবং সরকারের তরফ থেকে বলা হচ্ছে যদি কেউ আন্দোলন করতে যায়, তাদের লাঠিপেটা করা হবে। মুখ্যমন্ত্রী বলছেন আজকে শ্রমিকদের লাঠিপেটা করার কথা। সরকার রাইটার্স বিল্ডিং থেকে বসে লাঠিপেটা করার কথা বলছেন। আর মালিক পক্ষ এতে প্রশ্রয় পেয়ে কারখানা লক-আউট করে দিচ্ছে, উইন্ড আপ করে দিচ্ছে। সরকারের তরফ থেকে রক্ষাকবচ হিসাবে যাতে ব্যবস্থা নেয়, শ্রমিকরা যাতে ন্যায্য বিচার পায় এবং নেগোশিয়েশন-এর সময় মালিক পক্ষ যাতে হাজির থাকে এবং সরকারের তরফ থেকে শ্রমিক পক্ষের হয়ে সওয়াল করার জন্য শ্রমিকদের পাশে দাঁড়ানোর জন্য কি ব্যবস্থা নিয়েছেন—যার ফলে শ্রমিকরা আলোচনার টেবিলে যাবে, মারামারির পথে যাবে না ?

শ্রী মহম্মদ আমিন : শ্রমিকদের লাঠিপেটা করার কথা সরকার বলেননি। মুখ্যমন্ত্রী কি বলছেন সেটা তো আপনি বলছেন। এখানে তো আপনি বলছেন।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : এটা আমি বলিনি। মুখ্যমন্ত্রী যা বলেছেন, সেটা আমি কোড করেছি।

শ্রী মহম্মদ আমিন : ভায়োলেন্স ইজ নট এ পার্ট অফ দ্য ট্রেড ইউনিয়ন মুভমেন্ট। তবে কোন জায়গায় ঘটনা ঘটলে আইন যা আছে, আইন অনুযায়ী ব্যবস্থা হবে। আমরা এটা কখনো এনকারেজ করি না। শ্রমিক মালিক বিরোধ যখন আমাদের কাছে নোটিশ আসে, তখন লেবার ডিপার্টমেন্ট ইন্টারভেন করে ট্রাইপারটাইট মিটিং করে এবং ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের যে প্রভিশন সেটাকে ফলো করা হয়।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করতে চাই যে, গত দু হাজার এক দু হাজার দুই-এর আজ পর্যন্ত শ্রমিক বিরোধ নিয়ে পশ্চিমবঙ্গে কত কারখানা বন্ধ হয়ে গেছে এবং ট্রাইপারটাইট নেগোশিয়েশনের ফলে, আপনার হস্তক্ষেপের ফলে কটা কারখানা খুলেছে বা খোলেনি।

শ্রী মহম্মদ আমিন : এই প্রশ্নের সঙ্গে এখানে সামঞ্জস্য নেই।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : এটা ভায়োলেন্ট হচ্ছে। শ্রমিকরা জাস্টিস পাচ্ছে না। মালিকরা আপনাদের কাছ থেকে পারমিশন নিয়ে জমি বিক্রি করে দিচ্ছে। সেই জন্য নেগোশিয়েশন না হয়ে ভায়োলেন্ট হচ্ছে। আর এখানে আপনি বলছেন ভায়োলেন্স ইজ নট এ পার্ট অফ দ্য ট্রেড ইউনিয়ন মুভমেন্ট, but the Government is forcing the workers to go on for violance. আপনি বলবেন না কারখানা বন্ধ হওয়ার জন্য কে দায়ী ? কটা কারখানা বন্ধ হয়েছে ? কটা নেগোশিয়েশন করা হয়েছে ? কটা খুলেছে ? Sir, is it not relevant ? I seek your justice, Sir.

শ্রী মহম্মদ আমিন : দ্য কোয়েশ্চেন ইজ রেলেভেন্ট। কিন্তু দু বছরে কত কারখানা বন্ধ হল, কত নেগোশিয়েশন হল, কত খুলল, এটা আমার পক্ষে মনে রাখা সম্ভব নয়।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনি মনে রাখবেন না। you must come prepared. Sir, once again I seek your intervention.

Mr. Speaker : There is an another question Admitted Question No. *164. Subsequently when that question will come, he will reply.

[11.10—11.20 a.m.]

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, আজকে শ্রমিকরা ন্যায্য বিচার পাচ্ছে না। মালিকরা একতরফাভাবে কারখানা বন্ধ করে দিচ্ছে এবং অতিরিক্ত জমি বিক্রি করে দিয়ে কারখানায় টাকা ঢালবে বলে সরকারের কাছ থেকে পারমিশন নিচ্ছে, কিন্তু সেই টাকা কারখানায় লগ্নি হচ্ছে না। আপনি জানেন যে, জয় ইঞ্জিনিয়ারিং কোম্পানির অতিরিক্ত জমি বিক্রি করতে দিয়েছিলেন। কিন্তু তার এক নম্বর ইউনিটটি বন্ধ হয়ে গেছে। দু নম্বর ইউনিট সেলাই মেশিন এবং ফ্যান দুটো চালাবে বলে কথা হয়েছে। ৫০ হাজার সেলাই মেশিন এবং ৮০ হাজার ফ্যান হবে বলে চুক্তি হয়েছে কিন্তু দু মাস ধরে শ্রমিকদের বলা হচ্ছে তোমাদের কাজে আসতে হবে না তোমরা বাড়ি বসে মাইনে পেয়ে যাবে। এরপর শ্রমিকরা অ্যাজিটেটেড

হচ্ছে। এই যে কারখানার মালিকরা একতরফাভাবে কারখানা বন্ধ করছে, সরকারের অনুমতি নিয়ে জমি বিক্রি করছে এইগুলোই শ্রমিকদের অ্যাজিটেটেড করছে, এইগুলোই তাদের নেগোশিয়েশনের পথ থেকে সরিয়ে এনে আন্দোলনের পথে যেতে বাধ্য করছে। এই ক্ষেত্রে মালিকরা যাতে আপনার শাসনের আওতায় থাকে তার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন বা ব্যবস্থা নেওয়ার জন্য আপনারা কোনো পরিকল্পনা আছে কি ?

শ্রী মহম্মদ আমিন : বন্ধ কারখানার জমি বিক্রি করার ব্যাপারটা ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের সাথে রিলেটেড। এই বিষয়টা লেবার ডিপার্টমেন্টের আওতায় আসে না।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, ইন্ডাস্ট্রি যদি বন্ধ হয়ে যায় তার ডাইরেক্টলি এফেক্ট হচ্ছে ওয়ার্কারদের, সুতরাং the question which is very relevant. Industrial Development department has given permission but the workers are being directly hit. What protection your department is given to protect these workers who are going to be retrenched or who are going to be ousted from the concerned institution. What steps you are going to take and you are thinking to take ?

শ্রী মহম্মদ আমিন : এটা তো জেনারেল কোনো কথা বলা যায় না। এটা কেস টু কেস বিচার করতে হয়। লেবার ডিপার্টমেন্টের করার মতো ব্যাপার থাকলে আমরা ইন্টারভেন করি। জমি বিক্রির ব্যাপারটা থাকে ইন্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্টের আওতায়। It has nothing to do with the Labour Department.

শ্রী আবু আয়েশ মণ্ডল : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়-এর আমি জিজ্ঞাসা করতে চাই রিষড়া হেষ্টিংস জুট মিলে মালিক এবং শ্রমিকদের অসন্তোষের মূল কারণ বোনাস দেওয়া, না দেওয়াকে কেন্দ্র করে। শ্রমিকদের মজুরি বোনাস আইনে স্থিরিকৃত যে মাসের মাইনে সাড়ে তিন হাজারের বেশি হলে মালিকরা বোনাস দিতে চায় না। এই বোনাস আইন অ্যাক্ট সংশোধন করে আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছেন কিনা, যদি করে থাকেন তাহলে কি ফল দাঁড়িয়েছে ?

শ্রী মহম্মদ আমিন : পেমেন্ট অব বোনাস অ্যাক্ট অনুযায়ী সাড়ে তিন হাজারের বেশি টাকা বেতন হলে বোনাস পাওয়ার কথা না এবং এই কথা এক অংশের মালিক বোনাস দিতে চায় না তবে কোনো কোনো ক্ষেত্রে বোনাস না দিয়ে এক্সগ্র্যাশিয়া পেমেন্ট করা হয়। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে বারবার বলে আসছি যে পেমেন্ট অব বোনাস অ্যাক্ট অ্যামেন্ড করুন কিন্তু এখনও পর্যন্ত সেটা করেননি।

শ্রী আবদুল মান্নান : স্যার, পঙ্কজবাবু যে প্রশ্ন করেছেন মাননীয় মন্ত্রী সে সম্বন্ধে কিছু বললেন না। এই রকম ঘটনা শুধু রিষড়া জুট মিল নয়, কিছুদিন আগে বরানগর জুট মিলেও ঘটেছে, ডালহৌসী জুট মিলে ঘটেছে, এখানকার পার্সোনাল ম্যানেজারকে খুন করা

হয়েছে। এই রকম একটা ট্রেন্ড চলছে কয়েক বছর ধরে। শ্রমিকরা আর কোনো কনসিলিয়েশনে বিশ্বাস করে না, এক শ্রেণির শ্রমিক সরকারের প্রতি আস্থা হারিয়েছে। আমি আপনাকে কোন ব্যক্তিগত আঘাত করতে চাই না, আমি শুধু জানতে চাই যখন শ্রমিকরা অনাহারে দিন কাটাচ্ছে তখন কিন্তু মাননীয় মন্ত্রী আপনার পক্ষ থেকে কোনো উদ্যোগ নিয়ে বৈঠক করা হয়নি, বেশিরভাগই অফিসারের উপর ছেড়ে দেওয়া হয় অফিসারদের মালিকরা তোয়াক্কা করে না, যার ফলে শ্রমিকদের অস্থিরতা দেখা দিচ্ছে। আমি আপনাকে জিজ্ঞেস করতে চাই আপনি হেস্টিংস জুট মিলের ব্যাপারে শ্রমিক, মালিকদের নিয়ে কতবার ট্রাইপাটাইট মিটিং ডেকেছেন, শুধু হেস্টিংস জুট মিল নিয়ে, কতবার আলোচনায় বসেছেন ?

আপনি ট্রেড ইউনিয়ন লিডার, আপনি কংগ্রেস আমলে দেখেছেন, বিধানসভা বয়কট করেছেন, ডাঃ গোপালদাস নাগ বিভিন্ন সময় মিটিং ডেকেছেন মালিকপক্ষকে নিয়ে। ৮ই মে ১৯৭২ ঐতিহাসিক চুক্তি হয়েছে আপনাদের নিয়ে এবং মালিকপক্ষকে নিয়ে, সেখানে ট্রাইপাটাইট এগ্রিমেন্ট হলো, শ্রমিকদের ৪৫ টাকা মাহিনা বেড়ে গেলে। কিন্তু ৫২ দিন স্ট্রাইক হওয়ার পরেও আপনারা কোনো মিটিং করলেন না মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষদের নিয়ে। সরকারি আমলাদের উপর নির্ভর না করে মন্ত্রী হিসাবে এই জুট মিলের সমস্যার সমাধান করার জন্য আপনি নিজে কতবার মিটিং করেছেন এই মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষদের নিয়ে।

মিঃ স্পীকার : নট অ্যালাউড।

শ্রী তপন হোড় : স্যার, অতিরিক্ত প্রশ্ন এটা ঠিক রিষড়া হেস্টিংস জুটমিলে দুঃখজনক ঘটনা ঘটেছে। কিন্তু এমন একটা বাতাবরণ তৈরি করা হচ্ছে পশ্চিমবাংলায় যাতে ওয়ার্কারদের উপর চাপ এসে পড়ছে, যেন ওয়ার্কাররাই সমস্ত ঘটনার জন্য দায়ী। লেবার ডিসপিউটের জন্য কতগুলি ঘটনা ঘটছে ? বিশ্বায়নের যে প্রভাব অথবা মার্কেট ইকনমির যে প্রভাব তার ফলেই আজকে অস্থিরতা বাড়ছে এবং কারখানাগুলির ম্যানেজমেন্টের ক্ষেত্রেও অসুবিধা সৃষ্টি হচ্ছে। আজকে এটা সঠিকভাবে বলা দরকার, কারণ আজকে যাবতীয় ঘটনা ওয়ার্কারদের উপরে মালিকপক্ষ বা সাধারণ মানুষ এমনভাবে বলছেন যেন শ্রমিকরাই দায়ী। এই বিষয়ে আলোচনা করার দরকার আছে। কতগুলি ঘটনা লেবার ডিসপিউটের জন্য অথবা বিশ্বায়নের প্রভাবে ঘটছে সেটা আপনি বলবেন ?

শ্রী মহঃ আমিন : তপনবাবু যে প্রশ্নটা করেছেন সেটা ঠিক। গত বছর ১৫টা জুটমিল বন্ধ ছিল, এক এক করে নেগোশিয়েশন করে সবকটা খোলা হয়েছে। দুটি মিল আগে থেকেই বন্ধ ছিল, সেটা হলো নিউ সেন্ট্রাল এবং গৌরীপুর। এছাড়া সবগুলি চলছে। লেবার ইন ওয়েস্ট বেঙ্গল সেটা গত বছর বেরিয়েছে তাতে দেখলে দেখবেন এখন স্ট্রাইকের সংখ্যা কমে যাচ্ছে। এখন সাসপেনশন অফ্ ওয়ার্ক এবং লক্-আউটের সংখ্যা বেড়ে গেছে। কিছু দিন আগে রিজার্ভ ব্যাঙ্কের একটা অল্ ইন্ডিয়া সার্ভে বেরিয়েছে তাতে বলা হয়েছে সারা ভারতবর্ষে যত কলকারখানা বন্ধ আছে তার ২ পারসেন্ট বন্ধ আছে লেবার ডিসপিউটের জন্য এবং ৯৮ পারসেন্ট বন্ধ হয়েছে অন্যান্য কারণে।

[11.20—11.30 a.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রশ্ন করার আগে আবার বলছি আজকে অ্যাসেম্বলির গেটে স্টাফদের উপর যে ঘটনা ঘটেছে সেটা আপনি একটু দেখবেন। আমার প্রশ্ন বলছি, আজকে শুধু হেস্টিংস জুটমিল বলেই নয় সমস্ত জুটমিলের উপরে যেভাবে মালিকরা শ্রমিকদের উপর একতরফা আক্রমণ চালিয়ে যাচ্ছে, তাদের পি.এফ., ই.এস.আই., গ্র্যাচুইটির টাকা আত্মসাৎ করছে। এবং কথায় কথায় লক-আউট হচ্ছে। আপনার স্টেটমেন্ট অনুযায়ী লক-আউটের জন্য বেশি বন্ধ হচ্ছে স্ট্রাইকের জন্য নয়। এই রকম একটা অবস্থায় অসহায় শ্রমিকদের সমস্যার প্রতিকার প্রতিবিধানের জন্য শ্রমমন্ত্রী হিসাবে আপনি কি করছেন ? আপনি হচ্ছেন কষ্টডিয়ান অফ দি ইন্টারেষ্ট অফ দি ওয়ার্কিং ক্লাস, লেবারস অফ দি স্টেট। তাহলে পশ্চিমবঙ্গের শ্রমিকরা তো আপনার কাছে অনেক কিছু আশা করেন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি মাননীয় মুখ্যমন্ত্রী বারবার হুমকি দিচ্ছেন এবং শিল্পপতিদের সভায় গিয়ে বলছেন আন্দোলন মাত্রা ছাড়া হলে শ্রমিকদের উপর লাঠি চালানো হবে। শ্রমিকদের প্রাপ্য পি.এফ., ই.এস.আই., গ্রাচ্যুইটির টাকা না দেওয়া হলে বামফ্রন্ট সরকার বিধি-নিষেধের মধ্যে ব্যবস্থা নিতে পারতেন। আমি জানতে চাইছি রাজ্য সরকার তার পরিবর্তন করেছেন কিনা ? যদি না করে থাকেন তাহলে অসহায় শ্রমিকরা যেভাবে মালিকদের দ্বারা আক্রান্ত হচ্ছেন তার পরিপ্রেক্ষিতে আপনারা কি নির্দিষ্ট পদক্ষেপ নিচ্ছেন ?

শ্রী মহঃ আমিন : বামফ্রন্ট সরকারের শ্রমিক-নীতি যা ছিল তাই আছে। আমরা শ্রমিকদের প্রতি সহানুভূতিশীল। কিন্তু পি.এফ., ই.এস.আই., গ্রাচ্যুইটির টাকার ক্ষেত্রে যেখানে যেখানে মালিকরা আইন ভঙ্গ করেছেন বা করছেন সেখানে সেখানে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়। কিন্তু এটা আমাদের খেয়াল রাখতে হয় যে, যা কিছুই ব্যবস্থা নেওয়া হোক না কেন তা করতে হবে কারখানা চালু রেখে, কারখানা বন্ধ হয়ে গেলে শ্রমিকদের অসুবিধাই বৃদ্ধি পাবে।

শ্রী সাধন পান্ডে : বামফ্রন্ট সরকারের নীতি যা ছিল তাই আছে—আপনি বললেন। মাননীয় মুখ্যমন্ত্রী যখন বণিকসভায় যান তখন মনে হয় আপনাকে নিয়ে যান না। বণিকসভায় মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, ওয়ার্কার্স বিশৃঙ্খলা করলে তাদের আমি দেখে নেব, বুঝে নেব। মাননীয় মুখ্যমন্ত্রী প্রকাশ্যে এইসব কথা ঘোষণা করছেন। ব্যবসায়ী, শিল্পপতিরা মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছেন, আমরা এখানে ইনভেষ্ট করব না যদি আগে শ্রমিকরা ঠিকভাবে কাজ না করেন। মাননীয় মুখ্যমন্ত্রী যখন এইভাবে স্টেটমেন্ট দিচ্ছেন যে তাদের দায়িত্বপূর্ণ কাজ করতে হবে, প্রডাকটিভিটির দিকে লক্ষ্য রেখে ডিউটি করতে হবে তখন আমি জানতে চাইছি যে, আপনি লেবার ল্ রিফর্মস করছেন কিনা ? বণিকসভা থেকে একজিট পলিসি নিয়ে কথা বলা হচ্ছে। তারা বলছেন, একজিট পলিসি না হলে তারা ইনভেস্ট করবেন না। আপনার ডিপার্টমেন্ট বাদ দিয়ে কি এটা অন্য কেউ দেখছেন ? লেবার ল্ রিফর্মসের ব্যাপারে আপনার বক্তব্য কি ?

শ্রী মহঃ আমিন : লেবার ল্ পরিবর্তন করার কোনো প্রস্তাব লেবার ডিপার্টমেন্টের নেই।

শ্রী লক্ষ্মীকান্ত দে : শ্রমিক কল্যাণের ক্ষেত্রে যে দায়িত্ব, আইন যেটা আছে তাতে কেন্দ্রীয় সরকার একটা নতুন আইন নিয়ে আসছেন। সেই আইন আনলে শ্রমিকদের কল্যাণের ক্ষেত্রের কোনো সুবিধা হবে বলে ভাবছেন কিনা ?

শ্রী মহঃ আমিন : কেন্দ্রীয় সরকার শ্রমিকদের কল্যাণের জন্য কি আইন আনছেন সেটা আমাদের জানা নেই। আমাদের কাছে কেন্দ্রীয় সরকারের সেই রকম কোনো প্রস্তাব নেই।

*45 (not called)

Number of closed Industries

*46 (Admitted Question No. *164) **Shri Asit Mitra** : Will the Minister-in-Charge of the Labour Department be pleased to State—

(a) number of Industries closed during the year 2001 and 2002 (up to October) ; and

(b) the reasons therefor ?

Shri Mohammad Amin :

(a) During the year 2001, the number of units closed on account of Strike and lockout were 10 and 87 respectively.

During the period from January to October, 2002 the figures were 16 and 75 respectively.

(b) The reasons of strike and/or lockout are generally as follows :

(i) Financial Stringency, lack of order etc.,

(ii) Alleged indiscipline on the part of workmen,

(iii) Wages and Allowances,

(iv) Charter of demands &

(v) Miscellaneous

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, ২০০১ সালের স্ট্রাইকের জন্য বন্ধ হওয়া কারখানার সংখ্যা ১০টি এবং লক-আউটের জন্য বন্ধ হওয়া কারখানার সংখ্যা ৮৭টি। তিনি বলেছেন, During the period from January to October, 2002,

the figures were 16 and 75 respectively. ১৬টি স্ট্রাইক হয়েছে, ৭৫টি লক-আউট হয়েছে। শ্রমিকরা ধর্মঘট করলে কারখানা বন্ধ হয়, আপনাদের মুখ্যমন্ত্রী বলেছেন, আপনি বলেছেন যে, 'ওসব চলবে না,' যেমন করে হোক পিটিয়ে সোজা করে দেবেন, শাস্তি দেবেন ইত্যাদি ইত্যাদি বলেছেন। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—২০০১ সালে ৮৭টি লক-আউট হয়েছিল এবং ২০০২ সালে ৭৫টি লক-আউট হয়েছিল—এই লকআউটগুলো মালিকরা করে, এক্ষেত্রে মালিকদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়ার বন্দোবস্ত করেছেন কি ? মালিকদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিয়ে থাকলে, কি ধরনের ব্যবস্থা নেওয়ার বন্দোবস্ত নিয়েছেন ?

শ্রী মহম্মদ আমিন : কারখানায় স্ট্রাইক বা লক-আউট হলে আমরা ট্রাইপারটাইট মিটিং ডাকি, মিটিং ডেকে আলোচনা করে মিটমাট করার চেষ্টা করা হয়। যে লক-আউটগুলো হয়েছিল তার মধ্যে অনেকগুলোর ক্ষেত্রে এগ্রিমেন্ট হয়েছে, কিন্তু যেখানে কোনো এগ্রিমেন্ট হয় না সেখানে রাজ্য সরকারের একমাত্র উপায় হল ট্রাইবুনালকে রেফার করে দেওয়া এবং সে ক্ষেত্রে ট্রাইবুনালকে রেফার করে দিই। মালিকদের শাস্তি দেওয়ার কোনো আইন ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টে নেই।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, মালিকদের বিরুদ্ধে শাস্তি দেওয়ার কোনো ব্যবস্থা আইনে নেই। বামফ্রন্ট সরকার ২৫ বছর পূর্তি উৎসব করেছেন। আপনারা এ ব্যাপারে নিজেরা উদ্যোগ নিয়ে কোনো ব্যবস্থা নিচ্ছেন কিনা ? এর মধ্যে ইললিগাল লক-আউটের ফলে কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন ? স্ট্রাইক এবং লক-আউটের ফলে কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন এবং তাদের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী মহম্মদ আমিন : স্টাইক এবং লক-আউটের জন্য কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন এর কোনো হিসাব আমার কাছে নেই।

(গোলমাল)

গতবার পর্যন্ত যা হয়েছিল তার হিসেব লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে ইন ডিটেইলস আছে। যে কারখানা বন্ধ হয়ে যায় সেই কারখানা যদি চেষ্টা করে ১ বছরের মধ্যে খোলা না যায় তাহলে সেই কারখানার শ্রমিকদের জন্য আমরা মাসে ৫০০ টাকা করে রিলিফ দিই। সেটা এখনও চলছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার প্রোটেকশন চাইছি। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, আপনি লেবার ইন ওয়েস্ট বেঙ্গল পড়ে নেবেন। আমি, আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই যে, বিধানসভায় এই পবিত্র কক্ষে আমরা প্রশ্ন করব, মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দেবেন। আপনি অ্যাডমিট করলে মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দেবেন এবং আপনি অ্যাডমিট না করলে মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দেবেন না। কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন সেই হিসাবটা আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাওয়ায় আমি কি কোনো অন্যায় করেছি ? এটা কি রিলেটেড প্রশ্ন নয় ?

[11.30—11.40 a.m.]

মিঃ স্পীকার : আমরা প্রশ্ন অ্যাডমিট করি। সাপ্লিমেন্টারি অ্যাডমিট করি না। সাপ্লিমেন্টারির ব্যাপারটা Upto the discretion of members to ask and for the Ministers to reply. If certain information has already been supplied, if already the information has been supplid and circulated, there is no point in asking the information further. That is a printed matter. There can be no question on printed laws. প্রশ্নের উদ্দেশ্য হচ্ছে, টু এলিসিট ফারদার ইনফরমেশন। এটাই নিয়ম। যখন সরকার অলরেডি ইনফরমেশন দিয়ে দিয়েছে, তখন সেটাই আবার প্রশ্ন করা যায় না।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, আপনি যদি দেখেন, প্রশ্নটা আছে ২০০২ আপ টু অক্টোবর। মাননীয় মন্ত্রী বলেছেন, লেবার ইন ওয়েস্ট বেঙ্গল দেখতে। সেখানে আছে আপ টু মার্চ ২০০২, Is it sufficient to say that he has to find the answer from that book ? The book has given the information upto March, 2002. স্যার আমাদের বাজেট সেশানের সময় আপ টু মার্চ ২০০২ পর্যন্ত আছে। স্যার, How can he get the answer from that book ?

মিঃ স্পীকার : অনারেবেল মিনিস্টার মিস্টার আমিন, আপনি স্ট্যাটিসটিক্স আপ টু ডেট একটা সার্কুলার করে দেবেন এই ব্যাপারে।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের উত্তর যেভাবে দিলেন, আপনি স্যার, বলুন যে, অ্যাডিশনাল কোয়েশ্চেন কি আর করা যাবে না, তাহলে যেন অ্যাডিশনাল কোয়েশ্চেন প্রথা তুলে দেওয়া হয়। স্যার, আমার প্রশ্ন হল, এই কারখানা বন্ধ হয়ে যাওয়ার পর কতজন শ্রমিক আত্মহত্যা করেছেন, তাদের সম্পর্কে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, আর কতগুলি ত্রিপাক্ষিক বৈঠক হয়েছে, এই কারখানাগুলি খোলার ব্যাপারে। এর আগে হেষ্টিংসের ব্যাপারে আব্দুল মান্নানের প্রশ্নের উত্তর মাননীয় মন্ত্রী দেননি। আশা করি আমার প্রশ্নের উত্তর দেবেন। প্রশ্নগুলি হল, কতগুলি ত্রিপাক্ষিক বৈঠক হয়েছে, শ্রমিকদের কতজন আত্মহত্যা করেছেন।

শ্রী মহঃ আমিন : যে কোনো আত্মহত্যার ঘটনা দুঃখজনক। কিন্তু কারখানা বন্ধের জন্য আত্মহত্যা করেছে কিনা, এটা আমি জানব কি করে।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বলেছেন যে, নাম্বার অফ্ ইন্ডাস্ট্রিজ ক্লোজড। এই ইন্ডাস্ট্রির মধ্যে চা-বাগানও পড়ে। ১২টা চা-বাগান বন্ধ আছে। আমার জিজ্ঞাসা হচ্ছে, এই চা-বাগানের সাথে যুক্ত ইন্ডাস্ট্রির সংখ্যা কত, কতজন লেবার সেখানে কাজ করে, আর কতজন লেবারকে রিলিফ দিয়েছেন, বিশেষ করে যে ইন্ডাস্ট্রি ১ বছর বন্ধ হয়ে আছে, সেই চা-বাগানের ক্ষেত্রেও সেটা প্রযোজ্য হওয়া দরকার। সেখানে ৪০ হাজার চা-শ্রমিক কর্মচ্যুত। এদের পরিবারের সদস্য সংখ্যা ২ লক্ষের মতো। এই অবস্থায় আপনি

এখানে ওয়ার্কারদের যেভাবে সুযোগ সুবিধা দিচ্ছেন, অনুরূপভাবে এই চা-শ্রমিকদের ক্ষেত্রেও সেই ব্যবস্থা গ্রহণ করুন। চা-বাগানের মালিকেরা একে শ্রমিকদের টাকা-পয়সা মেরে দিচ্ছে, প্রভিডেন্ড ফান্ডের টাকা মেরে দিচ্ছে, কোটি কোটি টাকা মেরেছে। সেই বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য আমি আপনাকে অনুরোধ করছি। চা-বাগানের শ্রমিকরা তাদের যে ক্লোজড্ ইন্ডাস্ট্রির সংখ্যা কত, কতজন সাফার করছে এর জন্য, এবং কিভাবে সেটাকে খোলার ব্যবস্থা করা যায়, সেই ব্যাপারে যদি একটু বলেন।

শ্রী মহঃ আমিন : এখনও পর্যন্ত আমার কাছে যা রিপোর্ট আছে, তাতে ২০টি চা-বাগান বন্ধ হয়েছিল। এর মধ্যে ১টি খুলে গেছে এবং ৩টি চা-বাগান ১ বছরের বেশি সময় ধরে বন্ধ আছে। তাদের ৫শত টাকা করে রিলিফ দেওয়া হচ্ছে। অন্যান্যগুলি ১ বছরের হলে পরে সেই টাকাটা পাবে তারা। আমি নর্থ বেঙ্গলের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলেছি বন্ধ চা-বাগানের গরিব ওয়ার্কারদের জন্য ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম স্কিম চালু করা যায় কিনা তা একটু পরীক্ষা করে দেখুন, যাতে ওয়ার্কারদের কিছু রিলিফ দেওয়া যায়।

শ্রীমতী সোনালি গুহ : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি—মাননীয় মন্ত্রী কিছুক্ষণ আগে বললেন যে সমস্ত কারখানাগুলি এক বছরের ওপর বন্ধ আছে তাদের শ্রমিকদের মাসে সরকার থেকে ৫০০ টাকা করে প্রত্যেককে দেওয়া হয়। আমার কেন্দ্রের এবং বজবজ বিধানসভা কেন্দ্র, অশোক দেবের কেন্দ্রের মধ্যে অবস্থিত একটি চটকল আছে, যেখানে ৪২ শতাংশ শেয়ারই সরকারের, সেই কারখানাটি গত ২ বছর ধরে বন্ধ। কিন্তু শ্রমিকরা কেউ মাসে ৫০০ টাকা করে সরকারের কাছ থেকে পান না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি বর্তমান আর্থিক বছরে কতজন শ্রমিককে নতুন করে ৫০০ টাকা করে দিচ্ছেন ? দয়া করে এটা জানালে বাধিত হব।

শ্রী মহঃ আমিন : ৩৫ হাজার শ্রমিককে এই টাকা দেওয়া হচ্ছে।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রিমহাশয়, কেন্দ্রীয় সরকার শ্রম আইনের গুরুতর পরিবর্তন ঘটাচ্ছে। সেই পরিবর্তিত শ্রম আইন আমাদের রাজ্যে কি ধরনের প্রভাব ফেলবে এবং তার পরিণতিতে শ্রমিক কর্মচারীদের স্বার্থ কতখানি বিঘ্নিত হবে ? ইতিমধ্যে আমাদের রাজ্যে নতুন আইন লাগু করে কেন্দ্রীয় সরকারি সংস্থা থেকে কতজন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে ?

শ্রী মহঃ আমিন : শ্রম আইন পরিবর্তনের সুপারিশ সেকেন্ড লেবার কমিশন করেছে। কয়েক মাস আগে দিল্লিতে ইন্ডিয়ান লেবার কনফারেন্স হয়েছে, তাতে আমরা পশ্চিমবাংলার পক্ষ থেকে এই কথা বলেছি যে, এর মধ্যে অনেক এমন প্রোপোজাল আছে যেগুলো কার্যকরী হলে শ্রমিকদের স্বার্থের ক্ষতি হবে, কাজেই এটা করা ঠিক হবে না। কেন্দ্রীয় সরকারের উচিত সব কটি রাজ্য সরকার এবং কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে আলাপ-আলোচনা করে একটা কনসেনসাস ভিত্তিতে প্রোসিড করা। সুতরাং নতুন শ্রম আইন চালু না করে, বন্ধ রাখতে আমরা বলেছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার মাননীয় শ্রম মন্ত্রীর উত্তরগুলি শুনে মনে হচ্ছে উনি উত্তর দেওয়ার সঠিক জায়গায় নেই। যে কারণে উনি প্রশ্নগুলি পাশ কাটিয়ে যাচ্ছেন। উনি লেবার ইন ওয়েস্ট বেঙ্গলের কথা বলেছেন। কিন্তু সেটা তো এক বছর আগের হিসেব। ২০০১-২০০২ সালের হিসাবগুলি বললেন। ২০০২-২০০৩ সালের হিসেব আপ-টু-ডেট বিষয়গুলি আগামী বাজেটে যে বই দেওয়া হবে তাতে পাওয়া যাবে। মাননীয় মন্ত্রী কি করে ভুল হিসেব উল্লেখ করলেন তা আমি বুঝতে পারলাম না ! জুট মিল সংক্রান্ত কিছু অসঙ্গত কথা বললেন। বন্ধের কারণ হিসাবে স্ট্রাইক এবং লক-আউটের কথা বললেন। আমরা দেখছি শ্রমিকরা তাঁদের আইন মাফিক ন্যায্য অধিকারে প্রোভিডেন্ড ফান্ড এবং গ্র্যাচুইটির টাকা পাচ্ছে না। এমন কি কিছু কিছু ক্ষেত্রে তাঁরা মিনিমাম ওয়েজ পর্যন্ত পাচ্ছে না। প্রচুর জুট মিল আছে যেগুলিতে মিনিমাম ওয়েজ দেওয়া হয় না। সাম্প্রতিককালে আসানসোলে যে জুট মিল হয়েছে, সেখানে শ্রমিকদের ২৩ টাকা রোজে কাজ করানো হচ্ছে। এটা আজকে ভারতবর্ষের সবাই জানেন। অতএব মাননীয় মন্ত্রীর এটা জানা উচিত। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বলেছেন ২০০১ সালে ১০টি স্ট্রাইক-এর জন্য বন্ধ হয়েছে, ৮৭টি লক-আউটের জন্য বন্ধ হয়েছে। আর ২০০২ সালের অক্টোবর পর্যন্ত ১৬টা স্ট্রাইকের জন্য বন্ধ হয়েছে এবং ৭৫টি লক-আউটের জন্য বন্ধ হয়েছে। লক-আউট জেনারেলি মালিকরা করেছে। এই যে মোট ১৫৭টি ক্ষেত্রে কারখানা বন্ধ হয়েছে, এর মধ্যে আলোচনা করে কটা খুলে দেওয়া গেছে ?

[11.40—11.50 a.m.]

শ্রী মহঃ আমিন : আপনি যা বললেন তাতে তো ডিবেট করলেন। আমি তো অক্টোবর পর্যন্ত হিসাবের স্পেসিফিক উত্তর দিয়েছি। আপনি লেবার ইন ওয়েস্ট বেঙ্গল নিয়ে আসলেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনিই তো লেবার ইন ওয়েস্ট বেঙগল রেফার করলেন। আমি কারেন্টটা জানতে চাইছি, ২০০২ সালের অক্টোবর পর্যন্ত ?

শ্রী মহঃ আমিন : আমি তারই তো উত্তর দিলাম। যাইহোক, আমি আবার বলছি, During the year number of workers affected, due to 10 cases of strike and 87 cases of lock-out were 20.06 thousand and 73.97 thousand respectively. Similarly the number of workers involved due to 16 cases of strike and 75 cases of lock-out during the year from January to October, 2002, 59.44 thousand and 76.91 thousand respectively out of 10 cases of strike and 87 cases of lock-out in 2001 and 8 units under strike, 37 under lock-out have since been reopened.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমার প্রশ্ন তা নয়, আমি জিজ্ঞাসা করেছিলাম মোট ২ বছরে ১০ এবং ১৬ আর ৭৫ এবং ৮৭, এর মধ্যে ক'টা কারখানা খুলে দিতে পেরেছেন ? আপনি তো শ্রমিকের সংখ্যা বলে দিয়ে যাচ্ছেন ?

শ্রী মহঃ আমিন : আমার কাছে যে ইনফরমেশন আছে সবই দিচ্ছি। out of 16 cases of the strike and 75 cases of lock-out during the year period from January to October, 2002. strike has since been ended in 12 cases and lock-out in respect of 28 units has since been lifted.

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি, ডুয়ার্স এলাকায় টি-ইন্ডাস্ট্রি আছে এবং দার্জিলিং-এও টি-ইন্ডাস্ট্রি আছে। ডুয়ার্সে গার্ডেনগুলি বন্ধ হয়ে গেছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় কিছুদিন আগে শিলিগুড়িতে গিয়ে ট্রাইপারটাইট মিটিং করেছিলেন। কিন্তু দার্জিলিং-এ ৩টি টি-গার্ডেন টোটালি বন্ধ আছে। রিসেন্টলি, ৬ মাস সিপাইধুরা টি-গার্ডেন বন্ধ রয়েছে। এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের জানা আছে কিনা, যদি জানা থাকে তাহলে ট্রাইপারটাইট মিটিং করার কোনো ব্যবস্থা নেবেন কিনা এবং ঐ টি-গার্ডেনটি খোলবার জন্য সরকারের পক্ষ থেকে কোনো উদ্যোগ নেবেন কিনা ?

শ্রী মহঃ আমিন : যে ক'টি চা-বাগান বন্ধ আছে তার সব ক'টির রিপোর্ট আমাদের ডিপার্টমেন্টে আছে। আমি গত মাসের ২৫ তারিখে ট্রেড ইউনিয়ন এবং মালিকদের সঙ্গে মিটিং করে এসেছি। আমি চার্ট করে দিয়েছি। প্রত্যেক চা-বাগানের জন্য ট্রাইপার্টাইট মিটিং ডাকা হবে। কিন্তু চা-বাগানের মালিকদের একাংশ ওই ট্রাইপার্টাইট মিটিং-এ আসছিলেন না। আমি ওদের অনুরোধ করেছি, মিটিং না হলে পর আলোচনা হবে কিভাবে ? তারপর নেগোসিয়েশন শুরু হয়েছে, তারপর আসছে। ২টি ক্ষেত্রে টাইম নিয়েছেন ১৮ তারিখ, যে ক'টি চা-বাগান বন্ধ আছে প্রত্যেকটি খোলবার জন্য যতদূর সম্ভব আমাদের ক্ষমতা আছে আমরা চেষ্টা করে যাব।

শ্রী অপূর্ব মুখার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়, আমি আপনাকে দু-তিনবার চিঠি লিখেছি জি.কে.ডব্লু.হুইল, ইন্দো-আমেরিকান কোম্পানি নিয়ে। জি.কে.ডব্লুতে সাসপেনসান অব ওয়ার্ক চলছে। সেখানকার শ্রমিকদের পি.এফের টাকা ম্যানেজমেন্টের তরফ থেকে ক্লিয়ার করা হচ্ছে না। ওরা বলছেন যে আমরা স্যাংসান নিয়েছি ভেতর থেকে কিছু জিনিস নিয়ে এসে বিক্রি করার জন্য। আমরা যতদূর জানি তাতে সাসপেনসান অব ওয়ার্ক চললে এইভাবে ভেতর থেকে জিনিস এনে বিক্রি করা যায় না কিন্তু দিনের পর দিন ওরা তাই করছে এবং শ্রমিকদের পাওনা দিচ্ছে না। দুর্গাপুরে জি.কে.ডব্লু হুইল, ইন্দো-আমেরিকান, হ্যানলিম্যান, বিপকো এই সমস্ত কারখানা বন্ধ হয়ে আছে এবং তারা শ্রমিকদের টাকা দেয়নি। আপনাকে কয়েকটি চিঠি লিখেছি, একটার উত্তর আপনি দিয়েছেন থ্রু সেক্রেটারি যে দেখা যাচ্ছে কি করা যায়। মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে যদি কিছু বলেন তাহলে বাধিত হব।

শ্রী মহঃ আমিন : জি. কে. ডব্লু. হুইলের বন্ধ কারখানার মাল বার করার কোনো অনুমতি লেবার ডিপার্টমেন্ট দেয়নি। তবে নেগোসিয়েশন করে কারখানাটি খোলার ব্যবস্থা করা যায় কিনা দেখছি। জি.কে.ডব্লু.-র ম্যানেজমেন্ট একটা প্যাকেজ দিয়েছিলেন কিন্তু সেটা গ্রহণযোগ্য নয় সেই জন্য ফেরত দিয়ে ওদের বলেছি আরও ইমপ্রুভ কিছু করা যায় কিনা দেখুন যাতে করে সত্যি সত্যি কারখানাটি খোলা যায়। ওদের রেসপন্স পেলে গভর্নমেন্ট প্রসিড করবে।

শ্রীমতী মীনা সনাতনী : মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে ঝাড়গ্রাম পেপার মিলটি দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে এবং সেখানকার শ্রমিক কর্মচারীরা ভীষণ দুর্দশার মধ্যে আছেন। এই পেপার মিলটি খোলার কোনো সম্ভাবনা আছে কি ?

শ্রী মহঃ আমিন : ঝাড়গ্রাম পেপার মিলটি অনেক দিন ধরেই বন্ধ। একজন নতুন প্রোমোটার এটা খুলতে ইচ্ছুক। তাকে ডেকে আমি নিজে কথা বলেছি। ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গেও কথা হয়েছে। সেই মত প্রোমোটার একটা প্রস্তাব লেবার ডিপার্টমেন্টের কাছে সাবমিট করেছে, দু'-একদিনের মধ্যে আমার কাছে সেটা এসে যাবে। তাদের একটা কন্ডিশন হচ্ছে যে এই কারখানাটিকে রিলিফ আন্ডারটেকিং বলে ডিক্লিয়ার করতে হবে। অন্যান্য যে সমস্ত দেনা-পাওনা আছে ব্যাংক ইত্যাদির সঙ্গে সেগুলির ব্যাপারটা সল্‌ভ হয়ে গেলে লেবার ডিপার্টমেন্ট এটা রিলিফ আন্ডারটেকিং বলে ডিক্লিয়ার করার জন্য ফিনান্স ডিপার্টমেন্টে পাঠাবো। কারখানাটি খুলে যাবে বলেই মনে হচ্ছে। কারখানাটি খুলে গেলে আমরা সবাই আনন্দিত হব।

শ্রী নেপাল মাহাতো : আমার ঝালদাতে ল্যাক্ ইন্ডাষ্ট্রিস মোটামুটি বন্ধ। একটা আপাতত চলছে এবং অন্যান্য মালিকরা কারখানা আপাতত বন্ধ রেখেছেন এবং তাঁরা বলছেন যে র মেটিরিয়ালস পাচ্ছি না বলে চালাতে পারছি না। সেখানে তিন হাজার শ্রমিক কাজ পাচ্ছে না। মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন, সেখানে র মেটিরিয়ালস দেওয়ার জন্য কোনো ব্যবস্থা করবেন কি ?

শ্রী মহঃ আমিন : র মেটিরিয়াল পাবার ব্যাপারে লেবার ডিপার্টমেন্ট কিছু করতে পারবে না।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : স্যার, আমরা দেখছি আমাদের বামফ্রন্ট সরকার যখন বিভিন্নভাবে বন্ধ কারখানাগুলি খোলার জন্য আপ্রাণ চেষ্টা করছেন, শ্রমিকদের কল্যাণের জন্য কাজ করার চেষ্টা করছেন, বিভিন্নভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করার জন্য শিল্পপতিদের আহ্বান জানাচ্ছেন তখন বিরোধীপক্ষ তাতে বাধা দিচ্ছেন। দুর্ভাগ্যবশত কিছু কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এ ক্ষেত্রে আমরা দেখছি একটি রাজনৈতিক দলের ট্রেড ইউনিয়ন তারা গন্ডগোল পাকাবার চেষ্টা করছে। কেন্দ্রে দেখছি বিলগ্নিকরণ দপ্তর বলে একটা দপ্তর খোলা হয়েছে। যাঁরা এখানে বসে চিৎকার করছেন তাঁরা তাকে সমর্থন করেছেন। এই বিলগ্নিকরণ দপ্তরের কি কাজ এবং তার দ্বারা শ্রমিকদের অবস্থা খারাপ হচ্ছে কিনা জানাবেন কি ?

[11.50—12.00 noon]

শ্রী মহঃ আমিন : কারখানা যা বন্ধ হচ্ছে তা সারা ভারতবর্ষেই হচ্ছে। আজকে সারা ভারতবর্ষে কয়েক লক্ষ কারখানা বন্ধ। এটা গ্লোবালাইজেশনের ইমপ্যাক্ট, বিলগ্নিকরণও একটা কারণ। রেলওয়ের অর্ডার পাওয়া যাচ্ছে না, রেলের সবগুলিই ইঞ্জিনিয়ারিং কারখানা এবং তার সাবসিডিয়ারি অ্যানসিলারি বন্ধ। সুতাকলগুলিও বন্ধ করে দিয়েছেন তারা।

এতদিন পর্যন্ত চা-বাগান এবং জুট মিলগুলি চলছিল। এখন চা বাইরে থেকে আসছে, জুটের ব্যাপারে সিন্থেটিক নিয়ে আসছেন তাঁরা। এই সিন্থেটিক নিয়ে হাইকোর্টে মামলাও হয়েছিল আর এটা যদি কেন্দ্রীয় সরকার করেন তাহলে আরো কারখানা বন্ধ হবার আশঙ্কা রয়েছে।

ডাঃ রত্না দে (নাগ) : শ্রীরামপুরে স্ট্যান্ডার্ড ফার্মাসিটিউকালস বলে একটি কারখানা ছিল—পেনিসিলিন প্ল্যান্ট। সেটা অনেকদিন বন্ধ হয়ে রয়েছে। মাননীয় মন্ত্রী ইউনিয়ন এবং মালিকপক্ষকে নিয়ে ট্রাইপার্টাইট মিটিংও করেছিলেন এবং ওই মিটিংয়ে ঠিক হয়েছিল যে কারখানাটিকে ৫ কোটি টাকা ঋণ দেওয়া হবে শ্রমিকদের বোনাস, গ্র্যাচুইটি এবং বেতনের কিছু অংশ যাতে দেওয়া যায়। সেই মিটিং হবার পর এতদিন হয়ে গেল, আজ পর্যন্ত তাদের এক কোটি টাকাও দেওয়া হয়নি।

শ্রী মহঃ আমিন : এটা একটু খোঁজ করে দেখতে হবে, এখনই বলতে পারছি না।

শ্রী তারাপদ চক্রবর্তী : আমার বিধানসভা কেন্দ্র ওন্দা, সেখানে একটি মাত্র কারখানা গড়ে উঠেছিল—সারদা ফার্টিলাইজার। কারখানাটি চার-পাঁচ মাস বন্ধ হয়ে রয়েছে। আমার প্রশ্ন, কারখানটি খুলবে, নাকি সেটি চিরকালের জন্য বন্ধ হয়ে গেছে ? ইতিমধ্যে কারখানাটির সব যন্ত্রপাতি লুঠপাট হচ্ছে, চুরি হয়ে যাচ্ছে। এই অবস্থায় আপনি কি চিন্তা-ভাবনা করছেন বলবেন কি ?

শ্রী মহঃ আমিন : সারদা ফার্টিলাইজার চালু হয়েছিল কেন্দ্রীয় সরকারের সাবসিডির ভিত্তিতে। যতদিন কেন্দ্রীয় সাবসিডি পাওয়া গেছে ততদিন কারখানাটি চলেছে। তারপর তিন বছর আগে কেন্দ্রীয় সরকার সাবসিডি বন্ধ করে দিয়েছেন। সাবসিডি বন্ধ করে দেবার সঙ্গে সঙ্গে সেটা বন্ধ হয়ে যায়। আমি লেবার মিনিস্টার হবার পর ওই কারখানার মালিককে ডেকেছিলাম, কিন্তু মালিকপক্ষ বলেছেন যে, কেন্দ্রীয় সরকার টাকা না দিলে তারা কারখানাটি চালাতে পারবে না। তখন আমি তাদের বলেছিলাম—কারখানাটি যদি চালাতে না পারেন তাহলে শ্রমিকদের বকেয়া পাওনাগন্ডা মিটিয়ে দিন। তখন তারা বলেন—চেষ্টা করব। কিন্তু তারপর থেকে মালিকপক্ষকে আর খুঁজে পাওয়া যায়নি।

শ্রী সাধন পান্ডে : আপনার দপ্তর কি ওয়াকিবহাল আছে যে, কিছু জুটমিল উত্তর ২৪ পরগনার বন্ধ হয়ে যাচ্ছে এবং সেগুলো বন্ধ হবার পর নতুন ইনভেষ্টমেন্টের কায়দাটা বামফ্রন্ট সরকার দেখাচ্ছেন ; মালিকপক্ষ সেগুলো বন্ধ করে দিয়ে দুর্গাপুর অঞ্চলে তুলে নিয়ে যাচ্ছে এবং সেখানে ছোট আকারে ইনভেষ্টমেন্ট করছে ? এ রকম কোনো প্রবণতা আপনার নজরে এসেছে কিনা ?

শ্রী মহঃ আমিন : জুটমিল বন্ধ হয়ে যাচ্ছে এটা ঠিক নয়। ইতিমধ্যে বন্ধ হওয়া ১৫টির মধ্যে ১৩টি খুলেছে। এখন বন্ধ রয়েছে সেন্ট্রাল জুটমিল এবং গৌরীপুর জুটমিল। তবে দুর্গাপুরে একটি নতুন কারখানা খোলা হয়েছে।

শ্রী সাধন পান্ডে : যারা দুর্গাপুরে কারখানা খুলেছে তারা উত্তর ২৪ পরগনা থেকে গিয়ে খুলেছে এই প্রবণতা আপনার নজরে এসেছে ?

শ্রী মহঃ আমিন : উত্তর ২৪ পরগনায় কোনো মিল বন্ধ নেই, শুধু গৌরীপুর ৩-৪ বছর আগে বন্ধ হয়ে গিয়েছে।

শ্রী সাধন পান্ডে : তাহলে আপনি এই হাউসে বলছেন উত্তর ২৪ পরগনার জুট মিল বন্ধ করে দিয়ে ৫-৬ হাজার লেবার ছাঁটাই করে দিয়ে দুর্গাপুরে ইনভেষ্ট করেনি।

শ্রী মহঃ আমিন : দু-জন মালিক এক নয়, মালিকের সঙ্গে কোনো সম্পর্ক নেই।

শ্রী মুরসালিন মোল্লা : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই বজবজের সেন্ট্রাল জুট মিলের জন্য সরকার আগে যে টাকা দিয়েছিল তারপর নতুন করে আর কোনো টাকা দেওয়ার প্রস্তাব আছে কিনা ? সমবায়ের ভিত্তিতে মিল চালানোর যে পরীক্ষা সেই পরীক্ষা অন্য কোনো জায়গায় করছেন কিনা ?

শ্রী মহঃ আমিন : সেন্ট্রাল জুট মিলকে আগে পর্যন্ত যে টাকা দেওয়া হয়েছে তারপর আর কোনো টাকা দেওয়ার ব্যাপারে সরকার সিদ্ধান্ত নিয়েছে যে আর কোনো টাকা দেওয়া হবে না। সমবায়ের ভিত্তিতে জুট মিল চালানো যাবে না এটা আমাদের সুচিন্তিত মতামত।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রিমহাশয়ের সঙ্গে আমি দীর্ঘদিন মিটিং করেছি, মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, চিফ মিনিস্টারের সঙ্গে নির্মলবাবু কথা বলেছেন, আমরা বারে বারে এই হাউসে কলিং অ্যাটেনশন দিয়েছি। তার উত্তরে বলেছিলেন যে সেন্ট্রাল জুট মিল খোলা হবে কথা দিচ্ছি। আমি আপনার কাছ থেকে জানতে চাই এই সেন্ট্রাল জুট মিল খোলার ব্যাপারে সরকার এখনও পর্যন্ত কি পদক্ষেপ নিয়েছেন ? কবে নাগাদ এটা খুলবে সেটা জানান। সোনারপুরের এম.এল.এ. এটা নিয়ে বলেছেন, মহেশতলার এম.এল.এ এটা নিয়ে কথা বলেছেন, আমরা দলমত নির্বিশেষে এই জুট মিল নিয়ে উদগ্রীব। আপনি কি পদক্ষেপ নিয়েছেন এবং কবে নাগাদ খুলবে এটা জানান।

শ্রী মহঃ আমিন : সেন্ট্রাল জুট মিলের ব্যাপারে অনেক সিটিং করা হয়েছে, আমরা করেছি, ইন্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্ট করেছে। এই কারখানাটি শ্রমিক বিরোধের জন্য বন্ধ হয়নি। এই মিল বন্ধ হয়েছে টাকা-পয়সার গোলমাল নিয়ে। এখানে গোলমাল হচ্ছে অরিজিনাল কোম্পানি এবং স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার মধ্যে। সবশেষ বিষয় হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্ট-এর মন্ত্রী একটা মিটিং ডেকেছিলেন, আমি সেই মিটিং-এ উপস্থিত ছিলাম। সেখানে মালিককে বলা হয়েছিল যে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার সঙ্গে যদি টাকা-পয়সা নিয়ে গোলমাল থাকে তাহলে সেটা মীমাংসা করে মিল খুলে দিন। শ্রমিকদের নিয়ে যদি বিরোধ থাকে সেখানে আমাদের কিছু করার থাকে কিন্তু সেখানে শ্রমিকদের নিয়ে কোনো বিরোধ নেই। টাকা-পয়সা নিয়ে যদি গোলমাল হয় সেই ব্যাপারে মীমাংসা করা আমাদের ক্ষমতার বাইরে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি একটা সিম্পিল কোশ্চেন করতে চাই। আপনি বলছেন ৭৫টি কারখানা লক-আউটের জন্য এবং ১৬টি কারখানা স্টাইকের জন্য বন্ধ। আমরা লক্ষ করছি দিনের পর দিন স্ট্রাইকের সংখ্যা কমছে এবং লক-আউটের সংখ্যা বাড়ছে। স্ট্রাইকের সংখ্যা কমার এটাই কি কারণ, পশ্চিমবঙ্গ সরকার

মালিকদের প্রতি এমন মনোভাব দেখাচ্ছেন যাতে মালিকরা উৎসাহ পাচ্ছে লক-আউট করতে আর শ্রমিকরা সাহস পাচ্ছে না স্ট্রাইক করতে ?

শ্রী মহঃ আমিন : আমরা লক-আউট পছন্দ করি না। স্ট্রাইক যদি লেজিটিমেট থাকে, মালিক যদি কথা না শোনে তাহলে ওয়ারকাররা কি করবে ? স্ট্রাইক করতে হয়। এখন পরিস্থিতি অন্য রকম হয়েছে। এখন শ্রমিকরা অসুবিধার মধ্যে আছে। লক-আউট যাতে না হয়, আগে থেকে খবর পেলে আমরা ইন্টারভিন করি এবং সময় সময় লক-আউট ডিসকারেজ করি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, আপনার মনে আছে দ্বাদশ বিধানসভাতে আমি একটি প্রশ্ন তুলেছিলাম ডানলপ কারখানার একজন শ্রমিক,. তিনি আত্মহত্যা করেছেন এবং তার একটি মেয়ে দুরারোগ্য ক্যানসার রোগে ভুগছে। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন করেছিলাম। আপনার কাছে আমি কৃতজ্ঞ যে, আপনি কেসটি টেক-আপ করেছিলেন এবং শ্রমমন্ত্রীকে বলেছিলেন মেয়েটির জন্য যেন রাজ্য সরকার প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করেন এবং তাকে যেন বাঁচানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করেন। কিন্তু আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি সরকারের মন্ত্রী এখানে উপস্থিত আছেন। এই পবিত্র হাউসে কমিটমেন্ট করা সত্ত্বেও একটি নয়া পয়সাও মেয়েটির জন্য সরকার খরচ করেননি। এমন কি সরকারের তরফ থেকে কোনো ব্যবস্থা বা খবর নেওয়া বা যত্নের ব্যবস্থা কোনো কিছুই নেওয়া হয়নি। আমি আপনার কাছে অনুরোধ করছি আপনার অনুরোধ যেখানে মন্ত্রীর গ্রাহ্য হল না সেখানে অন্যরা, আমাদের মতো সাধারণ সদস্য বিরোধীপক্ষের, সংখ্যায় কম, কেন তাদেরকে গুরুত্ব দেবেন। এই রকম দায়িত্ববোধ সরকারের নেই। সেখানে সরকারের মন্ত্রী কমিটমেন্ট করলেন কিন্তু কোনো ব্যবস্থা নিলেন না। সেই কারণে আমার আপনার কাছে অনুরোধ আপনার তরফ থেকে শ্রমমন্ত্রীকে বলুন যাতে ওই মেয়েটির রক্ষণাবেক্ষণ এবং চিকিৎসার দায়িত্ব নিতে।

মিঃ স্পীকার : ঠিক আছে হল।

Starred Questions
(to which answers were laid on the Table)

আঞ্চলিক শিক্ষাকেন্দ্র স্থাপন

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫০১) **শ্রী শ্যামাপ্রসাদ পাল** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সংশোধনাগার প্রশাসনের আঞ্চলিক শিক্ষাকেন্দ্র কলকাতায় স্থাপনের কোনো প্রস্তাব সরকারের কাছে আছে ; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে এটি কোন পর্যায়ে আছে ?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে এই আঞ্চলিক শিক্ষাকেন্দ্র স্থাপনের জন্য অর্থ-সংস্থান বিষয়ক প্রস্তাবটি ব্যুরো অব পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের বিবেচনাধীন আছে এবং কলকাতা বা তার নিকটবর্তী অঞ্চলে প্রয়োজনীয় এবং উপযুক্ত জমি আবন্টনের জন্য আবাসন দপ্তরের নিকট প্রস্তাব পেশ করা হয়েছে।

মার্কেট ফী আদায়

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮) **শ্রী আবদুল মান্নান** : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, কৃষি বিপণন দপ্তরের অধীন নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির মার্কেট ফী আদায়ের বিষয়ে সরকার কর্তৃক কোনও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

না, ইহা সত্য নয়, মার্কেট ফী আদায়ের ব্যাপারে আজ পর্যন্ত কোনো সরকারি নিষেধাজ্ঞা জারি করা হয়নি।

পশ্চিমবঙ্গ কৃষিপণ্য বিপণন (নিয়ন্ত্রণ) আইন ১৯৭২-এর ১৭(১) নং ধারা অনুসারে বাজার সমিতি তার প্রজ্ঞাপিত বাজার এলাকায় কৃষিপণ্যের পাইকারী কেনাবেচার উপর শতকরা অনধিক ২ টাকা হারে মার্কেট ফী ক্রেতার নিকট থেকে আদায়ের সংস্থান আছে। কৃষিপণ্য বিপণনের সার্বিক স্বার্থের কথা চিন্তা করে তণ্ডুল জাতীয় পণ্যের ক্ষেত্রে শতকরা ৫০ পয়সা এবং অন্যান্য ক্ষেত্রে শতকরা ১ টাকা হারে মার্কেট ফী আদায়ের সরকারি আদেশনামা জারি আছে। এই নিয়ম ক্রেতাসহ কেন্দ্রীয় সরকারি সংস্থা এবং কর্পোরেশন ইত্যাদি সকল ক্রেতার ক্ষেত্রেই প্রযোজ্য। কৃষিপণ্য উৎপাদনকারী চাষিদের নিকট থেকে কোনো মার্কেট ফী আদায় হয় না।

বন্যায় কৃষির ক্ষতি

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৫) **শ্রী অতীশচন্দ্র সিংহ** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১ সালের বন্যায় রাজ্যে কৃষিতে ক্ষতির পরিমাণ কত ছিল ; এবং

(খ) উক্ত বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কিরূপ সরকারি সহায়তা দেওয়া হয়েছিল (জেলাওয়াড়ি) ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০১ সালে বন্যায় রাজ্যে কৃষিতে কোনও ক্ষয়ক্ষতি হয়নি।

(খ) যেহেতু বন্যায় কোনও কৃষক ক্ষতিগ্রস্ত হয়নি, সেইজন্য কোনও সরকারি সহায়তা দেওয়া হয়নি।

Development of Refugee Colonies

*49 (Admitted Question No. *128) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the Refugee Relief & Rehabilitation Department be pleased to State—

(a) whether it is a fact that the Central Government has sanctioned fund for infrastructural development of urban/ semi-urban refugee colonies ;

(b) if so, what is the amount ; and

(c) how the fund is being used ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, আরবান কলোনির জমা অর্থ মঞ্জুর করেছেন। 'সেমি-আরবান' বলে কোনো কলোনির কথা সরকারের জানা নেই।

(খ) মোট অর্থের পরিমাণ ৭৮.২৭ কোটি টাকা যা বিভিন্ন সময়ে ধাপে ধাপে মঞ্জুর করার কথা ছিল, সদ্ব্যবহারের শংসাপত্র পাবার পর। ২০-০৯-১৯৯৫ থেকে এ পর্যন্ত (শেষ ২৩-০৩-২০০২) মোট ৭০.২৪ কোটি টাকা পাওয়া গেছে।

(গ) কলোনিগুলির রাস্তাঘাট, নিকাশী ব্যবস্থা, স্বাস্থ্য ব্যবস্থা (স্যানিটেশন) এবং পানীয় জল ইত্যাদির উন্নতির জন্য এই অর্থ ব্যবহৃত হচ্ছে।

ADJOURNMENT MOTIONS

[12.00—12.10 p.m.]

Mr. Speaker : Today I have received six notices of Adjournment Motions. The first one is from Shri Asit Kumar Mal on the subject of non-plying of buses in all the routes under Rampurhat sub-division. The second one if from Shri Moloy Ghatak, Dr. Asish Banerjee, Shri Kashinath Mishra and Dr. Ratna De (Nag) and the sixth motion is from Shri Saugata Roy on the same subject of

prolonged strike by the lawyers in all the Courts in the State. The third one is from Shri Deba Prasad Sarkar and the fourth one is from Shri Ashok Kumar Deb on the same subject of enhancement of electricity charges by CESC. And the fifth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged delay in renovating work of Tolly Nallah.

The subject matters of all the adjournment motions relate to the day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc. Besides, a No-confidence Motion is to be discussed on 19.12.2002 where the Members will get ample scope to raise the matters. I, therefore, withhold my consent to the Motions.

One Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

বীরভূম জেলায় মাড়গ্রাম বিষ্ণুপুর রুটে প্রায় ২০ দিন বাস চলাচল বন্ধ আছে। গতকাল হতে রামপুরহাট মহকুমার সকল রুটে বাস মালিকরা কোনো কারণ উল্লেখ না করে বাস চলাচল বন্ধ রেখেছেন। হাজার হাজার যাত্রীরা চরম দুর্ভোগে পড়েছে। ছাত্র-ছাত্রীরা স্কুল কলেজে আসতে পারছে না। শ্রমিকরা কাজে আসতে পারছে না। রামপুরহাট মহকুমায় সব রুটের বাস চলাচল বন্ধে মানুষের সঙ্কটের সীমা নেই। বিনা নোটিশে যারা বাস চলাচল বন্ধ রেখেছে তাদের আইনগত ব্যবস্থা নিয়ে সরকারি বাস যাতে পর্যাপ্ত পরিমাণে রামপুরহাট মহকুমার সমস্ত রুটে চলে তার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনার দাবি জানাচ্ছি।

শ্রী অশোক দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুতের দাম প্রায় আড়াই গুণ হল। ইউনিট প্রতি অনেক পয়সা বাড়িয়ে দেওয়া হয়েছে। যারা মধ্যবিত্ত তারা বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন না অর্থের জন্য। বকেয়া দু-বছরের টাকাও সি.ই.এস.সি. নেওয়ার জন্য ব্যবস্থা নিচ্ছেন। রাজ্য সরকারের ভূমিকা কি আমাদের কাছে সঠিক প্রকাশ পাচ্ছে না। সি.ই.এস.সি.-এর এই ধরনের বাড়ানো (বিদ্যুতের দাম) জনসাধারণের এবং যারা ব্যবসা করেন তাদের পক্ষে অসুবিধার কারণ হবে। সরকারের হস্তক্ষেপ দাবি জানাচ্ছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, জনাসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন সি.ই.এস.সি.-র ১৮ লক্ষ ১১ হাজার গ্রাহকের জন্য এখন থেকে অভিন্ন বিদ্যুৎ মাসুল ঘোষণার মাধ্যমে সাধারণ বিদ্যুৎ গ্রাহকদের ক্ষেত্রে যে

রকম অস্বাভাবিক হারে বিদ্যুতের দাম বাড়িয়ে দিল তা সারা দেশের মধ্যে এক নজিরবিহীন দৃষ্টান্ত। কমিশনের এই ঘোষণা অনুযায়ী ২০০০-০১ সালের জন্য সব গ্রাহকেরই মাসুলের হার হল প্রতি ইউনিটে ৩ টাকা ৮১ পয়সা, ২০০১-০২ সালের জন্য ৩ টাকা ৯০ পয়সা। মাসুলের হার পুনরায় সংশোধন না হওয়ার পর্যন্ত চলতি ২০০২-০৩ সালের জন্যও ওই ৩ টাকা ৯০ পয়সা হারেই মাসুল দিতে হবে গ্রাহকদের। নতুন হারে মাসুলের জন্য বিল করা হবে ২০০৩ সালের ফেব্রুয়ারি থেকে। ২০০০ সালের এপ্রিল থেকে সংশোধিত বিল বাবদ বকেয়া যাবতীয় পাওনা আদায়ের কাজ শুরু হবে ২০০৩ সালের এপ্রিলের বিল থেকে। বকেয়া আদায় চলবে পরবর্তী ২৪ মাস ধরে সমান কিস্তিতে। নতুন এই মাসুল ঘোষণায় সবচেয়ে বিপদে পড়বেন সি.ই.এস.সি.-র প্রায় ১০ লক্ষ গ্রাহক, যাঁদের গড় মাসিক বিদ্যুৎ ব্যবহার ১০০ ইউনিটের নীচে। এঁদের ক্ষেত্রে শুধু মাসুল বৃদ্ধি হবে তাই নয়, এঁদের এবার ৩৪ মাসের বকেয়া বাবদ সি.ই.এস.সি.-কে ফেরত দিতে হবে ২৭০ কোটি টাকা। অপরদিকে কমিশনের এই ঘোষণার ফলে মাত্র হাজার খানেক হাই টেনশন শিল্প গ্রাহককে কম দামে বিদ্যুৎ ক্রয়ের সুযোগ করে দিয়ে বছরে ১২২ কোটি টাকার মতো সাশ্রয় করে দেওয়া হবে এবং ৩৪ মাসের জন্য সি.ই.এস.সি.-র কাছ থেকে এরা ৩৫০ কোটি টাকা ফেরত পাবে।

সুপ্রিম কোর্টের রয়ের অপব্যাখ্যা করে বিদ্যুৎ আইনের ২৯(৩) ধারা লংঘন করে বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন যেভাবে সাধারণ গ্রাহকদের ক্ষেত্রে ভয়ঙ্কর দাম বাড়িয়ে বড় শিল্পপতি ও ব্যবসায়ীদের জন্য কার্যত ভর্তুকির ব্যবস্থা করে দিল, আমরা তার তীব্র বিরোধিতা করছি। ১৯৯৮ সালের বিদ্যুৎ আইনের ৩৯ নম্বর ধারা প্রয়োগ করে জনস্বার্থে অবিলম্বে কমিশনের এই সিদ্ধান্তকে সরকার বাতিল ঘোষণা করতে সভায় আলোচনার দাবি জানাচ্ছি।

CALLING ATTENTION (NOTICES)

Mr. Speaker : Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely—

	Subject	Name
(i)	Steps taken by the State Government to control the quack doctors in the State	Shri Moloy Ghatak & Dr. Ratna De (Nag)
(ii)	Non-functioning of West Bengal Mineral Development Corporation at Purulia	Shri Nepal Mahato & Shri Asit Kumar Mal
(iii)	Non-purchasing of sugarcane by the Ahmedpur Sugar Mill, Birbhum from the local farmers	Dr. Asish Banerjee
(iv)	Agitation by the teaching and non-teaching staff in Malda district	Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira

(v)	Imposition of uniform tariff in C.E.S.C. areas	Shri Tapan Hore, Shri Nirmal Das, Shri Saugata Roy & Shri Sobhan Deb Chattopadhyay

I have selected the notice of Shri Tapan Hore, Shri Nirmal Das, Shri Saugata Roy & Shri Sobhan Deb Chattopadhyay on the subject of 'imposition of uniform tariff in C.E.S.C. areas.'

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 19th December, 2002.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of Labour Deparment to make a statement on the subject of violation of Minimum wages Act in Hooghly Jute Mill at Mangalpur of Raniganj.

(Attention called by Shri Moloy Ghatak on the 13th December, 2002.)

[12.10—12.20 p.m.]

Shri Mohammad Amin : Mr. Speaker, Sir, I beg your permission to place before the House the following statement in reply to the Calling Attention raised by Shri Moloy Ghatak, M.L.A. regarding payment of wages at a rate lower than the rates fixed by the State Govt. to the workers engaged in Hooghly Jute Mills Projects at Mangalpur, Raniganj by the employer.

(noise & interruption on)

A new jute mill namely, Mangalpur Jute Mill under M/s. Hooghly Mills Projects Ltd. has recently started at Raniganj. About 1881 trainees/apprentices are working in the mill, They have been given a formal appointment letter. As per terms of the appointment letter, such trainees/apprentices are paid monthly stipend for the training period for a period of three years and four months. Monthly stipends are paid at a varying scales ranging from Rs. 600/- per month to Rs. 1200/- per month, extending over the entire period of training. Stipend is paid @ Rs. 600/- per month in the first

month and @ Rs. 1200/- per month in the last month of the training period. It has also been stipended in the appointment letter that such trainees/apprentices would be taken into employment as 'badli' workmen in the mill at wages prevalant for regular workmen at Mangalpur area along with all fringe benefits after satisfactory completion of the apprenticeship/training period.

(At this stage the Trinamul Congress, Congress & SUC(I) Members walked out of the House)

On 22-07-2002 the apprentices/trainees had gone on strike. Subsequent to the strike, the management declared suspension of work on 22-07-02. The suspension of work was, however, withdrawn by the management on 24-07-02. The workers submitted that demands on 24-07-02 demanding proper wages for a jute mill worker, proper medical facilities, issue of identity cards, one day's leave every week and 8 hours of duty at a stretch.

In connection with the above, D.M., Burdwan had convened a joint meeting on 27-07-02, but no representative of the workers attended the said meeting. It is reported that subsequently some workers met the management on 28-07-02 in respect of their demand. It may, however, be mentioned here that no intervention of the Labour Deptt. has been sought for by the workers or by any union of the workers and no copy of the charter of demands has been forwarded to the Labour Department.

A close watch is however being kept over further development.

শ্রী মলয় ঘটক : 'লেবার ইন ওয়েস্ট বেঙ্গলের' পেজ টুয়েলভের প্যারা ফোর পয়েন্ট টু দেখুন এবং ২০০২-২০০৩ সালের বাজেট ভাষণের প্যারা ১৫(খ) 'সেখানে আপনি পরিষ্কারভাবে রাজ্যের মানুষকে জানিয়েছেন যে, সমস্ত নতুন শ্রমিক ভাউচারের মাধ্যমে মজুরি পান এবং যারা শূন্য সংখ্যার শ্রমিক হিসাবে নিযুক্ত অথবা যারা শিল্পভিত্তিক চুক্তি অনুযায়ী দেয় মজুরির হারের পরিবর্তে কম মজুরি পান এবং যাদের নাম শ্রমিকদের মাস্টার রোলের অন্তর্ভুক্ত নয়, তারা অন্যান্য প্রান্তিক সুবিধা সহ প্রতিদিন ১০০ টাকা করে মজুরি পাবেন।' এর সঙ্গে ফ্রিঞ্জ বেনিফিট ৫৬ টাকা মিলিয়ে তাদের দৈনিক ১৫৬ টাকা করে মিনিমাম দিতে হবে। কিন্তু এই জুটমিলের মালিক দৈনিক ২০ টাকা করে দিচ্ছে, অর্থাৎ মাসে ৬০০ টাকা করে শ্রমিকদের দিচ্ছেন, বারো ঘণ্টা করে কাজ করিয়ে। এই জুটমিলের একটা শ্রমিকও কিন্তু ৫৬ টাকা করে পাচ্ছেন না।

প্রায় ২৪০০ শ্রমিক কাজ করছে এবং এই ২৪০০ শ্রমিককে ১৫৬ টাকার বদলে রোজ ২০ টাকা দিয়ে চাকরি করাচ্ছে। এতে কয়েক লক্ষ টাকা, যেটা শ্রমিকদের পাওনা,

সেটা মালিকরা লুঠ করছে। রাজ্য সরকারের নজরেও এটা আছে। এক মাস ধরে স্ট্রাইক হচ্ছে। রাজ্যের মন্ত্রী বংশগোপাল চৌধুরী এবং এম.পি. বিকাশ চৌধুরী বলেছিল, চাকরি করতে হলে ২০ টাকাতেই করতে হবে, আমরা ৩ টাকা বাড়িয়ে ২৩ টাকা করিয়ে দিয়েছি। রানীগঞ্জের হুগলি জুটমিল প্রজেক্টে রোজ ৩০ টাকা দিচ্ছে। এই মালিকদের বিরুদ্ধে কোনো আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ অবিলম্বে করা হবে কিনা।

শ্রী মহঃ আমিন : রাজ্য সরকার ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট যেটা হয়েছে, সেটাকেই সমর্থন করে। তার বাইরে কোনো কারখানা যাওয়া উচিত নয়। দুর্গাপুরে যে কম বেতন দিয়ে কাজ করানো হচ্ছে, সেখানে মালিকরা বলছে অ্যাপ্রেন্টিস এবং অ্যাপ্রেন্টিসদের কিছু কম টাকা দেব। ট্রাইপার্টাইট এগ্রিমেন্টে এটা কত হবে বলা নেই। লেবার ডিপার্টমেন্ট এই বিষয়টা দেখছে। আমরা এবারে ঠিক করে দিচ্ছি অ্যাপ্রেন্টিস হলে কত পাবে, কত দিন পাবে, মিনিমাম ওয়েজ কতদিন পরে পাবে, ইত্যাদি। মিনিমাম ওয়েজ কোনো ক্ষেত্রেই ১০০ টাকা এবং ফ্রিঞ্জ বেনিফিট থেকে কম হওয়া উচিত নয় এবং এই বিষয়ে শ্রমিকদেরও সচেতন হতে হবে। তারা রাজ্য সরকারকে চিঠিও দেয়নি। তা সত্ত্বেও আমরা তাদের ডাকব এবং এর যাতে একটা সুষ্ঠু মীমাংসা হয়ে যায় দেখব।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Third Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation, 2002-2003

Shri Subhas Goswami : Sir, I beg to present the Third Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation, 2002-2003 on the Working and Affairs of the ICDS Project and Welfare Homes in the district of Murshidabad.

STATEMENT UNDER RULE 346

Mr. Speaker : Now, Hon'ble Ministers-in-Charge for Jail, Shri Biswanath Chowdhury will make a statement.

শ্রী বিশ্বনাথ চৌধুরী : স্যার, আপনার মাধ্যমে বলছি—আমাদের ৬টি কেন্দ্রীয় সংশোধনাগার, ১১টি জেলা কারাগার, বিশেষ সংশোধনাগার ৩টি, মুক্ত কারাগার ১টি, মহিলা বন্দীদের জন্য ১টি, উপ সংশোধনাগার ৩১টি, মোট ৫৩টি কারাগার আছে। এই ৫৩টিতে পুরুষ বন্দী রাখার ক্ষমতা ১৮,৪৪৪ জন, মহিলা বন্দী রাখার ক্ষমতা ১২২২ জন, মোট ১৯,৬৬৬ জনকে রাখার ক্ষমতা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে ল ইয়ারদের স্ট্রাইকের ফলে জেলের পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ আকার ধারণ করেছে। জেলে যে ক্যাপাসিটি আছে,

তাতে প্রায় সমান সমান বা কিছু বেশিই হয়ে যাচ্ছে। সাব জেলে রাখার ক্ষমতা কম, ডিস্ট্রিক্ট জেলে তার চেয়ে কিছুটা বেশি, সেন্ট্রাল জেলে তার চেয়ে বেশি। উত্তরবঙ্গের জেলগুলোর বন্দী ধারণ ক্ষমতা ২৩৭৭ জন। আজকে ০৪-১২-২০০২ তারিখে সেখানে রয়েছে ৪০৯৯ জন। দক্ষিণবঙ্গের জেলগুলোতেও রাখার ক্ষমতার চেয়ে বেশি সংখ্যক বন্দী রয়েছে। গোটা পশ্চিমবাংলাতে আমাদের বন্দী রাখবার ক্ষমতা জেলগুলোতে ১৯,৬৬৬ জন। সেখানে আমাদের আজকে বন্দীর সংখ্যা ১৯ হাজার ৪৬৯ স্বাভাবিকভাবে বন্দীদের থাকবার যথেষ্ট পরিমাণ অসুবিধা হচ্ছে। আপনারা জানেন যে মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে যারা ল ইয়ার আছেন তাঁদের সঙ্গে আলাপ-আলোচনা করেছেন, কাজেই আমি আপনার মাধ্যমে অনুরোধ করব স্ট্রাইক উইথ ড্র করার জন্য কারণ বন্দীদের অসুবিধার কথা চিন্তা করে এটা করা দরকার।

[12.20—12.30 p.m.]

MENTION CASES

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : স্যার, আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে অর্থনৈতিক সঙ্কটের কথা আমরা সভায় বারবার শুনে আসছি কিন্তু নবদ্বীপ বিধানসভার সংলগ্ন একটা এলাকায় প্রধানমন্ত্রী গ্রাম শহর সড়ক রোজগার যোজনায় ১ কোটি ২৩ লক্ষ ৩৫ হাজার ৪শো টাকা অনুমোদন হওয়া সত্ত্বেও দেখা গেল পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ-এর একজিকিউটিভ ইঞ্জিনীয়ার ঘোষণা ২১-০৯-২০০১-এ স্বাক্ষরিত হলেও কোনো বেনিফিসিয়ারি না করে এমন একটা পরিস্থিতি তৈরি করা হল। গত নভেম্বর মাসের শুরুতে কাজ শুরু করে দিয়ে পরবর্তীকালে আনন্দমোহন বিশ্বাসের প্রতিনিধি হিসাবে এক্স প্রধান বি.ডি.ও.-র সামনে উপস্থিত হলেও কাজটা কি হচ্ছে জানতে পারছে না। ১৮ই নভেম্বর কাজ শুরু হল বি.ডি.ও., পঞ্চায়েত সমিতি জানতে পারছেন না। ২৯শে নভেম্বর গ্রামের লোকেরা ঘন্টার পর ঘন্টা অবরোধ করে থাকে। পরে বি.ডি.ও. অফিসের লোকেরা যায় এবং সেখানে বলে যে ডি.এম. সরকারি লোকদের নিয়ে ৩রা ডিসেম্বর একটা মিটিং হয়। এমন দুর্ভাগ্য দেখা গেল যে মুকুন্দপুর থেকে পশ্চিম কৃষ্ণনগর, ভালুকা ৫ কিলোমিটার রাস্তা সেখানে ফকিরতলা থেকে ভালুকা পর্যন্ত করে দিয়েছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদ্বয়ের কাছে জানতে চাইছি যে আমার কেন্দ্র তারাতলা উড়াল পুলের কথা গত তিন বছর ধরে বলা হচ্ছে। তারাতলা হচ্ছে গেটওয়ে অফ সাউথ ২৪ পরগনা। কিছু আলাপ-আলোচনা এবং কিছু মিটিং হয়েছে। আমি শুধু জানতে চাই তারাতলা উড়াল পুলের কাজ কবে শুরু হবে। এই সরকার উন্নয়ন চায়, এই সরকার উন্নততর বামফ্রন্ট সরকার যদি এটা মনে করে থাকে তাহলে উড়াল পুলের কাজ অবিলম্বে শুরু করা হোক।

শ্রী নির্মল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে জেল মিনিস্টার এইমাত্র বললেন যে

ভয়াবহ পরিস্থিতির কথা, পরিস্থিতি তার থেকেও ভয়াবহ। বন্দীদের বেল পেতে বাধা দেওয়া হচ্ছে, বন্দীরা বেরোতে পারছে না। ইতিমধ্যে জলপাইগুড়ি জেলায় বৃদ্ধ পিতামাতা মারা গেছেন। তাদের বন্দী সন্তানেরা জামি না পেয়ে মুক্ত হতে পারেনি। এই পিতামাতারা মৃত্যুর সময়ে তাদের সন্তানদের দেখতে পারলেন না। আমি আবেদন করছি এই ব্যাপারটা হস্তক্ষেপ করা দরকার এই ভয়াবহ পরিস্থিতি অবসানের জন্য।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, ঝালদাতে যে লাক্ষাশিল্প ছিল, সেটা উঠে গেছে। এই সম্পর্কে সরকারের কোনো মাথাব্যথা নেই। তাই আমি কুটিরশিল্প মন্ত্রীর এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে এই লাক্ষাশিল্প আগে যে পরিস্থিতিতে ছিল, এখনও সেই পরিস্থিতিতে যেন নিয়ে আসা হয়। কারণ হাজার হাজার শ্রমিক বেকার হয়ে গেছে। আর একটা কারণ হচ্ছে বর্তমানে প্রাকৃতিক আবহাওয়ার কারণে লাক্ষাচাষিরা ঠিকভাবে লাক্ষা পোকা তৈরি করতে পারছে না। এই ব্যাপারে একটা রিসার্চ সেন্টার দরকার। রিসার্চের মাধ্যমে নতুন করে পোকা দিয়ে কিভাবে চাষ করা যায়, তার একটা পরিকল্পনা দরকার। এই সম্পর্কে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১০ হাজার লেবার বেকার হয়ে গেছে। এই শিল্পের মাধ্যমে হাজার হাজার টাকা বিদেশ থেকে আমদানী করতে পারতাম। কিন্তু তা এখন বন্ধ। এই পরিস্থিতি থেকে কিভাবে দ্রুত উন্নতি করা যায়, তার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী তপন হোড় : স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি যে, অত্যন্ত দুঃখজনক ঘটনা এই যে, আমাদের রাজ্যের বার কাউন্সিল সুপ্রিম কোর্টের নির্দেশ লংঘন করে তারা স্ট্রাইক চালাচ্ছেন। এর ফলে রাজ্যের জেলগুলিতে অবর্ণনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। প্রচুর জামিনযোগ্য কেস আছে, হাজার হাজার বন্দী জামিন পাচ্ছে না। এই রকম পরিস্থিতিতে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই ব্যাপারে তিনি যেন হস্তক্ষেপ করেন এবং বার কাউন্সিলকে বলছি যে, এখানে অনেক বিরোধীপক্ষের বন্ধুরা এম.এল.এ. আছেন, তাদের কাছে অনুরোধ জানাচ্ছি এই ধরনের স্ট্রাইক তুলে নিন। তা না হলে অবর্ণনীয় অবস্থার সৃষ্টি হচ্ছে। তাদের যদি রিলিফ না দেওয়া যায়, তাহলে ভয়ঙ্কর অবস্থা তৈরি হবে।

শ্রী অসিত মাল : স্যার আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সকালে কাগজে দেখলাম যে, গরিব চাষি হতে বাঘা শিল্পপতি এবং গরিব মধ্যবিত্ত হতে বিশাল বড়লোক সবার জন্য একহারে বিদ্যুতের দাম ঠিক হয়ে গেছে। রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের সি.ই.এস.সি.-র বিদ্যুৎ সম্পর্কে এই সিদ্ধান্ত। রাজ্য সরকার আগে ঘোষণা করেছিল, এই ধরনের সিদ্ধান্ত নিলে তারা মামলা করবে। এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক এবং জনস্বার্থবিরোধী। সাধারণ মধ্যবিত্ত মানুষ চরম সংকটের মধ্যে পড়বে এবং এতে ৯০ শতাংশ মানুষ ক্ষতিগ্রস্ত হবে এবং ভর্তুকি তুলে দিলে সাধারণ মানুষ চরম বিপদের মধ্যে পড়বে। বিদ্যুতের আইনের ৩৯ ধারা প্রয়োগ করে এটা বাতিল করতে হবে। তাই বিদ্যুৎ দপ্তরকে

বলতে চাইছি—রাজ্য সরকার যেভাবে দিনের পর দিন ফী বৃদ্ধি করছে, তারপর এই ভর্তুকি তুলে দেওয়াতে সাধারণ মানুষ চরম বিপদের মধ্যে পড়বে।

শ্রী জানে আলম মিঞা : স্যার, আপনার মাধ্যমে আমি একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যে ফরাক্কা ফিডার ক্যানেল হওয়ার পরে জঙ্গীপুর মহকুমার সূতি রঘুনাথপুর এলাকার ৩৫ হাজার কৃষি জমি ৩০ বছর ধরে ডুবে রয়েছে। এই ব্যাপারে ক্ষতিপূরণের জন্য কোনো দাবি রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে করেছে কিনা। যদি না করে থাকে তাহলে সেই ৩৫ হাজার একর জমির ক্ষতিপূরণ চাওয়ার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি।

[12.30—12.40 p.m.]

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি আসানসোল শিল্পাঞ্চল যে পশ্চিমবঙ্গের মধ্যে সেটা রাজ্য সরকার ভুলে যান। পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় ন্যাশনাল হাইওয়ে-২-এর কনস্ট্রাকশন করছে কেন্দ্রীয় সরকার। তাতে প্রায় ৭৮ কিঃমিঃ পুরনো এলাকা থেকে গেছে সেটা ন্যাশনাল হাইওয়ের এই কাজের মধ্যে আসেনি। এটা হল হুগলির ৪১ কিঃমিঃ, বর্ধমানের ৬ কিঃমিঃ এটা সারানো হচ্ছে বিভিন্ন স্কীমে, কিন্তু বরাকর থেকে কালীপাহাড়ী ২১ কিঃমিঃ রাস্তাটি সারানো হচ্ছে না। এখানে বরাকর, কুলটি, নিয়ামতপুর এইসব গুরুত্বপূর্ণ শহরের মধ্যে দিয়ে জি.টি. রোডটি গেছে এবং সেটা এখন বাস চলাচলের অযোগ্য। আমি এখানে বারবার বলা সত্ত্বেও এর রিপেয়ার হয়নি। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে এই রাস্তাটি সারানো হোক।

আবুল হাসনাত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি মুর্শিদাবাদ জেলার অন্তর্গত রামনগর-ফারাক্কা রাস্তার অধীন রামনগর-আজিমগঞ্জ রাস্তাটি পাকা করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। ওই এলাকায় প্রায় ১ লক্ষ মানুষ এর ফলে উপকৃত হবে। এই রাস্তাটি নির্মাণ হলে যেসব অঞ্চলগুলি উপকৃত হবে তার নাম হল রঘুনাথগঞ্জ, দয়ারপুর, রাণীনগর, লক্ষ্মীজোলা, বালিয়া, কাবিলপুর, মনিগ্রাম, পাটকেলডাঙ্গা, গোবরধনডাঙ্গা এবং আজিমগঞ্জ। এইসব এলাকার জনগণের সুবিধার্থে এই রাস্তাটি দ্রুততার সঙ্গে পাকা করার জন্য বিভাগীয় মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী কিরীটি বাগদী : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খাতরা-মুকুটমণিপুর থেকে রাত্রি ৯টার সময় একটা বাস কলকাতায় আসে। ওই বাসটি ইঁদপুরে ১ মিনিট স্টপেজ দেওয়ার জন্য আমি এখানে বারেবারে আবেদন করা সত্ত্বেও তা করা হয়নি। যার ফলে চক্রধরপুর ট্রেন ধরার জন্য ওখানকার মানুষদের সন্ধ্যে ৬টার সময় বাঁকুড়া স্টেশনে আসতে হয়। বাসটি যাতে ইঁদপুরে ১ মিনিট স্টপেজ দেয় তার জন্য আপনার মাধ্যমে পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন সারা পশ্চিমবাংলায় বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালন সমিতির যখন নির্বাচন হয়, তখন সেই নির্বাচনের সকল ব্যয়ভার ওই স্কুলকেই বহন করতে হয়, সরকারের তরফ থেকে এ সম্পর্কে কোনো ব্যয়ভার বহন করা হয় না। স্কুল উন্নয়নের তহবিল থেকেই এই ব্যয়ভার বহন করা হয়। স্যার, আপনি জানেন বর্তমানে পোষ্টাল খরচ বেড়েছে এবং এই নির্বাচনের ব্যাপারে আন্ডার সার্টিফিকেট অফ পোষ্টিং করে বিদ্যালয়ের অসংখ্য ছাত্র-ছাত্রীর ঘরে ঘরে এটা জানাতে হয়। যদি কোনো স্কুলে ২০০০ ছাত্র বা ছাত্রী থাকে তাহলে সেখানে ১০ হাজার টাকা এই পোষ্টাল খরচ হয় এবং সেটা ওই স্কুলের উন্নয়ন তহবিল থেকেই করা হয়। আমি এই বিষয়ে সরকার এবং মাননীয় শিক্ষামন্ত্রীকে এই বিষয়টা চিন্তা করতে বলছি এবং প্রয়োজনে এ ব্যাপারে যে বিধি আছে সেটার পরিবর্তন করে কোনো দৈনিক সংবাদপত্রে প্রকাশ করে, ছাত্র-ছাত্রীদের মাধ্যমে ঘরে ঘরে বিজ্ঞপ্তি পৌঁছে দিয়ে বা পাবলিক প্লেসে এ ব্যাপারে বিজ্ঞপ্তি জারি করে করলে তাহলে আর বিদ্যালয় উন্নয়ন তহবিলের থেকে টাকা খরচ হয় না এবং এই টাকাটা সাশ্রয় হতে পারে। এখন এম.পি., এম.এল.এ. এঁরা টাকা না দিলে স্কুলের উন্নয়ন সম্ভব হচ্ছে না। সমস্ত খরচ ডেভলপমেন্ট ফান্ড থেকে করতে হয়। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে সরকার যেন এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : স্যার, আমার বিধানসভা কেন্দ্র খড়গ্রাম ক্যানেল ইরিগেশনের টেল এন্ডে রয়েছে। আমরা রবি ও বোরো মরশুমে ক্যানেলের জলের সুযোগ পাচ্ছি না। আমাদের ব্লকের ক্ষেত্রে সিনিয়র জিওলজিস্ট সার্ভে করে বলেছেন যে এটা গ্রে ব্লক। আমাদের কৃষকরা বহুদিন আগে থেকেই এখানে সাব-মার্সিবল পাম্প বসানোর জন্য আবেদন করেছেন। কিন্তু একবার অনুমতি দেওয়ার পর আর দেওয়া হয়নি। আমাদের এলাকা বন্যাপ্রবণ বলে বর্ষার সময় ভেসে যাওয়াতে ধান চাষ করা যায় না। আবার অন্যদিকে বোরো ও রবি চাষের জন্য সেচের জলের জন্য জলাধার না থাকার জন্য চাষিরা চাষ করতে পারছে না। দেখা যাচ্ছে সিনিয়র জিওলজিস্টরা অনুমতি না দিলেও এবং অ্যাপ্লাই না করেও কিছু লোক সাব-মার্সিবল পাম্প বসাচ্ছে। অথচ যে সব কৃষকরা বহুদিন ধরে এক্ষেত্রে আবেদন করে রেখেছে তারা পার্মিশন পাচ্ছে না। এই অনুমতি যাতে কৃষকরা পায় তার জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সি.ই.এস.সি.-র ১৮ লক্ষ ১১ হাজার গ্রাহক। তাদের বিদ্যুৎ মাসুলে এখন থেকে অবিভক্তভাবে পারস্পরিক ভর্তুকি প্রথা উঠিয়ে বাড়ানো হচ্ছে। সি.ই.এস.সি.-র গ্রাহকদের সকলের বিদ্যুতের মাসুল এক হয়ে গেছে। সারা রাজ্যের ক্ষেত্রে এই যে নজিরবিহীন সিদ্ধান্ত রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন ঘোষণা করেছেন তাতে লক্ষ লক্ষ সাধারণ গ্রাহকের বিদ্যুৎ মাসুলের হার অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ার ফলে একটা গণ অসন্তোষ দেখা দেবে এবং এ ব্যাপারে কিছুক্ষণ আগে দেখলেন মাননীয় সদস্যের মধ্যে

তার এলাকার মানুষের ক্ষোভ প্রকাশিত হয়েছে। এইভাবে আজকে ওই বিষয়ে গণ অসন্তোষ সৃষ্টি হচ্ছে। এই যে ২০০০-০১ সালের জন্য গ্রাহকদের মাসুলের হার ইউনিট প্রতি ৩ টাকা ৮১ পয়সা এবং ২০০১-০২ সালের জন্য ৩ টাকা ৯০ পয়সা মাসুলের হার সংশোধন না হলে একটা ভয়ঙ্কর চাপ সাধারণ মানুষের উপর পড়বে। আজকে এক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের সঙ্গে কমার্শিয়াল এবং সাধারণ মধ্যবিত্ত মানুষকে একত্রিত করে দিয়েছেন। এর ফলে ১৮ লক্ষ ১১ হাজার গ্রাহকের উপর বিভিন্নভাবে বোঝা চাপবে এবং গণ-বিক্ষোভ শুরু হয়ে যাবে। এবং আর্থিক সঙ্কটের মধ্যেও যে লড়াই শুরু হয়েছে, শিল্প স্থাপন থেকে আরম্ভ করে বিভিন্ন ক্ষেত্রে যে উদ্যোগ নেওয়া হয়েছে তা আঘাতপ্রাপ্ত হবে। তাই আমি আপনার কাছে আবেদন করছি আপনি বিদ্যুৎমন্ত্রীকে এই সভায় ডেকে এনে একটা স্টেটমেন্ট দিতে বলুন। উনি বলুন যে আমরা সুপ্রিম কোর্টে এ ব্যাপারে যাচ্ছি। এ ব্যাপারে উনি একটা স্টেটমেন্ট করুন।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম মেদিনীপুর জেলার পিংলা ব্লকে যাতে একটা রাইস বার্ণ তেল উৎপাদন শিল্প গড়ে তোলা যায় তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রাইস বার্ণ অর্থাৎ ধানের কুঁড়ো থেকে তেল উৎপাদন শিল্প গড়ে তোলার মতো অনুকূল পরিস্থিতি পিংলা ব্লকে সৃষ্টি হয়েছে। পিংলার করকাই গ্রামে ১৩২ কে.ভি. সাব-স্টেশনের কাজ সম্পূর্ণ হয়েছে। এখানে পিংলার পার্শ্ববর্তী তেমাখানি, বালিচক প্রভৃতি স্থানে বহু রাইস মিল রয়েছে। তাছাড়া এখানে প্রচুর ধান উৎপাদন হয়। বেকার মানুষের স্বার্থের কথা চিন্তা করে, অনুকূল পরিবেশের কথা বিচার করে সার্বিকভাবে এলাকার অর্থনৈতিক উন্নয়নের কথা চিন্তা করে পিংলায় যাতে রাইস বার্ণ তেল উৎপাদন কেন্দ্র গড়ে তোলা হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

[12.40—12.50 p.m.]

ডাঃ রত্না দে (নাগ) : স্যার, হুগলি জেলার শ্রীরামপুর মহকুমা একটা ঐতিহ্যময় শহর এবং সুস্থ সংস্কৃতির পীঠস্থান। এই মহকুমা শহরের মেয়ে শ্রীমতী বুলা চৌধুরী, এই মহকুমা শহরের ছেলে বিখ্যাত ফুটবলার শ্রী সুধীর কর্মকার এবং শ্রী শিশির ঘোষ। সরকার এখানে পশ্চিমবঙ্গের মধ্যে সম্ভবত প্রথম স্টেডিয়াম গড়া শুরু করেছিলেন, কিন্তু সেই স্টেডিয়াম এখনও পর্যন্ত সম্পূর্ণ হয়নি। যেহেতু শ্রীরামপুর কোলকাতার খুব কাছে, সে জন্য এখানে এই স্টেডিয়ামটা সম্পূর্ণ করলে এই স্টেডিয়ামে জাতীয়স্তরের কিছু খেলা অনুষ্ঠিত করা যাবে। আমি এ ব্যাপারে বিভাগীয় মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি যাতে এই স্টেডিয়ামটা যত তাড়াতাড়ি হোক সম্পূর্ণ করার জন্য তিনি যেন উদ্যোগ নেন।

শ্রী মদন বাউড়ি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলা হাসপাতাল সহ বিভিন্ন মহকুমা হাসপাতালে বিগত দিনে মেডিকেল বোর্ডের মাধ্যমে প্রতিবন্ধীদের পরিচয়পত্র দেওয়া হত।

কিন্তু বর্তমানে বর্ধমান জেলা হাসপাতাল সহ মহকুমা হাসপাতালগুলোতে প্রতিবন্ধীদের পরিচয়পত্র দেওয়া হচ্ছে না এবং কোনো মেডিকেল ক্যাম্পও এর জন্য করা হচ্ছে না। বর্ধমান সদর হাসপাতাল সহ বিভিন্ন মহকুমা হাসপাতালে মেডিকেল বোর্ডের মাধ্যমে যাতে প্রতিবন্ধীদের পরিচয়পত্র দেওয়া যায় এবং প্রতিবন্ধীরা যাতে হয়রান না হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী চিত্তরঞ্জন রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ ব্লকের অধীন সুহারই এন.এইচ. (৩৪) টু সাউথ রায়গঞ্জ পর্যন্ত একটা রাস্তা হয়েছে, সেখানে ১২.৩৩ একর জমি দেওয়া হয়েছে। কিন্তু সেই জমির মালিকদের ক্ষতিপূরণের টাকা এখনও অবধি দেওয়া হয়নি। আমি এ ব্যাপারে গত বছর অর্থাৎ ২০০১-২০০২ সালে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং তারপরেও এ ব্যাপারে আমি বহুবার তাঁর দৃষ্টি আকর্ষণ করে তাকে বলেছি। কিন্তু মাননীয় পূর্তমন্ত্রী সরকারের আর্থিক দুরবস্থার কথা বলে এখনও অবধি সেই সব জমির মালিকদের টাকা প্রদানের ব্যবস্থা করেননি। আমি আপনার মাধ্যমে পুনরায় মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, দি অফিসার অন স্পেশাল ডিউটি, এক্স-অফিসিও ডেপুটি সেক্রেটারি টু দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল এই উদ্দেশ্যে অর্থ প্রদানের জন্য যে অর্ডার দিয়েছেন সেটা যেন অবিলম্বে প্রাপকদের দেওয়া হয় তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী সরেশ অঙ্কুরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কাঁকসা বিধানসভা এলাকার শ্রীরামপুর গ্রামে একটা মাধ্যমিক স্কুল আছে। এই মাধ্যমিক স্কুলে প্রায় ১৩০০ জন ছাত্র-ছাত্রী পড়ে। ওই এলাকার অভিভাবকদের দাবি এবং আমারও দাবি যে, ওই এলাকায় অবিলম্বে একটা গার্লস স্কুল স্থাপন করা হোক। এ ব্যাপারে আমি বিভাগীয় মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। স্যার, ৬ নম্বর জাতীয় সড়ক বিস্তৃত করার কাজ চলছে। ডানকুনি থেকে লাওপলা পর্যন্ত প্রায় ৭৪ কিলোমিটার রাস্তা করছে। আর.বি.এম. বলে একটি সংস্থা গ্লোবাল টেন্ডারে কাজ করছে। স্যার, অত্যন্ত দুঃখের কথা এর ফলে রাস্তার ধারে খাদ তৈরি হচ্ছে এবং অত্যন্ত শ্লথ গতিতে কাজ করছে। যার ফলে দিনের পর দিন দুর্ঘটনা বাড়ছে। কয়েকদিন আগে স্কুলের ছাত্রী বোঝাই একটি বাস সাকরাইলের কাছে ধূলাগড় বলে একটি জায়গায় খাদে উল্টে গেলে একজন স্কুল ছাত্রী মারা গিয়েছে। প্রতিদিন এই রকম দুর্ঘটনা ঘটছে। এই ধরনের রাস্তা তৈরি করার জন্য সঠিক বন্দোবস্ত নেওয়া উচিত। এছাড়া যেখানে ট্রাফিক পুলিশ থাকা দরকার সেখানে ট্রাফিক পুলিশ রাখা হচ্ছে না, ফলে প্রতিদিনই ১ থেকে ১০ জন লোক আহত হচ্ছেন, মারা যাচ্ছেন। সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের বাসগুলি কোনো আইন মানছে না ফলে দুর্ঘটনা ঘটছে। এই ব্যাপারে রাজ্য সরকার যেন অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করে, যাতে সাধারণ মানুষ দুর্ঘটনার হাত থেকে বাঁচে।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র মানিকচকে ২রা এবং ৩রা আগস্ট ১১৪০টি পরিবার উদ্বাস্তু হয়েছে গঙ্গা গর্ভে তাদের বাড়ি-ঘর সহায় সম্পত্তি বিলীন হয়ে গেছে, এর আগেও পঞ্চানন্দপুর-১, কে.বি.ঝাউবনা, গোপালপুরের মানুষদের বাড়ি-ঘর গঙ্গা-গর্ভে চলে গিয়েছে। তারা এখন নিঃসহায় হয়ে অবর্ণনীয় জীবন-যাপন করছে, আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সেচমন্ত্রীকে এদের পুনর্বাসনের ব্যবস্থা করতে বলছি এবং এককভাবে রাজ্য সরকারের পক্ষে পুনর্বাসন, ভাঙনরোধ এবং বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব নয়, তাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থ আদায় করে ত্রাণমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে এদের পুনর্বাসনের জন্য এদের বাঁচাবার ব্যবস্থা করবার জন্য আবেদন জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী অতীশচন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সেচমন্ত্রী কাঁদি এলাকার মানুষ। আপনি জানেন যে, এই মহকুমায় প্রায়ই বন্যা হয়। এই বন্যার ফলে এই মহকুমায় প্রায় হাজার হাজার কিলোমিটার জমিদারি বাঁধ আছে। জমিদারি বাঁধ হচ্ছে, জমিদাররা যখন ছিলেন তখন তারা তাদের নিজের নিজের পয়সা খরচ করে নিজের এলাকা বাঁচাবার জন্য বাঁধ তৈরি করেছিলেন। কিন্তু স্বাধীনতার পর বিশেষ করে সেচ দপ্তর নদীর ধারে প্রধান প্রধান বাঁধগুলি তারা মেরামত করে কিন্তু জমিদারি বাঁধ মেরামত করার জন্য কোনো দায়িত্ব তারা গ্রহণ করেনি। যার ফলে ছোটখাট বন্যা হলে সেইসব এলাকা সহজেই ভেসে যায়, সেইসব এলাকায় কোনো ফসল হয় না। এ ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীকে আমি বহুবার অনুরোধ করছি এবং বিশেষ করে বড়যা, ভরতপুর, খড়গাঁ, কাঁদি ছাড়া অন্যান্য ৩টি থানাতে সেখানে এই জমিদারি বাঁধ মেরামত করবার জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। কিন্তু একমাত্র কাঁদি এলাকায় যেসমস্ত হাজার হাজার কিলোমিটার জমিদারি বাঁধ আছে, সেই জমিদারি বাঁধ মেরামতির জন্য কোনো পয়সা বরাদ্দ করা হয়নি। তাই আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে এই জমিদারি বাঁধগুলি মেরামত করবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়, যাতে চাষিদের ছোটখাটো বন্যার হাত থেকে বাঁচানো যায়, তার জন্য সর্বতরভাবে চেষ্টা করা হয়।

[12.50—1.00 p.m.]

শ্রী ভূতনাথ সোরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকারের এস.সি. এস.টি. সাব-প্ল্যানের অর্থ বিভিন্ন দপ্তরের জন্য বরাদ্দ করা হচ্ছে। কিন্তু সে সমস্ত অর্থ দিয়ে দপ্তরগুলি নিয়ম মেনে ঠিক ঠিক কাজ করছে না। অনেক সময়েই লক্ষ করা যায় ওই অর্থ দিয়ে বিভিন্ন জায়গায় রাস্তা-ঘাট, হেন-তেন কাজ করা হচ্ছে এবং বরাদ্দকৃত অর্থ শেষ করা হচ্ছে। যাতে ওই অর্থ ঠিকভাবে নিয়মনীতি মেনে যে উদ্দেশ্যে বরাদ্দ করা হচ্ছে সেই উদ্দেশ্যেই খরচ করা হয় তার জন্য আমি মন্ত্রিমহোদয়গণকে অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রী মহবুবুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মালদা জেলার একটা বিরাট দুর্নীতির কথা, যেটা 'আজকাল' পত্রিকায় আজকে বেরিয়েছে সেটা উল্লেখ করছি এবং তার প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় দুর্নীতির অভিযোগে ৫,৭৯৮ জন শিক্ষক এবং শিক্ষাকর্মীর বেতন বন্ধ হয়ে গেছে। আমার কথা হচ্ছে ৫,৭৯৮ জন কর্মীই নিশ্চয়ই দুর্নীতির সঙ্গে জড়িত নন। সাধারণত স্কুলের বেতন তোলার দায়িত্ব হেড মাস্টার এবং ম্যানেজিং কমিটির। সুতরাং সবাই চোর নন। কিন্তু সবার বেতন বন্ধ হয়ে গেছে। অথচ যে স্কুলের কোনো অস্তিত্বই নেই সেই স্কুলের ৪৫ জন শিক্ষক নিয়মিত বেতন নিয়ে যাচ্ছে। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে যারা দুর্নীতির সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক, তদন্ত কমিটি করা হোক। কিন্তু যে সমস্ত শিক্ষক এবং অশিক্ষক কর্মীরা জড়িত নন, তাঁদের বেতন বন্ধ হবে কেন ? তাঁদেরও বেতন বন্ধ হয়ে গেছে, অবিলম্বে তাঁদের বেতন দেওয়ার ব্যবস্থা করা হোক। তাছাড়া মালদা জেলায় গোটা শিক্ষা দপ্তরটা চালাচ্ছে এ.বি.টি.এ.-এর লোকেরা, মূলত তারা সবাই সি.পি.এম.-এর নেতা। তারাই এই সমস্ত দুর্নীতির জন্য দায়ী, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। তা না হলে আমাদের শিক্ষা ব্যবস্থা একদম শেষ হয়ে যাবে। তাই আমি তাদের বিরুদ্ধে তদন্ত করে ব্যবস্থা নেওয়া দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী গুরুপদ দত্ত : স্যার, আমি আপনার মাধ্যমে কৃষি এবং খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের মন্ত্রিদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা জানি কেন্দ্রের এন.ডি.এ. জোট সরকার কৃষি এবং কুটির শিল্পকে দারুণ সঙ্কটের মধ্যে ফেলে দিয়েছে। আমাদের রাজ্য সরকার ইতিমধ্যেই খাদ্য প্রক্রিয়াকরণের খাদ্যশস্য এবং ফলের উদ্যোগ গ্রহণ করেছে। এই প্রসঙ্গে আমার দাবি রাজ্যের প্রতিটি ব্লকে খাদ্য প্রক্রিয়াকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হোক। যেমন আমার চন্দ্রকোণা কন্সটিটিউয়েন্সিতে ব্যাপক আলু চাষ হয়, সেখানে আলু সংরক্ষণের ব্যবস্থাও আছে। অতএব ওখানে আলু প্রক্রিয়াকরণের জন্য সঠিক উদ্যোগ গ্রহণ করা হলে ওখানকার কৃষকদের বাঁচানো যায়। এর জন্য কৃষকদের সঠিক প্রশিক্ষণ দিয়ে, বেকার যুবকদের নিয়ে স্বনির্ভর গোষ্ঠী গড়ে তুলে আমাদের রাজ্য কৃষি ফসল এবং ফল প্রক্রিয়াজাত পণ্যের আন্তর্জাতিক বাজার দখল করতে পারি। সে কারণেই আমি বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধমে রাজ্যের মৎস্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা জেলার দক্ষিণ সুন্দরবনের কাকদ্বীপ এবং সাগর, দুটি বিধানসভা কেন্দ্রের একেবারে দক্ষিণ প্রান্তে বঙ্গোপসাগরের অববাহিকায় জম্বুদ্বীপ অবস্থিত। সেই জম্বুদ্বীপে কাকদ্বীপ, সাগর, নামখানা, পাথরপ্রতিমা সহ দক্ষিণ ২৪ পরগনার দক্ষিণ সুন্দরবনাঞ্চলের ১০/১২ হাজার ঘর মৎস্যজীবী ৩৫ বছর থেকে ৪০ বছর ধরে গভীর সমুদ্র থেকে মাছ ধরে নিয়ে এসে শুকনো করে সেই মাছ অন্যত্র বিক্রি করে জীবন-জীবিকা নির্বাহ করে আসছিলেন। বর্তমানে সেই জম্বুদ্বীপকে বামফ্রন্ট সরকার পুলিশ দিয়ে ঘিরে দিয়েছে। ফলে মৎস্যজীবীরা গভীর সমুদ্র থেকে মাছ ধরে নিয়ে

এসে ওই দ্বীপে আর শুকতে পারছে না। রাজ্যের মৎস্যমন্ত্রী সহ অন্যান্য মন্ত্রীরা অনেকেই সেখানে গিয়েছেন। এই মুহূর্তে নভেম্বর মাস থেকে ডিসেম্বর মাসের আজ পর্যন্ত মৎস্যজীবীরা ৪০টা মাছভর্তি ট্রলার নিয়ে জম্বুদ্বীপের কাছে অবস্থান করছে। আজও পর্যন্ত কোনো সুরাহা হয়নি। রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রীরও তারা দৃষ্টি আকর্ষণ করেছে। দরিদ্র মৎস্যজীবীরা অসহায় অবস্থার মধ্যে রয়েছে। অনতিবিলম্বে মাননীয় মৎস্যমন্ত্রী বিষয়টি যাতে সুরাহা করেন এবং দরিদ্র মৎস্যজীবীরা জম্বুদ্বীপে মাছ শুকনো করে যাতে তাদের জীবন-জীবিকা নির্বাহ করতে পারে তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের বয়াল গ্রাম পঞ্চায়েতের সি.পি.আই.এম.-এর সদস্য কিসমত আলি সাহ ও তার ভাইকে গত ১২ সেপ্টেম্বর তৃণমূলের সমাজবিরোধী শেখ গোলাম নাজিমুদ্দিন, শেখ সামসুদ্দিন এবং শেখ রুকুমুদ্দিন সালিসি বৈঠকের নাম করে ডেকে নিয়ে যায়। তারপর তাকে ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ করা হয়। তার মৃত্যু নিশ্চিত করার জন্য শেখ নাজিমুদ্দিনের লাইসেন্সপ্রাপ্ত বন্দুক দিয়ে গুলি করা হয়। দীর্ঘ ৩ মাস নেতাজী নার্সিং হোমে চিকিৎসার পর কিসমত পঙ্গু হয়ে গেছে। এর ফলে এলাকায় চাপা উত্তেজনা সৃষ্টি হয়। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, শেখ নাজিমুদ্দিনের ব্যবহৃত লাইসেন্সপ্রাপ্ত বন্দুকটি যেন নিয়ে নেওয়া হয়। ধন্যবাদ।

শ্রী তন্ময় মণ্ডল : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পুনরায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে ৪টি সাব হেল্‌থ সেন্টার ছিল। একটি হচ্ছে, পাথরঘাটা, তারপর হচ্ছে, আড়বেলিয়া আর একটি হচ্ছে, মদনপুর। বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য নীতির ফলে প্রথম ৩টি স্বাস্থ্য কেন্দ্র বন্ধ হয়ে গেছে। চতুর্থটি অর্থাৎ রেকজোয়ানী স্বাস্থ্য কেন্দ্রটি কোনোক্রমে চলছে। আমার এলাকায় যে হারে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাতে একটি পূর্ণাঙ্গ হাসপাতালের প্রয়োজন। সেই প্রয়োজনের তাগিদে স্থানীয় হাজি বাদশা আলি নামে একজন লোক ৬ বিঘা জমি পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তরের নামে উইল করে দিয়ে যান ১৯৭৩ সালে। কিন্তু আজও পর্যন্ত সরকারের দৃষ্টি পড়েনি। আমি আপনার মাধ্যমে বলতে চাই, রাজারহাটের গুরুত্বের কথা বিবেচনা করে একটি পূর্ণাঙ্গ হাসপাতাল গড়ে তোলা দরকার। ওই অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা একেবারে ভেঙে গেছে। ওখান থেকে রোগীকে কলকাতার আর.জি.কর., নীলরতন কিংবা মেডিক্যাল কলেজে আনতে হয়। আনতে আনতে কোনো গর্ভবতী মহিলার রাস্তায় প্রসব হয় কিংবা অনেক রোগী রাস্তায় মারা যায়, এই রকম ঘটনা রাজারহাটে প্রায়ই ঘটছে। তাই, রাজারহাটে একটা পূর্ণাঙ্গ হাসপাতাল অবিলম্বে প্রয়োজন এবং এর জন্য উপযুক্ত জমিও আছে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য নীতির ফলে সব একেবারে শেষ হয়ে গেছে। কোনো হাসপাতালে ওষুধ পাওয়া যাচ্ছে, পথ্য পাওয়া যাচ্ছে না, কিছুই পাওয়া যাচ্ছে না। তাই রাজারহাটের মানুষের

স্বার্থে যদি ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমি পূর্বেও এই বিষয়ে চিঠি দিয়েছি, কিন্তু তিনি সেই চিঠির কোনো সদ্-উত্তর দেননি, কিছু করতে পারবেন কি না তাও জানাননি। তাই আমি আবার মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ এবং সবার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার অঞ্চলে যে ৩টি হাসপাতাল বন্ধ হয়ে গেছে ওই ৩টি সাব-সেন্টার যাতে পুনরায় চালু করা হয় তার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী অশোক দেব : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সরকারকে জানাতে চাইছি, গত ১৩ নভেম্বর থেকে আজ পর্যন্ত সিজ ওয়ার্ক চলছে সারা রাজ্যের বিভিন্ন আদালতে। আইনজীবীরা স্বেচ্ছায় কাজে যাচ্ছেন না এবং জনগণও কাজে আসছেন না। কিন্তু আমি পশ্চিমবাংলার জনগণ হিসাবে এই কথা বলতে চাই, যদি আইনজীবীদের হুমকি দেবার চেষ্টা করেন তাহলে আপনারা মূর্খের স্বর্গে বাস করছেন। আমি দেখতে পাচ্ছি "গণশক্তি" নামে একটি কাগজে আইনজীবীদের সম্পর্কে বিভিন্নভাবে বলার চেষ্টা করা হচ্ছে। এটা কিন্তু অশোভনীয়। নিশীথবাবুও চেষ্টা করছেন আমাদের এই আন্দোলনকে ভাঙার জন্য। রাজ্যের মুখ্যমন্ত্রীও যে কথা বলেই ভাঙবার চেষ্টা করুন। মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের ৪/৫ বার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও দেখলাম একটা দাবিও তিনি মানার চেষ্টা করেননি। তার সঙ্গে আছেন আইনমন্ত্রী নিশীথবাবু। এটা খুবই লজ্জার কথা। আপনাদের দলের লোক বার কাউন্সিলে যারা আছেন তাঁরাও এর জন্য দুঃখপ্রকাশ করেছেন এবং বলেছেন এ রকম বক্তব্য থাকা উচিত নয়। আজকেও শুনছি স্যার, বিভিন্ন আদালতে গণ্ডগোল পাকানোর চেষ্টা করা হচ্ছে এবং হুমকি দেওয়া হচ্ছে। অবিলম্বে এই হুমকি যদি বন্ধ না হয় তাহলে আইনজীবীরাও চুপ করে বসে থাকবেন না। আইনজীবীরা মাথা নত করবেন না, আমরা এর সম্মানজনক মীমাংসা চাই, তা না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

[1.00—1.10 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উদার অর্থনীতি ভারতবর্ষের সর্বত্র যেভাবে প্রভাব বিস্তার করেছে এবং তার জন্য সারা দেশ জুড়ে শ্রমিক-কর্মচারীদের মধ্যে যে তীব্র হাহাকার উঠেছে আমরা লক্ষ করছি পশ্চিমবাংলার রাজ্য সরকারও তার বাইরে যেতে পারছেন না। গত কয়েকদিন আগে এখানে মাননীয় শিল্পমন্ত্রী বলেছেন যে, কে বলেছে আমরা কমিউনিজমের পথে হাঁটছি ? আমরা মোটেই কমিউনিজমের পথে হাঁটছি না। স্যার, আমি বলতে চাই, উদারীকরণের নাম করে কেন্দ্রীয় সরকার দেশের লাভজনক সংস্থা পাবলিক সেক্টর আন্ডারটেকিংস—একের পর এক বিক্রি করে দেবার পরিকল্পনা করছেন এবং করেছেন অলরেডি। বালকো, সেন্টুর হোটেল, সর্বশেষে বি.এস.এন.এল., বি.পি.সি.এল., এইচ.পি.সি.এল. সেগুলিও বিক্রি করে দেবার সিদ্ধান্ত নিয়েছেন—তেল কোম্পানিগুলি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর কাছে এই ব্যাপারে আবেদন জানিয়ে বলতে চাই, এই হাউস থেকে এর আগে বিভিন্ন রাজনৈতিক দলের সদস্যদের নিয়ে সর্বদলীয় টিম দিল্লিতে গিয়ে সেখানে বিভিন্ন মন্ত্রীর সঙ্গে দেখা করে

এ ব্যাপারে আমাদের প্রতিক্রিয়া যেমন জানিয়েছিলেন এবারেও সে রকম করা হোক। কারণ এর যে সুদূরপ্রসারী প্রভাব তা সারা ভারতবর্ষে যেমন পড়বে তেমনি এ রাজ্যেও পড়বে। যেগুলি লোকসানে চলছে সেগুলি নিয়ে রাজ্য সরকারও কিছু কিছু সিদ্ধান্ত নিয়েছেন, সে ব্যাপারে আমরা নো কনফিডেন্সের আলোচনার দিন বলব কিন্তু যেসব সংস্থা লাভ করছে এবং দেশের এক্সচেকারে লাভের অংশ তুলে দিতে পারছে সেগুলিও বিক্রি করে দেওয়ার যে সিদ্ধান্ত তার আমি তীব্র বিরোধিতা করছি। রাজ্য সরকারকে আমি বলব, প্রয়োজনে এর জন্য আবার দিল্লীতে সর্বদলীর টিম পাঠিয়ে কেন্দ্রীয় সরকারের এই উদ্যোগকে থামানোর জন্য যা কিছু বন্দোবস্ত করা দরকার দেশ ও রাজ্যের স্বার্থে সেই ব্যবস্থা করা হোক।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থা যা অত্যন্ত গুরুত্বপূর্ণ তা আজ এখানে অত্যন্ত অবহেলিত অবস্থায় চলছে। চিত্তরঞ্জন ন্যাশানাল ক্যান্সার ইন্সটিটিউট এই ক্যান্সার হাসপাতালটিতে কেমোথেরাপির অভাবে হাজার হাজার গরিব মানুষ ক্যান্সারের চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছেন। আমার দাবি, অবিলম্বে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে এর ব্যবস্থা করা হোক। ন্যাশানাল ইলনেস ইন্সটিটিউট থেকে যে ফান্ড পাওয়া যেত সেটাও বন্ধ হয়ে গিয়েছে। ডিরেক্টর উৎপলা চ্যাটার্জী জানাচ্ছেন গত দু'-বছরে ১০ লক্ষ টাকা পাওয়া গিয়েছিল কিন্তু বর্তমানে ইনকাম ট্যাক্স ইত্যাদির ঝামেলায় সেটাও বন্ধ হয়ে গিয়েছে। এখানে স্যার, যে সমস্ত রোগীরা আসেন তাদের মধ্যে ৮০/৯০ ভাগই হচ্ছেন গরিব মানুষ, তারা এর ফলে চিকিৎসা পাচ্ছেন না। স্যার, আপনি জানেন গরিব মানুষ যারা ক্যান্সারে ভুগছেন তাদের অধিকাংশই আসেন শেষ সময়ে ফলে রোগটি তখন জটিল হয়ে যায়। এই অবস্থায় কেমোথেরাপি করার দরকার হয় কিন্তু দিনের পর দিন তা পাওয়া যাচ্ছে না ফলে গরিব মানুষদের চিকিৎসা বন্ধ হয়ে গিয়েছে। হাসপাতালে গিয়ে দেখুন খুব করুণ অবস্থা। অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রীমতী মঞ্জু বসু : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমার বিধানসভা কেন্দ্র নোয়াপাড়া এলাকার ইছাপুর আনন্দ মঠে এবং পাশের বিধানসভা কেন্দ্র শ্যামনগরের কাউগাছি অঞ্চলে মানুষের চেষ্টায় পারিবারিক ব্যাঙ্ক যা গড়ে উঠেছিল, দি রাহুতা ইউনিয়ন কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, তা ভীষণভাবে দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছে এবং ফলস্বরূপ ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক গত ৫ই মে, ২০০২ ওই ব্যাঙ্কের আর্থিক লেনদেনের উপর বিধিনিষেধ আরোপ করেছে। ওই বিধিনিষেধ দূর করতে ব্যাঙ্ক কর্তৃপক্ষ কোনো প্রচেষ্টা না চালিয়ে, অনাদায়ী ঋণ আদায়ের চেষ্টা না করে কর্মচারীদের দ্বারা ব্যাঙ্ক চালাবার ক্ষেত্রে গৃহীত ব্যবস্থাকে বানচাল করছেন তাঁরা। তার ফলে আমানতকারীরা দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছেন। যাদের প্রয়োজন নেই ব্যাঙ্ক কর্তৃপক্ষ তাদের লক্ষ লক্ষ টাকা ঋণ দিয়েছেন এবং তাদের কাছ থেকে মোটা অঙ্কের উৎকোচ গ্রহণ করেছেন। তার ফলে সাধারণ আমানতকারীরা তাদের সঞ্চিত অর্থ ফেরত পাচ্ছেন না। এই আমানতকারীদের মধ্যে কেউ কন্যাদায়গ্রস্ত পিতা, কেউ মৃত্যু পথযাত্রী রোগী, কেউ বন্ধ কারখানার শ্রমিক। সে জন্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, পশ্চিমবঙ্গ

সরকারের সমবায় দপ্তর এবং ব্যাঙ্ক কমিটির সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি, অনতিবিলম্বে ওই ব্যাঙ্ক কর্তৃপক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন। আমি সমবায় ব্যাঙ্কের সুনাম বজায় রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধক্ষ্য মহাশয়, বামফ্রন্ট সরকার জনযুদ্ধ গোষ্ঠীকে ধরবার জন্য পাগল হয়ে গেছে। পাঁচটি কলেজের ছাত্র-ছাত্রী—দীপ্তনীল রায়, জয়ন্ত চক্রবর্তী, সঙ্গিতা রায়, প্রদ্যুৎ ঘোষ এবং বিনায়ক ভট্টাচার্য। ওরা শালবনী গ্রামে গিয়েছিলেন ফ্যাক্টস ফাইন্ডিং টিম হিসাবে অত্যাচার হচ্ছে কি না দেখতে। পুলিশ তাদের গ্রেপ্তার করেছে এবং পরে ছেড়ে দিয়েছে। তারপর তারা বলেছেন, আবার তারা গ্রামে যাবেন। আপনি জানেন, মেদিনীপুর জেলায় ৬০ জনকে যাদের জনযুদ্ধ বলে ধরা হয়েছে তারা হাঙ্গার স্ট্রাইক করছেন, কারণ স্পেসিফিক কোনো কেস না দিয়ে পুলিশ তাদের গ্রেপ্তার করেছে। তাদের দাবি, তাদের রাজনৈতিক বন্দীর মর্যাদা দেওয়া হোক। মুখ্যমন্ত্রী এই হাউসে জনযুদ্ধ সম্পর্কে নানা কথা বলছেন, রাজনৈতিক লড়াই-এর কথা বলছেন, কিন্তু তাদের নিষিদ্ধ করছেন না কেন ? সেটা না করে জনযুদ্ধের নাম করে গ্রামের নিরীহ মানুষদের পুলিশ গ্রেপ্তার করছে। তার ফলে মানুষের সিভিল লিবার্টি, মানবাধিকার ভঙ্গ হচ্ছে। আজকে যে ৬০ জন অনশন করেছেন তাদের মধ্যে জনযুদ্ধের নেতারাও রয়েছেন। তাদের মধ্যে পার্থসারথী ব্যানার্জী, সুদীপ চোংদার, অমিয় কুন্ডুও হাঙ্গার স্টাইক করছেন। তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা সাজান হয়েছে। জনযুদ্ধকে রাজনৈতিক মোকাবিলা করবার কথা বলছেন ! তাদের নিষিদ্ধ করুন ! তার জন্য ওদের হাঙ্গার স্টাইককে আমি সমর্থন করছি এবং ছাত্রদের গ্রেপ্তার করার আমি তীব্র নিন্দা করছি।

ZERO HOUR

[1.10—1.20 p.m.]

শ্রীমতী শান্তা ছেত্রী : অনারেবেল ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ এবং জেল বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ২০ বছর ধরে পশ্চিমবাংলাতে আই.সি.ডি.এস. প্রকল্প চালু হয়েছে। কিন্তু দুঃখের বিষয় দার্জিলিং জেলায় যে টি গার্ডেন, ফরেস্ট ভিলেজ এবং সিংকোনা প্লানটেশন আছে এই জায়গাগুলিতে এই আই.সি.ডি.এস. প্রকল্প চালু হয়নি, বিগত ২০ বছর ধরে তাদের বঞ্চিত রেখেছেন। মাননীয় মন্ত্রিসভায় আছেন, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই পাহাড়ি এলকার এই টি গার্ডেন, ফরেস্ট ভিলেজ এবং সিংকোনা প্লানটেশন অঞ্চলে আই.সি.ডি.এস. প্রকল্প চালু হয়নি কেন ? এটা অত্যান্ত দুঃখের বিষয়। আমি মনে করি এটা ইনজাসটিস ফর দি হিল। আমি জানতে চাই এই জায়গাগুলিতে আই.সি.ডি.এস. প্রকল্প কবে নাগাদ চালু হবে ? এই আই.সি.ডি.এস. প্রকল্প টি গার্ডেন, সিংকোনা প্লানটেশন এবং ফরেস্ট ভিলেজে চালু করার দাবি জানাচ্ছি।

শ্রী নির্মল দাস : স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের বিশেষ করে ভূমি রাজস্ব দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের উত্তরবঙ্গে ভূমি সমস্যা দীর্ঘদিনের।

চা-বাগানের মালিকরা লিজ ল্যান্ডের সুযোগ পেয়েছে, তারা চা-বাগান বন্ধ করছে। পাশাপাশি দেখতে পাচ্ছি ডুয়ার্স মার্কেট ফান্ডের ল্যান্ড সর্বত্র আছে। বহু মানুষ স্বাধীনতার পর থেকে তারা এই ল্যান্ড অকুপাই করে আছে। ২০ বছর ধরে সেখান থেকে রেভিনিউ নেওয়া হচ্ছে না। এই মার্কেট ফান্ডের ল্যান্ডের সেটেলমেন্ট করা হচ্ছে না। আমরা বারে বারে আবেদন করেছি যাতে এখানে সেটেলমেন্ট হয়। মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষেরা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে, এল.আই.সি. থেকে লোন নিয়ে ঘর-বাড়ি করেছে কিন্তু তাদের এই সুযোগ দেওয়া হচ্ছে না। ইতিমধ্যে কমিশনার সার্ভের জন্য নির্দেশ দিয়েছেন। সর্বশেষ ১ বছর আগে সার্ভে হয়েছে। প্রায় হাজার হেক্টর ল্যান্ড মার্কেট ফান্ডের, সেখানে যারা অকুপাই করে আছে অধিকার করে আছে, ঘর-বাড়ি করে আছে তাদের সেটেলমেন্ট না দেওয়ায় তারা লিজের শর্ত পাচ্ছে না। ডুয়ার্স মার্কেট ফান্ডের ল্যান্ড জলপাইগুড়ি চা-বাগান এলাকার বাইরে, এই ল্যান্ড আদিবাসীদের মধ্যে বন্টন করে তাদের সেটেলমেন্ট দেওয়া হোক এই দাবি জানাচ্ছি। তাহলে সরকার অনেক রেভিনিউ পাবে, যে আর্থিক অনটন চলছে, এই রেভিনিউ থেকে তা কিছুটা মেটানো যাবে।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বেশ কিছু বছর ধরে কিছু ব্যক্তিকে অনৈতিক নিয়োগ করা নিয়ে গোটা বিশ্ববিদ্যালয় সোরগোলে সোচ্চার। আমরা দেখতে পাচ্ছি এক ভদ্রলোককে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যাসিসটেন্ট সুপারিনটেনডেন্ট হিসাবে জয়েন করানো হয়। কিন্তু পরের বছরে তাকে কোনো রকম কারণ না দেখিয়ে জুনিয়র প্রুফ রিডার পদে নিয়োগ করা হয়। এই বিষয়কে কেন্দ্র করে কর্মী মহলে বিক্ষোভ শুরু হয়েছে। সরকারের অর্থনৈতিক দুরবস্থার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ে শূন্য পদে লোক নেওয়া হচ্ছে না। সেখানে দেখতে পাচ্ছি পরীক্ষার জন্য অবসরপ্রাপ্ত কিছু মানুষকে স্পেশাল ট্যাবুলেটার হিসাবে নিয়োগ করা হচ্ছে। অথচ এই ট্যাবুলেশানটা অত্যন্ত সিরিয়াস ব্যাপারে। অথচ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যারা নিয়মিত কর্মচারী তাদের দিয়ে এই কাজ করানো উচিত। অর্থের অভাবের জন্য যখন এই সরকার শিক্ষকের মাইনে দিতে পারছে না, সরকারী কর্মচারীদের বেতন দিতে পারছে না, সমস্ত শূন্য পদে লোক নিয়োগ করতে পারছে না, সেখানে এই ক্ষেত্রে সরকার দ্বিচারিতার মনোভাব নিয়েছেন, ট্যাবুলেশনের জন্য স্পেশাল ট্যাবুলেটার নিয়োগ করা হয়েছে দৈনিক ১০০ টাকার বিনিময়ে ৬ মাসের জন্য। এই বেআইনী নিয়োগ বন্ধ করার জন্য এই সভায় আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তপন হোড় : স্যার সম্প্রতি শিক্ষামন্ত্রীদের নিয়ে একটা সম্মেলন হয়েছে। সেই সম্মেলনে আমরা দেখলাম কেন্দ্রের শিক্ষামন্ত্রী যেভাবে উক্তি করেছে এবং সোচ্চার ভূমিকা নিয়েছে তাতে তার প্রতিবাদে ১৩ জন শিক্ষামন্ত্রী হল থেকে বার হয়ে গিয়েছে এবং তাঁরা তার প্রতিবাদ করেছেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী অবিলম্বে কিভাবে শিক্ষার ক্ষেত্রে সাম্প্রদায়িক বিষ ঢুকিয়ে দেওয়া যায় তার চেষ্টা করছেন। গুজরাটের ঘটনার পরে এটাকে আরো বেশি বেশি করে সাম্প্রদায়িকতা ছড়ানো হচ্ছে যে ঘটনাগুলো হচ্ছে তাতে আরো বেশি করে শিক্ষার মধ্যে সাম্প্রদায়িক বিষ ঢুকিয়ে দিতে চাইছেন। সংবিধানে শিক্ষা একটা কনকারেন্ট

লিস্টে পড়ে, যুগ্ম তালিকায় পড়ে। সেই জায়গায় দাঁড়িয়ে রাজ্যের দৃষ্টিভঙ্গী, রাজ্যের যে মতামত সেই মতামতকে উপেক্ষা করে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী রাজ্যের শিক্ষার উপরে এইভাবে চাপিয়ে দিতে পারেন না। একটা অভিন্ন শিক্ষা, তার যে সিলেবাস চালু করা দরকার সেক্ষেত্রে রাজ্য সরকারের একটা মতামত আছে। সেখানে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী চাপ দিতে পারেন না। আজকে এর মধ্যে দিয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর একটা ঔদ্ধত্যপূর্ণ আচরণ শিক্ষা সম্মেলনে প্রকট হয়েছে। সেখানে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তাঁরা দেখুন আজকে কিভাবে শিক্ষার ক্ষেত্রে সাম্প্রদায়িক বিষ ঢুকিয়ে শিক্ষাতে গৈরিকীকরণের একটা অপচেষ্টা করা হচ্ছে। রাজ্য সরকারকে এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি কারণ যেখানে শিক্ষা একটা সংবিধানে যুগ্ম তালিকায় রয়েছে সেখানে কেন্দ্রীয় সরকার হস্তক্ষেপ করতে পারে না।

POINT OF ORDER

শ্রী তাপস রায় : স্যার পয়েন্ট অফ অর্ডার, মাননীয় ডেপুটি স্পীকার একটা রুলিং দিয়েছিলেন গতকাল, সেই রুলিং মোতাবেক কাজ হয়েছে। আপনি গ্রহণ করেননি, তারপরে এক্সপাঞ্জও করেছেন। কিন্তু আজকে মাননীয় সদস্য তপন হোড় গুজরাট নিয়ে কথা তুলেছেন। গুজরাটের ব্যাপারে যে সমস্ত কথাবার্তা বলেছেন সেটা বাদ যাবে কি থাকবে, সেটা এক্সপাঞ্জ করা হবে কি না সেই ব্যাপারে আপনি একটা রুলিং দিন।

ZERO HOUR

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী শান্তা ছেত্রী আই.সি.ডি.এস. সম্পর্কে যা বললেন তার উপরে আমি উত্তর দিচ্ছি। হিলের প্রত্যেকটি জায়গাতে এবং দার্জিলিংয়ে প্রত্যেকটি জায়গাতে আই.সি.ডি.এস. প্রকল্প চালু করা হয়েছে কিন্তু আমাদের অসুবিধা যেটা সেটা আপনিও জানেন এবং অন্যান্য মাননীয় সদস্যরাও জানেন যে, এই পোস্ট স্যাংসন নিতে হলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে নেওয়া হয়ে থাকে। আমাদের যে সমস্ত বাগান আছে, সেই সমস্ত বাগানে আই.সি.ডি.এস. প্রকল্প চালু করতে চাই। আমরা কেন্দ্রের কাছে কয়েকবার প্রস্তাব দিয়েছি। কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোটা না পাবার ফলে আমরা কিছু করতে পারিনি। আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করছি। শুধুমাত্র বাগানের ক্ষেত্রেই নয়, আমরা এটা মনে করি আই.সি.ডি.এস. প্রকল্প যেখানে ১ হাজার পপুলেশন অথবা সাড়ে সাতশো পপুলেশন সেখানেই সেন্টার করা দরকার। মা এবং শিশুদের পরিষেবার উন্নতি করতে গেলে প্রচুর সেন্টার করার প্রয়োজন। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাবও রেখেছি। কাজেই কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যদি পোস্ট পাই বাগানের ব্যাপারে তখন নিশ্চয় গুরুত্ব দেবো।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে জানাচ্ছি যে, আজকে তৃণমূলের পরিষদীয় দলের নেতা সুব্রত বক্সী, শীতল সর্দার, পার্থ চ্যাটার্জী, তমোনাশ ঘোষ আমতা থানার বারুইয়ের বাগুইপাড়ায় যাচ্ছে। ভোটার লিস্টে নাম অন্তর্ভুক্ত

করার সময়ে সেখানে তৃণমূল কর্মীর ছেলেদের সি.পি.এম.-এর স্থানীয় কর্মীরা পিটিয়ে মেরেছে। ওই সি.পি.এম.-এর লোকেরা ৪ জন তৃণমূল কংগ্রেসের লোকের হাত-পা ভেঙে দিয়েছে। একজন প্রসূতি মহিলা, অন্তঃসত্ত্বা মহিলা তাকে প্রহার করেছে। আরো কয়েকটি বাড়ি ওখানের আগুন লাগিয়ে জ্বালিয়ে দিয়েছে। আমার কাছে খবর আছে আমতা থানার বিধায়ক, রাষ্ট্রমন্ত্রী প্রত্যুষ মুখার্জীর প্রত্যক্ষ মদতে তৃণমূল কংগ্রেস কর্মীদের উপরে এই ধরনের অমানুষিক অত্যাচারের ঘটনা ঘটছে। স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সি.পি.এম.-এর কর্মীরা এখনও এই ধরনের আগ্রাসী মনোভাব নিয়ে পঞ্চায়েত নির্বাচনের আগে থেকে তৃণমূল কর্মীদের শঙ্কিত এবং ভীত করবার চেষ্টা করছেন। আমাদের পরিষদীয় দল যাচ্ছে। আমি বলতে চাই, এখানে আরামবাগের*** বিনয় দত্ত বলল, বেশ করেছে। কারণ উনি ১ লক্ষ ভোটে জিতেছেন গুণ্ডামী করে, ওর কাছে আমি আর কিছু আশা করি না। কিন্তু এই ধরনের কাজ তৃণমূল কর্মীদের উপর যদি আক্রমণ হয় তাহলে সারা বাংলায় আগুন জ্বলবে। আমাদের পরিষদীয় দল বাগুইপাড়া থেকে ফিরে আসার পরে আমরা মুখ্যমন্ত্রীর কাছে রিপোর্ট দেবো। এই ঘটনার আমরা তীব্র নিন্দা করছি এবং বর্তমান কাগজে এটা নিয়ে বেরিয়েছে পুলিশ দাঁড়িয়ে দেখছে এবং ডাইরি নেয়নি। আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1.20—1.30 p.m.]

শ্রী লক্ষ্মীকান্ত দে : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় সদস্য সৌগতবাবু বলছিলেন আমাদের প্র্যাকটিশের মধ্যে আছে কারোর নাম করে যদি বলেন তাহলে তাঁকে নোটিশ দিতে হবে। আপনি রাষ্ট্রমন্ত্রী বলতে পারতেন, এটা এক্সপাঞ্জ করা উচিত।

শ্রী সৌগত রায় : মিঃ ডেপুটি স্পীকার স্যার, লক্ষ্মীবাবু সিনিয়র সদস্য এবং চীফ হুইপ। তিনি আমার বক্তব্য ঠিক করে শোনেননি। আমি বলেছি এই রকম খবর আছে। আমি বলিনি, উনি করেছেন। প্রত্যুষ মুখার্জী রাষ্ট্রমন্ত্রী, আমতার বিধায়ক, উনি করিয়েছেন—এই রকম খবর আছে। এটার জন্য কোনো নোটিশ দেবার দরকার হয় না।

শ্রীমতী কুমারী কুজুর : माननीय उपाधक्ष महोदय, मैं आपके माध्यम से माननीय मंत्री सोसल वेलफेयर ओर जेल का दृष्टि आकर्षन करना चाहती हूँ कि मेरी विधानसभा समष्टि एलाका मदारीहाट, बीरपाड़ा में ओल्ड एज होम नहीं हैं, डूअर्स इलाका में बहुत गरीब और बेसहारे वृद्ध लोग हैं। साथ साथ बहुत चाय बगान होने के नाते भी हैं। इसलिए मैं मंत्री महोदय की दृष्टि आकर्षित करना चाहती हूँ मेरी इलाका में एक ओल्ड एज होम बनाना चाहिए। यही मेरी दाबी हैं।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মিঃ ডেপুটি স্পীকার স্যার, এই পশ্চিমবাংলা যত পঞ্চায়েত নির্বাচন এগিয়ে আসছে ততই সন্ত্রাস-এর পরিবেশ তৈরি করবার জন্য—এখানে সৌগতবাবুও বলছিলেন, আমাদের সাধারণ কর্মীদের ধরে মারধর করা হচ্ছে। মহিলাদের উপর অত্যাচার করা হচ্ছে। এটা তো গেল একটা দিক। আর একটা দিকের খবর হল, সঙ্গে

***Expunjed by order of the Chair

সঙ্গে মানুষের সামনে চাকরির টোপ দেবার জন্য স্কুল সার্ভিস কমিশন থেকে নতুন করে শিক্ষক নিয়োগ করবার জন্য পেপার অ্যানাউন্সমেন্ট করা হয়েছে। আমি আপনাদের সামনে বলতে পারি, দায়িত্ব নিয়ে আমি বলছি, গতবারে যারা স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় পাস করেছিল তাদের মধ্যে ১ থেকে ১০-এর মধ্যে, একজনও প্রার্থীর চাকরি হয়নি। সামনে আবার পঞ্চায়েত নির্বাচন আসছে সেই কারণে ওরা পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে গ্রামে গ্রামে চাকরি দেওয়া সুযোগের নাম করে নতুন করে পঞ্চায়েত দখল করবার চেষ্টা করছে। আমি তীব্র ভাষায় এর প্রতিবাদ করছি। আগে গতবারের লিস্ট থেকে চাকরি দেওয়া হোক, তারপরে নতুন করে শিক্ষক নিয়োগের পরীক্ষার ব্যবস্থা করা যাবে। এখন পরীক্ষা যদি হয় তাহলে সেটা শুধু অন্যায় নয়, গুরুতর অপরাধ। গোটা পশ্চিমবাংলার মানুষের সাথে তাহলে তঞ্চকতা হবে, তাই আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমার বিধানসভার ক্ষেত্র নন্দীগ্রাম ও নন্দীগ্রাম-১ নম্বর ব্লকে সাব-রেজিস্ট্রি অফিসের কাজ একটা ভাড়া বাড়িতে চলত। ইত্যবসরে চুক্তির মেয়াদ শেষ হওয়ায় মালিক পক্ষ অফিস কর্তৃপক্ষকে আর বাড়ি ভাড়াতে দিতে চাচ্ছে না। নন্দীগ্রাম ১ নম্বর পঞ্চায়েত সমিতির পাশাপাশি স্বাস্থ্য দপ্তরের একটা জায়গা রয়েছে। পঞ্চায়েত সমিতি ওই জায়গাটা পাওয়ার ব্যাপারে জেলা স্বাস্থ্য দপ্তরের কাছে প্রস্তাব পাঠিয়েছে। আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি ওই জায়গাটা যাতে নন্দীগ্রামের ১ নম্বর পঞ্চায়েত সমিতিকে হ্যান্ড ওভার করা হয়, সেই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা যেন গ্রহণ করা হয়।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় এতকাল শাসন করার পরেও গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবার যে মিথ্যা আশ্বাস এই বামফ্রন্ট সরকার দিয়েছিল পশ্চিমবঙ্গবাসী সেটা জেনে গিয়েছে। তারা গ্রামে গ্রামে বিদ্যুৎ দিতে পারেনি। আমার রামপুরহাট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পাবরক্ষিয়া এবং কামাক্ষা এই দুটি গ্রামে আজও অবধি বিদ্যুৎ পৌঁছায়নি। এছাড়া সাঁওতালপল্লীগুলিতে বিদ্যুতায়ন করার কোনো ব্যবস্থা হয়নি। আজও আরেন্দা, গড়নাহরী, তুমানি এইসব জায়গার একটা পার্টে, যেখানে আদিবাসীরা বাস করে সেই সব জায়গায় বিদ্যুৎ পৌঁছায়নি। আদিবাসীদের সম্পর্কে আজকে এই সরকার উদাসীন। এইসব জায়গায় বিদ্যুতায়ন করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি এবং তার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের দশ, বারো লক্ষ বিড়ি শ্রমিক আজকে দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে। আজকে বিড়ি তৈরির কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে। যে বিড়ি শ্রমিকরা এক সময় বামপন্থী ঘেঁষা ছিল তাদের এই দুর্দশা হল কি করে ? আপনারা আজকে তাদের প্রাণে মেরে দেওয়ার চেষ্টা করছেন। দশ লক্ষ বিড়ি শ্রমিকের পরিবার পিছু চারজন

করে গড় করলে সংখ্যাটা কত হচ্ছে দেখুন। এর আগে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন এদের ব্যাপারে আপনারা চেষ্টা করছেন। কিন্তু তাদের রক্ষা করার ব্যাপারে আপনারা কি করছেন জানি না। এই বিড়ি শ্রমিকদের রক্ষা করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর মহকুমায় কয়েক লক্ষ বিড়ি শ্রমিক বুকে যক্ষ্মা রোগ নিয়ে কাজ করছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি আবেদন করছি মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর মহকুমায় যে সমস্ত বিড়ি শ্রমিকরা যক্ষ্মা রোগে আক্রান্ত হয়েছে তাদের জন্য একটা আবাসিক টি.বি. হাসপাতাল করার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ ডেপুটি স্পীকার : মাননীয় সদস্য সৌগত রায় বিনয় দত্ত সম্পর্কে বলেছেন উনি আরামবাগের গুন্ডা। এই কথাটি বাদ যাবে।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষ্ণুপুর পূর্ব কেন্দ্রের ও.সি. প্রতীক দত্তের অত্যাচারে সাধারণ মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে। বেছে বেছে তৃণমূলের ছেলেদের বাড়িতে রেইড করা হচ্ছে এবং তাদেরকে ঘরছাড়া করা হচ্ছে। ওখানে সি.পি.এম.-এর লোকেরা জিয়াউল হক মোল্লাকে গাছে বেধে রাখে এবং তারপরে জলে ডুবিয়ে রেখেছিল। শুধু তাই নয় নীলগিরি সিনেমা হলের সামনে যে খাল আছে সেখানে মাটি ফেলে বুজিয়ে দেওয়ার জন্য ইন্ডিান অয়েল কর্পোরেশনকে অনুমতি দেওয়া হয়েছে। এই ব্যাপারে থানায় অভিযোগ করা সত্ত্বেও কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি সেপ্টেম্বর মাসে গুলি চালনার জন্য, বিদেশ মন্ডল নামে একজন আহত হয় এবং চক্রান্তের ফলে বিনা চিকিৎসায় কুড়ি দিন পরে যে মারা যায়। আমাদের ব্লক প্রেসিডেন্ট সুবল মণ্ডল, দিলীপ মণ্ডল, সুফল সর্দারদের বিরুদ্ধে চক্রান্ত করা হয় এবং তাদের ঘর ছাড়া করা হয়। ঝাঁঝড়া, মলঙ্গা, রাজারামপুর, চকবালাই, চকবিশু, আমগাছি, কুলের দাঁড়ি, পানাকুয়া, কাওলাডিঙ্গি এই সমস্ত জায়গায় সন্ত্রাস চলছে। অনতিবিলম্বে ওই ও.সি.কে ট্রান্সফার করা হোক এবং তার শাস্তিবিধানের দাবি আমি জানাচ্ছি।

[1.30—1.40 p.m.]

শ্রীমতী তপতী দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বেআইনি নিয়োগের বিরুদ্ধে।

বেড়াচাঁপা সার্কেলের অন্তর্গত গলসুর নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে শ্রীশচীদুলাল মণ্ডল এবং তার স্ত্রী শ্রীমতী সবিতা মণ্ডল চাকরি করতেন। সবিতা মণ্ডল ১৯৯৭ সালে মারা যান। তারপর তার মেয়ে সুমনা মণ্ডল মায়ের পেনশন দাবি করেন এবং বাবাকে মৃত ঘোষণা করে বাবার চাকরি দাবি করেন। স্থানীয় নেতৃবৃন্দ সুমনা মণ্ডলকে পেনশন এবং চাকরি দুটোই পাইয়ে দিয়েছে। সুমনা মণ্ডল বর্তমানে নীলগঞ্জে রঙ্গনাথ নিত্যগোপাল প্রাইমারি বিদ্যালয়ে

শিক্ষিকা হিসাবে আছে। বর্তমানে সে বাণীপুরে ট্রেনিং নিচ্ছে। শচীদুলাল মণ্ডল ২০০২ সালে অবসর গ্রহণ করেছেন এবং তার গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদি পাবার জন্য তদারকি করছে। এখনও তিনি নিয়মিত স্কুলে যোগাযোগ করেন। সেই স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক শ্রীদ্বীজেন্দ্রলাল মণ্ডল মহাশয় এই বেআইনি নিয়োগের বিরুদ্ধে স্কুল বোর্ডের প্রেসিডেন্ট এবং চেয়ারম্যানকে জানান। ২৫-০৭-২০০২ তারিখে সেই চিঠি রিসিভ হয়েছে কিন্তু এখনও পর্যন্ত তার বিরুদ্ধে কোনো রকম কিছু করা হয়নি। আমার দাবি, মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয় এই বেআইনি নিয়োগের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন যাতে এই ধরনের অন্যায় কাজ আর কখনো না হতে পারে।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেখা যাচ্ছে রাজ্য সরকারি কর্মচারীদের জন্য ৮ বছর, ১৬ বছর, ২৫ বছরের ক্যারিয়ার অ্যাডভান্সমেন্ট স্কিম রাজ্য সরকার চালু করেছে। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্মচারীরা সেই ধরনের সুযোগ-সুবিধা পাচ্ছেন না। সঙ্গে সঙ্গে চতুর্থ পে কমিশনের সুপারিশ অনুযায়ী সরকারি কর্মচারীরা ৩০০ দিনের লিভ স্যালারি পাবেন, সেটাও ওরা পাবে না। এই ব্যাপারে স্যার জি.ও. লেটার ৪২৪ ই.ডি.এন./ইউ.-১ (ইউ) ১৬/৯৬, ডেটেড ২৩.০৬.২০০০ এবং ৩০১৫ এফ., ডেটেড ১৩.০৩.২০০১ রয়েছে। তা সত্ত্বেও কল্যাণী বিশ্ববিদ্যালয় ছাড়া কলকাতা বিশ্ববিদ্যালয় সহ অনেক বিশ্ববিদ্যালয় পাচ্ছে না। এমনকি পে-কমিশনের রিভিউ যেটা হয়েছে, তাতে দেখা যাচ্ছে মাধ্যমিক স্কুল উচ্চমাধ্যমিক স্কুল, কাউন্সিলের কর্মচারী এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা সেই টাকা পাননি। অবিলম্বে যাতে তারা সেই টাকা পেতে পারেন, আপনার মাধ্যমে সরকারের কাছে সেই আবেদন জানাচ্ছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জয়পুর থানায় লোহারডাঙ্গা প্রাইমারী স্কুলে শিক্ষক থাকা সত্ত্বেও ২০-১১-২০০২ তারিখ থেকে স্কুল বোর্ডের সদস্যদের প্ররোচনায় স্ট্রাইক করে বসে আছে। সেদিন থেকে ছাত্ররা পড়াশোনা করতে পারছে না, স্কুলে গিয়েও ফিরে আসছে। অবিলম্বে যাতে সেখানে পড়াশোনা শুরু হয় এবং দোষী শিক্ষকদের শাস্তি হয়, সেই অনুরোধ করছি।

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন এই রাজ্যে পারস্পরিক ভর্তুকি এবং বিদ্যুতের মাসুল নির্ধারণের মধ্যে দিয়ে যে সুযোগ-সুবিধা গরিব, মধ্যবিত্তদের প্রতি ছিল, সেইগুলো প্রত্যাহার করে সাধারণভাবে শিল্প সংস্থার সঙ্গে অ্যাট পার করে দিল। ২৫ ইউনিট পর্যন্ত ছিল ১.৬০ টাকা, ৬০ ইউনিট পর্যন্ত ছিল ১.৮৯ টাকা, ১০০ ইউনিট পর্যন্ত ছিল ২.২৫ টাকা, সেটা এখন ৩.৮০ টাকা নির্ধারণ করেছে। স্বাভাবিকভাবেই এই তুঘলকি সিদ্ধান্তের প্রতিবাদ আমরা করছি। সঙ্গে সঙ্গে বিদ্যুৎমন্ত্রীর কাছে দাবিও জানাচ্ছি, এই সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য। আজকে সকালে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আমাদের রাজ্য বামফ্রন্টের জরুরি বৈঠক হয়।

এই বৈঠকে এই সিদ্ধান্তের প্রতিবাদ জানানো হয় এবং আগামীকাল বিকেল সাড়ে ৫টায় রাণী রাসমণি রোডে এই তুঘলকি আইনের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর জন্য মিছিলের ডাক দেওয়া হয়েছে। আমরা শান্তিপূর্ণভাবে এর প্রতিকার চাই। এখানে এই হাউসের মধ্যে আগুন জ্বালানোর চেষ্টা এটা হাউসকে অবমাননা করার জন্য এবং বিষয়টির গুরুত্বকে লঘু করে দেখানো হয়েছে। তাই এটাকে নিন্দা করা হচ্ছে। রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের তুঘলকি সিদ্ধান্তের বিরুদ্ধে বামপন্থীরা আন্দোলন জানাচ্ছেন। বাইরে মানুষকে সঙ্গে নিয়ে এর বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে। এরা এখানে স্যার দ্বিচারিতা করছেন। এদের কোনো নৈতিক অধিকার নেই এই সম্পর্কে কোনো প্রতিবাদ করার।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় সদস্য রবীন দেব ক্রশ সাবসিডি তুলে দেওয়ার বিরুদ্ধে নাকি আন্দোলন করবেন সেই কথা বলে গেলেন। স্যার, গত আগস্ট মাসে মুখ্যমন্ত্রীকে বলেছিলাম—সুপ্রিম কোর্ট-এ কনজিউমার ফোরাম থেকে যে কেস করা হচ্ছে রাজ্য সরকার তাতে পার্টি হোক এবং ক্রশ সাবসিডি তুলে দেওয়ার যে প্ররোচনা, তার বিরুদ্ধে মতামত সুপ্রিম কোর্টে দিক। আপনি জানেন স্যার, রাজ্যে ডি.জি. পুলিশ নিয়োগ করার ব্যাপারে যে অন্যায় হয়েছে, সেই সম্পর্কে হাইকোর্ট রায় দিয়েছিলেন। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে গিয়ে কয়েক লক্ষ টাকা খরচ করে রক্ষা করার চেষ্টা করছেন। কিন্তু ১৪ লক্ষ কনজিউমারের স্বার্থ রক্ষার জন্য রাজ্য সরকার সুপ্রিম কোর্টে পার্টি হননি। এরা সাপ হয়ে কাটছে আবার ওঝা হয়ে ঝাড়ার চেষ্টা করছেন।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আপনার মাধ্যমে পবিত্র হাউসকে জানাতে চাই যে, আমার এলাকায় পানিহাটিতে যে, ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম আজকে ৯ মাস ধরে বন্ধ আছে। এই ব্যাপারে আমি বারবার অনুরোধ করেছি। আজকে এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রী পৌরমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীদের কাছে আবেদন করছি অবিলম্বে যেন এই চুল্লি করা হয়।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি। আমরা আবার মিলিত হব বেলা ২.৩০ মিনিটে।

[At this stage, the House was adjourned at 1.37 p.m. for recess till 2.30 p.m.]

[2.30—2.40 p.m. after recess.]

PERSONAL EXPLANATION

শ্রী বিনয় দত্ত : স্যার, আমার একটা পারসোনাল এক্সপ্ল্যানেশন, কিছুক্ষণ আগে সৌগতবাবু একটা আনপার্লামেন্টারি কথা বলেছেন। আমি এর তীব্র প্রতিবাদ করছি। তীব্র বিরোধিতা করছি। আমি স্যার, খবরের কাগজে পড়েছি যে সৌগতবাবুর নাকি একটি অবৈধ সন্তান আছে, সে স্কুলে পড়ে। খবরের কাগজে এই নিয়ে হৈচৈ হয়েছে।

শ্রী প্রত্যুষ মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি শুনলাম যে মাননীয় সদস্য তুলেছেন আজকে ফার্স্ট আওয়ারে আমার কনস্টিটিউয়েন্সির একটা কি ঘটনা ঘটেছে। এই বিষয় নিয়ে এখানে একজন মাননীয় বিরোধী দলের সদস্য তিনি আমার নামকে যুক্ত করে সেই ঘটনা এখানে পরিবেশিত করেছেন, সেই ঘটনার সঙ্গে আমি তো কোনোভাবে যুক্ত আছি কিনা জানি না, আমি ছিলামও না সে সমস্ত ঘটনায়। অর্থাৎ কোনোরকম খোঁজখবর না নিয়ে অত্যন্ত অপমানজনক ভাষায় যে কথাগুলো বলেছেন আমি তার তীব্র প্রতিবাদ করছি। শুধু তাই নয়, আমি মনে করি, এখানে বসে কোথায় কি ঘটনা ঘটছে যাঁরা এত ভালো করে খোঁজখবর রেখেছেন, তাঁরা এই ঘটনার সঙ্গে যুক্ত আছেন কিনা এই বিষয়ে বেশি করে খোঁজখবর নিন।

শ্রী সৌগত রায় : স্যার, এটা ঠিকই যে বিনয়বাবুকে গুণ্ডা বলা ঠিক হয়নি কারণ কানাকে কানা, খোঁড়াকে খোঁড়া বলা ঠিক নয়। সুতরাং উনি যে এক লাখে জিতেছেন সেটা বলা ঠিক হয়নি কিন্তু ক্যাট আউট অব দি ব্যাগ হবার নয়। কিন্তু আমি ওকে বলতে চাই কোন কাগজে বেরিয়েছে আমার নাম করে সেই কাগজটা হাউসে প্লেস করুন। আমি শুনেছি তিনি নাকি গুণ্ডামি করেন, আমি শুনেছি তিনি নাকি গুণ্ডামি করে এক লাখ ভোটে জিতেছেন।

LEGISLATION

The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to introduce the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002

(Secretary then read the title of the Bill)

Mr. Deputy Speaker : There are two circulation motions on this Bill. The motions are in order. I now request Shri Kashinath Misra to move his motion.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002 be circulated for the purpose of eliciting public opinion by 31st March, 2003.

এখানে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন এটা প্রকৃতপক্ষে ১৯৬৩ সালে এই আইনটা প্রবর্তন করা হয়েছিল ৩৩ নম্বর আইনে হোমিওপ্যাথ চিকিৎসা বিজ্ঞানে একটা ধারা হিসাবে ১৯৬৩ সালে আইনগত স্বীকৃতি লাভ করেছিল। এখানে মাননীয় মন্ত্রিমহাশয় যে উদ্দেশ্যে এটা করেছেন—তিনি ৪ বছরের জায়গায় ৫ বছর করেছেন। কিন্তু ৪ বছরে কি অসুবিধা হচ্ছে, আর কেনই বা এটাকে ৫ বছর করতে হচ্ছে তার ব্যাখ্যা করেননি। এটা একটা অটোনমাস বডি, এখানে বলা আছে "The Council shall with the

previous approval of the State Government, appoint a Registrar who shall receive salary and allowances at par with the identical categories of employees of the State Government", shall be substituted. কতগুলি জিনিস চেয়েছেন, সেখানে স্যালারি ঠিক কি হবে, হায়ার এডুকেশান সম্বন্ধে বলা হয়েছে এর অবজেক্ট অ্যান্ড রিজনে। তাই বলছি এটা সার্কুলেট করতে কারণ এখানে অনেক কিছু বলা হয়েছে।

Mr. Deputy Speaker : I now request Shri Saugata Roy to move his motion.

Shri Saugata Roy : Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002, be circulated for the purpose of public opinion by 31st March, 2003.

মাননীয় মন্ত্রিমহাশয় কয়েকটা চেঞ্জ এনেছেন, সেখানে প্রেসিডেন্ট কিভাবে নির্বাচন হবে সেটা বলে দিয়েছেন, কাউন্সিলে যাঁরা সদস্য তাঁদের মেয়াদ ৪ বছর থেকে ৫ বছর করেছেন এবং উনি বলেছেন রাজ্যে অনেক ফেক্ ইনস্টিটিউশন চলছে। তাদের বিরুদ্ধে তিনি কড়া শাস্তির ব্যবস্থা করেছেন, বলেছেন বহুদিন ধরেই এই ফেক্ ইনস্টিটিউশনগুলি চলছে। এখন ২০ হাজার টাকা পর্যন্ত এদের ফাইন হতে পারে, ২ বছর জেল হতে পারে, এটা কগনিজেবল অফেন্স হয়ে যাচ্ছে। হোমিওপ্যাথের অনেক ফেক্ ইনস্টিটিউশন বহুদিন থেকেই এই রাজ্যে চলছে বামফ্রন্ট সরকারের ২৫ বছর পরে সেটা মাননীয় মন্ত্রী স্বীকার করেছেন।

তার ফলে মনে হয় এত সিরিয়াস একটা বিল নিয়ে এসে যাতে কিনা পুরো সিস্টেমটা চেঞ্জ হয়ে যাবে তা একবারে পাশ করানো উচিত হবে না। এটা বরং সার্কুলেট করা হোক। এবং ৩১শে মার্চ ২০০৩ সালের মধ্যে একটা পাবলিক ওপিনিয়ন নেওয়া হোক সার্কুলেট করে এবং হোমিওপ্যাথি প্র্যাকটিশনাররা তাঁদের মতামত দিলে এটা আপনি করুন। এখানে ওরা আবার বলছেন, অনারারী ডিগ্রি অফ একস্ট্রা অর্ডিনারি মেরিট। কিন্তু এটা কে ঠিক করবে ? কারা ঠিক করবে তা নিয়ে অনেক প্রশ্ন রয়ে গেছে। তাই এটা মুভ করে আমি বলছি এটা সার্কুলেট করা হোক।

[2.40—2.50 p.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় কাশীনাথ মিশ্র এবং মাননীয় সৌগত রায় মহাশয় এক্ষেত্রে যে মোশান এনেছেন আমি তার বিরোধিতা করছি। আমার মনে হয় না যে এই বিলটা অযথা ফেলে রাখার দরকার আছে, আজকেই আলোচনা করে নিষ্পত্তি হতে পারে। এত বড় এর পরিধি নয় যে এর জন্য সময় নষ্ট করা যেতে পারে।

The motions that the Bill be circulated for the purpose of eliciting public opinion were then put and lost.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002, be taken into consideration.

ডাঃ রত্না দে (নাগ) : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে যে 'ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' এনছেন তার সেকশন নাইনটিন অফ প্রিন্সিপ্যাল অ্যাক্টে বলা হয়েছে "a Registrar who shall receive Salary and allowances at per with the identical categories of employees of the State Government" shall be substituted. এখানে আইডেন্টিক্যাল ক্যাটাগরী বিশদভাবে বলা হয়নি। একজন রেজিস্ট্রার যিনি সেম ক্যাটাগরির সরকারি কর্মচারীর সমান মাইনে পাবেন। তাঁকে কাউন্সিল সরকারের অনুমতি নিয়ে নিয়োগ না করে পি.এস.সি.-র থ্রু দিয়ে নিয়োগ করা হোক এবং তাঁর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ক্ষেত্রে আইনমাফিক ব্যবস্থা নির্দিষ্ট থাকা দরকার। কারণ হোমিওপ্যাথিতে ডিগ্রি না থাকা সত্ত্বেও লাইসেন্সপ্রাপ্ত হোমিওপ্যাথিক প্রাকটিশনাররা রেজিস্ট্রার হয়ে বসতে পারেন এবং তিনি রেজিস্ট্রার, কাউন্সিলের একজিকিউটিভ কমিটির মেম্বার হিসাবে কাজ চালাবেন। একথা শোনা যাচ্ছে যে এখন যিনি রেজিস্ট্রার হিসাবে নিযুক্ত তার হোমিওপ্যাথিতে কোনো ডিগ্রি নেই। তাই এমন একটা রাজ্য সরকার, সারা রাজ্যে হোমিওপ্যাথিক চিকিৎসা ব্যবস্থা এবং শিক্ষার যাঁরা সিদ্ধান্ত নেবেন তাঁদের শিক্ষাগত যোগ্যতা যদি ঠিকমত না হয় তাহলে হোমিওপ্যাথিক মেডিকেল সার্ভিসের উন্নতি সম্ভব নয়। এই বিলের সেকশন এইট্টিন অফ দি প্রিন্সিপ্যাল এ্যাক্ট-এ ক্লজ সেভেনের ক্লজ এইচ ইনসার্ট করা হয়েছে। এখানে বলা হয়েছে "to confer honorary degrees on Homoeopathic practitioners of extraordinary merit". কিসের ভিত্তিতে এই একস্ট্রা অর্ডিনারি মেরিটটা ঠিক করা হবে ? একজন হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার কত পেসেন্ট দেখেন, তাঁর কত ফিজ কিম্বা সরকার এবং প্রচার মাধ্যম দ্বারা তিনি কতটা প্রচারিত অথবা যথাযোগ্য স্থানে তিনি কতটা মাখন লাগাতে পারলেন সেটাই কি হবে একস্ট্রা অর্ডিনারি মেরিটের ভিত্তি ? এর অ্যাপ্রাইজের একটা সুনির্দিষ্ট ব্যবস্থা এই বিলে থাকা উচিত। বিলে এই ক্লজটা ইনট্রোডিউস করে একটা বিশেষ শ্রেণির সুবিধা করে দেওয়া হল।

এই একস্ট্রা অর্ডিনারি মেরিটের ভিত্তিতে যাদের ডিগ্রি দেওয়া হবে তাঁরা সেই ডিগ্রি সরকারি চাকরি পাওয়ার জন্য কাজে লাগাবেন না, তাঁরা সেই ডিগ্রি সরকারি বা অন্য কোনো উপায়ে ব্যক্তিগত ব্যবহারের জন্য কাজে লাগাবেন না, তাঁরা সেই ডিগ্রি তাঁদের নিজেদের প্রাইভেট চেম্বারে কিংবা লেটার হেডে লাগাবেন না। কারণ আমি মনে করি এই নতুন ক্লজটা যেটা যোগ করা হল সেটা শুধু অগণতান্ত্রিক নয়, অসাংবিধানিকও। কারণ এর ফলে একটা বিশেষ সুবিধাবাদী শ্রেণিকে সুবিধা করে দেওয়ার চেষ্টা হচ্ছে। হোমিওপ্যাথি মেডিকেল সিস্টেমটা খুবই নেগলেকটেড। কারণ হোমিওপ্যাথি মেডিকেল সায়েন্সে কোনো রিসার্চের ব্যবস্থা নেই। হোমিওপ্যাথি মেডিকেল সায়ন্সে যে ড্রাগগুলো ইউজ করা হয় তার এফিকেসি ঠিক করার জন্য যদি উন্নতমানের ল্যাবোরেটরি করে সেই ল্যাবোরেটরিতে স্টুডেন্টদেরকে ড্রাগের গুণগত মানের প্রক্রিয়ার ব্যাপারে শিক্ষাদানের ব্যবস্থা করা হয় তাহলে ভালো হয়। এই বিলের মাধ্যমে হোমিওপ্যাথি মেডিকেল সার্ভিসের কতটা উন্নতি হবে তা ঠিক করে বোঝা যাচ্ছে না। কিন্তু অ্যালোপ্যাথি মেডিকেল সিস্টেম, যেটাতে আমরা

পড়েছি সেটাতে যথেষ্ট উন্নতির সুযোগ রয়েছে। কিন্তু হোমিওপ্যাথি মেডিকেল সার্ভিসে, মেডিকেল এডুকেশন সিস্টেমে সেরকমভাবে কোনো কিছু দেখা যাচ্ছে না। কারণ অ্যালোপ্যাথি মেডিকেল সিস্টেমে যেভাবে নতুন নতুন ডাক্তার উঠে আসছেন, চারিদিকে নাম করছেন, সেইভাবে হোমিওপ্যাথি মেডিকেল সার্ভিসে কিন্তু নতুন নতুন ডাক্তার উঠে আসছেন না এবং সেইভাবে কোনো ডাক্তারের নাম আশা করি সরকার চিহ্নিত করতে পারবেন না। হোমিওপ্যাথি মেডিকেল সিস্টেমে কোথায় কোথায় ডিগ্রি কলেজ আছে সেটা আমার জানা নেই। মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই সেটা বলবেন। ৪টে হোমিওপ্যাথি মেডিকেল কলেজের নাম জানি যেখানে ডিপ্লোমা পড়ানো হয়। ডিপ্লোমা পাশ করার পরে সল্টলেকে ন্যাশনাল ইন্সটিটিউট অফ হোমিওপ্যাথিতে ডিগ্রি পড়ানো হয়, এটি সেন্ট্রাল গভর্নমেন্টের আন্ডারে। কিন্তু রাজ্য সরকারের ব্যবস্থাপনায় কোনো ডিগ্রি কলেজ তৈরি হচ্ছে না কেন ? যেভাবে অ্যালোপ্যাথি মেডিকেল সিস্টেমে মেডিকেল স্টুডেন্টদের জন্য সিট বাড়ানো হয়েছে, সেইভাবে হোমিওপ্যাথি মেডিকেল সিস্টেমে স্টুডেন্টদের জন্য সিট বাড়ানোর চেষ্টা হচ্ছে কিনা সেটাও মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানাবেন। আমরা যখন অ্যালোপ্যাথি মেডিকেল সিস্টেমে পড়াশোনা করেছি তখন দেখেছি যে, প্র্যাকটিক্যাল আমাদেরকে হাতে-কলমে শেখানো হত। কিন্তু এবারে যে বিল আসবে তাতে লেখা আছে যে, ডেমোনস্ট্রেটরের পধ উঠিয়ে দিয়ে লেকচারার আনা হবে। আমরা যখন প্র্যাকটিক্যাল করতাম—অ্যানাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি ইত্যাদিতে, তখন দেখতাম ডেমোনস্ট্রেটররা আমাদের পাশে দাঁড়িয়ে থেকে আমাদের সাহায্য করেছেন। হোমিওপ্যাথি মেডিকেল সিস্টেমে ডেমোনস্ট্রেটরের পদ উঠিয়ে দেওয়া হচ্ছে এবং এখানে লেকচারার আনা হচ্ছে। তাহলে ডেমোনস্ট্রেটরের কাজটা লেকচারার করবেন কি ? লেকচারাররা যদি এই কাজটা না করেন তাহলে প্র্যাকটিকালে হাতে-কলমে কাজ শেখানো বন্ধ হয়ে যাবে। আমি আগেই বলেছি যে হোমিওপ্যাথি মেডিকেল এডুকেশন সিস্টেমে সেই রকম কোনো উন্নতি হয়নি। মাননীয় মন্ত্রীর কাছে একটা প্রশ্ন আছে, ওয়েস্ট বেঙ্গল হেল্‌থ সার্ভিস ডেভেলপমেন্ট প্রোজেক্টে বিভিন্ন হাসপাতালে অ্যালোপ্যাথি চিকিৎসার জন্য যে সমস্ত নতুন নতুন ইনস্ট্রুমেন্টস আনা হয়েছে, সেই রকম কোনো ইনস্ট্রুমেন্টস হোমিওপ্যাথি ডিপার্টমেন্টকে দিচ্ছেন কিনা যাতে বিভিন্ন টিচিং ইনস্টিটিউশনে সেগুলির উপর নির্ভর করে ছেলেমেয়েরা পড়তে পারে। ইলেকট্রো টেলি মেডিসিন ব্যবস্থা যেমন অ্যালোপ্যাথিতে চালু করা হয়েছে, সেই রকম কোনো ব্যবস্থা হোমিওপ্যাথিতে চালু করার দরকার আছে কিনা, এই ব্যাপারে উনি কি করতে চাইছেন সেটাও আমাদের জানা দরকার আছে বলে আমার মনে হয়। মাননীয় মন্ত্রী একজন অ্যালোপ্যাথির ডাক্তার। তার জন্য হোমিওপ্যাথির দিকে তিনি সেই রকমভাবে দৃষ্টি দিচ্ছেন না। কিন্তু এই হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থা দিনে দিনে যেভাবে বেড়ে চলেছে, গ্রামের গরিব মানুষেরা হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থার উপর নির্ভর করছে। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব হোমিওপ্যাথি হেল্‌থ সিস্টেমের উপর আরও বেশি জোর দিতে হবে, যাতে এই সিস্টেমের উন্নতি হলে পরে আমাদের গরিব মানুষেরা আরও বেশি করে উপকৃত হবেন।

[2.50—3.00 p.m.]

শ্রী তুষারকান্তি লায়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এনেছেন, তাকে আমি সমর্থন করছি। আজকে আমাদের পশ্চিমবাংলায় স্বাস্থ্য ব্যবস্থা বিস্তার লাভ করেছে এবং আজকে পশ্চিমবাংলায় চিকিৎসা ব্যবস্থা যে বিভিন্ন প্যাথি আছে—অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি, আয়ুর্বেদিক, ইউনানি, সেইসব চিকিৎসা ব্যবস্থার বিস্তার লাভের জন্য আজকে পশ্চিমবঙ্গ সরকার স্বাভাবিকভাবেই একটা পরিকল্পনা গ্রহণ করেছেন। ঠিক সেইভাবে আজকে পশ্চিমবাংলায় অসংখ্য মানুষ সেই স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত হয়ে আজকে স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করছে। আজকে আমাদের বিরোধিরা তারা এই স্বাস্থ্য ব্যবস্থাকে বানচাল করবার জন্য কেবলমাত্র স্বাস্থ্য ব্যবস্থাকে পঙ্গু করে দেবার জন্য তারা বিভিন্ন রকমভাবে খুঁত ধরার চেষ্টা করছেন। আজকে বিভিন্ন ধরনের নার্সিং হোমে ডাক্তার যে রমরমা ব্যবসা শুরু হয়ে গেছে। তাদের দিকে আজ মানুষ যতই যাচ্ছেন না ততই বিরোধীদের মন বেশি চাঙ্গা হয়ে উঠছে। তাই পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থার দিকে বিরোধী ভূমিকা পালন করছেন। কিন্তু তারা নিজেরা জানেন আজকে পাচিমবাংলায় অসংখ্য মানুষ আজকে স্বাস্থ্য পরিষেবার দিকে ঝুঁকছেন। এবং আজকে ডাক্তাররা দালাল ধরবার চেষ্টা করছেন যাতে তার প্র্যাকটিসটা বাড়ানো যায়। এই রকম একটা পরিস্থিতিতে মাঝখানে দাঁড়িয়ে আজকে পশ্চিমবঙ্গ সরকার এই রকম একটা বিল এনেছেন, যাতে মানুষ কম পয়সায় যাতে ভালো চিকিৎসা পেতে পারে। তার জন্য হোমিওপ্যাথি চিকিৎসার প্রসার লাভ করবার জন্য, তারা এই অ্যালোপ্যাথি চিকিৎসার পাশাপাশি হোমিওপ্যাথি চিকিৎসার জন্য এই রকম একটা বিলের মধ্যে তারা হোমিওপ্যাথি সিস্টেমটাকে ভালোভাবে তৈরি করার চেষ্টা করেছেন। এখানে আজকে বিরোধী মাননীয়া সদস্যা রত্না দে, যে কথাটি বললেন যে আজকে এই বিলে অনেক কিছু নাকি সুস্পষ্টভাবে নেই। কিন্তু প্রত্যেকটি জায়গায় সুস্পষ্টভাবেই নির্দেশ করা হয়েছে। এইভাবে একটা মেডিসিন সিস্টেম তৈরি করেছে। তবে হোমিওপ্যাথি শিক্ষা ব্যবস্থা থেকে শুরু করে চিকিৎসা ব্যবস্থায় আমাদের পশ্চিমবাংলায় ভালোভাবে বিস্তৃতি পায়। এই রকম একটা জায়গা দাঁড়িয়ে দেখা যাচ্ছে যে অ্যাডহক কমিটি এই বিলের মধ্যে রাখা হয়েছে। সেই অ্যাডহক কমিটির কার্যকারিতা ৪ বছরের থেকে ৫ বছর বাড়ানোর ফলে এই কমিটি এখন দীর্ঘ সময় পাবে, এবং তাদের মূল্যায়ন অনুযায়ী তারা এটাকে পরিবর্তন সাধন করে চিকিৎসা ব্যবস্থার আরও বেশি উন্নতিসাধন করতে পারবে। এই কারণে দীর্ঘ সময়ের পরিকল্পনাটা সঠিক বলেই আমি মনে করি। মেম্বারের সংখ্যাটা ৭ থেকে বাড়িয়ে ৯ জন করা হচ্ছে। ফলে একটু বেশি সংখ্যায় অভিজ্ঞ ব্যক্তিদের এখানে আসার সুযোগ হচ্ছে। তাঁদের সুচিন্তিত চিন্তা-ভাবনার মধ্যে দিয়ে এই সিস্টেম আরো বেশি উন্নত হবে বলে আমি মনে করি। এখানে কাউন্সিল সরকারি অনুমতি নিয়ে রেজিস্টার অ্যাপয়েন্ট করবে। এই যে ব্যবস্থা করা হচ্ছে, এতে রেজিস্ট্রারকে কর্মচারী হিসাবে স্বীকৃতি দেওয়া হচ্ছে। ফলে সে সরকারি নিয়ম অনুযায়ী বেতন এবং সুযোগ-সুবিধা পাবে। একটা পারমানেন্ট ব্যবস্থা হচ্ছে। এর সঙ্গে সঙ্গে রেজিস্ট্রার কাউন্সিলের মেম্বার সেক্রেটারি হবেন এবং একজিকিউটিভ কমিটিরও সদস্য হবেন। এর ফলে হোমিওপ্যাথিক সিস্টেমের অভিজ্ঞ ব্যক্তির অভিজ্ঞতার মধ্যে দিয়ে হোমিওপ্যাথিক

সিস্টেম আরো উন্নত হবে। আগের বিলের সারভেন্ট শব্দটা পরিবর্তন করে এখানে 'এমপ্লয়ি' করার মধ্যে দিয়ে পদটিকে পূর্ণ মর্যাদা দেওয়া হচ্ছে বলেই আমি মনে করি। আজকে বিরোধী দলের মাননীয় সদস্য সৌগত রায় তাঁর অ্যামেন্ডমেন্টে বলেছেন, পানিসমেন্টের এই যে ব্যবস্থা করা হচ্ছে, এর মধ্যে দিয়েই প্রমাণ হয়ে যাচ্ছে যে, এ রাজ্যে ফেক্ ইন্সটিটিউশন চলছে। আমি তাঁকে বলি, না এর দ্বারা তা প্রমাণ হয় না। ওই রকম ইন্সটিটিউট যদি কখনো কোথাও চলে তাহলে সে ক্ষেত্রে শাস্তি এবং জরিমানার পরিমাণ বাড়াবার ব্যবস্থা করা হচ্ছে। মূলত আগামী দিনে যাতে ফেক্ ইন্সটিটিউশন গড়ে না ওঠে তার জন্যই এই ব্যবস্থা করা হচ্ছে। এই বিলের মধ্যে দিয়ে কাউন্সিলকে মোর এফেকটিভ অ্যান্ড মোর এফিসিয়েন্ট করার ব্যবস্থা নেওয়া হচ্ছে। সঙ্গে সঙ্গে ফেক্ ইন্সটিটিউশন যদি কেউ চালায় তাহলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এই বিলের মধ্যে দিয়ে একটা প্রতিরোধ ব্যবস্থা গড়া হচ্ছে। এতে হোমিওপ্যাথিক সিস্টেম আরো বেশি কার্যকরী হবে। হোমিওপ্যাথিক শিক্ষ আরো প্রসার লাভ করবে এবং হোমিওপ্যাথিক শিক্ষা পশ্চিমবঙ্গের আপামর জনগণের মধ্যে পৌঁছে যাবে। এই বিলের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ সরকারের সেই দৃষ্টিভঙ্গীর প্রকাশ ঘটেছে। সেই কারণে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় ডেপুটি স্পীকর স্যার, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল স্টেট হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' এই সভায় উত্থাপন করেছেন। স্যার, ১৯৬৩ সালের যে অ্যাক্ট, সেই অ্যাক্ট অনুযায়ী এখন পর্যন্ত হোমিওপ্যাথিক সিস্টেমকে পশ্চিমবঙ্গ সরকার কোনোভাবেই গুরুত্ব দেননি। হোমিওপ্যাথিক চিকিৎসার যে গুরুত্ব পাওয়া উচিত ছিল, সেটা তাকে এখন পর্যন্ত দেওয়া হয়নি। ২০০০-২০০১ সালে স্ট্যান্ডিং কমিটির যে রিপোর্ট, তার মধ্যেও এটা স্পষ্ট। স্যার, আমি এই বিলের কয়েকটা বিষয় নিয়ে এখানে আলোচনা করতে চাই। প্রথমেই আমি বলব যে, এই বিলের পেজ নং ২, সেকশন-৫, ক্লজ-২(এ)-তে বলা হচ্ছে "a president, from amongst not more than three persons recommended by the outgoing council". স্যার, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি, মেন অ্যাক্টে পরিষ্কারভাবে লেখা আছে—ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট যাঁকে নমিনেশন দেবেন তিনি প্রেসিডেন্ট হবেন। এখানে সেটার পরিবর্তন করে তিনজনের প্যানেল আউট গোয়িং কমিটি রেকমেন্ড করবে। এই যে ব্যবস্থা হচ্ছে এতে কি এমন পরিবর্তন হচ্ছে তা আমি বুঝতে পারছি না ! যাঁরা প্যানেল করবেন তাঁরা তো সরকারের দ্বারা মনোনীত। যারা প্রেসিডেন্টের জন্য সুপারিশ করবেন বা প্যানেল করবেন তাঁরা তো আপনাদের দ্বারাই মনোনীত। তাহলে সেটা তো পরোক্ষভাবে সেই সরকারের দ্বারা করা হল। এই পরিবর্তনের কি দরকার ? এটা ঠিক হচ্ছে না !

[3.00—3.10 p.m.]

প্রেসিডেন্টের যে নমিনেশন এই ব্যাপারে নিরপেক্ষ ওয়েল এক্সপেরিয়েন্সড, মেরিট আছে এই ধরনের কাউকে বসানোর সুপারিশ করার দরকার ছিল। সেটা আপনি করেননি।

আজকে এই বিলে সব থেকে মারাত্মক ব্যাপার আছে স্যার, Under Section 18(3) in clause-9, for the words "certificates or diplomas", the words certificates, displomas, degrees or licences. আপনার মেইন অ্যাক্টে লেখা আছে লাইসেন্স, তাতে পয়সা কালেকশন করবেন—আগে যেটা লেখা ছিল সার্টিফিকেট অর ডিপ্লোমা—এখানে লাইসেন্স এ্যাড করতে যাচ্ছেন। লাইসেন্স দেবার আপনার পাওয়ার আছে ? কি পাওয়ার কনফার করা আছে ? সেকশন ১৮(৩) নম্বরে লেখা আছে to hold examinations for persons who shall have persued a course of study recognised by the Central Council or the State Government in institutions affiliated to the council, and the confer degrees, diplomas and certificates on them on having the necessary examinations. এখানে কিন্তু লাইসেন্স আছে বলা নেই। আপনার লাইসেন্স দেবার পাওয়ার নেই। অথচ আপনি অ্যামেন্ডমেন্ট করছেন। অরিজিন্যাল অ্যাক্টে লাইসেন্স দেবার কথা নেই, অথচ আপনি অ্যামেন্ডমেন্ট করছেন to collect prescribed fees or charges for admission to the examination held by the council and for certificates or diplomas or licences. আপনার লাইসেন্স দেবার ক্ষমতা নেই, অথচ ফিজ কালেক্ট করবেন লাইসেন্স দেবার জন্য। মেইন অ্যাক্টে লাইসেন্স দেবার কথা নেই সেটা সেকশন ১৮(৩) নম্বরে পরিষ্কার লেখা আছে। এই যে বিরাট একটা অ্যানোমালি এটার পরিবর্তন করার চেষ্টা করা হয়নি। under Section 19 of the principal act, এক্সট্রা অর্ডিনারী যা আছে তাকে রেজিস্ট্রার অ্যাপয়নমেন্ট দেবেন। এক্সট্রা অর্ডিনারী কি তার স্পেসিফিক ডেফিনেশন বলেনি। তার ফলে এখানে কিভাবে নিয়োগ হবে সেটা পরিষ্কার হয়নি, যেটা আমার পূর্ববর্তী বক্তা বিশেষ করে রত্নাদি ক্লিয়ার করেছেন। অ্যামেন্ডমেন্ট ৩৪, (২)তে তিনি লিখেছেন, আপনি পানিশমেন্ট দেবেন যাদের লাইসেন্স নেই, যারা অথরাইজড নয় তাদের আপনি পানিশমেন্ট দেবেন। এখনো পর্যন্ত যেটা বাস্তব এবং বে-আইনি হলেও একটা কথা বলতে দ্বিধা নেই, এখনো পর্যন্ত গ্রামে-গঞ্জের গরিব মানুষরা যতটুকু চিকিৎসা পান, হোমিওপ্যাথিক চিকিৎসক যারা আছেন তাঁরাই করেন। তারা বিভিন্নভাবে কম পয়সায় গরিব লোকেদের ওষুধ দেন। অবশ্য তাদের একটা অথরিটি থাকা দরকার এবং সেই অথরিটির মাধ্যমে তাদের এই ওষুধ দেওয়া দরকার। কিন্তু সেই রকম কিছু নেট-ওয়ার্ক নেই। আপনি গ্রামে-গঞ্জের কাউকে এই ধরনের অথরিটি দিতে পারবেন না, অথচ এতবড় একটা আইন করে ফেললেন, ২ হাজার টাকা থেকে ২০ হাজার টাকা বাড়িয়ে দিয়েছেন এবং ১ বছরের যেখানে ইমপ্রিজনমেন্ট সেখানে ২ বছর করেছেন। এই ব্যাপারে আপনার একটু ভাবা দরকার। বেআইনি চিকিৎসা করার অধিকার কাউকে দেওয়া অবশ্যই কাম্য নয়, হোমিওপ্যাথি থেকে আরম্ভ করে অ্যালোপ্যাথির পর্যন্ত গ্রামে-গঞ্জে কোয়াক ডাক্তারে ভরে গেছে। এদের বিরুদ্ধে যেমন কিছু করা যাচ্ছে না, তেমনি ওদের সহযোগিতায় অনেক গরিব মানুষ বাঁচছে। এই জায়গায় আমি বলতে চাইছি, এই লাইসেন্স বা কোনো অথরিটির দ্বারা হোমিওপ্যাথিক সিস্টেমে যদি কেউ চিকিৎসা করেন, একটা ইজি বা সিম্পল নিয়ম করার পর তারপর আপনি যদি পানিশমেন্টের ব্যবস্থা করতেন তাহলে ভালো হত। আপনি হোমিওপ্যাথির চিকিৎসার ব্যাপারে কতটা আগ্রহী সেটা এখানেই পরিষ্কার।

সেভেনটিথ্ রিপোর্ট—হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সাবজেক্ট কমিটি, ২০০১/২, সেই রিপোর্টে বলা হচ্ছে মাত্র ৯৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে হোমিওপ্যাথি চিকিৎসার জন্য। এই টাকাতে কি পশ্চিমবাংলায় হোমিওপ্যাথি চিকিৎসা বাড়বে ? এই টাকাতে যে হোমিওপ্যাথি চিকিৎসা বাড়তে পারে সে আশা আমরা করি না যেখানে অ্যালোপ্যাথি চিকিৎসাতে অনেক টাকা খরচ না করলে চিকিৎসা পাওয়া যায় না, অ্যালোপ্যাথির সরকারি হাসপাতালগুলিতে যেখানে অব্যবস্থা চলেছে সেখানে আপনারা হোমিওপ্যাথি চিকিৎসা যা গরিব মানুষদের উপকার দিতে পারে তার প্রতি সঠিকভাবে গুরুত্ব দিলেন না। এর উপর অনেক দিন আগে থেকেই গুরুত্ব দেওয়া উচিত ছিল কিন্তু সেটা হয়নি। এই রিপোর্টে আরও দেখা যাচ্ছে হোমিওপ্যাথি কাউন্সিল টাকা খরচ করতে পারেননি। রিপোর্টে লেখা হচ্ছে, The Committee understands that there is enough fund from Union Government for ISM & H which is not properly utilised. ইউনিয়ন গভর্নমেন্ট টাকা দিয়েছে কিন্তু হোমিওপ্যাথি কাউন্সিল টাকা খরচ করতে পারছে না। রিপোর্টে আরও বলা হচ্ছে, The appointment of specialist for RCH programme has not yet been successful. এই সমস্ত জিনিসগুলি কিন্তু আপনার বিভাগ ঠিকমতন করতে পারেননি। এ ক্ষেত্রে যেভাবে আপনার নজর দেওয়া উচিত ছিল সেইভাবে নজর দেওয়া হয়নি। আপনি খালি অ্যামেন্ডমেন্ট করছেন, বিল আনছেন এবং এই করে দায়িত্ব শেষ করছেন। হোমিওপ্যাথি চিকিৎসা যাতে বেশি বেশি করে গ্রামে-গঞ্জে ছড়িয়ে দেওয়া যায় তার ব্যবস্থা সঠিকভাবে আপনি করেননি। তারপর এর মেডিক্যাল কলেজে ভর্তির জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার কোনো সিসটেম নেই। এখানে মেরিটের যে ব্যাপারটা দেখা দরকার সেটা যাতে সঠিকভাবে দেখা হয় তার ব্যবস্থা করা দরকার এবং আরও বেশি সংখ্যায় হোমিওপ্যাথি পড়ার কলেজ খোলার ব্যবস্থা করা দরকার। প্রতিটি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথি চিকিৎসক নিয়োগের ব্যবস্থা করা দরকার যাতে গ্রামের মানুষরা সুলভে চিকিৎসা পান। তারপর আমরা দেখছি হোমিওপ্যাথি মেডিসিন তৈরির কারখানা পশ্চিমবাংলায় নেই বা খুবই কম আছে। পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে এ বিষয়ে মানুষকে এনকারেজ করে কারখানা বাড়াবার কোনো পরিকল্পনা নেওয়া হয়নি। এটা অবিলম্বে করা দরকার। হোমিওপ্যাথি চিকিৎসার প্রসারের জন্য একটা পজিটিভ মানসিকতা নিয়ে সরকারের চলা দরকার—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য দপ্তরের মন্ত্রিমহাশয় আজ এই সভায় যে The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002 এনেছেন এবং তার মাধ্যমে কিছু সংশোধনীর প্রস্তাব করেছেন সেগুলিকে সর্বতোভাবে সমর্থন করে কয়েকটি কথা বলছি। ১৯৭৭ সালের আগে গ্রামের মানুষকে দুটি ক্ষেত্রে একটি কথা বলতে শুনতাম—যারা গ্রামে স্কুলে শিক্ষকতা করতেন তাদের বেতন কম ছিল তাই গ্রামের মানুষরা বলতেন 'যার নেই কোনো গতি সে করে পণ্ডিতি।' আজকে বামফ্রন্টের আমলে শিক্ষক মহাশয়দের আমরা যথেষ্ট সম্মান দিয়েছি, তাদের মর্যাদায় প্রতিষ্ঠিত করেছি, তাদের বেতন বহুগুণ বৃদ্ধি করেছি দ্বিতীয় যে

কথাটি গ্রামে শোনা যেত সেটা হল, গ্রামের ছেলে যারা চাকরি-বাকরি পেতেন না তারা হোমিওপ্যাথি ডাক্তারি করলে বলা হত 'যার নেই কোনো গতি সে করে হোমিওপ্যাথি।' আজকে বামফ্রন্টের আমলে হোমিওপ্যাথি চিকিসা ব্যবস্থাকে আমরা একটা ভালো জায়গায় আনতে পেরেছি। আপনি জানেন, আজকে গ্রামের ৪০-৫০ শতাংশ মানুষ হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থার উপর নির্ভরশীল। আজকে লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেন্ট প্রতিটি ব্লকের হাসপাতালে একজন করে হোমিওপ্যাথি ডাক্তার দিয়েছেন। সেখানে গিয়ে দেখবেন, রোগীরা লাইন দিয়ে হোমিওপ্যাথি ওষুধ নিচ্ছেন। আপনি জানেন, রাজ্যে ৩৫৮টি গ্রাম পঞ্চায়েত রয়েছে। তার মধ্যে অনেক গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথি ডাক্তার রয়েছেন, হোমিওপ্যাথি কম্পাউন্ডার রাখা হয়েছে, যাতে গ্রাম পঞ্চায়েতের মানুষ হোমিওপ্যাথি চিকিৎসার সুযোগ পান। এবং সেসব করবার জন্যই আজকে এই সংশোধনী আনা হয়েছে। তবে মন্ত্রিমহাশয়ের কাছে আমি কিছু সুপারিশ রাখব। হোমিওপ্যাথি সিস্টেমের আরো উন্নতি করতে হবে, গ্রামের মানুষের কাছে বেশি করে এই ব্যবস্থা পৌঁছে দিতে হবে, যদি সম্ভব হয় তাহলে ব্লক হাসপাতালগুলিতে আরো বেশি করে হোমিওপ্যাথি ডাক্তার নিয়োগ করতে হবে, কারণ রাজ্যের সমস্ত পঞ্চায়েতে হোমিওপ্যাথী ডাক্তার নিয়োগ করে পঞ্চায়েতকে হোমিওপ্যাথির আওতায় নিয়ে আসা দরকার। এটা যেমন করতে হবে, তেমনিভাবে আরো হোমিওপ্যাথি ডাক্তার নিয়োগ করে সমস্ত পঞ্চায়েতকে হোমিওপ্যাথি কলেজ নির্মাণ করতে হবে, প্রতিটি জেলায় একটি করে হোমিওপ্যাথি কলেজ নির্মাণ করে আরো বেশি করে হোমিওপ্যাথি ডাক্তার তৈরি করতে হবে এবং তাদের গ্রামে পাঠাতে হবে। এই জন্য এটা করতে হবে যাতে কোয়াক ডাক্তারদের হাতে রোগীরা না মরে, যাতে তারা হোমিওপ্যাথি চিকিৎসার সুযোগ পেতে পারে যখন তারা অ্যালোপ্যাথী ওষুধের সুযোগ পাচ্ছে না। আর রোগ সারাবার ভালো ভূমিকা রয়েছে হোমিওপ্যাথির। সেই ভূমিকা আরো ভালো করে তুলবার জন্য বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে সেই ওষুধ তৈরির ব্যবস্থা করে রোগ উপশম করবার ব্যবস্থা করতে হবে। এই বলে আবার এই বিলকে সমর্থন করে শেষ করছি।

[3.10—3.20 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ যা এখানে উপস্থাপন করা হয়েছে তার উপর আমরা কয়েকটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমরা এই বিল সার্কুলেশন করবার কথা বলে আরো কিছুদিন পরে আনবার কথা বলেছিলাম। ১৮৩৫ খ্রীস্টাব্দে হ্যানিম্যান এই চিকিৎসা ব্যবস্থা প্রবর্তন করেছিলেন এবং ১৮৮৫ সালে সর্বপ্রথম হোমিওপ্যাথি কলেজ স্থাপিত হয় কলকাতায়। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার পরিচালনাধীন ৫৪৫টি হোমিওপ্যাথি চিকিৎসা কেন্দ্র রয়েছে এবং পঞ্চায়েত অংশে আংশিক সময়ের জন্য ৬০০-র মতো চিকিৎসা কেন্দ্র রয়েছে। হোমিওপ্যাথি ডিগ্রি শিক্ষার ক্ষেত্রে আজকে ২০০২ সালে ৪টি সরকারি কলেজ হাসপাতাল এবং ৮টি বেসরকারি কলেজ রয়েছে।

মাননীয় মন্ত্রিমহাশয় হোমিওপ্যাথি চিকিৎসার উপর গুরুত্বের কথা বলেছেন, হোমিওপ্যাথি দিবস পালন করলেন এপ্রিল মাসে এবং বললেন যে পশ্চিমবাংলায় এই

চিকিৎসা ব্যবস্থার ব্যাপক পরিকাঠামো আছে। বললেন এই রাজ্যে নিবন্ধীকৃত চিকিৎসা ব্যবস্থা ৩০ হাজারের অধিক। কিন্তু এই চিকিৎসা ব্যবস্থার ব্যাপারে যে ভূমিকা নেওয়া উচিত ছিল তা নেওয়া হয়নি। সাধারণ মানুষ মধ্যবিত্ত মানুষ যারা এই চিকিৎসা ব্যবস্থা চায় সেইভাবে এই চিকিৎসার প্রসার ঘটেনি। আমরা সেটা করতে অক্ষম হয়েছি। আমরা যেটা আশা করেছিলাম সেটা হয়নি। তবে কলিকাতায় সরকারি ৪টি কলেজ আছে, ৮টি বেসরকারি প্রতিষ্ঠান আছে এবং একটা সেন্ট্রাল প্রতিষ্ঠান আছে। আবার এখানে ভুয়ো প্রতিষ্ঠানের কথা উল্লেখ করেছেন এবং সেই ব্যাপারে সতর্কতা অবলম্বনের কথা বলেছেন। কিন্তু ভুয়া চিকিৎসার ব্যাপারে আপনারা কি ব্যবস্থা অবলম্বন করেছেন ? চারিদিকে ভুয়া চিকিৎসা কেন্দ্র গড়ে উঠছে। এই ভুয়া প্রতিষ্ঠান গড়ে ওঠার জন্য যেভাবে অগ্রগতি হওয়া উচিত ছিল সেটা হতে পারেনি। ১৯৭৩ সালে পশ্চিমবঙ্গে সরকার হোমিওপ্যাথিকে মূল চিকিৎসা ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। এটা আপনি আপনার বইতে স্বীকার করেছেন। একজন আধিকারিক এই অধিকারের শীর্ষে ছিলেন। এখন যে আপনি দাবিগুলো নিয়ে আসছেন তার ব্যাখ্যা একবিন্দু দিলেন না। আপনার সংশোধনীতে যে প্রেসিডেন্টের কথা বলেছেন সেটা আগে বলা উচিত ছিল। ৪ বছরের জায়গায় ৫ বছরের মেয়াদ কেন বৃদ্ধি করতে চাইছেন তার ব্যাখ্যা দিলেন না। আপনি বললেন না যে এই জন্য ৪ বছরের জায়গায় ৫ বছর চাইছি। অটোনমাস বডির রেজিস্টারকে বিভিন্নভাবে নির্ভর করতে হচ্ছে। তাঁর স্যালারি সরকার থেকে দেবে কি না, এখানে বলছেন Salary and allowance at par with the identical categories of employees of he State Government shall be substituted. এই কথা লেখা হলো। এই কথা লেখার প্রয়োজন হয় না। যেহেতু সরকার পরিচালিত হচ্ছে, রেজিস্ট্রার নিয়োগ করা হচ্ছে অটোনমাস বডিতে। এইভাবে ব্যবস্থা করার প্রয়োজন থাকে না। ক্লজ ৭ সেকশন ৩২-তে ১ বছরের জায়গায় ২ বছর করলেন। ফাইনের পরিমাণ বৃদ্ধি হচ্ছে। এই বিধানসভার অধিবেশনে দেখলাম প্রতিটি ক্ষেত্রে একটা আর্থিক চাপ রাখা হচ্ছে। আপনাদের একটা অর্থনৈতিক চাপ থাকার জন্য সেই অর্থনৈতিক চাপ বিভিন্নভাবে চারিদিকে ছড়িয়ে দেবার চেষ্টা করছেন। একটার পর একটা বিলে আর্থিক সংস্থান করার জন্য উদ্যোগ নিয়েছেন। এই উদ্যোগের পরিপ্রেক্ষিতে লাস্টলি দেখতে পেলাম যদি কেউ কিছু অপরাধ করে তাহলে তার শাস্তি বিধান হবে। আপনারা যাদের সবচেয়ে বেশি ঘৃণা করতেন সেই পুলিশ, পুলিশকে আপনারা সবচেয়ে বেশি ক্রিটিসাইজ করতেন, পুলিশ বাজেটে কম ধার্য করার কথা বলতেন, বিধানচন্দ্র রায় এবং প্রফুল্ল সেন মহাশয় যে পুলিশ বাজেট পেশ করতেন আপনারা তার বিরোধিতা করতেন।

[3.20—3.30 p.m.]

পুলিশের উপরে এতোবেশি নির্ভর হয়ে পড়েছেন সর্বক্ষেত্রে পুলিশের উপর দায়িত্ব দিয়ে দিচ্ছেন। পুলিশ প্রশাসনের প্রতি আপনাদের একটা আসক্তি জন্মে গেছে এবং সেই জন্য পুলিশের উপরে দায়িত্ব দিয়ে খালাস হতে চান। সেই পরিপ্রেক্ষিতে যেটা করেছেন যে

২০ হাজার টাকা জরিমানার ব্যবস্থা করেছেন এবং যার জন্য অ্যামেন্ডমেন্ট দিয়েছেন তাতে আমি বলছি—যেখানে প্রাথমিকভাবে যখন এই শিক্ষা ব্যবস্থাটাকে একটা ব্যবস্থার মধ্যে নিয়ে আসছেন এবং হোমিওপ্যাথিক সিস্টেম যখন চারিদিকে চালু হচ্ছে তখন এই ধরনের অ্যামেন্ডমেন্ট কেন নিয়ে এলেন। এমনিতেই বিভিন্নভাবে বিভিন্ন দিকে এর প্রতিবন্ধকতা আছে যেমন অ্যালোপ্যাথিক দিক থেকে প্রতিবন্ধকতা আসবে। আপনারা আয়ুর্বেদিক এবং ইউনানিকে আরো এক্সপান্ড করতে চাইছেন এবং তার ব্যবস্থা করা হয়েছে। এতে যে ব্যবস্থা ছিল সেটাই করা যেত, কিন্তু তা না করে যেভাবে এই ব্যাপারে চিন্তা-ভাবনা করেছেন সেটা ঠিক হচ্ছে না। হায়ার এডুকেশন সিস্টেম ফেসিলিটি যেটা আছে, যেটা ছিল সেটার থেকে নতুন করে কি সুবিধা দেবেন তার কোনো ব্যাখ্যা করেননি। শুধু বলেছেন ইমপ্রুভড ফেসিলিটি ফর দি হায়ার এডুকেশন ইন দি হোমিওপ্যাথি। কী সুযোগ-সুবিধা দেবেন জানি না। এখন যে সুযোগ-সুবিধা বিভিন্ন প্রযুক্তি এবং বিজ্ঞানের মাধ্যমে পাচ্ছে তার থেকে কি বেশি দেবেন বুঝতে পারছি না। এটা পরিষ্কার করে বলা নেই। আমার মনে হয় বিলটি প্রচারের জন্য দেওয়া উচিত ছিল। সংশোধনীর ধারাগুলো যে নিয়ে এসেছেন সেই ধারাগুলো সম্পর্কে পরিষ্কার করে বলা উচিত ছিল। এবং আমাদের দেওয়া উচিত ছিল বিধানসভাতে আগে আনা উচিত ছিল এবং সময় দেওয়া উচিত ছিল বলে মনে করি। আপনার কাছে অ্যামেন্ডমেন্টের সংশোধনী দিয়েছি সেগুলো আশাকরি মাননীয় মন্ত্রী গ্রহণ করে বিভিন্নভাবে আলোচনার মাধ্যমে এই হোমিওপ্যাথিক চিকিৎসা সিস্টেমটাকে আরো প্রতিষ্ঠিত করতে পারবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ যেটা এখানে বিবেচনার জন্য উপস্থাপিত করেছি, সেই সম্পর্কে মাননীয় সদস্যরা বলেছেন। এখানে তাঁরা দু-একটি ক্ল্যারিফিকেশনও চেয়েছেন, তার মধ্যেই আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। দু-নম্বর ক্লজে যেটা বলা আছে, সেটা আপনারা আলাদাভাবে জানতে চেয়েছেন কেন এটা নিয়ে আসলাম। এটাতে ১৯৬৩ সালের আইনে যা ছিল তাতে খুব পরিষ্কার করে বলা ছিল না। এখানে পরিষ্কার করে বলতে চেয়েছি যে, নির্বাচিত কাউন্সিল যাদের নাম দেবেন তাদের মধ্যে থেকেই সরকারকে নিয়োগ করতে হবে। এটা পরিষ্কার করে বলার দরকার ছিল, সেটা আগের আইনে বলা ছিল না। আর এখানে লেখা আছে আউট গোয়িং কাউন্সিল—সেই জায়গাতে একটু সংশোধনী এসেছে সরকারি পক্ষ থেকে এবং সেটা সার্কুলেট করা হয়েছে। তাতে বলা হয়েছে নিউলি ইলেকটেড কাউন্সিল। নব নির্বাচিত কাউন্সিলের মধ্যে থেকে ৩ জনকে নমিনেটেড করা হবে। এটাই গণতান্ত্রিক পদ্ধতি বলে মনে করি। আর যারা কাউন্সিলের থেকে নির্বাচিত হবেন তাঁদের মেয়াদ ৪ বছরের জায়গায় ৫ বছর করা হয়েছে। এতে কোনো অসুবিধা নেই এবং এই জন্য ৫ বছর করেছি। তারপরে ক্লজ ফোরের অ্যামেন্ডমেন্ট করেছি সেটাও একই। ৫ বছরের করা হয়েছে। পুরনো আইনের ১৫-র 'এ' ধারায় যা ছিল কাউন্সিলের যদি সময় উত্তীর্ণ হয়ে যায়, পরে নির্বাচন না হয় কিছু তাহলে

অ্যাড-হক কমিটি সরকার করতে পারে। যেভাবে আমাদের নির্বাচন করার কথা সেইভাবে যদি না হয়। কিন্তু সেটা ৪ বছর পর্যন্ত ছিল, যেহেতু আমরা মেয়াদটা ৫ বছর পর্যন্ত বাড়ালাম, সেই জন্য এটাকে বাড়ানো দরকার। অর্থাৎ ৫ বছর পেরিয়ে গেলে পরে যদি এইসব না হয় তাহলে এই অ্যাড-হক কমিটি ইত্যাদি করার প্রশ্ন উঠবে। আর ৭ জনের কথা যেটা ছিল, সেটা ৯ জন করেছি, ২ জন বাড়িয়েছি আমরা। এখানে মাননীয় সদস্যরা সংশোধনী দিয়েছেন ওটা ১১ জনের জন্য, আমরা সেটা ৯ জন করেছি, কারণ ৭ জনের জায়গায় একেবারে ১১ জন করা ঠিক হবে না। তারপরে ক্লজ ফোরে, আমাদের সাব-ক্লজ টুতে যেখানে ছিল, অ্যাড-হক কমিটি হলে, তার কাজ করার জন্য ৬ মাস সময় ছিল, আমরা সেটা ১২ মাস করেছি। পুরনো আইনে ছিল ৬ মাস, নাহলে এক্সটেনশন করতে পারতো। সেই জন্য এক্সটেনশনের প্রভিসনটা তুলে দিয়ে ৬ মাসের জায়গায় ১২ মাস করেছি, সেই জন্য সাব ক্লজ ১০, ১৫(এ) অমিট করতে বলেছি। আর ক্লজ ৫ যেটা আমরা বলেছি, আইনে আমাদের এটা করা দরকার হল এখানে কাউন্সিলে একটা ফার্মাসি কোর্স চালু করেছি, তারা ফার্মাসি কোর্স চালাতে চান। হোমিওপ্যাথিতে ফার্মাসি কোর্স ছিল না, আমাদের সেটা করতে হল, এখানে ব্যবস্থা করতে হবে। ওরা কাউন্সিল থেকে বলেছিলেন, ব্যবস্থা করুন। সেই জন্য এখানে ক্লজ ৫-তে এটা করা হয়েছে। প্রিন্সিপাল অ্যাক্ট, সেকশন ১৮তে যে অ্যামেন্ডমেন্টগুলি এনেছি, ভাষার ভুল এখানে আছে। আফটার ক্লজ থ্রি ইত্যাদিতে এখানে ১৯৮৫ সাল থেকে যে অ্যামেন্ডমেন্টগুলি ছিল তাতে ক্লজ বলে উল্লেখ আছে, এখানে সব সেকশন হবে। সেকশন আর সাব-সেকশন হবে। আইনের বিলে ক্লজ হয় না। এটা বিল যখন ফাইনালি লেখা হবে, তখন সংশোধন করে নিতে অসুবিধা হবে না। এটাই করতে চাইছি। এছাড়া কাউন্সিল বিভিন্ন পরীক্ষা নিতে পারবে। সাব-সেকশন ফোর, ১৯৬৩ সালেতে যে আইন ছিল, ১৯৭৫ সালেও ছিল, সেটা আমরা অমিট করে দিয়েছি। এখানে একটা কথা উঠেছে, কনফার্ম অনারারি ডিগ্রি অফ হোমিওপ্যাথি অন মেরিট। এটা কিভাবে ঠিক হবে। এটা কাউন্সিল ঠিক করবে। তারা নির্বাচিত সংস্থা, অটোনমাস বডি, তাদের ক্ষমতার কথা বলছি না আমরা, তাদের ক্ষমতা দিয়েছি, আর সার্টিফিকেট ডিপ্লোমা এটা ছিল, তার সঙ্গে ডিগ্রি, লাইসেন্স যুক্ত করেছি। উনি আর একটি কথা বলছিলেন, লাইসেন্স দিচ্ছেন, ক্ষমতা নেই, হোমিওপ্যাথি, ফার্মাসি যদি পড়েন তাহলে লাইসেন্স দিতে হবে। ওটার লাইসেন্স কাউন্সিল দিতে পারে, এটার ক্ষমতা ছিল না, আমরা দিলাম। এখানে তিন নম্বরে বলা আছে, ফর দি ওয়ার্ডস, সার্টিফিকেটস, ডিপ্লোমাস, দি ওয়ার্ডস সার্টিফিকেট, ডিপ্লোমাস ডিগ্রি অব লাইসেন্স স্যাল বি সাবস্টিটিউটেড। ১৭তে প্রিন্সিপাল অ্যাক্টের সঙ্গে সার্টিফিকেট অব ডিপ্লোমা ছিল, আমরা তার সঙ্গে লাইসেন্স কথাটা যুক্ত করছি। ফার্মাসির জন্য লাইসেন্স দিতে হয়, এটা আগে ছিল না, সেটা আমরা যুক্ত করছি।

শ্রী নেপাল মাহাতো : To collect prescribed fees and charge for admission to the examination held by the council and for certificates or diplomas or licences. এখানে আপনারা লাইসেন্স কথাটা অ্যাড

করেছেন। কিন্তু কাউন্সিলকে যে পাওয়ার দেওয়া হয়েছে ডিগ্রি, ডিপ্লোমা এবং সার্টিফিকেটের। এখানে লাইসেন্স কথাটা যোগ করতে হবে। আপনার তো লাসসেন্স দেওয়ার ক্ষমতা নেই। আপনি কিভাবে ফিস কালেকশন করবেন। এটা ১৮(৩)-এ দিতে হবে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি যা বুঝেছি তাই করেছি। আপনারা অ্যামেন্ডমেন্ট দেবেন তারপরে দেখব। সেকশন ১৯, ক্লজ সিক্স, সাব ক্লজ ওয়ান, এখানে যে অ্যামেন্ডমেন্ট আমরা আনতে চেয়েছি, রেজিস্ট্রারের কোয়ালিফিকেশন এবং অ্যামোলিউমেন্ট কি পাবেন। এটা সমতুল পদের সঙ্গে বিচার করে করতে হবে। সেই জন্যই এটা আমরা করেছি, এটা আগে ছিল না। ডাঃ রত্না দে ডাক্তারের কোয়ালিফিকেশনের কথা বললেন। এই কোয়ালিফিকেশনটা আমরা ঠিক করতে চাইছি, এবং এর সঙ্গে সমতুল্য পদের বিচার করে আমরা ঠিক করতে চাইছি। আর সার্ভেন্ট কথাটা ছিল, সেখানে এমপ্লয়ি হবে। সাব ক্লজ-থ্রি-র অ্যামেন্ডমেন্ট নিয়ে আলোচনায় আমি যাচ্ছি না, এটা যখন পরে আলোচনা হবে তখন দেখব। বাকি সাত, আট নিয়ে বক্তৃতা হয়েছে, কেন আমরা ইনক্রিস করেছি সেটা বলেছি। কেউ যদি ফেক ডিগ্রি লিখে দেয়, কেউ যদি বি.এইচ.এম.এস লিখে দিল, কিন্তু পাশ করেনি তাকে আমরা ধরব না ! আর কোনো ইন্সটিটিউশন যদি ফেক ডিগ্রি দেয় তাহলে তাকে আমরা শাস্তি দেব না ! সৌগতবাবু বক্তৃতা করার সময় বললেন এটা হওয়া উচিত, সেই জন্যই ওই ব্যবস্থা আমরা করেছি। আর কিছু ভ্রান্ত ধারণা আছে—গভর্নমেন্ট কলেজে নাকি জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে হয় না। হ্যাঁ, হয়। আর সবই তো ডিগ্রি কলেজ। যাই হোক এটা আপনাদের অজ্ঞতার জন্য হয়েছে। আমি মনে করি আপনারাই সবাই সমর্থন করবেন।

The Motion of Dr. Surya Kanta Mishra that The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002 be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed, to.

Clause 2

Mr. Deputy Speaker : There is one amendment to Clause 2 given by Shri Lakshmi Kanta Dey. It is in order. I now request Shri Dey to move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in clause 2 item (a) be substituted as follows :

(a) "A president is to be nominated by the State Government provided that on the expiry of the first two terms of office of the President as specified in sub-section(1) of Section 13 the State Government shall nominate a President from amongst three persons recommended by the newly elected member of the Council in such manner as may be prescribed." লিস্ট টুর অ্যামেন্ডমেন্টটা আমি মুভ করছি। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন কাউন্সিল নিউলি ইলেকটেড হবে, তারা তিনজনের নাম সুপারিশ করবে এবং তার থেকেই প্রেসিডেন্ট ঠিক হবে।

Dr. Surjya Kanta Mishra : I am accepting it.

The question that Clause 2 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Deputy Speaker : There is amendment to clause 4 by Shri Saugata Roy. I would now request Shri Saugata Roy to move his amendment.

(At this stage, Shri Roy was not present in the House)

As Shri Saugata Roy is not present in the House, his amendment is not moved.

The question that Clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in Clause 6, in sub-clause (1), in line 6, for the words "employees of the State Government" the words "employees of such other Institution" be substituted.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, এটা আমরা গ্রহণ করছি না। আমি আগেই বলেছি, সিমিলার আদার ইন্সটিটিউট বললে নিশ্চিত করে বলা যাবে না। গভর্নমেন্টের একটা পদ্ধতি আছে। সিমিলার ইন্সটিটিউট বললে কাদের ধরব ? তার চেয়ে পরিষ্কার করে বললেই ভালো হবে। সেই জন্য এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করছি না।

The motion of Shri Kashinath Mishra that in Clause 6, in sub-clause (1), in line 6, for the words "employees of the State Government the words employees of such other Institution" be substituted was then put and lost.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that sub-clause (3) be omitted.

Dr. Surjya Kanta Mishra : এটা আমরা গ্রহণ করছি। আগেই বলছি, গভর্নমেন্ট এমপ্লয়ি সেক্রেটারি হতে পারবে না। সেই জন্য মেম্বার সেক্রেটারি কথাটা বাদ দিচ্ছি। The motion of Shri Lakshmi Kanta Dey was then put and agreed to.

The question that Clause 6 as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Mr. Deputy Speaker : There are amendments to clause 7 by Shri Saugata Roy. I would now request Shri Roy to move his amendments.

(At this stage, Shri Saugata Roy was not present in the House.)

As Shri Roy is not the House, his amendments are not moved.

[3.40—3.50 p.m.]

Shri Kashinath Mishra : Mr. Deputy Speaker, Sir, I beg to move that in Clause 7, in line 3, for the word "twenty thousand rupees" the words "five thousand rupees" be substituted.

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, আমি গতকালও বলেছিলাম যে, মূল এক্সট্র্যাক্ট গুলি দিচ্ছে না। মূল এক্সট্র্যাক্টে কি আছে, বা কি ছিল সেটা আমরা জানতে পারছি না। এই ব্যাপারে আপনি কিছু ব্যবস্থা নেবেন। এখানে সেকশন ৩২তে বলছেন ভুয়া প্রতিষ্ঠান গড়ে উঠেছে। সেখান থেকে ভুয়া ডিগ্রিধারী অনেকে হয়ে যাচ্ছে। সেই জন্য সরকারের দায়িত্ব আছে। ক্রিমিনাল ব্যাপার হলে ডায়েরি করবেন। পুলিশ প্রশাসন আছে। ব্যবস্থা নেবে। এই ব্যাপারে মন্ত্রিমহাশয়ের কি বক্তব্য সেটা বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না আমি এটা গ্রহণ করতে পারছি না। আমি আগেই বলেছি যে ফলস ডিগ্রি হলে পুলিশ কি করবে ? পুলিশ অ্যারেস্ট করতে পারে। কেস দায়ের করতে পারে। পুলিশ জেলে দিতে পারে না। আদালত জেলে দিতে পারে। তাই অ্যাক্ট করতে হচ্ছে।

The motion of Shri Kashinath Mishra that in clause 7, in line 3, for the word "twenty thousand rupees" the words "five thousand rupees" be substituted was then put and lost.

Clause 8

Mr. Deputy Speaker : There is an amendment (amendment no. 8) to clause 8 of Shri Saugata Roy. The amendment is in order. Hon'ble member may move his amendment. (pause)... Mr. Saugata Roy is not present. So, the amendment is not moved.

The question that the Clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

শ্রী নেপাল মাহাতো : স্যার, আপনার মাধ্যমে বলছি বিল পাশ হচ্ছে ঠিকই, কিন্তু বিরাট অ্যানামলি আছে। আমি মন্ত্রিমহাশয়কে দেখতে বলছি যে, যেটা বোর্ডের মাধ্যমে উনি কনস্টিটিউট করছেন—সেকশন ১৮(৩)তে বলছে, "to hold examinations for Persons who shall have persued a course of study (recognised by the central or the State Government) in institutions affliated to the council, and to center degrees, diplomas and certificates on them on having passed the necessary examinations.

তা হলে এই তিনটি ক্ষমতা কাউন্সিলকে দেওয়া আছে। সেই অনুযায়ী অ্যাক্টে আগে ছিল, ৯ নম্বরে "to collect prescribed fees or charges for adminision to the examinations held by the council and for (certificates or diplomas) granted or conferred by it" এটা মূল অ্যাক্টে ছিল।

মিঃ স্পীকার : সময় শেষ হয়ে গেছে, আমি আরও আধ ঘণ্টা সময় বাড়িয়ে দিলাম।

(সকলের সম্মতি নিয়ে সভার সময় আরও আধ ঘণ্টা বাড়িয়ে দেওয়া হল।)

শ্রী নেপাল মাহাতো : স্যার, আমি একটু মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাইছি যে উনি যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেই অ্যামেন্ডমেন্টে আগে ছিল, "to collect prescribed fees or charges for admission to the examinations to be held by the council for certificates or diplomas granted or conferred by it" আগে ছিল, এখন চেঞ্জ করে এনেছেন to confer degrees, diploma or certificates. এটা ঠিকই আছে কিন্তু লাইসেন্সের পাওয়ার নিতে হবে তারপর টাকা কালেকশনের প্রশ্ন আছে। আপনার লাইসেন্স দেওয়ার ক্ষমতা নেই, ফি কালেকশন করবেন কি করে, ১৮-র তিনে বলা আছে, সে জন্য এটা অ্যামেন্ডমেন্ট করা দরকার আছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না স্যার, উনি যেটা বলছেন দেখতে পারি কিন্তু অ্যামেন্ডমেন্ট না থাকলে মুভ করা যায় না। সেখানে আমি কি করতে পারি।

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal State Ayurvedic Health Service (Amendment) Bill, 2002

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to introduce the West Bengal State Ayurvedic Health Service (Amendment) Bill, 2002.

(Secretary then read the title of the Bill.)

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal State Ayurvedic Health Service (Amendment) Bill, 2002 be taken into consideration.

শ্রীমতী সোনালি গুহ : মাননীয় স্পীকার স্যার, আজকে আমাদের স্বাস্থ্যমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল স্টেট আয়ুর্বেদিক হেল্‌থ সার্ভিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এনেছেন, যাতে তিনি বলছেন, "Where in the post of 'Demonstrator' has been abolished. Hence, there will be only three tiers of Teaching Staff in Ayurvedic Degree Colleges viz. Lecturer, Reader and Professor. এই বিলটা পড়ে আমি যতটুকু বুঝতে পারছি যে এই বিলে তিনি ছোট্ট একটা কসমেটিক সার্জারি করেছেন কিন্তু কসমেটিক সার্জারি করে আয়ুর্বেদ শাস্ত্রের কি উন্নতি হবে বা যাঁরা আয়ুর্বেদ কলেজে পাঠারত তাঁদের কি উন্নতি হবে সে ব্যাপারে রাজ্য সরকার দৃষ্টি দেননি। সারা বিশ্বে অ্যালোপ্যাথি ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়ায় মানুষ দিশেহারা হয়ে আজকে আয়ুর্বেদিক সাবস্টিটিউট হিসেবে বেছে নিচ্ছে। গ্যাট চুক্তির পেটেন্ট সংক্রান্ত আইনের বলে

অ্যালোপ্যাথি ওষুধের দাম আজকে আকাশ ছোঁয়া, সেই সময়ে মানুষ আয়ুর্বেদ ওষুধকে বিকল্প হিসেবে বেছে নিচ্ছে। ঠিক সেই সময়ে রাজ্য সরকার কেন আয়ুর্বেদের প্রতি এত ঔদাসীন্য দেখাচ্ছেন আমার জানা নেই। ১৯৬১ সালে পশ্চিমবাংলায় আয়ুর্বেদ পরিষদ অ্যাক্ট পাশ হয়। তার ফলে আয়ুর্বেদকে সরকারিভাবে স্বীকৃতি দেওয়া হয়। এই অ্যাক্টে অনেক ল্যাকুনা ছিল, ভুল ছিল, ত্রুটি ছিল, আজকে যাঁরা ট্রেজারি বেঞ্চে বসে আছেন সেদিন তাঁরাই ছিলেন বিরোধী আসনে। সেদিন তাঁরা এই অ্যাক্টের বিরোধিতা করেছিলেন, সেই অ্যাক্টের সমালোচনা করেছিলেন। আমরা কিন্তু সেই সমালোচনাকে অনেক গুরুত্ব দিয়েছিলাম। কিন্তু আজকে তাঁরাই ট্রেজারি আসনে বসে আছেন। মানুষ আশা করেছিলেন যে ক্ষমতায় আসার পর তাঁরা ল্যাকুনাগুলোকে গুরুত্ব দিয়ে সেগুলো দূর করার চেষ্টা করবেন।

[3.50—4.00 p.m.]

কিন্তু যে ল্যাকুনাগুলি সেখানে রয়েছে সেগুলিকে তিনি দূর করার চেষ্টা করেননি, যদি করতেন তাহলে ১৯৬৪ সালে সরকার যখন কলেজগুলিকে অধিগ্রহণ করলো মন্ত্রী বলতে পারবেন তাঁর আমলে কতবার মন্ত্রী এই আয়ুর্বেদ হাসপাতালে গেছেন, এই আয়ুর্বেদ মেডিকেল কলেজগুলিতে মন্ত্রী কতবার পরিদর্শন করেছেন, তার পরিসংখ্যান দিতে পারবেন ? কলেজগুলি অধিগ্রহণ করা হয়েছে কিন্তু সেখানে যে লেডিজ হোস্টেলগুলি ছিল সেটা রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা হয়নি এবং সেই লেডিজ হোস্টেল থেকে মেয়েদের উচ্ছেদ করা হয়েছে, তাদের বলা হয়েছে তোমরা এখানে থাকতে পারবে না। মন্ত্রী জানেন এবং আমিও জানি, তিনি গোটা হাউজকে জানান যে এই কলেজগুলিকে চালায় মূলত সেন্ট্রাল কাউন্সিলের রেগুলেশন অনুযায়ী এবং সেখানে রেগুলেশনে বলা আছে যে কলেজগুলিতে কন্ট্রাক্ট বেসিসে কোনো স্টাফ নিয়োগ করা যাবে না। আমি বলতে পারি জে.বি.রায় আয়ুর্বেদ মেডিকেল কলেজ হসপিটালে ৫১ জন স্টাফ নিয়োগ করার কথা, কিন্তু সেখানে ১৪ জন স্টাফ নিয়োগ করা হয়েছে। কলেজগুলিতে প্রয়োজনের তুলনায় শিক্ষকের সংখ্যা কম। সেখানে যাঁরা প্রফেসর যাঁরা ডাক্তার তৈরি করেন তাঁদের মাহিনা কম, সেখানে ডাক্তারদের ৮ হাজার টাকা করে মাহিনা দেওয়া হয়। সেখানে তাঁরা যে স্কেল পেয়ে থাকেন সেট ব্লক মেডিকেল অফিসারের সমতুল্য। সেখানে প্রফেসারদের পরে রীডার থাকে এবং রীডারের পরে লেকচারারদের স্কেল এবং লেকচারার হতে গেলে এম.ডি. মিনিমাম কোয়ালিফিকেশন লাগে। সব মেডিকেল কলেজেই পে-রিভিশন হয়েছে, কিন্তু আয়ুর্বেদ মেডিকেল কলেজগুলিতে কোনো পে-রিভিশন হয়নি। প্রত্যেক মেডিকেল কলেজে আধুনিক মানের ল্যাবরেটরী থাকা দরকার এবং ইউনির্ভাসিটি রেগুলেশন অনুযায়ী আয়ুর্বেদ মেডিকেল কলেজগুলিতেও আধুনিক মানের ল্যাবরেটরী থাকা দরকার এবং যন্ত্রপাতি থাকা দরকার। কিন্তু কোনো আয়ুর্বেদ কলেজেই আধুনিক মানের ল্যাবরেটরী নেই, আধুনিক যন্ত্রপাতি নেই এবং ভালো স্টাফ বা টেকনিশিয়ান নেই। মন্ত্রী বলেছেন জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদে ভর্তি করা হবে, আমি মনে করি এটা ভালো কথা, কিন্তু জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দিয়ে পাশ করে যাঁরা আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি মেডিকেল কলেজে

ঢুকছেন তাঁরা যদি ভালো ল্যাবরেটরী না পান, ল্যাবরেটরী অ্যাসিস্ট্যান্ট না পান ভালো যন্ত্রপাতি না পান তাহলে তারা ভবিষ্যতে উন্নতি কি করে করবে। আপনি সেখানে ডেমোনস্ট্রেটারের পোষ্টটা অ্যাবলিশ করে দিচ্ছেন কিন্তু তার বিকল্প ব্যবস্থা কিছু নেই। সেখানে প্রফেসার, রীডার, লেকচারারদের দিয়ে ডেমোনস্ট্রেশনের কাজ চলবে। মন্ত্রী বলছেন তিনি আয়ুর্বেদের দিকে নজর দিচ্ছেন, কিন্তু আমি জানি বিভিন্ন সাবজেক্টে আয়ুর্বেদ মেডিকেল কলেজগুলিতে কোনো শিক্ষক নেই। জে.বি.রায় মেডিকেল কলেজ হাসপাতালের শিশু বিভাগে যাকে পেডিয়াট্রিক ডিপার্টমেন্ট বলে আয়ুর্বেদে যাকে কৌমারী বিভাগ বলে সেখানে কোনো শিক্ষক নেই, তারপরে এনাটমী যাকে শরীর তত্ত্ব বলা হয় সেখানে কোনো শিক্ষক নেই, দ্রব বিষয়ক বিভাগে কোনো শিক্ষক নেই। মন্ত্রীকে প্রশ্ন করেছিলাম বোর্ড অফ ডিরেক্টার্সে কতজন ডিরেক্টার আছেন এবং তাদের কিভাবে নেওয়া হয় ? মন্ত্রী এই হাউজে বলেছিলেন কাগজে অ্যাডভার্টাইজমেন্ট দিয়ে ডিরেক্টারের জন্য অ্যাপ্লিকেশন নেওয়া হয় এবং তাঁদের ইন্টারভিউয়ের মাধ্যমে ঠিক করা হয়। আমি মন্ত্রীর কাছে জানতে চাইছি কবে আপনি অ্যাডভার্টাইজমেন্ট দিয়েছেন এবং কতজন অ্যাপ্লিকেশন জমা দিয়েছে এবং তার মধ্যে কতজনের ইন্টারভিউ হয়েছে ? ফার্স্ট অক্টোবর থেকে এটা ইমপ্লিমেন্ট হওয়ার কথা ছিল, কিন্তু আজকে ১৭.১২.২০০২ তারিখ পর্যন্ত সেখানে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টরকে দিয়েই ডিরেক্টরের কাজ চালানো হচ্ছে। সেখানে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর তিনি কখনও প্রোজেক্ট অফিসারের কাজ চালাচ্ছেন, কখনও ডিরেক্টর হিসাবে কাজ করছেন আবার তিনি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর হিসাবেও কাজ করছেন। মাননীয় মন্ত্রী এখানে অনেক রকম কথা বলেছেন, কিন্তু সব থেকে ইমপর্টেন্ট কথা হচ্ছে অল ইন্ডিয়া বেসিসে যে গভর্নিং বডি বা পলিসি মেকিং বডি সেখানে চেয়ারম্যান হচ্ছেন আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় নিজে, যে বোর্ড কেরালা সহ অন্যান্য রাজ্যে এই বোর্ডকে এগিয়ে নিয়ে যাবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ সেখানে আমাদের রাজ্যে আয়ুর্বেদকে কোনো গুরুত্ব দেওয়া হচ্ছে না। মন্ত্রী কেন আয়ুর্বেদ মেডিকেল কলেজগুলিতে নিজে যান না ? শুনেছি মাননীয় মন্ত্রীর স্ত্রী কোনো একটা মেডিকেল হসপিটালে গিয়েছিলেন এবং সেখানে কোনো একজন নার্স তাঁর সঙ্গে খারাপ ব্যবহার করার জন্য সেই নার্সকে শো-কজ করা হয়েছে এবং তাকে ট্রান্সফারও করা হচ্ছে। এখানে মন্ত্রী আজকে বলুন যে তিনি কতবার আয়ুর্বেদ মেডিকেল কলেজগুলিতে গেছেন ?

কতগুলো আয়ুর্বেদ হাসপাতালে গেছেন ? এটা আমরা স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই। স্যার মাননীয় মন্ত্রী বলেছেন আয়ুর্বেদকে গুরুত্ব দেওয়া হচ্ছে। আয়ুর্বেদকে যদি গুরুত্ব দেওয়া হত, আমরা হেলথ বাজেট পাতার পর পাতা পড়েছি এবং হেলথ বাজেটের আলোচনার সময় এখানে দাঁড়িয়ে মাননীয় মন্ত্রীর কাছে আমাদের বক্তব্য তুলে ধরার চেষ্টা করেছি। আমরা দেখেছি হেলথ বাজেটের লায়ন শেয়ারটা মাননীয় মন্ত্রী দিয়েছেন অ্যালোপ্যাথিকে। হোমিওপ্যাথি বা আয়ুর্বেদকে সেই অর্থে কিছুই দেওয়া হয়নি। মাননীয় মন্ত্রীকে বললে উনি বলছেন, আমি তো ভেষজ পার্ক করেছি কল্যাণীতে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ভেষজ পার্কের কাজকর্ম কি রকম

হচ্ছে ? এটা মন্ত্রিমহাশয় আমাদের কাছে বিস্তৃতভাবে রিপোর্ট দিন। আজকে সারা ভারতবর্ষের মানুষ, সারা বিশ্বের মানুষ আয়ুর্বেদের দিকে ঝুঁকছে এবং তারা আয়ুর্বেদকে নিয়ে জায়গায় জায়গায় 'কনর্সান ফর আয়ুর্বেদ' করে তারা সেমিনার করছে। এবং আজকে এই দুর্মূল্যের বাজারে মানুষ যখন অ্যালোপ্যাথি ওষুধ না পেয়ে আয়ুর্বেদে ঝুঁকতে চাইছে তখন আমাদের রাজ্যে আয়ুর্বেদকে পুরোপুরি নেগলেক্ট করা হচ্ছে কেন আমরা জানি না। এ ব্যাপারে আমরা সরকারের মন্ত্রীর কাছে জবাব চাইছি। স্যার, মাননীয় মন্ত্রী বলেছেন তিনি 'ডেমোনেস্ট্রেটর' তুলে দিয়েছেন। সারা পশ্চিমবঙ্গে আয়ুর্বেদ গবেষণার যে স্থান আছে তার ঠিকমত পরিকাঠামো তৈরি করা দরকার এবং আমার মনে হয়, মন্ত্রী যেটা বলেছেন, এই আয়ুর্বেদের গাছ-গাছড়া, ভেষজ গাছ-গাছড়ার 'পেটেন্ট' করে আমরা বিদেশের বাজারে দিতে পারি। কোচবিহারে আয়ুর্বেদের সব থেকে বড় জায়গা আছে। আলিপুরদুয়ারের বিধায়ক এখানে আছেন। সেখানে 'তপশিকাঁথায়' ৬৮ একর জমি আয়ুর্বেদের জন্য নেওয়া হয়েছিল এবং তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচার্য মহাশয় তার শিলান্যাস করেছিলেন। উন্নয়ন পর্ষদকে বারবার জানিয়েও ওই অঞ্চলের মানুষ ওই 'তপশিকাঁথার' জন্য একটা পয়সাও পায়নি। অথচ বারবার মন্ত্রীত্বের মুখে ঝাঁটামারা ওই কমল গুহ উন্নয়ন পর্ষদ থেকে তার মেয়ে আর জামাই চাকরী করে সেই স্কুলকে টাকা দিয়েছেন। বারবার মন্ত্রীত্বের মুখে ঝাঁটামারা, ওই মন্ত্রীর আসনে বসে থাকা কমল গুহ, তিনি তাঁর মেয়ে যে হাসপাতালের সঙ্গে যুক্ত, সেই আই হাসপাতালকে ৫ লক্ষ টাকা দিয়েছেন স্যার। স্যার, আয়ুর্বেদকে উন্নত করার জন্য, আয়ুর্বেদ গবেষণাকে এগিয়ে নেবার জন্য আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে আমাদের দলের বক্তব্য উপস্থিত করলাম। ধন্যবাদ।

(গোলমাল)

মিঃ স্পীকার : বসুন বসুন। মিঃ তাপস রায় টেক ইয়োর সিট, মিঃ তাপস রায় টেক ইয়োর সিট, টেক ইয়োর সিট। অনারেবল মেম্বারদের কাছে আমার একটু বলার আছে। বিলটা এসেছে, বিলের উপর ডিবেট হচ্ছে। জানি না মেম্বাররা বিলটা পড়েছেন কিনা। অ্যামেন্ডমেন্ট হচ্ছে একটা ওয়ার্ড। 'লেকচারার'র জায়গায় 'ডেমনেস্ট্রেটর' আসবে। এই তো হচ্ছে অ্যামেন্ডমেন্ট। উনি প্রায় ১০ মিনিট বক্তব্য রাখলেন। প্রায় ১০ মিনিটে বিলে যা বলতে চাইছে, তার কোনো কথা শুনিনি..... (গোলমাল)..... একটা শব্দও শুনিনি। কি হল ? কি পার্লামেন্টারি নিয়ম ? পার্লামেন্টারি এথিক্স ? পার্লামেন্টারি প্রিপারেশন কি হয়েছে ? 'ধান ভানতে শিবের গীত'। ..... (গোলমাল)..... আরে দেয়ার হ্যাজ টু বি এ পার্লামেন্টারি প্রসিডিওর। যে সাবজেক্টের উপর বলবেন অন্তত পড়বেন। কি লেকচারের জায়গা ? 'ডেমনেস্ট্রেটর' আছে কেন ? হোয়াটিজ দি পারপাস অফ দিজ চার্জ ? কি দরকার ? কি প্রয়োজন ? কোনো ব্যাপার নেই ভড় ভড় করে এটা হয়নি, ওটা হয়নি, অ্যাডমিনিস্ট্রেশন হয়নি, চিকিৎসা হয়নি—সব বলে গেলেন।

(গোলমাল)

ডাঃ শম্ভুনাথ মান্ডি : মাননীয় স্পীকার স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীদ্বয় আয়ুর্বেদ চিকিৎসা বিদ্যা যে প্ল্যান নিয়ে এসেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। মাননীয় স্পীকার স্যার, বিলটা ছোটো হলেও আমার কাছে গুরুত্বপূর্ণ এই জন্য যে আমি ছোটোবেলায় শিখেছি যে একটা 'কমা' বা 'পূর্ণচ্ছেদ'কে যদি সম্মান না দিই তাহলে একটা প্রাণ কেন বহু প্রাণহানি হবার সম্ভাবনা থেকে যায়। সেই জন্য যদিও এই বিলটাতে ২/১টা শব্দ একটু হেরফের হয়েছে, সেগুলো কোনো ব্যাপার নয়। যারা আয়ুর্বেদ শিক্ষায় শিক্ষাদানে নিযুক্ত তাদের আত্মসম্মান, মর্যাদা বাড়বে এর মধ্যে দিয়ে বলে মনে হয়। এবং তাতে শিক্ষকরা শিক্ষাদানে আরো বেশি বেশি করে মনোনিবেশ ঘটাবেন এবং ছাত্ররা ভালো ডাক্তার হবেন এবং আমাদের মেহনতি, খেটে-খাওয়া মানুষ উন্নত শিক্ষা পাবেন, চিকিৎসা পাবেন। মাননীয় স্পীকার স্যার, আমি সময় বেশি নেব না, আমি জানি না তেমন কিছু তবুও বলছি। বর্তমানে আধুনিক বিজ্ঞানের শিক্ষায় পৃথিবীটা ছোটো হয়ে হাতের মুঠোর মধ্যে চলে এসেছে কিন্তু আমরা নিজেকে নিজে চিনতে পারিনি, শিখতে পারিনি।

অপরকে চেনা খুব কঠিন। আমরা দেখছি যে, আফ্রিকার জঙ্গল থেকে শুরু করে আমাদের বেলপাহাড়ির জঙ্গলের আদিবাসীরা যুগ যুগ ধরে বেঁচে আছে, তাদেরও জ্বরা, অসুখ হয়। কিন্তু কেন বেঁচে আছে সেটা ভাবার বিষয় আছে। তারা কোনোদিন বড় বড় থাম্বাওয়ালা অট্টালিকা দেখেনি, কিন্তু তারা বেঁচে আছে। আয়ুর্বেদ চিকিৎসার উপর তারা বেঁচে আছে। বিভিন্ন গাছ-গাছড়া দিয়ে তৈরি ওষুধ খেয়ে তারা বেঁচে আছে। এখানেই আয়ুর্বেদ শিক্ষার গুরুত্ব বেশি। সবশেষে আমি তৃণমূলের ভাইবোনদের কাছে বলি, আয়ুর্বেদ শিক্ষায় বলে, 'খালি পেটে জল, ভরা পেটে ফল'। সুকুমার রায়ের একটি কবিতা বলে আমি শেষ করব—

"চিরকাল তোরা বেঁচে থাকবি,
দেশের জন্য কে প্রাণ দেবে" ?

এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.00—4.10 p.m.]

শ্রী মহববুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন, সেই আইন করা হয়েছিল ২০০২ সালে, সেটাতে এমন কি প্রয়োজন হল যে ডেমোনেস্ট্রেটরের পদ তুলে দিয়ে লেকচারার আনতে হবে ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলছি যে, একটু আগে মাননীয়া শ্রীমতী সোনালি গুহ যখন বললেন তখন তাঁর জন্য ১০ মিনিট সময় অ্যালোট করা হয়েছিল, কিন্তু আমার জন্য মাত্র ২ মিনিট সময় অ্যালোট করেছেন। কিন্তু এই ২ মিনিটে আমি কি করে বলব ? ডেমোনেস্ট্রেটরের পদ তুলে দিয়ে কেন লেকচারার আনতে চাইছেন, সেটা কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় ব্যাখ্যা করেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি ধান ভানতে শিবের গীত গাওয়ার কথা বললেন। মাননীয় মন্ত্রিমহাশয়, বাজেট বক্তৃতায় আয়ুর্বেদ সম্পর্কে যে কথা

শুনিয়েছিলেন, কার্যক্ষেত্রে আমরা সেটা দেখছি না। জেলায় জেলায় আয়ুর্বেদের জন্য সরকারি যে ডিসপেনসারিগুলো আছে সেগুলো সাইনবোর্ড সর্বস্য হয়ে পড়েছে, সেখানে কোনো ওষুধ পাওয়া যায় না। সেখানে কবিরাজ মহাশয় থাকেন না, তাঁর স্টাফদেরও পাওয়া যায় না। আজকে গোটা পৃথিবীজুড়ে হার্বাল মেডিসিন মানুষ ব্যবহার করছে, আমাদের দেশেও কসমেটিক্স থেকে শুরু করে বিভিন্ন রকম ওষুধ— যেমন হাফের ওষুধ, লিভ-৫২ ইত্যাদি ওষুধগুলো আয়ুর্বেদ ওষুধ হিসেরে প্রচুর জনপ্রিয়তা অর্জন করেছে, লোকে এগুলো ব্যবহার করছে। আয়ুর্বেদের যে সমস্ত ওষুধ, কসমেটিক্স, সাজসজ্জার জিনিষ আছে সেইসব দিকে মানুষ ঝুঁকছে। কিন্তু এই বিষয়টার উপর গুরুত্ব দেওয়া হচ্ছে না। কার্যক্ষেত্রে আমরা কিছু দেখতে পাচ্ছি না। ডেমোনেস্ট্রেটরের পরিবর্তে লেকচারার কেন আনতে চাইছেন সেটা মাননীয় মন্ত্রিমহাশয় ব্যাখ্যা করে বলবেন। সায়েন্সের বিষয়ে প্র্যাকটিকাল এবং থিওরিটিকাল এ দুটোই শিখতে হয়। প্র্যাকটিকাল না করলে কিছু শেখা যায় না। প্র্যাকটিকাল শিখতে সাহায্য করেন ডেমোনস্ট্রেটররা। কিন্তু ডেমোনস্ট্রেটর পদ তুলে দিয়ে আপনারা লেকচারার আনছেন। এটা কেন করছেন সেটা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই। ডিস্ট্রিক্টে অ্যালোপ্যাথি চিকিৎসার জন্য যে হসপিটালগুলো আছে সেখানে মানুষ যায়, কিন্তু সেই হসপিটালগুলো এত বেশি সংখ্যক মানুষকে চিকিৎসা করতে গিয়ে হিমসিম খেয়ে যাচ্ছে, ডিস্ট্রিক্টে সি.এম.ও.এইচ. আছেন, কিন্তু তা সত্ত্বেও ডিস্ট্রিক্ট হসপিটালগুলোতে প্রতিদিন চিকিৎসা পাচ্ছে না বলে মানুষ বিক্ষোভ দেখাচ্ছেন।

আজকে মানুষেরা বিক্ষোভ দেখাচ্ছে, স্বাস্থ্য কেন্দ্রগুলি বন্ধ হয়ে যাচ্ছে। যে আয়ুর্বেদ, ইউনানী, আকুপাংচার আমাদেরকে আশার আলো দেখিয়েছিল তার আজকে কি অবস্থা। সি.এম.ও.এইচ. যেখানে শুধু অ্যালোপ্যাথি নিয়েই হিমশিম খেয়ে যাচ্ছেন, সেখানে আয়ুর্বেদের ক্ষেত্রে কি করবেন। সেই জন্য আমার প্রশ্ন হল, আমি শুধু ব্যাখ্যা চাইছি, কি কারণে কি স্বার্থে এই বিল নিয়ে এসেছেন, মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই তাঁর জবাবী ভাষণে বলবেন।

Mr. Speaker : I want to draw the attention of the Hon'ble Members to Rule 331 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. "The Speaker, after having called the attention of the House to the conduct of a member who persists in irrelevance or in tedious repetition either of his own arguments or of the arguments used by other members in debate, may direct him to discontinue his speach." Here an amendment bill is placed to a simple amendment—in place of demonstrator it would be lecturer. The debate is supposed to be confined on the Bill only. You cannot talk of the whole world. You must confine yourself to the merits and demerits of the Bill only. To make submission on this Bill, you cannot speak of the entire medical system—medical college, non-availability of medicine etc. How the Minister will reply ? You can draw the attention of the Minister to the merits and demerits of the Bill, you can ask for further clarification. Why should there be a chapter on the whole matter ?

শ্রী নির্মল দাস : স্যার, আমি আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বিল এনেছেন, আমি সেটাকে সমর্থন করছি। আসলে আমাদের দেশের চিকিৎসা বিজ্ঞানে আয়ুর্বেদ একটা বিরাট ভূমিকা পালন করে। ঐতিহ্যবাহী চিকিৎসা পদ্ধতি হল এই আয়ুর্বেদ। সঙ্গত কারণেই এখানে ডঃ মিশ্র বলেছেন যে, ডেমোনেস্ট্রেটারের পদটিকে অ্যাবলিশ করে দিয়ে লেকচারার, রিডার, প্রফেসার নিয়ে আসতে চাইছেন। আমাদের এখানে ওয়েস্ট বেঙ্গল সায়েন্স ইউনিভার্সিটির উপর যে আলোচনা হয়েছিল সেখানেও আলোচনায় বোঝা গিয়েছিল যে একটা ছাতারতলায় আনার চেষ্টা করা হচ্ছে এই আয়ুর্বেদ, ইউনানি ও আকুপাংচারকে—সবটাই আসবে, যাতে সমৃদ্ধি হয়।

আমি ডঃ মিশ্রকে অন্য একটি বিষয়ে অনুরোধ করব। এখানে আমাদের এক বিরোধী নেত্রী ঠিকই বলেছেন তপসিকাঁথায় ভেষজ উদ্যান, ভেষজ শিল্প যাতে গড়ে ওঠে। উত্তরবঙ্গের কোচবিহারে একটা হোমিওপ্যাথি কলেজ গড়ে তোলা হবে। আমার মনে আছে তখন চেয়ারম্যান ছিলেন প্রমোদ দাশগুপ্ত, স্বাস্থ্যমন্ত্রী ছিলেন ননী ভট্টাচার্য, বলা হয়েছিল উত্তরবঙ্গের মেডিকেল কলেজ এবং কোচবিহারে তপসিকাঁথায় ভেষজ উদ্যান গড়ে তোলা হবে। যাতে প্রত্যন্ত এলাকার মানুষ ওষুধ পেতে পারে তার জন্য তারা নিজেরা উদ্যোগ নিয়েছিলেন। বক্সা ব্যাঘ্র প্রকল্প আছে সেই গোটা প্রকল্পটা ভেষজ এবং দুষ্প্রাপ্য গাছগাছড়ায় সমৃদ্ধ। আজকে গ্লোবালাইজেশনের ফলে আমাদের দেশটার সর্বনাশ হয়ে যাচ্ছে। অনেক দুষ্প্রাপ্য গাছ বিদেশে পাচার হয়ে যাচ্ছে। নিম থেকে শুরু করে যে সমস্ত ভেষজ সমৃদ্ধ ওষুধপত্র যেগুলি আছে, সেগুলির গবেষণা করে এবং তার উন্নতির চেষ্টা করা দরকার, বিশেষ করে আমাদের দেশের হারিয়ে যাওয়া ভেষজ সমৃদ্ধ যে ওষুধপত্র আছে, যেটা নাকি আমরা আয়ুর্বেদে পাই সেটা যাতে উন্নতি হয়—তার চেষ্টা করুন এবং যে উদ্দেশ্যে এই বিল এনেছেন সেই উদ্দেশ্যের মূল কথা হবে মানুষের পরিষেবা দেওয়া। এই আবেদন জানিয়ে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.10—4.20 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, দি ওয়েস্ট বেঙ্গল স্টেট আয়ুর্বেদিক হেলথ সার্ভিস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ মাননীয় মন্ত্রী এনেছেন, এটাতে সত্যি সত্যিই কোনো বড় ব্যাপার নেই। এখানে কেবলমাত্র একটা শব্দের পরিবর্তন করা হচ্ছে। তার মধ্যে দিয়ে ডেমোনেস্ট্রেটরদের লেকচারার করা হচ্ছে। এর মধ্যে আপত্তির কিছু নেই। দি সেন্ট্রাল কাউন্সিল অব ইন্ডিয়ান মেডিসিন (মিনিমাম স্ট্যান্ডার্ড অব এডুকেশন ইন ইন্ডিয়ান মেডিসিন) রেগুলেশনস ১৯৮৬ অনুযায়ী এই পরিবর্তন করতে হচ্ছে। এখানে আমার মাননীয় মন্ত্রীর কাছে একটাই শুধু প্রশ্ন আছে : সাধারণত কলেজে ডেমোনেস্ট্রেটর এবং লেকচারারের স্ট্যাটাসের মধ্যে পার্থক্য আছে। লেকচারার যিনি হলো তিনি কলেজে পড়ান। কিন্তু ডেমোনেস্ট্রেটর কেবলমাত্র ল্যাবোরেটরিতে ডেমোনেস্ট্রেশন দেন। সাধারণত উভয়ের শিক্ষাগত মানে পার্থক্য থাকে। তাহলে এই ক্ষেত্রে ডেমোনেস্ট্রেটরকে যে লেকচারার করবেন, তা কিভাবে করবেন ? আমি মাননীয় মন্ত্রীর কাছে এটার একটু ব্যাখ্যা চাইছি। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, সরকারকে আয়ুর্বেদ সম্পর্কে আমি আরো একটু সিরিয়াস হতে অনুরোধ করছি। দীর্ঘকাল ধরে আমাদের রাজ্যে আয়ুর্বেদিক চিকিৎসক তৈরি করার জন্য

মাত্র ৫৫টি সিট রয়েছে, আর ত্রিপুরার জন্য ৫টি, মোট ৬০টি সিট। এর যদি সম্প্রসারণ ঘটানো যায় তাহলে আরো বেশি সংখ্যায় মানুষ আয়ুর্বেদ নিয়ে পড়াশুনো করতে পারে। কারণ সারা পৃথিবীতেই আজকে আয়ুর্বেদ নিয়ে রিসার্চ হচ্ছে। অ্যালোপ্যাথিক ওষুধের সাইড এফেক্ট থেকে বেরিয়ে আসার জন্য মানুষ আয়ুর্বেদিক মেডিসিনের দিকে ঝুঁকছে। অথচ আমাদের পশ্চিমবাংলায় অনেক রকম সমস্যা থাকা সত্ত্বেও তার যথাযোগ্য ব্যবহার হচ্ছে না। এমনকি আমাদের আয়ুর্বেদিক কলেজে যে গাছপালা থেকে ওষুধ তৈরি হয় তাও ঠিকমতো নেই। ফলে যারা পড়াশুনো করছে তারা ঠিকমতো পড়ছে না বা শিখছে না—ওই পড়তে হয়, পড়ছে, ডিগ্রি পাচ্ছে, আয়ুর্বেদিক চিকিৎসক হয়ে বেরিয়ে আসছে। এ বিষয়ে রিসার্চের প্রয়োজন আছে। আরো পপুলারাইজ করার প্রয়োজন আছে। এই সিস্টেমের মধ্যে দিয়ে বহু মানুষ উপার্জন করতে পারেন। সে জন্য আমি বলব আয়ুর্বেদিক শিক্ষার আসন সংখ্যা আরো বাড়াবার ব্যবস্থা করা হোক। অবশ্য ইতিমধ্যে একটা প্রাইভেট কলেজ হয়েছে। সরকারের পক্ষে যদি সম্ভব নাও হয় তাহলে আরো প্রাইভেট কলেজই হোক, মাননীয় মন্ত্রী, আপনি তার জন্য মানুষকে উৎসাহ দিন। আসন সংখ্যা বাড়াবার অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্পীকার মহাশয়, একটা মাত্র শব্দের পরিবর্তন হচ্ছে 'ডেমোনেস্ট্রেটর' ছিল, সেখানে 'লেকচারার' হবে। এই বিলে এ ছাড়া আর কিছু নেই। আর যে ব্যাখ্যা মাননীয় সদস্য চাইলেন তা এই বিলের মধ্যে খুবই পরিষ্কার করে দেওয়া আছে। সেন্ট্রাল কাউন্সিল রেগুলেশন সংশোধন করেছেন, ডেমোনেস্ট্রেটরটা বাদ দিয়ে দিয়েছেন। তাঁরা বাদ দিলে আমরা রাখতে পারি না। তাই ডেমোনেস্ট্রেটর বাদ দিয়ে লেকচারার করেছি। পরপর কলেজগুলিতে ওইভাবে পরিবর্তন ঘটানো হয়েছে—ডেমোনেস্ট্রেটর শব্দটি বাদ দিয়ে লেকচারার শব্দটি বসানো হয়েছে। এখন থেকে এই কলেজে তিনটে টায়ার থাকবে, প্রফেসর, রিডার অ্যান্ড লেকচারার। এই তিন পদের লোকেরা কাজ করবেন। হোমিওপ্যাথির ক্ষেত্রেও এই একই জিনিস হচ্ছে।

The motion of Dr. Surjya kanta Mishra that the West Bengal Stae Ayurvedic Health Service (Amendment) Bill, 2002, be taken into Considration, was then put and agree to.

Clauses 1, 2 & 3

The question that the Clauses 1, 2 & 3 do stand part of the Bill, were then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal State Ayurvedic Health Service (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

PRESENTATION OF COMMITTEE REPORT

Mr. Speaker : I beg to present the 30th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the revised programme of Business for the 19th December, 2002, as follows. :

19.12.2002, Thursday : (i) Discussion under rule 319 on the statement made on 12.12.2002 in the House by the Chief Minister and Minister-in-Charge of Home (Police) Department on the subject of deterioration in law and order situation in districts of West Midnapore, Bankura, Purulia, Hooghly and Murshidabad in reply to a calling Attention notice—Notice given by Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan .. .. .. 1 hour.

(ii) No Confidence Motion against Council of Ministers—Notice given by Shri Pankaj Banerjee, Shri Sobhandeb Chattopadhyay, Shri Saugata Roy and Shri Subrata Mukherjee.. .. .. 6 hours.

There will be no Question for Oral Answer and Mention Case on Thursday, the 19th December, 2002.

Now the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs may move the Motion for acceptance of the House.

শ্রী প্রবোধ চন্দ্র সিংহ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৩০তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য এই সভায় উপস্থিত করছি।

মিঃ স্পীকার : আশা করি সকলের মত আছে, অতএব গৃহীত হল।

The Motion was then put and agreed to.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of Power Department to make a statement on the subject of imposition of Uniform Tariff in the CESC areas. Calling Attention notice given

by Shri Tapan Hore, Shri Nirmal Das, Shri Saugata Roy, Shri Shobhandeb Chattopadhyay. Notice has been given by four members. But I will allow three members namely Shri Tapan Hore, Shri Nirmal Das and Shri Saugata Roy to raise questions on the Calling Attention Notice.

শ্রী মৃণাল ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রী তপন হোড় যে কলিং অ্যাটেনশন মোশন এনেছেন, আমার ইচ্ছা ছিল প্রস্তুত হয়ে আগামীকাল বা পরশুদিন সেই সম্পর্কে বলব। কিন্তু ইতিমধ্যে প্রেস ইত্যাদির কাছে হয়তো কথা বলতে হতে পারে, অথচ হাউস চলছে তাই হাউসকে না জানিয়ে প্রেসকে বলা ঠিক হবে না মনে করেই আমি তাই এখানে এসেছি, কোনো লিখিত স্টেটমেন্ট নিয়ে আসতে পারিনি। আমি মুখে আপনাদের জ্ঞাতার্থে কতকগুলি কথা এই প্রসঙ্গে বলতে চাই। আপনারা জানেন, ১৯৯৯ সাল পর্যন্ত আমাদের রাজ্যে যে ইউটিলিটিজগুলি রয়েছে তাদের বিদ্যুতের মাসুল নির্ধারণ করত আমাদের রাজ্য সরকার বা পাওয়ার ডিপার্টমেন্ট। কিন্তু অনেকগুলি অসুবিধা তখন চলছিল এই বিষয়গুলি নিয়ে, আমি তার মধ্যে যেতে চাই না। ১৯৯৯ সালের জানুয়ারি মাসে তাই স্টেট রেগুলেটরী কমিশন গঠন করে তাদের উপর দায়িত্ব দেওয়া হয় যাতে এই বিদ্যুতের মাসুল তারা নির্ধারণ করতে পারে। ২০০১ সালের নভেম্বর মাসে এই এস.ই.আর.সি. ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ সালের মাসুল নির্ধারণ করে তাদের রায় ঘোষণা করে। কিন্তু এই রায়ে অনেকগুলি ইউটিলিটিজ—যেমন, এস.ই.বি., সি.ই.এস.সি., পি.ডি.সি.এল., ডি.পি.এল.—সবাই কোনো না কোনো কারণে তাদের নিজস্ব সমস্যা নিয়ে হাইকোর্টে এই রায়ের বিরুদ্ধে যায় এবং কেস করে। মহামান্য হাইকোর্ট এ বছরের মে মাসে সি.ই.এস.সি.-র বিষয়ে তারা আলোচনা করেন এবং সেখানে তাদের রায় দেন। সেই রায় দিতে গিয়ে—আমি এর আগে একটু বলে দিই—এস.ই.আর.সি. যে রায় ঘোষণা করলেন নভেম্বর মাসে তাতে কিন্তু স্টেট গভর্নমেন্ট স্ল্যাব মেইনটেন করে ক্রস সাবসিডি রাখে। ২ পার্ট ট্যারিফ, টি.ও.ডি. সবগুলি মেনে নিয়ে সেই মোতাবেক তাদের রায় ছিল। হ্যাঁ, ক্রস সাবসিডি কিছুটা কমিয়ে বা এফিসিয়েনসির জন্য প্যারামিটার এনেছিলেন, কিন্তু ক্রস সাবসিডি ছিল এবং বাকি যে বিষয়গুলি বললাম, সেই মাসুল যা নির্ধারণ করেছেন তার মধ্যে ছিল, কিন্তু হাইকোর্ট কতকগুলি রায় দেন এটাতে। তখন এই কমিশন সম্পর্কে হাইকোর্টের বক্তব্য ছিল, যদিও তাদের এক্তিয়ার নেই—তারা যে মাসুল নির্ধারণ করে দেয় সেটা কমিশন যে মাসুল নির্ধারণ করে তার থেকে বেশি করে দেন। এতে অ্যাগ্রিভড হয়ে চেম্বার অফ কর্মাস, অন্যান্য গ্রাহক সংস্থা, এরপর এস.ই.আর.সি. তারা সুপ্রিম কোর্টে যায়।

[4.20—4.30 p.m.]

আবার সুপ্রিম কোর্টে বিষয়টা আলোচনা হয়। আলোচনা হবার পর এই মাসের প্রথম দিকে ৩রা অক্টোবর সুপ্রিম কোর্ট রায় দেন। সুপ্রিম কোর্টের রায়ের মধ্যে হাইকোর্ট এস.ই.আর.সি. সম্পর্কে যে বক্তব্য রেখেছেন সে সম্পর্কে বলেন যে ওগুলো ঠিক নয়।

সুপ্রিম কোর্ট বলেন যে, এস.ই.আর.সি.-র এক্ষেত্রে ক্ষমতা রয়েছে। এস.ই.আর.সি. যে প্যারামিটার ধরেছিলেন ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন লস ইত্যাদি সম্পর্কে বা বজবজ পাওয়ার প্ল্যান্টের কত দাম হবে সে নিয়ে একটা ডিসপিউট যা ছিল, সেসব ব্যাপারে রায় দেন এবং বলেন কনসিডার করতে হবে। এবং বলেন যে, আইন অনুযায়ী এস.ই.আর.সি. রায় ঘোষণা করবে। সেই অনুযায়ী গতকাল এস.ই.আর.সি. রায় ঘোষণা করেছেন। সেই রায়ে দেখতে পাচ্ছি, তারা সিঙ্গল পয়েন্ট ট্যারিফ ঘোষণা করেছেন এবং বলেছেন ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ জন্য যথাক্রমে ৩.৮১ টাকা এবং ৩.৯০ টাকা প্রতি ইউনিটে দিতে হবে। এখন এটার মধ্যে দিয়ে প্রকাশ হচ্ছে যে ক্রস সাবসিডি উঠে যাচ্ছে, কোনো স্ল্যাব থাকবে না, টু পার্ট ট্যারিফ টি.ও.ডি. থাকবে না। শুধু তাই নয়, বলেছেন ফেব্রুয়ারি ২০০৩ পর্যন্ত এই রেট চালু থাকবে। এপ্রিল থেকে ২৪ মাস ধরে এরিয়ার নেওয়া হবে। যেখানে ১.৭০ টাকা ছিল ইউনিটে লো কস্ট কনজিউমারদের ক্ষেত্রে, এখন তাদের দিতে হবে ঐ দুই বছরে যথাক্রমে ৩.৮১ টাকা এবং ৩.৯০ টাকা করে। তার ফলে গরিব মানুষের উপর, সাধারণ মানুষের উপর চাপ বাড়বে। আমরা এটা মানতে পারছি না। মানতে পারছি না বলে সরকার থেকে যা যা সিদ্ধান্ত নিয়েছি এবং যা যা করবো সে সম্পর্কে বলতে চাই। আমরা হাইকোর্টে যাবো এই রায়ের বিরুদ্ধে, কারণ আমরা দেখেছি, অন্যান্য রাজ্যেও এস.ই.আর.সি. মাসুল ঠিক করেছেন, কিন্তু সেখানে ক্রস সাবসিডি আছে। আমাদের মতো আর্থ-সামাজিক অবস্থায় এই ক্রস সাবসিডি উঠে যাবে, এটা হতে পারে না। এটা হলে গরিব মানুষদের উপর চাপ বাড়বে, অথবা রাজ্য সরকারকে এই সাবসিডি দিতে হবে। আমার মনে হয় না সেটা দেওয়া সম্ভব। আমার মনে হয় না রাজ্য সরকার এই সাবসিডি দিতে পারবে অন্যান্য সমস্ত বোঝা মেনে নিয়ে। সে ক্ষেত্রে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, এক—এই রায়ের বিরুদ্ধে আমরা হাইকোর্টে কেস করবো। দুই— আমরা আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করেছি অন্যান্য অলটারনেটিভ নিয়ে যাতে বিষয়টার সুরাহা আমরা করতে পারি, তিন—প্রধানমন্ত্রীকে আমাদের মুখ্যমন্ত্রী চিঠি দিয়েছেন এ ব্যাপারে হস্তক্ষেপ করবার জন্য এবং প্রয়োজনে এ ক্ষেত্রে কেন্দ্রীয় আইন পরিবর্তনের জন্য তাঁর কাছে আবেদন জানিয়েছেন, চার—সেন্ট্রাল গভর্ণমেন্ট একটা ট্যারিফ পলিসি আবার করছেন। সেই ট্যারিফ পলিসিতে তাঁরা যা বলেছেন তার একটা ড্রাফট সার্কুলেট করেছেন এবং তার মধ্যে এটা আছে যে, ক্রস সাবসিডি গ্র্যাজুয়ালি কমিয়ে টু-এ মিনিমাম পজিশন নিয়ে আসতে হবে। আমাদের বক্তব্য সেখানে আমরা রাখব। অর্থাৎ এই চারটি পদ্ধতিতে আমরা এগোবার চেষ্টা করছি। এটা প্রেসকে বলতে হবে তো। আজকে কলিং অ্যাটেনশনও এসেছে। তার জন্য বিষয়টা ছোট করে আপনাদের কাছে বললাম।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ যে তিনি বিষয়টির গুরুত্ব অনুধাবন করে ১৯ তারিখের বদলে আজকেই বিবৃতি দিয়েছেন। এখন প্রশ্ন হচ্ছে, ক্রস সাবসিডি উঠে যাওয়ার ফলে ইন্ডাস্ট্রিয়ালিস্টরা যে হারে বিদ্যুতের দাম দেবেন আমাদের রাজ্যের গরিব মানুষ তাদেরও ওই একই হারে বিদ্যুতের দাম দিতে হবে। এতে একটা অদ্ভুত সঙ্কট দাঁড়িয়ে যাবে। ১.৭০ টাকার জায়গায় ৩.৯০ টাকাতে তাদের সবাইকে

বিদ্যুৎ কিনতে হবে। এখন এই স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশন যে দামটা নির্ধারণ করলেন এবং এ ক্ষেত্রে সুপ্রিম কোর্টের যে ভারডিক্ট হল, যে নির্দেশ পাঠানো হল, সেখানে আমাদের প্রশ্ন, আমাদের রাজ্য সরকার পার্টিসিপেন্ট হয়েছিলেন কিনা, বক্তব্য রেখেছিলেন কিনা। হলে সেখানে আমাদের বক্তব্য কি ছিল। দ্বিতীয়ত মন্ত্রিমহাশয়, আপনি আর একবার বলুন যে গভর্নমেন্ট কি কি পজিটিভ স্টেপস নিয়েছেন এই পরিস্থিতি মোকাবিলা করার জন্য।

শ্রী মৃণাল ব্যানার্জী : বলা দরকার যে কনজিউমার ফোরাম, চেম্বার অব কর্মাস, এস.ই.আর.সি., পি.ডি.সি.এল., সি.ই.এস.সি., এস.ই.বি. এরা সবাই কোর্টে গিয়েছেন। রাজ্য সরকার কিন্তু কোনো স্তরেই কোর্টে যায়নি। পরে সুপ্রিম কোর্টে আমরা গিয়েছিলাম, সেটাতে পরে আসছি। কেন যায়নি সেটা বোধহয় মাননীয় সদস্যদের কাছে পরিষ্কার তবুও আমার বলা দরকার কেন যায়নি। এস.ই.আর.সি. একটা ইনডিপেনডেন্ট সংস্থা। সরকার এর মধ্যে হস্তক্ষেপ করবে না। যদি ইউটিলিটিসের প্রশ্ন থাকে যারা মাসুল ঠিক করবে তারা উপস্থিত থাকলে তারা যেতে পারে। তাই এস.ই.বি. গিয়েছে, পি.ডি.সি.এল. গিয়েছে, তারাও সরকারি সংস্থা, তারা হাইকোর্টে কেস করেছে এস.ই.আর.সি.-র রায়ের বিরুদ্ধে। কিন্তু সরকার কোনো ক্ষেত্রে হস্তক্ষেপ করেনি। কিন্তু যা শোনা গেল, থার্ড অক্টোবর সুপ্রিম কোর্ট যখন রায় দিয়েছেন সেই রায়ের ব্যাখ্যা যেটা করা হচ্ছে বলে আমরা শুনছি সেটা যখন সত্যি হল, সিঙ্গল পয়েন্ট ট্যারিফ হবে, কোন স্ল্যাব থাকবে না, ক্রস সাবসিডি থাকবে না তখন আমাদের সরকারের ইন্টারভেনশনের প্রশ্নটা দেখা দিল। খুব সম্ভবত থার্ড ডিসেম্বর সুপ্রিম কোর্টে একটা রিভিউ পিটিশনের উপর আলোচনার দিন ছিল, সেখানে আমাদের যিনি অ্যাডভোকেট তাকে দাঁড় করিয়েছিলাম কিন্তু সুপ্রিম কোর্ট রিভিউ পিটিশন বাতিল করে দেন, তারা কিছু শুনতে চাননি। তারা বলেছেন, আমরা যে ব্যাখ্যা করেছি আমাদের রায়ের মধ্যেই সেটা রয়েছে। রেগুলেটারি কমিশন আইন মোতাবেক তারা ঠিক করবেন—ব্যাপারটা এখানে দাঁড়িয়েছে। ব্যাপারটা তখন বোঝা যায়নি। এখন আইন অনুযায়ী যদি হয়ে থাকে তাহলে আইনের দ্বারাই আমাদের যেতে হবে। আমাদের আইনজ্ঞরা সেই পরামর্শ আমাদের দিয়েছিলেন, তাই আমরা এখন যাচ্ছি হাইকোর্টে এই রায়ের বিরুদ্ধে কেস করতে। তা ছাড়া আপনি বলেছেন পজিটিভ পদক্ষেপগুলি আর একবার বলতে। হাইকোর্টে এই রায়ের বিরুদ্ধে আমরা কেস করছি। দু নং, আমরা আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করছি যে অন্যান্য কোনো অলটারনেটিভ কিছু আছে কিনা এবং সেটা এক্সপ্লোর করতে পারি কিনা সেগুলি দেখছি। সেটা পেলে তা নিয়ে আমরা এগোবো। তিন নং হল আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন এই বলে যে আমাদের মতন সমাজে ক্রস সাবসিডি একেবারে উঠে যেতে পারে না। সেটা উঠে গেলে পশ্চিমবঙ্গেরই শুধু নয়, সারা ভারতবর্ষেরই তাতে খুব ক্ষতি হবে এবং ব্যাপক অংশের গরিব মানুষ তারা ক্ষতিগ্রস্ত হবেন। আমাদের কৃষি ক্ষতিগ্রস্ত হবে, কুটির জ্যোতি একেবারে ধ্বংস হয়ে যাবে। কাজেই এ রকম ক্ষেত্রে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ দরকার এবং প্রয়োজনবোধে প্রধানমন্ত্রীকে অনুরোধ করা হয়েছে তিনি যেন আইন পরিবর্তন করার উদ্যোগ নেন। তা ছাড়া সেন্ট্রাল গভর্নমেন্ট তাদের

ট্যারিফ পলিসির ড্রাফট আমাদের পাঠিয়েছেন তার মধ্যেও অ্যাট এ স্ট্রোক তুলে দেওয়ার কথা তারাও বলেননি, তারা বলছেন রিডিউস করে নিয়ে আসা হবে টু এ মিনিমাম ক্রস সাবসিডি। সেখানে আমাদেরও বক্তব্য রাখার সুযোগ আছে, সেখানে আমরা রেখেছি, সেখানে খুব জোরদারভাবে আমরা এগোবো। এটা আমরা মানতে পারি না। আমাদের মতন সমাজে ৩.৯০ টাকা সবার হবে—যে ২৫ ইউনিট ব্যবহার করবে তার যা হবে আবার যে ২৫ মিলিয়ন ইউনিট ব্যবহার করবে তার ক্ষেত্রেও একই হবে—এটা আমরা মানতে পারছি না। কাজেই এ বিষয় নিয়ে আমি যা যা বললাম সেইগুলো আমরা করবো।

[4.30—4.40 p.m.]

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ, এই ব্যাপারে রাজ্য সরকার প্রতিবাদের রাস্তায় যাচ্ছে। প্রকৃত পক্ষে আমার প্রশ্ন যেটা সেটা হচ্ছে, এটা আমাদের রাজ্য শুধু নয়, গোটা ভারতবর্ষের সর্বনাশ অবশ্যম্ভাবী। বিশেষ করে ক্ষুদ্র উৎপাদক যারা, ক্ষুদ্র এবং কুটির শিল্পের সঙ্গে যারা যুক্ত, এমনকি যারা বি.পি.এল.-এ রয়েছে সেই সমস্ত লোকের সর্বনাশ হয়ে যাবে। আমি জানি না কেন্দ্রীয় সরকার এটাকে কিভাবে নিচ্ছে। রাজ্য সরকারের পক্ষ থেকে মন্ত্রিমহাশয় যেসব প্রতিবাদের পদক্ষেপ নিচ্ছেন বললেন সেইগুলো যেমন আছে থাক, আমি মাননীয় স্পীকার মহাশয়কে আবেদন জানাবো, আর ২-৩ দিন হাউস আছে, এখানে একটা বেসরকারি প্রস্তাব এনে কেন্দ্রীয় সরকার এবং তার প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার উদ্যোগ নেওয়া যায় কিনা। প্রধানমন্ত্রীকে আমাদের মুখ্যমন্ত্রী যেমন চিঠি দিচ্ছেন দিন, তার সঙ্গে যদি এটা করা হয়, আমার মনে হয় ভাল হবে। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে যেমনভাবে সরকারি প্রতিবাদ করা হচ্ছে হোক। কারণ আজকে এই বার্তা বার হবার পর গোটা রাজ্যে একটা আলোড়ন সৃষ্টি হয়েছে। এই ব্যাপারে আন্দোলন হবে, এটাকে মানুষ মেনে নেবে না। সরকারের পক্ষ থেকে যেমনভাবে প্রতিবাদ হচ্ছে হোক, তার সঙ্গে আমাদের বিধানসভা থেকে একটা প্রস্তাব পাশ করে দিল্লি পাঠাবার অনুরোধ জানাচ্ছি। এটা করা যায় কিনা বলবেন।

শ্রী মৃণাল বন্দ্যোপাধ্যায় : আপনার প্রস্তাব খুব ভাল প্রস্তাব। কারণ ব্যাপার হচ্ছে আমাদের বন্ধু সদস্যরা যদি যান তাহলে ভাল হয়। পার্লামেন্টে এই আইন যখন পাশ হয় তখন বামপন্থী সদস্যরা এই আইনের বিরোধিতা করেছিলেন। কিন্তু মেজরিটি ভোটে এটা পাশ হয়েছে। সেই মেজরিটি ভোটে আমাদের বন্ধু সদস্যরাও ছিলেন। কাজেই যদি এই আইনের বিরুদ্ধে একসঙ্গে প্রধানমন্ত্রীর কাছে দরবার করা হয় এই আইন অ্যামেন্ডমেন্ট করার জন্য তাহলে ভাল হয়। ভুল ব্যাখ্যা করা হচ্ছে বলে যেটা আমরা মনে করছি, সেই ভুল ব্যাখ্যার বিরুদ্ধে সংগঠিতভাবে লড়াই করি, আইনগতভাবে লড়াই করি তাহলে ভাল হয়। এই প্রস্তাব একটা ভাল প্রস্তাব বলে মনে করছি। মাননীয় স্পীকার মহাশয় এই ব্যাপারে যদি উদ্যোগ নেন তাহলে ভাল হয়।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রিমহাশয় যা জবাব দিলে তার মধ্যে দুটো অসত্য কথা আছে। জুলাই মাসে আমাদের দলের পক্ষ থেকে আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম। হাইকোর্টের রায়ে ১৭.৫ পারসেন্ট সি.ই.এস.সি. ট্যারিফ বাড়িয়ে দিয়েছিল। তার

এগেনস্টে তখন সুপ্রিম কোর্টে মামলা চলছিল। হাইকোর্টের রায়ের পর যে ২০০২ সালে আমরা মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম যে স্টেট গভর্নমেন্ট পার্টি হোক সুপ্রিম কোর্টের মামলায়। সুপ্রিম কোর্টের মামলার রায় বার হয়েছিল ৩রা অক্টোবর, ২০০২। সেখানে স্টেট গভর্ণমেন্ট সুপ্রিম কোর্টের এই মামলায় পার্টি হয়নি। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে শোনা গেল আমরা পার্টি হয়েছি। আপনারা পার্টি হননি। মন্ত্রিমহাশয় তাঁর বক্তব্যের মধ্যে একটা কথা বারে বারে বলবার সুযোগ পেয়েছিলেন বলে বললেন যে কেন্দ্রীয় আইন পাল্টান। রেগুলেটরি কমিশন অ্যাক্ট, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের অ্যাক্ট, কিন্তু রেগুলেটরি কমিশন নিয়োগ করার ক্ষমতা আপনাদের। যে জাজ নিয়োগ করেছেন সেটা আপনারাই করেছেন। কোর্টে যে রায় দিয়েছে সেই রায়ে এটা খুব ক্লিয়ার, এই অধিকার আপনাদের রয়েছে যে, It would be open to the State Government to subsidise any class of consumers and the tariff order would be modified in terms of the order of the State Government. আজকে সেটা হচ্ছে ১.৬০ টাকা যেখানে দিত তাদের সেটা ৩.৯০ টাকা হয়ে যাবে। আর যারা ৪.৬০ পয়সা দিচ্ছে এল.টি. কর্মাশিয়ালে তারা এখন দেবে ৩.৯০ পয়সা। আর.এইচ.টি. কর্মাশিয়াল অর্থাৎ হাই টেনশন কর্মাশিয়াল ৪.২৫ পয়সা দিচ্ছে, তাদের কমে ৩.৯০ পয়সা হবে। বড় শিল্পপতি, বড় ব্যবসাদারদের বিদ্যুতের চার্জ কমে গেল, আর ডোমেসটিকে কনজিউমার তাদের চার্জ আড়াই গুণ বেড়ে গেল। ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন যে রায় দিয়েছে তাতে বলেছে স্টেট গভর্ণমেন্ট সাবসিডি দিতে চায় দিক, সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছে তাতে বলেছে আইনগতভাবে স্টেট গভর্নমেন্ট সাবসিডি দিলে কোনো অসুবিধা নেই। কিন্তু ক্রস সাবসিডি দেওয়া হবে না। মাননীয় মন্ত্রী আজকে হাউসে জানাবেন রাজ্য সরকার ৫০০ কোটি টাকার সাবসিডি দিতে কমিট করবেন কিনা। এই ৫০০ কোটি টাকা সাবসিডি দিয়ে গরিব মানুষদের উপরে বিদ্যুতের চার্জের বোঝা যাতে না বাড়ে এটা মাননীয় মন্ত্রী হাউসকে অ্যাসুউর করবেন কিনা। স্টেট গভর্নমেন্ট আইনগতভাবে কমিশনের রিপোর্ট অনুযায়ী সাবসিডি দিতে পারে এবং সেই সাবসিডি দেবে কিনা মাননীয় মন্ত্রী জানাবেন।

শ্রী মৃণাল ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সৌগত রায়ের বক্তব্যের উপরে কয়েকটি কথা বলতে চাই। আমি কখনো মিথ্যা স্তোক বাক্য দিইনি, উনি বুঝতে ভুল করেছেন। ৩রা ডিসেম্বর যখন রিভিউ পিটিশন হয় তখন আমরাও করেছি এবং তার ব্যাখ্যাও এখানে দিয়েছি। এই ব্যাপারে সুপ্রিম কোর্টে এবং হাইকোর্টে কেস হয়, সেখানে কেসের পার্টি হয়েছে এস.ই.আর.সি. এবং ইউটিলিটিজগুলি। সুপ্রিম কোর্টে কেস হয় সেখানে এস.ই.আর.সি. এবং গ্রাহক সংস্থা পার্টি হয়েছিল। স্বাভাবিকভাবেই আমরা এর মধ্যে ঢুকতে চাইনি। এস.ই..আর.সি. হিসাবে তাদের যে ইনডিপেনডেন্ট রোল রয়েছে তা বজায় রাখতে সরকারের পক্ষ থেকে আমরা কখনই হস্তক্ষেপ করিনি। এবং একথা বিধানসভাতে আগেও বলেছি এবং এখনো বলছি। দ্বিতীয় ব্যাপার হচ্ছে যে, আমরা সর্বদাই স্টেট গভর্নমেন্টের তরফ থেকে ক্রস সাবসিডি তুলে দেবার বিপক্ষে ছিলাম। এস.ই.আর.সি. সুপ্রিম কোর্টের

রায়ের ব্যাখ্যা দিল যে কোনেভাবেই পারস্পরিক ভরতুকি আর দেওয়া হবে না এবং সাবসিডি দিতে হবে রাজ্য সরকারকেই দিতে হবে। আমি যদি ভুল না করে থাকি বিরোধীপক্ষরাও হয়তো এই ক্রস সাবসিডির পক্ষে ছিলেন না। এখানে আপনাদের কথা শুনে মনে হচ্ছে আপনারা বলতে চাইছেন ক্রস সাবসিডি তুলে দেওয়া হোক কিন্তু স্টেট গভর্নমেন্ট সাবসিডি দিক। কিন্তু আমরা মনে করি আমাদের এই আর্থ সামাজিক পরিস্থিতিতে ক্রস সাবসিডি থাকা উচিত এবং থাকবে। আমরা বলেছি এফিশিয়েন্সি ইমপ্রুভ করুক, কস্ট অফ প্রোডাকশন কমুক কিন্তু সব জায়গায় একই রকম ট্যারিফ হবে, একই রকম স্ল্যাব হবে একথা আমরা মানতে পারি না।

But may differentiate according to the consumers's load factor, power factor, total consumption of energy during any specified period or the time at which the supply is required or the geographical position of any area. লোড ফ্যাক্টর, পাওয়ার ফ্যাক্টর, কত ডিমান্ড তার জিওগ্রাফিক্যালি পজিশন কি সেই অনুযায়ী বিভিন্ন কনজিউমারের বিভিন্ন ধরনের ট্যারিফ হওয়ার কথা। কিন্তু এ ক্ষেত্রে আইন করে বলা হল যে, ৩.৯০ পয়সা হারে সমস্ত কনজিউমারদের বিদ্যুতের মাসুল দিতে হবে। সব স্তরে এক স্ল্যাব এসে যাবে। আগে যেমন ৩০,৩২টি স্ল্যাব ছিল এখন সেটা একটা স্ল্যাবে এসে যাবে। এই পরিবর্তন আইনের মধ্যে রাখা হয়েছে আপনারা ড্রাফটিংটা দেখবেন। রেগুলেটরি কমিশন অ্যাক্ট ১৯৯৮ সালে যেভাবে ড্রাফট হয়েছিল সেই ড্রাফটিং ধরেই আমরা বলছি কোথাও ক্রস সাবসিডি তুলে দেবার কথা বলা নেই।

ক্রস সাবসিডির পরেই শুধু সাবসিডির বিষয়টি আসতে পারে। কারণ, আপনারাও ভালো করে জানেন যে একটা রাজ্য সরকারের পক্ষে প্রায় ৬০ লক্ষ গ্রাহকের মধ্যে ৫০ লক্ষ গ্রাহককে সাবসিডি দেওয়া রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। সাবসিডি দিতে হলে মাত্র ২০০০-০১ ও ২০০১-০২ সালের জন্য শুধু কলকাতায় সি.ই.এস.সি. অঞ্চলে প্রায় ৫০০ কোটি টাকা এরিয়ার মেটাতে লাগবে। যদি বিদ্যুৎ মাসুল এইভাবেই নির্ধারিত হয় তাহলে তো তা খালি সি.ই.এস.সি.-তে সীমাবদ্ধ থাকবে না, তা সারা পশ্চিমবাংলায় লাগু হবে। অর্থাৎ মাত্র ৫০০ কোটি টাকার মধ্যে তা সীমাবদ্ধ থাকবে না। কত টাকা হবে আমি জানি না, কারণ এই ধরনের হিসাব আমরা করিনি। অর্থাৎ বাস্তব অবস্থা হচ্ছে এই ধরনের মাসুল নীতি আমাদের পক্ষে মেনে নেওয়া সম্ভব নয়।

[4.40—4.50 p.m.]

Mr. Speaker : আমি আইনটা অল্প যেটুকু বুঝেছি, State Government there are many problems in the subsidy. State Government can subsidise the consumers. If there are sixty lakh consumers, most of the consumers have to be subsidised. It requires a lot of calculations. It also involves huge infrastructural costs.

The government will look into this matter seriously, take legal opinion and decide what action they will take.

Now, there are two Bills—The West Bengal Acupuncture System of Therapy (Amendment) Bill, 2002 and The West Bengal State Homoeopathic Health Service (Amendment) Bill, 2002. Both the Bills will be discussed together but voting will be taken separately.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to introduce the West Bengal Acupuncture System of Therapy (Amendment) Bill, 2002.

(Secretary then read the title of the Bill)

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to introduce the West Bengal State Homoeopathic Health Service (Amendment) Bill, 2002.

(Secretary then read the title of the Bill)

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Acupuncture System of Therepy (Amendment) Bill, 2002, be taken into consideration.

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal State Homoeopathic Health Service (Amendment) Bill, 2002, be taken into consideration.

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে শুরু করার আগে একটা কথা বলি। ওয়েস্ট বেঙ্গল আকুপাংচার সিস্টেম অফ থেরাপি বিলটি ১৯৯৬ সালে পাশ হয়েছিল। কিন্তু আজকে চার বছর সময় লাগল এই বিলকে অ্যামেন্ডমেন্ট করতে। যাকে রেজিস্টার করেছিলেন সেই রেজিস্টার কাজ করতে পারছেন না, তাই অল্টারনেটিভ লোককে রেজিস্টার করা হোক। এই আকুপাংচার এমনই একটা সিস্টেম অফ মেডিসিন, যে দেশে জনসংখ্যা বেশি, যে দেশে গরিব মানুষ বেশি—যেমন আমাদের পশ্চিমবাংলায় বিলো প্রভার্টি লেভেল লিস্টেড হয়েছে থার্টি সিক্স পারসেন্ট মানুষ। যে কটি রাজ্য আছে তার মধ্যে পশ্চিমবাংলা অন্যতম। এই আকুপাংচার সিস্টেম অফ মেডিসিন পশ্চিমবাংলার ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রযোজ্য হতে পারত। যেখানে চিকিৎসা ব্যয় বেড়ে যাচ্ছে, যেখানে অ্যালোপ্যাথি ওষুধের দাম দিন দিন বেড়ে যাচ্ছে সেখানে আকুপাংচার সিস্টেম অফ মেডিসিন খুবই উপযোগী। সবচেয়ে বেশি জনসংখ্যা হচ্ছে চিনে, সেখানে মোর দ্যান ফিফটি পারসেন্ট লোক আকুপাংচারকে ফলো করে। আকুপাংচার চিকিৎসায় বেশ কয়েকটি রোগের ভালোভাবে চিকিৎসা করা যায়। আমাদের রাজ্যে 'আকুপাংচার সিস্টেম অফ থেরাপি বিল' ১৯৯৬ সালে পেশ হয়েছিল, কিন্তু আজও পর্যন্ত তার কোনো প্রচার করা হয়নি। আমরা মজা করে বলেছিলাম আজকে এই হাউসে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আকুপাংচার করলে, আগামী দিনে সমস্ত খবরের কাগজে বেরোত এবং এই সিস্টেমকে পপুলার করা যেত এবং

লোকে জানতে পারত আকুপাংচার সিস্টেম অফ মেডিসিন বলে একটা চিকিৎসা আছে। মাননীয় মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ট চেয়েছেন তাতে উনি স্পেসিফিকভাবে সেকশন সেভেনটিন (ওয়ান) এখানে বলেছেন Director of Dr. B. K. Basu Memorial Research and Training Institute of Acupuncture (hereinafter referred to as the said Institute) to be nominated by the State Government shall act as the officer of the Staff of the said Institute shall also function under the Registrar in addition to his own duties. এখানে স্যার উনি পরিবর্তন করতে চাইছেন Since the Director of the said Institute remains otherwise busy, it is becoming difficult on the part of the Director of the said Institute vis-a-vis to act as the Registrar of the Said council. এটাই উনি অ্যামেন্ডমেন্ট করে বলতে চেয়েছেন। One medical officer of Dr. B. K. Basu Memorial Research and Training Institute of Acupuncture (hereinafter referred to as the said Institute), to be nominated by the State Government, shall act as the Registrar of the council in addition to his own duties.

স্যার, এখানে আমার সাজেশন হল স্পেসিফিকলি ডিরেক্টর করতে চাইছেন অ্যাজ রেজিস্ট্রার ডাঃ বি. কে. বসু মেমোরিয়াল রিসার্চ অ্যান্ড টেনিং ইন্সটিটিউটের যে কোনো ডাক্তারকে। আমার মনে হয় আবার কিছুদিন পর এই সেকশনটা পরিবর্তন করতে হবে। কারণ ওখানে বেশি ডাক্তার নেই।

এবং সেক্ষেত্রে যদি উনি আর একটু ওয়াইড করে দেন এবং বলেন, any Medical Officer of the Government—he may be of B. K. Basu Memorial Research and Training Institute, he may be any hospital or Asylum may be appointed as the Registrar. যেখানে যেখানে আকুপাংচার সিস্টেম আছে, সেখানে কোনো ডাক্তারকে রেজিস্ট্রার হিসাবে নিয়োগ করতে পারবেন, এটা যদি স্পেসিফিক করে দেন ১৭(১)-এর ক্ষেত্রে। ডিরেক্টরের সময় স্পেসিফিক করেছিলেন, এখানেও যদি স্পেসিফিক করে দেন—এনি মেডিকেল অফিসার অফ দা স্টেট ইন্সটিটিউশন, তাহলে ভালো হয়। এবারে, সেই ইন্সটিটিউটে যারা আছে, তারা যদি রাজি না হন, অথবা করতে না চান তাহলে আবার অ্যামেন্ড করতে হবে। এটা না করে যদি একটু ওয়াইড করে দেন এবং বলেন এনি মেডিক্যাল অফিসার অফ দ্য স্টেট গভর্নমেন্ট, তাকে আকুপাংচার সিস্টেমে নিয়ে আসতে পারবেন।

[4.50—5.00 p.m.]

ডাঃ অসীম বালা : যে বিলটা আনা হয়েছে এখানে, ডাঃ বি. কে. বসু মেমোরিয়াল রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউট, এখানে যিনি ডাইরেক্টর ছিলেন, আগে তিনি কাউন্সিলের

রেজিস্ট্রার হিসাবে চালাতেন। এখন যেহেতু আকুপাংচারের ডিমান্ড হয়ে গেছে, নতুন করে প্রাইভেটেও আকুপাংচার ইন্সটিটিউট খুলছে, সেই জন্য একটা ফুল ফ্লেজেড রেজিস্ট্রারকে নিয়োগ করা হচ্ছে বি. কে. বসু মেমোরিয়াল ইন্সটিটিউট থেকে। এটা আমাদের গভর্নমেন্টের পক্ষ থেকে একটা ভালো প্রচেষ্টা। কেন না আকুপাংচার একটা সিস্টেম অফ মেডিক্যাল ট্রিটমেন্ট। চায়নাতে ৫ হাজার বছর আগে থেকে আকুপাংচার চালু আছে এবং সেখানে প্রায় ৫০০০ মতো আকুপাংচারিস্ট আছে। সোভিয়েত রাশিয়াতে ইউনিভার্সিটি ছিল এবং ১০০০-এর মতো আকুপাংচারিস্ট ছিল। অস্ট্রেলিয়া, জাপান ইত্যাদি জায়গাতেও ছিল। এর ট্রিটমেন্টের খরচ অনেক কম। বিভিন্ন ব্লকে লেভেলে চেষ্টা করতে হবে যত বেশি সম্ভব এই আকুপাংচার করা যায়। এতে অ্যাজমা, মাইগ্রেন, সাইটিকা, আলসার, ডাউজেস্টিভ প্রবলেম, অ্যানজাইটি, ব্রংকাইটিস, হাই ব্লাড প্রেসার, ইত্যাদি বিভিন্ন রোগ সারে। সিম্পল একটা নিডিলের ভিত্তিতে চিকিৎসা হয়—যেখানে নার্ভ এন্ডিং আছে—৮০০ মতো নার্ভ এন্ডিং আছে বডির বিভিন্ন জায়গায় সেখানে নিডল দিয়ে চিকিৎসা হয়। চায়নাতে যুদ্ধের সময় সোলজারদের পীঠে তীর লেগে অর্গান ডিফাংট হয়ে যেত, সেখানে ইনজুরি হয়ে পচে গিয়ে অনেক সময় অকেজো হয়ে যেত, সেই সব জায়গাগুলোতে আকুপাংচার করত। যেসব নিডলগুলো ব্যবহার হয়, সেইগুলো থেকে যেন ইনফেকশন না হয় সেটা দেখতে হবে, তাহলে আরও ভালো হবে। ট্রেনিং ইন্সটিটিউটকে আরও সিস্টেমেটিক যাতে চালানো যায়, সেটা দেখতে হবে। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু হাসেম খান চৌধুরী : মিঃ স্পীকার স্যার, এই বিলটা এখানে আনা হয়েছে। ১৯৯৬ সালে এন্যাক্টমেন্ট হয়েছিল আকুপাংচার সিস্টেম অফ থেরাপি। তার উপর অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। সেন্ট্রাল পয়েন্ট অফ দা অ্যামেন্ডমেন্ট ইজ—একজন মেডিক্যাল অফিসার থাকবেন, তাকে বি. কে. বসু মেমোরিয়াল রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউট থেকে রেজিস্ট্রার হিসাবে নিয়োগ করতে পারবে। আগে যিনি ডিরেক্টর ছিলেন তিনি রেজিস্ট্রারের কাজকর্ম দেখছিলেন। অনেক ব্যবস্থা লাগে। কাজেই মেডিক্যাল অফিসারের টাইম থাকবে, তিনি কাজ দেখবেন। স্যার, এতে বলা হয়েছে necessary assistance regarding staff Stationeries will be provided. ১৯৯৬ সালে এই বিলটা আনা হয়েছে। এতদিন প্রেমিসেস স্টেশনারি স্টাফ দেওয়া হয়নি কেন। লুকস দ্য অ্যাবসেন্স অফ ফোর্থ অড। এটা করা উচিত ছিল অনেকদিন আগে। যাই হোক এটা হচ্ছে ভালো কথা। এই আকুপাংচার খুব Chief way of mitigating people you should not be confined. কাজেই এটা বিস্তারিত হওয়া উচিত। We should spread it into districts even in the block areas. এটা করলে অনেক গরিব লোক আছে। যারা ব্যথায় ভুগছেন, তাদের জন্য খুব ভালে হবে। আমার আর একটা রিকোয়েস্ট Indian Research Institute for integrated medicine. একটা সোসাইটি আছে যারা ডেডিকেটেডে আকুপাংচারের কাজ করছেন ফ্রম ১৯৮১, এদের অনেকেই বিশেষ করে ডাক্তার নয়, এক্সপেরিয়েন্সের মাধ্যমে হয়েছে। কিন্তু যারা পাস করেছে তাদের ইউজ করা হয়। কিন্তু যাদের লং সার্ভিস ১৫ বছর ধরে, ২০ বছর ধরে, তাদের রেকগনাইজ করা

হয়নি। তারপর ধরুন এরা অনেকেই ম্যালপ্রাকটিশ করেন, লুকিয়ে লুকিয়ে কাজ করেন। আমার মনে হয় তাদের রেকগনাইজ করা উচিত। যদি ভাস্ট এক্স পেরিয়েন্স থাকে লং ইয়ার তারাও অনেকে কাজ করতে পারবেন এবং এই ইন্সটিটিউটটাকে আমার মনে হয় গভর্নমেন্টের হেল্প করা উচিত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভক্তিপদ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আনিত বিলকে সমর্থন করে দু-একটা কথা বলছি। এটা একটা ফর্মাল বিল। কারণ ডিরেক্টর অফ দ্য কাউন্সিল তার কাজের চাপ বেশি। তিনি কাজটা করতে অসুবিধাবোধ করছেন। তাই একজন মেডিক্যাল অফিসারকে এই দায়িত্ব দেওয়ার জন্য এই বিল আনা হয়েছে এবং এই বিলের বিরোধিতা করার মতো বিষয় নেই। এই আকুপাংচার থেরাপি প্রায় ৪ হাজার বছরের পুরানো অর্থাৎ ভারতবর্ষের প্রচলিত ঐতিহ্য এবং অথর্ব বেদেও এর উল্লেখ আছে। এই দীর্ঘদিনের পুরানো এবং গরিব খেটে খাওয়া মানুষের কাছে চিকিৎসা করাটা আজকে বিশ্বায়নের যুগে কস্টলি ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এই জায়গায় আকুপাংচার অনেক দেরিতে গ্রহণ করেছে। ১৯৯৬ সালে এটা গ্রহণ করার পরেও অগ্রগতি বেশি হয়নি। এই অগ্রগতির দিকে লক্ষ দেওয়ার জন্য স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

আরেকটা কথা আমি বলছি যে এই ব্যাপারে যদি কিছু প্রতিষ্ঠান তৈরি হয় সেদিকে লক্ষ্য দেওয়া দরকার আছে। যেমন মৌরীগ্রামে একটা প্রতিষ্ঠান তৈরি হয়েছে রিসার্চ ইন্সটিটিউট ফর ইন্টিগ্রেটেড মেডিসিনের তারা দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছেন। সরকারি অনুদান পান এই সমস্ত যে প্রতিষ্ঠানগুলো ফিজিওথেরাপির উপর কাজ করতে চায় তাদের দিকে নজর দেওয়ার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব। এই কথা বলে, এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.00—5.10 p.m.]

শ্রী অসিত মাল : স্যার, এই ব্যাপারে আমি দু-একটা কথা বলতে চাই। আপনি স্টেটমেন্টস অফ অবজেক্টস অ্যান্ড রিজনে যেটা বলেছেন, The Central Council of Homoeopathy has amended the Homoeopathy (Minimum Standards of Education in Homoeopathy) Regulations. মূল অ্যামেন্ডমেন্ট আগে পাশ হয়ে গেছে। আমরা যে অ্যামেন্ডমেন্টের কথা বলছি তার মূল বিষয়টা হচ্ছে দি পোস্ট অব ডেমনস্ট্রেটর হ্যাজ বিন অ্যাবলীসড। এটাই মূল কথা। এটা চারটে ভাগে বিভক্ত ছিল। ডেমনস্ট্রেটরকে অ্যাবলিশ করে এখন তিনটে ভাগ নিয়ে আসা গেছে। সেটা লেকচারার, রীডার অ্যান্ড প্রফেসর। এটাতে পদ যদি থাকে তাহলে কোনো মূল্য থাকে না অথচ সরকারকে খরচ বহন করতে হয়। সেইদিক থেকে এটা একটা তাৎপর্য আছে কিন্তু আমি যে কথাটা বলতে চাই সেটা হল হোমিওপ্যাথি সারা পশ্চিমবাংলায় বিশেষভাবে জনপ্রিয়তা অর্জন করতে পারছে না। কলকাতায় কিছু আছে আর কয়েকটা জেলার মধ্যে

আছে যেমন বীরভূম, সাঁইথিয়া এই সমস্ত জায়গায় হোমিওপ্যাথি দেখতে পাওয়া যায়। দুঃখের বিষয় যেকোনো ছেলেমেয়ে সাধারণ লেখাপড়া করে তাঁরা হোমিওপ্যাথিতে অংশগ্রহণ করতে পারে, পড়াশোনা করতে পারে, এটা হলে আমার মনে হয় ভালো হবে তার কারণ হচ্ছে জিনিসপত্রের যেভাবে দাম বাড়ছে তাতে ওষুধের দাম যেভাবে বাড়ছে সেই তুলনায় হোমিওপ্যাথি চিকিৎসার খরচ অনেক কম। সাধারণ মানুষ, গরিব মানুষ হোমিওপ্যাথি চিকিৎসার প্রতি আস্থা রাখে। সাধারণ মানুষ যাতে এই ওষুধ কিনতে পারে তার জন্য আপনাদের ডিপার্টমেন্ট থেকে সরকারিভাবে ব্যবস্থা নিন। এটা সরকারের দেখা উচিত বলে আমি মনে করি। কারণ সরকারিভাবে যদি দেখা না হয় তাহলে মানুষের মধ্যে আস্থা আসবে না। হোমিওপ্যাথি যাতে মানুষের আস্থা অর্জন করতে পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই হোমিওপ্যাথি চিকিৎসাকে জয়েন্ট এন্ট্রাস পরীক্ষার মতো যদি একটা পরীক্ষা ব্যবস্থার মাধ্যমে নিয়ে আসা যায় তাহলে ভালো হবে বলে আমি মনে করি। ধন্যবাদ।

ডঃ পরভীন কুমার সাউ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল স্টেট হোমিওপ্যাথি হেল্‌থ সার্ভিসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এনেছেন সেটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী উপস্থাপন করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, এই বিলে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে ভালো করে লেখা আছে সেন্ট্রাল গভর্নমেন্ট অব হোমিওপ্যাথি যারা হোমিওপ্যাথি এডুকেশনকে রেগুলেট করে তারা একটি নোটিফিকেশন দিয়েছেন, ১১ই সেপ্টেম্বর ২০০২ সালে।

সম্প্রতি ১১ই সেপ্টেম্বর, ২০০২ সালে এসেছে তার পরিপ্রেক্ষিতে সরকারের তরফ থেকে আগে যে ফোর টায়ার টিচিং স্টাফ ছিল প্রোফেসর, রীডার, লেকচারার এবং ডেমোনস্ট্রেটর, সেখানে এখন থ্রী টায়ার স্টাফ করা হচ্ছে। আমি এর সঙ্গে আরও বলতে চাই যেটা এ্যাপ্রিহেন্ড করেছেন মাননীয় সদস্য শ্রী অসিত মাল মহাশয়, উনি জানেন আমাদের রাজ্যে সরকার হোমিওপ্যাথির উপর বিশেষ নজর দিয়েছেন। হোমিওপ্যাথি পড়াশোনা যাতে স্ট্যান্ডার্ডাইজ হয় এবং এতে একটা ইউনিফর্মিটি আনার জন্য আমরা একটা বিল পাশ করেছিলাম। ওয়েস্টবেঙ্গল ইউনির্ভাসিটি অফ হেলথ সায়েন্স বিল এটা কার্যকরী হলে হোমিওপ্যাথির আরও উন্নতি হবে এটা আশা করে এবং এখানে যে বিল আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ রত্না দে (নাগ) : মিঃ স্পীকার স্যার, আজকে যে বিল এখানে আনা হয়েছে "ওয়েস্ট বেঙ্গল স্টেট হোমিওপ্যাথি হেলথ সার্ভিসেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২" এখানে ডিমোনস্ট্রেটর থেকে লেকচারার করা হয়েছে, এটা ভালো কথা। কিন্তু এদের স্কেল অফ পে কি হবে ? ডেমোনস্ট্রেটার হিসাবে যে স্কেল পেতেন সেই স্কেল কি পাবেন ? আরেকটা কথা অন্যান্য কলেজে সিনিয়র লেকচারার, গ্রেড লেকচারার থাকেন সেই রকম প্রভিশন এখানে থাকবে কি ? এখানে একজন চিকিৎসক ডেমোনস্ট্রেটর হতে পারেন কিন্তু ওই একই কোয়ালিফিকেশন নিয়ে তিনি লেকচারারের পোষ্টে উন্নীত হবেন কি ?

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীকে বলছি আপনি দুটো বিলের একসঙ্গে জবাব দিন।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আগেই বলেছি এটা খুব ছোট একটা পরিবর্তন। "ওয়েস্ট বেঙ্গল আকুপাংচার সিস্টেম অফ থেরাপি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২"-তে যেটা বলা হয়েছে ইন্সটিটিউটে ডাইরেক্টর কাউন্সিলে রেজিস্ট্রার হিসাবে কাজ করতে পারছেন না, সে জন্য ইন্সটিটিউটের অন্য একজন মেডিকেল অফিসার তাঁকে কাউন্সিলের রেজিস্ট্রার হিসাবে কাজ করতে দেওয়ার দায়িত্ব দেওয়া হোক। যেহেতু আকুপাংচার সিস্টেম অফ মেডিসিন-এর ব্যাপারে মাননীয় সদস্যরা গুরুত্বের কথা উল্লেখ করেছেন, এর প্রসারের কথা বলেছেন এবং এর প্রসারের চেষ্টাও করা হচ্ছে, একটা প্রাইভেট আকুপাংচার মেডিকেল কলেজ হচ্ছে। এইসব পরিপ্রেক্ষিতে ডাইরেক্টরের বাড়তি রেজিস্ট্রারের কাজ বাড়ছে এবং সেটা একজন লোকের পক্ষে করা সম্ভব নয় এটাই হচ্ছে বিলের উদ্দেশ্য। আমরা সেই জন্যই দা ওয়েস্টবেঙ্গল আকুপাংচার সিস্টেম অফ থেরাপি (অ্যামেন্ডমেন্ট) বিল ২০০২ এনেছি। আমরা আয়ুর্বেদের ব্যাপারে আগেই বলেছি। সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথি সেখানে এই ডিমোনস্ট্রেটরের পদটা অ্যাবলিশ করে দিয়েছে। তারা অ্যাবলিশ করে দেওয়ার পরে আমরা এটা রাখতে পারি না। টিচার, প্রফেসার, রিডার, লেকচারার আছে। ডেমোনস্ট্রেটরের কাজটা লেকচারার করতে পারবেন এবং এতে কোনো বিতর্ক নেই। আমি আশা করি এটা সর্ব সম্মতিক্রমে গৃহীত হবে।

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal Acupunture System of Therapy (Amendment) Bill, 2002, be taken into consideration was then put and agreed to.

Clause 1 to 2

The question that Clauses 1, 2 do stand part of the Bill was then put and agreed to.

PREAMBLE

The question that the Preamble do stand part of the Bill Was then put and agreed to.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal Acupuncture System of Therapy (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The motion Dr. Surjya Kanta Mishra that the West Bengal State Homoeopathic Health Service (Amendment) Bill, 2002, be taken into consideration—was then put and agreed to.

[5-10—5-20 p.m.]

Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the bill was then put and agreed to.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bangal State Homoeopathic Health Service (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal State Homoeopathic Health Service (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed, was then put and agreed.

আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী নিশিথ অধিকারী মহাশয় আজকে কোর্ট ফিস সম্বন্ধে স্টেটমেন্ট দেবেন বলে আমরা এখনও পর্যন্ত বসে আছি। অনিল বিশ্বাস মহাশয় বলেছেন উনি বিবৃতি দেবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি উনি হাউজে এ ব্যাপারে বিবৃতি দেওয়ার আগে রাইটার্স বিল্ডিং-এ বসে ইলেকট্রোনিক মিডিয়ার সামনে একটা টি.ভি. চ্যানেলকে বক্তব্য বলছেন। উনি যদি আগে টি.ভি. চ্যানেলকে সমস্ত তথ্য বলে দেন তাহলে ওই ব্যাপারে বক্তব্য শোনার জন্য আমাদের এখানে বসিয়ে রাখার কি দরকার ? হাউজে এ ব্যাপারে না বলে কেন উনি আগে ইলেকট্রোনিক মিডিয়াকে বলে এলেন ?

মিঃ স্পীকার : বসুন বসুন। মিঃ অধিকারী আপনার কি স্টেটমেন্ট আছে সেটা করুন

CALLING ATTENTION (STATEMENT)

শ্রী নিশিথ অধিকারী : স্যার, আপনার মাধ্যমে জানাতে চাইছি যে, উনি যে কথা বলছেন সেটা সত্য নয়। আমি আপনাকে বলছি, আমাকে সকালবেলা সুপ্রিম কোর্টের অর্ডারের সম্বন্ধে জিজ্ঞাসা করা হয়েছিল। আমি বলেছিলাম, 'সুপ্রিম কোর্টের অর্ডার জানা নেই এবং বিধানসভায় বলার আগে কোনো কিছু 'বলতে পারব না।' এটা বলেছিলাম। আপনি বোধহয় ভুল শুনেছেন। আমি এছাড়া কিছু বলিনি। বিধানসভার বাইরে কোনো কথা বলব না বলেছি। সত্যি কথা বলতে কি এতদিন ধরে, ২৮শে অক্টোবর থেকে যে অর্ডিন্যান্স জারি করা হয়েছে সেটার পিছনে যে যুক্তি সেই যুক্তি সম্বন্ধে বলেছি, আগের তুলনায়

১৯৭০ সালে যে কোর্ট ফি ছিল তার পর মাত্র দু'বার, ছোট একটা জায়গায় অ্যামেন্ডমেন্ট ছাড়া সার্বিক কোনো পরিবর্তন হয়নি। ১৯৭০ সালের তুলনায় এখন যে মূল্যমান পরিবর্তন হয়েছে এবং ১৯৭০ সালে যে বাজেট ৩ কোটি টাকা ছিল এখন সেটা ১৫৩ কোটি টাকা হয়েছে। এই অবস্থার ফলে সুপ্রিম কোর্টের জাজমেন্টের পরিপ্রেক্ষিতে এই অর্ডিন্যান্স আনতে হয়েছিল। সেই অডিন্যান্স এখান থেকে প্রয়োগ করার পর এবং বেলা গড়িয়ে যাওয়ার জন্য এ ব্যাপারে আলোচনা করতে পারিনি। তারপর ১২ই নভেম্বর আমাকে জানানো হল আমাদের ল-ইয়ার্স বন্ধুরা রাতারাতি আমাদের কোনো রকম সুযোগ না দিয়ে ইন্ডেফিনাইট স্ট্রাইক কল করেছেন। আমি ১৬ তারিখে তাঁদের ডাকি। সেই সময় স্টাইকের মূল কথা ছিল অর্ডিন্যান্স প্রত্যাহার কর। আমি বলেছিলাম এটা ইতিমধ্যে বিধানসভার বিচার্য বিষয়ে পরিণত হয়েছে তাই এটা প্রত্যাহার করতে পারব না।

শ্রী আবদুল মান্নান : স্যার, রিটন স্টেটমেন্টের সঙ্গে ওনার বক্তব্য মিলছে না।

মিঃ স্পীকার : মিঃ অধিকারী আপনি স্টেটমেন্টটা দেখে পড়ুন।

শ্রী নিশীথ অধিকারী : গত ২৮শে অক্টোবর ২০০২ অস্বাভাবিক অর্থনৈতিক পরিস্থিতি মোকাবিলায় অনিবার্যভাবেই কোর্ট ফি (অ্যামেন্ডমেন্ট) অর্ডিন্যান্স, ২০০২ প্রয়োগ করা হয়। এই অর্ডিন্যান্স জারি করার আগে কোর্ট ফি থেকে আয়ের তুলনায় বিচার বিভাগের অপরিকল্পিত খাতে বাজেটের পরিমাণ ৫ গুণের বেশি তা বিবেচিত হয়। এটাও বিবেচিত হয় যে ১৯৭০ সালের পরে কোর্ট ফি-র তেমন কোনো সার্বিক পরিবর্তন হয়নি। এটাও বিবেচিত হয়েছিল যে ১৯৭০ সালের পরে মূল্যমান প্রায় ১১ গুণ বৃদ্ধি পেয়েছে। লিগাল সার্ভিস অ্যাক্ট ১৯৮৭ চালু হওয়ার পর ১৯৯২ সালে অর্থনৈতিকভাবে দুর্বলতর মানুষদের জন্য এখন আর কোর্ট ফি লাগে না। সংবিধানের ৩৯(ক) অনুচ্ছেদ এই অর্ডিন্যান্স করার আগে বিবেচিত হয়েছে।

অর্ডিন্যান্স জারি হওয়ার পরেই বিধানসভার অধিবেশন ডাকা হয়ে যায়, এবং সংবিধানের ২১৩ অনুচ্ছেদ অনুযায়ী বিষয়টি বিধানসভার বিবেচ্য হয়ে ওঠে।

১৩ই নভেম্বর বার কাউন্সিল একটি পত্রের মাধ্যমে সরকারকে জানান যে, অবিলম্বে অর্ডিন্যান্সটি প্রত্যাহার করতে হবে এবং সরকারের সঙ্গে কোনোরকম আলোচনা না করেই একতরফাভাবে বার কাউন্সিল আইনজীবীদের কর্মবিরতি ডাকেন।

১৬ই নভেম্বর আমি চিঠি মারফত বার কাউন্সিলের সদস্যদের একটি বৈঠক আমন্ত্রণ করি এবং জানাই যে, যেহেতু বিষয়টি বিধানসভায় পেশ করতে হবে তাই তা প্রত্যাহার করা প্রথাগতভাবে ঠিক হবে না এবং স্থগিত রাখার ব্যাপারটা সংবিধানে নেই তাই নীতিগতভাবে এবং আইনগতভাবে সরকারের পক্ষে ওই দাবি মেনে নেওয়া সম্ভব নয়, তবে যেহেতু বিধানসভায় এ ব্যাপারে যে বিল আসবে তাই তাঁরা তাঁদের অভিমত আমাকে জানালে আমি বিলে তা বিবেচনা করব।

এরপর ২৯শে নভেম্বর মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে বার কাউন্সিলের সদস্যদের বৈঠক হয় সেখানেও মাননীয় মুখ্যমন্ত্রী লিখিত অভিমত জানানোর অনুরোধ করেন এবং একথা জানিয়ে দেওয়া হয় যে যদি কোর্ট ফি সংশোধন আইনে অর্ডিন্যান্স থেকে কম কোর্ট ফি নেওয়ার বিধান থাকে তবে অন্তবর্তীকালীন দেয় কোর্ট ফি ফেরত দেওয়ার বিধান বিলে থাকবে।

২রা ডিসেম্বর বার কাউন্সিল তাঁদের লিখিত দাবি মাননীয় মুখ্যমন্ত্রীকে দেন, তাতে প্রথমে বলা হয় ১৯৭০ সালের কোর্ট ফি বদল করা চলবে না এবং ওই দাবির সঙ্গে বার কাউন্সিল কোর্ট ফি সংশোধন সম্পর্কে যে মতামত দেন তা মূলত এই ১৫ শতাংশের বেশি কোর্ট ফি বাড়ানো চলবে না এবং কোর্ট ফির ঊর্ধ্বসীমা ১১৫০০ টাকার বেশি করা চলবে না। সরকারের তরফ থেকে এই প্রস্তাবটি বিবেচনা করা হয় এবং ১০ হাজার টাকা পর্যন্ত মূল্যমানের মামলায় ১৫ শতাংশ বৃদ্ধির থেকেও কম করা হয়। এরপর বিভিন্ন স্তরে অত্যন্ত ধীরে এই কোর্ট ফি বাড়ানো হয়েছে এবং সর্বোচ্চ কোর্ট ফির সীমা ১০ হাজারটিকে ১৫ লক্ষ মূল্যমানের মামলা পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছে, কিন্তু ঊর্ধ্বসীমার ক্ষেত্রে ৩৫ লক্ষ টাকা পর্যন্ত ঊর্ধ্বসীমা ৫০ হাজারকে ৩৫ লক্ষ টাকার মামলায় ধার্য করা হয়েছে। সরকার বার কাউন্সিলের অন্য ৪টি দাবিকে এখনও বিবেচনা করছেন এবং সে সম্পর্কে এখনও কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

এরপর ১২ই ডিসেম্বর নতুন কোর্ট ফি (অ্যামেন্ডমেন্ট) বিল বিধানসভায় আনা হয় এবং সেই বিল অনুযায়ী দেখা যায় পশ্চিমবাংলায় সংশোধিত কোর্ট ফি তুলনামূলকভাবে অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, উত্তরপ্রদেশ এবং মহারাষ্ট্রের চেয়ে কম। দেশের ৪টি প্রান্তের সম-পর্যায়ের এই ৪টি রাজ্যের কোর্ট ফি আইনকে বিচার করলে দেখা যাবে যে পশ্চিমবঙ্গে যেখানে কোর্ট ফির ঊর্ধ্বসীমা ৫০ হাজার সেখানে মহারাষ্ট্রে ৩ লক্ষ, অন্ধ্রপ্রদেশ, উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশে কোর্ট ফির কোনো ঊর্ধ্বসীমা নেই। বিশেষ করে পশ্চিমবঙ্গে যেখানে কোর্ট ফি ৫০ হাজার টাকা সেই একই স্তরের মামলায় অর্থাৎ ৩৫ লক্ষ টাকার মামলায় উত্তরপ্রদেশে লাগে ২ লক্ষ ৬৩ হাজার টাকা, মধ্যপ্রদেশে লাগে ১ লক্ষ ৬৪ হাজার টাকা, মহারাষ্ট্রে লাগে ৫০,৪৫৪ টাকা, অন্ধ্রপ্রদেশের ক্ষেত্রে এই স্তরের সীমা যদিও কম তবু প্রাথমিক স্তরের অন্ধ্রপ্রদেশে কোর্ট ফি-র সীমা অত্যন্ত উঁচু। মহারাষ্ট্রের ক্ষেত্রের প্রথম ২ লক্ষে পশ্চিমবঙ্গের ২ লক্ষ টাকা পর্যন্ত মামলায় প্রতি ধাপে কোর্ট ফি পশ্চিমবঙ্গের থেকে অনেক বেশি। পরবর্তী ধাপগুলিতে ৩৫ লক্ষ টাকা পর্যন্ত কোর্ট ফি পশ্চিমবঙ্গের থেকে কম, তবে তারপরে কোর্ট ফি-গুলিকে বাড়িয়ে দেওয়া হয়েছে। অর্থাৎ তুলনামূলকভাবে বিচার করলে পশ্চিমবঙ্গে সংশোধিত কোর্ট ফি সমপর্যায়ের রাজ্যগুলি থেকে কম।

কোনো কোনো ক্ষেত্রে একটি বিভ্রান্তিকর মন্তব্য করা হচ্ছে যে, সংশোধিত কোর্ট ফি আইনে নাকি বিবাদীকে জবাব দেওয়ার ক্ষেত্রে কোর্ট ফি দিতে হয়, একথা সত্য নয়।

কোর্ট ফি আইনটি ভালোভাবে পড়লে তা বোঝা যায়। দ্বিতীয়ত, এ রকম প্রচার আছে উইল প্রবেট করতে গেলে নাকি ৫০ হাজার টাকা কোর্ট ফি দিতে হবে। একথা অত্যন্ত বিভ্রান্তিকর। সংশোধিত আইনে, যে উইলে কোনো বিরোধ নেই বা আলাদা করে কোনো মামলা হচ্ছে না সেই ক্ষেত্রে স্থায়ী কোর্ট ফি ১৫৫ টাকা। যদি উইলে আপত্তি করা এবং তা নিয়ে নতুন মামলা হিসাবে রূপ নেয়, তবে ৩৫ লক্ষ টাকা মূল্যমানের সম্পত্তি হলেই তবেই হবে ৫০ হাজার টাকা। তার আগে বিভিন্নস্তরে অন্যান্য মামলাগুলি যেভাবে হয় সেভাবেই হবে।

তৃতীয়ত—কেউ কেউ বলছেন আলাদাভাবে ওকালতনামায় কোর্ট ফি দিতে হবে, একথা অত্যন্ত বিভ্রান্তিকর। আগেও আইন যেমন ছিল এখনও আইন সেই রকম আছে অর্থাৎ একজন উকিল যার হয়ে মামলা করবেন সেই সই করবেন একটি ফি লাগবে।

চতুর্থত—কেউ কেউ বলছেন ক্রিমিনাল কেসে বেল বন্ডে নতুন আইনে ফি দিতে হবে, একথা সম্পূর্ণ ভুল। কোর্ট ফি আইনের ২৩ ধারায় কোনো ক্রিমিনাল কেসে বেল বন্ডে ফি দিতে হয় না আর আগের মতোই এখনও সিভিল বেল বন্ডে বা ফৌজদারি মামলা নয় এমন কেসে ফি দিতে হবে। উপরোক্ত কথা যাঁরা প্রচার করছেন তাঁরা আইনটিকে ঠিকমতো পড়েননি।

পঞ্চমত—কেউ কেউ বলছেন আসামি জেলে থাকলে নাকি কোর্ট ফি দিতে হবে। এই ক্ষেত্রে কোর্ট ফি আইনের ২৩ ধারায় অত্যন্ত পরিষ্কারভাবে বলা আছে জেলে থাকা আসামিকে কোনো কোর্ট ফি দিতে হয় না।

এছাড়াও বার কাউন্সিলের অনুরোধক্রমে মাননীয় মুখ্যমন্ত্রী হাজিরার ক্ষেত্রে কোর্ট ফির বিষয়টিকে আইনের ৪৭ ধারা মতে রহিত করার আবেদনকে বিবেচনা করার প্রতিশ্রুতি দিয়েছেন।

ইতিমধ্যে বিলটি বিধানসভায় পাশ হয়েছে, ফলে বার কাউন্সিল যে দাবি নিয়ে কর্মবিরতি ডেকেছেন তা বোধহয় মূল্যহীন হয়ে পড়েছে। এ কথাও অস্বীকার করার উপায় নেই বার কাউন্সিলের মতামতকে সরকার গুরুত্ব দিয়ে বিবেচনা করছেন। বার কাউন্সিলের ডাকা কর্মবিরতি যুক্তিহীন হয়ে পড়েছে। বিচারপ্রার্থীদের বিশেষ করে যাঁরা বন্দী বিচারপ্রার্থী তাঁদের যাঁরা জামিন পাচ্ছেন না তাঁদের ক্ষেত্রে অবিচার হচ্ছে, বার কাউন্সিলের মাননীয় সদস্যরা এদিকটি বিবেচনা করুন।

উপরোক্ত পরিপ্রেক্ষিতে বিধানসভার মাননীয় সদস্যদের মাধ্যমে আমি বার কাউন্সিলের সকল সদস্যকে সাধারণ বিচারপ্রার্থীদের স্বার্থে এবং তরুণ আইনজীবীদের স্বার্থে কর্মবিরতির ডাক প্রত্যাহার করার আবেদন জানাচ্ছি।

Comparative chart of rates under the Court Fees (Amendment) Bill, 2002, West Bengal with those of other States

W.B Bill 2002	When the amount of value of the subject matter exceeds	But does not exceed	Andhra Pradesh	Madhya Pradesh	Maharastra	Uttar Pradesh
Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
10		100	12	10	Start from	10
20	100	200	23	20	1000	22.5
100	900	1000	111	100	200	177
420	4900	5000	411	500	680	657
780	9750	10000	785	1000	1430	1157
1080	14500	15000	1086	1600	2180	1532
1380	19500	20000	1386	2200	2930	1907
1630	24000	25000	1586	2800	3430	2282
1880	29000	30000	1786	3400	3930	2651
2380	39000	40000	2086	4600	4430	3407.5
2880	49000	50000	2386	5800	4930	4157.5
3580	55000	60000	2626	7000	5230	4907.5
4280	65000	70000	2786	8200	5530	5657.5
4630	70000	75000	2886	8800	5680	6032.5
4980	75000	80000	3026	9400	5830	6407.5
5680	85000	90000	3186	10600	6130	7157.5
6380	95000	100000	3426	12800	6430	7907.5
13780	195000	200000	4426	24800	8430	15407.5
17980	295000	300000	5426	36800	10430	22907.5

and the fees increase at the rate Rs. 180 for every Rs. 5000 of part there of upto a maximum of Rs. 50000 for example : (in W.B.)

18980		400000	6426	48800	12430	30407.5
19980		500000	7426	59800	14430	37907.5
24980		1000000	12426	89800	24430	75407.5
25980		1100000	13426	119800	26430	82907.5
50000		3502000	37446	164860	50454	263057.5
50000	Maximum Ceilling Limit		No Limit	No Limit	300000	No Limit

Comparision between the Bill 2002 and the West Bengal Court Fees (Amendment) Ordinance, 2002 Section 2

Table of rates of ad valorem fees payable on the institution of suits

1970	When the amount of value of the subject matter exceeds	But does not exceed	Ordinance	Bill 2002
Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
8.15		100	40	10
22.5	100	200	80	20
120	1000	1100	440	108
420	5000	5100	2040	428
772.5	10000	10500	3860	810
997.5	15000	15500	4960	1110
1230	20000	21000	6100	1430
1380	25000	26000	6850	1680
1530	30000	31000	7600	1930
1680	35000	36000	8350	2180
1830	40000	41000	9100	2430
1980	45000	46000	9850	2680
2137.5	50000	55000	10638	3230
2175	55000	60000	10826	3580
2212.5	60000	65000	11014	3930
2250	65000	70000	11202	4280
2287.5	70000	75000	11390	4630
2325	75000	80000	11578	4980
2362.5	80000	85000	11766	5330
2400	85000	90000	11954	5680
2423.5	90000	95000	12142	6030
2475	95000	100000	12330	6380
2512.5	100000	105000	12518	6750
2587.5	110000	115000	12894	7490
2662.5	120000	125000	13270	8230
2737.5	130000	135000	13646	8970
2812.5	140000	145000	14022	9710
2887.5	150000	155000	14398	10450
2962.5	160000	165000	14774	11190
3037.5	170000	175000	15150	11930
3112.5	180000	180000	15526	12670
3187.5	190000	190000	15902	13410
3262.5	200000	105000	16278	13990
and the fees increase at the rate Rs. 180 for every Rs. 5000 of part there of upto a maximum of Rs. 50000 for example :				
4012.5		300000	19850	17980
4762.5		400000	23610	18980
5512.5		500000	27370	19980
7012.5		700000	34890	21980
7762.5		800000	38650	22980
8512.5		900000	42410	23980
9262.5		1000000	46170	24980
10000		1100000	50000	25980
		3502000		50000

[5.20—5.30 p.m.]

আমাদের আলোচনার দরজা সবসময়ই খোলা আছে। আমরা সবসময়ই আলোচনা করতে পারি।

শ্রী আব্দুল মান্নান : স্যার মাননীয় মন্ত্রী আজকে যে বিবৃতি দিয়েছেন এর আগে যেদিন আমরা কোর্ট ফি নিয়ে আলোচনা করেছিলাম, সেই দিনও তিনি প্রায় একই রকম বিবৃতি দিয়েছেন। উনি এই শেষ বেলায় স্টেটমেন্ট হাউসে দিয়ে দিলেন, আর সেটাকে আমাদের মেনে নিতে হবে, এটা হতে পারে না। এই বিষয় নিয়ে যাতে আলোচনা হয়, আমাদের বক্তব্যটা রাখতে দেওয়া হয়, তার জন্য অনুরোধ করছি।

মিঃ স্পীকার : আপনাকে নোটিশ দিতে হবে।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমি নোটিশ জমা দিয়েছি।

শ্রী তপন হোড় : স্যার, মাননীয় মন্ত্রী খুব গুরুত্বপূর্ণ সময়ে এই স্টেটমেন্ট দিয়েছেন। কারণ, ব্যাপকহারে রাজ্যের বিভিন্ন জেলাগুলির যে অবস্থা হয়েছে। এক অবর্ণনীয় অবস্থা সেখানে দেখা দিয়েছে। সেখানে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী এবং মাননীয় বিচারমন্ত্রী এই ধর্মঘট প্রত্যাহার করার কথা বলেছেন। কিন্তু স্যার, সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি নিয়ন্ত্রিত ৫ জনের যে বেঞ্চ, সেই বেঞ্চ বলে দিয়েছেন, বার কাউন্সিল কোনো ধর্মঘট ডাকতে পারে না এবং বার কাউন্সিলের কোনো সদস্য যদি মামলা করতে যান, তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারেন না। কাজেই এটা সুপ্রিম কোর্টের একটা সুস্পষ্ট নির্দেশ আছে। সেই নির্দেশের পর কি করে বার কাউন্সিল এই ধর্মঘট ডেকেছে। এটা সম্পূর্ণ বেআইনি। আমি মাননীয় মন্ত্রীকে বলব যে আপনি বলুন এইভাবে যে বেআইনি ধর্মঘট চলছে, এই সম্পর্কে আপনি কি জানেন, সুপ্রিম কোর্টের রায় সম্পর্কে আপনার কোনো ধারণা থাকলে আপনি বলুন।

মিঃ স্পীকার : এখন আমার কথা হচ্ছে, যে কোর্ট ফি নিয়ে অনেকবার আলোচনা হয়েছে। ১৯ তারিখে নো কনফিডেন্স মোশান নিয়ে আলোচনা আছে। সেখানে ৬ ঘণ্টা সময় রাখা হয়েছে। সেখানে যে কোনো বিষয় নিয়ে আলোচনা করতে পারেন। সেখানে কোর্ট ফি নিয়েও আলোচনা করতে পারেন, তার জন্য সেপারেট ডিসকাশান চাইছেন কেন ?

শ্রী আব্দুল মান্নান : কালকে হোক না স্যার, কাল তো হাউস আছে।

মিঃ স্পীকার : কালকে হাউস থাকলেই কালকে দিতে হবে ! মিঃ অধিকারী, আপনি কাল থাকবেন, আমি কাল ডিসিশন নেব।

(এই সময় সভা আগামী বুধবার, ১৮-১২-২০০২ বেলা ১১টা পর্যন্ত মুলতুবী ঘোষিত হয়।)

Adjournment

The House was then adjourned at 5.27 p.m. till 11.00 a.m. on Wednesday, the 18th December, 2002, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 18th December, 2002 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 15 Ministers, 08 Ministers of State and 176 Members.

[11.00—11.10 a.m.]

Held over Starred Question
(to which oral answers were given)

বামফ্রন্টের পঞ্চায়েত নীতি

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৭) **শ্রী রবীন্দ্র ঘোষ :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বামফ্রন্ট সরকারের পঞ্চায়েত নীতি সর্বত্র কার্যকরী হচ্ছে কি ; এবং

(খ) হয়ে থাকলে ঠিকাদারের মাধ্যমে পঞ্চায়েতের কাজ করার ক্ষেত্রে সুনির্দিষ্ট নিয়ম-নীতি কী ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এই বিভাগ কর্তৃক প্রচারিত সর্বশেষ আদেশনামা অনুযায়ী জিলা পরিষদ, জনস্বাস্থ্য কারিগরি, সেচ ও জলপথ, পূর্ত (সড়ক) এবং পূর্ত দপ্তর কর্তৃক অনুমোদিত ঠিকাদার ব্যতীত অন্য কোনো ঠিকাদার পঞ্চায়েতের কাজে নিযুক্ত হতে পারে না। যে সকল কাজগুলি ঠিকাদারের মাধ্যমে সম্পন্ন হবে সেগুলিকে টেন্ডার আহ্বান করার লক্ষ্যে বিজ্ঞাপিত করা হয়। টেন্ডারের নির্দিষ্ট নিয়ম অনুযায়ী দরপত্র পাওয়া গেলে সেগুলিকে পরীক্ষা করার পর সর্বনিম্ন দরপত্রটিকে গ্রহণ করাই নিয়ম। আধাসরকারি প্রতিষ্ঠান টেন্ডারে অংশগ্রহণ করলে তাদের যোগ্যতা বিচারের ক্ষেত্রে মোট টেন্ডারমূল্যের পাঁচ শতাংশ পর্যন্ত অগ্রাধিকার দেওয়া হয়।

শ্রী রবীন্দ্র ঘোষ : আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, পঞ্চায়েতের যে নিয়ম-নীতি সেই নিয়ম-নীতি হচ্ছে গ্রামের গরিব মানুষকে, গরীব ক্ষেত-মজুর, দিন-

মজুরকে পঞ্চায়েতের কাজে যুক্ত করা, এই রকম নীতি পঞ্চায়েত প্রধান, সমিতি—এরা মানছেন কিনা সেটা তদন্ত করে দেখবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি ঠিক বুঝলাম না। আমার মনে হয় মাননীয় সদস্য যেটা জানতে চাইছেন তার সঙ্গে ঠিকাদারের নিয়োগ নীতির একটা গোলমাল হচ্ছে। আসলে আপনি যেটা বলতে চাইছেন সেটা হচ্ছে, ক্ষেত-মজুর, গ্রামের গরীব মানুষ যারা কাজ করে তাদেরকে যুক্ত করে তাদেরকে দিয়ে কাজ করানো। এগুলি হচ্ছে কর্মসংস্থান প্রকল্প যেগুলি আছে অর্থাৎ এস.জে.আর.ওয়াই. এগুলি তাদের ক্ষেত্রে প্রযোজ্য। সেখানে ঠিকাদার নিয়োগ করা যায় না, সেখানে ঠিকাদার নিয়ম বিরুদ্ধ বা নীতি বিরুদ্ধ। ঠিকাদারদের কোনো কোনো ক্ষেত্রে নিয়োগ করা হয় সেটা বলা আছে। সেখানে কেবলমাত্র সরাসরি পে-মাস্টার রাখতে পারেন যারা পেমেন্ট করে। কিন্তু মাঝখানে ঠিকাদার নিয়োগ করা যাবে না। মাল-মশলা কেনার জন্য দরপত্র আহ্বান করা হয় মোরাম, বোল্ডার, ইট, সিমেন্ট ইত্যাদি যদি কেনার থাকে। তারা সরবরাহকারী বা সাপ্লায়ার। তারা কন্ট্রাক্টর নয়। কিন্তু কাজ করতে হবে লোকদের নিয়েই এবং সেটাই করা হয় আর অভিযোগ পেলে দেখা হয়। সাধারণত যেটা নিয়ম সেটাই করা হয়।

শ্রী রবীন্দ্র ঘোষ : আমি আপনাকে অনুরোধ করবো, পঞ্চায়েতের যে নিয়ম-নীতি সেই নিয়ম-নীতি মেনে অধিকাংশ জায়গায়, যেমন, আমার জেলার উলুবেড়িয়া (১) এবং (২), শ্যামপুর (১) এইসব এলাকায় পঞ্চায়েতের সমস্ত কাজে ৫০ পারসেন্ট লেস দিয়ে টেন্ডার ডেকে কাজ করানো হচ্ছে। এইরকম ক্ষেত্রে তদন্ত করবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সুনির্দিষ্ট অভিযোগ না পেলে তদন্ত করা যায় না। আর লেস দিয়ে যদি কেউ কাজ করে আমরা কিভাবে আপত্তি করতে পারি। নিয়ম হচ্ছে, দরপত্র আহ্বান করে যে যে জায়গাতে কন্ট্রাক্টর নিয়োগ করে কাজ করার বিধি-বিধান আছে সে ক্ষেত্রে কন্ট্রাক্টর বা ঠিকাদার নিয়োগ করে কাজ করতে পারবে। সেখানে সর্বনিম্ন দরপত্র যিনি দেবেন তাকে দিতে হবে, তা না হলে তো অডিট ছাড়বে না। তবে দেখতে হবে যাকে দেওয়া হচ্ছে তার ক্রেডেনসিয়াল আছে কিনা, না থাকলে দেওয়া হয় না। কতকগুলি ক্রেডেনসিয়াল দেখার নিয়ম ঠিক করা আছে। যেমন পি.এম.জে.এস.ওয়াই.-এর ক্ষেত্রে বলা আছে যে, যে মূল্যের টেন্ডার হচ্ছে তার অন্ততপক্ষে ৬০ শতাংশ মূল্যের কাজ গত বছর তিনি করেছেন এরকম ক্রেডেনসিয়াল তার থাকা দরকার। আর.আই.ডি.এফ.-এর ক্ষেত্রে বলা আছে, যে মূল্যের দরপত্র আহ্বান করা হচ্ছে তার অন্তত ৬০ শতাংশ মূল্যের কাজ গত বছর তিনি সম্পন্ন করেছেন এরকম ক্রেডেনসিয়াল তার থাকা দরকার। এগুলি দেখার পর যে লোয়েস্ট হয় তাকে তো আটকাতে পারি না। সেখানে আটকালে মামলা করে দিলে পঞ্চায়েত বা আমরা কেউ তো দাঁড়াতে পারবো না।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় মন্ত্রীমহাশয়, আমি আপনার কাছে একটি দরখাস্ত দিয়েছিলাম এই বলে যে পঞ্চায়েতের মধ্যে নানান রকমের অনিয়ম, বেনিয়ম চলছে, টাকা-পয়সা নিয়ে নানান রকমের ব্যাপার চলছে। সংসদ কমিটির মাধ্যমে যে কাজ করানো

দরকার তা হচ্ছে না। ইচ্ছামতো প্রধানরা এলাকায় কাজকর্ম করছেন। টাকা-পয়সার নয়ছয় হচ্ছে। আমার অভিযোগের তদন্ত করে রিপোর্ট পেয়েছেন কিনা জানি না। আমি দীর্ঘদিন ধরে এই বিধানসভার সদস্য হয়ে আছি, আমি দেখছি পঞ্চায়েতের নিয়ম অমান্য করে, ব্যতিক্রম করে বিশেষ করে আমার উলুবেড়িয়া এক এবং দুই পঞ্চায়েত সমিতিতে এবং শ্যামপুর এক নং পঞ্চায়েত সমিতিতে কাজ হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় এটা তদন্ত করে দেখবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হ্যাঁ, নির্দিষ্ট অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা করা হয় যদি প্রমাণ পাওয়া যায়। হয়নি মানে কিছু পাওয়া যায়নি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় পঞ্চায়েতের কাজকর্ম করার ব্যাপারে এবং ঠিকাদার নিয়োগের ব্যাপারে কতকগুলি কথা বলেছেন। আমাদের পশ্চিমবাংলায় কিন্তু বহু পঞ্চায়েত এই নিয়মনীতিগুলি মানছে না। আপনি অবশ্য বলেছেন যে কিছু কিছু লংঘন হচ্ছে। বিশেষ করে আজকাল আমরা দেখছি এন.জি.ও.দের মাধ্যমে যে কাজ করানো হচ্ছে তাতে একটা বিপদ দেখা দিচ্ছে এবং নানান রকমের দুর্নীতির প্রশ্ন আসছে। আবার পঞ্চায়েত নির্বাচনের আগে আনটায়েড ফান্ড থেকে পঞ্চায়েতগুলিকে প্রচুর টাকা-পয়সা দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে, ফিনানসিয়াল ক্রাঞ্চ চলছে এই অবস্থাতেও। সরকারি অর্থ যাতে কোনোভাবে অপচয় না হয়, তার প্রপার ইউটিলাইজেশান যাতে হয় রাজ্য সরকার তার অভিজ্ঞতার ভিত্তিতে এ ক্ষেত্রে কোনো সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়েছেন কিনা এগুলির মনিটারি-এর ব্যাপারে, অডিটের ব্যাপারে ?

[11.10—11.20 a.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু প্রশ্ন করতে গিয়ে দুটি মন্তব্য করলেন, সে সম্পর্কে না বললে অসুবিধা হয়ে যাবে। প্রথম কথা হচ্ছে, এন.জি.ও.-দের দিয়ে কাজ করানো সুনির্দিষ্ট ক্ষেত্রে সেটা নিয়মনীতি লংঘন নয়, সেটা আমরা কয়েকটি ক্ষেত্রে করে থাকি। যেমন স্যানিটারি প্রোগ্রাম এটা হত না যদি না তাদের দিয়ে করতাম। দ্বিতীয়তঃ, আনটায়েড ফান্ড পঞ্চায়েত ইলেকশানের আগে দেওয়া হচ্ছে এটা ঠিক নয়, দেওয়া হয়নি। আগে দেওয়া হয়েছে। ফিনানসিয়াল ক্রাঞ্চ থাকা সত্ত্বেও দেওয়া হচ্ছে তা নয়। আসল প্রশ্ন, নিয়ম-নীতি মেনে কাজ হচ্ছে কিনা, মনিটরিং-এর ব্যবস্থা আছে কিনা। আমি বলছি, তিন মাস অন্তর বিষয়টা আমরা পর্যালোচনা করি। আমাদের দপ্তরের সচিব, রাষ্ট্রমন্ত্রী, ডাইরেক্টরেট, সবাইকে নিয়ে জেলাগুলিকে তিন-চার ভাগে ভাগ করে নর্থ বেঙ্গলে দুটি মিটিং করে থাকি, প্রেসিডেন্সি এবং বর্ধমান ডিভিশনে আলাদা মিটিং করে থাকি। সেখানে সারাদিন ধরে অডিট হয়, খরচের রিপোর্ট দেখে বেনিয়ম হয়ে থাকলে তার পর্যালোচনা করে থাকি। ১২ বছর ধরে ৩ মাস অন্তর এটা করা হচ্ছে এবং তার অ্যানুয়াল রিপোর্ট আপনাদের দিচ্ছি। প্রতিটি স্কিমভিত্তিক কত স্যাংশন অর্ডার দিয়েছি সেটা দেখি। এসব পর্যালোচনা ছাড়া রিপোর্টটা দেওয়া সম্ভব নয়। কাজেই অডিটের ব্যবস্থা আছে। অডিটে কি অবজেকশন আছে, কি ব্যবস্থা নেওয়া হয়েছে, কতজনের বিরুদ্ধে এফ.আই.আর. করা হয়েছে, কতজন গ্রেপ্তার

হয়েছে, সেসবও রিপোর্টে দিয়ে থাকি। পর্যালোচনা অবশ্যই হয়। এরপরও যদি সুনির্দিষ্টভাবে কেউ কোনো অভিযোগ করেন, তদন্ত করা হবে।

শ্রী ইউনুস সরকার : মাননীয় মন্ত্রী জানালেন যে, পঞ্চায়েতের কাজ অন্যান্য কন্ট্রাক্টরদের সঙ্গে আধা সরকারি প্রতিষ্ঠানকেও প্রায়রিটি দেওয়া হয়। এই আধা সরকারি প্রতিষ্ঠানগুলি কি কি এবং তারা ও কন্ট্রাক্টররা যে কাজ করেন তার জন্য ওই স্কিমে আলাদা করে বেনিফিশিয়ারি কমিটি গঠন করা হয় কিনা জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আধা সরকারি বললে ম্যাকিনটোশ বার্নের মতো সংস্থাগুলি, অর্থাৎ স্টেট গভর্নমেন্ট আন্ডারটেকিংগুলি। তাদের ক্ষেত্রে ৫ পারসেন্ট প্রায়রিটি দিই। সর্বনিম্ন টেন্ডার ৫ পারসেন্ট কম এলেও ওদের দিই।

শ্রীমতী সোনালি গুহ : মাননীয় মন্ত্রী মহাশয় এইমাত্র জানালেন যে, জেলা পরিষদ, জনস্বাস্থ্য কারিগরি, সেচ, জলপথ, পূর্ত (সড়ক) এবং পূর্ত দপ্তর কর্তৃক অনুমোদিত ঠিকাদার ব্যতীত অন্য কাউকে পঞ্চায়েতের কাজে নিয়োগ করা যায় না। এই অনুমোদিত ঠিকাদারের সংখ্যা রাজ্যে কত জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : বলা অসম্ভব। বিভিন্ন দপ্তর আছে এবং তাদের অনুমোদিত কন্ট্রাক্টরদের তালিকা আছে। কাজেই সেটা বলা সম্ভব নয়।

শ্রী পরেশ নাথ দাস : পঞ্চায়েত সমিতির কাজের ক্ষেত্রে ৫০ হাজারের বেশি খরচ তারা করতে পারেন না ; তার উপর কাজ করতে গেলে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি নিতে হয়, ভেটিং করাতে হয়। পঞ্চায়েত সমিতির খরচের এই উর্ধ্বসীমা বাড়ানো হবে কিনা ; বাড়ালে কতদূর পর্যন্ত বাড়ানো হবে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ৫০ হাজার টাকাটা গ্রাম পঞ্চায়েতের জন্য। পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে এই উর্ধ্বসীমা বেশি আছে। প্রয়োজনে সেটা আবার বাড়বে এবং সেটা আপনারা জানতে পারবেন।

ডাঃ আশীষ ব্যানার্জী : বামফ্রন্ট সরকারের নীতিতে যদি হিসাব পরীক্ষা থেকে থাকে তাহলে পশ্চিমবঙ্গে কতগুলি জেলা পরিষদে ২০০১ এবং ২০০২-এর অডিট করা হয়েছে ; যে জেলাগুলি অডিট করেনি তাদের বিরুদ্ধে পঞ্চায়েত দপ্তর কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং কতগুলি জেলা পরিষদ পাঁচ বছরের অধিককাল অডিট করেনি জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : অডিট নিয়ে প্রশ্ন হচ্ছে না, তবুও উত্তর দিচ্ছি। পাঁচ বছরের বেশি অডিট করেনি এরকম জেলা পরিষদ পশ্চিমবঙ্গে নেই। আর অডিট না করলে ব্যবস্থা গ্রহণের ব্যবস্থা আমাদের নেই, কারণ অডিট সি.এ.জি. করে থাকেন। বহুবার হাউসে বলেছি, ওরা কাজটা তাড়াতাড়ি করছেন এবং তার জন্য জেলা পরিষদে অডিট পড়ে থাকে না। এটা পঞ্চায়েত সমিতিতে পড়ে থাকে।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, কন্ট্রাক্টরদের পরিবর্তে পঞ্চায়েতের উন্নয়নের কাজে এন.জি.ও. নিয়োগের ব্যাপারে কোনো

সিদ্ধান্ত নিয়েছেন কিনা এবং যদি নিয়ে থাকেন কি কি কাজ করার জন্য সিদ্ধান্ত নিয়েছেন জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : যে সমস্ত কাজে কন্ট্রাক্টর নিয়োগের বিধান পঞ্চায়েতে আছে সেইসব কাজে এন.জি.ও. নিয়োগের প্রশ্ন ওঠে না। কয়েকটি বিশেষ ধরনের কাজ এন.জি.ও.-রা করে থাকেন তার বড় দৃষ্টান্ত হল সার্বিক স্যানিটেশান প্রোগ্রাম---স্বাস্থ্য বিধি মেনে পায়খানার প্যান তৈরি, ব্লকে ব্লকে স্যানিটেশান মাঠে সেই জিনিস সাপ্লাই করা। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ সার্বিকভাবে দেখাশোনা করেন। কিন্তু ওই জিনিসগুলো সরবরাহ করা এবং তৈরি করা এই কাজগুলো এন.জি.ও.রা করেন।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, পূর্ত দপ্তর, সেচ দপ্তর গ্রান্ট-ইন-এডের যে টাকা জেলা পরিষদকে দেয়, যদিও সেই টাকা বর্তমানে দেওয়া বন্ধ হয়ে গেছে, ওই গ্রান্ট-ইন-এডের টাকার সার্টিফিকেট কি এসেছে, যদি না এসে থাকে কেন আসেনি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমাকে জিজ্ঞাসা করে কিছু লাভ নেই। আপনি দপ্তরকে জিজ্ঞাসা করুন।

শ্রী অসিত মিত্র : খরচ তো করছে জেলা পরিষদ ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : গ্রান্ট-ইন-এডের টাকা বিভিন্ন দপ্তরকে দেওয়া হয় এবং ওই দপ্তরকেই ইউটিলাইজেশান সার্টিফিকেট দেওয়া হয়।

শ্রীমতী মীনা সনাতনী : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আমার এলাকা জামবনী পঞ্চায়েত বিরোধীদের দখলে রয়েছে। সেখানে এখনো পর্যন্ত কোনো উন্নয়নের কাজ দীর্ঘদিন ধরে স্তব্ধ হয়ে আছে, পঞ্চায়েতমন্ত্রী এই ব্যাপারে কোনো ব্যবস্থা নেবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি আর কি করতে পারি, লোকেরা তাদের নির্বাচন করেছেন। ওনারা যদি পুনর্বিবেচনা করেন তখন অন্য লোক হতে পারে।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, পঞ্চায়েতে চরম দুর্নীতি চলছে। বহু প্রকল্পের কাজ ওখানে কন্ট্রাক্টরদের দিয়ে করানো হচ্ছে এবং এতে প্রচুর অর্থ তছরূপ হচ্ছে। আরো বড়ো বিপদ যে, সেখানে এন.জি.ও.-দের দিয়েও স্পেশিফিক কাজ করানো হচ্ছে। একটা স্পেশিফিক অভিযোগ হল যে, গোসাবা ব্লকে কচুখালি গ্রাম পঞ্চায়েতে ৩০ লক্ষ টাকা খরচ করে কাজ হয়েছে। কিন্তু সেই কাজের কোনো হিসাব নেই এবং রাস্তা যে হয়েছে তার অস্তিত্ব পর্যন্ত নেই। বহু স্কিম করা হয়েছে যেমন ইন্দিরা গান্ধী যোজনায় টাকা খরচ হয়েছে কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। এই ব্যাপারে আপনার ডিপার্টমেন্টকে চিঠি দিয়েছি, কিন্তু কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। মুখ্যমন্ত্রীকে

চিঠি দিয়েছি, ডি.এম.কে চিঠি দিয়েছি, কেউ কোনো ব্যবস্থা নেয়নি। দক্ষিণ ২৪-পরগনায় ৩১২টি গ্রাম পঞ্চায়েত তার ৪৯টি পঞ্চায়েত সমিতিতে গত ৫ বছর ধরে কোনো অডিট হয়নি। জেলা পরিষদেও ২ বছর ধরে অডিট হয়নি। লক্ষ লক্ষ টাকার তছরূপের অভিযোগ আছে, এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি তো বলেছি সুনির্দিষ্ট অভিযোগ পেলে নিশ্চয় তদন্ত করব। আপনি তো তিনমাস আগে চিঠি দিয়েছেন, এখনো আমি খোঁজ নিয়ে দেখতে পারিনি। তাই ঠিক বলতে পারবো না। কত চিঠিই তো আসে, প্রত্যেকটি চিঠির তো উত্তর দেওয়া সম্ভব নয়। মাননীয় সদস্য যদি পরে এই ব্যাপারে যোগাযোগ করেন তাহলে বলতে পারবো কি ব্যবস্থা নেওয়া হচ্ছে।

শ্রী নৃপেন গায়েন : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, মাননীয় মন্ত্রী বললেন যে কিছু কিছু কাজ ঠিকাদারদের দিয়ে করানো হয়। আর কিছু কিছু কাজ পঞ্চায়েত সমিতি নিজে করে। আমার প্রশ্ন হচ্ছে যে, কন্ট্রাক্টরদের দিয়ে কাজ হোক তাতে তো একটা নির্দিষ্ট প্রকল্প তৈরি করতে হয় এবং এই ব্যাপারে পঞ্চায়েতের ক্ষেত্রে জব অ্যাসিস্ট্যান্টরা করেন, আর জেলা পরিষদের ক্ষেত্রে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়াররা করেন। এখানে দেখা যায় যে এদের ভেটিং পাওয়ার যেটা আছে, বর্তমানে যেটা চালু আছে, সেইজন্য পঞ্চায়েত সমিতিকে জেলা পরিষদের মুখাপেক্ষি হয়ে থাকতে হয় এবং পঞ্চায়েতকে পঞ্চায়েত সমিতির মুখাপেক্ষী হয়ে থাকতে হয়, ভেটিং পাওয়ার এর জন্য প্রকল্প রচনার জন্য এ ক্ষেত্রে মাননীয় মন্ত্রী চিন্তা করছেন কি গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে, পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে এবং জেলা পরিষদ-এর ক্ষেত্রে ভেটিং পাওয়ার বাড়ানো যাবে কিনা বা কিছু করা হবে কিনা জানাবেন কি ?

[11.20—11.30 a.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এমনিতে জেলা পরিষদের ভেটিং পাওয়ার-এর লিমিটেশান নেই। পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতের বেলায় আছে। এর অর্থ গ্রাম পঞ্চায়েত ৫০ হাজার টাকা পর্যন্ত স্কিম করতে পারে। মাননীয় সদস্য যেটা জিজ্ঞাসা করছিলেন, সেটা আমরা বাড়াবার চিন্তা করছি। এটা ছিল ৫ হাজার, সেটা বাড়িয়ে বাড়িয়ে ৫০ হাজার হয়েছে। আবার রিভিসান করার জন্য প্রস্তাব দেব। আবার পঞ্চায়েত সমিতির স্তরে যিনি ভেটিং করান তার উপরে নির্ভর করে। সেটা হচ্ছে এস.এ.ই., অর্থাৎ সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ; এদের প্রত্যেকের ভেটিং পাওয়ার-এর লিমিটেশান আছে। সেই লিমিটেশান-এর মধ্যে তাদের কাজ করতে হয়, সেটা আমরা বাড়াবার চেষ্টা করেছি। আগে বাড়িয়েছি, দুই দফায় বাড়িয়েছি, আবার তৃতীয় দফায় আমরা আলোচনা করছি, এটার জন্য আমাদেরকে বিভিন্ন দপ্তরের মতামত নিতে হবে এবং অর্থ দপ্তরের অনুমোদন নিয়ে করতে হবে, যেটা আমরা আবার দেখব পুনর্বিবেচনা করে।

Starred Questions

(to which oral answers were given)

নার্স, স্বাস্থ্যকর্মী ও ধাত্রীদের রেজিস্ট্রেশন পুনর্নবীকরণ

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের নার্স, স্বাস্থ্যকর্মী, ধাত্রীদের রেজিস্ট্রিকরণ ও রেজিস্ট্রেশন পুনর্নবীকরণের জন্য পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল যে বিজ্ঞপ্তি জারি করেছে, তা কার্যকরী করতে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) সরকারি নির্দেশনামা অনুসারে পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল সবকটি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, হাসপাতালের অধীক্ষক এবং ডিস্ট্রিক্ট পাবলিক হেল্‌থ নার্স অফিসারদের নার্সিং সার্টিফিকেট নবীকরণ সম্বন্ধে সার্কুলার মারফত অবগত করেছেন।

(২) ৯ অক্টোবর, ২০০২ সালে আনন্দবাজার পত্রিকায় নার্সিং সার্টিফিকেট নবীকরণের বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

(৩) রাজ্য স্বাস্থ্য অধিকর্তা এবং পদাধিকারবলে নার্সিং কাউন্সিলের সভাপতি বেতার ও দূরদর্শনে তার ভাষণে নার্সিং সার্টিফিকেট নবীকরণ সম্পর্কে সবাইকে অবহিত করেছেন।

(৪) নবীকরণ কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কাউন্সিল অফিসে ২টি কাউন্টার খোলা হয়েছে।

(৫) এই কাজের জন্য ৩ জন নিম্নবর্গীয় করণিক এবং একজন ৪র্থ শ্রেণীর কর্মীকে সাময়িকভাবে নিয়োগ করা হয়েছে।

(৬) দিনের কাজ দিনের মধ্যে সম্পন্ন না হলে নবীকৃত সার্টিফিকেট ডাকযোগে প্রার্থীকে পাঠানোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

(৭) নবীকরণের জন্য সার্টিফিকেটের পিছনের পৃষ্ঠায় শিলমোহরের উপর নবীকরণের দিন এবং তার সময়সীমার তারিখ উল্লেখ করা থাকছে।

(৮) রেজিস্ট্রেশন নবীকরণের কার্ড সংরক্ষণ করার ব্যবস্থা কাউন্সিল অফিসে করা হয়েছে।

(৯) কমপিউটারে এ সব তথ্য সংরক্ষণের কাজ শুরু হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানাবেন কি, এই যে প্রচার, সরকারি দপ্তরে বিভিন্ন ভাবে নবীকরণ করার জন্য, সুষ্ঠভাবে কাজ সম্পন্ন করার জন্য যে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছিলেন, বলেছেন—আপনার বক্তব্যে

করেছেন, তাতে রেজিস্ট্রিকরণ এবং পুনর্নবীকরণ আজ পর্যন্ত কতজনকে করতে পেরেছেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ১৬.১২.'০২ পর্যন্ত, অর্থাৎ গত ১৬ তারিখ পর্যন্ত ৩ হাজার ৩৯১ জন।

শ্রী কাশীনাথ মিশ্র : এর মধ্যে রাজ্যে বর্তমানে নার্স, স্বাস্থ্যকর্মী এবং ধাত্রীদের সংখ্যা কত মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্বাস্থ্যকর্মী এবং নার্সিং—নার্সিং রেজিস্ট্রিকৃত হবে না। স্বাস্থ্যকর্মী অর্থাৎ এই যারা এ.এন.এম. আছে ; কিন্তু স্বাস্থ্যকর্মী অর্থাৎ হেল্‌থ ওয়ার্কার বলতে যা বোঝায় তা হবে না আর ধাত্রী বলতে যারা টি.ডি., ট্রেন্ডদাই তারা হবে না। আর বাকি সংখ্যাটা হচ্ছে ওই ২৬ হাজারের মতো।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন নার্সিং কাউন্সিলের সভাপতির ফাংশান কি বেতার ও দূরদর্শনে সংবাদ পরিবেশন করা না পদাধিকারবলে অন্য কোনও কাজও তার আছে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সভাপতি হিসাবে অবশ্যই তার কাজ বেতার ও দূরদর্শনের সবাইকে অবহিত করা। কারণ এই কাজটা ভালোভাবে প্রচার হওয়া দরকার। সেইজন্য যে কাজটা তিনি করেছেন সেটা ভালো কাজই করেছেন। আর ১৯৩৪ সালের যে আইন এবং সময়ে সময়ে যে সংশোধনী হয়েছে সেখানে যা যা অধিকার তাকে দেওয়া হয়েছে সেইসব কাজ তিনি করছেন।

শ্রী দেবপ্রসাদ সরকার : এই নার্সিং সার্টিফিকেট নবীকরণের যে সার্কুলার আপনি দিয়েছেন তা থেকে সরকারের রেভিনিউ কত আসবে ? যে সমস্ত নার্সরা ট্রেনিং নিয়ে আছেন সে সকারই হোক বা বেকারই হোক সবার ক্ষেত্রেই কি এটা প্রযোজ্য ? আর যারা বেকার আছেন সেইসব নার্সদের নিয়োগের ব্যাপারে সরকার কি চিন্তা-ভাবনা করছেন?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এই রেজিস্ট্রেশান রিনিউয়াল করার জন্য যে রেভিনিউ আসবে সেটা নার্সিং কাউন্সিলিং পাবে, এর সঙ্গে সরকারের কোনো সম্পর্ক নেই। কারণ এই নার্সিং কাউন্সিল একটা অটোনমাস বডি। আর যারা বেকার বা কাজ করছেন সবার ক্ষেত্রেই এটা প্রযোজ্য। ডাক্তাররা যেমন প্রাইভেট প্র্যাকটিশ করলেও তাদের রেজিস্ট্রেশান দরকার হয়, তেমনি নার্সসেরও একটা রেজিস্ট্রেশান লাগে। সেই নার্স চাকরি করুন বা না করুন, তাদের রেজিস্ট্রেশানটা রিনিউয়াল করতে হবে। আমি আবার বলছি, ধাত্রী বা ট্রেন্ড দাই বা দাইমা তারা এই রেজিস্ট্রেশানের মধ্যে আসে না। তাদেরকে বাদ দিয়েই সংখ্যাটা ২৬ হাজারের মতো।

শ্রী তাপস রায় : এটা অত্যন্ত জরুরি প্রশ্ন এবং এই ব্যাপারে ওনার পদক্ষেপ দরকার। সরকার এখানে উৎসাহদান করছেন ছোট, বড়, মাঝারি হাসপাতাল বা রিসার্চ সেন্টার গড়ে তোলার জন্য। কিন্তু আমরা দেখছি একটি বা দুটি প্রদেশের নার্সিং স্টাফরাই বেশিরভাগ জায়গায় কাজ করছেন। সেখানে আপনার দপ্তর বা কাউন্সিলের তারা

নিয়ন্ত্রনাধীন আছে কি এবং তারা এই রেজিস্ট্রেশানের আওতায় পড়ছে কি ? কারণ ডাক্তাররা ডায়াগনেসিস করছেন, কিন্তু এই নার্সিং স্টাফদের উপরেই মানুষের জীবনের বাঁচা-মরা নির্ভর করছে।

[11.30—11.40 a.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কোন প্রদেশে কি হচ্ছে সেটা নিয়ে আমি মাথা ঘামাতে পারব না। আমরা যেটা করছি সেটা বলি। আপনারা জানেন ১৯৯৯ সালে নার্সিং কাউন্সিল সম্পর্কে যে আইন আপনারা সংশোধন করেছিলেন এই হাউসে তার উদ্দেশ্য ছিল, বিভিন্ন প্রাইভেট সেক্টর ইত্যাদি ইত্যাদি করে নানা ধরনের নার্সের নামে যারা এইসব কাজ করছে, তারা সবাই নার্স নয়, তারা রেজিস্টার্ড নার্স নয়, প্রথমে তাদের রেজিস্টার্ড নার্স হিসাবে তালিকাভুক্ত করে রেজিস্ট্রেশান সার্টিফিকেট দেওয়া। তাহলে বোঝা যাবে কারা প্রকৃত নার্স কারা প্রকৃত নার্স নয়। এই কাজ সম্পন্ন হলে যারা যারা রেজিস্টার্ড নয় তাদের সম্পর্কে নির্দিষ্ট ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। আমরা সেইজন্য বিধানসভায় যে আইন করেছিলাম সেটা কার্যকারী করার চেষ্টা করছি। কাজটা আরম্ভ হয়েছে, তিন মাসের মধ্যে হবে কিনা বলতে পারব না, জাস্ট কাজটা আরম্ভ হয়েছে। কবে শেষ হবে এখনই বলা সম্ভব নয়।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। আপনারা এই যে রাজ্যে নার্স বা স্বাস্থ্যকর্মী নিয়োগ করে থাকেন, আপনার কাছে অনুরোধ, আপনি যে সমস্ত নার্স নবীকরণ করার চেষ্টা করছেন সেখানে অন্তত যারা নার্স, সত্যিকারের যারা নার্সিং করেন তাদের দেওয়া উচিত। কয়েকদিন আগে কাগজে দেখেছেন আপনার দপ্তরের সি.এ., তাঁর সঙ্গে নার্স খারাপ বিহেভ করেছে। এখানে যাঁরা বসে আছেন, সমস্ত এম.এল.এ.-দের অভিজ্ঞতা আছে হাসপাতালে নার্সেরা কিভাবে দুর্ব্যবহার করে। এই নার্সেরাই রোগী ভাল করে, রোগী ভাল করে বাড়িতে ফেরত পাঠায়। সেইজন্য নার্স এমন হওয়া উচিত যারা সত্যই নার্সিং করে, বিহেভ ভাল করে, মিষ্টি কথা বলে। এইভাবে মন্ত্রী মহাশয় চিন্তা করছেন বলবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : নার্স খারাপ ব্যবহার করে এটা আমি মেনে নিতে পারছি না। সাধারণভাবে ভাল ব্যবহার করে তাঁরা। তবে তাদের অনেক অসুবিধার মধ্যে কাজ করতে হয়। ব্যতিক্রম হলে ব্যবস্থা নেওয়া হয় এবং ব্যবস্থা নেওয়াও হবে।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই সরকারি নিয়ম অনুসারে কতজন রোগী পিছু একজন নার্স থাকা প্রয়োজন ? সেটা ঠিকমতো ভাবে পালন করা হচ্ছে কিনা বলবেন। রাজ্যে কতজন নার্স আছে তার সংখ্যা থাকলে বলবেন এবং যদি থাকে সেটা কম আছে না বেশি আছে বলবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ৫ জন রোগীর পেছনে একজন নার্স, এটা মেনে চলা হয়। সেই অনুযায়ীই হাসপাতালগুলোতে আছে বিশেষ করে এখানকার হাসপাতালগুলো আছে। তবে দূরে একটু কম আছে। সেখানে যদি আমদের নিয়ম অনুযায়ী দিতে হয় তাহলে কলকাতায়

এবং তার আশেপাশে অনেক নার্স কমিয়ে আনতে হবে। মাঝে মাঝে কম হয় রিটেয়ার ইত্যাদি করেন বলে। গত ১ বছরে আপনারা লক্ষ করেছেন সব মিলিয়ে ১৩০০ নার্স আমরা নিয়োগ করার ব্যবস্থা করেছি। ফাঁকা হলে শূন্য পদ হলে পুরণ করা হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : পশ্চিমবাংলায় সবচেয়ে গুরুত্বপূর্ণ সরকারি হাসপাতাল হল এস.এস.কে.এম. হাসপাতাল। এই এস.এস.কে.এম. হাসপাতাল হল রেফার্ড হাসপাতাল। এই রেফার্ড হাসপাতালে সব সময়ই দেখা যায় যত সিট আছে তার অনেক বেশি রোগী থাকে। কিন্তু সেই তুলনায় নার্স বাড়ানো হয় না। নার্সদের সঙ্গে কথা বললে তাঁরা বলেন এত রোগীকে সামাল দেওয়া তাদের পক্ষে সম্ভব নয়। এস.এস.কে.এম হাসপাতালে রোগী পিছু যা নার্স থাকার কথা সেটা সঠিক ভাবে আছে না কম আছে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যাংশন বেড যা আছে সেই অনুযায়ী ৫:১ আছে। এই কথা ঠিক সেখানে ৫:১ হলেও সমস্যার সমাধান হয় না। তার কারণ হচ্ছে স্যাংশন বেডের যে স্ট্রেন্থ তার চেয়ে বেশি রোগী সেখানে থাকে। তারপর ও.টি-তে থকে, আউটডোরে থাকে, এমারজেন্সিতে থাকে, এইগুলোতে লাগলে দিতে হয়। ৫:১ ধরে দেওয়া আছে কিন্তু ৫:১ হয় না কারণ অনেক সময় ছুটিতে থাকে, ফলে একটা চাপ থাকে। তবে নর্মস অনুযায়ী সেখানে স্ট্রেন্থ আছে। তবে এস.এইচ.এস.টি.পি. প্রকল্পে অ্যাডিশনাল পোস্ট ক্রিয়েট করেছিলাম, তার কন্ট্রাকচুয়াল বেসিসে ৫০০ স্টাফ নার্স অ্যাপয়েন্ট হবে। আমরা এখন সিদ্ধান্ত নিয়েছি। কিন্তু চাপ থাকবে। চাপ নেই, এ-কথা মনে করার কোনো কারণ নেই।

শ্রী রবীন্দ্র ঘোষ : দেখা যায় কোনো হাসপাতালের জন্মলগ্ন থেকে কিছু কিছু নার্স ২৫/৩০ বছর পর্যন্ত থেকে যাচ্ছে, তারা মনে করে সারাজীবন থেকে যাবে। তারা হাসপাতালের দুর্নাম করছে। আমি বিশেষ করে বলছি উলুবেড়িয়া হাসপাতালের কথা। যারা দীর্ঘদিন ধরে আছে একই জায়গাতে, তাদের ট্রান্সফার করার কথা চিন্তা করছেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : নার্সিং স্টাফদের ট্রান্সফারের নীতি একটা হয়েছে। সেইভাবে হচ্ছে। তবে বড় ধরনের ট্রান্সফার যখন পরীক্ষার সিজন থাকে তখন দেখেশুনে করতে হয়। সেটা এখনও হয়নি। হবে।

পর্যটন শিল্পকে উন্নত করার লক্ষ্যে উড়ান যোগাযোগ

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯) **শ্রী রামপদ সামন্ত :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পর্যটন শিল্পকে উন্নীত করার লক্ষ্যে প্রতিটি জেলা সদরের সঙ্গে কলকাতার সরাসরি উড়ান যোগাযোগ ব্যবস্থা চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

সংযোজন (১) কেন্দ্রীয় সরকারের অসামরিক পরিবহন দপ্তরকে অনুরোধ করা হয়েছে শিলিগুড়ির বাগডোগরা বিমান বন্দর থেকে বিভিন্ন উড়ান চালানোর জন্য।

(২) বেজিং - নয়াদিল্লি উড়ানসহ, অন্যান্য আরো কয়েকটি আন্তর্জাতিক পর্যায়ের উড়ান যাতে কলকাতা নেতাজি আন্তর্জাতিক বিমান বন্দর ছুঁয়ে যেতে পারে। সেই ব্যাপারেও কেন্দ্রীয় অসামরিক বিমান চলাচল মন্ত্রককে লেখা হয়েছে।

শ্রী রামপদ সামন্ত : পশ্চিমবাংলার পর্যটন শিল্পকে উন্নত করার ক্ষেত্রে সরকারি ভাবে কি কি প্রচেষ্টা নেওয়া হয়েছে যদি জানান। পশ্চিমবাংলার একদিকে পাহাড়, আর একদিকে সমুদ্র রয়েছে, রয়েছে বিস্তীর্ণ বনাঞ্চল, নানান দর্শনীয় স্থান। কোনো পর্যটক যদি সব দেখতে চান, সেক্ষেত্রে সরকারের পক্ষ থেকে কোনো সুনির্দিষ্ট প্রকল্প বা ব্যবস্থা কি রয়েছে, বিশেষ করে সমবায়ের মাধ্যমে পর্যটন শিল্পকে উন্নত করার কোনো পরিকল্পনা কি রয়েছে ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : পর্যটন শিল্পের উন্নতির জন্য বিমান নিঃসন্দেহে একটা অপরিহার্য অঙ্গ—বিশেষ করে বিদেশি পর্যটকদের ক্ষেত্রে। অভ্যন্তরীণ পর্যটন, জেলার মধ্যে পর্যটন সবসময় বিমানের উপর নির্ভর করে না। আমাদের রাজ্যের মধ্যে রেলের যে ব্যবস্থা আছে, সেটা আরও উন্নত করার চেষ্টা হচ্ছে। এই নিয়ে প্রায়ই ওদের সঙ্গে মিটিং হয়। বাকিটা হচ্ছে মোটরের ব্যবস্থা। এটা বেশিরভাগই প্রাইভেট শিল্পের ব্যাপার। এই নিয়ে মোটর ট্যুর অপারেটরদের সঙ্গে মাঝে মাঝে বসা হয়। এমন অবস্থা এখানে নয় যে, মোটর যানের অভাবে যেতে পারবে না। আপনার নির্দিষ্ট প্রশ্ন—জেলায় জেলায় বিমানের যোগাযোগ—এটা আমাদের কোনো পরিকল্পনা নেই, কারণ এটা আমাদের ব্যাপার নয়, কেন্দ্রীয় সরকারের। তবে দু-একটা যেমন বাগডোগরা বা আমাদের দমদম দুটো বিমান বন্দর যাতে আরও উন্নীত হয়, অর্থাৎ বেশি যাতায়াত করে তার জন্য প্রচেষ্টা চলছে।

[11.40—11.50 a.m.]

শ্রীরামপদ সামন্ত : পর্যটন শিল্পের বিকাশের জন্য যে শুধুমাত্র পর্যটন দপ্তরের চেষ্টাতে সম্ভব হবে তা মনে হয় না। কারণ এখানে পরিবেশ দপ্তর, খাদ্য দপ্তর-এর বিশেষ ভূমিকা থাকে। এছাড়া পর্যটক আবাসগুলিতে দেখা যায় যে নানা রকম অনৈতিক কাজ চলছে। এই সমস্ত ক্ষেত্রে বিভিন্ন ডিপার্টমেন্টগুলিকে সমন্বয় করে পর্যটন শিল্পকে উন্নতি করার ব্যবস্থা গ্রহণ করছেন কিনা। যদি না করে থাকে কবে থেকে গ্রহণ করবেন। আমাদের বিধানসভায় পিটিশান কমিটি উপস্থাপন করেছেন যে, সমস্ত বিভাগকে সমন্বয় করা দরকার

এবং তা নাহলে সমস্যার সমাধান করা যাবে না। এই ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা।

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : আপনি যে বিষয়গুলি নিয়ে প্রশ্ন দিয়েছেন, তার সঙ্গে সবগুলি ঠিক প্রাসঙ্গিক নয়। তবে বিভিন্ন বিভাগের সঙ্গে আমাদের আলাপ-আলোচনা সবসময়ই চলে এবং ভবিষ্যতেও চলবে।

শ্রী নির্মল দাস : আলিপুরদুয়ারে একটা কোচ ইন্টারসিটিতে রাখবেন বলা হয়েছিল। কিন্তু সেটার কি হল জানি না। আপনি জানেন যে, বাগডোগরা বিমানবন্দরে সিভিল অ্যাভিয়েশান-এর সঙ্গে এয়ারফোর্সও ব্যবহার করছে। ডুয়ার্সের হাসিমারাতে যে এয়ারফোর্সের এয়ারোড্রাম আছে সেখানে ক্যালকাটা, বাগডোগরা, গুয়াহাটি-দিল্লি, হাসিমারা-গুয়াহাটি, দিল্লি-ক্যালকাটা, বিশেষ প্রয়োজনে প্রধানমন্ত্রী থেকে শুরু করে অনেক মন্ত্রীরা আসেন। এই হাসিমারা এয়ারফোর্সের বিমান বন্দরের একটা অংশ সিভিল অ্যাভিয়েশানের ব্যবহারের জন্য উদ্যোগ নেবেন কিনা। অনেকদিন আগে থেকে কুচবিহারে ছোট ছোট প্লেন করার ব্যাপারে বলেছিলেন। সেগুলির ব্যাপারে কিভাবে নেটওয়ার্ক সাজাচ্ছেন। কি করে কাজ করছেন।

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : বর্তমানে পশ্চিমবাংলায় যে দুটো বিমানবন্দর চালু আছে সেটা আপনারা ভালো করেই জানেন—দমদম বিমানবন্দর আর বাগডোগরা বিমানবন্দর। অল্পদিন হল কুচবিহার বিমানবন্দর বন্ধ হয়েছে। অতীতে হয়তো আরও বিমানবন্দর থাকতে পারে, সেটা ২৫/৩০ বছরের মধ্যে চালু ছিল না। আমরা কুচবিহার যেটা ১০ বছর হল বন্ধ হয়ে গেছে সেটা চালু করার জন্য অনেক প্রচেষ্টা নেওয়া হয়েছে, মুখ্যমন্ত্রী তাঁর তরফ থেকে চিঠিচাপাটি দিয়েছেন কিন্তু কেন্দ্রীয় সরকার-এর বিশেষ করে বিমান যারা চালায় সেই দপ্তরের একটাই কথা হচ্ছে নতুন করে আর কোথাও বিমান চালাব না। এখন প্রাইভেট পার্টি যারা চালায় তাদের যদি রাজি করাতে পরেন তাহলে পারমিশনের ব্যবস্থা করতে পারি কিন্তু আমরা কুচবিহার বিমানবন্দর চালু করার জন্য চেষ্টা করেছিলাম কিন্তু সেটা করা যায়নি। হাসিমারার বিষয়ে কোনো কথা হয়নি। বিমান কোম্পানি এগোচ্ছে না। কেন্দ্রীয় সরকার বলেই দিয়েছেন যে এটা করা যাবে না।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয় কি মুকুটমণিপুরে গিয়েছেন, মুকুটমণিপুরের পর্যটন কেন্দ্রের একটা চাদর যদি আপনি গায়ে দিতে পারেন, আপনি চাইবেন আমি দেব।

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : মুকুটমণিপুরে আমি গেছি এটা বলতে পারি।

শ্রী আবদুল মান্নান : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় পর্যটন মন্ত্রী হওয়ার পর সংবাদপত্রে বিবৃতি দিলেন যে ট্যুরিস্টদের জন্য থাকার ব্যবস্থা করতে পারব না। একটা ইউরিন্যাল থাকবে, দু-একটা গামছা থাকবে আর কিছু করতে পারব না। এই মানসিকতা ট্যুরিস্ট মিনিস্টারের যদি হয় তাহলে স্বাভাবিকভাবে সেই রাজ্যের পর্যটন শিল্পের উন্নতি হতে পারে না। প্রশ্ন ছিল উড়ান নিয়ে। আপনি বলেছেন সব ট্যুরিস্ট স্পটে উড়ান চালানো সম্ভব না কিন্তু যারা বাইরোড যাতায়াত করে, যোগাযোগ ব্যবস্থা, রাস্তাঘাট এত খারাপ, ইনফ্রাস্ট্রাকচার

এত খারাপ যে আমরা ট্যুরিস্টদের আকর্ষণ করতে পারি না। আমাদের একদিকে পাহাড় আছে, সমুদ্র আছে, ঐতিহাসিক জায়গা আছে, সেগুলো ব্যবহার করতে পারছি না। আমি আপনাকে বলতে চাই যে হরিয়ানার নিজস্ব কোনো ট্যুরিস্ট স্পট নেই অথচ তারা ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে ট্যুরিজমকে লাভজনক করেছে। আপনি অসীমবাবুকে রিলিফ দেওয়ার জন্য, এই রাজ্যের পর্যটনকে উন্নত করার জন্য কোনো নিজস্ব প্যাকেজ করেছেন কি। আপনার এরকম কি কোনো পরিকল্পনা আছে ?

[11.50—12.00 noon]

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : আপনার প্রশ্নের আগে আপনি একটা স্টেটমেন্ট দিয়েছেন যেখানে আপনি বলেছেন ইউরিনালের কাঠামো ছাড়া সরকারের আপাতত কিছু করার ইচ্ছা নেই। এই সম্পর্কে আমার যেটা কথা তা হল যে ট্যুরিজম ব্যাপারটার সঙ্গে দুটো জিনিস জড়িত আছে। একটা হচ্ছে ট্রান্সপোর্টেশন আরেকটা হচ্ছে অ্যাকোমোডেশন। ট্রান্সপোর্টেশান এবং অ্যাকোমোডেশান এই দুটোর জন্য ব্যক্তিগত মালিকানার প্রচেষ্টার অভাব নেই এই পশ্চিমবাংলায়। কোনো গাড়ির অভাব নেই, কোনো অ্যাকোমোডেশানের অভাব নেই। যদি নতুন কোনো স্পট এক্সপ্লোর করা হয় সে ক্ষেত্রে ব্যবসায়ীরা চট করে সেখানে যেতে চায় না, কাজেই সেখানে লস হলেও কিছুদিন অমাদের চালাতেই হয়। চালু পর্যটন কেন্দ্রে গাড়ি এবং অ্যাকোমোডেশানের অভাব নেই। আর রাস্তার ব্যাপারে বলি, অ্যাভারেজ রাস্তা সে ব্যাপারে সরকার অন্তত পর্যটন এলাকাগুলিতে যেমন ডুয়ার্সের রাস্তা খুবই ভালো, ওয়েস্ট জোনের রাস্তা ভালো, তবে সব জায়গায় রাস্তা ভালো তা নয়। আপনি আরেকটা স্টেটমেন্ট দিলেন যে পর্যটক কমে যাচ্ছে, আপনার অবগতির জন্য জানাচ্ছি কেন্দ্রীয় সরকার একটা স্ট্যাটিসটিক্স বা হিসাব-নিকাশ রাখে, তার মধ্যে একথা ঠিক কি কারণে জানি না ওদের রেকর্ডে আছে হাজারিবাগের পর্যটক কমেছে। ওঁরা কি কায়দায় রেকর্ড রাখে সেটা জানি না। বিষ্ণুপুরে বেড়েছে, কুচবিহার প্যালেসে হয়তো নতুন হওয়ার জন্য আকর্ষণ বেশি হতে পারে সেখানে বেড়েছে, এক বছরে সেখানে ৩৬৬ পার্সেন্ট পর্যটক বেড়েছে। এই স্ট্যাটিস্টিক্স দিল্লি থেকে দিয়েছে। কাজেই অ্যাভারেজ পর্যটক কমেছে সেটা আমরা মনে করি না। ডুয়ার্সের হোটেলে প্রচুর ভ্যাকেন্সি আছে এটা ঠিক নয়। রাস্তার ব্যাপারে সরকারের বিভিন্ন দপ্তরের সাথে কো-অর্ডিনেটেড ওয়েতে তারা কাজ করছেন। এখানে বিমান প্রসঙ্গে এই কথাগুলি আসার কথা নয়, তবুও উনি বলেছেন, সেই দিক থেকে বলতে হয় একটা সার্বিক প্রচেষ্টা হচ্ছে। আমরা পর্যটনের ব্যাপারে দিল্লির রিকোয়েস্ট অনুযায়ী ২০ ইয়ার্সের পার্সপেকটিভ প্ল্যান তৈরি করেছি বিশেষ কনসালট্যান্টকে দিয়ে এবং আমরা দিল্লিকে কিছু কিছু প্রকল্প ইতিমধ্যেই দিয়েছি। সুতরাং একেবারে প্রকল্পবিহীন অবস্থায় পশ্চিমবঙ্গ বসে নেই এবং পর্যটকও কমেনি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আপনি গত বাজেট এবং তার আগের বাজেটে উল্লেখ করেছিলেন যে আমাদের রাজ্যের মধ্যে গুরুত্বপূর্ণ সড়ক এবং জাতীয় সড়কের পাশাপাশি ৬০ কিঃমিঃ অন্তর অন্তর একটা করে পর্যটন কেন্দ্র গড়ে তুলবেন। এই কাজের অগ্রগতি কি হয়েছে ?

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : আমাদের একটা পরিকল্পনা আছে বিদেশের মতো এখানেও কিছু দূর পরপর অন্ততপক্ষে একটা করে ইউরিনাল এবং টেম্পোরারি সার্ভিস খোলার জন্য। এই বিষয়ে ওয়েল কোম্পানিগুলি এগিয়ে আসছে, আমরা তাদের সাথে বসছি। ৬০, ৭০ কিঃমিঃ পরপর এই রকম পর্যটন কেন্দ্র করতে তারাও ইচ্ছুক। তারা সেখানে ওয়েলের ব্যবসা করবে এবং দোকান তৈরি করবে, আর আমরা ইউরিনাল ইত্যাদি করব। বাণিজ্যিক দিকটা তারা দেখবে। আমরা ডি.এম.-দের কাছে লিখেছি এবং তাদের সাথে ভি.ডি.ও. কনফারেন্স করেছি, তাঁরা জায়গা সিলেক্ট করছেন, এটা সিলেক্ট হয়ে গেলে তখন আমরা ওয়েল কোম্পানির সাথে কথা বলব।

শ্রী তাপস রায় : স্যার, মাননীয় পর্যটন মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন। বাংলার মানুষ পর্যটনপ্রেমী আপনারা জানেন। 'বেঙ্গল এয়ার' বলে যেটা শুনছিলাম এবং উঠেছিল তার ব্যাপারে বলতে চাইছি। দার্জিলিং থেকে দীঘা, জলদাপাড়া থেকে সুন্দরবন, অযোধ্যা পাহাড় থেকে মুর্শিদাবাদ—এই যে ইতিহাস প্রসিদ্ধ জায়গা, এগুলো দেখানোর জন্য সেই বেঙ্গল এয়ার কতদূর এগিয়েছে ? এই হচ্ছে নম্বর এক। দ্বিতীয়ত, সরকার আজকে অর্থনৈতিক অনটনের মধ্যে দিয়ে যখন চলছে এবং অর্ডিন্যান্স করে, বিল এনে, অ্যাক্ট করে অর্থ তোলা হচ্ছে তখন আপনিও সরকারকে হেল্প করতে পারতেন। কারণ, মানুষ পর্যটনের ক্ষেত্রে অর্থ খরচ করতে চান। এই ব্যাপারে আপনি কি পরিকল্পনা গ্রহণ করেছেন ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : 'বেঙ্গল এয়ার' নামে একটা কোম্পানি চেষ্টা করেছিল এবং ওদের কিছুটা কাজ এগিয়েও ছিল। কিন্তু নিজেদের সংগঠনের ব্যাপারে পরবর্তীকালে নিজেদের মধ্যে মামলা-মোকদ্দমা এবং গণ্ডগোলের ফলে 'বেঙ্গল এয়ার'-র কোনো কাজ আর এগোয়নি বলে খবর আছে। এটা কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের কোম্পানি নয়, একটা ব্যক্তিগত কোম্পানি স্টার্ট হয়েছিল। বিভিন্ন জায়গার যোগাযোগ ইত্যাদি সম্পর্কে আমাদের কাছে অভাব-অভিযোগ থাকা সত্ত্বেও এই বছর এইসব ইন্টার কানেক্টিং রাস্তা থেকে, বাসস্টপ থেকে গৌড় বা পলাশীর ভেতর যাওয়ার ২-১ কিলোমিটারের কাজে হাত দিচ্ছি এবং আশা করছি এবারে অনেকগুলো প্ল্যান মঞ্জুর করতে পারব।

শ্রী আনন্দগোপাল দাস : সাম্প্রতিককালে গুজরাটে নির্বাচনের ফলাফলের পরে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ এলাকা ছেড়ে চলে যাচ্ছে। সেইজন্য মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ১ হাজার বছর আগে নানুরের চণ্ডীদাস মানুষকে সামনে রেখে বলেছিলেন, 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই'। সেই চণ্ডীদাসকে সম্মান জানানোর জন্য বর্তমান পরিস্থিতিতে দাঁড়িয়ে ওই জায়গাকে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা ?

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া : আপাতত এ ব্যাপারে সুনির্দিষ্ট কোনো প্রস্তাব আসেনি। এটা ট্যুরিস্ট সেন্টার, মেলা-টেলা হয়। তবে কোনো প্রস্তাব থাকলে বিবেচনা করব।

Reopen Dunlop Factory in Sahagunj

*52. (Admitted question No. *50) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Industrial Re-Construction Department be pleased to state—

(a) steps taken by the Government to reopen Dunlop Factory in Sahagunj ; and

(b) progress so far in the matter

Minister-in-Charge of the Industrial Re-Construction Dept.

(a) State Government has taken all efforts in exploring the possibilities for reopening of the Sahagunj unit of the company in consultation with the Dunlop management, its employees and other concerned mainly secured creditors like banks.

(b) Both the management and the employees organizations have been requested to arrive at a consensus on the employees related issues mainly sacrifices as sought from the employees. The negotiation between the management and the employees' unions is in progress.

The Draft Rehabilitation Scheme for the company as a whole is presently under consideration of AAIFR.

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এ পর্যন্ত ডানলপ বন্ধ রাখার জন্য কতজন কর্মী আত্মহত্যা করেছেন ? গত বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, 'একজন এমপ্লয়ি মারা গিয়েছেন, তাঁর মেয়ের ক্যানসার, তার ক্যানসারের চিকিৎসার ব্যবস্থা সরকার করবেন'। অথচ কিছুই ব্যবস্থা হয়নি। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : এটা আমার দপ্তরের বিষয় নয়। কারা মারা গিয়েছেন, কতজন আত্মহত্যা করেছেন, কারা কিভাবে মারা গিয়েছেন এটা আমার দপ্তরের বিষয় নয়।

শ্রী সৌগত রায় : আমি যতদূর জেনেছি যে, মালিকরা একটা প্রস্তাব দিয়েছে, তা হল, ডানলপে ৮ হাজার কর্মী ছিল, এখন সেটা কমিয়ে ৪০০ কর্মী রেখে তারা কারখানা খুলতে চায়। স্বভাবত ইউনিয়ন রাজি হচ্ছে না। সরকার কি কোনো মতামত ম্যানেজমেন্টকে জানিয়েছে ?

শ্রী নিরুপম সেন : সরকার এ ব্যাপারে কোনো মতামত ম্যানেজমেন্টকে জানায়নি। ম্যানেজমেন্ট সরাসরি ট্রেড-ইনিয়নের সঙ্গে আলোচনা করছে। আম্বাটুর ইউনিটে ওখানকার ম্যানেজমেন্টের সঙ্গে ট্রেড-ইউনিয়নের একটা চুক্তি হয়েছে। সেই রকম চুক্তির মতো

এখানেও ট্রেড-ইউনিয়নের সঙ্গে ম্যানেজমেন্ট আলোচনা করছেন। ম্যানেজমেন্ট আলোচনা করে কী বলেন সেটা দেখে তারপর আমরা আমাদের পদক্ষেপ ঠিক করবো।

Starred Questions
(to which answers were laid on the Table)

স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কমিউনিটি হেল্‌থ ভলেন্টিয়ার

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২) শ্রী ইউনুস সরকার : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিভিন্ন ব্লকে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বিভিন্ন কাজে সহযোগিতার জন্য কমিউনিটি হেল্‌থ ভলেন্টিয়ার (কমিউনিটি হেল্‌থ ওয়ার্কার)দের নিযুক্ত করা হয়েছে ;

(খ) সত্যি হলে, এঁদের জন্য কোনো পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা হয়েছে কি ; এবং

(গ) এঁদের জন্য নির্দিষ্ট কাজগুলি কী কী ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) না।

(গ) প্রশ্নই ওঠে না।

Allotment of land for establishment of new Industries

*54. (Admitted Question No. *202) **Shri Arunava Ghosh :** Will the Minister-in-Charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) number of new Industries for which has been allotted land by the Government for establishment during last five years ; and

(b) how many of them has started production during the said period in West Bengal ?

Minister-in-Charge of the Commerce & Industries Department :

(a) Corporations under Commerce & Industries Department allotted land to 132 industries

(b) 33

উন্নয়নমূলক খাতে রাজ্যের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণদানের পরিমাণ

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে অবস্থিত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কগুলিতে আমানতের পরিমাণ বৃদ্ধি পেলেও রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক খাতে সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলি থেকে ঋণদানের পরিমাণ খুবই নগণ্য ; এবং

(খ) সত্যি হলে, বিগত ২০০০-২০০১ ও ২০০১-২০০২ আর্থিক বছরে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে আমানতের পরিমাণ ও ঋণদানের পরিমাণ কত ছিল ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এ রাজ্যে অবস্থিত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে আমানতের পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পেলেও উন্নয়নমূলক খাতে ঋণদানের পরিমাণ প্রয়োজনের তুলনায় নগন্য।

(খ) এ রাজ্যে অবস্থিত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে বিগত ২০০০-২০০১ আর্থিক বছরের শেষে আমানত ও ঋণের পরিমাণ ছিল যথাক্রমে ৫৪,৮৩০ কোটি ৭৭ লক্ষ টাকা এবং ২৩,৮৭১ কোটি ৪৭ লক্ষ টাকা। বিগত ২০০১-২০০২ আর্থিক বছরের শেষে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে আমানত এবং ঋণের পরিমাণ ছিল যথাক্রমে ৬১,৯৬৪ কোটি ৯৬ লক্ষ টাকা এবং ২৯,০১৭ কোটি ৬৯ লক্ষ টাকা।

গ্রামীণ হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির বর্তমান অবস্থা

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রীমতি সোনালী গুহ** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে মোট গ্রামীণ হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, উত্তর ২৪-পরগনা জেলায় কতগুলি ;

(গ) রাজ্যের কতগুলি গ্রামীণ হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বর্তমানে বন্ধ হয়ে পড়ে আছে ;

(ঘ) কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বিনা ডাক্তারে চালু আছে ;

(ঙ) রাজ্যের গ্রামীণ হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে সঠিক স্বাস্থ্য পরিষেবা দেবার ব্যাপারে সরকারের পরিকল্পনা কি ; এবং

(চ) বন্ধ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলি পুনরুজ্জীবিত করে স্বাস্থ্য পরিষেবার উপযোগী করে তোলার বিষয়ে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গ্রামীণ হাসপাতাল : ৯৪টি
ব্লক প্রাথমিক : ২৫২টি
প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : ৯২৩টি

(খ) গ্রামীণ : ৭টি
ব্লক প্রাথমিক : ১৫টি
প্রাথমিক : ৫১টি

(গ) সরকারিভাবে কোনো গ্রামীণ ও প্রাথমিক হাসপাতাল/স্বাস্থ্যকেন্দ্র বন্ধ হয়ে পড়ে নেই।

(ঘ) বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত হিসাব অনুযায়ী বর্তমানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মোট ৮৬ জন চিকিৎসকের শূন্যপদ রয়েছে।

(ঙ) রাজ্যের গ্রামীণ হাসপাতালগুলিকে রাজ্য স্বাস্থ্য উন্নয়ন প্রকল্প-২ অধীনে এই গ্রামীণ হাসপাতালগুলিকে উন্নীত করবার প্রয়াস নেওয়া হয়েছে (যেমন নতুন ভবন নির্মাণ। উন্নত যন্ত্রপাতি সরবরাহ। নতুন নতুন কর্মচারী পদ সৃষ্টি প্রভৃতি) এ ছাড়াও গ্রামীণ হাসপাতালগুলিকে উন্নত পরিষেবা দেওয়ার জন্য বিশেষ পদ (বিশেষজ্ঞ ডাক্তারের) সৃষ্টি করা হয়েছে এবং ধাত্রী বিভাগের এবং শিশুবিভাগ চালাবার জন্য নিকটবর্তী জেলা ও মহকুমা হাসপাতাল থেকে বিশেষজ্ঞ চিকিৎসক প্রেরণ করার ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ক্ষেত্রে জি.টি. জেড প্রকল্প এবং আই.ডি.এফ.-এর সহায়তায় এই কেন্দ্রগুলির উন্নতিবিধান করা হইতেছে।

(চ) (গ) এবং (ঙ) দ্রষ্টব্য।

হুগলি নদীর সংযোগ স্থলে স্লুইশ গেট নির্মাণ

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪১১) **শ্রী রবীন্দ্র ঘোষ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নিম্ন দামোদরের শেষ প্রান্তে, হুগলি নদীর সংযোগ স্থলে স্লুইশ গেট নির্মাণ করে শ্যামপুর ১ নং ব্লকের অধীন ৭৫টি মৌজার গরিব চাষীদের স্বার্থ রক্ষার কোনো পরিকল্পনা আছে কী ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

আপাতত নেই।

ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের শিল্পসমূহের ট্রেড লাইসেন্স

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭) শ্রী পার্থ চ্যাটার্জী : ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ক্ষুদ্র ও কুটীর শিল্পের অধীনস্থ ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে শিল্পসমূহের ট্রেড লাইসেন্স করতে গেলে দু-বার করে কর দিতে হয় ;

(খ) সত্যি হলে, এর কারণ কী ; এবং

(গ) শিল্পসমূহের লাইসেন্সের জন্য দু-বার কর দেবার প্রথা বিলোপ করা যায় কি না ?

কুটীর ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কুটীর ও ক্ষুদ্র শিল্প বিভাগের পক্ষ থেকে ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের শিল্পসমূহের ট্রেড লাইসেন্স দেওয়া হয় না। সুতরাং, এই বিভাগের পক্ষ থেকে এ বাবদ কর আদায়ের কোনো প্রশ্ন ওঠে না।

(খ) প্রযোজ্য নয়।

(গ) প্রযোজ্য নয়।

গঙ্গা, পদ্মা ও ভাগীরথীর ভাঙন কবলিত এলাকা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৩) শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কত কিলোমিটার নদী সংলগ্ন এলাকা গঙ্গা, পদ্মা ও ভাগীরথীর ভাঙনের কবলে পড়েছে ;

(খ) চলতি আর্থিক বছরে কোথায় কোথায় কত কিলোমিটার ভাঙন প্রতিরোধে কাজ হতে পারে বলে আশা করা যায় ; এবং

(গ) গঙ্গা, পদ্মা ও ভাগীরথীর ভাঙন দ্রুত প্রতিরোধে কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবার সিদ্ধান্ত নিয়েছেন এমন কোনো তথ্য সরকারের জানা আছে কি ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গঙ্গা, পদ্মা ও ভাগীরথী নদী সংলগ্ন এলাকার প্রায় ১১৫ কিলোমিটার দৈর্ঘ্য ভাঙনের কবলে পড়েছে।

(খ) প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে চলতি আর্থিক বছরে (২০০২-০৩) নিম্নলিখিত এলাকায় ভাঙন প্রতিরোধে কাজ হতে পারে বলে আশা করা যায় :

(১) মালদহ জেলার পঞ্চানন্দপুর, থানা কালিয়াচক (গঙ্গার বাম তীরবর্তী এলাকায়) ..... ২.৯ কি.মি.

(২) মুর্শিদাবাদ জেলার ব্রাহ্মণ গ্রাম, সাঁকোপাড়া, খোদাবন্দপুর, কামালপুর, মুক্তিনগর, লক্ষ্মীনগর, কাগজি পাড়া, লালপুর-ঘোষপাড়া, আওরঙ্গাবাদ, গিরিয়া, ময়া, আখরিগঞ্জ বামনাবাদ (গঙ্গা-পদ্মা নদীর ডানতীরবর্তী এলাকায়)..... ৫ কি.মি.

(৩) নদিয়া জেলার শান্তিপুর শ্মশানঘাট থেকে ফেরিঘাট (ভাগীরথী নদীর ডান তীরবর্তী এলাকা) ..... ২.৭ কি.মি.

(গ) না, গঙ্গা-পদ্মা ভাগীরথীর ভাঙন দ্রুত প্রতিরোধে কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সিদ্ধান্ত গ্রহণ করেছেন এমন কোনো তথ্য রাজ্য সরকারের কাছে নেই।

Private entrepreneur in Jadavpur T. B. Hospital

*60. (Admitted question No. *91) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-Charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) is it true that a Private entrepreneur is permitted to start a Medical College at the existing Jadavpur T.B. Hospital premises ;

(b) if so, who is this entrepreneur ; and

(c) what are the terms and conditions offered to them ?

Minister-in-Charge of Health & Family Welfare Department :

(a) Yes, a MOU. has been signed between the State Govt. of W.B. and Indo-British Health Care Ltd. to establish a 1000 bed Govt. teaching Hospital/Medical College there.

(b) Sri S. Chakraborty signed the MOU. on behalf of Indo-British Health Care Ltd., CG-90 Salt Lake City, Kol-700091.

The Indo-British Health Care Ltd. had entered into a MOU with Inventures, a division of National Health Service of the United Kingdom to provide technical assistance, advice and expertise in all aspects of the project.

(c) The Govt. will provide 50 acres of land on long term lease for this purpose. The management Board of the Hospital will comprise State Govt. nominees, Representatives from National Health Service, Royal College of Physicians and Directorate of Medical Education will be included in the Hospital Body.

The proposed Medical College will be completed in 3 phases under strict Govt. surveillance. In Phase I a 300 beded Hospital will be constructed with treatment and operational facilities as well as a Medical College with an annual intake of 50 MBBS students. The following phases will see further expansion of beds patients care and increase of intake capacity of students.

If the said Entrepreneur fail to reach this goal, the land will be returned to the State Govt. free from all encumbrances.

দুর্গাপুর ব্যারেজ সহ অন্যান্য জলাধারগুলির জলধারণ ক্ষমতা

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৫) শ্রী শ্যামাপ্রসাদ পাল : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দামোদর দুর্গাপুর ব্যারেজসহ অন্যান্য বাঁধগুলির জল ধারণ ক্ষমতা পলি জমার ফলে কমে যাওয়ায় বন্যা নিয়ন্ত্রণে অসুবিধা হচ্ছে ;

(খ) সত্যি হলে, উক্ত পলি অপসারণে কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কি ;

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কী পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(ঘ) 'খ' প্রশ্নের উত্তর না হলে, কবে নাগাদ পলি অপসারণ পরিকল্পনা নেওয়া হতে পারে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দামোদর উপত্যকা প্রকল্পে দুর্গাপুর ব্যারেজ, ময়ূরাক্ষী জলাধার প্রকল্পের তিলপাড়া ব্যারেজ ইত্যাদি অনেকগুলি ব্যারেজ সারা রাজ্য জুড়ে এই বিভাগের অধীনে আছে। এই ব্যারেজগুলির উপরভাগে অবস্থিত জলাশয়গুলি প্রধানত জমিতে কৃষিকার্যে সেচের জল সরবরাহ করার জন্য নির্মিত। তৎসহ, নিকটবর্তী শহরগুলিতেও এই জলাধারগুলি থেকে জল সরবরাহ করা হয়। জলাধারগুলিতে পলি জমছে এটা সঠিক। কিন্তু যেহেতু যে কোনো ব্যারেজের

জল ধারণের ক্ষমতা অত্যন্ত সীমিত এবং তাহা শুধুমাত্র সেচের এবং পানীয় জলের জন্য ব্যবহৃত হয়, সেহেতু পলি জমার প্রভাবে প্রকল্পের মাধ্যমে যে সামগ্রিক বন্যা নিয়ন্ত্রণ করা হয় তাতে কোনো অসুবিধা হচ্ছে না।

(খ) না, ব্যারেজের পলি অপসারণের কোনো পরিকল্পনা নেওয়া হয়নি।

(গ) অতএব, পলি অপসারণের কোনো প্রশ্ন ওঠে না।

(ঘ) আপাতত বিভাগের তরফে ব্যারেজের পলি অপসারণ করার কোনো পরিকল্পনা বিবেচনাধীন নেই।

Primary and Block Health Centres in Health System Development Project

*62. (Admitted question No. *186) **Shri Subrata Bakshi :** Will the Minister-in-Charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) the total nos. of Primary Health Centre and Block Primary Health Centre run under Health Systems Development Project ; and

(b) total number of Medical Officers engaged in those centres ?

Minister-in-Charge of Health & Family Welfare Department :

(a) There are 28 Primary Health Centres and 8 Block Primary Health Centres running under Health Systems Development Project.

(b) There are 42 Medical Officers engaged in those centres.

মুর্শিদাবাদ জেলায় পোলিও রোগাক্রান্ত শিশু

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৭) **শ্রী ঈদ মহম্মদ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় ২০০২ সালের অক্টোবর মাস পর্যন্ত সময়ে পোলিও রোগে কয়েকটি শিশু আক্রান্ত হয়েছিল ; এবং

(খ) সত্যি হলে, আক্রান্ত শিশুর সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ২৭ জন।

মহকুমা হাসপাতালগুলিতে সি.টি. স্ক্যান যন্ত্র

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মহকুমা হাসপাতালগুলিতে সি.টি. স্ক্যান যন্ত্র বসাবার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) প্রথম প্রশ্নের উত্তর 'না' হলে, বেসরকারি উদ্যোগে মহকুমা হাসপাতালে এই ধরনের যন্ত্র স্থাপনে সরকারের কোনো আপত্তি আছে কি না ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) এখনই বলা সম্ভব নয়।

কুকুর ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওষুধ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৩) **শ্রী কমল মুখার্জী** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুকুর ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওষুধ রাজ্যের সব হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত সরবরাহ করার জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(খ) গত ১.১.০২ থেকে ৩১.১০.০২ পর্যন্ত সময়ে রাজ্যে কুকুর ও সাপের কামড়ে কতজন মারা গিয়েছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কুকুর কামড়ানোর প্রতিষেধক ঔষধ কলকাতাস্থ পাস্তুর ইনস্টিটিউট থেকে জেলার প্রয়োজন অনুযায়ী সরবরাহ করা হয়ে থাকে। এছাড়া কলকাতার কয়েকটি বিশেষ হাসপাতালের বহির্বিভাগ থেকেও রোগীদের এই ঔষধ সরবরাহ করা হয়ে থাকে।

সাপে কাটার ইনজেকশন (এ.ভি.এস.) কলকাতাস্থ কেন্দ্রীয় ভেষজ ভাণ্ডার থেকে সরবরাহ করা হয় বর্তমানে বিকেন্দ্রীভূত ক্রয় ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানও সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে সরাসরি এই ঔষধ ক্রয় করতে পারে।

(খ) জেলা থেকে প্রাপ্ত তথ্য থেকে আনা যায় যে ৩১.১০.০২ পর্যন্ত সাপের কামড়ে ২৪৫ জন এবং কুকুর কামড়ানোর জন্য জলাতঙ্ক রোগে ২০৬ জন মারা গেছেন।

Eye-Examination of the Rural School Children

*66. (Admitted question No. *510) **Shri Ashok Deb :** Will the Minister-in-Charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether there is any proposal for eye-examination of the Children at Rural Schools ; and

(b) if so, the steps taken by the Government ?

Minister-in-Charge of Health & Family Welfare Department :

(a) Yes.

(b) As per guidlines of National Programme for control of Blindness, the following steps have been taken to examine the rural school students :

(1) Teachers of the Schools will be trained up primarily by the Health & Family Welfare Deptt. of State Govt., specially by the experts like Eye-Surgeons and Paramedical Opthalmic Assistants.

(2) Trained Teachers will identify the student having refractive errors.

(3) Spectacles will be provided free of cost to the student of below proverty line after proper examination.

Death of Children in B.C. Roy Childrens' Hospital

*67. (Admitted Question No. *55) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) number of death of children in the B.C. Roy Children's Hospital in the last week of September/first week of October, 2002 ;

(b) whether the number of death per day during the period was abnormal ;

(c) the reasons for the death of such large number of children ; and

(d) remedial steps taken in this regard ?

Minister-in-Charge of Health & Family Welfare Department :

(a) No. of death of children in B.C. Roy Children Hospital.
in last week of Sept. 02 –25 (twenty five)
in first week of Oct. 02 –26 (twenty six)

(b) No. Comparative study does not reflect this.

(c) Most of the death cases were due to patients being admitted in moribund conditions.

(d) Yes, steps have been promptly taken to detect the deficiencies, if any existed and a Principal & a Medical Superintendent have been posted there and measures have been taken to upgrade the facilities in this Hospital.

চিকিৎসকদের বিরুদ্ধে ক্রেতা সুরক্ষা আদালতে অভিযোগ

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪) **শ্রী রামপদ সামন্ত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত পাঁচ বছরে মেদিনীপুর জেলায় (অবিভক্ত ও বিভক্ত) কতজন চিকিৎসকের বিরুদ্ধে ক্রেতা সুরক্ষা আদালতে অভিযোগ দায়ের করা হয়েছে ;

(খ) অভিযুক্ত চিকিৎসকদের কোনো শাস্তি হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, কতজনের কী ধরনের শাস্তি হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পূর্ব মেদিনীপুর জেলায় এখনো পর্যন্ত কোনো চিকিৎসকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়নি।

পশ্চিম মেদিনীপুর জেলায় একজন চিকিৎসকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে।

(খ) পূর্ব মেদিনীপুরের ক্ষেত্রে প্রশ্ন ওঠে না।

পশ্চিম মেদিনীপুরের ক্ষেত্রে বলা যায় এখনো শাস্তি হয়নি, কারণ উর্ধ্বতন আদালতে এ প্রসঙ্গে মামলা চলছে।

(গ) প্রশ্ন ওঠে না।

Death of Malaria (Malignant) Patients

*69. (Admitted Question No. *188) **Shri Subrata Bakshi :** Will the Minister-in-Charge of the Health & Family Welfare Department be pleased to state—

(a) total number of Malaria (Malignant) Patients died during 2000, 2001 and 2002 up to October ; and

(b) remedial steps taken by the Government in this regard ?

Minister-in-Charge of Health & Family Welfare Department :

(a) **No. of Deaths**

Year	Confirmed	Suspected
2000	103	36
2001	191	46
2002 (up to Oct. '02)	101	02

(b) Remedial steps taken :

(1) Early diagnosis and prompt treatment of all fever cases ;

(2) For vector control, measures taken with spraying of larvicides and insecticides ;

(3) IEC Activities taken into account for community awareness ;

(4) Rapid mass survey in areas with high prevalence of malaria and consequent curative treatment of all positive cases have been taken into account ;

(5) Epidemological and Entomological investigation during outbreak of fever cases have also been taken for this purpose.

রাজ্যে নতুন মানসিক হাসপাতাল

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৯) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নতুন মানসিক হাসপাতাল স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, কোথায় ও কখন স্থাপন করা হবে ; এবং

(গ) এ বাবদ কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আপাতত নতুন মানসিক হাসপাতাল স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের নাই।

(খ) কোনো প্রশ্ন ওঠে না।

(গ) কোনো প্রশ্ন ওঠে না।

Unstarred Questions
(to which written answers were laid on the Table)

মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ব্লকে নতুন সাব-স্টেশন

১। (অনুমোদিত প্রশ্ন নং ১১) **শ্রী ইউনুস সরকার** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লকে একটি বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপনের জন্য শিলান্যাস করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সাব-স্টেশন নির্মাণের কাজ কবে নাগাদ শুরু ও শেষ হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জলঙ্গী থানা এলাকায় একটি ৩৩/১১ কে.ভি. সাব-স্টেশন নির্মাণের প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

(খ) জমি অধিগ্রহণ ও সয়েল টেস্টিং সহ এই প্রকল্পের প্রাথমিক কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। আগামী ২০০৩-২০০৪ আর্থিক বছরে এই প্রকল্পটি শেষ করার পরিকল্পনা আছে।

রায়দিঘী এলাকায় ফেরিঘাটে নৌকাডুবি

২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫) **শ্রী পংকজ বন্দ্যোপাধ্যায়** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ৩রা নভেম্বর, ২০০২ তারিখে রায়দিঘী থানা এলাকায় আটেশ্বরতলায় জয়নাল ফেরিঘাটের নৌকাডুবিতে মোট কতজন মারা গেছেন ; এবং

(খ) নিহতদের আত্মীয়গণকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৯ জন।

(খ) দক্ষিণ ২৪-পরগনার জেলাশাসক ও পরিবহন দপ্তর কর্তৃক নিহত আত্মীয়দের ক্ষতিপূরণ দেওয়ার প্রশাসনিক প্রক্রিয়া চলছে।

ক্ষুদ্র শিল্পের অনুমোদন

৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : কুটীর ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালের জানুয়ারি মাস থেকে ২০০২ সালের জুলাই মাস পর্যন্ত কতগুলো ক্ষুদ্র শিল্পকে (পাঁচ লক্ষ টাকার নিচে) অনুমোদন দেওয়া হয়েছে ;

(খ) তন্মধ্যে সরকার কতগুলো ক্ষুদ্র শিল্পে মার্জিন মানি দিয়েছেন ;

(গ) উল্লিখিত সময়ে ১২ লক্ষ টাকার কম মূলধনের কতগুলি শিল্পকে অনুমোদন দেওয়া হয়েছে ; এবং

(ঘ) শিক্ষিত বেকারদের ক্ষুদ্র শিল্প স্থাপন করার জন্য সরকার কত শতাংশ মার্জিন মানি দিয়ে থাকেন ?

কুটীর ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাপ্ত হিসাব অনুযায়ী ১৯৯৮ সালের জানুয়ারি মাস থেকে ২০০২ সালের জুলাই মাস পর্যন্ত ১৬,৪২২টি ক্ষুদ্র শিল্পকে (পাঁচ লক্ষ টাকার নিচে) অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) তন্মধ্যে সরকার ৯৪টি ক্ষুদ্র শিল্পে মার্জিন মানি দিয়েছেন।

(গ) উল্লিখিত সময়ে ১২ লক্ষ টাকার কম মূলধনের ৭,০৯৯টি ক্ষুদ্র শিল্পকে অনুমোদন দেওয়া হয়েছে।

(ঘ) শিক্ষিত বেকারদের জন্য Additional Employment Programme (AEP)-এর ক্ষেত্রে সাধারণভাবে ১০% এবং তপশিলি জাতি/উপজাতি ও শিল্প সমবায় সমিতির ক্ষেত্রে ২০% মার্জিন মানি দেওয়া হয়ে থাকে।

গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প (Rural Employment Generation Programme)-এর ক্ষেত্রে ১০ লক্ষ টাকার প্রকল্প পর্যন্ত সাধারণ শ্রেণীভুক্ত শিল্পোদ্যোগীদের ২৫% এবং তপশিলি জাতি/উপজাতি ও অনগ্রসর শ্রেণী/

সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত শিল্পোদ্যোগীদের ৩০% মার্জিন মানি দেওয়া হয়। ১০ লক্ষ টাকার ঊর্ধ্বে এবং ২৫ লক্ষ টাকা পর্যন্ত সমস্ত শ্রেণীর শিল্পোদ্যোগীদের ১০ লক্ষ টাকা পর্যন্ত পূর্বোক্ত হারে এবং ১০ লক্ষ টাকার অতিরিক্ত পরিমাণের উপর ১০% মার্জিন মানি দেওয়া হয়।

চোপড়ায় বিমান থেকে বস্তু নিক্ষেপ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২) **শ্রী শংকর সিংহ** এবং **শ্রী আব্দুল মান্নান** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ৩ অক্টোবর, ২০০২ তারিখে উত্তর দিনাজপুর জেলায় চোপরা থানার মোকদমবাদ গ্রামের দাসপাড়ায় একটি পুকুরে বিমান থেকে নিক্ষিপ্ত বস্তুর সম্পর্কে সরকার অবগত আছেন কি না ; এবং

(খ) থাকলে, এ বিষয়ে বিস্তারিত তথ্য জানাবেন কি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) উত্তর দিনাজপুর জেলায় চোপড়া থানার মোকদমবাদ গ্রামের একটি পুকুরে বিমান থেকে কিছু নিক্ষিপ্ত হয়েছে এই সংবাদ পেয়ে উত্তর দিনাজপুর জেলার আরক্ষাধ্যক্ষ উচ্চপদস্থ আধিকারিকরা (মহা-আরক্ষা পরিদর্শক, সীমান্ত, আই.বি., পশ্চিমবঙ্গ, উপ-মহা-পরিদর্শক, দার্জিলিং রেঞ্জ, উত্তর দিনাজপুরের জেলাশাসক, ভারতীয় বিমান বাহিনীর স্টেশন কমান্ডার, বাগডোগরা বিমান বন্দর ও সীমান্ত রক্ষীবাহিনীর উচ্চপদস্থ আধিকারিকরা) ঘটনাস্থলে পৌঁছে উক্ত গ্রামের জনৈক নজরুল ইসলামের পুকুরে তল্লাসী চালান। স্থানীয় সাঁতারুরা ও ডুবুরিরা পুকুরটি তন্ন তন্ন করে খোঁজা শুরু করেন। দমকলের দুটি অগ্নিনির্বাপক যন্ত্র ও একটি পাম্প কাজে লাগানো হয়। পুকুরের সমস্ত জল তোলার পরেও মাছ ছাড়া আর কিছু পাওয়া যায়নি।

ডানবার ও অন্নপূর্ণা কটন মিলস্

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫) **শ্রী নির্মল ঘোষ** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারের আর্থিক আনুকূল্যে ও সহযোগিতায় ডানবার কটন মিলস্ ও অন্নপূর্ণা কটন মিলস্ খুলছে ;

(খ) সত্যি হলে, বর্তমানে কারখানা দুটির অবস্থা কি ; এবং

(গ) কটন মিলস্ দুটি পুনর্গঠিত করে পুনরায় খোলার ব্যাপারে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে ?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ডানবার কটন মিলস্‌কে কোনরূপ আর্থিক সহায়তা করা হয়নি। শ্রী অন্নপূর্ণা কটন মিলস্ অ্যান্ড ইন্ডাস্ট্রিস লিমিটেডকে পুনরায় খোলার জন্য পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ২০০১ সালের জুন মাসে ১.৭৮ কোটি (এক কোটি আটাত্তর লক্ষ) টাকা মাত্র সহজ কিস্তিতে ঋণ দান (সফ্‌ট্ লোন) করা হয়।

(খ) শ্রী অন্নপূর্ণা কটন মিলস্ অ্যান্ড ইন্ডাস্ট্রিস লিমিটেড পুনরায় খুলেছিল কিন্তু গত ১৬.৮.২০০২ তারিখ থেকে কোম্পানী কর্তৃক নোটিশ জারির ভিত্তিতে ওয়ার্ক সাসপেনশান বলবৎ হয়।

(গ) শিল্প পুনর্গঠন দপ্তর এই ব্যাপারে শ্রী অন্নপূর্ণা কটন মিলস্ অ্যান্ড ইন্ডাস্ট্রিস লিমিটেড কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রেখেছেন। এছাড়াও এই দপ্তর ইতিমধ্যে উক্ত কোম্পানির প্রধান ব্যাঙ্ক তথা এলাহাবাদ ব্যাঙ্কের উপরোক্ত কর্তৃপক্ষকে প্রয়োজনভিত্তিক কার্যকরী মূলধনের জোগান দেওয়ার ব্যাপারে অনুরোধ করেছেন। কিন্তু ওই ব্যাপারে এখনও পর্যন্ত এই দপ্তর উক্ত ব্যাঙ্ক কর্তৃক কোনোরূপ উত্তর পায়নি।

চন্দননগরে পর্যটক আবাস

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৬) **শ্রী কমল মুখার্জী** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

হুগলি জেলার চন্দননগরে পর্যটক আবাস নির্মাণের কোনো পরিকল্পনা আছে কি না ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩২) **শ্রী জানে আলম মিঞা** এবং **শ্রী আবুল হাসনাৎ** : উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা এবং অবশিষ্ট নদীয়া ও বীরভূম জেলাকে নিয়ে মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠনের কোনো পরিকল্পনা গৃহীত হয়েছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে থেকে পর্ষদের কাজ শুরু হতে পারে ; এবং

(গ) এর জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

ও.বি.সি. ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষণ

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫০) **শ্রী নেপাল মাহাতো :** অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ও.বি.সি. ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ কার্যকরী হবে বলে আশা করা যায় ?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উচ্চ-মাধ্যমিক স্তর পর্যন্ত রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানে ও.বি.সি. ছাত্র-ছাত্রীদের জন্য ৭ শতাংশ আসন সংরক্ষণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) উক্ত সিদ্ধান্ত আগামী শিক্ষাবর্ষ অর্থাৎ ২০০৩-২০০৪ থেকে কার্যকর হবে বলে আশা করা যায়।

রাজ্যে রুগ্‌ণ ও কুটীর শিল্পে বকেয়া ঋণের পরিমাণ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৫) **শ্রী মলয় ঘটক** এবং **শ্রীমতী রত্না দে :** কুটীর ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন- কি—

(ক) বর্তমানে রাজ্যে রুগ্‌ণ কুটীর ও ক্ষুদ্র শিল্পের মোট সংখ্যা কত ?

(খ) উক্ত শিল্পগুলির বকেয়া ঋণের মোট পরিমাণ কত ?

(গ) রুগ্‌ণতার বিচারে রাজ্যের অবস্থান দেশের অন্য রাজ্যগুলির তুলনায় কিরূপ ; এবং

(ঘ) বকেয়া ঋণের পরিমাণ অন্য রাজ্যের তুলনায় কিরূপ ?

কুটীর ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে রুগ্‌ণ কুটীর ও ক্ষুদ্র শিল্পের মোট সংখ্যা সম্পর্কে সার্বিক তথ্য এখনই দেওয়া সম্ভব নয়। প্রসঙ্গত উল্লেখ্য, সমগ্র রাজ্যে ক্ষুদ্র শিল্পের সুমারি (Census) শুরু হয়েছে। সুমারি সম্পন্ন হলে এ ধরনের তথ্য দেওয়া সম্ভব হবে।

(খ) ক্ষুদ্র শিল্পের সুমারি (Census) সম্পন্ন না হওয়া পর্যন্ত বকেয়া ঋণের পরিমাণ নির্ধারণ সম্ভবপর নয়।

(গ) ক্ষুদ্র শিল্পের সুমারি (Census) সম্পন্ন হলে এই বিষয়ে তুলনামূলক মন্তব্য করা সম্ভব হবে।

(ঘ) ক্ষুদ্র শিল্পের সুমারি (Census) সম্পন্ন হলে এই রাজ্যের সঙ্গে অন্য রাজ্যের বকেয়া ঋণের পরিমাণ-এর তুলনা করা সম্ভব হবে।

লালন চর্চায় গৃহীত পদক্ষেপ

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৭) **শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

রাজ্য সরকার 'লালন' চর্চার ব্যাপারে কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগ লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের মাধ্যমে 'লালন' চর্চার ব্যাপারে কতিপয় পদক্ষেপ গ্রহণ করেছেন যেমন :

(ক) **লালন উৎসব :** প্রতি বছর রাজ্যের কোনো একটি জেলাতে, বিভিন্ন জেলার শিল্পীদের অংশগ্রহণে দুই / তিন দিনব্যাপী লালন গানের উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবের শুরুতে লালন বিষয়ক আলোচনায় অংশ নেন লালন বিশেষজ্ঞ বক্তা।

(খ) **লালন গানের প্রশিক্ষণ :** প্রতি বছর দুটি বা তিনটি লালন গানের প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। উক্ত শিবিরে কুড়ি বছরের কম বয়সী শিক্ষার্থীদের কোনো প্রাজ্ঞ, প্রবীণ লালন গানের গুরু/শিল্পী কর্তৃক প্রশিক্ষণ দেওয়া হয়।

(গ) **লালন গানের কর্মশালা :** প্রতি বছর, লালন গানের বিবর্তন, প্রাসঙ্গিকতা, সম্প্রীতিবোধ, ভাবাদর্শ ইত্যাদি বিষয়ে প্রবীণ, মধ্যবয়সী ও নবীন শিল্পী এবং বিশেষজ্ঞদের কর্মশালার আয়োজন করা হয়।

দলমা পাহাড়ের হাতির উৎপাত

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৬) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দলমা পাহাড় থেকে হাতির পাল শালবনী ও গোয়ালতোড় এলাকায় উপদ্রব করছে ; এবং

(খ) সত্যি হলে, তাদের প্রতিরোধে সরকার কী কী পদক্ষেপ নিচ্ছেন/নিয়েছেন ?

বন দপ্তর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটা সত্যি নয় ; তবে সেপ্টেম্বর মাসে দলমা পাহাড় থেকে প্রায় ৫০টি হাতির দল কাঁকড়াঝোড় দিয়ে শালবনী-গোয়ালতোড় হয়ে বড়জোড়া, সোনামুখী ও গঙ্গাজলঘাটীতে অবস্থান করে আছে গত মাস দুয়েক।

(খ) ডিসেম্বরের প্রথম দিকে ওই হাতির দল দক্ষিণমুখী হয়ে বাঁকুড়া বিষ্ণুপুর/ জয়পুরের জঙ্গলে এসেছে। দলমা পাহাড়ে ফিরে যাওয়ার পথে হয়তো দলটি পুনরায় শালবনী-গোয়ালতোড় এলাকা দিয়ে ফিরতে পারে। যাবার সময় যাতে কোনো ক্ষয়ক্ষতি না হয় তার জন্য বনদপ্তর পঞ্চায়েত, পুলিশ, সাধারণ প্রশাসন, গ্রামবাসী ও FPC-র সদস্যদের সাথে যোগাযোগ রাখা হয়েছে। হুল্লা ও মোবিল তেল, লাইট ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে।

জনসাধারণকে এ ব্যাপারে অবহিত রাখা হয়েছে।

ম্যালেরিয়া প্রবণ জেলা

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৮) **শ্রী নির্মল দাস** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাজ্যের কোন্ কোন্ জেলা ম্যালেরিয়া প্রবণ জেলা হিসাবে চিহ্নিত ;

(খ) ২০০২-২০০৩ আর্থিক বছরে জেলাগুলির কত লোক ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছেন (জেলাওয়ারি হিসাব সহ) ; এবং

(গ) ২০০২-এর জানুয়ারি থেকে ৩১ অক্টোবর পর্যন্ত সময়ে জেলাগুলিতে কত লোকের মৃত্যু হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের ম্যালেরিয়া প্রবণ জেলাগুলি হল :

১। কোচবিহার	২। জলপাইগুড়ি
৩। দার্জিলিং	৪। বাঁকুড়া
৫। পুরুলিয়া	৬। মেদিনীপুর (পশ্চিম)

(খ) জানুয়ারি ২০০২ থেকে অক্টোবর ২০০২ পর্যন্ত ম্যালেরিয়ায় আক্রান্ত মোট লোকের সংখ্যা—১,৩৪,০৩৯ ;

উক্ত সময়ে মোট মৃতের সংখ্যা ১০৩ জন।

(গ) জেলাওয়ারি হিসাব নিচে দেওয়া হল :

জেলাওয়ারি ম্যালেরিয়ায় আক্রান্ত ও মৃতের সংখ্যা
জানুয়ারি ২০০২ থেকে অক্টোবর ২০০২ পর্যন্ত

জেলার নাম	আক্রান্ত রোগীর সংখ্যা	মৃতের সংখ্যা
১। নদীয়া	৩৯৩	নাই
২। ২৪-পরগনা (দঃ)	১,১৭৮	২
৩। ২৪-পরগনা (উঃ)	১০৫	নাই
৪। মুর্শিদাবাদ	৫৮৫	নাই
৫। হাওড়া	২০৮	১
৬। হুগলি	৯৫	১
৭। বীরভূম	৩১৭	১৩
৮। বর্ধমান	১২৯	১
৯। মেদিনীপুর	৩,২৫০	১
১০। পুরুলিয়া	১১,৭৩২	৩
১১। বাঁকুড়া	১,০১১	১০
১২। মালদহ	১,২৫৪	নাই
১৩। উঃ দিনাজপুর	৮৯	নাই
১৪। দঃ দিনাজপুর	৭৪	নাই
১৫। কোচবিহার	৪,৯৭৩	১০
১৬। জলপাইগুড়ি	৫২,৬৬৯	৩৫
১৭। দার্জিলিং	১,৭৫৯	১
১৮। কলকাতা	৫৩,২১৮	২৫
সর্বমোট :	১,৩৪,০৩৯	১০৩

[12.00—12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received nine notices of Adjournment Motions. The first one is from Shri Asit Kumar Mal on the subject of alleged negligence in the developmental work for the SC and STs. The second one is from Shri Parash Dutta on the subject of alleged assault on the striking lawyers by the caders of major rulling party. The third one is from Shri Saugata Roy on the subject of reported strike called by the Bar Council of India over proposed Legal Services Authorities (Amendment) Act, 2002. The fourth one is from Dr. Ratna De (Nag) on the subject of non-sanctioning of loan to the Standard Pharmaceuticals Ltd. at Srirampore, Hooghly as per Tripartite agreement. The fifth one is from Smt. Sonali Guha on the subject of holding of conference of Krishak Samiti of major ruling party at Tentulia Girls School, Swaroopnagar and consequential situation arisen. The sixth one is from Shri Moloy Ghatak and the seventh one is from Shri Kashinath Mishra, Shri Tapas Roy and Shri Manturam Pakhira on the same subject of enhancement of electricity charges in the CESC area. The eighth one is from Shri Asit Mitra on the subject of enhancement of Court Fees in the State. And the ninth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged forcible close down of Mrinal Nagar Rakhal Vidyamandir at Kakdwip by some supporters of major ruling party.

The subject matter of the third motion relate to a matter which is not primarily concern of the State Government. The notices on the subject matters similar to the sixth and seventh motions were received on 17.12.02, consent to which were withheld. Moreover, the Minister in-charge of the Power Department made a statement on 17.12.2002. the subject similar to the eighth motion was discussed in the House on a Bill on 12.12.02 and the Judicial Minister made a statement under rule 346 on the same subject on 17.12.02. As such notices are out of order and I reject these.

The subject matters of all the remaining motions relate to day to day administration of the Government and are not such that may call for adjournment of the business of the House.

Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, etc. Besides, a No-Confidence Motion is to be discussed tomorrow where the Members will get ample scope to raise the matters. I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত কুমার মাল : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

রাজ্য সরকার তপশিলি জাতি ও উপজাতিদের উন্নয়নের ক্ষেত্রে চরমভাবে অবহেলা করে চলেছে। বিশেষ করে উত্তরবঙ্গে এই উন্নয়ন আজ স্তব্ধ। ওই সম্প্রদায়ের ছাত্ররা দীর্ঘদিন ধরে বৃত্তি পাচ্ছে না। রাস্তাঘাটের দুরবস্থা, পানীয় জলের সংকট চরম আকার ধারণ করেছে। শুধু তাই নয়, তাদের নাম অন্তর্ভুক্তির ব্যাপারে টালবাহানা চলছে। সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রী উত্তরবঙ্গ সফরে এসে এ ব্যাপারে অসন্তোষ প্রকাশ করেছেন। অবিলম্বে দাবি করছি, জরুরি ভিত্তিতে রাজ্য সরকার তপশিলি জাতি ও উপজাতিদের উন্নয়নে দৃষ্টি দিক।

শ্রীমতী সোনালী গুহ : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

শতকরা ২০ পারসেন্ট-এর বেশি মুসলমান ছাত্রী এবং ৩০ পারসেন্ট-এর বেশি তপশিলি ছাত্রী নিয়ে স্বরূপনগরের তেঁতুলিয়ায় বালিকা বিদ্যালয়ে ছাত্রী সংখ্যা ১০৩৪ জন। সেই স্কুলে গরিষ্ঠ শাসক দলের কৃষকসভার সম্মেলন হওয়ায় স্কুলে পঠন-পাঠন চালানো প্রায় অসম্ভব হয়ে পড়েছে। ফলে ছাত্রী ও অভিভাবকদের মধ্যে প্রচণ্ড ক্ষোভের সৃষ্টি হয়। শুক্রবার এই সম্মেলন শুরু হয়। অনিবার্য কারণ দেখিয়ে স্কুল বন্ধ করে দেওয়া হয়। এখনও পর্যন্ত প্যান্ডেল খোলা হয়নি। সর্বত্র দুর্গন্ধময় নোংরা আবর্জনা জমে থাকায় ক্লাস শুরু করা সম্ভব হয়নি। ছাত্রসমাজের প্রতি শাসক দলের এই মনোভাব রাজ্যের ছাত্রসমাজকে হতাশ করেছে।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : *Today, I have received seven notices of Calling Attention on the following subjects, namely :*

	Subject		Name
(i)	Alleged murder of one Ujjal Dey at Jagachha, Howrah	:	Shri Asit Kumar Mal & Shri Ashok Kumar Deb
(ii)	Reported agitation by doctors over the Clinical Establishment Act	:	Dr. Asish Banerjee, Shri Saugata Roy & Shri Ajoy Dey
(iii)	Non-functioning of West Bengal Mineral Development Corporation	:	Shri Nepal Mahata
(iv)	Alleged death of workers from starvation in Tea-Garden in the State	:	Shri Paban Kumar Lakra
(v)	Purchase of paddy from the cultivations by the State Government	:	Shri Tapan Hore
(vi)	Spurt in activities of terrorists in Jalpaiguri District	:	Shri Nirmal Das
(vii)	Implementation of the proposed Judicial Complex at Barrackpore, North 24-Parganas	:	Shri Ranjit Kundu

I have selected the notice of Shri Ranjit Kundu on the subject of implementation of the proposed Judicial Complex at Barrackpore, North-24 Parganas.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 19th December, 2002.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : The Minister-in-Charge of Commerce and Industries Department will make a statement on the subject of progress of developmental works of Bantala Leather Complex.

(Attention called by Shri Tapan Hore on the 11th December, 2002)

[12.10—12.20 p.m.]

Shri Nirupam Sen : Mr. Speaker Sir, Calcutta Leather Complex is a Project conceived to accommodate the tanneries, leather goods and manufacturing units and associated chemical and other units

under an integrated set-up for achieving overall development of leather industries in the State of West Bengal.

The implementation of the Calcutta Leather Complex Project is being done on BOT (Build Operate Transfer) basis by M/s. M.L. Dalmiya & Co. Ltd.

There are 2(two) types of infrastructure development at Calcutta Leather Complex, viz., :

(i) Offsite Infrastructure—to be done by the State Government.

(ii) Onsite Infrastructure—to be done by the BOT Party.

Offsite Infrastructure

An up-to-date progress report in the implementation of the Offsite Infrastructure development is given below :

Sl.No.	Name of Infrastructure	Progress Status
1.	Development of 132/33 KVA electricity network and substation	Completed in 2001 at a cost of Rs. 10 crores.
2.	Improvement and widening of Kolkata-Basanti Road	Completed in early 2002 at a cost of Rs. 11.31 crores.
3.	Disiltation and improvement of Storm Water Feeder Chanel	Completed in 2001 at a cost of Rs. 0.85 crore.
4.	Construction of Bederhat Rehabilitation Village	Completed in mid-2002 at a cost of Rs. 5.81 crores.
5.	Solid Waste Management Network	Acquisition process for 51 acres is nearing completion.

Effluent Treatment Infrastructure

A 30 MLD capacity Common Effluent Treatment Plant (CETP) was conceived for Calcutta Leather Complex Project. A Detailed Project Reprot (DPR) for CETP was prepared by UNIDO through its sub-contractor M/s. BKH Netherlands and the process of preparation of the DPR took two and a half years to complete. It was decided that initially two modules (5 MLD capacity each) of CETP would be constructed at CLC for the tanneries of Kolkata relocating there. Under the BOT Agreement, the BOT Party was obligated to construct the modules of CETP.

As the BOT Party was delaying the construction of the modules (5 MLD capacity each) the State Government decided in

March, 2002 to take over the development of the said infrastructure from the BOT Party. Construction of the first 2 (two) modules of Common Effluent Treatment Plant was started under the direct supervision of the State Government at a cost of Rs. 31.20 crores. The State Government has taken over the responsibility of constructing CETP modules only for the tanneries relocating to Calcutta Leather Complex and not for the new tanneries for whom the responsibility for constructing modules of CETP continues to lie with the BOT Party. The construction of the first 2 modules of CETP is progressing as per time-schedule committed by the State Government before the Hon'ble Supreme Court of India. Both the modules of CETP are now ready to offer facilities for preliminary treatment of tannery effluents. The State Government has also decided to construct two more modules (5 MLD capacity each) of CETP at Calcutta Leather Complex.

The effluent transportation network in the relocating tannery zones has been developed by the BOT Party. 4(four) nos. of Mobile Chrome Recovery Plants are also in place at Calcutta Leather Complex to handle the chrome effluents to be generated by the relocating tanneries at initial stages. Continuous Common Chrome Recovery Plants, in the required number, will also be constructed soon. Temporary arrangements for disposal of solid wastes of Calcutta Leather Complex are also being made by the State Government.

Onsite Infrastructure

The BOT Party started development of the infrastructure soon after the BOT Agreement was executed on 07.06.1997. The land acquisition process was completed in the year 2000-end. The transfer of land comprised in the erstwhile Bederhat Village within Calcutta Leather Complex was made in mid-2002.

The tanneries of Kolkata (323 nos.) relocating to Calcutta Leather Complex have been given land (approx. 136 acres) in Zones 1 to 8 of the Complex, which is located at the farthest extreme from the entrance to the project site from Kolkata-Basanti Road. The small tanneries (200 nos.) will be given land in Zone-9 of the Complex.

The development of relocating tannery area in Calcutta Leather Complex was started by the BOT Party from early-2000. Up-to-date progress in the development of onsite infrastructure by the BOT Party is enumerated below :

Sl.No.	Name of Infrastructure	Progress Status
1.	Site Development	Site development in respect of relocating tannery area in zones 1 to 8 is complete. Site development in zone 9 is under progress.
2.	Electricity Network	80 MVA of power is proposed to be installed at the complex. The BOT Party has developed electricity infrastructure so far for 12 MVA of power (10 MVA for the relocating tanneries and 2 MVA for Common Infrastructure). However, with more relocating tanneries expected to commence production CLC, the BOT Party has been asked to develop 33 KVA power network by mid February, 2003.
3.	Drainage Network	The BOT Party has completed drainage network in respect of zones 1 to 8.
4.	Water Supply Network	The BOT Party has completed the Water Supply Network in respect of zones 1 to 8 for construction, processing and drinking purpose.
5.	Internal Roads	The BOT Party has completed internal road network in zones 1 to 8.

The engineers of Kolkata Metropolitan Development Authority have inspected the abovementioned infrastructure in Zone 1 to 8 of Calcutta Leather Complex, as directed by the State Government, and have certified the completion of the infrastructure.

200 nos. of relocating tanneris of Kolkata are yet to receive land at Calcutta Leather Complex. The original land requirement of these tanneries were below 400 sq. mtr. Delay in allotting land to these 200 tanneries was due to the fact that these tanneries took time to form co-operative societies or partnership firms in order to get land in terms of the direction of the Hon'ble Supreme Court of India. These tannerie will be allotted land (approximately

26 acres) in Zone-9 of the Complex. The BOT Party is developing the necessary infrastructure in this Zone and has informed that the said infrastructure development would be completed by end-Janurary, 2003.

In respect of development of infrastructure for public utilities, the following progress has been made so far—

(i) A Police Station in the name and style of Kolkata Leather Complex Police Station has been set up at Complex primary to keep vigilance on law and problems at the Complex.

(ii) Temporary fire fighting arrangements have been made at Calcutta Leather Complex.

(iii) The BOT Party has agreed to provide 10 cottah of land to the State Government, free of cost, for setting up a primary health care unit by the latter.

(iv) The BOT Party has informed the State Government that it has provided land at Calcutta Leather Complex for developments of :

(a) Truck Terminal ;

(b) Bus/Auto rickshaw/Cycle rickshaw stand ;

(c) Commercial Complex ;

(d) Raw hide market.

শ্রী তপন হোড় : স্যার, এখানে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের ওপর মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে উত্তর দিলেন, তাতে তাঁকে ধন্যবাদ। কিন্তু কতকগুলি বিষয়ে ক্ল্যারিফিকেশন দরকার ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের ব্যাপারে। এখন বিষয় হচ্ছে, স্মল ট্যানারী যেগুলি আছে তারা একটা বিপদের মধ্যে আছে। তাদের ওখানে কো-অপারেটিভ বেসিসে অ্যাকোমোডেট করার বিষয়ে একটা দিক আছে এবং আর একটা হচ্ছে, ওখানে ল্যান্ডের ব্যাপারে যে দাম ছিল ইনিসিয়াল স্টেজে, সেটা আজকের দাম কি হবে ? যাদের আগে থেকে অ্যাকোমোডেশন হয়েছে তাদের কোনো অসুবিধা হচ্ছে কিনা ? অর্থাৎ আগে প্রতি স্কোয়ার ফিটে যেটার দাম ছিল ৩২ টাকা, এখন সেটা ৮০০ টাকায় দাঁড়িয়েছে বলে শোনা যাচ্ছে। এই বিষয়ে যদি বলেন ? আর একটা ব্যাপার আছে বিদ্যুতের ব্যাপার। আমি শুনেছি, ওখানে ৮/৯ মেগাওয়াট বিদ্যুতের ক্ষমতা আপনি দেবেন। কিন্তু ওখানে অ্যাটলিস্ট ১২ মেগাওয়াটের দরকার আছে। এই ব্যাপারে কিছু ভাবা হয়েছে কিনা ? ওখানে এখনো পর্যন্ত জনবসতি হয়নি। কাজেই ট্রান্সপোর্ট সিস্টেম ডেভেলপ করার ক্ষেত্রে আপনার কি কি ভূমিকা আছে ? তারপর অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট মাত্র ৪টি করার দরকার ওখানটা যদি

রান করানো যায়। ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপ করতে গেলে এই এই বিষয়গুলি প্রাইমারিলি নজর রাখা দরকার। আর হেলেথর ব্যাপারটাও নজর রাখা দরকার যেহেতু এটা লেদার কমপ্লেক্স। এই বিষয়গুলি যদি বিস্তারিতভাবে জানান ?

শ্রী নিরুপম সেন : প্রথমত, কো-অপারেটিভ-এর কথা যেটা বললেন সেই প্রসঙ্গে বলি, আপনারা জানেন, সুপ্রীম কোর্টের যে নির্দেশ সেই নির্দেশ অনুযায়ী ৪০০ স্কোয়ার মিটারের নীচে যদি কো-অপারেটিভ হয় তাহলে সেটা ভায়াবেল ইউনিট হবে না বলে সি.আর.এল.আই.-এর মন্তব্যের ভিত্তিতে সুপ্রীম কোর্ট বলেছে যারা জমি নেবে ন্যূনতম ৪০০ স্কোয়ার মিটার নিতে হবে কিম্বা তার বেশি নিতে হবে। যারা এর চেয়ে কম আবেদন করেছিলেন তাদেরকে বলা হয়েছিল যে ৪০০ স্কোয়ার মিটার পর্যন্ত যান, অথবা যদি না পারেন তাহলে সমবায় তৈরি করে একসঙ্গে করতে পারেন। এর আগে যারা ৪০০ স্কোয়ার মিটার পর্যন্ত নিয়েছেন তাদেরকে জমি অ্যালট করে দেওয়া হয়েছে। আর কিছু যারা ইতিমধ্যে কো-অপারেটিভ তৈরি করেছে তাদের ক্ষেত্রে জমি অ্যালটমেন্টের কথা চলছে এবং তাদের জমি রেখে দেওয়া হয়েছে ৯ নম্বর জোনে। কিছু যারা ছোটো ট্যানার খুব অল্প পরিমাণ জমি নিয়েছে, কিন্তু কো-অপারেটিভ করে উঠতে পারেনি তাদেরকে বলা হয়েছে সেটা করতে হবে। অন্যথায় সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী তাদেরকে কম জমি দিতে পারব না। দ্বিতীয়ত, দামের ব্যাপারে রি-অ্যালোকেটিং রাজ্য সরকার নির্ধারণ করে না, বি.ও.টি. পার্টি নির্ধারণ করে না, ওখানে দাম নির্ধারণ করে দিয়েছে সুপ্রীম কোর্ট অনেক আগেই যখন হচ্ছে। বি.ও.টি. তার পরে অর্ডার পেয়েছে। সুতরাং সুপ্রীম কোর্ট যে দাম নির্ধারণ করে দিয়েছে তাই রি-অ্যালোকেটিং করব, তাদের একই দাম দিতে হবে। এটা হল জমির প্রশ্নে সুস্পষ্ট কথা। তৃতীয়ত, আপনি পাওয়ারের ব্যাপারে বলেছেন। ওখানে ১২ মেগাওয়াটের মতন পাওয়ার অ্যারেঞ্জমেন্ট আছে। আমরা হিসাব করে দেখেছি, রি-অ্যালোকেটিং ট্যানারী ৩২৩টি যদি অপারেশন শুরু করে তাহলে তার টোটাল পাওয়ার লাগবে ১০ মেগাওয়াট। অর্থাৎ এখন যা পাওয়ার আছে তাতে কাজ শুরু করতে পারে। এতৎসত্ত্বেও যদি পাওয়ারের দরকার হয়, ইতিমধ্যে বাড়তি ব্যবস্থা করা হচ্ছে, সেটা তাদের দেওয়া হবে। এ ছাড়া কমন অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট সম্পর্কে যেটা বলেছেন সেই সম্পর্কে আমি ইতিমধ্যেই বলেছি, সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে ৩০ অক্টোবর-এর মধ্যে যা যা কাজ করার দরকার অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের জন্য সেই কাজ করে দেওয়া হয়েছে। আর ট্রান্সপোর্টের ব্যাপারে ইতিমধ্যেই ট্রান্সপোর্ট দপ্তরের সঙ্গে কথা বলেছি। বাসন্তী রোডে বাস চলাচল করে আধ ঘণ্টা অন্তর। সুতরাং ওখানে বাস চলাচল এখন আছে। আমি বলেছি, এটা বাড়াতে হবে এবং সেই মোতাবেক ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট কাজ করছে। যে মুহূর্তে চলাচল বাড়বে সেই মুহূর্তে আমরা বাস বাড়িয়ে দেবার ব্যবস্থা করব। আর হাসপাতালের ব্যাপারে আপনি ঠিকই বলেছেন। রাজ্য সরকার ওখানে হেল্‌থ সেন্টার করবে। আমি বি.ও.টি. পার্টির কাছ থেকে জমি চেয়েছিলাম। ওরা একটা জমি দিয়েছে। সেই জমিতে—রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তর এবং স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে—ওখানে হেল্‌থ সেন্টার গড়ে তোলার ব্যবস্থা করব।

Mr. Speaker: Now I call upon the Minister-in-charge of Commerce and Industries Department to make a statement on the subject of closure of most of the fertilizer factories in the state.

(Attention called by Dr. Asim Bala on the 16th December, 2002).

[12.20—12.30 p.m.]

Shri Nirupam Sen : Mr. Speaker, Sir, M/s. Hindusthan Fertilizer Corporation Ltd. (HFCL), a fully owned Central Public Sector undertaking under the administrative control of Government of India (GOI) in Ministry of Chemicals & Fertilizers (MOCF) has two units in this State, one in Durgapur and another in Haldia. Upon an amendment of Sick Industrial Companies Act 1985 in November 1991 to bring sick Government Companies under the purview, this case was also referred to BIFR in 1992 (Case No. 516/92). BIFR in its hearing in November 1992 declared the company sick and directed GOI/MOCF for submission of a rehabilitation scheme for the company as a whole.

2. Several hearings were held by BIFR since then and it was observed that GOI/MOCF failed to submit any rehabilitation package, despite ample opportunities allowed to the latter and BIFR finally confirmed its winding up on 12th December, 2001 and forwarded the case to the Hon'ble High Court for taking necessary steps towards winding up of the company. It was unfortunate that this direction of BIFR was given at a time when a Group of Ministers headed by Union Finance Minister, was yet to complete deliberations on the issues of revival of HFCL.

2.1 On the request of State Government, an appeal to Appellate Authority was also moved by HFCL management against the said BIFR order for winding-up of HFCL in this matter, GOI conveyed its decision for withdrawal of the said appeal of HFCL to allow the separation of Namrup Unit of HFCL. The Appellate Authority therefore, observed in its last hearing held on 11th October, 2002, that the remaining 4 (four) units of HFCL including its Durgapur and Haldia units should be wound-up.

2.2 Meanwhile, GOI/MOCF considered the recommendation of the Group of Ministers made on 27th August, 2002 and decided

to close down HFCL with the exception of its Namrup Unit, disposal of its assets in the units to be closed down, in accordance with the procedures prescribed under SICA and extension of VSS benefits as per the scheme in force to all the employees of the closing units. As a result of such closure decision of HFCL, it not only adversely affected the lives of 10,000 employees and their families but at the same time it has posed a serious threat to agricultural development activity in the Eastern Zone as there is no other Urea manufacturing unit in this zone. Besides, a large number of people indirectly dependent on it for their livelihood has also been affected. Moreover, about 1300 odd employees of Haldia Unit are in an acute problem in respect of their residential accommodation in the event of such closure.

3. State Government has all along supported the revival of the units located in the State under the aegis of the GOI/MOCF and has consistently sought their intervention for the resumption of production and revival of the Durgapur Unit of HFCL. State Government also consistently urged that the earlier proposal of M/s. Indian Oil in taking over the Haldia Unit for the expansion of its Refinery unit, should also be considered by GOI/MOCF.

3.1 State Government has strongly opposed the decision of BIFR/AAIFR in winding-up of HFCL, so far its Durgapur Unit is concerned. The reasons for such opposition are based on :

(a) The drastic fall in the prices of Naphtha in the international market and the availability of Coal Bed Methane (CBM) in the Ranigunj Coal belt, now providing an opportunity for cheaper feed-stock for the Durgapur unit of HFCL and thus enhance the viability of a long term revival of this unit. CBM is also a cheap source of energy besides having competitive advantage.

(b) Ranigunj Coalfield in West Bengal has a large reserve of CBM. Under the new exploration licensing policy for CBM, three blocks in the State have been identified for its exploration. These are namely, Ranigunj North Block (appx. 240 sq. KM allotted to ONGC), Ranigunj South Block (appx. 210 Sq. KM allotted to Great Eastern Energy Corporation Limited) and Ranigunj East Block

(appx. 500 sq. KM allotted to Essar Oil Limited). The Estimated CBM resources in Ranigunj Coalfield at beyond 300 meters depth is 8.0 million tonnes and assumed gas in the areas is 7.8 cubic meters per ton. The Gas-in-place is estimated at 78.0 billion cubic meters. It is worthwhile to mention that Ranigunj coal belt is very close to Durgapur.

(c) State Government has drawn notice of the Union Government on several occasions that the high consumption of fertilizer nutrients in West Bengal provides a ready market to absorb the entire production of the Durgapur Unit of HFCL.

4. The State Government has also sought intervention of the Appellate Authority in this matter in view of the severe and adverse implications for development of agriculture in this State, should the Durgapur unit of HFCL require to be closed down for good. A direction for reconsideration by the Government of India in this matter, has been sought.

5. It is also understood that Joint Action Forum to save HFCL in their letter dated 7.11.2002 has also approached Union Minister of State for Chemicals & Fertilizers for seeking time from the Appellate Authority to find out a viable alternative for the units of HFCL in this State.

6. Further development is awaited.

শ্রী অসীম বালা : মিঃ স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সার্কেলে যে দুটি সার কারখানা বন্ধ হয়ে যাচ্ছে তা সাত-আটটি ইউনিট আছে এবং তার সঙ্গে ১২,০০০ শ্রমিক যুক্ত। কারখানা দুটি বন্ধ হলে এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট হ্যাম্পার হবে, কারণ কারখানা দুটি ২ কোটি ১৫ লক্ষ ২০ হাজার টন ইউরিয়া উৎপাদন করছে। এবং ২০০৬-০৭-এ যদি সেটা ৯ পারসেন্ট ধরি তাহলে ৩ কোটি ১৭ লক্ষ ৪০ হাজার টন উৎপাদন হবে। বন্ধ হলে এটা আসবে কোথা থেকে ? গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ডিসিশন নিয়েছেন যে, বায়ো-ফার্টিলাইজার খুবই ইউজফুল হবে এবং ফার্টিলাইজার প্রমোশন অ্যান্ড এগ্রিকালচার রিসার্চ, তারা গ্রামে গিয়ে ফার্টিলাইজার ব্যবহারের ট্রেনিং দেবে। আজকে শুধু পশ্চিমবঙ্গেই নয়, পূর্বাঞ্চলে, বিহার, অসমে উৎপাদন বেড়েছে ১২ শতাংশ। এই অবস্থায় আজকে যদি ফার্টিলাইজার প্ল্যান্ট বন্ধ হয়ে যায়, যেটা অলরেডি ডিসিশন হয়ে গেছে—হেস্টি ডিসিশন—সেক্ষেত্রে ২০ তারিখের মধ্যে যদি ভলেন্টারি সেপারেশন স্কিম না আসে তাহলে ছেড়েছুড়ে চলে যেতে

হবে। এটা হেস্টি ডিসিশন, যেন মিলিটারি রুল চলছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দেশের উন্নতি চান না, মানুষ যাতে ভিখারিতে পরিণত হয় সেটা তারা চাইছেন। একটা হসপিটাল আছে। সেটার উন্নতির জন্য কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমরা মনে করি, শুধু বামফ্রন্ট নয়, কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এবং অন্যান্য বিরোধী দল মিলে কেন্দ্রীয় সরকারেরর কাছে যাওয়া দরকার। আমরা মনে করি, কারখানা দুটিতে মূল্যবান যে সার তৈরি হয় তার মূল্য ২৭.৫ বিলিয়ন ডলার এবং সেটা এগ্রিকালচার এবং ইকোনমি ডেভেলপ করছে। এটা একটা সিরিয়াস কন্ডিশন। এ ব্যাপারে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে বাধ্য করতে হবে সবাই মিলে। কাজেই আমাদের সরকার যে ব্যবস্থা নিয়েছেন তাকে আমি সমর্থন করি।

[12.30—12.40 p.m.]

শ্রী নিরুপম সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যর উদ্বেগের সঙ্গে আমি একমত। এবং আমি আশা করবো, সকল মাননীয় সদস্যরা একমত পোষণ করবেন। যদি ফার্টিলাইজার ইউনিট দুটি বন্ধ হয়ে যায় তাহলে শুধু আমাদের রাজ্যই নয়, গোটা পূর্বাঞ্চলে কৃষিক্ষেত্রে ভয়ঙ্কর বিপদ ডেকে আনবে। ইতিপূর্বে কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রমন্ত্রী মাননীয় শ্রী তপন সিকদার কলিকাতায় এসেছিলেন, তাঁকে সঙ্গে নিয়ে আমি এবং মুখ্যমন্ত্রী একটা সভা করেছিলাম মহাকরণে। সেখানে তপনবাবুকে বলা হয়েছিল যে আর একবার এই বিষয়ে বিবেচনা করার জন্য কেন্দ্রীয় সরকারকে বলুন। তিনি এই কথা বলবেন বলেছিলেন। তিনি একটা চিঠি প্রাইম মিনিস্টারকে লিখেছিলেন। তার একটা কপি আমার কাছে অতি সম্প্রতি পাঠিয়েছেন। আমরা এখন চেষ্টা করছি। কিন্তু কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন ডিসইনভেস্টমেন্ট, সেই পটভূমিতে দাঁড়িয়ে এই ক্ষেত্রে কি করবেন সেটা আমি জানি না।

LAYING OF REPORT

Annual Statement of Accounts together with Audit Report of the West Bengal State Electricity Board for the year 2000-2001.

Shri Probodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your permission I beg to lay the Annual Statement of Accounts together with Audit Report of the West Bengal State Electricity Board for the year 2000-2001.

শ্রী আবদুল মান্নান : মাননীয় পরিকল্পনা মন্ত্রী এখানে আছেন, গতবারে আপনি উদ্যোগ নিয়েছিলেন বলে বিধায়কদের এলাকা উন্নয়নের টাকা বহুদিন পরে অনুমোদন করা হয়েছিল। এবারেও বিধায়কদের এই টাকা বাজেট পাশ হয়ে যাওয়ার পরে পাইনি। আগামীকাল এই অধিবেশনের শেষ দিন, আবার সেই বাজেট অধিবেশন, এর মধ্যে আমরা

কিছু বলতে পারবো না। বিধায়কদের এলাকা উন্নয়নের টাকা যাতে আমরা পাই সেই ব্যাপারে আপনি একটু উদ্যোগ নিন, পরিকল্পনা মন্ত্রী এখানে আছেন, ওনাকে বলতে বলুন আমরা কবে নাগাদ এই টাকা পাবো।

শ্রী নিরুপম সেন : টাকা পেয়ে যাবেন কোনো অসুবিধা নেই, আমরা অর্ডার দিয়েছি, টাকা পেয়ে যাবেন। ফার্স্ট কোয়ার্টারের টাকা দিয়েছি।

শ্রী আবদুল মান্নান : ডিসেম্বরের মধ্যে পাবো ?

শ্রী নিরুপম সেন : সেটা বলতে পারছি না, তবে পেয়ে যাবেন।

শ্রী তপন হোড় : স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি, গতকাল মাননীয় আইনমন্ত্রী একটা বিবৃতি দিয়েছিলেন। সেই বিবৃতি দেবার পরে যে অবস্থা দাঁড়িয়েছে তারপরে বামফ্রন্টের পক্ষ থেকে বারে বারে বলা হয়েছে বার কাউন্সিল সমস্ত তিক্ততা ভুলে স্ট্রাইক উইথড্র করুক। এই স্ট্রাইকের ব্যাপারে সুপ্রিম কোর্ট একটা ভার্ডিক্ট দিয়েছে এই ক্ষেত্রে স্ট্রাইক উইথড্রর ব্যাপারে বার কাউন্সিলের কি মনোভাব এবং এই মুহূর্তে সুপ্রিম কোর্টের ভার্ডিক্ট এই সম্পর্কে যদি মন্ত্রী মহাশয় কিছু বলেন তাহলে ভাল হয়।

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনারা তো রেডিওতে শুনেছেন টি.ভি.-তে দেখেছেন, খবরের কাগজে পড়েছেন, তারপর উনি আর কি বলবেন ?

(গোলমাল)

শ্রী নিশিথ অধিকারী : আমি গতকাল আপনাদের মাধ্যমে আবেদন করেছিলাম.....

(এই সময় তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যগণ একসঙ্গে শ্লোগান দিতে থাকেন।)

মিঃ স্পীকার : এইভাবে হলে বলতে দেব না। (গোলমাল)

মিঃ অধিকারী, বলতে হবে না বসুন।

(তৃণমূল কংগ্রেসের সদস্যরা ওয়েলে দাঁড়িয়ে বলতে থাকেন।)

(গোলমাল)

MENTION CASES

শ্রী নিত্যানন্দ বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়া মহকুমা দীর্ঘদিন স্বীকৃতি পেয়েছে। কিন্তু আইন এবং বিচারের ব্যাপারে কোর্টে যেতে গেলে এখনো তমলুক থানায় যেতে হয়। সেই কারণে মাননীয় আইনমন্ত্রীকে অনুরোধ করছি যে, অবিলম্বে হলদিয়াতে যেন কোর্ট করা হয়। এই ব্যাপারে উদ্যোগ নেবার জন্য অনুরোধ করছি।

(গোলমাল)

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভার একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুতে যে ভরতুকি দেওয়ার ব্যাপারটা বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন সুপ্রিম কোর্টের অর্ডারে তা তুলে দিয়েছে। আগামীকাল বিধানসভা শেষ হয়ে যাচ্ছে। আমরা চাইছি আপনার চেয়ার থেকে একটা প্রস্তাব আসুক, জনস্বার্থে একটা সর্বসম্মতিক্রমে প্রস্তাব আনা হোক—বিষয়টি খুবই গুরুতর। এই যে বিদ্যুতের ক্রশ সাবসিডি তুলে দেওয়া হল এতে সাধারণ মানুষের চাপ বাড়ছে। সুতরাং এই ব্যাপারে একটা সর্বসম্মতিক্রমে প্রস্তাব জনসাধারণের স্বার্থে আনুন এবং তাতে আইনটি সংশোধন করার প্রস্তাব নিয়ে দিল্লিতে কেন্দ্রীয় সরকারের কাছে যেতে হবে। আজকে রাজ্য সরকার হাইকোর্টে যাবার কথা বলছেন জনগণের চাপে কিন্তু যখন সুপ্রিম কোর্টে কেস গেছিল তখন রাজ্য সরকার অ্যাপিয়ার হননি। সেই কারণে বলছি একটা সর্বসম্মতিক্রমে প্রস্তাব এই ব্যাপারে আনা হোক।

(গোলমাল)

শ্রী নৃপেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিধানসভার সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সাথে সাথে আপনাদের মাধ্যমে কেন্দ্রীয় সরকারেরও দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে ভারত-বাংলাদেশ সীমান্তে ২,২০২ কি.মি. রাস্তা চলে গেছে। ওখানে কেন্দ্রীয় সরকার থেকে কাঁটাতারের বেড়া দেওয়া আছে। কৃষির কাজের সুবিধার জন্য ১ কি.মি. অন্তর খোলা আছে। কেন্দ্রীয় সরকারের সুরক্ষা বাহিনী বি.এস.এফ. ওই গেট কিন্তু খোলা রাখে না। এর ফলে যারা কাঁটাতারের কাছে কাজ করেন তারা কৃষিকাজ করতে পারছে না। ওপারের জমির কাজও ব্যাহত হচ্ছে, ফলে সীমান্ত এলাকায় বেকার বাড়ছে এবং কৃষি শ্রমিকরা কাজ হারাচ্ছে। এর ফলে কৃষি শ্রমিকরা নিজেদের রুজি-রোজগারের জন্য অন্য রাজ্যে পাড়ি দিচ্ছে। সুতরাং কাঁটাতারের বেড়া দিয়ে যে গেট আছে, সেই গেট খুলে রাখা হোক অথবা কাঁটাতারের বেড়া যেন জিরো পয়েন্টে দেওয়া হোক এই দাবি জানাচ্ছি।

(গোলমাল)

[12.40—12.50 p.m.]

শ্রী অসিত কুমার মাল : মিঃ স্পীকার স্যার, আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিশ্বভারতীতে ছাত্রীদের কোনো নিরাপত্তা নেই, সেখানে ছাত্রীদের উপর যেভাবে প্রতিদিন শ্লীলতাহানি ঘটে চলেছে, তার দু-একটা ঘটনা খবরের কাগজে প্রকাশ পায়। কোনো অধ্যাপকের হাতে নির্দোষ ছাত্রীর শ্লীলতাহানির ঘটনা যেভাবে হয়েছে, এটা জলভাত হয়ে পড়ছে, অথচ এই শান্তিনিকেতনের একটা সুনাম আছে, এটা শুধু ভারতবর্ষের মধ্যে নয়, সারা বিশ্বে এর সুনাম আছে। অথচ এই শান্তিনিকেতনের বিশ্বভারতীতে বিভিন্ন প্রান্ত থেকে ছাত্রীরা লেখাপড়া শিখতে আসে। সেই জায়গায় দাঁড়িয়ে একজন অধ্যাপক মার খেয়ে হাসপাতালে ভর্তি আছেন, অভিভাবকরা উৎকণ্ঠার মধ্যে রয়েছেন। এই ব্যাপারটার প্রতি উপাচার্যর দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। আমি আপনার মাধ্যমে

মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করব বিশ্বভারতীতে যে নোংরামি চলছে, সেখানে যেভাবে ফার্স্ট ক্লাস পাইয়ে দেওয়া হচ্ছে, এই বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষার ক্ষেত্রে এই যে চরম অবস্থা চলছে, এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী পুষ্প চন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, তুফানগঞ্জ ২ নম্বর ব্লক কার্যালয়ে এখন পর্যন্ত আসাম দিয়ে ঘুরে যেতে হয়। আমার ওখানে একটা রাস্তা আছে—জাতীয় সড়কের জোড়াইমোড় হতে শালডাঙা পর্যন্ত, সেই রাস্তার উপরে যে ব্রিজ, সেটা অসমাপ্ত। প্রায় ২ বছর আগে শুরু হয়েছিল। এই ব্রিজের দুই পাশের অংশ যদিও হয়েছে, কিন্তু মাঝখানের অংশ ফাঁকা রয়েছে। যার ফলে ২টি উচ্চমাধ্যমিক স্কুল, ব্লক অফিস এবং অন্যান্য অফিস ও সাধারণ মানুষের যাতায়াতের খুব অসুবিধা হয়। আমি দাবি করছি, অবিলম্বে এই অসমাপ্ত ব্রিজটি সমাপ্ত করার জন্য।

শ্রী নেপাল মাহাতো : মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন থেকে পশ্চিমবঙ্গে আদার ব্যাকওয়ার্ড ক্লাস তারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের রিজার্ভেশান-এর ক্ষেত্রে ৭ শতাংশ বললেও, এখন পর্যন্ত তা কার্যকর করেননি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এই রিজার্ভেশান আছে। এটা একটা হাস্যকর ঘটনা হয়েছে, যখন ক্যাবিনেট সিদ্ধান্ত নিয়েছে ক্লাস টেন পর্যন্ত স্কুলে আদার ব্যাকওয়ার্ড ক্লাসের ছাত্র-ছাত্রীদের রিজার্ভেশান দেবে অথচ ১৬ বছর বয়স পার না হলে ও.বি.সি. সার্টিফিকেট পাওয়া যাবে না। অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকার যে ক্লাস টেন পর্যন্ত রিজার্ভেশান ঘোষণা করেছেন সেটা হাস্যকর। আমি অবিলম্বে আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, ৭ শতাংশ হারে শিক্ষার ক্ষেত্রে এডুকেশনাল ইনস্টিটিউটে, মেডিক্যালে, ইঞ্জিনিয়ারিং-এ, হায়ার স্টাডির ক্ষেত্রে ও.বি.সি.-দের সরকারি ঘোষণা অনুযায়ী সত্বর রিজার্ভেশান দেওয়া হোক, এই দাবি আমি জানাচ্ছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সুতি বিধানসভার নির্বাচন কেন্দ্রে যে রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লক-এ যে কানুপুর জুনিয়ার হাইস্কুল এবং জামোয়ার জুনিয়ার হাইস্কুল, এখন পর্যন্ত জুনিয়ার আছে। এই স্কুল দুটিকে হাইস্কুলে উন্নীত করার জন্য আবেদন জানাচ্ছি। হাড়োয়া, বহুতলি এবং বংশবাটি এই তিনটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৪টি হাইস্কুল আছে। এর মধ্যে যে কোনো একটিকে হায়ার সেকেন্ডারি স্কুলে উন্নীত করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রীমতী সোনালি গুহ : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অসিত মাল ব্যাপারটি নিয়ে আগেই বলেছেন। বিশ্বভারতীর পাঠভবনের অধ্যক্ষ চঞ্চল কুমার বন্দ্যোপাধ্যায় চিঠি লিখে জানিয়েছেন, বিশ্বভারতীতে বাইরে থেকে যে সমস্ত ছাত্রী পড়তে যায় তাদের প্রথম বিভাগে পাশ করিয়ে দেওয়ার টোপ দিয়ে এক শ্রেণীর অধ্যাপক ছাত্রীদেরকে অবৈধ প্রস্তাব দিয়ে থাকে। যে ছাত্রীটি অধ্যাপককে চড়

মেরেছিল তার জন্য আমরা দুঃখিত। কিন্তু কোন কারণে বহিরাগত একজন ছাত্রী অধ্যাপককে চড় মারতে বাধ্য হল সেই ব্যাপারটাও তদন্ত করে দেখা দরকার। তাদেরকে কেন গ্রেপ্তার করা হচ্ছে না, সি.পি.এম.-এর এক শ্রেণীর অধ্যাপক এই কাজ করছেন তাই তাদের শাস্তি দেওয়া হচ্ছে না। এই ব্যাপারে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষীদের শাস্তি দাবি করছি।

শ্রী মুজিবুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কয়েকটি প্রাথমিক হাসপাতাল ও গ্রামীণ হাসপাতাল আছে। সেই প্রাথমিক হাসপাতালগুলো প্রায় বন্ধ হওয়ার মুখে এবং গ্রামীণ হাসপাতালগুলোতে সাধারণ মানুষ কোনো পরিষেবা পাচ্ছে না। গ্রামীণ হাসপাতালগুলোতে পরিষেবা না পাওয়ার জন্য মানুষকে শহর এলাকার হাসপাতালে যেতে হচ্ছে। এই হাসপাতালগুলোতে যাতে মানুষ সুষ্ঠুভাবে পরিষেবা পায় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং ওখানে ডাক্তার নিয়োগ করে যাতে মানুষকে পরিষেবা দেওয়া যায় তার জন্য অনুরোধ করছি।

শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নবদ্বীপের বিদ্যুতের হাল খুবই খারাপ এবং দীর্ঘদিন ধরে বিপর্যস্ত হয়ে আছে। সেখানে একটি সাব-স্টেশন গড়ে উঠেছে, কিন্তু সাব-স্টেশনটি চালু হচ্ছে না। সেখানকার গ্রাহকরা সারচার্জ, ফুয়েল চার্জ এস.ই.বি.-কে দিচ্ছে। কিন্তু তা সত্ত্বেও নবদ্বীপের বিদ্যুৎ গ্রাহকরা পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে, সেখানে লোডশেডিং হচ্ছে এবং ফিলামেন্টের মতো লাইট জ্বলছে। সেখানকার বিদ্যুৎ গ্রাহকরা যাতে সুষ্ঠু পরিষেবা পেতে পারে তার জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অতি সত্বর ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় স্পীকার স্যার, আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত খৈতান ইন্ডিয়া কোম্পানির পলাশী সুগার মিল। ১৯৬৪ সালে বোর্ড অফ রেভিনিউ ৮ হাজার ৩৬.২৬ একর জমি অর্থাৎ ২৪ হাজার বিঘা জমি তাদের আখ চাষের জন্য দেওয়া হয়। এর মধ্যে নিচু জমি, জলা জমি, বিল জমি আছে এবং চাষযোগ্য জমিও আছে। কিন্তু সেখানে তারা আখ চাষ না করে তারা জমি লীজ দিচ্ছে, বাগান করছে। এই ব্যাপারে সংযুক্ত কৃষক সভা দাবি জানিয়েছে, ওদের যেটুকু দরকার সেটুকু রেখে বাকি জমিটা নিয়ে নেওয়া হোক। সরকার সেই জমিটা অধিগ্রহণ করুন। এই ব্যাপারে বিধানসভার স্ট্যান্ডিং কমিটিও সরকারকে রিপোর্ট দিয়েছে এবং তার উপরে সার্ভে হচ্ছে। দেখা যাচ্ছে প্রায় ১৭০০ একর জমি বাদ দিয়ে বাকি জমি তাদের প্রয়োজন নেই। সেই কারণে অবিলম্বে সমস্ত জমি, যেটুকু দরকার সেটা রেখে বাকি জমি অধিগ্রহণ করা হোক এবং এলাকার চাষীদের আখ চাষের জন্য দেওয়া হোক। সেখানকার চাষীরা আখ চাষ করে মিলটি চালাক। তারা ক্র্যাশিং ক্যাপাসিটিরও পূর্ণ ব্যবহার করে না। মিলের যে জমি আছে, তার থেকে মাত্র ২৫ শতাংশ আখ পায়, বাকি ৭৫ শতাংশ আখ বাইরের কৃষকদের থেকে নিতে হয়। এলাকার উন্নয়নের জন্য, মিলটি যাতে সুস্থভাবে চলে এবং বেশিদিন চলে, সেইজন্য ভূমিসংস্কার মন্ত্রী এবং শিল্প

উন্নয়ন মন্ত্রীকে আবেদন করছি, কোনোরকম চাপের কাছে নতিস্বীকার না করে কোম্পানির অতিরিক্ত জমি অধিগ্রহণ করে এলাকার চাষীদের দেওয়া হোক।

[12.50—1.00 p.m.]

শ্রী পবন কুমার লাকড়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন, জলপাইগুড়ি জেলার ১৮টি চা-বাগান বন্ধ আছে। এর মধ্যে ২১৯ জন লোক মারা গেছে। উদাহরণ স্বরূপ বলছি, রঙ্গিয়া চা-বাগানের মালিককে লেখা এস.ডি.ও. সাহেবের চিঠি থেকে জানা যায় ওই এলাকার লোকেরা অনাহারে মারা গেছে। এসব মালিকদের বিরুদ্ধে আই.পি.সি. ৩০৪ প্রয়োগ করে গ্রেফতারের দাবি করছি এবং অন্যান্য শিল্পের মতো চা-বাগানের শ্রমিকদেরও ভাতা দেওয়ার দাবি জানাচ্ছি।

শ্রী তপন হোড় : স্যার, কালকে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এখানে স্টেটমেন্ট করেছেন এবং বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের মূল্যবৃদ্ধির বিষয়ে কিছু পদক্ষেপ নেবেন বলেছেন। মূল্যবৃদ্ধির কথায় ইতিমধ্যেই গ্রাহকদের মধ্যে ভয়ঙ্কর রিঅ্যাকশন তৈরি হয়েছে। সেখানে বামফ্রন্ট লাগাতার আন্দোলন করবার কর্মসূচি নিয়েছে এবং লক্ষ লক্ষ মানুষের স্বাক্ষর সংগ্রহ করবার ব্যবস্থা করছে। এর মাধ্যমে বামফ্রন্ট এই লাগামছাড়া দাম বৃদ্ধির প্রতিবাদ করছে। মাননীয় মন্ত্রীকে বলতে চাই, তিনি যে পদক্ষেপগুলো নেবেন বলছেন, সেইগুলো ত্বরান্বিত করুন, নাহলে একটা বিপর্যয়ের সম্ভাবনা থাকছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নিন। আমরা কিছুতেই এই মূল্যবৃদ্ধি মেনে নেব না, লাগাতার সংগ্রাম করবে বামফ্রন্ট।

শ্রী নিয়ামত শেখ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং জেলার কার্শিয়াঙে ভিক্টোরিয়া বয়েজ স্কুলের হেডমাস্টার গত ৩১.০৭.২০০২ তারিখে রিটায়ার করেছেন। এখনও পর্যন্ত সেই স্কুলে হেডমাস্টার না থাকায় ছাত্ররা লেখাপড়ার সুযোগ পাচ্ছে না। হেডমাস্টারের যেসব সাবজেক্ট ছিল, সেইগুলোর পড়াশোনা হয় না। অবিলম্বে সেই স্কুলে হেডমাস্টার নিয়োগ করার আবেদন রাখছি।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র কুচবিহার পশ্চিমে সাংঘাতিক ঘটনার সৃষ্টি হয়েছে। ৮৯ সালে ভুষাডাঙ্গা, পুণ্ডিবাড়ি—ফালাকাটা হয়ে যে জাতীয় সড়ক-এর কাজ শুরু করা হয়েছিল। সেই সময় কথা হয়েছিল যে, রাস্তাটি যে জমির উপর দিয়ে যাবে, সেই জমি বাবদ ক্ষতিপূরণ-এর টাকা দেওয়া হবে। কিন্তু দুঃখের কথা ৯৫ সালে রাস্তার কাজ শেষ হলেও এখনও পর্যন্ত বাঁশদহ গ্রামের ২৭টি পরিবার এবং পুণ্ডিবাড়ি গ্রামের ১৮টি পরিবার ক্ষতিপূরণের টাকা পায়নি। আমি এল.আর. ডিপার্টমেন্টে গিয়েছিলাম। সেখানে শুনলাম ল্যান্ড অ্যাকুজিশানের অফিসে গিয়ে সতীশ সরকার বলে একজন লোক জাল কাগজপত্র দেখিয়ে সেই টাকা তুলে নিয়ে গেছেন। আমি দাবি করছি অবিলম্বে তদন্ত কমিটি গঠন করা

চাই এবং যারা প্রতারণা করল তাদের শাস্তির ব্যবস্থা করা চাই এবং ক্ষতিগ্রস্ত পরিবার যারা টাকা পায়নি, তাদের টাকা পাইয়ে দেবার বন্দোবস্ত করা হোক।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয় সম্প্রতি গত ১৬ তারিখে রাজ্য বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন আড়াইগুণ বিদ্যুতের দাম বাড়িয়ে দিয়েছেন পশ্চিমবঙ্গের সি.ই.এস.সি. কনজিউমারের ক্ষেত্রে। এই ব্যাপারে এই হাউস থেকে আমরা প্রতিবাদ করেছি এবং সংবাদপত্রে আমি দেখলাম এবং গতকাল মন্ত্রীমহাশয় বিবৃতি দিয়েছেন যে, তাঁরা ক্ষুব্ধ এবং এই ব্যাপারে আন্দোলন করবে। মুখ্যমন্ত্রী বলেছেন যে, প্রধানমন্ত্রীর কাছে চিঠি দেবেন। তপনবাবু বললেন যে, বামফ্রন্ট আজকে বিদ্যুতের মূল্যবৃদ্ধির বিরুদ্ধে পশ্চিমবঙ্গে আন্দোলন করে অচল করে দেবে। এটা খুব ভালো কথা। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই আজকে এখানে স্যার, দেখুন ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশন অ্যাক্ট, ১৯৮৮-এর ৩৯ নাম্বার-এর দুই ধারায় পরিষ্কার বলেছে—"If any question arises as to whether any such direction relates to matter of policy involving public interest, the decision of the State Government thereon shall be final." তাহলে স্যার, রাজ্য সরকারের এতবড় অস্ত্র রয়েছে, তাহলে ওইটা নালিফায়েড করে দিতে পারেন। তাহলে হাইকোর্টে যাবার দরকার কি ? প্রধানমন্ত্রীর কাছে চিঠি দেবার দরকারই বা কি ? আর আন্দোলনের দরকারই বা কি ? আসলে এটা গট আপ গেম। এরা জনবিক্ষোভ দেখিয়ে নকশা করছে। পশ্চিমবঙ্গের মানুষ ঘাসে মুখ দিয়ে চলে না। তাদের এত রাজনৈতিক চেতনার মান কম নয়। ফলে আজকে তারা তাদের সত্যতা প্রমাণ করতে চায়, তাহলে অবিলম্বে ৩৯-এর দুই ধারায় ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশন অ্যাক্ট, ১৯৮৮ এটা প্রয়োগ করে আজকে এই জনবিরোধী সিদ্ধান্ত বাতিল করুন। আপনি যদি বলেন স্যার, আমি আবার পড়ে দিচ্ছি।

[1.00—1.10 p.m.]

শ্রী কিরীটি বাগদি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় বেশ কয়েক বছর ধরে একটা শিশু বিকাশ প্রকল্প চালু আছে। সেই প্রকল্পটা মেদিনীপুরের এন.জি.ও.-র হাতে দিয়ে সেটাকে বছর বছর টালবাহানা করে যাচ্ছে। সেটাকে খোলার কোনো চেষ্টা করা হয়নি। সেজন্য আপনার মাধ্যমে সমাজ কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই শিশুবিকাশ প্রকল্পটি চালু করার জন্য।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে রামপুরহাট বিধানসভার অন্তর্গত তারাপীঠ। এই তারাপীঠে ব্যাপক মানুষের ভিড় হয়। রামপুরহাট থেকে তারাপীঠ যেতে মানুষকে অনেক যানবাহন-এর ব্যবস্থা করতে হয়। রাস্তায় বিভিন্ন সময়ে যানজটের সৃষ্টি হয়। এক একটা উৎসবের সময়ে প্রচুর মানুষের ভিড় হয় ফলে এই রাস্তা দিয়ে যেতে গেলে মানুষ অসুস্থ হয়ে পড়ে। আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করব যে আপনি যদি একটু সচেষ্ট হন এই সমস্যার সমাধান হতে পার। রামপুরহাট থেকে দেখুরিয়া যাওয়ার যে পথ আছে, সেই পথের

মাঝখানে একটা নদী আছে, ওই দ্বারকা নদীর উপর যদি একটা সেতু নির্মাণ করে দেন তাহলে বহুকালের জন্য যানজট থেকে বাঁচতে পারে। এতে খরচও খুব বেশি হবে না, কম খরচেই নির্মাণ করা যেতে পারে। আগে সাধারণ মানুষ ওই রাস্তাটাই ব্যবহার করত রাণাপুর, সরলপুর, বলরামপুর-এর মানুষ এই রাস্তাটা ব্যবহার করতে পারবে, তাদের আর তারাপীঠে ঘুরে যেতে হবে না। তাই আপনার কাছে অনুরোধ জানাচ্ছি সেতুটি নির্মাণ করার জন্য।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া মহকুমা হাসপাতাল একটা গুরুত্বপূর্ণ হাসপাতাল সেই হাসপাতালে অ্যাক্টিং এস.ডি.এম.ও. তিনি দীর্ঘদিন ধরে কোয়ার্টারে থাকেন না। তার তিনটে বাড়ি আছে, তাঁর ট্রান্সফার অর্ডার হয়ে গিয়েছিল, জানি না কেন সেই ট্রান্সফার অর্ডার স্টে অর্ডার হয়ে গেল। হাসপাতালে কোনো মেডিসিন নেই, কোনো কিছু নেই গরিব মানুষকে বাইরে থেকে ওষুধ কিনে খেতে হচ্ছে এবং ওয়ার্ল্ড ব্যাংকের এক কোটি ঊনসত্তর লক্ষ টাকা স্যাংশন হয়, সেই টাকাতে যে বিল্ডিং হয়েছে সেই বিল্ডিং ভেঙে পড়তে আরম্ভ করেছে। ডি.এম.-কে জানানো হয়েছে। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই হাসপাতালে তদন্ত করা হোক। উলুবেড়িয়া হাসপাতাল আজকে একটা গুরুত্বপূর্ণ হাসপাতালে পরিণত হয়েছে। রেল অ্যাকসিডেন্ট ন্যাশনাল হাইওয়ে অ্যাকসিডেন্ট নানারকম চাপ আসছে। আমি আপনাকে অনুরোধ করছি এই হাসপাতালে তদন্ত করা হোক।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর প্রশ্ন-উত্তর শুনছিলাম। এটা শুনে আমার মনে হল জিলা পরিষদগুলিতে সি.পি.এম. পরিচালিত পঞ্চায়েত সমিতিতে ভগবানের সন্তানরা বাস করে, সেখানে কেউ খারাপ নয়। আমি লক্ষ্য করেছি পঞ্চায়েত নির্বাচন যত এগিয়ে আসছে কিছু কিছু পঞ্চায়েত সমিতি তারা উদ্বিগ্ন হয়ে পড়েছে তাদের কাজকর্মের কৈফিয়ত দেওয়ার ব্যাপারে। পাঁশকুড়া-১, ২ এবং তমলুক-২ এই ৩টি পঞ্চায়েত সমিতির ব্যাপারে আমি নির্দিষ্ট ভাবে অভিযোগ করতে চাই পঞ্চায়েত নির্বাচনের মুখোমুখি দাঁড়িয়ে বহু মানুষকে তারা আন-অথোরাইজড ইলেকট্রিক পোল স্যাংশান দিচ্ছে, তার কোনো প্ল্যানিং নেই, খবর নেই। পঞ্চায়েত সমিতির বিদ্যুৎ দপ্তরের কর্মাধ্যক্ষকে জিজ্ঞাসা করলে তিনি কোনো কথা বলছেন না, কন্ট্রাক্টারদের কাছে জিজ্ঞাসা করলে তাঁরা কোনো উত্তর দিচ্ছেন না, জিলা পরিষদের বিদ্যুৎ দপ্তরে কথা বলে কোনো উত্তর পাওয়া যাচ্ছে না, বিদ্যুৎ দপ্তরের অফিসাররা নীরব হয়ে আছেন, তাঁরা বলছেন আমরা বলতে পারবো না কোথা থেকে কি হচ্ছে। মানুষের মধ্যে বিদ্যুতের চাহিদা আছে, কিন্তু তারা কিছু করতে পারছেন না। বিদ্যুৎ দপ্তর চূড়ান্ত অপদার্থ, সংঘবদ্ধভাবে মানুষ কবে বিদ্যুৎ পাবে সেটা বলতে পারছে না। আমরা এম.এল.এ.-রা যে টাকা দিয়েছি সেই টাকা পড়ে আছে। বিদ্যুৎ দপ্তর দীর্ঘদিন ধরে বিদ্যুতের দাম বাড়াচ্ছে আর গোয়েনকাদের দালালি করতেই তাঁরা ব্যস্ত এবং এই নিয়ে তাঁদের ফান্ডে যাতে কিছু আসে তার জন্য তাঁরা ব্যস্ত। আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে বলতে চাই আপনি চাপ দিয়ে এই বে-আইনি কার্যকলাপ বন্ধ করুন। আমি পঞ্চায়েত মন্ত্রীকে বলতে চাই পঞ্চায়েত সমিতি

এবং জিলা পরিষদগুলি দিনের পর দিন তাদের ব্যক্তিগত স্বার্থে এবং ভোটের স্বার্থে যে বে-আইনি কার্যকলাপ করার চেষ্টা করছেন সেটাকে বন্ধ করে, একটা নির্দিষ্ট নিয়মের মধ্যে দিয়ে, শৃঙ্খলার মধ্যে দিয়ে এই কাজগুলি যেন হয় তার জন্য অনুরোধ করছি। স্যার, আপনি বিদ্যুৎ মন্ত্রীকে এ ব্যাপারে নির্দিষ্ট পরামর্শ দিন।

শ্রী নন্দদুলাল মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার নির্বাচন ক্ষেত্র ইন্দাস থেকে বর্ধমান এবং ইন্দাস থেকে আরামবাগ এই গুরুত্বপূর্ণ রাস্তা দিয়ে প্রতিদিন ২৫, ২৬টি বাস চলে কিন্তু এর অবস্থা খুবই খারাপ হয়ে গেছে এবং তার জন্য যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়েছে। বাস মালিকরা বাস চালাতে রাজি হচ্ছেন না, তাঁরা বাস বন্ধ করার হুমকি দিচ্ছেন। আমি দাবি করছি অবিলম্বে ওই রাস্তাটি মেরামত করার ব্যবস্থা করুন।

শ্রী মলয় ঘটক : (হাউজে অনুপস্থিত)।

শ্রীমতী সাম্যপিয়ারী মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের একটি সড়ক ঝালদা—হলদিয়া রাস্তার উপর নির্মিত সেতুটি অকেজো অবস্থায় রয়েছে। ঝালদা পৌরসভার শেষ সীমান্তে অ্যাপ্রোচের কাজ শেষ করা গেছে। কিন্তু গোকুলনগর মৌজার একজন নির্বাচিত জন প্রতিনিধি জমিতে কাজ করাতে বাধা সৃষ্টি করছেন। তাই ভাঙা ব্রিজের উপর দিয়েই ভারি গাড়িগুলিকে যাতায়াত করতে হচ্ছে। এই কাজে বাধা সৃষ্টি করার জন্য জনস্বার্থে তার বিরুদ্ধে রাজ্য সরকার যাতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন তার জন্য আমি দাবি রাখছি।

[1.10—1.20 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৬ বছর ধরে যাদের কথা ভাবা হয়নি। তারা কিন্তু প্রকৃতপক্ষে সমাজের বন্ধু স্থানীয়। পশ্চিমবঙ্গে ৪ লক্ষের উপর রিকশা আছে এবং চালকের সংখ্যা প্রায় ৮ লক্ষ। এরা বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। দেখা যাচ্ছে ২৩ থেকে ২৮ শতাংশ রিকশাচালক শ্বাসকষ্ট, ৪৬ শতাংশ রিকশাচালক দুর্বলতা এবং বাকি রিকশাচালকেরা তলপেটের ব্যথায়, কাশিতে ভুগছে। যদিও রিকশা চালানোটা একটা পেশা, জীবিকা হিসাবে এটা তারা করে কিন্তু তাদের রক্ষা করার জন্য কোনো ব্যবস্থা আজ পর্যন্ত নেওয়া হয়নি। তারা বিভিন্ন ভাবে দূষণে ঝাঁঝরা হয়ে যাচ্ছে। কলকাতার বাতাসও আজকে দূষিত হয়েছে। এবং এর ফলে একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হচ্ছে। কলকাতার বাইরে যে সাইকেল রিকশাচালক আছেন তাদের ক্ষেত্রেও একই অবস্থা হচ্ছে। তাদেরও বিভিন্ন রকম অসুখ-বিসুখ হচ্ছে, বিভিন্নভাবে আক্রান্ত হচ্ছে। এর ফলে একটা ভয়ঙ্কর অবস্থা দেখা দিয়েছে। বর্তমানে যে রিকশাগুলো আছে তার পরিবর্তন হওয়া দরকার। শিবপুর বি.ই. কলেজের এক্সপার্ট অকুপেশনাল হেল্‌থ সেন্টার থেকে নতুন রিকশার নকশা তৈরি করেছেন। সেই রিকশা চালানোর ক্ষেত্রে চালকের কম পরিশ্রমের দরকার হবে। শিবপুর বি.ই. কলেজের এক্সপার্টের

রিপোর্ট নিয়ে যদি রিকশাচালকদের রক্ষা করার চেষ্টা করা যায় তাহলে মনে হয় সমাজের দুস্থ, অসহায় মানুষগুলোকে রক্ষা করা যাবে। এটা যদি করা যায় তাহলে ওইসব শ্রেণির মানুষরা, যারা সমাজের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে যুক্ত আছে এবং বর্তমানে শারীরিক দুর্দশার জন্য অনাহারে দিন কাটাচ্ছে, সংসার প্রতিপালন করতে পারছে না তাদের উপকার হবে। এদের জন্য সরকার থেকে কোনো রকম অর্থ সাহায্য দেওয়া হয়নি, ব্যাঙ্ক থেকে রিকশা দেওয়ারও কোনো ব্যবস্থা করা হয়নি। সেইজন্য এ ব্যাপারে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান থেকে বীরভূম জেলা এবং সিউড়ি সদর শহরে যাওয়ার গুরুত্বপূর্ণ রাস্তায় অজয় নদীর উপর যে ব্রীজ নতুন হাটের কাছে করা হয়েছে, সেই ব্রীজ করার ফলে রাস্তার গুরুত্ব অনেক বেড়ে গেছে। প্রচুর বাস-ট্রাক সেখান দিয়ে যাচ্ছে। বাসপাড়া থেকে নানুরের ২৭ কি.মি. রাস্তার অবস্থা এমন খারাপ হয়ে গেছে যে বাস-ট্রাক পাল্টি খাচ্ছে এবং মানুষের জীবনহানির আশঙ্কা বেড়ে যাচ্ছে। এই জন্য মাননীয় পূর্ত মন্ত্রীকে বলছি অবিলম্বে যাতে ওই রাস্তা মেরামত করা হয় যাতে কিনা বাসগাড়িগুলো সুষ্ঠুভাবে চলাচল করতে পারে। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী তথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এবং বিধানসভার একজন সদস্য হিসেবে আপনার হস্তক্ষেপ প্রার্থনা করছি। স্যার, পশ্চিম মেদিনীপুরের খড়গপুর লোকাল থানার ও.সি.র নেতৃত্বে একদল পুলিশ গত ১৩ ডিসেম্বর, শুক্রবার বাগনান থানার চালিধাউরিয়া গ্রামে যেখানে আমি থাকি তার পাশের বাড়িতে মধ্যরাতে সেই বাড়ির একটি ছেলের বিরুদ্ধে মিথ্যে অভিযোগ নিয়ে সেই বাড়িতে তাকে গ্রেপ্তার করতে আসে। শুধুমাত্র সেই বাড়িতেই পুলিশ তল্লাশি করেনি, তার পাশের বাড়িতে অর্থাৎ আমার বাড়িতেও সেই মধ্যরাতে দেখলাম কয়েকজন কন্‌স্টেবল্ আমার বাড়ির দরজা ঠেলে ছাদের উপর উঠে যাচ্ছে সেই ছেলেটিকে খোঁজ করার জন্য। কিন্তু তারা বাড়ির মালিককে কোনো জিজ্ঞাসা না করেই ছেলেটিকে খোঁজ করার জন্য ছাদে উঠে যায়। আমি ও.সি.-কে চ্যালেঞ্জ করায় ও.সি. বলেছেন, 'আমি যা করছি, করছি, কাউকে কৈফিয়ত দিতে বাধ্য নই'। এরপর আমি হাওড়ার এস.পি.-কে এই বিষয়টি জানিয়েছি। কিন্তু ২-৩ দিন অপেক্ষা করার পর প্রশাসনিক ভাবে এই বিষয়ে কোনো সুবন্দোবস্ত না হওয়ায় আমি বিধানসভায় এই বিষয়টা তুললাম। যদি এই বিষয়ে প্রশাসনিক ভাবে সুবন্দোবস্ত হত তাহলে আমি বিধানসভায় এই বিষয়টা তুলতাম না। সেই ছেলেটির পরিবারের সদস্যরা হাওড়া জেলার মন্ত্রী মাননীয় শ্রী প্রত্যুষ মুখার্জী মহাশয়ের কাছে গিয়ে ছেলেটির বিষয়ে সবিস্তারে করুণ কাহিনী জানিয়েছেন। এই ছেলেটি আগের এস.পি. এবং এখনকার এস.পি.-র গাড়ির পার্ট টাইম ড্রাইভার ছিল। কোনো একটা পারিবারিক কারণে ছেলেটিকে চাকরি থেকে চলে যেতে বলা হয়, ছেলেটি চলে আসে এবং তারপর তার নামে মিথ্যে অভিযোগ দিয়ে পুলিশ বার বার তাকে হ্যারাস্ করছে। ছেলেটির কোনো অপরাধ নেই, তা সত্ত্বেও তাদের উপর হামলা চালাচ্ছে পুলিশ, মাঝে মাঝে পুলিশ আসছে। এমনকি পুলিশ আমার সামান্যতম

মর্যাদাও দেয়নি। আমি এ ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

মিঃ স্পীকার : Mr. Nisith Adhikary, the Parliamentary Affairs Minister is not here. But you inform the Chief Minister to cause an enquiry into this matter. পুলিশের লোক এম.এল.এ.-র ঘরে ঢুকবে, উইদাউট্ রিজন্ উইদাউট্ এক্সপ্ল্যানেশন। কি ব্যাপার আমি জানি না। Cause an enquiry and send a report to me. কি ব্যাপার, কি ঘটেছে সেটা আমাকে জানাবেন।

শ্রীমতী অসীমা চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র মাণিকচক কেন্দ্রের মথুরাপুর জি.পি.-র ফুলহার নদীর সংকটতোলা ঘাট ভাঙনের ফলে এলাকায় বিপর্যয় দেখা দিয়েছে। এই ভাঙন এগোতে এগোতে মানুষের বসতি পর্যন্ত চলে এসেছে। গতবছর এই ভাঙন থেকে মানুষকে রক্ষা করার জন্য বোল্ডার পিচিং করা হয়, কিন্তু এই বোল্ডার পিচিং বর্ষার মরশুমে করার জন্য সেই সমস্ত কাজগুলো সম্পূর্ণভাবে নদীগর্ভে তলিয়ে গেছে এবং ভাঙন এগোতে এগোতে জনবসতির কাছে চলে এসেছে। মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে, এ বছর শুখা মরশুমে ওই ঘাটের মেরামত করে মানুষকে রক্ষা করার জন্য, জনবসতিকে রক্ষা করার জন্য যেন যথাযথ ব্যবস্থা নেওয়া হয়। তা নাহলে মথুরাপুরের অনেকগুলো বাড়ি ভেঙে ফুলহার নদীগর্ভে তলিয়ে যাবে।

[1.20—1.30 p.m.]

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে রাজ্যের প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কাকদ্বীপে মৃণালনগরে রাখালচন্দ্র উচ্চমাধ্যমিক বিদ্যালয় অবস্থিত। এই বিদ্যালয়টি অত্যন্ত জনপ্রিয়। এই উচ্চমাধ্যমিক বিদ্যালয়টি গত এক সপ্তাহ ধরে তালা বন্ধ অবস্থায় রয়েছে। এই উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ১৬০০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করে। বিদ্যালয়টি ১ সপ্তাহ ধরে তালাবন্ধ অবস্থায় থাকার ফলে ছাত্র-ছাত্রীরা পঠন-পাঠন থেকে বঞ্চিত হচ্ছে। ইতিমধ্যেই এক সপ্তাহ ধরে রাজ্যের শিক্ষা দপ্তর এবং মহকুমা শিক্ষা দপ্তর, মহকুমা শাসক এবং বি.ডি.ও., পুলিশ প্রশাসনকে রাখালচন্দ্র উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পক্ষ থেকে বারে বারে জানানো সত্ত্বেও অদ্যাবধি সেই বিদ্যালয় তালাবন্ধ অবস্থায় রয়েছে। গতকাল মহকুমা শাসকের দপ্তরে কয়েকশো ছাত্র-ছাত্রী ডেপুটেশান দিয়েছেন। যাতে রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক শিক্ষামন্ত্রী উদ্যোগ গ্রহণ করেন এবং এই উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়টি যাতে অনতিবিলম্বে স্বাভাবিক অবস্থায় ফিরে আসে তাই আপনার মাধ্যমে রাজ্যের উচ্চ-শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী উমারাণী বাউরী : শ্রদ্ধেয় স্পীকার সাহেব, স্যার আপনার মাধ্যমে আমি এই বিধানসভায় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় দেলপুর ড্যাম

থেকে পাঞ্চেত রোডটি খুব খারাপ হয়ে গেছে। যান চলাচল এবং মানুষ চলাচলের অপ্রয়োজনীয় হয়ে পড়েছে, সেইজন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী এবং ডি.ভি.সি.-কে বলছি যাতে রাস্তাটি অবিলম্বে মানুষ চলাচলের উপযোগী করা যায় এবং পথ সংস্কার করা হয়, তার জন্য আমি আবেদন রাখছি। ধন্যবাদ।

শ্রী পরশ দত্ত : স্যার, বেহালাকে একসময় লোকে কলকাতার কারগিল বলত। গত বিধানসভা নির্বাচনের পর থেকে বেহালা শান্ত হয়ে আসছিল কিন্তু ইদানীং মাস ৩-৪ আগে আবার বেহালায় খুন, চুরি, ডাকাতি, তোলাবাজি প্রচণ্ডভাবে বেড়ে গেছে। বিগত ১ মাস-এর ভিতরে বেহালায় ১টি খুন, ২টি দিনে-দুপুরে ডাকাতি এবং অজস্র তোলাবাজির ঘটনা ঘটছে। স্যার আমি বিধায়ক হিসাবে সব জায়গায় গিয়ে একটা জিনিস লক্ষ্য করতে পারছি যে, সি.পি.এম.-এর দলের লোকেরা এই তোলাবাজির পিছনে প্রত্যক্ষ মদত দিচ্ছে। যখন ধরা পড়ে যাচ্ছে, তখন বলছে কম্প্রোমাইজ করে নাও। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলছি, শুধু পুলিশ প্রশাসন নয়, তারা নিজের পার্টিকে কন্ট্রোল করুন। তা না হলে বেহালার মানুষ যে আজকে শান্তিতে ঘুমোচ্ছেন, তাদেরকে আবার বিনিদ্র রজনী যাপন করতে হবে এবং বেহালা আবার কারগিলে পরিণত হবে।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে মেমারি গ্রামীণ হাসপাতাল, সেটা ২ বছর আগে প্রোজেক্ট হাসপাতাল হিসাবে উন্নীত হয়েছে। কিন্তু মেমারির সাধারণভাবে সড়ক ব্যবস্থা উন্নত এবং জি.টি. রোড, ট্রেন লাইন মেমারির সাথে কানেকটেড। তাই স্বাভাবিক ভাবেই পার্শ্ববর্তী বিভিন্ন এলাকার, বিভিন্ন ব্লকের মানুষেরা চিকিৎসার জন্য যান। ফলে মেমারি হাসপাতালে অসংখ্য মানুষের ভিড় বাড়ছে। ফলে স্বাভাবিকভাবেই এই হাসপাতালকে আরও উন্নত করবার দরকার আছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে পরিকল্পনা কমিটির পক্ষ থেকে এটাকে স্টেট জেনারেল হাসপাতাল করার জন্য প্রস্তাব মাননীয় মন্ত্রীর কাছে পাঠানো হয়েছে, যাতে অবিলম্বে এটাকে স্টেট জেনারেল হাসপাতাল হিসাবে উন্নীত করা যায়, তার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, গতকাল রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী বিদ্যুতের যে দাম বৃদ্ধি হল, তার উপর যে বিবৃতি দিলেন, গতকাল সকাল পর্যন্ত বিধনাসভায় বিদ্যুৎ মন্ত্রী বিদ্যুতের উপর যে বিবৃতি দিলেন তাতে সকলে ভেবেছিল যে কিছু সহায়তার কথা থাকবে, কিন্তু গতকাল তিনি বলেছেন, 'রাজ্য সরকারের পক্ষ থেকে কোনো সাবসিডি দেওয়া হবে না'। তিনি নির্ভর করতে চাইছেন ক্রস সাবসিডির উপরে। আমি ওনাকে মনে করিয়ে দিতে চাই যে, হরিয়ানায় বিদ্যুতের উপর সরকার বেশ কয়েক হাজার কোটি টাকা রিলিফ দেন, সাবসিডি দেন। প্রশ্ন হচ্ছে আমাদের সামনে রাজ্য সরকার কালকে অভিনয় করলেন, অথচ যখন সুপ্রিম কোর্টে কেস হল তখন রাজ্য সরকারের পক্ষ থেকে কোনো রকম পার্টিসিপেশন হল না। ডি.জি.-র ব্যাপারে যখন হাইকোর্ট রায় দিল তখন তাকে চ্যালেঞ্জ করার জন্য রাজ্য সরকার সুপ্রিম কোর্টে চলে গেল। সেখানে কেস করতে কয়েক লক্ষ টাকা খরচ হয়ে গেল।

পশ্চিমবঙ্গ সরকার টাকা খরচ করে কেস করে জিতে এলো। অথচ লক্ষ লক্ষ গরীব মানুষের বিদ্যুৎ ব্যবহারের প্রশ্নে তাঁরা সেখানে গেলেন না। এইভাবে যদি বিদ্যুতের দাম নির্ধারিত হয় তাহলে রাজ্যের গরীব মানুষরা আর বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন না। ছোটো ছোটো কল-কারখানা বন্ধ হয়ে যাবে। কুটির-জ্যোতি প্রকল্প বন্ধ হয়ে যাবে। স্যার, আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে রাজ্যের সমস্ত মানুষের কাছে আবেদন করছি, আইনের রাস্তায় যদি এই সমস্যার কোনো সুরাহা না হয় তাহলে আমরা সরাসরি সমস্ত রাজনৈতিক দলের সমর্থন নিয়ে তাঁদের কাছে বিদ্যুৎ বিল বয়কটের ডাক দেব। আমরা বিদ্যুৎ বিল বয়কটের ডাক দিতে বাধ্য হব। পশ্চিমবঙ্গ সরকার সুপ্রিম কোর্টের কেসে যদি পার্টিসিপেট না করে এবং আইনের পথে যদি সমস্যার সমাধান না হয় তাহলে আমরা মানুষের কাছে আবেদন করতে বাধ্য হব। সরকার পক্ষের দলগুলির কাছে এবং সবকটি বিরোধী দলের কাছে আবেদন করব—সমস্ত দল মিলিতভাবে মানুষের কাছে বিদ্যুৎ বিল বয়কটের ডাক দেব। আমরা আশা করব শাসক দল গরীব মানুষের কথা বিবেচনা করে বিদ্যুৎ বিল বয়কটের বিরোধিতা করবেন না।

শ্রী বাদল জমাদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ভাঙড় বিধানসভা কেন্দ্রের ভাঙড় এক নং ব্লকের ঘটকপুকুর, শাঁখশহর এবং পাগলাহাটের তিনটি হাটে কৃষিপণ্য আনার জন্য নলমুড়ি—শাঁখশহর রাস্তাটি ব্যবহার করতে হয়। বর্তমানে এই নলমূড়ি—শাঁখশহর রাস্তাটি অত্যন্ত খারাপ হয়ে গেছে। ফলে কৃষকদের এ হাটগুলোয় কৃষিপণ্য নিয়ে যেতে খুবই অসুবিধায় পড়তে হচ্ছে। রাস্তাটি যাতে অবিলম্বে সংস্কারের ব্যবস্থা করা হয় তার জন্য আমি বিষয়টির প্রতি কৃষি বিপণন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে রাস্তাটি মেরামত করার ব্যবস্থা করা হোক।

শ্রীমতী মানসী ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বাঁকুড়া জেলার বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতালটিতে বর্তমানে রোগীর সংখ্যা যথেষ্ট পরিমাণে বাড়ছে। শুধু বাঁকুড়া জেলারই নয়, পাশের জেলা পুরুলিয়া, মেদিনীপুরের মানুষরাও ওখানে চিকিৎসার জন্য আসছেন। এমনকি পাশের রাজ্য আগেকার বিহার, এখনকার ঝাড়খণ্ডের মানুষরাও ওখানে চিকিৎসার জন্য আসেন। ফলে এ হাসপাতালে ক্রমশ রুগীর সংখ্যা বেড়ে চলেছে। সে জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি—বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতালের পরিকাঠামোর আরো উন্নতি ঘটিয়ে হাসপাতালটিকে আরো অগ্রগতির দিকে নিয়ে যাওয়া হোক। বিশেষ করে বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতালের মর্গটি উন্নত করার ব্যবস্থা করা হোক এবং রুগীদের আত্মীয়-স্বজনের ওখানে রুগীদের ভর্তি করার পরে যাতে ঠিকভাবে প্রয়োজনীয় সময় থাকতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা করা হোক।

শ্রী কল্লোল খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নাকাশীপাড়া ব্লকের পাশ দিয়ে গঙ্গানদী প্রবাহিত হচ্ছে। গঙ্গার ভাঙনে এ এলাকার দাদুপুর, উদয়চন্দ্রপুর, কাশীরডাঙা প্রভৃতি গ্রামগুলি ব্যাপকভাবে কবলিত হয়ে পড়েছে। ওখানে একটা সাবসিডাইজ হেল্‌থ

সেন্টার, বিদ্যাসাগর প্রতিষ্ঠিত শতবর্ষের পুরোনো উচ্চমাধ্যমিক হাইস্কুল পর্যন্ত গঙ্গার ভাঙন কবলিত হয়ে পড়েছে। চন্দনপুরে সংখ্যালঘু সম্প্রদায়ের বাস, চন্দনপুর এবং করকড়িয়ায় গঙ্গার ভাঙনে কয়েক হাজার কৃষিজমি ক্ষতিগ্রস্ত হয়েছে। ওই ব্যাপক এলাকায় গঙ্গার ভাঙনে কৃষিজমি, গৃহস্থের ঘরবাড়ি, বিদ্যালয়, হাসপাতাল প্রভৃতি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে সঠিক পরিকল্পনা গ্রহণ করে গঙ্গা ভাঙন প্রতিরোধ করে এ এলাকার কৃষিজমি, গৃহস্থের বাড়ি-ঘর স্কুল হাসপাতাল প্রভৃতি রক্ষার ব্যবস্থা করুন। দ্রুততার সঙ্গে এই ইরোশন বন্ধ করার ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

[1.30—1.40 p.m.]

শ্রী অরুণাভ ঘোষ : স্যার, আপনার মাধ্যমে আমি নিশীথ অধিকারীর একটা দুর্নীতির কথা তুলে ধরতে চাই। স্যার, আপনি জানেন স্টেট লিগ্যাল এইড সার্ভিসে উনি ওঁর বন্ধু বিচারপতি সমরেশ ব্যানার্জীকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন ৬ জন বিচারপতিকে টপকে। কারণ সমরেশ ব্যানার্জী ২০০৩ সালে রিটায়ার্ড করবেন। এখন যাঁরা রিটায়ার করছেন তাঁরা কেউ যাতে পোস্টটা ফিল-আপ করতে না পারে, তার জন্য উনি এটা করেছেন। করার আইন আছে, যে কোনো রিটেয়ার জাজ এবং সিটিং জাজকে করতে পারে। যেমন, কোনো এক কোম্পানীর চেয়ারম্যান যদি নিয়োগের কোয়ালিফিকেশন হয় অন্য কোনো কোম্পানির সিটিং বা রিটেয়ার্ড চেয়ারম্যান, তাহলে যে মুহূর্তে সেই লোকটিকে চাকরি দেওয়া হবে অন্য কোম্পানিতে, সেই মুহূর্তে পুরোনো কোম্পানীর চেয়ারম্যানের পদ থেকে পদত্যাগ করা উচিত। কিন্তু এখানে দেখা যাচ্ছে, সেই বিচারপতি হাইকোর্টে একটা মামলাও করছেন না আবার যেখানে হোল টাইম সার্ভিস সেখানেও করছেন না। আমি বুঝি, সিনিয়র বলাই রায়কে ভেট দিয়েছেন অ্যাডভোকেট জেনারেল পদে। একই চেম্বারের লোক সমরেশ ব্যানার্জীকে লিগ্যাল এইড সার্ভিসে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। আবার রবিলাল মৈত্রকে যিনি কোনো দিন জীবনে মামলা করেননি অথচ তাঁকে গভর্নমেন্ট প্লিডার করে দিয়েছেন। আর কি দুর্নীতি করবেন নিশীথবাবু ? এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি এবং ওনার অপসারণ দাবি করছি।

Mr. Speaker: This is a matter of opinion. And as regards High Court Judges, the less we discuss the better.

শ্রী সৌগত রায় : স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসকে স্মরণ করিয়ে দিতে চাই যে, পশ্চিমবাংলার সমস্ত কোর্টের আইনজীবীদের ধর্মঘট যেখানে ৩৬ দিনে পদার্পণ করলো সেখানে সারা ভারতবর্ষের আইনজীবীরা ধর্মঘট করছেন এবং সেখানে কেন্দ্রীয় সরকার যে একটা নতুন আইন করেছেন সেই আইনের বিরুদ্ধে সারা ভারতবর্ষের ল-ইয়াররা ধর্মঘট করছেন, সেটা হচ্ছে লিগ্যাল সার্ভিসেস অথরিটিজ (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০০২-এর বিরুদ্ধে সারা ভারতবর্ষের আইনজীবীরা আন্দোলন করছেন। গতকাল মাননীয় মন্ত্রী খুবই উল্লসিত

ছিলেন যে সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছেন তাতে আইনজীবীদের ধর্মঘট অনৈতিক এবং আইন বিরুদ্ধ এবং তিনি আবেদন করলেন আইনজীবীরা যাতে ধর্মঘট প্রত্যাহার করেন। আমি পশ্চিমবাংলার বার কাউন্সিলকে অভিনন্দন জানাই যে, তাঁরা বলেছেন সুপ্রিম কোর্ট একটা রায় দিলেও সেটা জেনারেল ডিরেকশন হতে পারে, কিন্তু রাজ্য সরকার অ্যাপিল করলেও যে কারণে ধর্মঘট করছেন তা যতক্ষণ পর্যন্ত না সমাধান হয় ততক্ষণ পর্যন্ত ওরা ওদের আন্দোলন চালিয়ে যাবেন। আমি এই আন্দোলনের পিছনে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এটা মনে রাখতে হবে, আইনজীবীরা ধর্মঘট করেনি, ওরা কোনো সংস্থায় কাজ করে না, ওরা স্বনিযুক্ত প্রফেশন্যাল, নিজেদের রোজগার থেকে বঞ্চিত হচ্ছে, নিজেরা কাজে যাচ্ছে না, ওরা উকিল হিসাবে ব্রিফও ফেরত দিয়েছেন। আজকে দিনের পর আইনমন্ত্রী এই সভায় নির্লজ্জের মতন বসে থাকেন, আমরা বারবার মুখ্যমন্ত্রীকে বলেছি, আপনি আইনজীবীদের ডাকুন, কোর্ট-ফিজ যেটা কমিয়েছেন সেটা অ্যাডভ্যালোরেম ১ লক্ষ টাকা পর্যন্ত যেটা সেটা কিছু কমিয়েছেন। এ ছাড়া আর যেগুলির বিষয়ে কথা ছিল, যেমন, হাজিরা, ওকালতনামা, উইল-প্রবেট সেইসব ক্ষেত্রে অবিলম্বে কমানো দরকার, কিন্তু আইনমন্ত্রী এইসব ক্ষেত্রে এক পয়সাও ছাড়ছেন না। যে কারণে ধর্মঘট, যে কারণে লিটিগান্টদের স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে। আইনজীবীদের ধর্মঘট চলবে। আমি মুখ্যমন্ত্রীকে বলেছি, এই আইনমন্ত্রীকে দিয়ে হবে না, এই আইনমন্ত্রীকে পাল্টান। আপনি নিজে ডেকে কথা বলুন বার কাউনসিলের সাথে। জোর করে ধর্মঘট ভাঙতে যাবেন না। এই কথা আমি হাউসকে বলছি।

শ্রী মলয় ঘটক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আসানসোলে রুর‍্যাল আই.সি.ডি.এস. প্রোজেক্ট আজ থেকে ৭ বছর আগে অর্থাৎ ১৯৯৫ সালে স্যাংসন্ড হয়েছিল, কিন্তু দীর্ঘ ৭ বছর হয়ে গেল, এখনো পর্যন্ত রুর‍্যাল আই.সি.ডি.এস. প্রোজেক্ট ওখানে চালু হয়নি। এটা চালু না হওয়ার জন্য আজকে লক্ষাধিক মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এটা কেন্দ্রীয় সরকারের একটা প্রোজেক্ট এবং এর জন্য কেন্দ্রীয় সরকার-এর সমস্ত টাকা রাজ্য সরকারের কাছে আসে। কিন্তু রাজ্য সরকারের অবহেলার জন্য এই রুর‍্যাল আই.সি.ডি.এস. প্রোজেক্টটি দীর্ঘ ৭ বছর ধরে আটকে আছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই প্রোজেক্টটি যাতে চালু হয়। আমি ব্যক্তিগতভাবে মন্ত্রীমহাশয়কে পত্র দিয়েছিলাম, কিন্তু সেই পত্রের কোনো উত্তর পাইনি। আমি কেন্দ্রীয় সরকারের কাছে চিঠিও লিখেছিলাম, কিন্তু সেখান থেকে চিঠি রাজ্য সরকারের কাছে এসেছে। কিন্তু আজ পর্যন্ত সেই প্রোজেক্টটি চালু হয়নি। অবিলম্বে যাতে চালু হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী অশোক দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে নিশীথবাবু আছেন, তপন হোড় মহাশয় না বুঝে একটা মন্তব্য করলেন। স্ট্রাইক এবং সিজ ওয়ার্কের মধ্যে অনেক ডিফারেন্স। আমরা কর্মবিরতি করছি, স্ট্রাইক করছি না। নিশীথবাবু প্রায় বলছেন আমরা ধর্মঘট করছি। ধর্মঘট কারা করেন ? আপনারা ধর্মঘট করেন সরকারে থেকে, সরকারে থেকে আপনারা রাজ্যে বন্ধ ডাকেন। আমরা কিন্তু ধর্মঘট করিনি, আমরা সিজ ওয়ার্ক করছি। আইনজীবীরা

সারা রাজ্যে বিভিন্ন আদালতে সিজ ওয়ার্ক করছেন, কাজে যাচ্ছেন না। আমরা চাকরি করি না। আমরা কারুকে বলতে যাচ্ছি না তুমি যাবে, কি যাবে না। আইনজীবীরা স্বেচ্ছায় যাচ্ছেন না, জনগণও স্বেচ্ছায় যাচ্ছেন না। গতকাল আমরা দেখেছি, নিশীথবাবু এবং তার দলবল সুপ্রীম কোর্টের ভয় দেখিয়ে সবাইকে কাজে নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন জোর করে। আমরা গতকালও বলেছি, আজকেও বলছি, যতক্ষণ পর্যন্ত না আমাদের দাবি মানা হচ্ছে ততক্ষণ আমরা কাজে যাব না, কর্মবিরতি চলবে। আমরা, আইনজীবীরা উচ্চ আদালতকে মানি, সম্মান করি। উচ্চ আদালতের ব্যাপারটা আইনজীবীরা জানেন, বার কাউনসিল সেটা দেখছেন, বার কাউনসিলের সভাপতি, সম্পাদকের ব্যাপার সেটা, সেটা তারা দেখছেন, সেটা আপনাদের ব্যাপার নয়। আজকে আমার হাউসে বলতে কোনো দ্বিধা নেই যে যত ঘটনা ঘটছে তার জন্য দায়ী আপনি—you are the main root. আপনি আইনজীবীদের বিপদে ফেলার চেষ্টা করছেন।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অশোকবাবু এবং সৌগতবাবু বললেন যে তারা কর্মবিরতি করছেন, ধর্মঘট করছেন না। এইভাবে সভাকে বিভ্রান্ত করার কোনো অধিকার ওদের নেই। ওরা ধর্মঘট করছেন কি কর্মবিরতি করছেন—সুপ্রিম কোর্টের ভারডিক্টে পরিষ্কারভাবে বলা হয়েছে যে কোনোটাই ওরা করতে পারেন না। এটা আইনবিরুদ্ধ। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, তিনি বলুন, সুপ্রিম কোর্টের ভারডিক্টে প্রকৃতপক্ষে কি বলা হয়েছে। এখানে ওরা যা বলছেন সমস্ত আইনবিরুদ্ধ। ওই তৃণমূলের আইনজীবী যাঁরা এখানে বসে আছেন তাঁরা এক একটা অসভ্য। আজকে জেলগুলিতে অবর্ণনীয় অবস্থা চলছে। সেখানে বন্দীরা হেকেল্ড হচ্ছেন। ওদের কোনো মানবিকতা বোধ নেই। ওরা জন্তুর মতন, পশুর মতন ব্যবহার করছেন।

(গোলমাল)

Mr. Speaker: Please, please, I am on my legs. (Noise and interruptions from the Opposition Benches)

The question over here is ..... (Noise) ..... I am on my legs ..... (Noise) .....

The question here is not whether anybody is on strike or cease-work. That is not the question. The question here is—the people at large are suffering. The litigant .....

(Noise)

(At this stage, Shri Pankaj Banerjee rose to speak)

I am not going to debate with you. I am not going to debate with you. The litigant public are suffering. The people are not getting bail, The people are not getting bail. They are under

detention in spite of the Bail Order being passed. Immediate steps should be taken to ameliorate the problems of the people.

Now Recess. The House is adjourned—we will meet again at 2.15 p.m.

(At this stage, the House was adjourned at 1.38 p.m. for recess till 2.15 p.m.)

[2.15—2.25 p.m.] (After Adjournment)

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের মর্যাদা, সম্মান, সেটা হাউসের সব বিধায়কদের রক্ষা করা দায়িত্ব, এটা আপনি অনেকবার বলে দিয়েছেন। হাউস চলাকালীন আমাদের এক বিধায়ক মাফুজা খাতুনের দিকে ওদের একজন তেড়ে এসেছিলেন সেটা আপনি প্রত্যক্ষ করেছেন। আপনি এই হাউসে ২.১৫ মিনিট পর্যন্ত বিরতি ঘোষণা করেছিলেন। তারপর আমাদের একজন মন্ত্রী যখন বাইরে বেরিয়ে যাবেন বলে যাচ্ছিলেন তখন বিরোধী দলের কিছু মাননীয় সদস্য তাঁর রাস্তা আটকান এবং তাঁর গায়ে পর্যন্ত হাত দেন। সেখানে আমাদের বিধানসভার কর্মীরা পর্যন্ত ছিলেন। ওঁকে আক্রমণ করবেন বলে ওঁরা আগে থেকেই ঠিক করে রেখেছিলেন, কারণ দেখা গেছে সেখানে ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিরা পর্যন্ত উপস্থিত ছিলেন। তারা অনেকক্ষণ আগে থেকে তাদের ক্যামেরা স্টার্ট করে রেখেছিলেন, কারণ তাদের জানানো হয়েছিল যে এই ঘটনা ঘটবে। আমি ভেবেছিলাম আপনার পথ ওরা আটকাবেন, কিন্তু আপনি চলে যাবার পর আমাদের মাননীয় মন্ত্রী নিশীথ অধিকারী মহাশয় এখান থেকে চলে যাবার পথে কয়েকজন বিধায়ক তাঁর পথ আটকান এবং বিধানসভার ভেতর তাঁকে মলেস্টেশন করবার চেষ্টা করা হয়, শারীরিকভাবে তাঁকে আঘাত করা হয়। এই ঘটনা শুধু হাউসের সম্মান নয়, আমাদের যাঁরা নির্বাচিত করে পাঠিয়েছেন তাঁদের প্রতি অপমান। তাই এ সম্পর্কে ব্যবস্থা নেবার জন্য আবেদন রাখছি। আমাদের একজন মাননীয়া সদস্য মাফুজা খাতুনের প্রতি যে আচরণ করা হয়েছে, তাঁর প্রতি যেসব অসাংবিধানিক ভাষা ব্যবহার করা হয়েছে সেসব ভাষা, সেসব শব্দ উচ্চারণ করা যায় না। সবচেয়ে মারাত্মক, মন্দির-মসজিদ নিয়ে এখানে যদি কাউকে আঘাত করা হয় তাহলে শুধু সংবিধানকে লঙ্ঘন করা হচ্ছে তাই নয়, দেশে অস্থির পরিস্থিতি সৃষ্টিতে সেটা সাহায্য করে। তার জন্য আপনার কাছে অনুরোধ, এ ব্যাপারে তদন্ত করে মাননীয় মন্ত্রীর উপর যাঁরা এই ঘটনা ঘটিয়েছেন এবং মাননীয়া সদস্য মাফুজা খাতুনের প্রতি অশালীন আচরণ করেছেন, তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন। আমার সবিনয় আবেদন এটা।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য রবীন দেব যে প্রসঙ্গের অবতারণা করেছেন তার অনেকটাই অসত্য।

(গোলমাল)

স্যার, এই বিধানসভার সম্মান রক্ষা করার দায়িত্ব শুধু রবীন দেব মহাশয় নিয়েছেন এটা মনে করার কোনো কারণ নেই। এই বিধানসভাকে রবীন দেবরা কলঙ্কিত করেছিল যখন

ওনারা এই দিকে ছিলেন। তাঁদের সেই কলঙ্কজনক ঘটনা ভারতবর্ষে ইতিহাস হয়ে আছে। তাঁরা মহিলা সদস্যদের প্রতি অসম্মান করেছিলেন, তাঁরা মহিলার গায়ে আলতা ঢেলে দিয়েছিলেন যখন এখানে জ্যোতিবাবু ছিলেন। তাঁদেরই বংশধরেরা আজকে এখানে বসে আছেন। যখন এখানে নিশীথবাবু বসেছিলেন তখন আমাদের ল-ইয়ার বিধায়করা তাঁর কাছে গিয়েছিলেন এবং তাঁকে তাঁরা বলেছিলেন যে তাঁদের সঙ্গে ৫ মিনিট বসতে। শুধুমাত্র আইনের সঙ্গে যুক্ত আমাদের যে সমস্ত বিধায়ক আছেন তাঁরাই তাঁর কাছে গিয়েছিলেন, অন্য কেউ যায়নি। সমস্ত অসত্য কথা এখানে রবীনদেব মহাশয় বলেছেন।

(গোলমাল)

আপনি যখন বলেছিলেন তখন আমি চুপ করে বসে শুনেছি, আমার কথা শুনুন। তাঁর কাছে গিয়ে আমাদের ল-ইয়ার বিধায়করা অনুরোধ করেছিলেন যে একটা ভয়ঙ্কর কঠিন অবস্থা চলছে, আজকে ৩৫ দিন হয়ে গেল কর্মবিরতি চলছে, আমাদের কিছু কথা আপনাকে শুনতে হবে। তিনি তখন নারাজ না হয়ে যদি বলতেন যে আসুন আমার এখানে ঘর আছে বা দপ্তর আছে, সেখানে বসে কথা বলবো। কিন্তু তিনি তা বলেননি, তিনি প্রথম থেকেই নারাজ ছিলেন। নিশীথবাবুর বয়স হয়েছে, তিনি শারীরিকভাবে অসুস্থ এটা আমরা সবাই জানি। আমাদের কোনো সদস্য তাঁর গায়ে হাত দেননি। বরঞ্চ সি.পি.এম.-এর কয়েকজন সদস্য বিশেষ করে ইউনুস সরকার আমাদের জ্যোতিপ্রিয় মল্লিককে ঘুসি মারে, একাধিক এম.এল.এ.-কে ঘুসি মারে। তার সঙ্গে যুক্ত ছিল এখানকার কিছু সিকিউরিটি স্টাফ। তারা আমাদের বিধায়কদের গায়ে হাত তুলেছে। আমি স্যার প্রথম থেকে শেষ পর্যন্ত ঘটনা দেখেছি, আমাদের মহিলা বিধায়ক-এর গায়ে হাত তুলেছে। সিকিউরিটির লোকেরা আমাদের অশোক দেবকে ধাক্কা মেরেছে। আমরা কোনো অবস্থাতেই চাই না বিধানসভার মর্যাদা হানি হোক। মর্যাদা হানি হতো না যদি না শাসক দলের এম.এল.এ.-রা না এগিয়ে আসতেন। নিশীথবাবুর গায়ে আমাদের কেউ হাত দেয়নি। মাফুজা খাতুন যে ধরনের কুৎসিত অঙ্গভঙ্গী করেছেন সেটা ভাষায় বর্ণনা করা যায় না, বিশেষ বিশেষ পাড়ায় সেটা দেখা যায়। তাঁর সম্পর্কে কেউ অসম্মানজনক কথা বলেছেন কিনা জানি না, আমাদের দলের কেউ বলেননি। বিধানসভার ভেতরে আমাদের কেউ বলেননি, বলা উচিতও নয়।

শ্রী তপন হোড় : স্যার, এখানে প্রসিডিয়োর অফ পার্লামেন্ট তাতে rules to be observed by members while present in the House. এখানে বিস্তারিত বলা আছে একজন মেম্বারের কি করা উচিত কি করা উচিত নয়। এটা এখানে পরিষ্কার বলা আছে। আজকে এখানে অত্যন্ত দুঃখের বিষয় হল দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে। আপনি যখন হাউস এডজোর্ন করে চলে গেলেন তখন আমাদের আইনমন্ত্রী যেভাবে আক্রান্ত হয়েছেন তাতে একটা ভয়ঙ্কর ঘটনা ঘটে যেতে পারতো, জীবনহানি ঘটতে পারতো। এই ঘটনার নায়ক কল্যাণ ব্যানার্জী, সৌগত রায় এবং অশোক দেব, এদের আপনি বহিষ্কার করুন এই হাউস থেকে।

শ্রী তাপস রায় : স্যার, আপনি হচ্ছেন কাসটোডিয়ান অফ কিপিং ডিগনিটি অফ দি অগস্ট হাউস। আজকে স্যার আমি বসে প্রত্যক্ষ করলাম, সেই সময় আমি একটা জিনিস পড়ছিলাম, আমি যেতে পারিনি। আমাদের বিধায়কদের একটা অংশ ল-ইয়ার বিধায়করা অ্যাপ্রোচ করেছিলেন মাননীয় আইনমন্ত্রীর কাছে যে তাঁরা কয়েকটা কথা বলবেন।

(গোলমাল)

কিন্তু একটা প্রশ্ন আমি আপনার কাছে করতে চাই। যে কথা রবীন দেব বললেন এবং তপন হোড় মহাশয় বললেন সেই ব্যাপারে একটা ইমপারসিয়াল এনকোয়ারি হোক কারা দোষী। স্যার, ইউনুস সরকার, পদ্মনিধি ধর এবং বিনয় দত্তকে এই হাউস থেকে বহিষ্কার করা হোক। এরা আমাদের সোনালী গুহর গায়ে হাত তুলেছে জ্যোতিপ্রিয় মল্লিকের গায়ে হাত তুলেছে। শুধু তাই নয় এখানকার সিকিউরিটিরা বিধায়কদের গায়ে হাত দেয় এতো বড়ো স্পর্ধা ? আমি এখান থেকে প্রত্যক্ষ করেছি। আমি এখান থেকে দাঁড়িয়ে দেখলাম মাননীয় মন্ত্রীর কাছে গেলে এখানে বিধানসভার স্টাফেরা তাঁদের আটকায় এবং গায়ে হাত দেয়। সবচেয়ে দুঃখের কথা একজন সিনিয়র বিধায়ক পদ্মনিধি ধর, তিনি আমাদের বিধায়কের গায়ে হাত তোলেন। নিঃসন্দেহে যে ঘটনা ঘটেছে এটা খুবই দুঃখজনক ঘটনা। আমরা জানি হাউ টু মেনটেন দি ডিগনিটি অফ দি হাউস। এর জন্য আমাদের রবীন দেবের কাছ থেকে কিংবা তপন হোড়ের কাছ থেকে শিক্ষা নিতে হবে না। যারা মানুষ মেরে অন্যায়ভাবে অত্যাচার করে জিতে এসেছে এই হাউসে তাদের কাছ থেকে গণতান্ত্রিক রীতিনীতি সম্পর্কে শিক্ষা নিতে হবে না। সুতরাং আপনি একটা ইমপারশিয়াল এনকোয়ারি করুন। আমাদের সদস্যা শ্রীমতী সোনালী গুহ একজন মহিলার গায়ে হাত তোলেন যাঁরা তাঁদেরকে এই হাউস থেকে বহিষ্কার করতে হবে এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

[2.25—2.35 p.m.]

শ্রী সুব্রত বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মহতী সভায় এসে আজকে যে দৃশ্য দেখতে হয়েছে সেই দৃশ্য দেখতে হবে বলে কোনোদিন ভাবিনি। আপনি সভার বিরতি ঘোষণার পর যখন আমাদের আইনমন্ত্রী নিশীথরঞ্জন অধিকারী, তিনি তাঁর ঘরের দিকে যাবার জন্য প্রস্তুত হয়েছিলেন, সেই সময়ে কতিপয় মাননীয় সদস্য তাঁর দিকে তেড়ে যায়। আমি আমার আসনে বসে সেটা প্রত্যক্ষ করলাম যে তাঁরা সক্রিয়ভাবে বাধা দেয় এবং যে কথা বলতে লজ্জা নেই যে তাঁকে নিগৃহীতও করা হয়। এটা সাময়িক উত্তেজনার বসেই হয়তো এটা বিরোধী সদস্যরা করেছিলেন শোভনবাবুর কথা শুনে আরো খারাপ লাগল যে কতিপয় আইনজীবী সদস্যরা সেখানে গেছিলেন। যদি আইনজীবী সদস্যরাই গিয়ে থাকেন তাতে আমি মনে করি আরো লজ্জাকর ব্যাপার। এই মহতী সভাতে আইনজীবীরা এসেছেন যেমন এ.কে.ফজলুল হক, শরৎচন্দ্র বসু, ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এবং তুলসী চরণ গোস্বামী ছিলেন। আজকে এই আইনজীবী সদস্যরা তাঁদের ছবি এবং তাঁদের প্রতিকৃতি আছে দেখতে পারেন। তাঁরা যখন বিধানসভাতে ছিলেন সেইকথা স্মরণ করে আজকের এই ঘটনা

স্মরণ করলে এর চেয়ে নিন্দনীয় ঘটনা আর কিছু হতে পারে না। আমি এর বেশি কিছু বলতে চাই না, আমি কেবল বিনীতভাবে বিরোধী দলের মাননীয় নেতাকে অনুরোধ করব তাঁর দলের সদস্যরা যা করেছেন তাঁদের হয়ে নিঃশর্তে তিনি ক্ষমা প্রার্থনা করুন এবং এই সভার কাজ যাতে সুষ্ঠুভাবে চলতে পারে সেই ব্যবস্থা করুন। ধন্যবাদ।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ঘটনা ঘটেছে তা আমি অনেকের মুখে শুনেছি কিন্তু আমি সেই সময়ে হাউসে ছিলাম না আমি নিজে প্রত্যক্ষ করিনি এবং আমার দলের মাননীয় নেতা অতীশ সিন্‌হাও হাউসে ছিলেন না, তিনিও বলতে পারেননি। তবে আমি যতটুকু শুনেছি তাতে সরকার এবং বিরোধী পক্ষর কথা থেকে মনে হচ্ছে একটা পারস্পরিক সমঝোতার অভাব থেকে এই ঘটনা ঘটেছে। এই ঘটনার একটু আগে কোশ্চেন আওয়ার শেষ হবার পরে অসীমবাবু, ফিনান্স মিনিস্টার জরুরি একটা কাজে চলে যাচ্ছিলেন। সেই সময়ে তাঁকে আমি লবীতে আটকে কথা বলি। তিনি খুব ব্যস্ত ছিলেন কিন্তু তার মধ্যেই একটা বিষয়ে ওঁনার সঙ্গে কথা বলেছি। আমার লবীতে যাওয়াতে কেউ কিছু করেননি। আজকে এই যে কোর্ট ফি নিয়ে গোটা পশ্চিমবঙ্গের অবস্থা খুবই ভয়াবহ। আমরা আলোচনার সুযোগ চেয়েছিলাম। আজকে কোর্ট ফি নিয়ে গোটা পশ্চিমবঙ্গে অবস্থা খুবই ভয়াবহ। আমরা চেয়েছিলাম আজকে এই ব্যাপারে আলোচনার সুযোগ দিন। আপনি সো কাইন্ড অফ ইউ আলোচনার সুযোগ দিয়েছেন। এবং স্বাভাবিক কারণে এইরকম একটা ইস্যু নিয়ে যেখানে আন্দোলন চলছে, একটা সর্বভারতীয় আন্দোলন বার কাউন্সিল চালাচ্ছে। সুপ্রীম কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে কালকে যেটা উনি বলেছেন তার সঙ্গে অনেক অসঙ্গতি আছে। আমরা চেয়েছিলাম, মন্ত্রী মহাশয় তিনি একটা বিবৃতি দেবেন। এখানে যদি কোনো মাননীয় সদস্য সেখানে গিয়ে থাকেন, তাঁরাও আইনজীবী, তাঁর সঙ্গে ব্যক্তিগত সম্পর্কও আছে শুনলাম, কয়েকজন আইনজীবী সদস্য সেখানে গিয়েছিলেন, তাঁরা যদি গিয়ে তাঁকে জিজ্ঞাসা করে থাকেন, সঙ্গে সঙ্গে শাসক দলের সদস্যরা সেখানে হুমড়ি খেয়ে পড়বে, সেটাও সঙ্গত নয়। আমার বক্তব্য হচ্ছে, আমাদের যেটা মনে হচ্ছে, একটা গুরুত্বপূর্ণ ইস্যুকে নিয়ে বিরোধী পক্ষ একটু উত্তেজিত, তারা এই হাউসে যখন আলোচনা চাইছে, এখানে রবীনবাবু যে কথা বলছিলেন, তখন মনে হচ্ছিল অন্য গ্রহ থেকে আমরা এখানে এসেছি। আমরাও হাউসে অনেক কিছু দেখেছি। হাউসে ওরা চিরকাল সুবোধ বালকের মতো ছিল না, হাউসের মর্যাদাকে ওরাও লঙ্ঘন করেছেন। এখানে আমি বলতে চাই, পারস্পরিক অবিশ্বাস থেকে এটা এসেছে। এই রকম ঘটনা যাতে আর না ঘটে, সেই ব্যাপারে আপনি হাউস থেকে উদ্যোগ নিন, এই রকম ঘটনার ক্ষেত্রে আমরা সব সময় নিন্দা করি। একটা মন্ত্রীর সঙ্গে কথা বলতে গেলেই তিনি আক্রান্ত হচ্ছেন, এটা ভাবা ঠিক না। তাই এই রকম ঘটনা যাতে আর না ঘটে তার জন্য আপনার চেয়ার থেকে আপনি ব্যবস্থা নিন, উদ্যোগ নিন, এটা আমি আশা করছি।

শ্রী দেব প্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে বিষয়টা উত্থাপিত হল, আপনি হাউস থেকে চলে যাওয়ার পরে আমিও চলে গিয়েছিলাম ফলে ঘটনার প্রত্যক্ষদর্শী আমিও নই। এই ঘটনায় একটা পরস্পর-বিরোধী বক্তব্য শোনা যাচ্ছে, সরকার পক্ষ একরকম বলছে, বিরোধী পক্ষ আর একরকম বলছে। তবে আমি একটা কথা বলব,

সেটা সকলে একমত হবেন। এখানে এমন কিছু সরকার পক্ষ থেকে বা বিরোধী পক্ষ থেকে হওয়া উচিত নয় যাতে হাউসের ডিগনিটি লঙ্ঘিত করতে পারে। হাউসের সদস্যদের বক্তব্যর মধ্যে কিছু মত-পার্থক্য থাকতে পারে, যেহেতু আমি প্রত্যক্ষদর্শী নই, পরস্পর-বিরোধী মন্তব্য এসেছে, তাই ডিগনিটি অফ হাউস-এর মর্যাদা যাতে রক্ষা পায় তার চেষ্টা করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মিঃ স্পীকার স্যার, আপনি চলে যাওয়ার পরে মাননীয় আইনমন্ত্রীকে ওরা যেভাবে অপমান করেছে এবং ফিজিক্যালি টর্চার করার চেষ্টা করেছে তার নিন্দা করার ভাষা আমার নেই। এই হাউসের মর্যাদা রক্ষা করার জন্য আমি মনে করি বিরোধী পক্ষের একটা ভূমিকা রয়েছে। কিন্তু বারবার আমরা লক্ষ করছি, কয়েক বছর ধরে ওরা গায়ের জোরে, পেশী শক্তির জোরে হাউসের মধ্যে চিৎকার চেঁচামেচি শুধু নয়, ফিজিক্যালি টর্চার করার জন্য উদ্যোগী হন। আজকে তাই আমাদের কাছে একটা প্রশ্ন এসে দাঁড়িয়েছে, বিরোধীরা যদি হাউসের ডেকোরাম রক্ষা করতে না পারেন তাহলে আপনার কাছে অনুরোধ করব এদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন, ধন্যবাদ।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় স্পীকার স্যার, আমি '৯১ সাল থেকে হাউসে আসছি, এই দৃশ্য কোনোদিন আমি দেখিনি। এই প্রথম দেখলাম। এই রকম মন্ত্রীর হাত ধরে টানাটানি করে হেনস্থা করা আমি মনে করি, পশ্চিমবাংলার বিধানসভার কাছে এটা একটা কালা দিবস। বিধানসভার মধ্যে এই অশোভন আচরণ, অকথ্য অত্যাচার যারা করেছে এর প্রতিবাদ করি এবং এই রকম দুঃখজনক ঘটনা যাতে কখনো না হয় সেটা দেখবেন।

[2.35—2.45 p.m.]

শ্রী রামপদ সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউস শেষ হওয়ার পরে, আপনি চলে যাওয়ার পরে, মাননীয় আইনমন্ত্রীকে বিরোধী দলের কয়েকজন সদস্য যেভাবে বেইজ্জত করে টানাটানি করার চেষ্টা করছিলেন এবং যেভাবে তাকে নিয়ে তার উপরে অত্যাচার করার চেষ্টা করেছে, এটা পরিকল্পিতভাবে করা হয়েছে। কারণ কিছু সাংবাদিক এবং ফটোগ্রাফার এর জন্য অপেক্ষা করছিলেন যাতে এটা দেখানো যায়। এই ফ্যাসিজিম স্পিরিট বিধানসভার ভেতরেও ঢুকে যাচ্ছে। একদিন আমাকেও একজন বিরোধী সদস্যা ধাক্কা দিয়েছিলেন। এই জিনিস আজকে আমাদের বিধানসভায় চলছে এবং এর আরও উগ্র বহিঃপ্রকাশ ঘটছে। এদের আমি শাস্তি দাবি করছি।

Mr. Speaker : Hon'ble Members, I have heard all sections of the House. Whatever has happened is unfortunate. I would not like to make any portion blamed. It is the duty of the members to maintain the decorum of the House. If anybody behaves in an indignified manner, it affects the prestige of every other member. Just keep in mind that. If a lady member belifies the other lady member, she has to understand that she is belifying herself. It is

the duty of every woman, every lady to protect the prestige and respect of every other lady member. In that way she protects her own respect and dignity. If that is not understood—it is unfortunate. You cannot gain points by denigrating an other woman. It cannot happen, it does not happen. You give a chance to the other people to denigrate the woman society on the whole. You are creating that opportunity. You are to protect the women society, the female society. We as parliamentarians, it is our duty to protect the institution. If we denigrate each other than what happens. We are giving opportunity to people at large to denigrate the system. They would say that this is what parliamentarians are about. They would not say that this party or that party. They would say parliamentarians on the whole. The creed is given bad name. The community is given a bad name. Every parliamentarian gets a bad name. Understand that. Everybody has responsibility to maintain the dignity and decorum. On my part, I try to give maximum opportunity to everyone to make submission as far as possible. I have also my own limitation. I am guided by the certain rules. I have to maintain the rules. I cannot throw away the rule books but nobody can say that I am not trying to accommodate the maximum. I try to accommodate the maximum, the utmost of my capacity and in limit. I try to accommodate everybody. I try to give slight edge to the opposition at times because I believe that the House belongs to the Opposition. It is here that they will debate. They will ask questions, they will place their problems. They will try to expose the government—that is their job. They are here for that. If they are denied here than where will they do it. They cannot do it anywhere else. They have to seek that here and we are here to support the system not to break, not to demolish the system. Any chaotic condition and chaotic behaviour demolishing the system, it does not demolish the ruling side or the Opposition, it demolishes the system. Through a good debate you can make a point. T oday in the morning Session, I made a request. Unfortunately Leader of the Opposition did not understand what I said. I am unfortunate because I could not make him understand. I said that the litigant people are suffering. He said, "Nobody is suffering". I did not understand. A person has been granted bail. But he is in custody. It is a severe violation of human rights, human liberty. A man

has a right to go free on a bail bond. But he can not become free because lawyers are not going to Court. Who will compansate him for that.

.....Noise .....

I am not going to any debate. I am asking questions to all sides.

(Here Mr. Pankaj Banerjee rose to speak)

Mr. Banerjee, I am not asking questions to you. Again you are not understanding. I am not asking questions to you. I am asking questions to the society, understand my question. Who answers that man's wife or child or parent ? Who will answer that man ? Who answers him ? The society is responsible. The Judges are responsible, the lawyers are responsible. The clerks are responsible. Everybody is responsible. Everybody is responsible to him. He has been granted bail, but for a month he has been lying in jail.

..... Noise .....

...(at this stage Shri Ashok Deb rose to speak)...

I am not arguing. Keep your argument elsewhere. Please take your seat. I am on my legs. Have patience. If you don't have patience, how can you be a good parliamentarian. You don't have patience. This is the problem. A lawyer has to hear both sides. You don't have the patience. This is unfortunate.

What I want to say is that both sides should again sit, renegotiate, find out solutions, understand what is the problem, where is the hitch, find the way out. Don't make it a ego problem. They should sit down again, renegotiate to solve the problem.

Recently, the Supreme Court has passed a direction that all strikes are illegal.

...(at this stage Shri Ashok Deb rose to speak again)...

Have patience. Don't behave like that. We are all responsible people. The Supreme Court has passed a judgement making critical comments. Respect the Supreme Court judgement. I may not agree that all strikes are illegal, but I have to respect the judgement, I have to obey—that is the law of the land. If you don't obey, don't respect the Supreme Court judgement, then where the judgement

go ? What happens to the court ? What happens to the law ? What happens to the society ? Society will crumble, the judiciary will crumble. What will happen to this country ? We are parliamentarians. We are responsible people. We have to go to the people, explain them, carry them with us. What has happened—let it never be happened. Be responsible. Let it never be happened. I am sorry for what has happened today. But don't let it happen ever again. Make a commitment.

I would respectfully appeal to lady Members of both sides—don't denigrate each other. It is every woman's duty to protect the respectability of the women. She may be opposing you. But don't denigrate her. By denigrating her—you are denigrating yourself. Keep that in mind. By denigrating her, you are not increasing your prestige—you are denigrating yourself. Understand what I am saying. Behave in a responsible and respectful manner. You represent people. You don't have to agree with all. You may differ. When you differ—oppose—oppose vehemently. But behave in a respectable manner.

LEGISLATION

The West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to introduce the West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

In order to alleviate the transport problems in Kolkata and in other major towns in the State of West Bengal, State Government has undertaken a number of projects which are now at different stages of implementation. To provide funds for such projects it was found necessary to levy a cess on sales of certain goods. Accordingly, the West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002 was promulgated by the Governor of West Bengal on 20.8.2002 to levy and collect a cess on sale of motor spirit commonly known as petrol, high speed diesel oil and liquified petroleum gas.

2. The promulgation of the Ordinance was necessary as the West Bengal Legislative Assembly was not in session at that time.

Sir, I have just read out the Statement under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining the necessity of promulgation of West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002. The present bill seeks to validate and continue the provision of such ordinance.

Members will get general idea of the provision of the Bill in the Statement of Objects and Reasons appended to the Bill. I therefore, refrain from repetation of the same. I hope members will support the Bill. With these words, Sir, I command my motion for acceptance of the House.

(Secretary then read the title of the Bill.)

Mr. Speaker : I now request Shri Kashinath Mishra to move his statutory resolution.

[2.45—2.55 p.m.]

Shri Kashinath Mishra : Sir, I beg to move that this House disapproves the West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002.

Shri Sougata Roy : Sir, I beg to move that this House disapproves the West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002. স্যার, এটাই বলতে চাই যে, মন্ত্রীর এত কি তাড়া ছিল যে, ২০ আগস্ট হঠাৎ উনি এক টাকা করে পেট্রোল ডিজেল, এল.পি.জি. কমার্শিয়ালের উপর এই সেস বসালেন। আমরা বারবার বলেছি যে, আপনার দেউলিয়া অবস্থা হলে হাউসকে হোয়াইট পেপার দিন, আর কিসে কিসে ট্যাক্স নিতে চান সেটা বলুন। কিন্তু পেট্রোল ডিজেলে এক টাকা করে দিতে হচ্ছে, সেটা ৪ মাস আগে থেকেই নেওয়া শুরু করেছেন। ৪ মাস পরে বিলটা হাউসে নিয়ে এলেন। এই যে মেথডে অর্ডিন্যান্স করে একবার হাউসে আনলেন। আর একবার বাজেট চলল ১৭ জুলাই পর্যন্ত তখন করলেন। তারপর হাউস শেষ হতে না হতে আপনি সেস বসালেন। আবার এখন সেটা বিল আকারে নিয়ে এসেছেন। তাই বলছি মন্ত্রীর এত তাড়াতাড়ি কি ছিল। এর আসল উদ্দেশ্য অন্য। সেটা আমি বিলে আলোচনার সময় বলব। আমি এটার তীব্র বিরোধিতা করছি।

Shri Abdul Mannan : Sir, I beg to move that this House disapproves the West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002. স্যার, একটু অগে সৌগতবাবু বলছিলেন অসীমবাবু যখন

অর্ডিন্যান্স নিয়ে এসেছিলেন, তখন উনি বলেছিলেন যে, এর থেকে যে টাকা সংগৃহীত হবে, সেই টাকা দিয়ে ইনফ্রাস্ট্রাকচার ইত্যাদি তৈরি করবেন। রাস্তাঘাট উন্নয়নের কাজ করবেন। তারপর আমরা দেখতে পেলাম—সংবাদপত্রে দেখতে পেলাম যে, উনি এই টাকাটাকে প্রিমিয়াম করে বেসরকারি সংস্থার কাছে ৬ হাজার কোটি টাকার ঋণ আদায় করেন। এই বিল আনার আসল উদ্দেশ্য অন্য। এখানে উনি ২৫ বছর ধরে আছেন। আগে পেট্রোল ডিজেল-এর দাম বাড়লে ওঁনারাই বাংলা বন্ধের ডাক দিতেন। অথচ আজকে উনি বাংলার মানুষকে বঞ্চনা করছেন। পশ্চিমবাংলাকে দেউলিয়া করে দিয়েছেন। তাই আমি এর বিরোধিতা করছি।

Shri Deba Prasad Sarkar: Sir, I beg to move that this House disapproves the West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002. স্যার, আমরা এই অর্ডিন্যান্সের তীব্র বিরোধিতা করছি এই কারণে যে, কার্যত এইভাবে পশ্চিমবঙ্গে আড়াইশো কোটি লিটার পেট্রোল ডিজেল ব্যবহৃত হয়। অর্থাৎ রাজ্য সরকার আড়াইশো কোটি টাকা পশ্চিমবঙ্গের মানুষের পকেট কাটবে। আজকে সরকার যেভাবে শিল্পপতিদের কর ছাড় দিচ্ছেন, তাদের বকেয়া কর আদায় করছেন না, নানা অপচয় বিলাসবহুল ব্যয় বাড়িয়ে দিচ্ছেন, সরকারি টাকা নয়-ছয় করছেন, পরিবহন পরিষেবা উন্নয়নের নামে কার্যত পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের একেবারে বেহাল অবস্থা। সেখানে উন্নয়নের কোনো কথা নেই অথচ জনসাধারণকে বিভ্রান্ত করে এইভাবে ট্যাক্স চাপিয়ে দেওয়া হচ্ছে। চাপিয়ে দিয়ে ফান্ডটাকে দিয়ে বাইরে থেকে নতুন করে ঋণ নিয়ে নেওয়ার চালাকি করছেন। তাই আমি এই অর্ডিন্যান্সের বিরোধিতা করছি।

Shri Tapas Roy: I would like to move the Statutory resolution under Article 213(2)(a) of the constitution of India that "This House disapproves the West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002 promulgated under 213(1) of the constitution of India. স্যার, আমার কথা হল যে ১৬ বছর ধরে আপনি মন্ত্রী আছেন, এতদিন আপনি কোনো এমারজেন্সি অনুভব করলেন না। ২০ তারিখে সই করালেন গভর্নরকে দিয়ে, গেজেট হল। ৪ মাস ধরে পেট্রোল, ডিজেল এবং লিকুইড পেট্রোলিয়াম গ্যাসের টাকা তুললেন এক টাকা করে পার কেজি লিকুইড পেট্রোলিয়াম, পার লিটার ডিজেল এর উপর, তাহলে আপনি স্বীকার করে নিলেন ১৬ বছর ধরে কোনো ইনফ্রাস্ট্রাকচার কানেকটিং উইথ রোডস, কানেকটিভ উইথ ব্রিজেস ফ্লাই ওভারস এবং আদার পারপাস যেটা রয়েছে সে ব্যাপারে আপনার সরকার কোনো ২৬ বছরে কোনো ভূমিকা পালন করেনি। ১৬ বছরে ইনফ্রাস্ট্রাকচার গড়ে তোলার জন্য কোনো চিন্তা, কোনো পরিকল্পনা আপনার ছিল না। তাই আমি এই অর্ডিন্যান্সের বিরোধিতা করছি, অর্ডিন্যান্স তুলে নেওয়ার জন্য অনুরোধ করছি।

Dr. Asim Kumar Dasgupta: I am not accepting it.

The Motion of Shri Kashinath Mishra, Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Deba Prasad Sarkar and Shri Tapas Roy that this House disapproves The West Bengal Transport

Infrastructure Development Fund Ordinance, 2002 was then put and a division taken with the following result :

[2.55—3.05 p.m.]

The Resolutions were lost on a division

The Ayes being 49 and the Noes, 90,

the motion were lost.

Mr. Speaker : There are motions for circulation given by Shri Nirmal Ghosh, Shri Abdul Mannan, Shri Sobhandeb Chattopadhyay, Shri Tapas Roy and Shri Kashinath Mishra. I would now request Shri Nirmal Ghosh to move his motion.

শ্রী নির্মল ঘোষ : স্যার, আজকে এখানে ইনফ্রাস্ট্রাকচার ডেভালপের নামে যে অর্ডিন্যান্স তিনি আনলেন এটা নিয়ে একটু আগে অনেক কথা হয়েছে, কিন্তু আমি বলতে চাই জনগণের সামনে, সাধারণ মানুষের ওপিনিয়ন না নিয়ে এই যে বিল তিনি এনেছেন তাতে রাজ্যের মানুষের উপর যে বোঝা চাপিয়েছেন তাতে তাদের আর্থিক চাপ বাড়বে। পরিণামে যে ইনফ্রাস্ট্রাকচারের কথা আমরা বিরোধী পক্ষ থেকে কয়েক বছর ধরেই বারে বারে বলছি। পশ্চিমবঙ্গে যে সড়ক ব্যবস্থা রয়েছে সেজন্য আমি বলছি, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003.

Shri Abdul Mannan : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003. মন্ত্রী আমাদের ওপিনিয়ন নিলেন না কিন্তু এই পাপের বোঝা বইতে হবে আপনাদের এবং আমাদেরও। তেলের দাম ১ টাকা করে কম নিতেন, বিলটা না হয় পরে আনতেন, এটা পাবলিক ওপিনিয়নের জন্য পাঠাতেন। এত তাড়া কিসের, এটা না হয় এখন পেন্ডিং থাকত।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, পশ্চিমবঙ্গ সরকার দেউলিয়া হয়ে গেছে। রাজ্যের মানুষের উপর তারা নানাভাবে ট্যাক্স বসাচ্ছে। এই সেশনটা পুরোটাই সাধারণ মানুষের পকেট কাটার সেশনে পরিণত হল। নতুন নতুন ট্যাক্স আদায় করা ছাড়া এই সেশনকে মাননীয় অসীমবাবু অন্য কোনো কাজে লাগালেন না। কেন তাও আমরা জানি। এখানে একটা হিসাব দিচ্ছি দেখুন স্যার, রাজ্যের কী অবস্থা,২০০১-০২ সালে পেনশন, বেতন, সুদ পরিশোধ করতে লেগেছে রাজস্ব আদায়ের ১০৯.৩৫ শতাংশ। অর্থাৎ আয়ের চেয়ে ব্যয় বেশি। আজকে এই রকম একটা অবস্থার মধ্যে ওরা রাজ্যকে নিয়ে গেছেন। Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003.

Shri Tapas Roy : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003. একটা কথা বলার আছে স্যার। বিভিন্ন ক্রিয়েশন, ডেভেলপমেন্ট, মেন্টেন্যান্স, ইমপ্রুভমেন্ট অফ ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচার—রোড্স, ব্রিজ, ফ্লাইওভার—এগুলো তো প্ল্যান বাজেটে ধার্য করা আছে। সেখান থেকে এটা হওয়া উচিত। রাজস্ব ঘাটতির জন্য এই যে নতুন একটা কর চাপাচ্ছেন এটা ঠিক নয়। এইভাবে প্ল্যান বাজেটকে শেষ করে দেওয়া হচ্ছে। নতুন ভাবে একটা ক্রিয়েট করছেন।

মিঃ স্পীকার : মিঃ দাশগুপ্ত আপনি এটা গ্রহণ করছেন ?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি দুঃখিত সংশোধনীগুলো গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Nirmal Ghosh, Shri Abdul Mannan, Shri Sobhandeb Chattopadhyay, Shri Tapas Roy and Shri Kashinath Mishra that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003 were then put and a division taken with the following results :

[3.05—3.15 p.m.]

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যেভাবে সাধারণ মানুষের উপর করের বোঝা চাপাচ্ছেন, যেভাবে জনস্বার্থ-বিরোধী কাজ করছেন, তার প্রতিবাদে আমরা হাউস থেকে ওয়াক-আউট করছি।

Noise

(At this stage Hon'ble members of Indian National Congress staged, walk out)

Ayes	–	52
Noes	–	85
Abst.	–	01

The motion was lost

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002 be taken into consideration.

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফান্ড বিল, ২০০২ আজকে সভায় পেশ করেছেন, বিরোধী দলের তরফ থেকে তার বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে, গত ১৭ জুলাই পশ্চিমবঙ্গে বিগত বাজেট অধিবেশন শেষ হয়েছিল। মাননীয় অর্থমন্ত্রী যদি মনে করতেন যে, তাঁর দেউলিয়া অর্থনীতিকে খানিকটা সামাল দেওয়ার জন্য তিনি আরও নতুন নতুন ট্যাক্স বসাবেন, ট্যাক্স আদায় করবেন, তাহলে বাজেট সেশনে তাঁর পরিকল্পনা সভায় পেশ করতে পারতেন। সরকারের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা আছে, সেই সংখ্যাগরিষ্ঠতার জোরে আপনারা নির্বিবাদে সেটা সভায় পেশ করে তার প্রস্তাব পাশ করিয়ে নিতে পারতেন। কিন্তু আমরা দেখলাম, বামফ্রন্ট সরকার রাতের অন্ধকারে বিধানসভাকে এড়িয়ে গিয়ে, ১৭ জুলাই পর্যন্ত বিধানসভার অধিবেশন চলাকালীন প্রস্তাব পেশ না করে ২০ আগস্ট মাননীয় রাজ্যপালকে দিয়ে অর্ডিন্যান্স প্রোমালগেট করে ২১ তারিখ থেকে সেটা কার্যকর করতে শুরু করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে ৯ তারিখে অধিবেশন বসেছে এবং তা মাননীয় রাজ্যপাল মহাশয়ের প্রজ্ঞাপন হয়েছিল ৩১ অক্টোবর। ৩১ অক্টোবর মাননীয় রাজ্যপাল মহাশয় বিধানসভার অধিবেশন সাম্-অন্ করেছেন। অর্থাৎ ২০ আগস্ট থেকে ৩১ অক্টোবর এই ২ মাস সরকার ধৈর্য ধরে বসতে পারলেন না। সেস্ বসিয়ে রাজ্যের মানুষের কাছে দেউলিয়া অর্থনীতির চেহারাকে নগ্ন করলেন। ১ টাকা করে সেস্ বসিয়েছেন পেট্রোল, ডিজেল আর এল.পি.জি.-তে। রাজ্য সরকার কি পেট্রোল উৎপাদনে কোনো ভূমিকা পালন করেন? না। রাজ্য সরকার কি পেট্রোল আমদানিতে কোনো ভূমিকা পালন করেন ? না। রাজ্য সরকার কি পেট্রোল এবং পেট্রোলজাত দ্রব্যের সংশোধনের সঙ্গে বা সংশোধনাগারের সঙ্গে যুক্ত আছেন ? না। রাজ্য সরকার কি বিভিন্ন পেট্রোল পাম্পে পেট্রোল জোগান দিয়ে থাকেন ? না। এসব ক্ষেত্রে রাজ্য সরকারের কোনো ভূমিকা না থাকা সত্ত্বেও রাজ্য সরকার রাতের অন্ধকারে পার লিটার পেট্রোল, ডিজেলের উপর ১ টাকা করে আদায় করছেন। এল.পি.জি.-র উপর পার কে.জি. ১ টাকা করে আদায় করছেন, তবে যারা কমার্শিয়াল ব্যবহার করে সরকার তাদের উপর সেস্ তুলে দিলেন। মাননীয় অর্থমন্ত্রী দয়া করে তাঁর ভাষণে বলবেন যে, আপনি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য বাজেটে কত টাকা ধার্য করেছেন ? ট্রান্সপোর্টের জন্য আপনার বরাদ্দ কত ছিল ? আপনি কত টাকা ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্টের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে জোগান দিয়েছেন। ৯ মাস হয়ে গেছে, আপনি বাজেট পেশ করেছেন, বাজেট পাশও হয়ে গিয়েছে। মার্চ থেকে ডিসেম্বর মাস পর্যন্ত এই ৯ মাসে কত টাকা ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্টের জন্য বরাদ্দ করেছিলেন, আর কত টাকা সংশ্লিষ্ট দপ্তরকে দিয়েছেন। এর জন্য আপনি কত টাকা আদায় করতে পারবেন এবং তার গ্যারান্টি কি। আজকে ১৫ বছর যাবৎ আপনি এই রাজ্যের অর্থমন্ত্রীর দায়িত্ব সামলাচ্ছেন। গত ১৫ বছর যাবৎ কখনও শূন্য ডেফিসিট বাজেট, কখনও সারপ্লাস বাজেট, কখনও ৪ কোটি টাকা ডেফিসিট বাজেট দেখিয়ে বাংলার মানুষকে ধোঁকা দিয়েছেন। আপনি আসলে কাবার্ডের ভিতরে স্কেলিটনগুলি ঢুকিয়ে দিয়েছেন, কার্পেটের নিচে চালান দিয়ে রাজ্যের মানুষকে ধোঁকা দিচ্ছেন। আজকে এমন একটা অবস্থায় দাঁড় করিয়ে

দিয়েছেন, আজকে একটার পর একটা অর্ডিনেন্সের কালা বিল আপনাকে বিধানসভায় আনতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ৯ তারিখ থেকে আজ ১৭ তারিখ পর্যন্ত যে কটি বিল এনেছেন, তার মধ্যে কোন বিলটি জনস্বার্থে এনেছেন। জনসাধারণের কী সেবা দিয়েছেন, কী সার্ভিস দিয়েছেন, ডেভেলপমেন্ট করেছেন, শিশুমৃত্যু রোধ করেছেন, অসুস্থ মানুষকে চিকিৎসার সুযোগ দিয়েছেন, কোনো ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট নয়, প্রত্যেকটা ক্ষেত্রেই আপনি আপনাদের দেউলিয়া অর্থনীতির চেহারাটা খানিকটা তুলে ধরেছেন। এটা আপনাদের অপদার্থতার জন্য, ব্যর্থতার জন্য আজকে পশ্চিমবাংলার চেহারাটা এমন জায়গায় আপনারা দাঁড় করিয়ে দিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী ফুল না কেনার কথা বলেছেন। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি তো গত বাজেটে বলেছিলেন, ৫০ কোটি টাকা সেভ করবেন, কৃচ্ছসাধনের মাধ্যমে। আপনি বলেছিলেন সেদিন ৫ শত কোটি টাকা সেভ করবেন অস্টারিটি ড্রাইভের মাধ্যমে। আপনি বলুন কতজন মন্ত্রীর একটার বেশি গাড়ি আপনি নাকচ করেছেন। কত টাকা সেভ করেছেন অস্টারিটি ড্রাইভের মাধ্যমে। আপনি বলুন সরকারি গাড়ি চড়ার অথরিটি কার কার আছে। যাদের অধিকার নেই, তাদের কাছ থেকে গত ৩-৪ মাসে কত সিজ্ করে নিয়ে গেছেন। আপনি বলুন পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী ৯টি গাড়ির কনভয় নিয়ে ছুটে বেড়াচ্ছেন। সেই ৯টি গাড়ির মধ্যে কটি গাড়িকে আপনি তুলে নিতে পেরেছেন। আপনি বলুন মাননীয় মুখ্যমন্ত্রী ২টি বুলেট প্রুফ গাড়ির জন্য স্ট্যান্ড বাই ওভার টাইম লাগে। পেট্রোল ডিজেল খরচা লাগে সেই বাবদ আপনি খরচা করেছেন। আপনার কাজকর্মের সাথে আপনার কথার মিল নেই। আমরা জানি কেন মিল নেই। আমরা তাই বারবার বলেছি, আপনারা আপনাদের দারিদ্র্যের কথা খুলে বলুন, হোয়াইট পেপার নিয়ে এসে বলুন, এই এই ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। আপনি বলুন মানুষের কাছে, পশ্চিমবাংলার জনগণের কাছে বলুন আমার এই অবস্থা, এই অসুবিধা হচ্ছে। আপনি বিরোধীদের সঙ্গে আলোচনা করছেন না। আপনি বিরোধী দলের সদস্যদের আপনি কখনও ডেকে আলোচনা করে বোঝাবার চেষ্টা করছেন না, যে চেহারাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। কিভাবে আপনি ক্ষতে প্রলেপ দিতে চাইছেন। কিভাবে আপনি সামাল দেওয়ার চেষ্টা করছেন। একবারও আপনি এবং আপনার মন্ত্রী আজ পর্যন্ত কোনো নীতি নির্ধারণের পূর্বে বা সিদ্ধান্ত গ্রহণের পূর্বে বিরোধী পক্ষের সাথে আলাপ-আলোচনা করেননি। আপনারা মানুষকে বোঝান To what extent you are facing the deficit ? আপনি কখনও বলেননি, আপনি মনে মনে অনেক কাজ করে আপনি রাতের অন্ধকারে একটার পর একটা কালা অর্ডিন্যান্স নিয়ে এসেছেন। আপনি সাধারণ মানুষের বিরুদ্ধে অর্থনৈতিক শাসনে মানুষকে কোনো উপকার করছেন না, এগিয়ে যাওয়ার কথা চিন্তা করছেন না, শুধু অর্থনৈতিক শোষণ করবার চেষ্টা করছেন। আমি আপনার কাছে আবার জানতে চাই এই যে টাকা আপনি দিলেন সেই টাকা ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টে যে খরচ হবে, তার গ্যারান্টি কোথায় ?

[3.15—3.25 p.m.]

এর আগে প্রতিটি ক্ষেত্রে উনি ব্যর্থ হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন সেচ মন্ত্রীকে কোনো পরিকল্পনা দিয়ে রূপায়ণ করতে বলছি তখন তিনি বলছেন, টাকা নেই,

টাকা পাচ্ছি না।' পি.ডাবলিউ.ডি. মন্ত্রীকে যখন বলছি এই রাস্তাটা খারাপ, এ সেতুটা খারাপ, মেরামত করুন তখন তিনি বলছেন, 'অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলুন, অর্থমন্ত্রী টাকা দিচ্ছেন না।' পরিকল্পনা মন্ত্রীকে জিজ্ঞেস করছি, এম.এল.এ.-দের জন্য নির্দিষ্ট ফান্ডের ২৫ লক্ষ টাকার ব্যাপরটা কী করলেন ? তিনি বলছেন, 'অর্থমন্ত্রীকে বলুন, তিনি টাকা দিলে আমি দেব, না হলে দেব না।' মন্ত্রীদের দপ্তরের জন্য বরাদ্দকৃত টাকাই দেওয়া হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী, আপনি স্টেট ব্যাঙ্ককে বলেছেন কয়েকটা ব্যাঙ্ক নিয়ে কনসোর্টিয়াম করে আমাদের ১৬০০ কোটি টাকা দাও, আমরা সেস্ বাবদ যা পাব তা মর্টগেজ করে দিচ্ছি। এটা আপনি বলেছেন কিনা বলুন, হ্যাঁ, কি না ? আপনি স্টেট ব্যাঙ্কের সঙ্গে মিটিং করে বলেছেন কয়েকটা ব্যাঙ্কের কনসোর্টিয়াম করুন, আগামী ১০ বছরে আমাদের সেস্ থেকে যে টাকা আদায় হবে— আমাদের এস্টিমেটেড ইনকাম ১৬০০ কোটি টাকা আমরা আপনাদের মর্টগেজ দিয়ে দিচ্ছি, আপনারা আমাদের ১৬০০ কোটি টাকা দিয়ে দিন। দেউলিয়ারও একটা সীমা থাকা উচিত ! আগামি ১০ বছরের জন্য পশ্চিমবাংলাকে মর্টগেজ করে দিচ্ছেন, আপনাকে এই অধিকার কে দিয়েছে ? কি গ্যারান্টি আছে যে, আগামি ১০ বছর আপনারা পশ্চিমবাংলার ক্ষমতায় থাকবেন ; রাজ্যের অর্থনীতির আপনিই নিয়ামক থাকবেন ? স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি, তিনি যে টাকা আয় করছেন তার চেয়ে বেশি টাকা ব্যয় করছেন। সুতরাং তিনি সম্পূর্ণ ব্যর্থ। মাননীয় অর্থমন্ত্রী, আপনি পরিকল্পনা খাতে ২০% থেকে ২৫% টাকা দিতে পারেননি গত ৯ মাসে। আপনি ব্যর্থ। আপনার ব্যর্থতার দায় কেন রাজ্যের সাধারণ মানুষ দিনের পর দিন মিটিয়ে যাবে ? তাই আমরা কালা অর্ডিন্যান্সের বিরোধিতা করেছিলাম। তাই আজকে এই কালা জনস্বার্থ বিরোধী বিলেরও বিরোধিতা করছি। বাংলার মানুষের বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ সৃষ্টিকারী অর্থমন্ত্রীর বিরুদ্ধে তীব্র অসন্তোষ প্রকাশ করছি। তাঁর ব্যর্থতার দায়ভার কেন বাংলার মানুষকে বহন করতে হবে ? তাঁর ব্যর্থতার দায়ভার তিনি বাংলার সাধারণ মানুষের ওপর চাপিয়ে চলে যাবেন, তা হয় না। তাই আমি এই বিলের সার্বিক বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

শ্রী লগন দেব সিংহ : माननीय चैयरमैन महाशय, माननीय वित्त मंत्री ने हमलोगों के सामने जो दि वेस्ट बंगल ट्रान्सपोर्ट इन्फ्रास्ट्रकचर डेवलपमेन्ट फण्ड बिल, 2002 पेश किए है और इस बिल पर बहस की शुरूआत करते हुए विरोधी दल के नेता जिन मुद्धो और दलीलों को पेश किए है उससे लगता है विरोध करने के लिए विरोध किए है, इसपर कहने को उनके पास कुछ नही था। क्यो कि इस विल को पेश करने के शुरू में ही विल और ऑर्डिनेन्स को जनता के सामने ले जाने का दाबा पेश किए थे और दोनों बार ही वोट मे परास्त हो गए। तीसरी बार परास्त होने का हैट्रिक बनाना नही चाहेगे ऐसा लगता है। इसीलिए कॉग्रेस के साथी दुम दबाकर हाउस से बाहर हो गए। सर, जो हमारे साथी सब्जेक्ट कमिटि की मिटिंग में बैठते है, ट्रान्सपोर्ट कमिटि के हर सदस्य यही कहते है कि रास्ते की स्थिति अच्छी नही है, ट्रान्सपोर्ट की हालत खराव है। बातचीत में यह भी कहते है कि सरकार को फण्ड तैयार करने में मदद करनी चाहिए। तरह-तरह के सुझाव देते है, सबल करते है। सदस्यों से भी कन्ट्रीव्यूसन के लिए कदम उठाना चाहिए। सारे मेम्बर अपने क्षेत्र के विकाश

के लिए फ्लाईओभर ब्रिज निर्माण की बात करते है, और जब फिनान्स मिनिस्टर इससे समबन्धित बिल लाए है। और जब सरकार इसकी व्यवस्था के लिए कदम उठाती है तो विरोध करते है।

सर, मै समझता हूँ माननीय मंत्री इस बिल के द्वारा कारगर कदम उठाए है और यह जायज भी है। विभिन्न राज्यों मे एसी व्यवस्था है। विभिन्न स्टेट मे इस तरह का आक्ट्राई की व्यवस्था है, एसा टेक्स लगाया जाता है। सर, डीजल और पेट्रोल पर लीटर एक रूपया लेने का प्रावधान किया गया है जिससे दो-चार करोड़ रूपया की आदायगी हो और लोगों को अधिक सुविधा मुहैया कराया जा सके। एसा विल ओब्जेक्ट में कहा गया है। अतः इस सबाल पर बोलने की कोई बात नहीं है। माननीय मंत्री ने टू एसटबलिस्ट द फाण्ड टू क्रिपट, डभलप, मेन्टेन एण्ड इम्प्रूभ द ट्रान्सपोर्ट इन्फ्रास्ट्राकचर इस तरह का विषय है। तरह-तरह से इलाकें में विकाश के लिए सरकार से अधिक पैसे की मॉग करते हैं और इस सबाल पर यदि सीज टेक्स सरकार लगाती हैतो यह कोई गलत बात नहीं हैं और इस तरह से विकास के काम में रूकावट ही उनका उद्देश्य है। तापसबाबु आप अच्छी तरह जानते है कि 453 करोड़ रूपया ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट बजठ प्रोभिजन में रखा गया जिसमें 227 करोड़ रूपया 4 कारपोरेशन सी०एस०टी०एस०, सी०टी०सी०, साउथ एण्ड नोर्थ बंगाल को सब्सीडी देती के ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट। इसके अतिरिक्त 218 करोड़ रूपया 4 कॉरपोरेशन एवं सरफेस ट्रान्सपोर्ट को सबसिडि दिया जाता है। और इस तरह अगर पेट्रोल और डीजल से कुछ सीज टेक्स आदायगी करती है, जिसेस कुछ आर्थिक बोझ सरकार का कम हो और सबसिडि देने में उपयोग लाया जा सके। और इससे ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट के विभिन्न काम किया जा सकता है तो इसमे गलत क्या है। यह तो अपने आप मे बहुत उचित बात है। सरकार प्रयासरत रहती है कि लोगों को, गरीब तबके के लोगों को किस तरह से मदत किया जा सके। लोगों को अधिक सुविधाएँ दिया जा सके।

सर, ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट 38 करोड़ रूपया लोन के रूप मे दिया है यह मेम्बर जो ट्रान्सपोर्ट कमिटि में है जानते हैं। सी०एस०टी०सी०को 7 करोड़, नोर्थबंगाल स्टेट ट्रान्सपोर्ट कॉरपोरेशन को 11 करोड़, एस०बी०एस०टी०सी० को 7 करोड़, सी०टी०सी०को 8 करोड़ और बेस्ट बंगाल सारफेस ट्रान्सपोर्ट कॉरपोरेशन को 4.5 करोड़ रूपया दिया गया है। 38 करोड़ रूपया लोन फार स्टेट ट्रान्सपोर्ट के हिसाब से दिया गया है। 38 करोड़ रूपया जहॉ इस और लोन मे देती है और अगर सीज टेक्स मे कुछ अदायगी करती है जिससे इन्फ्रास्ट्राकचर को दुरूस्त करने में, अलग अलग टरमिनास करने के लिए लिया जाए तो मै समझता हूँ यह कोई गलत काम नहीं है। यह सील टेक्स डिपार्टमेन्ट के तहत यह व्यवस्था होगा। सर, फिनान्स डिपार्टमेन्ट विभिन्न जगहो में फ्लाईओभर, टरमिनास, ब्रिज इत्यादि के बारे में स्टडी के मद मे एक करोड़ रूपया दिया गया है। विरोध करना एक अलग बात है आप किसी भी चीज का विरोध करने को स्वतंत्र है। हमारी सरकार प्रयासरत है लोगों को अधिक से अधिक सुविधाए मुहैया कराने के लिए। बेस्टबंगाल ट्रान्सपोर्ट इन्फ्रास्ट्राकचर डेभलपमेन्ट

कॉरपोरेशन यह देखती है कहाँ बस टरमिनास, कहाँ ब्रिज की आवश्यकता है। काम भी द्रुत गति मे हो रहा है अगर आप देखना चाहे तो। स्टडी स्कीम के तहत अच्छा काम हुआ है और सरकार भी इस ओर नजर दे रही है। इसके लिए अतिरिक्त पैसे की आवश्यकता है। विकाश की बात तो करते है लेकिन विकाश का काम बिना पैसे के तो नही हो सकता है। बिना अतिरिक्त पैसा लिए यह काम संभव नही है। इसलिए मे समझता हूँ यह सही कदम है और परिस्थिति के अनुसार ठीक कदम है। हमारे विराधी बन्धु बार-बार बोल रहे है कि अगस्त महीने से लिया जा रहा है। अगस्त महीने में हाउस नही था, नही तो हाउस के माध्यम से, बिल के माध्यम से शुरू किया जाता। फिरभी मै समझता हूँ यह कोई गलत बात नहीं है बिभिन्न परिस्थिति में एसा करने का प्रावधान है यह बात आप जानते है।

अन्त में इस बिल का समर्थन करते हुए सिर्फ इतना ही कहना चाहूँगा कि हमारे विरोधी दल के सदस्य बड़ा ही हास्यास्पद स्थिति में पहुँच गए है। और बिल को मान लिए है। कोई सदस्य कह रहे है कि पचास पैसा किया जाय, कोई पचीस पैसा किया जाय कुछ तीस पैसा करने की बात कर रहे है कुछ दस पैसा करने की बात कर रहे हैं। कारण वह भी जानते है कि इस अमेण्डमेन्ट की आवश्यकता है। बिना पैसे का तो विकाश का काम नही हो सकता है। परिवहन व्यवस्था को सुचारू रूप से चलाने के लिए यह बिल की आवश्यकता पड़ी है। माननीय मंत्री सीज टेक्स लेकर ट्रान्सपोर्ट से सम्बन्धित इन्फ्रास्ट्रकचर को इस राज्य मे जो कुछ भी करना सम्भव हो किया जाय। इस बिल का समर्थन करते हुए अपना वक्तव्य समाप्त कर रहा हूँ।

[3.25—3.35 p.m.]

श्री असित मित्र : माननीय सभापति महाशय, माननीय अर्थमन्त्री महाशय आज सभाय यें 'दि ओयेस्ट बेङ्गल ट्रान्सपोर्ट इनफ्रास्ट्रक्चार डेभलपमेन्ट फान्ड बिल, २००२, एनेछेन तारा बिरोधिता करे आमि आमार बक्तव्य राखछि। स्यार, माननीय अर्थमन्त्री सागर सङ्गमे नवकुमार हये गियेछेन। 'पथिक तुमि कि पथ हाराइयाछ ? 'माननीय मन्त्रीमहाशय, आपनार आर्थिक दैन्य एमन एकटा जायगाय एसे पौँछेछे ए राज्ये येटा निये एर आगेও आमरा आलोचना करेछि, आजकेও करछि। आपनार पाण्डित्य किन्तु आजके आर काज करछे ना। शुधुमात्र अर्थेर जोगान खुँजते खुँजते आपनि अरण्ये हारिये याच्छेन एटाई हच्छे बाङलार सवचेये बड़ो विपर्यय एवं खुँजते खुँजते खुँजते आपनि एमन जायगाय हाजिर हलेन यखन पेट्रोल, हाईस्पिड डिजेल, लिकुईड ग्यासेर कथा आपनार मने हल यें एखानेও सेस बाड़ाते हवे। आपनि अर्डिन्यान्स करलेन, आजके तार बिल निये एसेछेन। माननीय अर्थमन्त्री आपनि जानेन केन्द्रीय सरकार यखन जिनिसपत्रेर दाम बाड़ान तखन आमरा तार प्रतिवाद करि, बिरोधिता करि। ए क्षेत्रे आमादेर दायदायित्व अनेक बेशि कारण लोकसभाते आमरा प्रधान बिरोधी दलेर भूमिकाते आछि। एखाने आपनि हासपाताले चार्ज बृद्धि करछेन, शिक्षाक्षेत्रे छात्रदेर टिउशान फिस बृद्धि करछेन, कोर्ट फि बृद्धि जमिन थेके आसमाने निये गेलेन एवं तारपर शियालदहते येमन कपिर दाम १२ टाका

বললেন ৬ টাকাতে দিয়ে দেয় সেই জিনিস করলেন—এই করতে করতে আপনি এই ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট ফান্ড বিল নিয়ে এলেন। আপনাকে সেদিনও বলেছি এবং আজকেও বলছি জনসাধারণের স্বার্থের সঙ্গে সরাসরি যেগুলি জড়িত সেগুলিতে আপনি হাত দিচ্ছেন অথচ সেল্‌স ট্যাক্স আদায় বৃদ্ধির কথাটা চিন্তা করছেন না। আপনি বলছেন ৭ পারসেন্ট বৃদ্ধি করেছেন এবং সেখানে টার্গেট ছিল ২৫ পারসেন্ট। এই ২৫ পারসেন্ট বেশি সেল্‌স ট্যাক্স আদায় করতে পারলে আপনি অর্থের জোগান রাজ্যকে দিতে পারতেন। আপনার বিল থেকে একটি লাইন কোট্ করছি। আপনার উদ্দেশ্য আমরা বুঝতে পারছি না, তার জন্য বলছি, বিলটা প্রত্যাহার করে নিন। কিন্তু জানি, প্রত্যাহার করবেন না। মাননীয় অর্থমন্ত্রী, আপনি জানাতে পারবেন কি, সারা রাজ্যে বছরে আনুমানিক কত লিটার ডিজেল বিক্রি হয়, পেট্রোল বিক্রি হয়, কত কেজি গ্যাস বিক্রি হয় এবং তা থেকে কত টাকা আনুমানিক আদায় করতে পারবেন তার হিসেব করেছেন কি ? নিশ্চয়ই এটা আপনি উল্লেখ করবেন। তার জন্য একটা কনফিউশন থেকে যাচ্ছে যে, এই টাকাটার কত অংশ কোন খাতে যাবে। আপনি চ্যাপটার ৪-এ ৮ নম্বরে বলেছেন যে, দিস ফান্ড শ্যাল বি ইউটিলাইজ্‌ড ফর—কিসের জন্য ফান্ড ইউজ হবে—The creation, development, maintenance or improvement of Transport infrastructure including roads bridges and flyovers. রাস্তা, ব্রিজ, ফ্লাইওভার ইত্যাদির মেনটেনেন্সের জন্য টাকা চাইতে হচ্ছে, তাই রাস্তা, ব্রিজ, ফ্লাইওভার মেনটেনেন্স করবেন এই টাকা দিয়ে। শুধু মেনটেনেন্সের জন্য যে সরকারকে টাকা আদায় করতে হয় সেই সরকারের পদত্যাগ করে চলে যাওয়া ভালো বলে আমার মনে হয়।

তারপর, সেসের টাকায় ইম্প্রুভমেন্ট অফ ট্রাফিক অপারেশনস অ্যান্ড রোড সেফটির জন্য খরচ করবেন বলেছেন। আজকে ট্রাফিক অপারেশন, এর অবস্থা সবচেয়ে ভয়ঙ্কর। তারপর বলেছেন—দি পারপাস অফ সাচ আদার প্রজেক্টস অ্যাজ মে বি প্রেসক্রাইব্‌ড। অর্থাৎ নিজের খেয়াল-খুশি মতো এই টাকা খরচ করবেন। যখন দেখবেন নন্-প্ল্যানে টাকা নেই, মাইনে দেবার টাকা নেই, তখন সেসের টাকা দিয়ে সরকারি কর্মচারী, স্টেটবাস কর্মচারীদের মাইনে জোগাবার চেষ্টা করবেন। তার জন্য আমার দাবি, যদিও অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন আবু হেনা মহাশয়, কিন্তু সে সময় আমরা ওয়াক-আউট করেছিলাম বলে তিনি সভায় আসতে পারেননি। সেই অ্যামেন্ডমেন্ট অনুযায়ী বলছি যে, দি ফান্ড শ্যাল বি টোটালি ইউজ্‌ড ফর, এই জায়গায় ইন ফুল করতে হবে, অর্থাৎ দি ফান্ড শ্যাল বি ইন ফুল ইউটিলাইজ্‌ড ফর, এটা বাদ দিয়ে, দি পারপাস অফ সাচ আদার প্রজেক্টস অ্যাজ মে বি প্রেসক্রাইব্‌ড—এই যে লাইনটা আছে এটা অমিট করতে হবে। ইট ইজ টু বি অমিটেড। এটা অমিট করে এ এবং বি-এর ক্ষেত্রে যদি এটাকে প্রয়োগ করেন তাহলে বুঝব যে প্রয়োজনের সঙ্গে কিছুটা সততার মিল থাকছে।

মাননীয় সভাপাল মহাশয়, এখানে রোড সেফটির কথা উনি বলেছেন। আজকে রোড সেফটি কোন জায়গায় পৌঁছেছে ? প্রতিদিন রাস্তায় দুর্ঘটনা ঘটছে। রাস্তায় বাস, লরি,

অন্যান্য গাড়ি বেড়েছে, কিন্তু ট্রাফিকে যে নকশা দেবার কথা তার বন্দোবস্ত আপনি সম্পূর্ণ করতে পারেননি। আমি উদাহরণ দিয়ে ৬ নং জাতীয় সড়কের কথা বলছি। আপনাদের মেনটেনেন্সের কথা নয়, এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব, আমি জানি আর.বি. এম.(পতি) এই রাস্তাটা করছে, একটা মালোয়েশিয়ান কোম্পানি গ্লোবাল টেন্ডার পেয়ে এটা করছে। আপনি জানেন ট্রাফিক না থাকার ফলে এমন অবস্থা হয়ে গিয়েছে যে প্রতিদিন দুর্ঘটনা ঘটছে। হাওড়া থেকে নোয়াপাড়ার মধ্যে বিশেষ করে সাঁকরাইলের মানুষ এবং বাগনানের মানুষ প্রতিদিন দেখতে পাচ্ছে রোড সেফটি না থাকার ফলে দুর্ঘটনা ঘটছে। কিছুদিন আগে কাগজে দেখেছেন স্কুলের ছাত্রীদের বাস সম্পূর্ণ উল্টে গিয়ে খাদে পড়েছে, একটা ম্যাটাডোর ধাক্কা মারার ফলে এই অ্যাকসিডেন্ট হয়েছে। কলিকাতার বুকেও এই রকম হচ্ছে, ছাত্র-ছাত্রীদের বাস চাপা দিয়ে চলে যাচ্ছে। একমাত্র পুত্র হারিয়ে বাবা-মা হা-হুতাশ করছে। আপনার এই রোড সেফটি ? মাননীয় অর্থমন্ত্রী যে বিল এনেছেন এই বিল সম্পর্কে জেনে আমাদের বিরোধী দলের সম্মত হওয়া সম্ভব নয়। আমি আশা করবো আপনি এই বিল প্রত্যাহার করে নেবেন, শেষ কাছে যে কথা বলেছি সেটা আপনি মেনে নিন যে Purposes of such other products as may be prescribed. আপনি নিজে দায়িত্ব নিয়ে কাজ করুন, ট্যাক্সের বোঝা মানুষের ঘাড়ে আর চাপাবেন না। সব দিক থেকে মানুষের ঘাড়ে ট্যাক্সের বোঝা চাপাচ্ছেন, ট্যাক্সের বোঝা বেড়ে যাচ্ছে কিন্তু কাজের কাজ কিছু হচ্ছে না। এই কথা বলে বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.35—3.45 p.m.]

শ্রী খাড়া সোরেন : মাননীয় সভাপতি মহাশয়, পশ্চিমবঙ্গ পরিবহন পরিকাঠামো উন্নয়ন তহবিল বিধেয়ক, ২০০২ মাননীয় অর্থমন্ত্রী যেটা বিধানসভায় এনেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। এতক্ষণ শুনলাম বিরোধী বন্ধুরা এই বিলের বিরোধিতা করলেন। তাঁরা বারে বারে একটা কথা বলার চেষ্টা করলেন যে জনগণের উপর বাড়তি করের বোঝা চাপানো হচ্ছে। এই বিরোধী বন্ধুদের কাছে আমার একটা প্রশ্ন, ১৯৯৯ সালে আপনারা যখন এন.ডি.এ. সরকারের শরিক হলেন তারপর থেকে দিল্লির সরকার পেট্রোল ডিজেল এবং কেরোসিনের উপর বারে বারে দাম বাড়িয়ে গোটা দেশের আপামর জনগণের উপর বাড়তি ট্যাক্সের বোঝা চাপিয়ে দিয়েছেন, কই আপনারা তো কেউ চেঁচামিচি করেননি, কোনো আন্দোলন করেননি ? পশ্চিমবাংলা থেকে বলা হল, আমরা আন্দোলন করছি দেখে ৯ টাকা কেরোসিন তেলের দাম ১ টাকা কমিয়ে ৮ টাকা করা হল। অর্থাৎ ৩ টাকার কেরোসিনকে ৮ টাকা করে দেওয়া হল। ১০ টাকার ডিজেল ১৮ টাকা করে দেওয়া হল, পেট্রোল তো প্রায় ৩১ টাকা হয়ে গেছে। কোথায় নিয়ে গেছেন আপনারা ? গোটা দেশ আজকে অর্থনৈতিক সংকটে ভুগছে, সেটাকে পূরণ করবার জন্য বিদেশ থেকে ঋণ নিচ্ছেন, বিভিন্ন লাভজনক প্রতিষ্ঠানগুলো অল্প দামে বিক্রি করে দিচ্ছেন, রুগ্ন কারখানাগুলো অল্প দামে মালটিন্যাশানাল কোম্পানিগুলোর কাছে বিক্রি করে দিচ্ছেন। যার মধ্যে দিয়ে আপনারা সরকার চালাবার চেষ্টা করছেন। ভারতবর্ষের সংবিধান অনুযায়ী, গোটা দেশে যখন আর্থিক

সংকট চলছে সেখানে প্রতিটি রাজ্যে আর্থিক সংকট দেখা দেবে। সংবিধান অনুযায়ী আমাদের যে টাকা পাওনা সেটাও আমরা সময়মতো পাই না। গোটা দেশের কৃষকদের জন্য কোথায় ভর্তুকি দেবে সেখানে ভর্তুকি তুলে নেওয়া হচ্ছে। উদারীকরণ নীতি, বেসরকারিকরণ নীতি চালাবার ফলে গোটা দেশে আর্থিক সংকট নেমে এসেছে। তার বাইরে পশ্চিমবাংলা নয়। আজকে পশ্চিমবাংলা কেন্দ্রীয় সরকারের কাছে আর্থিক সহায়তা না পাওয়ার ফলে সরকার চালানোর ক্ষেত্রে ধৈর্য ধরে যেটা না করলে নয় সেটা করার চেষ্টা করছে। আমরা স্বীকার করছি এই তেলের উপরে সেস কর বসানোর ক্ষেত্রে জনগণের উপরে চাপ আসবে। সেই কারণে আমি মাননীয় সভাপতির মাধ্যমে অর্থমন্ত্রীকে জানাতে চাই যে, যদি কোনো সুযোগ থাকে এটা কমানোর তার বিবেচনা করবেন। কারণ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে চাপ আবার রাজ্য সরকারের পক্ষ থেকে চাপ জনগণের উপরে পড়বে এবং অসুবিধা হবে। আজকে কেন্দ্রীয় সরকারের জিনিসপত্রের দাম বাড়ানো সত্ত্বেও, সংকটের মধ্যে থেকেও রাজ্য সরকার কিছু উন্নয়নমূলক কাজ করেছে। যদিও জানি এই সংকট রুখতে গেলে এবং উন্নতি অব্যাহত রাখতে গেলে অর্থের প্রয়োজনীয়তা আছে। এবং সেই প্রয়োজনীয় অর্থ একমাত্র জনগণের কাছ থেকেই আদায় করা যায়। রাজ্য সরকার যখন কোনো কর বসাচ্ছে তখন চেঁচামেচি করছেন, রাজ্য সরকার ১ টাকা বাড়ালেই চেঁচাচ্ছেন। আর কেন্দ্রীয় সরকার যে ৫ টাকা, ১০ টাকা, ১৫ টাকা বাড়ালো তখন তো চেঁচালেন না। কেন্দ্রীয় সরকার গোটা ভারতবর্ষ সহ পশ্চিমবঙ্গকে একটা আর্থিক সংকটের মধ্যে ফেলে দিয়েছে। আমরা যে কেন্দ্রের বিরুদ্ধে আন্দোলন করছি সেই আন্দোলনে সহমত নিয়ে বিরোধীরাও আমাদের সঙ্গে আন্দোলন করুন। কেন্দ্রীয় সরকার যে আর্থিক সংকটের মধ্যে ফেলে দিয়েছে তার মোকাবিলা করতে না পারলে রাজ্য তার উন্নয়নমূলক কাজ করতে পারবে না। সেইসঙ্গে আজকে পশ্চিমবঙ্গের উন্নয়ন অব্যাহত রাখতে গেলে অর্থের যে প্রয়োজনীয়তা আছে সেটা উপলব্ধি করেই মাননীয় অর্থমন্ত্রী সেস কর বৃদ্ধি করার প্রস্তাব এনেছেন। তবুও আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো যদি কমানোর কোনো সুযোগ থাকে সেটা ভাবনা-চিন্তা করে ব্যবস্থা নেবেন এই আবেদন রাখছি।

শ্রী সৌগত রায় : The West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002 এসেছে এর স্বাভাবিক কারণে আমি বিরোধিতা করছি। এর আগেও এর অর্ডিন্যান্স যেটা দিয়েছিলেন তার উপরে আমি স্ট্যাটুটারি রেজলিউশান নিয়ে এসেছিলাম। এই সরকার একটা দেউলিয়া সরকার এবং হাজার উপায়ে টাকা তোলার একটা চেষ্টা চালাচ্ছে। এর অবজেক্টস্ অ্যান্ড রিজিন্‌সে যা দেওয়া হয়েছে তাতে একেবারে মানুষকে মিসলিড করার একটা উপায় দেখা যাচ্ছে। এই হাউস কদিন ধরে চলছে এবং এর মধ্যে দিয়ে এটাই লক্ষ করছি যে, এই সরকারের আয়ের চেয়ে ব্যয় বেশি। ১৭ হাজার কোটি টাকা রেভিনিউ এক্সপেনডিচার—মাইনে দিতে চলে যাচ্ছে। আর রেভিনিউ ইনকাম হচ্ছে ১২ কোটি টাকা। আর ইন্টারেস্ট দিতে হয় ৭ হাজার ৬০০ কোটি টাকা, সব মিলিয়ে ১৯ হাজার ৬০০ কোটি টাকা রেভিনিউ এক্সপেনডিচার। এদের মাইনে এবং সুদের টাকা দিতে গিয়ে ধার করতে হয়। সুতরাং ডেভলপমেন্টের কথা ছেড়ে দিন। তারপরে

আবার ফারদার বলছেন আরো ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট করবেন এবং তার জন্যই এই সেস নেবেন। এই সঙ্গে সঙ্গে বলি এই সরকারের বিরুদ্ধে বারে বারে অভিযোগ তোলা হয়েছে যে এই সরকার রেভিনিউ ডেফিসিট কাটাবার জন্য ইয়ার মার্কের টাকাটাও খরচ করেছেন। রেভিনিউ এক্সপেনডিচারে সরকারি কর্মচারীদের মাইনে দিতেই টাকা খরচ করে ফেলছেন। আমি আগের দিনও বলেছি ১৬০ কোটি টাকা পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিংয়ের, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসা টাকা, সেই টাকা ডাইভার্ট করে মাইনে দিয়েছেন। আমি আজকে বলেছি এই ব্যাপারে সি.এ.জি. কমেন্ট ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট কর্পোরেশান-এর ব্যাপারে সি.এ.জি. কমেন্ট করেছে। পর পর দু-বছর ওয়েস্ট বেঙ্গল আই.ডি.সি.-র যে টাকা ছিল তার থেকে স্টেট গভর্নমেন্ট লোন করেছে। সেই লোন করে ওখান থেকে টাকা কালেক্ট করে মাইনে দিতে টাকা খরচ করেছেন। অসীমবাবু অত্যন্ত ক্লেভারলি এই বিলে বলেছেন, "The proceeds of the cess levied under section 4 shall first be credited to the consolidated Fund of West Bengal, and the State Government may, if the State Legislature by appropriation made by law in this behalf provides, credit such proceeds to the fund from time to time, after deducting the expenses of collection for being utilised exclusively for the purpose of this Act."

[3.45—3.55 p.m.]

মিঃ চেয়ারম্যান : আমাদের এই আলোচনার জন্য যে সময়টা নির্ধারিত ছিল, সেটা শেষ হয়ে যাচ্ছে, তাই আমরা আধঘণ্টা সময়টা বাড়িয়ে নিচ্ছি। আশাকরি আপনাদের সকলের মতামত আছে।

সৌগত রায় তার পরে কনসলিডেটেড ফান্ডে টাকা জমা হবে, তারপরে ওরা অ্যাপ্রোপ্রিয়েট করবে। কিন্তু যখন টাকা উনি খরচ করে দিলেন সেটা আমাদের কালেকশানে খরচ হয়ে গেছে। দেয়ার ইজ নাথিং টু প্রিভেন্ট। তার কারণ টাকা জমা হচ্ছে, ওই কনসোলিডেটেড ফান্ডে এবং সেখান থেকে অ্যাপ্রোপ্রিয়েট করছেন। যদি উনি ডাইরেক্টলি কনসোলিডেটেড ফান্ড না করে কর্পোরেশান-এর মতো সেই রকম ফান্ড করতেন তাহলে আই কুড আন্ডারস্ট্যান্ড, কিন্তু তা উনি করছেন না। এটা ওর বাজেট ডেফিসিটকে চাপা দেবার আর একটা উপায়। এই সম্বন্ধে আর একটা জিনিস বলে রখা দরকার, আজকে পেট্রোল ডিজেল-এর প্রাইজ—অ্যাডমিনিস্ট্রেটেড প্রাইজে চলেছে। এখানে ইনটারন্যাশানাল মার্কেটে পেট্রোল ডিজেলের দাম যদি বাড়ে তাহলে আমাদের এখানেও বাড়াতে হবে, যদি দাম কমে তাহলে এখানেও দাম কমে যাবে। এটা আগে লোকে বিশ্বাস করেনি। কিন্তু এখন রিসেন্টলি—দুইবার পেট্রোল ডিজেলের দাম যেমন বেড়েছে, তেমনি কমেছেও। ওপেন টু দি মার্কেট প্রাইজ—অ্যাডমিনিস্ট্রেটেড প্রাইজে নয়। কিন্তু উনি এখানে একটা ফিক্সড জিনিস ঢুকিয়ে দিয়েছেন। একদিকে রাজ্য সরকার মোটর বিক্রির উপর সেলস ট্যাক্স নেয়, তার উপর উনি ফিক্সড সেস ঢুকিয়ে দিলেন—আল্টিমেটলি মেক ট্রান্সপোর্ট কস্টলিয়ার। তার মানে আপনি গাড়িতে চড়ুন বা বাসে চড়ুন তার উপরও কস্ট অ্যাডেড হবে। সেই কস্ট

অ্যাড করে বলছেন ইনফ্রাস্ট্রাকচারাল ডেভলপমেন্ট করবে। ওই জায়গায় ইনফ্রাস্ট্রাকচারাল ডেভলাপ করার জন্য রাজ্য সরকার জাপানের ই.সি.এফ. থেকে টাকা নিয়েছে, টাকা নিয়ে কলকাতায় ফ্লাই ওভার হচ্ছে। স্যার, আপনি জানেন ন্যাশানাল হাইওয়ে অথরিটি তারা বড়ো রাস্তাগুলি করছেন। স্যার, হাডকো থেকে লোন নিয়ে পশ্চিমবাংলায় ৩৫টি ইয়ার মার্ক রাস্তা ভাল করা হয়েছে। আপনি এও জানেন আর.আই.ডি.এফ.-এর টাকায় আরো কিছু রাস্তা করা হয়েছে। নূতন করে এই ফান্ড করার কি দরকার ছিল রাস্তা করার জন্য? আপনিও ই.সি.এফ. থেকে টাকা নিয়েছেন, যেটা জাপানিজ ব্যাঙ্ক অফ ইন্টারন্যাশনাল নাম হয়েছে। আপনি হাডকো থেকে টাকা নিয়েছেন। আর.আই.ডি.এফ. থেকে টাকা নিয়েছেন। ন্যাশানাল হাইওয়ে অথরিটি এই রাজ্যে রাস্তা করছে। এই ফান্ড করার অভাবে কি কোনো ফ্লাই ওভার আটকে ছিল ? ফ্লাই ওভারের কথা বলবেন না, আমি লেক গার্ডেন্সে থাকি, '৯৩ সাল থেকে আপনাদের পি.ডাবলিউ.ডি. একটা ফ্লাই ওভার করছে, কথা ছিল ২০০১ সালের মধ্যে হবে, কিন্তু এখন বলছে ২০০৩ সালে শেষ হবে। আর একটা ফ্লাই ওভার ব্যান্ডেল গেটে হওয়ার কথা সেটাও এক অবস্থা। যদি কোনো রাস্তায় যে রাস্তা দিয়ে মুখ্যমন্ত্রী বা প্রাক্তন মুখ্যমন্ত্রী যাতায়াত করেন, সেই রাস্তায় যদি কোনো ফ্লাই ওভার পড়ে তাহলে সেটা সি.এম.ডি.এ.-র ওখানে টাইম বাউন্ড-এর মধ্যে কাজ করছে। যেমন, পার্ক সার্কাসের কানেক্টারে ফ্লাই ওভার করেছে, আবার বর্তমান মুখ্যমন্ত্রীর কন্সটিটিউশানে বাঘাযতীনে একটা ফ্লাই ওভার হয়েছে। সোনারপুরে ফ্লাই ওভার আটকে আছে, বিরাটির ফ্লাই ওভার আটকে আছে, মধ্যমগ্রাম, বেলঘরিয়ার ফ্লাই ওভার আটকে আছে, লিলুয়ার ফ্লাই ওভার আটকে আছে। মৌরিগ্রামের ওই ফ্লাই ওভারটা কমপ্লিট। একমাত্র ওইটায় ভাল কাজ হয়েছে। আর বাকি সব বছরের পর বছর ফ্লাই ওভার ডিলেড হয়ে যাচ্ছে। টাকার অভাব ছিল না তাহলে হঠাৎ কেন ২৮ আগস্ট বিলটা আনলেন ? তার কারণ তখন তো রাজ্যের ডেসপারেট অবস্থা। আজকে রাজ্যে কি অবস্থা দাঁড়িয়েছে। জানুয়ারি, ফেব্রুয়ারি মাসে কি করে মাহিনা দেবে। মাহিনা দিতে ১ হাজার কোটি টাকা লাগবে শুধু শিক্ষক এবং রাজ্য সরকারি কর্মচারীদের মাহিনা দিতে। যদি সেন্ট্রাল থেকে কিছু টাকা দেয় তাহলে দেবে। মন্ত্রী বলছেন, আড়াই হাজার কোটি টাকা মার্কেট থেকে ধার করছেন। মন্ত্রী বলছেন, আড়াই হাজার কোটি টাকা মাহিনা দিতে মার্কেট থেকে ধার করছেন। প্ল্যান খাতে ২৫ শতাংশ টাকাও খরচ করেননি, জেলায় পি.ডাবলিউ.ডি.-র ইঞ্জিনিয়ারদের কন্ট্রাকটাররা ঘেরাও করছে, টাকা দিচ্ছেন না বলে। আজকে কন্ট্রাকটাররা বিভিন্ন জায়গায় কাজ রিফিউজ করছেন। তার উপরে উনি এই সেস চাপিয়েছেন। আজকে মাননীয় মন্ত্রীমহাশয় বিভিন্ন খাত থেকে টাকা তোলার চেষ্টা করছেন এবং মাইনে দেবার কাজে খরচ করছেন। আজকে কোল সেস আদায় করা হচ্ছে, কিন্তু কোলিয়ারি এলাকার কোনো উন্নয়ন করা হচ্ছে না। একটা সর্বগ্রাসী মাইনের কাজে সব টাকা ব্যবহার করা হচ্ছে। আজকে ডিজেল, পেট্রোলের ক্ষেত্রে লিটার প্রতি এক টাকা বাড়ানো হয়েছে এবং লিক্যুইফায়েড পেট্রোলিয়ামের গ্যাসের ক্ষেত্রে প্রতি কিলোতে এক টাকা বাড়ানো হয়েছে। এটা জনবিরোধী কাজ এবং পরিবহন বিরোধী কাজ, এই কাজ মানুষের অসুবিধার সৃষ্টি করবে। আজকে বোরো চাষে জল না পাওয়ার জন্য চাষিদেরকে ডিজেল পাম্প চালিয়ে বোরো চাষ করতে হচ্ছে এবং ডিজেল চালিত মাছ ধরার নৌকার মাধ্যমে মৎস্যজীবীরা

তাদের জীবিকা নির্বাহ করে। আজকে অসুবিধার মধ্যে পড়বে এইসব মানুষরা এবং সবাইকেই তিনি এর সাথে যুক্ত করছেন।

পনেরো বছর ধরে মাইনে দেবার রাজনীতি করতে গিয়ে রাজ্যের মোট ঋণ আজকে ৭৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। রাজ্যের রেভিনিউ ডেফিসিট নয় হাজার কোটি টাকা ছাড়িয়ে দশ হাজার কোটিতে গিয়ে পৌঁছবে। তাই উনি যেভাবে টাকা তোলার চেষ্টা করছেন আমরা সর্বতোভাবে এই বিলের বিরোধিতা করছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় সভাপতি স্যার, দি ওয়েস্ট বেঙ্গল ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট ফান্ড বিল, ২০০২-কে সমর্থন করছি এবং মাননীয় বিরোধী দলের সদস্যরা যে সংশোধনী এনেছেন বা বক্তব্য রেখেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমাদের রাজ্যের কৃষি এবং শিল্পের উন্নয়নের স্বার্থে এবং জনসাধারণের স্বার্থে পরিবহন ব্যবস্থার আরো ব্যাপক উন্নতি প্রয়োজন। তার মধ্যে শুধু রাস্তা নয়, সেতুর নতুন সংযোজন ও রেলপথের উপরে উড়ালপুলগুলির আরো প্রয়োজনীয়তা আছে। মাননীয় সভাপতি স্যার, একটু আগে বলা হয়েছে আপনারা কি করেছেন পরিবহনের জন্য। নবম যোজনায়, অর্থাৎ ১৯৯৭-২০০২, যেটা গত বছরে শেষ হয়েছে, তাতে এই পরিবহন খাতে অর্থ বরাদ্দের লক্ষমাত্রা ছিল ১,৩০০ কোটি টাকা সাকুল্যে। এ.জি.-র অ্যাকচুয়ালস্ ফিগারটাও এসে গেছে, তাতে দেখা যাচ্ছে ২,২১১ কোটি টাকা খরচ হয়েছে শুধু প্ল্যানে। মাননীয় সভাপতি মহাশয়, এর পরে এই বছরে পরিবহন খাতে, পূর্ত ও পূর্ত সড়ক দপ্তরের কথা বলছি, যেহেতু পঙ্কজবাবু, সৌগতবাবু এবং আরো অন্যান্যরা এই পূর্ত দপ্তর সম্বন্ধে বলেছেন। এই পূর্ত দপ্তরে ৬৭৬ কোটি টাকা পরিকল্পনা খাতে বরাদ্দ আছে। হ্যাঁ, এটাতে আমরা অর্ধেকের কাছাকাছি যেতে পারিনি। আমরা তো অনেক উৎসর সঙ্গে যুক্ত করেছি। রাস্তার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্যের কাছে যে ঋণ আছে তার মধ্যে আমরা সবচেয়ে বেশি ঋণ নিয়েছি আর.আই.ডি.এফ. থেকে এবং হাডকো থেকে আমরা নিয়েছি ৬৭৬ কোটি টাকা। এইভাবে বিভিন্ন খাতে যোগ করার পরে ১৩৪ কোটি টাকার একটা গ্যাপ আমাদের আছে। বাকি সাড়ে তিন মাসের মধ্যে এটাকে পূর্ণ করতে হবে। আর ছয়টি উড়ালপুলের কাজ কলকাতা এবং তার আশপাশে হচ্ছে, এইগুলিতে টাকা বরাদ্দ করা আশু প্রয়োজন। এখানে দাঁড়িয়ে এই বিলের আট নম্বর ধারাতে বলা হয়েছে যে, আমরা একটি তহবিল গঠন করতে চাইছি। এটা পরিবহন মন্ত্রী আগে থেকেই বলেছিলেন। আমাদের উদ্দেশ্য হচ্ছে পরিবহন পরিকাঠামোর উন্নয়ন। যেটা বিলে আছে—নতুন স্থাপন, পরিবহন পরিকাঠামোর উন্নয়ন—রাস্তা, সেতু এবং উড়ালপুল সহ, সড়ক নিরাপত্তা ও যান চলাচলের উন্নতিসাধন এবং পরিবহন সংশ্লিষ্ট অন্যান্য জিনিস—যেমন, জল পরিবহন থাকতে পারে—স্পেসিফিকভাবে যা বলা হয়েছে তার বাইরে নয়।

[3.55—4.05 p.m.]

খুব পরিষ্কারভাবে বলে দিয়েছি। ৭ নং ধারাতে দেখবেন বলা হয়েছে এই তহবিলে কি কি খাত থেকে টাকা আসতে পারে। রাজ্য সরকার তো টাকা গ্রহণ করেন কনসোলিডেটেড

ফান্ডে, তার বাইরে তো গ্রহণ করার অধিকার নেই। সেখান থেকে অনুদান হিসাবে যেতে পারে, ঋণ হিসাবে যেতে পারে, কেন্দ্রীয় সরকারের ঋণ, অনুদান হিসাবে আসতে পারে। এরকম একটা তহবিল গঠন করার প্রস্তাব রাখা হয়েছে। এই তহবিলের অন্যান্য উৎসের মধ্যে একটা উৎস হচ্ছে পেট্রোল এবং ডিজেলের উপর লিটার প্রতি ১ টাকা বৃদ্ধি করা। এবং এল.পি.জি., যেটা গার্হস্থ্য ব্যবহারের জন্য নয়, শিল্প এবং বাণিজ্যে ব্যবহার হয়, সেটা কেজি প্রতি ১ টাকা। আপনারা অনেকে বলেছেন প্রস্তাবে—এটা একটু কমালে হয় না ? অর্থাৎ মনে করছেন এটাকে এমন করা উচিত যাতে যুক্তিগ্রাহ্য হয়।

মাননীয় সভাপতি মহাশয়, ডিজেলে, পেট্রোলে ১ টাকা বাড়ানোর পরও তুলনীয় অন্যান্য রাজ্যগুলির সঙ্গে ফারাকটা আপনাদের কাছে রাখছি। এটা ১৭.১২ তারিখ পর্যন্ত। আমি একটাই বলছি—ডিজেলের ক্ষেত্রে। আমাদের রাজ্যে প্রতি লিটার ১৯.৪৩ টাকা। অন্ধ্রে ১৯.৭২ টাকা। মহারাষ্ট্রে—যেখানে একটা অতিরিক্ত কর বসানো হয়—বিক্রয় কর প্রত্যেকেই বসান, মাননীয় সৌগতবাবু জিজ্ঞেস করেছিলেন, তাই বললাম—২২.৯৫ টাকা। কর্ণাটকে ২০.৪৮ টাকা। তামিলনাড়ুতে ১৯.৪৬ টাকা। একমাত্র দিল্লিতে আমাদের থেকে কম, কিন্তু অন্য খাতে ওরা টাকা পায় বলে। প্রত্যেকটা রাজ্য আমাদের থেকে বেশি আছে, ১ টাকা লিটার প্রতি বাড়ানোর পরেও।

পরিষ্কার করে উল্লেখ করা আছে, একটা গোটা বছরে ২৬০ কোটি টাকা পাওয়া যায়, ভাঙা বছরে ১৩০ কোটি টাকার বেশি পাব না। প্রত্যেকটা অর্থ ফান্ডে দিয়ে দেব, এ.জি.-কে মুভ করেছি, এই টাকাটা পরিবহন খাতে ব্যয় হবে। মাননীয় সভাপতি মহাশয়, এই সুযোগে বলে রাখি, প্রেসক্রাইবড অথোরিটি আমাদের কমিশনার অফ কমার্শিয়াল ট্যাকসেস্‌কে করতে হয়েছে। ৪টে সংস্থা মোটামুটি দেয়। আপনি জিজ্ঞেস করলেন বিক্রয় কর বা সেস, তার কন্ডিশনটা আইটেম নং ৫৪ স্টেট লিস্টে পাবেন—১৫টি রাজ্যে বস্তুত হতে পারে, অন্য রাজ্যেও হতে পারে। যেটা বোঝালাম, অন্য রাজ্যের থেকে অনেক কম। প্রেসক্রাইবড অথরিটি কাজ শুরু করেছে কালেকশনের ব্যাপারে। ধরুন একটা সময় সিদ্ধান্ত গ্রহণ করা হল, ডিজেলটা আমরা রাখছি না, কিন্তু তখনও এই ফান্ডটা থাকবে এবং আমাদের কনসোলিডেটেড ফান্ড থেকে টাকাটা নেওয়ার ব্যবস্থা রাখছি। এটা খুব পরিষ্কার ভাবে রেখেছি। প্রতি বছর এর থেকে যা পাব, কনসোলিডেটেড ফান্ডে জমা পড়ার পরে সেই অর্থ এই ফান্ডে জমা হয়ে যাবে। এ.জি.কে মুভ করেছি। আবারও বলছি—এই বছর ১৩০ কোটি টাকার বেশি পাব না। ঠিকমতো চললে ২৬০ কোটি টাকার একটু ঈষৎ বৃদ্ধি হয়। এটা বাড়তি উপায়। এই প্রক্রিয়াকে যুক্ত করে সেস-কে রাখতে পারতাম, সেটা একেবারে ভিন্ন। যেটা কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশনের নীতি, তাতে ১৫০০ কোটি টাকা নেওয়ার অনুমতি আছে। এটা যাচ্ছে ওই ফান্ডে। এই পারপাজে। আপনাদের রিপোর্ট করব, কি ভাবে হচ্ছে। রাস্তার যা অবস্থা, তাতে এই মুহূর্তে একটা অর্থ মেইনটেন্যান্সের জন্য ব্যয় করতে হবে। আমি অনুরোধ করব, এই ব্যাখ্যা শোনার পর আপনারা আমার সঙ্গে সহমত পোষণ করবেন, কারণ এর পরও অন্য রাজ্যের থেকে অনেক কম থাকবে পেট্রোল, ডিজেলের দাম। এই কথা বলে, এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 7

The question that Clauses 1 to 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Mr. Chairman : There are Amendment Nos. 6(i) and 6(ii) to Clause 8 by Shri Abu Hena.

Now, I call Upon Shri Abu Hena to move his motion.

শ্রী আবু হেনা : Sir, I beg to move that (i) in clause 8, in line 1, after the word "utilised" the word "in full" be inserted ; and (ii) sub-clause 8(c) be omitted. ইন ফুল কথাটা উল্লেখ করছি এইজন্য যে, যেটা কালেক্শান হবে, যে সেস আদায় হবে, সেটা যেন পুরোপুরি খরচ করা হয়। যে পারপাসের জন্য এটা নেওয়া হয়েছে সেই পারপাসেই খরচ করা হয় এবং আপনি লক্ষ্য করবেন তিনটি সাব ক্লজ আছে। তাতে আমি বলতে চাইছি সাব ক্লজ এইট সি ওইটার কোনো দরকার নেই। তার কারণ উনি যে সাব ক্লজ দিয়েছেন, সেই পারপাসের জন্য এই সেস উনি নিচ্ছেন না। উনি বলতে চাইছেন রাস্তাঘাট এবং ট্রান্সপোর্টের যে ব্যাপার আছে, ব্রিজ এবং ওভারব্রিজ এই সব ক্ষেত্রে এগুলি খরচ করা হবে। সেইজন্য আমার মনে হয় সাব ক্লজ এইট সি.-র দরকার নেই। এটা অমিট করুন।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় সভাপতি মহাশয়, আমার বক্তব্য আমার বক্তব্যের মধ্যেই ব্যাখ্যা দিয়ে রেখেছি। এই পরিবহন পরিকাঠামোর ক্ষেত্রে কতগুলি জায়গা চিহ্নিত করার পরেও আপনি যদি আমার জায়গায় থাকতেন, আপনার মনের মধ্যেও থাকত যে কোনো একটা বিষয় অন্তর্ভুক্ত করিনি। যেমন—জল পরিবহনের বিষয়। তার জন্য একটা ক্লজ রাখতে চাই। যা আমরা করব, আমরা হাউসকে বলে দেব। আপনাকে অনুরোধ করছি এটাতে আপনি জোর দেবেন না। স্যার, আমি এটা গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Abu Hena was then put and lost.

The question that Clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 9 to 13

The question that Clauses 9 to 13 do stand part of the Bill was then put and agreed to.

First Schedule

Mr. Chairman : There are Amendment Nos. 7, 11 and 15 to First Scheduled by Shri Nirmal Ghosh. Now, I call upon Shri Nirmal Ghosh to move his motions.

Shri Nirmal Ghosh : স্যার, বিস্তারিত আলোচনা হয়েছে। এই যে সেস এর জন্য মানুষকে পেট্রোল, ডিজেলে এক টাকা করে বেশি দাম দিতে হচ্ছে। Sir, I beg to move that in the First Schedule, in Sl. No. 1, in column 3, for the words "Rupee one per litre" the words "Ten paise per litre" be substituted. (Amendment No. 7).

Sir, I beg to move that in the First Schedule, in Sl. no. 2, in column 3, for the words "Rupee One" the words "Ten paise" be substituted. (Amendment No. 11).

Sir, I beg to move that in the First Schedule, in Sl. No. 3, in column 3, for the words "Rupee One" the words "Ten paise" be substituted. (Amendment No. 15).

[4.05—4.15 p.m.]

ডঃ অসীম দাশগুপ্ত : মাননীয় সভাপতি মহাশয়, আমার বক্তব্যের মধ্যে আমি দীর্ঘ ব্যাখ্যা দিয়ে বলেছি যে আমাদের রাজ্যে পেট্রোল ডিজেলের দাম সবচেয়ে কম থাকছে। প্রত্যেক রাজ্যই বসায়, বাধ্য হয়েই বসায়। যাই হোক অর্ডিন্যান্স আনতে হয়েছে কারণ কতগুলো ডেভলপমেন্ট হয়েছে তারপর পরিবহন পরিকাঠামো খাতে অর্থ বরাদ্দ করানোর জন্য বসাতে হচ্ছে। সর্বভারতীয় ক্ষেত্রে যেহেতু আমাদের সবচেয়ে কম থাকছে, আমি দুঃখিত সংশোধনী গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Nirmal Ghosh that (Amendment Nos. 7, 11, 15) were then put and lost.

Mr. Chairman : Now I request Shri Kashi Nath Mishra to move his amendments.

Shri Kashi Nath Mishra : Mr. Chairman, Sir, I beg to move in the First Schedule, in Sl. No. 1, in column 3, for the words "Rupee one per litre" the words "Twenty paise per litre" be substituted. (Amendment No. 8.)

I also beg to move that in the First Schedule, in Sl. No. 2, in column 3, for the words "Rupee one" the words "Twenty paise" be substituted. (Amendment No. 12)

I also beg to move that in the First Schedule, in Sl. No. 3, in Column 3, for the words "Rupee one" the words "Twenty paise" be substituted. (Amendment No. 16)

শ্রী কাশীনাথ মিশ্র : আমরা এই কারণে বলছি আপনারা তো এই নিয়ে বছরের পর বছর আন্দোলন করেছেন। আমি বলছি পেট্রোলের দাম ২০ পয়সা করতে। এই যে সাধারণ মানুষের উপর চাপ পড়বে। এমনিতে ট্যাক্স দিতে হয়, আবার সেস করে আদায় করতে এক টাকা করে লাগছে কনসিডার করার জন্য ২৫ পয়সা করে দিন। আমি তাহলে ১৬, ১২ দুটোই মুভ করে দিচ্ছি। মূলত ডিজেল যেখানে সকল ক্ষেত্রে লাগছে, চাষের ক্ষেত্রে লাগছে। সেখানে প্রধনত একটা ট্যাক্স দিতে হচ্ছে। দর যে হারে বাড়ছে, এগুলো প্রতিকার করার জন্য তো বামপন্থীরা আন্দোলন করেন, এখন এই হারে বাড়ানো হচ্ছে। আমি চাইছি কোথাও ২০ পয়সা, ২৫ পয়সা করা হোক।

Mr. Chairman : Now I request Shri Saugata Roy to move his amendments.

Shri Saugata Roy : Mr. Chairman, Sir, I beg to move that in the First Schedule, in Sl. No. 1, in column 3, for the words "Rupee One" the words "Fifty paise" be substituted.

Sir, I beg to move that in the First Schedule, in Sl. No. 2, in column 3, for the words "Rupee One" the words "Fifty paise" be substituted.

Sir, I also beg to move that in the First Schedule, in Sl. No. 3, in column 3, for the words "Rupee One" the words "Fifty paise" be substituted. স্যার, আমি ৯, ১৩, ১৭ তিনটে অ্যামেন্ডমেন্ট আমার আছে। কাশীবাবুর তুলনায় আমি কনসিডার দিচ্ছি। একদম কমাতে হবে না। ৫০ পয়সা করা হোক। ৫০ পয়সা করা হলে সকলে মিলে বিলটাকে সাপোর্ট করব। ৯, ১৩, ১৭ আমি ফরম্যালি মুভ করছি।

Mr. Chairman : Now I request Shri Tapas Roy to move his amendments.

Shri Tapas Roy : Sir, I beg to move that in the First Schedule, Sl. no. 1, in column 3, for the words "Rupee One", the words "Twenty Five paise" be substituted. (Amendment no. 10)

Sir, I also beg to move that in the First Schedule, in sl. no. 2, in column 3, for the words "Rupee One" the words "Twenty five paise" be substituted. (Amendment No. 14)

Sir, I also beg to move that in the First Schedule, in sl. no. 3, in column 3, for the words "Rupee one" the words "Fifty paise" be substituted. (Amendment no. 18)

শ্রী তাপস রায় : স্যার, আমি বলতে চাইছি পেট্রোলের ক্ষেত্রে যেখানে উনি ১ টাকা করেছেন সেটাকে ২৫ পয়সা করতে বলছি, ডিজেলের ক্ষেত্রে যেখানে ১ টাকা করছেন সেটাকে ২৫ পয়সা করতে বলছি এবং লিকুইড পেট্রোলিয়াম গ্যাসের ক্ষেত্রে পার কেজিতে ১ টাকার জায়গায় সেটা ২৫ পয়সা করতে বলছি। আমি জানি আপনাকে বিত্তমন্ত্রী হিসাবে অর্থ তুলতে হবে এবং আপনি অনন্যোপায়, আপনার আর কোনো উপায় নেই। আমি অনুরোধ করবো আপনি প্রতিযোগিতায় যাচ্ছেন কেন, অন্য রাজ্যের তুলনায় এখানে কম এটাতো ভালো কথা যে আমরা এখানকার মানুষদের বেশি সাশ্রয় দিতে পারছি। সেখানে আপনি বা সরকার কেন প্রতিযোগিতায় যাচ্ছেন ? এটা মহারাষ্ট্র, উত্তরপ্রদেশের সঙ্গে অ্যাট পার কেন করতে হবে ? বাংলার মানুষ নুয়ে পড়েছে, একটা নতুন জায়গায় আপনি ফান্ড রেইজ করছেন, কিন্তু এতে ফ্লাই ওভার হবে না, ব্রিজ হবে না, আমরা জানি এর আলাদা বন্দোবস্ত আছে সেটা রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার বা বিদেশী সংস্থার মাধ্যমে হবে। এই টাকা দিয়ে আপনি শুধু ঋণ শোধ এবং মাহিনা দেবেন। তাই বলছি এগুলি ১ টাকা করে না করে দয়া করে কম করে করুন। আমি আমাদের অ্যামেন্ডমেন্টগুলিকে গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : স্যার, আমি মনোযোগ দিয়ে সবকটি সংশোধনী শুনেছি। আমি আমার ব্যাখ্যা দেওয়ার সম্পূর্ণ চেষ্টা করেছি। আমার খারাপ লাগছে এই সংশোধনীগুলি গ্রহণ করতে আমি অক্ষম। এই অক্ষমতা আপনারা সহ্য করবেন। যে আর্থিক সংকটের মোকাবিলা করতে হচ্ছে সেটা নিয়ে আমি পরিষ্কার ভাবে আপনাদের সাথে আলোচনা করবো পুস্তিকা দেওয়ার পরে এবং আমি আবার বলছি তাপসবাবু যেটা বললেন সেটা আমার ভালো লাগলো যে সত্যি অন্য রাজ্যের মতো বাড়ালাম না, তাহলে অন্ধ্রপ্রদেশ, মহারাষ্ট্রের মতো করতে হতো, সেটা না করে একটা জায়গায় দাঁড় করিয়ে এই প্রস্তাব রাখছি এবং এতে আপনারা সহমত পোষণ করুন এই আবেদন করছি।

The motion of Shri Kashinath Mishra (amendment no. 8,12,16). The motions of Shri Saugata Roy (amendment no. 9,13,17) and the motions of Shri Tapas Roy (amendment nos. 10,14,18) were then put and lost.

First Schedule and Second Schedule

The question that First Schedule and the Second Schedule do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that Preamble to stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the West Bengal Transport Infrastructure Dvelopment Fund Bill, 2002, as settled in the Assembly be passed.

[4.15—4.25 p.m.]

শ্রী আবদুল মান্নান : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অসীমবাবুকে আমি আগেও বলেছি, এখানে বিভিন্ন অ্যামেন্ডমেন্ট এসেছে, এটাকে ইগো হিসাবে নেবেন না। আপনার ফিন্যান্সিয়াল অবস্থা খারাপের দিকে এবং এর জন্য দায়ী আমরা নই অর্থমন্ত্রী হিসাবে আপনি নিজে। কিন্তু আজকে আপনার জেদ বজায় রাখতে গিয়ে যে 'সেস' বসিয়েছেন সেটা কনসিডার করুন। কারণ দেশের অবস্থা কি বুঝতে পারছেন। আজকে ডিজেল শুধু বাস বা লরির জন্য নয় চাষের কাজেও লাগছে। প্রত্যেকটা জায়গায় এই ভাবে হচ্ছে। আজকে আপনি সমস্ত অ্যামেন্ডমেন্ট লস করলেন, অ্যাকসেপ্ট করলেন না। আমি শুধু বলব ইগোর মধ্যে না গিয়ে আপনি জনসাধারণকে একটু সাশ্রয় দেওয়ার দৃষ্টান্ত অনুসরণ করুন। আপনার পাপের বোঝা পশ্চিমবাংলার মানুষের উপর চাপাবেন না।

শ্রী তাপস রায় : মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই যে, আপনি এত টাকা লোন নিয়েছেন যে আপনি তার জন্য চিন্তিত হয়ে পড়েছেন। তার উপর আবার আপনি 'সেস' বসাচ্ছেন বিভিন্ন মন্ত্রীর মাধ্যমে, তাদের ডিপার্টমেন্টের মাধ্যমে অর্থ তুলছেন। আপনার হয়তো মনে আছে, আমি তখন ছোটো ছিলাম, আপনি হয়তো তখন প্রেসিডেন্সিতে কলেজে পড়াতেন, তখন আমরা দেখেছি এক পয়সা ট্রামের ভাড়া বাড়ার জন্য বামপন্থীরা কি করেছিলেন। মাননীয় মন্ত্রী আপনি একটা অ্যামেন্ডমেন্টও আজকে গ্রহণ করলেন না, অর্থ ছাড়া কিছুই গ্রহণ করেন না আপনি। আমি বলব, বাংলার মানুষকে কিছু সাশ্রয় দিন, কিছু অর্থের বোঝা কমান। ২৫ পয়সা বা সৌগতবাবু যেটা বলেছেন, ৫০ পয়সা তা না হলেও কিছু অন্তত বাংলার মানুষের স্বার্থে কমান। আপনি নতুন ফান্ড করছেন for the infrastructural development of the Transport Sector. আপনি সেখানে কিছু সাশ্রয় দিন। কারণ, পেট্রোল, ডিজেল, এল.পি.জি.-র সাথে আপনার সরকার সরাসরি ভাবে যুক্ত নয়। পেট্রোল, ডিজেল, এল.পি.জি.-র মূল্য আজকে সাংঘাতিক ভাবে বাড়ছে এবং এতে আপনি, আপনার পরিবার টাচ এবং আমরাও টাচ। সেইজন্য মাননীয় অর্থমন্ত্রীকে বলছি বাংলার মানুষের স্বার্থে এবং গণতন্ত্রে বিরোধী দলের মর্যাদা দিতে কিছু অন্তত 'সেস', কিছু পয়সা, কিছু অর্থ লাঘব করুন।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, যে আর্থিক সমস্যার মোকাবিলা করছি তাতে পারছি না। তবে গার্হস্থ্য—এল.পি.জি.-এর মধ্যে আসবে না, একেবারে বাদ। সুতরাং আমি কোনো সংশোধনী গ্রহণ করতে পারছি না।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to introduce the Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. The State Government is in urgent need of raising additional resources to meet plan expenditure. Stamp Duty is a part of State revenue. In West Bengal, prior to 21.10.2002, stamp duty was levied at the rate of 6% of the market value when the property is situated within the jurisdiction of any Municipal Corporation or Municipality or a notified area and at the rate of 5% when the property is situated in the areas other than those areas. But, in other States, the rate of stamp duty in respect of the properties is higher than the rates prevailing in our State. Finance Department, therefore, decided to augment the collection of stamp duty in respect of properties in the Municipal Corporation areas/Municipal areas/Notified areas outside the Kolkata Improvement Trust and Howrah Improvement Trust areas by enhancing the rate from 6% to 8%. Accordingly, the Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002 was promulgated by the Governor of West Bengal on 11.10.2002 for necessary amendments in the Indian Stamp Act, 1899, in its application to West Bengal. The enhanced rate came into force with effect from 21.10.2002.

2. The promulgation of the Ordinance was necessary as the West Bengal Legislative Assembly was not in session at that time.

(Secretary then read the title of the Bill.)

Mr. Chairman: There are five statutory resolutions under Article 213(2a) of the constitution of India in the name of Shri Kashinath Mishra, Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Debaprasad Sarkar and Shri Tapas Roy. I now call upon Shri Kashinath Mishra to move his resolution.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that this House disapproves the Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002. স্যার, এটা মূলত আমরা ১৯৯৬ সালে দেখেছি, জমি কেনা-বেচার জন্য স্ট্যাম্প ডিউটি—তখন বাজার মূল্যের উপর শতকরা ১০ টাকা হারে ধার্য করা হয়েছিল, কিন্তু আপনারা যেটা করেছিলেন সেটা থেকে ১৯৯৭ সালে ৫ পারসেন্টে নামিয়ে আনলেন। এখন সেটা থাকার জন্য পঞ্চায়েত এলাকায় ৫ পারসেন্ট, কোলকাতা এবং হাওড়ার জন্য ৬ পারসেন্ট, এবং বাকি পৌর এলাকার জন্য ৮ পারসেন্ট হল। এটাকে আপনারা বাজেট অধিবেশনের সময় আনতে পারতেন। যে আর্থিক সংকট সামাল দেওয়ার জন্য যে অর্ডিন্যান্স করলেন সেটার ডিউরেশন বেশি নয়। কিন্তু আপনি একটা করে দিলেন, করে দিয়ে এখানে একটা টাকা যে হারে আদায় করতে পারেন সেই টাকা কোথায় কি হারে ব্যয় হবে সেটা বুঝতে পারছি না।

Mr. Chairman : I now call upon Shri Saugata Roy to move his resolution.

Shri Saugata Roy : Sir, I beg to move that this House disapproves the Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002. বিলের উপর আমার মূল বক্তব্য পরে বলব। শুধু আমি একটা উল্লেখ করতে চাই যে, মাননীয় মন্ত্রী মহাশয় একটা স্টেটমেন্ট দিয়েছেন যে, কেন অর্ডিন্যান্স করলেন ? Under Rule 72(1) of the Rules of procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly. In it he said, The West Bengal Government is in urgent need of raising additional resources to meet the plan expenditure. This is not a true statement. The true statement is, the West Bengal State Government is in urgent need for raising resources to pay salaries. প্ল্যান ভোগে গেছে। এখন শুধু মাইনে দেওয়ার জন্য অ্যাডিশনাল রিসোর্স তুলতে হবে। শুধু প্ল্যান এক্সপেন্ডিচার কেন ? উনি লিখতে পারতেন—প্ল্যান অ্যান্ড নন-প্ল্যান এক্সপেন্ডিচার। উনি লিখতে পারতেন—টু পে স্যালারিস। উনি তা না লিখে আর্জেন্ট নিড্, আর্জেন্ট নিড্ লিখেছেন। কাল থেকে সমস্ত জমি বেচা-কেনায় টাকা নিতে হবে তার উপর স্ট্যাম্প ডিউটি বাড়াতে হবে এবং সেইজন্য ২১.১০.২০০২ তারিখে বিধানসভা অধিবেশন বসার দেড় মাস আগে উনি হঠাৎ করে, পূজার ঠিক পরে পরেই উনি এই অর্ডিনেন্সটা করলেন। আমি কোনো কারণ দেখি না স্যার, কেন ডিসেম্বর অবধি ওর পক্ষে অপেক্ষা করা সম্ভব ছিল না। পুজোর পর কি কেনা-বেচা বেশি হয়, না কি এত অভাব ছিল যে ইমিডিয়েটলি ২ পারসেন্ট না বাড়ালে হত না। এর কোনো এক্সপ্লেনেশান নেই। সেইজন্য স্যার আমি ডিসঅ্যাপ্রুভ করে এই অর্ডিন্যান্স আনার বিরোধিতা করছি।

[4.25—4.35 p.m.]

Shri Abdul Mannan: Sir, I beg to move that this House disapproves the Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002. স্যার, সৌগতবাবু বলেছেন, কাশীবাবুও বলেছেন যে, স্যার, যেটা অর্থমন্ত্রী হিসাবে বলছি, ব্যক্তিগতভাবে আপনাকে সম্মান করি, আপনার আচরণের জন্য, সৌজন্যতার জন্য কিন্তু অর্থমন্ত্রী হিসাবে আপনি একটা দিশাহীন অর্থমন্ত্রী। আপনি যদি ১৯৯৫ সাল থেকে আজ পর্যন্ত ইন্ডিয়ান স্ট্যাম্প ডিউটি অ্যামেন্ডমেন্টগুলো একটু লক্ষ্য রাখেন, আপনি দেখবেন যে কিভাবে বারবার আপনি হাউসকে মিসগাইড করেছেন। ৯৫ সালে এই অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছিলেন, আমি তখন পার্টিসিপেট করেছিলাম। আপনি তখন বললেন, মান্নান সাহেব, আপনি যাদের ব্রিফ নিয়েছেন, বলে অনেক কিছু বললেন, তখন আপনি একটা অ্যামেন্ডমেন্ট দিলেন আপনি জানেন যে, মেট্রোপলিটান সিটিতে রেজিস্ট্রেশান হত না। ভ্যালুয়েশান নিয়ে গোলমাল করত বলে আমাদের স্ট্যাম্প ডিউটি ঠিকমতো আদায় হত না। উনি বললেন যে, না আমি এখানে নিয়ে আসব। নিয়ে এসে বললেন কনসার্নড রেজিস্ট্রেশান ডিপার্টমেন্টকে দায়িত্ব দিলেন। তা দেবার পর আপনি বললেন যে, আমরা বললাম ওটা করবেন না। ওয়েস্ট বেঙ্গলের সব জায়গায় বললেন না। আবার কদিন পর অ্যামেন্ডমেন্ট নিয়ে এলেন। যা বললাম ঠিক তাই। উনি যখন ১০ পারসেন্ট করেছিলেন, তখন আমরা বললাম যে ১০ পারসেন্ট করবেন না, এটা করলেন। উনি বললেন যে না, আমরা যেহেতু অপজিশান বলছি, বললেন না কমাবো না। আবার পরে দেখলেন যে না ওটা ভুল হয়েছে। আবার অ্যামেন্ডমেন্ট করে ৫ পারসেন্টে নিয়ে এলেন। এই যে বারবার করছেন, আবার কবে জানি না, আবার একটা অ্যামেন্ডমেন্ট নিয়ে আসবেন। তাহলে একটা দিশাহীন, স্থিরমস্তিষ্ক নয়, এইরকম ইনডিশিশানে ভোগা একজন অর্থমন্ত্রী, এইভাবে পরের পর কখনও অর্ডিন্যান্স এনে—নিয়ে আসবেন, কখনও বিল নিয়ে আসবেন এটা রাজ্যের পক্ষে মঙ্গল নয়। উনি স্ট্যাম্প ডিউটি আদায় করতে পারছেন না। এখন আজকে রেজিস্ট্রেশান করতে গিয়ে যে অবস্থা তৈরি হয়েছে, সেটা ভয়াবহ অবস্থা। যে দামে মানুষ জিনিস কেনাবেচা করছেন, তার থেকে বেশি দামে রেজিস্ট্রেশান করতে হচ্ছে। কারণ ভ্যালুয়েশান এমনভাবেই করে দিয়েছেন। তাই আমি বলছি এইসব অর্ডিন্যান্স নিয়ে আসার আগে আপনি এইভাবে চটজলদি কোনো সংশোধনী নিয়ে এসে আপনি এগুলো বাতিল করেন। আপনি হাউসে এসে বোঝান, দরকার পড়লে হাউসে একটা কমিটি করুন, তারা খতিয়ে দেখে আপনার স্ট্যাম্প ডিউটিতে কি সিদ্ধান্ত নিতে হবে, তারপর আপনি নিয়ে আসুন কারণ এইরকম খামখেয়ালীপনা করে প্রত্যেকবার একটার পর একটা নিয়ে আসছেন। আজকে অপজিশান যেটা বলছে সেটা আপনি টার্ন ডাউন করে দিতেন সংখ্যাধিক্যের জোরে। আবার ২ দিন পরে অপজিশানের বক্তব্য আপনি মেনে নিচ্ছেন, আবার নতুন করে আইন সংশোধন করছেন। এইভাবে না এনে আমি বলছি অর্ডিন্যান্স প্রত্যাহার করুন, পরবর্তী ক্ষেত্রে ডিসঅ্যাপ্রুভ করে পরবর্তী ক্ষেত্রে আলোচনা করা যাক।

Shri Deba Prasad Sarkar: Sir, under article 213(2a) of the constitution of India, I beg to move the following statutory resolution that this House disapproves the Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002. স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয় যে অর্ডিন্যান্স নিয়ে এসেছেন, দি ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) অর্ডিন্যান্স, ২০০২ আন্ডার আর্টিকেল ২৩(2a) অফ দি কনস্টিটিউশন অফ ইন্ডিয়া। আমি এই অর্ডিন্যান্সের তীব্র বিরোধিতা করছি এবং এই অর্থমন্ত্রী, পশ্চিমবাংলার দেউলিয়া অর্থনীতিকে এমন একটা অবস্থায় নিয়ে ফেলেছে, আমি জানি না এরপর আরও কতগুলি অর্ডিন্যান্স আনবেন কাল হয়তো হাউস বন্ধ হয়ে যাবে, তারপর আবার কতগুলি অর্ডিন্যান্স উনি ঠিক করে রেখেছেন পশ্চিমবাংলার মানুষের পকেট কাটার জন্য। সেইজন্য পশ্চিমবাংলার মানুষ অত্যন্ত আতঙ্কিত। কিন্তু আপনি সবই উন্নয়নের নামে, এর আগে পরিষেবা উন্নয়ন, পরিবহন, আবার সৌগতবাবু বলেছেন যে পরিকল্পনা উন্নয়ন খাতে পশ্চিমবাংলায় আর্জেন্সি খাতিরে এই ইন্ডিয়ান স্ট্যাম্প ডিউটি অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট আনলেন, এই হল আসল কথা। আজকে যে দেউলিয়া অবস্থা পশ্চিমবাংলা—আপনাদের যে বিশ্বায়নের ফেরিওয়ালা, আজকে তো দেখতে পাচ্ছি, ভারতবর্ষে বিশ্বায়নের ফেরিওয়ালা হিসাবে পশ্চিমবাংলার অর্থমন্ত্রী, আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী প্রশেসানে নেতৃত্ব দিচ্ছেন। শিল্পপতিরা যেভাবে কর ছাড় দিতে বলছে তাঁরা সেভাবেই কর ছাড় দিচ্ছেন, বকেয়া প্রাপ্য কর আদায় করছেন না। একদিকে মাথাভারী প্রশাসনে লাগাম ছাড়া দুর্নীতি চলছে, অপরদিকে শিল্পপতিদের কর ছাড় দেওয়া হচ্ছে। ব্যয় সংকোচনের নামে দেখছি ব্যয় আরো বেড়েই চলেছে। আগে মন্ত্রীরা এ.সি. গাড়িতে চাপতেন না, এখন মন্ত্রীরা এ.সি. গাড়ি ছাড়া চলতে পারেন না। সুতরাং ওই ফুল কেনার নামে চমক দিয়ে, নকশা দিয়ে লাভ নেই। প্রাক্তন মুখ্যমন্ত্রী একটা গাড়ি চেপে যান, অথচ তাঁর থার্ড গাড়ির জন্য দেড় লক্ষ টাকার তেল পুড়ে গেল। অডিট ধরেছে, সংবাদপত্রে আমরা এটা পেয়েছি, মাননীয় অর্থমন্ত্রী, আপনি এটার জবাব দেবেন। একটা গাড়ি ৫২ হাজার কিলোমিটার রান করলে তবেই দেড় লক্ষ টাকার তেল পোড়ে। এ সব কি হচ্ছে! লাগে টাকা দেবে গৌরী সেন—'গণশক্তিতে বিজ্ঞাপন দিতে বছরে সরকারের কত টাকার অপচয় হয়? এই সব করে করে পশ্চিমবাংলার অর্থনীতিকে দেউলিয়ার জায়গায় নিয়ে গিয়েছেন। যার ফলে কোর্ট ফিস বাড়ছে। পৌর কর বাড়িয়ে দিলেন। নানা ক্ষেত্রে কর বাড়াচ্ছেন। কৃষির নানা ক্ষেত্রে কর বসাচ্ছেন। হাসপাতালে চার্জ বৃদ্ধি করা হয়েছে, শিক্ষায় ফিস বৃদ্ধি পেয়েছে। জমির মিউটেশনের জন্য চার্জ বৃদ্ধি করা হচ্ছে। এমনকি হাসপাতালে রুগীদের ডায়েট পর্যন্ত কিনে খেতে হচ্ছে, সেখানেও আপনারা চার্জ বসিয়েছেন। পশ্চিমবাংলার জনগণের ওপর আর কি কি কর চাপাবেন তার একটা তালিকা পেলে ভাল হয়। বিদ্যুৎ মাসুল আড়াই গুণ বাড়িয়ে দিলেন গট্ আপ গেম খেলে। আপনারা গোয়েঙ্কার ব্রিফ নিয়েছেন। বিকল্প অর্থনীতির কথা বলে দেশি-বিদেশি শিল্পপতিদের স্বার্থে বিশ্বায়নের ফেরিওয়ালা হিসাবে অগ্রণী ভূমিকা নিয়েছেন। এই সরকারের জনবিরোধী নীতির প্রতিবাদে এবং জনবিরোধী নীতির অঙ্গ হিসাবে এই যে দি ইন্ডিয়ান

স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এখানে উত্থাপন করা হচ্ছে, এই উত্থাপনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : স্যার, আই বেগ টু মুভ দ্যাট দিস হাউস ডিজ-অ্যাপ্রুভস দি ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) অর্ডিন্যান্স, ২০০২। স্যার, গত ১১ অক্টোবর এই অর্ডিন্যান্সটি প্রোমালগেট হয়েছিল। আমি আপনার মাধ্যমে শুধু একটা বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। মাননীয় অর্থমন্ত্রী মহানগরী, নগর, শহর, প্রতিটি মিউনিসপ্যাল এলাকায় হাত বাড়িয়ে দেওয়ার পরে এখন রুরাল বেঙ্গলের ওপর থেকে বাড়তি অর্থ আদায়ের জন্য ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) অর্ডিন্যান্সকে বিল আকারে এখানে পেশ করেছেন। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক, দুঃখজনক। একজন বামপন্থী অর্থমন্ত্রীর কাছ থেকে আমরা কখনো এটা আশা করিনি। বিধানসভা বসার আগেই এই সরকার এক গুচ্ছ অর্ডিন্যান্স জারি করল এবং বিধানসভা চলাকালীন সেই অর্ডিন্যান্সগুলোকে আইনে পরিণত করে বাংলার ৮ কোটি ৩৩ লক্ষ মানুষের ওপর বাড়তি করের বোঝা চাপাতে যাচ্ছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে মাননীয় সদস্য সৌগত রায় এবং দেবপ্রসাদ সরকারের মতোই জানতে চাইছি, তাঁর লিস্টে আর কতগুলো অর্ডিন্যান্স আছে, যেগুলো কালকে হাউস বন্ধ হবার পরে জারি করবেন ? তিনি তাঁর বক্তৃতার শেষে সেগুলো ঘোষণা করে দিন ; অন্তত মানুষকে জানিয়ে দিন, তাহলে বাংলার মানুষ প্রস্তুত থাকবে।

[4.35—4.45 p.m.]

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় সভাপতি মহাশয়, আমি পরে এর ব্যাখ্যা দেব। আমি সংশোধনীগুলি গ্রহণ করতে পারছি না। পরে আমি ডিটেলসে বলব।

The motion of Shri Kashinath Mishra, Shri Saugata Roy and Shri Abdul Mannan that this House disapproves the Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002 was then put and a division was taken with the following result. Here take the division list.

Ayes	41
Noes	91

The motions were lost.

Mr. Chairman : Now I call upon Shri Abdul Mannan to move his motion for circulation of the Bill.

শ্রী আবদুল মান্নান : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by 31st March, 2003, মাননীয় মন্ত্রী মহাশয় আগে উত্তর দিলেন না। আপনি যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন তাতে মিউনিসিপ্যাল এরিয়া, নোটিফায়েড এরিয়া, হাওড়া করপোরেশন, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট,

ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট করেছেন। মন্ত্রী মহাশয়, আপনি খড়দহ থেকে নির্বাচিত, আপনি সবই জানেন। মিউনিসিপ্যাল এলাকার পাশে পঞ্চায়েত এলাকা, সেইসব এলাকা সম্বন্ধে যেটা করেছেন, যেভাবে ফারাকটা রেখেছেন তাতে দেখা যাচ্ছে মিউনিসিপ্যাল এলাকায় জমির দাম কম, পঞ্চায়েত এলাকায় বেশি। সেখানে আবার মিউনিসিপ্যাল এলাকায় বাড়ির ট্যাক্স বেশি দিতে হয়, পঞ্চায়েত এলাকায় কম ট্যাক্স দিতে হয়। এখানে ইকোয়ালিটি থাকছে না। দেখা যাচ্ছে মিউনিসিপ্যালিটি, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট একই করেছেন আবার অন্যগুলির ক্ষেত্রে আর এক রকম করেছেন। এটা আপনি একটু দেখুন, সেইজন্যই আমি এই মোশান এনেছি।

Shri Saugata Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003.

Shri Shobhandeb Chattopadhyay : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003. আমি এই বিলের বক্তা নই, আমাদের দলের অন্য বক্তারা বলবেন। আমি একই কথার পুনরাবৃত্তি করতে চাই না। স্যার, এবারের সেশানে দেখছি অসীমবাবু টাকা তুলে ফান্ড বাড়াবার জন্য একের পর এক বিল এনে ট্যাক্সের বোঝা মানুষের ঘাড়ে চাপাচ্ছেন। গত ১৬ বছর ধরে উনি রাজ্যের অর্থনীতিকে দেউলিয়া করে দিয়েছেন। পপুলার পলিটিক্স করতে গিয়ে যেগুলি স্টেপ বাই স্টেপ করা যেত সেটা না করে উনি হঠাৎ করে গরিব মানুষদের উপর বোঝা চাপিয়ে দিয়েছেন। এই সেশানে যতগুলি বিল এনেছেন তার অধিকাংশই হচ্ছে এই টাকা তোলার বিল। এর উপর বিদ্যুতের বিল বাড়ছে। এইসব মিলিয়ে এ রাজ্যের মানুষের নাভিশ্বাস উঠছে। একটু আগে আমাদের তাপসবাবু বলছিলেন অর্থমন্ত্রীর পকেটে আর কতগুলি এরকম টাকা তোলার অর্ডিন্যান্স আছে বলুন যেগুলি কালকে হাউস শেষ হলেই জারি করবেন। আমি এই কারণে এই বিলটির ক্ষেত্রে পাবলিক ওপিনিয়ান নেবার জন্য মোশান এনেছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : স্যার, আমি আমার পূর্ণ জবাব উত্তর দেওয়ার সময় দেব। যে সংশোধনীগুলি মাননীয় বিরোধী দলের সদস্যরা এনেছেন সেগুলি আমি গ্রহণ করতে পারছি না।

The motions of Shri Abdul Mannan, Shri Saugata Roy and Shri Shobhandeb Chattopadhyay that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st March, 2003 were then put and lost.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002 be taken into consideration, was then put and agreed to.

[4.45—4.55 p.]

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় সভাপতি মহাশয়, আজকে সভায় যে স্ট্যাম্প ডিউটি অ্যামেন্ডমেন্ট বিল এসেছে তার পূর্ণ বিরোধিতা করছি। এই বিলের কোনো প্রয়োজন আছে বলে আমি মনে করি না। সরকারের এমারজেন্সিরা যারা দায়িত্বে আছেন তারা অনিয়ম এবং অসংলগ্ন ভাবে বাজেট তৈরি করেছেন অর্থাৎ ঠিকমতোন বাজেট তৈরি করতে পারেননি। বছরের মাঝখানে এসে একের পর এক করের বোঝা চাপাচ্ছেন। মাননীয় অর্থমন্ত্রী বহুদিন ধরেই বাজেট তৈরি করছেন উনি জানেন যে বাজেট তৈরি করার একটা পদ্ধতি অছে। এক বছরের কি আয়, কি ব্যয় সেটা চিন্তা করে বজেট তৈরি করতে হয়। আগে মোটামুটি ব্যয়ের হিসেবটা ঠিক করুন, তারপর সেই অনুযায়ী এগজিস্টিং রেভিনিউ কত উঠবে এবং একস্ট্রা অ্যাডিশনাল রেভিনিউ কত লাগবে সেটা দেখে ট্যাক্সটা বসান। ২০০২ সালের গোড়ায় যে বাজেট পেশ করেছিলেন এবং ২০০২-এর মাঝামাঝি যা পাশ হয়ে গেছে, আমরা আশা করেছিলাম, ওই বাজেট করেছিলেন এক বছরের ব্যয়ের হিসেব মাথায় রেখে। অবশ্য বছরের মাঝে যে সাপ্লিমেন্টারি বাজেট এবং ট্যাক্সেশন ইত্যাদি করেন না তা নয়। সেটা বিশেষ বিশেষ কারণে করা হয়। যেটা আনফোরসিন, বাজেট হবার পরে ঘটনা ঘটেছে ; মহামারী, দুর্ভিক্ষ, যুদ্ধ বেধে যাওয়া, এসব ঘটিয়ে এটা করতে হয়। কিন্তু বাজেট পাশ হবার পর থেকে আজ পর্যন্ত ওরকম কোনো ঘটনা ঘটেনি, অথচ আজকে অ্যামেন্ডমেন্ট এনে টাকা তোলার ব্যবস্থা করেছেন। আমি মনে করি, এটা সম্পূর্ণ অনৈতিক, তবে বেআইনি নয়। এবং এটা সংখ্যাধিক্যের জোরে পাশও করাবেন। মিউনিসিপাল এলাকায় এই খাতে একবার ট্যাক্স বাড়ানো হয়েছে। আমার মনে হয়, ওনার অফিসাররা এবং বাজেট মেশিনারি এই কয়েক বছরের রাজত্বে কিভাবে বাজেট তৈরি করতে হয় সেটা ভুলে গেছেন। কোনো আনফোরসিন ঘটনা না ঘটা সত্ত্বেও যদি এভাবে একস্ট্রা টাকা তুলতে হয় তাহলে এই কাজটা তো বাজেটেই করতে পারতেন। তাহলে আমরা বুঝতে পারতাম যে, হঠাৎ কেন এই টাকাটার প্রয়োজন হয়েছে। কিন্তু সেটা করেননি। অনৈতিক হলেও আজকে আপনারা সংখ্যাধিক্যের জোরে এটা পাশ করাবেন। আজকে বছরের মাঝখানে এসে অ্যাক্ট করে এইভাবে টাকা তোলার ব্যবস্থা করছেন। শুধু স্ট্যাম্প ডিউটিই নয়, কোর্ট ফিও বৃদ্ধি করেছেন যে বৃদ্ধিটা ৫০০ পারসেন্টের মতো। অবশ্য অবস্থার চাপে কোর্ট ফি রেটটা কিছুটা কমিয়েছেন, কিন্তু জনগণের দাবি অনুযায়ী সেটা কমাননি। একটু আগে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের যে বিলটা পাশ হল সেটা আগেই করতে পারতেন, কিন্তু এখন করলেন। কেন্দ্রীয় সরকার পেট্রোল, ডিজেলের দাম বাড়ালে আপনারা তার প্রতিবাদ করেন, কিন্তু হঠাৎ করে মাঝখানে ঢুকে রাজ্য সরকার পেট্রোল ডিজেল লিটারে এক টাকা সেস চাপিয়ে দিলেন। আমি মনে করি, এটা খুবই অন্যায় হয়েছে। স্ট্যাম্প ডিউটি থেকে সরকারের আয়, এটা নতুন হচ্ছে না। কিন্তু আপনারা মাঝেমাঝেই অ্যামেন্ডমেন্ট বিল এনে এটা বাড়িয়ে চলেছেন। ১৯৯৩ সালে ওনার আয় হল ৬০ কোটি থেকে ৬৫ কোটি টাকা। ২০০১ সালে সেই আয় বেড়ে—আমি যতদূর জানি—৬০০ কোটি টাকার উপর উঠেছে। তার পরেও আবার এই বৃদ্ধি। এই স্ট্যাম্প ডিউটি, যেটা আমি আগেই বললাম, এই বাজেটের গোড়াতে

১০ পারসেন্ট বেড়েছে, ৫ পারসেন্ট থেকে ৬ পারসেন্ট হয়েছে, এখন এটা ৮ পারসেন্ট করছেন। আরো করের বোঝা বাড়িয়ে দিলেন। মিউনিসিপ্যালিটি এলাকায় জমির দাম আরো বেড়ে যাবে। উনি এটা যে জন্য করলেন সেই পারপাস সার্ভ হবে না। কারণ লিকেজ বেশি হবে, জাল স্টাম্প বিক্রি হবে। আগে হত, সেটা আরো বেড়ে যাবে। সেই জাল স্টাম্প বন্ধ করার কোনো এফেকটিভ অ্যারেঞ্জমেন্ট আছে বলে আমি মনে করি না। এটা করতে হবে, তা না হলে নানা ম্যানুপুলেশান হতে পারে। এটা বন্ধ করা দরকার। কারণ যে পারপাসে এত আয় করবেন, যার জন্য অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা ফলপ্রসূ হবে না। সবচেয়ে বড় কথা কত টাকা তুলবেন এবং কোন খাতে খরচ করবেন সেটা বলেননি। স্টাম্প ডিউটি থেকে কত টাকা বাড়তি তুলবেন এবং কোন খাতে সেটা খরচ করবেন সেটা যেন উনি দয়া করে বলেন। যদি সম্ভব হয় মিউনিসিপ্যালিটি এলাকায় ৮ পারসেন্ট কমিয়ে যদি ৭ পারসেন্ট করা যায় তাহলে সকলের ভাল হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শামসুল ইসলাম মোল্লা : মাননীয় সভাপতি মহাশয়, বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী ইন্ডিয়ান স্টাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২, যে বিল এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে সবাই জানে একটা আর্থিক সংকট আমাদের চলছে। এটা কেন্দ্রীয় সরকারের অর্থনীতির ফলে আমাদের রাজ্যের যে আর্থিক চাপ সেই চাপ বাড়ছে। এই আর্থিক সংকট থেকে যাতে আমরা বার হয়ে আসতে পারি তার জন্যই মাননীয় মন্ত্রী মহাশয়ের এই প্রচেষ্টা। সেইজন্য এটা অভিনন্দনযোগ্য। তার পার্ট হিসাবে আজকে এই অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন। মূল যে অ্যামেন্ডমেন্ট সেটা হচ্ছে মিউনিসিপ্যাল কর্পোরেশান, মিউনিসিপ্যালিটি এবং নোটিফায়েড এরিয়া অথরিটি এলাকাতে স্টাম্প ডিউটি যেখানে ৬ পারসেন্ট ছিল সেটা ৮ পারসেন্ট করার প্রস্তাব করা হয়েছে। এর ফলে দেখতে পাচ্ছি আমাদের বেশ কিছু রাজস্ব আয় হবে। এই প্রস্তাব অত্যন্ত বাস্তব, সময়োপযোগী এবং সমর্থনযোগ্য, এটা খুবই প্রয়োজনীয়। আমরা সবাই জানি এই যে স্টাম্প ডিউটি দেওয়া হয়, একটা বিষয় এই প্রসঙ্গে বলতে হয় সেটা হচ্ছে যে স্টাম্প ডিউটি ফাঁকির একটা ব্যবস্থা আছে। দলিল যখন প্রেজেন্ট করা হয় সেটা জমির বাজারদর ধরে। এই জমির বাজার মূল্য নির্ধারণ করে রেজিস্টার্ড এই বাজার মূল্য নির্ধারণের ক্ষেত্রে একটা গাইড লাইন আছে। আমরা দেখি দলিল যখন প্রেজেন্ট করা হয় অনেক ক্ষেত্রে বাজারদর সঠিক না হওয়ার কারণে রেজিস্ট্রেশান পেনডিং থাকে। পেনডিং থাকার যে সমস্যা সেই সমস্যা বাড়ছে। আমাদের রাজ্যে হিসাব করলে দেখা যাবে প্রতিটি রেজিস্ট্রেশান অফিসে দলিল পেনডিং রয়েছে। মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই, বাজারদর নির্ধারণের যে নিয়ম আছে সেটা সরলীকরণ করলে রাজস্ব আদায় দ্রুত হবে। আমাদের রাজ্যে যে স্টাম্প ডিউটি আছে তা অন্য রাজ্যের তুলনায় অনেক কম। বাজারদর নির্ধারণের ক্ষেত্রে যে বিধি আছে সেই বিধির ক্ষেত্রে সরলীকরণ করলে অ্যামেন্ডমেন্ট অনুমোদন হওয়ার পর রাজস্ব আয় অনেক গুণ বেড়ে যাবে বলে আমি মনে করি। সর্বশেষে এই অ্যামেন্ডমেন্টকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.55—5.05 p.m.]

শ্রী আবু হেনা : মাননীয় সভাপতি মহাশয়, ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ এটা হচ্ছে রিপ্লেসমেন্ট অফ ইন্ডিয়ান স্ট্যাম্প অর্ডিন্যান্স-এর আমি বিরোধিতা করছি। বিরোধীপক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্টগুলো আনা হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী নেই, থাকা উচিত ছিল। প্রথমত আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে এই সেশান আমরা ধরেই নেবো অর্ডিন্যান্সের সেশান। কিভাবে ট্যাক্স বসানো যায় তার জন্য নানাভাবে অর্ডিন্যান্স জারি করা হয়েছে এবং তাকে রেগুলারাইজ করার জন্যই এই বিল আনা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের অর্থনীতি কিভাবে দেউলিয়া হয়ে পড়েছে। এবং তার যে কি অবস্থা সে আমরা দেখতে পাচ্ছি সরকার মাইনে দিতে পারছে না। আমরা দেখতে পেয়েছি সরকারি কর্মচারী, শিক্ষক এবং শ্রমিক কর্মচারীদের অর্ধেক বোনাস দিয়েছেন। শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের মাসের ১ তারিখের বেতন দেবার পরিবর্তে তাদেরকে মাসের মাঝামাঝি মাইনে দেওয়া হচ্ছে। গোটা আর্থিক অবস্থা দেউলিয়া হয়ে গেছে। আমরা জানি পশ্চিমবঙ্গের অ্যাকুমুলেটেড রেভিনিউ ডেফিসিট ৭৫ হাজার কোটি টাকার এবং সেইজন্য আপনারা কোর্ট ফি বৃদ্ধি করার একটা অর্ডিন্যান্স জারি করা হয়েছে। এবং সেটাকেই রিপ্লেসমেন্ট করার জন্য বিল আনা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর নির্দেশেই আইনমন্ত্রী এই কাজ করলেন। প্রথমত আপনারা নন প্ল্যান এক্সপেনডিচার বহুগুণ বেড়েছে দেখাতে চাইছেন। সেখানে এই ফিনানসিয়াল ইয়ারে ৩টে কোয়ার্টার চলে গেছে। আমরা অনেক ক্ষেত্রে দেখতে পেয়েছি স্ট্যান্ডিং কমিটির আলোচনায় যে, প্ল্যান আউট লের টাকাই নাকি দেওয়া হয়নি। কিছু অফিসাররা কমপ্লেন করেছিলেন স্ট্যান্ডিং কমিটির মিটিংয়ে। আমি স্পেশিফিক কিছু বলতে চাইছি না কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই বিলটি আনার কোনো ইমারজেন্সি ছিল না, কোনো আর্জিন্সি ছিল না। আর দেড় মাস, দু-মাস পরেই আবার হাউস বসবে, তখন এই অর্ডিন্যান্স নিয়ে আসলেই হত। সেখানে এই অর্ডিন্যান্স জারি করে এটাকে বিল আকারে আনার জন্য স্ট্যাটুটারি প্রভিশান ২১৩(২) (এ) এনে এটাকে অন্তর্ভুক্ত করা হল। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ সরকার, বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকার যখন কোনো অর্ডিন্যান্স নিয়ে আসছে তখন তার বিরোধিতা করছে আর আপনারা নিজেরাই অর্ডিন্যান্স জারি করছেন। তাহলে কি আমরা ধরে নেবো আপনারা অর্ডিন্যান্স রাজে পরিণত হয়েছেন। আগামীকালের পর আর এখন বিধানসভা বসছে না, সুতরাং যেসব ক্ষেত্রে অর্ডিন্যান্স জারি করতে চাইছেন সেগুলো আশা করি আমাদের জানাবেন এই বিলের স্টেটমেন্ট অব অবজেক্টস্ অ্যান্ড রিজিন্সে বলেছেন টু এনহ্যান্স দি স্ট্যাম্প রেট পর রেজিস্ট্রেশন অব কনভেয়ন্স, সেখানে ৬ পার্শেন্টের জায়গায় ৮ পার্শেন্ট করা হয়েছে। কনভেয়ন্সের ব্যাপক অর্থ এর ডেফিনেশানে সেটা দেওয়া আছে। এর ডেফিনেশানের সেকশান টু (১০) বলা আছে কনভেয়ন্স মানে স্থাবর অস্থাবর কোনো কিছু সেল, গিফট্ করতে গেলে এর আওতায় চলে আসছে। কেউ যদি কোনো গিফট্ দিতে চায় তাও এর আওতায় চলে আসছে। সুতরাং আমি বলব এই যে এটা এসেছে মিউনিসিপ্যাল, কর্পোরেশানে এবং মিউনিসিপ্যালের ক্ষেত্রে আমি বলব পশ্চিমবঙ্গের যে দেউলিয়া অবস্থা

সেটাকে কি ভাবে সমাধান করা যায় তার জন্য এখানে এটা এসেছে। এটা অ্যাকচুয়ালি ৫ শতাংশ ছিল, তারপরে ৬ শতাংশ করা হয়েছে। এবং বেশ কয়েক মাস বা কিছুদিনের মধ্যে দেখা যাচ্ছে ২ শতাংশ বাড়িয়ে দিয়ে ৮ শতাংশ করেছেন। কেন করেছেন, এটা আমরা বুঝতে পারছি না। আপনাদের টাকা নেই, মাহিনা দিতে পারছেন না, বোনাস দিতে পারছেন না, ডি এ দিতে পারছেন না, এই সমস্ত ক্ষেত্রে যে দিতে পারছেন না, এটার কারণ হচ্ছে আপনাদের অপরিণামদর্শিতার কারণের জন্য। আপনারা অনেক আগে বাজেট প্লেস করেছেন, এখন বলছেন এই এই করছেন। ফলে ৮ শতাংশ স্ট্যাম্প ডিউটি দিতে হচ্ছে, রেজিস্ট্রেশান ফিজ্-এর টাকা দিতে হচ্ছে ৯.১ শতাংশ টাকা করেছেন, তারপরে ইনসিডেন্টাল এক্সপেনসেস আছে। তারপরে ধরুন, ১ লক্ষ টাকার সম্পত্তি যদি রেজিস্ট্রেশান হয় তাহলে তাকে ১০ হাজার টাকা খরচ করতে হচ্ছে। আপনারা দেখবেন, মার্কেট ভ্যালু যেটা '৯৮ সালে নিয়েছেন সেটার সঙ্গে একটা বিরাট পার্থক্য দেখা যাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি কেউ ১ লক্ষ টাকার জন্য স্ট্যাম্প ডিউটি দিচ্ছে এক রকম, কিন্তু রেজিস্ট্রেশান-এর সময় দেখা গেল মার্কেট ভ্যালু বেড়ে ওঠার জন্য তাকে ডেফিসিটটাও দিতে হচ্ছে। কিন্তু এই ডেফিসিটটা স্ট্যাম্প ডিউটিতে আসছে না। তার মানে, এটা হচ্ছে, এখানে স্ট্যাম্প মেরে দিচ্ছেন। স্ট্যাম্প ডিউটির ডেফিসিট নিয়ে নিচ্ছে স্ট্যাম্প-এর উপরে। কিন্তু স্ট্যাম্প কিনতে হচ্ছে না। এবং রাবার রিসিভড্ করে স্ট্যাম্পের উপরে সই করে দেওয়া হচ্ছে। এর ফলে কেন্দ্রীয় সরকারের ভাগ আপনারা মেরে দিচ্ছেন। সেখানে স্ট্যাম্প কেনা হচ্ছে না। কেন সেখানে রিসিভড্ এই স্ট্যাম্প মেরে দেওয়া হচ্ছে। এই যে রিসিভড্ এটা কোথায় জমা হচ্ছে, ব্যাঙ্কে জমা হচ্ছে। এইটাই আমি বলতে চাচ্ছি। এই যে এত ঘন ঘন স্ট্যাম্প ডিউটি বাড়াচ্ছেন, এখানে আপনি কতটা রোজগার করবেন সেটা বলেননি। কত আপনি পাবেন সেটাও বলেননি। এখানে আপনার লায়াবিলিটিজ সম্বন্ধে বলছেন—খরচ নেই, কিন্তু কত আয় হবে, এর পারপাস কি, কিভাবে খরচ করবেন, কোথায় খরচ করবেন, কোন খাতে খরচ করবেন, মাহিনা দিতে না প্ল্যান খাতে, না নন-প্ল্যান খাতে খরচ করবেন, সেটা বলেননি। আপনারা বলছেন, খরচ কমাচ্ছেন, কিন্তু গাড়ি ভাড়ায় চলছে, আপনারা বলছেন গাড়ি বেশি ব্যবহার হবে না, আপনারা বলছেন ফুল কেনা হবে না, কিন্তু ফুল কেনা হচ্ছে। সরকারি অফিসাররা ভাড়া গাড়ি করে যাচ্ছে, সরকারি অফিসার, ডেপুটি সেক্রেটারি থেকে জয়েন্ট সেক্রেটারি তারা গাড়ি নিয়ে বাজারে পর্যন্ত যাচ্ছে। এসব করে দেখা যাচ্ছে, সাধারণ মানুষের ঘাড়ে তারা এটা চাপিয়ে দিচ্ছেন। কাজেই এর বিরোধিতা করছি। যদিও It is applicable to Municipality and Municipal Corporation other than HIT and Calcutta Improvement Trust. তা সত্ত্বেও আমি বলব, আপনারা যেটা বাড়িয়েছেন, সেটা আশা করবো আপনারা উইথড্র করবেন সাধারণ মানুষের স্বার্থে, জনগণের স্বার্থে। এই কয়েকটি কথা বলে আমি বিলের বিরোধিতা করে, আমাদের পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.05—5.15 p.m.]

শ্রী সুব্রত বসু : মাননীয় সভাপতি মহাশয়, রাজ্য সরকারের মাননীয় অর্থমন্ত্রী স্ট্যাম্প ডিউটি নিয়ে যে Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002—

যা এই সভায় অনুমোদনের জন্য পেশ করেছেন, তার সমর্থনে কয়েকটি কথা বলছি। আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সদস্য আবু হেনা তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন যে এখন এই স্ট্যাম্প ডিউটিটা বাড়ানো থেকে যে অর্থলাভ হবে সেটা কিসের জন্য ব্যয় হবে। এই প্রশ্নটা তিনি তুলেছেন। তিনি হয়তো লক্ষ্য করেননি, আজকে যে স্টেট গভর্নমেন্ট ইজ ইন আর্জেন্ট নিড অফ রেইজিং অ্যাডিশনাল রিসোর্সেস টু প্ল্যান এক্সপেন্ডিচার—এটা আজকে মাননীয় সদস্যদের জন্য দেওয়া হয়েছে। সেখানে পরিষ্কারভাবে বলা হয়েছে, The State Government is in urgent need of raising additional resources to meet plan expenditure. আজকে আমরা একটা সঙ্কটময় পরিস্থিতির মধ্যে দিয়ে চলেছি। একদিকে আর্থিক অনটন এবং অন্যদিকে গত কয়েক বছর ধরে সর্বক্ষেত্রে উত্তরোত্তর ব্যয় বৃদ্ধি। এই সময়ে আমাদের রাজ্য সরকারের পক্ষে একটা আয় বৃদ্ধি দেখা ছাড়া অন্য কিছু গতি নেই। সেই অবস্থাতেই এবং সেই পরিস্থিতিতেই আমাদের রাজ্য সরকারকে বিভিন্ন খাতে আয় বৃদ্ধির কিছু ব্যবস্থা করতে হয়েছে। আজকে মাননীয় অর্থমন্ত্রী যে, ইন্ডিয়ান স্ট্যাম্প ডিউটি বিল, ২০০২ এনেছেন তাতে মিউনিসিপ্যাল এরিয়াতে সম্পত্তি হস্তান্তর করার ব্যাপারে স্ট্যাম্প ডিউটি ছয় শতাংশ থেকে আট শতাংশ করা হয়েছে। মাননীয় সদস্যরা সকলেই জানেন, এই স্ট্যাম্প ডিউটি সাধারণত ক্রেতারা দেন এবং সম্পত্তি অধিগ্রহণ করার জন্য তারা অর্থ ব্যয় করতে প্রস্তুত থাকেন। যেমন বিক্রেতাকে তার ন্যায্য মূল্য দেওয়া উচিত, তেমন রাজ্য সরকারের পক্ষ থেকে যেটা ধার্য করা হয় সেটাও তাকে দিতে হবে। এই স্ট্যাম্প ডিউটিটা সম্পত্তির বাজারদরের উপরে নির্ভর করে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি একটা কথা নিবেদন করব, সম্পত্তির বাজারদর যাঁরা নির্ধারণ করেন তাঁরা যাতে ঠিকমতো বাজারদর নির্ধারণ করেন সেটা দেখা অত্যন্ত প্রয়োজন। একটা দিন ছিল যখন সম্পত্তির মূল্য যা ধরা হত সেটা মার্কেট ভ্যালুর চেয়ে কমই ধরা হত। ফলে সরকারের প্রাপ্য স্ট্যাম্প ডিউটি থেকে সরকারকে বঞ্চিত করা হত। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি নিবেদন করব, আপনি বিষয়টি দেখবেন যাতে ন্যায্য স্ট্যাম্প ডিউটির বেশি ক্রেতাগণকে দিতে না হয়। আমার মনে হয় সম্পত্তির দর কয়েক বছর আগে যেভাবে বেড়েছিল, এখন আর সেইভাবে বাড়ছে না। সেই হিসাবে কেউ কেউ বলতে পারেন সম্পত্তির দাম যেহেতু কমে গেছে সেহেতু স্ট্যাম্প ডিউটি যাতে বেশি চাপ সৃষ্টি না করে সেটা দেখা উচিত। কিন্তু আমি মনে করি এই ৬ শতাংশ থেকে ৮ শতাংশ করলে অন্যায় কিছু করা হবে না। এই কথা বলে, এই বিলটাকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : (অনুপস্থিত)

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় সভাপতি মহাশয়, 'দি ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২'-এর পক্ষে বক্তব্য রাখছি এবং বিরোধী দলের সদস্যরা যে সংশোধনি এনেছেন, তার আমি বিরোধিতা করছি।

আমি আগেও একটা বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে বলেছি, বর্তমান বছরে রাজ্য সরকার একটা নির্দিষ্ট আর্থিক সঙ্কটের মধ্যে দিয়ে চলেছে। এটা শুধু পশ্চিমবঙ্গের নয়,

ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্য সরকারের। একটা যেমন পঞ্চম বেতন কমিশনের প্রভাব আছে, কেন্দ্রীয় সরকারের নীতির জন্য কেন্দ্রীয় ঋণের বোঝা-বৃদ্ধি আছে এবং কেন্দ্রীয় সরকারের নিজস্ব রাজস্ব আদায় ঘাটতি ঘটেছে, সেইজন্য রাজ্যেরও কর সংগ্রহের ক্ষেত্রে ঘাটতি চলছিল। এর উপরে আমি আরও কয়েকটি কথা বলব।

কিছু বিরোধী সদস্য—কাশীনাথবাবু, শ্রী আবু হেনা, এনারা নির্দিষ্টকভাবে কিছু প্রশ্ন রেখেছেন—আপনি অর্ডিন্যান্স আনতে গেলেন কেন ? বাজেট পেশ করার পর কি এমন হয়েছে যার জন্য এটা আনতে হয়েছে ? কালকেও বক্তব্য রাখার সুযোগ আছে, বিস্তারিত ভাবে, একাধিক জিনিস ঘটেছে, সেটা বলব। কিন্তু মূল একটা জিনিস ঘটেছে, সেটা আগেও বলেছি। কেন্দ্রীয় সরকার জানিয়েছিল, কেন্দ্রীয় যোজনা কমিশনও জানিয়েছিল, স্বল্প সঞ্চয় থেকে যা আদায় হয়, নিট আদায় হয়, তুলে নেওয়ার পর যা নিট থাকে, এই বছর ১০০ ভাগ রাজ্যগুলো পাবে। কেন্দ্রীয় যোজনা কমিশন লিখে জানিয়েছিল রাজ্যগুলোকে। বস্তুত প্রথম ৬ মাস রাজ্যগুলো তাই পেয়েছে। হঠাৎ আগস্ট মাস থেকে বলতে শুরু করল—সেটা ১০০ শতাংশ হবে না, ৮০ শতাংশ হবে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ১৫০০ কোটি টাকা পাওয়া যাবে বলা হয়েছিল। পরে হঠাৎ বলা হল সেই অর্থ পাওয়া যাবে না। বাজেট পেশ করা এবং আলোচনা সম্পূর্ণ হওয়ার পর এটা ঘটেছে। এটা বিস্তৃতভাবে আগামীকাল বলব। এর মাঝে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকারের কাছে যেমন কতগুলো পদক্ষেপ নিতে বলছি, আমাদের নিজেদেরও তাই। অন্য কিছু এরকম হয়নি। বাড়তি রাজস্ব আদায় এবং খরচ কমানোর উদ্যোগ নিতে হয়েছে। তখন বিধানসভা নেই, সেইজন্য অর্ডিন্যান্স আনতে হয়েছে। স্ট্যাম্প ডিউটির বেলাতেও বলে রাখা ভালো আমরা কি প্রস্তাব এনেছি। ইতিমধ্যে গ্রামাঞ্চলে ৫ শতাংশ স্ট্যাম্প ডিউটি আছে—বাজার মূল্যের উপর—সেটাই আছে, সেটা কোথাও বাড়ছে না। শহরাঞ্চলের ক্ষেত্রে কলকাতা এবং হাওড়া এলাকায়—কে.আই.টি., এইচ.আই.টি. এলাকায়—ইতিমধ্যে ৬ শতাংশ, যুক্ত ২ শতাংশ, ৮ শতাংশ হয়ে গেছে। অন্য পৌরসভাগুলোর ক্ষেত্রে, যেগুলোতে শুধু ৬ শতাংশ ছিল, সেই পৌরসভাগুলোকে একই জায়গায় আনলাম ৬ যোগ ২,৮ শতাংশে আনা হল। একটা সাযুজ্য আনা হল। যখন আমরা এটা আনতে চাইছি মাননীয় সভাপতি মহাশয়, তখন আমাদের তুলনীয় রাজ্যগুলির কথা আমাকে বলতেই হবে। সকলেই বাজারদরে চলে গেছে। মহারাষ্ট্র, যাকে সবচেয়ে পরাক্রমশালী রাজ্য বলা হয়, তাদের ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটির হার হল ১০ শতাংশ শহরাঞ্চলে—৮ শতাংশ নয়, আর গ্রামাঞ্চলে ৫ শতাংশ নয়, ৭ শতাংশ। কর্ণাটকে, ব্যাঙ্গালোর এলাকায় ১০ শতাংশ। গ্রামাঞ্চলে ৭ শতাংশ করে দিয়েছে। অন্ধ্রপ্রদেশে ঠিক একইভাবে শহরাঞ্চলে ১২.৫ শতাংশ এবং অন্য জায়গায় ৮ শতাংশ করেছে, পৌর এলাকায়, আর গ্রামাঞ্চলে ৬ শতাংশ। রাজস্থানে গ্রাম, শহর মিলিয়ে ১১ শতাংশ। আর এখানে কলকাতায় ৮ শতাংশ, গ্রামাঞ্চলে ৫ শতাংশ রেখেছি। আমি এই জন্যই বলছি যে, কোথাও কংগ্রেস সরকার, কোথাও এন.ডি.এ. দলের সরকার, সেখানেও আমাদের থেকে বেশি আছে। তামিলনাড়ুতে ৮ শতাংশ শহরে, গ্রামাঞ্চলে ৭ শতাংশ। এখানে দাঁড়িয়ে

শহরাঞ্চলে যেখানে ইতিমধ্যে ৮ শতাংশ ছিল, অন্যান্য জায়গায় ৬ শতাংশ ছিল, সেটা ৬ শতাংশ থেকে ৮ শতাংশ করা হয়েছে।

[5.15—5.25 p.m.]

আপনারা জিজ্ঞাসা করেছেন এর জন্য অতিরিক্ত অর্থ আদায় কত হবে। এর জন্য অতিরিক্ত আদায় ভাঙা বছরে ২০ কোটি টাকার বেশি হবে না। কেউ কেউ বলছেন এই টাকা দিয়ে আপনি মাইনে দেবেন কিনা। মাইনে দিতে এক এক মাসে এক হাজার কোটি টাকা লাগে। সুতরাং এখানে এই বিষয় আসছে না। এটা পরিকল্পনা বাজেটকে রক্ষা করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। যেটা আগেও বলেছি। আর একটা কথা বলি এই বক্তব্য সঠিকভাবে এনেছেন মাননীয় সদস্য সামসুর ইসলাম মোল্লা, এনেছেন সুব্রত বসু, এনেছেন মান্নান সাহেবও এবং এটা হচ্ছে বাজারদর ভিত্তিক মূল্যায়নের ক্ষেত্রে এবং ১ ? বিভিন্ন জেলায় আমাদের ওই ৪৭-এর ক ধারা অনুযায়ী যেখানে মীমাংসা হয়নি রেজিস্ট্রার লেবেলে, সাব রেজিস্ট্রার লেভেলে জেলাশাসকের কাছে পড়ে আছে। ৭৪ হাজার কেস-এর নিষ্পত্তি হয়নি। না হয়ে পড়ে আছে। এর জন্য নোটিফিকেশান জারি করে দিচ্ছি। এটা রিলিফ হিসাবে আসবে। যেখানে পড়ে আছে সেখানে জেলাশাসকের অথরিটি আছে, তাই তাকে একটা সমাধান প্রকল্পের সুযোগ দেওয়া হয়েছে। ২৮ ফেব্রুয়ারি, ২০০৩-এর মধ্যে করতে হবে। যিনি কিনছেন, তিনি যা দাম বলছেন, আর যিনি নির্ধারক তিনি যা বলছেন, তার সঙ্গে ৫০ শতাংশ ওই যে গ্যাপ, তার ৫০ পারসেন্টের মধ্যে সেটেল করতে পারবে। এই সুযোগ দেওয়া হয়েছে। আর একটা সিদ্ধান্ত এটা হয়তো কার্যকরী হতে হতে সামনের বছর লেগে যাবে। গ্রাম শহর সর্বত্র জায়গায় ইতিমধ্যে নির্দেশাবলী দিয়ে দিয়েছি। বড়ো রাস্তার ধারের জমির ভ্যালুয়েশান কি হবে, নীচু জমির ভ্যালুয়েশান কি হবে, রাস্তা থেকে একটু দূরের জমির কি হবে। কিন্তু আমাদের কাছে চিঠিপত্র আসছে।

মিঃ চেয়ারম্যান : আমি আরও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আমরা সরকার থেকে এবং বিশেষজ্ঞদের নিয়ে সার্ভে করে এলাকা ধরে বলে দেওয়ার উদ্যোগ নিচ্ছি যাতে বিতর্ক একটু থামে। ১৯৯৪ সালে জাটুয়া চৌধুরীকে স্মরণ করার জন্য বললাম যে, তখন অর্থ দপ্তরে এই বিষয় ছিল না। ১৮১ কোটি টাকা আদায় হত স্ট্যাম্প ডিউটি রেজিস্ট্রি ফি থেকে। গত বছর এই আদায় বৃদ্ধি পেয়ে ৫২১ কোটি টাকা দাঁড়িয়েছে। ২১ শতাংশ বৃদ্ধি হয়েছে। এই বছরে ৩০ শতাংশ বৃদ্ধি করতে চাই। টার্গেট হচ্ছে ৬৮০ কোটি টাকায় পৌঁছানো। আমরা মাঝে মাঝে মনিটরিং করি। ২৭ শতাংশ বৃদ্ধি পাচ্ছে। আমরা সহযোগিতা চাইছি আপনাদের। যাতে আমরা লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারি। মহারাষ্ট্র ১০ শতাংশ, অন্ধ্রে সাড়ে ১২ শতাংশ স্ট্যাম্প ডিউটি হয়ে গেছে। আমরা ৮-৫ই রেখেছি, তুলনীয় রাজ্যগুলির মধ্যে সবচেয়ে কম। মাননীয় সভাপতি মহাশয়, আমি বিরোধী দলের বন্ধুদের সহযোগিতা চাইছি এই কারণে যে, ২০ কোটি টাকা অতিরিক্ত আদায় মাইনের জন্য নয়, পরিকল্পনা খাতকে রক্ষা করার জন্য খুব প্রয়োজন। যদি আপনারা সহযোগিতা করেন তাহলে খুবই ভালো হবে।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002 be taken into consideration, was then put and agreed to.

Clause - 1

Mr. Chairman : There is an amendment (amendment no. 4) to Clause 1 of Shri Kashinath Mishra. The amendment is in order. Shri Mishra may now move your amendment.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in Clause-1 in sub-clause (2), in line 1 and 2, for the words "the 21st day of October, 2002" the words "such date as the State Government may notify" be substituted. এই যে কথাগুলো বলছেন তার পরিপ্রেক্ষিতে বলছি "The State Government is in urgent need of raising additional resources to meet plan expenditure. Stamp Duty is a part of State revenue." সেই পরিপ্রেক্ষিতে অ্যামেন্ডমেন্ট আনছি। আপনার কাছে অনুরোধ আপনি এগুলো করুন। জানি ঠিকই যে আপনার টাকার দরকার আছে। আর আপনারা সব সময়ে উদাহরণ দেন অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, মহারাষ্ট্র এই রাজ্যগুলোর কথা বলেন, আপনি জানেন এখানকার স্ট্যান্ডার্ড অব লিভিং, তাদের আপলিফ্টমেন্ট দেখুন, তারা কি ভাবে আনএমপ্লয়মেন্টকে সল্‌ভ করেছে দেখুন। আপনি কেন সব সময়ে এখানকার উদাহরণ দেন। In West Bengal prior to 21.10.2002 the Stamp Duty was levied at the rate of 6% of the market value when the property is situated within the jurisdiction of a Municipal Corporation or Municipality or a notified area and at the rate of 5% when the property is situated in the areas other than these areas. It shall be deemed to have come into force on the 21st day of October.

Mr. Chairperson : There is amendment (no.5) to Clause-1 by Shri Tapas Roy. Mr. Roy, please move your motion.

Shri Tapas Roy : Sir, I beg to move that in Clause 1, in sub-clause (2), in line 1 and 2, for the words "the 21st day of October, 2002" the words "such date as the State Government may notify" be substituted.

Dr. Asim Kumar Dasgupta : I do not accept the amendments.

Motions of Shri Kashinath Mishra (amendment no. 4) and Shri Tapas Roy (amendment no. 5) were then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

There are amendments (nos. 6-10) to Clause 3 by Shri Kashinath Mishra (amendment nos. 6 & 10), Shri Tapas Roy (amendment nos. 8 & 9) and Shri Saugata Roy (amendment no. 7). Please move your motions.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in Clause 3, in sub-clause(a), in line 1, for the word "six" the word "five" be substituted.

Sir, I beg to move that in Clause 3, in sub-clause (c), in line 1, for the word "five" the word "there" be substituted.

Dr. Asim Kumar Dasgupta : I do not accept the amendments.

The motions were then put and lost.

Shri Tapas Roy : Sir, I beg to move that in Clause 3, in sub-clause (b), in line 1, for the word "eight" the word "seven" be substituted.

Sir, I beg to move that in Clause 3, in sub-clause (c), in line 1, for the word "five" the word "four" be substituted.

Dr. Asim Kumar Dasgupta : I do not accept the motions.

The motions were then put and lost.

Shri Saugata Roy : Sir, I beg to move that in Clause 3, in sub-clause (b), in line 1, for the word "eight" the word "seven" be substituted.

Dr. Asim Kumar Dasgupta : I am not accepting the motion.

The motion was then put and lost.

[5.25—5.35 p.m.]

The motions of Shri Tapas Roy (amendment nos. 8 & 9) that in Clause 3, in sub-clause (b), in line 1 for the word "eight" the word "seven" be substituted, and

that in clause 3, in sub-clause (c), in line 1 for the word "five" the word "four" be substituted, were then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002, as settled in the Assembly be passed.

শ্রী আব্দুল মান্নান : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে ক্ল্যারিফিকেশান চেয়েছিলাম এই মার্কেট ভ্যালুর ব্যাপার নিয়ে, সেটা উনি টাচ্ করলেন কিন্তু পুরোপুরি বললেন না। এখন যে মার্কেট ভ্যালু কোথাও কোথাও তার লিস্ট আছে যে এই জায়গার জমির দাম এই হবে। যেমন মেন রাস্তা দিয়ে যাবার সময় ফ্রন্ট সাইডের জমির দাম বেশি, তার পিছনের দিকের জমির দাম কম হয়। অমুক মৌজায় এই দাগ নম্বর অনুযায়ী জমির দাম এই হবে এটা ধরা থাকে এবং সেই অনুযায়ী রেজিস্ট্রেশান ফী দিতে হয়। যেমন গলির ভিতরের জমি বা পিছনের দিকের জমির দাম কম এবং এটা গ্রামের ক্ষেত্রেও তাই হচ্ছে। সেখানে নীচু জমির দাম কম, উঁচু জমির দাম বেশি আবার নদীর ধারের জমির দাম কম। মার্কেট ভ্যালু যেটা ফিক্সড করেছেন সেই অনুযায়ী তাকে দিতে হয়। এই যে বৈষম্য রয়েছে এটাকে দূর করার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী সৌগত রায় : স্যার, আমি আগেও বলেছিলাম মাননীয় মন্ত্রী বলেছেন গভর্নমেন্ট ইজ ইন আর্জেন্ট নীড অফ রেজিং অ্যাডিশনাল রিসোর্সেস, এতে আমাদের ফুল সিমপ্যাথি আছে। যে অবস্থার মধ্যে উনি পড়েছেন মাহিনা দিতে যে অবস্থা হচ্ছে, তবে এই অবস্থা তাঁর নিজেরই সৃষ্টি। ওই যখন পে-কমিশন অ্যাকসেপ্ট করেছেন তখনই উনি রাজ্যের উন্নয়নে

সর্বনাশ করেছেন। উনি ক্রেডিট নিতে গিয়ে কর্মচারীদের সুবিধা করলেন কিন্তু রাজ্যের বাকি জনগণের উপরে ট্যাক্স চাপিয়েছেন। এর আগে অশোক মিত্র দুটি বিল পাশ করেছিলেন কলকাতা এবং হাওড়া ইমপ্রুভমেন্ট বিল। কলকাতা এবং হাওড়ার স্ট্যাম্প ডিউটি অ্যাট মার্কেট ভ্যালু ৬ থেকে বাড়িয়ে ৮ পারসেন্ট হল। এর পরে অন্য যত পৌরসভা আছে সেখানে কনভেন্স, মানে সেটা সেল হতে পারে, গিফ্‌ট হতে পারে, যেগুলি কনভেন্স হবে সেটা ১২৭টা পৌরসভায় ৬ থেকে ৮ পারসেন্ট হল। এরা শুধু পঞ্চায়েতকে ছেড়ে দিয়েছেন যেহেতু সামনেই পঞ্চায়েত নির্বাচন হবে। পঞ্চায়েত নির্বাচনের পরেই সেটা চাপাবেন। এতে অনেক অ্যানোমালি হচ্ছে। মার্কেট ভ্যালু সেটা রাজ্য সরকার আরবিট্রারিলি ঠিক করেন। আগে ছিল লোকে ফাঁকি দিত, একটা অ্যামাউন্টের উপর লোকে এগ্রিমেন্ট করত, তারপরে রাজ্য সরকার অ্যাসেস করে বলতেন তার এই ট্যাক্স হবে। কিন্তু এখন ছাড় পাচ্ছেন কারা ? ডায়মন্ডহারবার রোডের উপরে অনেকগুলি রিসোর্ট আছে এবং সেগুলি পঞ্চায়েত এলাকার মধ্যে পড়ে, পঞ্চায়েতকে হাতে রাখার নামে তাকে ছাড় দিচ্ছেন। আবার শান্তিনিকেতন বোলপুরে পৌরসভার বাইরে যত বড়ো বড়ো বাড়ি হচ্ছে, কলকাতা থেকে লোকে গিয়ে সেখানে বাড়ি করছেন। তাদের উপর স্ট্যাম্প ডিউটি বাড়ছে না। পুরসভায় যদি একটা ১০ লক্ষ টাকার বাড়ি হাত বদল হয় তাহলে ২০ হাজার টাকা শুধু এই একটা অ্যামেন্ডমেন্টের ফলে বাড়ছে। মাননীয় অসীমবাবু শুধু ২০ কোটি টাকা পুরসভায় ট্যাক্স বসিয়ে নিচ্ছেন। অথচ এদিকে সমুদ্র হয়ে যাচ্ছে। ৯৫০ কোটি টাকা মাসে মাইনে দিতে লাগে সেখানে ২০ কোটি টাকা নিয়ে কি হবে জানি না। যে প্রপার্টি তৈরি হচ্ছে, ট্রানজাকশন হচ্ছে সেগুলো এন্টি-ডেভেলপমেন্ট, ধাক্কা খেয়ে যাবে, স্ট্যাম্প ডিউটি ফাঁকি দেওয়ার রাস্তা বার করবে। এই যে টোট্যাল প্রসেস, পেট্রোল-ডিজেলের উপর সেস বসানো, কোর্ট ফি বাড়ানো, একের পর এক এই যে সেস বসাচ্ছেন ইন এ ডেসপারেট বিড টু গেন সাম রিসোর্স, এটা যদি ৫ বছর আগে ভেবে করতেন তাহলে ভালো হত। আমি বলছি পুরসভার লোকেদের প্রতি একটু কনসেশন দেখান। আপনি যেখানে ৬ থেকে ৮ শতাংশ করেছেন অ্যামেন্ডমেন্ট করে সেটা ৭ শতাংশ করুন। নির্মমভাবে সাধারণ মানুষের উপর ট্যাক্স চাপানো যায় না, একটা জায়গায় অন্তত ছাড় দিন। আর, সরকার পক্ষের মাননীয় বাকি সদস্যদের বলি আপনারাই বা কি করে এক্ষেত্রে জোর গলায় চিৎকার করে সমর্থন করে যাচ্ছেন? আপনাদেরও তো মানুষের কাছে যেতে হয়। আজকে প্রত্যেকটা জিনিসের দাম বাড়ছে, ট্যাক্স বাড়ছে। কিন্তু তা ভ্রুক্ষেপ না করে আপনারাও 'আইস' বলে চিৎকার করছেন। এই ভাবে যখন লোকেদের উপর ট্যাক্স বাড়ানো হচ্ছে, তখন অন্তত আপনারা গলার জোর কমিয়ে রাখুন। আমরা দুঃখিত, লজ্জিত। অথচ আপনারা বলছেন ট্যাক্স করছি গায়ের জোরে ট্যাক্স করব, গায়ের জোরে জিতব। আপনাদের গলার জোর এক্ষেত্রে অন্তত একটু কমান।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় সভাপতি মহাশয়, তৃতীয়বার বক্তব্য রাখার সময় যে প্রশ্নগুলো এসেছে সংক্ষেপে সে সম্বন্ধে বলছি, যে ২০ কোটি টাকা অতিরিক্ত আদায় এর থেকে করতে পারব, যেটা সৌগতবাবু বুঝে ফেলেছেন, এর সঙ্গে মাইনে দেওয়ার কোনো সম্পর্ক নেই, পরিকল্পনা খাতকে রক্ষা করতে হবে, সত্যিই রক্ষা করতে

হবে। দ্বিতীয়ত, আমাদের রাজ্যে ছিল, অন্য রাজ্যেও ছিল মার্কেট ভ্যালুর উপর না করে কনসিডারেশন ভ্যালুর উপর স্ট্যাম্প ডিউটি আদায় করা হত। যে জিনিস পার্ক স্ট্রীটে জমি হস্তান্তরের ক্ষেত্রে হয়েছে, কনভেন্স হয়েছে ৫ হাজার টাকা কাঠা দেখিয়ে। মার্কেট ভ্যালুতে মহারাষ্ট্র, তামিলনাড়ু আমাদের আগে আছে। প্রত্যেকটা রাজ্যে হয়েছে। মাননীয় সৌগতবাবু আপনি তখন গুরুত্বপূর্ণ কাজে বাইরে গিয়েছিলেন, আপনি হয়তো জানেন না সেইজন্য বলছি ভারতবর্ষের প্রত্যেকটা তুলনীয় রাজ্যের পুর এলাকায় ৮ শতাংশ, অনেক বেশি কর, মার্কেট ভ্যালুতে চলে গেছে। আমি তো মাঝামাঝি জায়গায় রাখছি। এটা দয়া করে বুঝুন। মূল যে সমস্যা সে সম্বন্ধে মান্নানবাবু বলেছেন, মূল্য নির্ধারণের ক্ষেত্রে। হস্তান্তরের ব্যাপারে আগেও বলেছি, সুপ্রিম কোর্টের একটা রায় আছে উড়িষ্যা কেস নিয়ে। তাতে বলা হয়েছে 'সাব-রেজিস্ট্রার ইজ এ কোয়াসি জুডিসিয়াল অথরিটি'। একে কোনো স্টেট গভর্নমেন্ট ক্যাটাগরি নির্দেশ দিতে পারেন না। এটাই অসুবিধার জায়গা। সেখানে দাঁড়িয়ে আমরা গাইড-লাইন দিয়েছি। আপনি যে সমস্যার কথা বলছেন এখানে গাইড-লাইনে সেই পর্যায়ের কথা আছে। সোজা রাস্তার ধারে বা মোড় বলে নয়, রাস্তার উল্টো দিকে আছে কিনা, ভেতরে আছে কিনা, কতটা উঁচু-মাঝারি বা নিচু, গ্রামাঞ্চল হলে আবার এক রকম, সেই ভিত্তিতে নির্দেশিকা আছে। তা সত্ত্বেও সমস্যা হচ্ছে বলে আমরা আইনজ্ঞদের পরামর্শ নিয়েছি। সুপ্রিম কোর্টের আদেশ সামনে রেখে আমাদের বিস্তারিত নির্দেশ দিতে হবে। এলাকা ধরে ধরে যদি করি তাহলে সমস্যার নিষ্পত্তি হবে না। আর, এর মধ্যে যেগুলো জমি আছে সেগুলোর সরলীকরণ করার কথা বলে দিয়েছি। কিছু কারণ বললাম, কিছু আগামীকাল বলতে হবে। যে পদক্ষেপ নিতে হয়েছিল.... (গোলমাল).... ভারতবর্ষের অন্য রাজ্যের তুলনায় কম, দেখুন। সমস্যাটা প্রত্যেকটা রাজ্যের একই। সব রাজ্যের একই সমস্যা। কিছু তথ্য দিচ্ছি....(গোলমাল).... কোনটা জনসাধারণের, কোনটা সারা ভারতবর্ষের চিত্র সেই বাস্তবতা একটু মানবেন না ? আমি সংশোধনীগুলো গ্রহণ করতে পারছি না। আমি আবার এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002, as settled in the Assembly be passed was then put and agreed to.

Adjournment

The House was adjourned at 5.36 p.m. till 11.00 a.m. on Thursday, the 19th December, 2002.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 19th December, 2002 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 31 Ministers, 14 Ministers of State and 219 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY

Mr. Speaker : Before commencing the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Shankar Narayan Singha Deo,** former member of West Bengal Legislative Assembly as well as former member of Parliament. **Shri Sanatan Santra and Shri Raj Rajeswari Prasad Singha Deo,** former members of West Bengal Legislative Assembly who died very recently.

Shri Shankar Narayan Singha Deo, former member of West Bengal Legislative Assembly and former member of Parliament breathed his last on the 1st July, 2002 at Delhi after a prolonged illness. He was 81.

Shri Singha Deo was born on the 22nd September, 1921 at Kashipur in Manbhum district of Bihar now in Purulia district of West Bengal. As a brilliant student he was educated at Purulia Zilla School, C.D. Lang Institution at Raghunathpur, Patna College at Patna, Bangabasi College in Kolkata and Bankura Christian College in Bankura.

A former by profession Shri Singha Deo started his political career by involving himself in various activities of Congress Party in Purulia. By virtue of his sincerity and dedication he became member of Bihar Pradesh Congress Committee in 1952 and that of West Bengal Pradesh Congress Samiti in 1957. In his political career he hold many portfolios like General Secretary of Purulia Zilla Panchayat Parishad in on 1952-1957. Member of Purulia Development

Board in 1957-62. Member of West Bengal Forest Advisory Committee in 1957-62. Member of Regional Transport Authority of Purulia in 1957-62 and Chairman of Purulia Zilla Parishad in 1967-68.

A true friend of the tolling Mass Shri Singha Deo concentrated his activities for social and cultural development of his native district especially in the field of agriculture and education. He was closely associated with a member of educational and welfare institutions. He played a vital role in organising a series of socio-cultural activities for social uplift of the people belonging to Scheduled Castes and Scheduled Tribes and for rehabilitation of displaced persons from the Panchet Dam (D.V.C.) area. Besides, he had a special interest in farming by modern scientific method.

Shri Singha Deo was first elected a member of Bihar Legislative Council in 1952. He was elected to the West Bengal Legislative Assembly in the year 1957 and 1962 from Raghunathpur Assembly Constituency and in 1967 from Kashipur Assembly Constituency as a Congress Candidate. During the year 1957-62 he adorned the Chair of Assistant Govt. Whip and Parliamentary Secretary for the Department of Health in the Cabinet headed by Dr. Bidhan Chandra Roy. He was also elected a Member of Parliament (Lok Sabha) in the year 1971 from Bankura Parliamentary Constituency as a Congress Candidate.

At the demise of Shri Singha Deo the state as well as the Country has lost an able administrator, a veteran parliamentarian and an ardent social worker.

Shri Sanatan Santra, former member of West Bengal Legislative Assembly breathed his last on the 5th December, 2002 at his residence at Indas, Bankura after a prolonged illness. He was 67.

Shri Santra was born on the 16th March, 1936 at Indas Hazra Para, Bankura. He had his schooling at Indas High School and passed Guru Training from Chhandar Guru Training School. By profession he was a teacher. As a sincere political worker he became the President of Indas Block Congress Committee and Member of Bankura Zilla Congress Committee. Besides, he held the office of President of Indas Block Sports Association during 1961-1981 and served as an Associate Member of Indas Rural Library from 1972 to 1977. Later he also became the President of Indas Transport

Authority. As a member of Paschim Banga Prathamik Siskhak Samiti he played a key role in organising its activities. Apart from his political activities he was associated with many social, cultural and educational institutions.

Shri Santra was elected to the West Bengal Legislative Assembly from Indas (SC) Assembly Constituency as a Congress candidate in 1972.

At the demise of Shri Santra the State has lost an astute politician as well as an ardent social worker.

Shri Raj Rajeswari Prasad Singha Deo, former member of West Bengal Legislative Assembly breathed his last on the 13th December, 2002 at his maternal Uncle's house in Deogarh, Orissa after a massive cardiac arrest. He was 72.

Shri Singha Deo was born in the year 1930 in an affluent family at Kashipur, Purulia. He had his schooling from Purulia Zilla School and higher education from Raj Kumar College at Raipur, Madhya Pradesh. After completing Senior Cambridge there—from he took up his profession as a businessman. After-wards he devoted himself in organising many philanthropic activities in the State. He was also associated with a good number of charitable institutions in West Bengal, Orissa and Uttar Pradesh. His simple and unostentatious life-style made him very such popular to the all sections of common people.

Shri Singha Deo was elected to the West Bengal Legislative Assembly from Hura Assembly Constituency in a bye-election in 1964.

At the demise of Shri Singha Deo the State has lost a veteran politician and an ardent social worker.

Now I would request the Hon'ble Members to rise on their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this Stage, Hon'ble Members stood in silence for two minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Unstarred Questions
(Question Nos. 13 to 102 to which written answers were laid on the 'Table'.)

বি.পি.এল তালিকা

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩) **শ্রী ইউনুস সরকার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নতুন করে বি.পি.এল তালিকা তৈরি করা হচ্ছে এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এই কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) এই রাজ্যে নতুন করে বি.পি.এল তালিকা তৈরি করার কাজ ইতিমধ্যেই পঞ্চায়েত ও পৌর কর্তৃপক্ষ দ্বারা সম্পন্ন করা হয়েছে।

হোমগার্ড/এন.ভি.এফ কর্মীদের বেতন বৃদ্ধির পরিকল্পনা

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬) **শ্রী ইউনুস সরকার** : স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের হোমগার্ড/এন.ভি.এফ কর্মীদের বেতন ভাতা বাড়ানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত বেতন ও ভাতা বৃদ্ধি ঘটতে পারে ?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, বর্তমানে রাজ্যের হোমগার্ড কর্মীদের বেতন বাড়ানোর কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

রাজ্যের সীমান্তবর্তী থানা এলাকায় অপরাধের ঘটনা

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭) **শ্রী ইউনুস সরকার** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সীমান্তবর্তী (ভারত-বাংলাদেশ) থানাগুলিতে অপরাধের ঘটনা বৃদ্ধি পাচ্ছে এবং

(খ) সত্যি হলে, উক্ত এলাকায় অপরাধ দমনে অতিরিক্ত কী কী ব্যবস্থা গৃহীত হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

দুগ্ধ প্রকল্প

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪) **শ্রী সেখ জাহাঙ্গীর করিম :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম মেদিনীপুর জেলার অন্তর্গত ডেবরা থানার পলাশি এলাকায় প্রস্তাবিত 'দুগ্ধ প্রকল্প'টি কবে নাগাদ চালু হতে পারে বলে আশা করা যায় ;

(খ) উক্ত প্রকল্পে কত জনের কর্মসংস্থান হওয়ার সম্ভাবনা আছে এবং

(গ) প্রকল্পটির মালিকানা কাদের ?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিম মেদিনীপুর জেলার অন্তর্গত ডেবরা থানার পলাশি এলাকায় প্রস্তাবিত 'দুগ্ধ প্রকল্প'টি আগামী এক বছরের মধ্যে চালু করার চেষ্টা করা হচ্ছে।

(খ) উক্ত প্রকল্পে আনুমানিক ৪৭ জনের কর্মসংস্থান হওয়ার সম্ভাবনা আছে।

(গ) প্রকল্পটির মালিকানা যৌথ উদ্যোগে নিবন্ধিকৃত একটি সংস্থা যাহার নাম 'বেঙ্গল ডেয়ারী লিমিটেড'—কোম্পানী অ্যাক্ট ১৯৫৬ দ্বারা নিবন্ধিকৃত হয়েছে। সংস্থাটির শেয়ার হোল্ডারগণ নিম্নরূপ :

(১) পঃ বঃ সমবায় দুগ্ধ উৎপাদক — শতকরা ৩৪ ভাগ
(২) মিদনাপুর সমবায় দুগ্ধ উৎপাদক — শতকরা ৩৩ ভাগ
(৩) পি জানাল এন্ড অ্যাসোসিয়েটস — শতকরা ৩৩ ভাগ

উগ্রপন্থীদের চেতনা পরিবর্তনে সরকারী উদ্যোগ

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৫) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জনযুদ্ধ সহ রাজ্যের অন্যান্য উগ্রপন্থীদের চেতনার পরিবর্তনের জন্য ২০০২ সালের জানুয়ারি হতে ৩০শে অক্টোবর, ২০০২ পর্যন্ত রাজ্য সরকার অনগ্রসর এলাকার উন্নতির জন্য কী কী পরিকল্পনা গ্রহণ করেছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জনযুদ্ধ ও এম.সি.সি. উগ্রপন্থীদের প্রভাবিত এলাকা হিসাবে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় রাজ্য সরকার নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে পরিকল্পনা গ্রহণ করেছে :

(১) রাস্তাঘাট নির্মাণ, (২) সেচ ও ক্ষুদ্র-সেচ, (৩) পানীয় জল সরবরাহ, (৪) স্বাস্থ্য ও চিকিৎসাগত সহায়তা, (৫) স্বল্প ব্যয়ে গৃহ নির্মাণ, (৬) জমি-চাষ, (৭) সাংস্কৃতিক ক্রিয়াকলাপ, (৮) খাদ্য-সরবরাহ এবং (৯) গ্রামীণ বৈদ্যুতিকরণ ইত্যাদি।

এছাড়া, কে.এল.ও. জঙ্গী কার্যকলাপের কেন্দ্র হিসাবে উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় বন্যা প্রতিরোধ, পানীয় জল সরবরাহ ও সেচের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ বেশ কয়েকটি পরিকল্পনা কার্যকরী করতে শুরু করেছে।

গ্রামীণ বৈদ্যুতিকরণ

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩২) **শ্রী কাশীনাথ মিশ্র** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০২-২০০৩ আর্থিক বছরে বিদ্যুৎ পর্ষদ রাজ্যের চার হাজার মৌজাতে বৈদ্যুতিকরণ করবেন এবং

(খ) সত্যি হলে, কোন জেলার কতগুলি মৌজাতে বিদ্যুৎ সংযোগ করা হবে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, এটা সত্য নয়।

(খ) প্রযোজ্য নয়।

কর্পোরেশন/পুরসভায় ব্যয় সংকোচ

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫) **শ্রী কাশীনাথ মিশ্র** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কর্পোরেশন ও পুরসভাগুলির ব্যয় কমাবার জন্য রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন এবং

(খ) উক্ত প্রতিষ্ঠানগুলিতে রাজস্ব আদায় বৃদ্ধির জন্য কী কী বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই বিভাগের পত্র নং ৯৭৪ / এম.এ / ও / সি-৪ / ১এম-১৬ / ২০০১ তাং ১১.১০.২০০১ ও ৯৯২ / এম.এ / ও / সি-৪ / ১এম-১৬ /২০০১ তাং ১.১১.২০০১

নির্দেশিকা অনুসারে বিস্তারিত বিভাগীয় নির্দেশ সমূহ জারি করা হয়েছে। পুরসভাগুলিকে এই নির্দেশগুলি কঠোরভাবে মেনে চলার জন্য অনুরোধ করা হয়েছে। ব্যবস্থাগুলি নিম্নরূপ :

- নতুন টেলিফোন সংযোগ দেওয়া বন্ধ করতে বলা হয়েছে। টেলিফোনে এস.টি.ডি. সুবিধা ও মোবাইল ফোনের ব্যবহার নিয়ন্ত্রণ করতে বলা হয়েছে।
- নতুন গাড়ি ক্রয়/ভাড়া বন্ধ করতে বলা হয়েছে এবং পাশাপাশি গাড়ির ব্যবহার কমাতে বলা হয়েছে।
- যে কোনো নিয়োগ রাজ্য সরকারের অনুমোদন ছাড়া বন্ধ রাখতে বলা হয়েছে।
- বাড়তি সময়ের ভাতা, টিফিন ভাতা বন্ধ রাখতে বলা হয়েছে।
- মেলা, উৎসব এবং প্রদর্শনীতে অংশগ্রহণ একেবারে ন্যূনতম করতে বলা হয়েছে।
- অপচয় রোধ করার জন্য পৌরসভাগুলিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।

(খ) রাজ্যের পুরনিগম ও পুরসভাগুলিতে রাজস্ব আদায় বৃদ্ধির জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা হয়েছে :

- কর আদায়ে জোর দিতে বলা হয়েছে।
- কর বহির্ভূত ক্ষেত্রে রাজস্ব আদায় বৃদ্ধি করতে বলা হয়েছে।
- নিজস্ব আদায় বৃদ্ধিতে উৎসাহ দেবার জন্য একটি উৎসাহ প্রকল্প চালু করা হয়েছে।
- পৌরসভাগুলিকে বিভিন্ন অর্থকরী উদ্যোগ গ্রহণ করতে বলা হয়েছে।
- পৌরসভাগুলিতে পানীয় জল সরবরাহ বাবদ পরিষেবা চার্জ আদায় করতে বলা হয়েছে এবং অতিরিক্ত জঞ্জাল ও আবর্জনা অপসারণ করার জন্য চার্জ আদায় করতে বলা হয়েছে।

হাওড়া জেলায় কলেরা ও আন্ত্রিক

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাওড়া জেলাতে কলেরা ও আন্ত্রিক মহামারীর আকার ধারণ করেছে এবং

(খ) সত্যি হলে, কারণ কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হাওড়া জেলাতে কলেরা ও আন্ত্রিক মহামারী আকার ধারণ করেনি।

(খ) প্রশ্নই ওঠে না।

ডি.পি.এল.-এ উৎপাদিত বিদ্যুতের অপচয় রোধ

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮) **শ্রী কাশীনাথ মিশ্র** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রতিমাসে ডি.পি.এল. বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত তিন কোটি টাকা অর্থ মূল্যের বিদ্যুৎ চুরি হয় এবং

(খ) সত্যি হলে উক্ত চুরি বন্ধের জন্য সরকার কী কী ব্যবস্থা করেছেন ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না সত্য নয়।

(খ) প্রযোজ্য নয়।

Software Projects

22. (Admitted Question No. 60) **Shri Saugata Roy** : Will the Minister-in-Charge of Information Technology Department be pleased to state—

(a) Whether WIPRO, INFOSYS, Satyam and Micro-Lab have set up software projects in the State ;

(b) If so, the details thereof and,

(c) The percentage share of West Bengal in the Software Exports from the country.

Minister in-Charge of Information Technology Department :

(a) WIPRO is setting up their Software Development & IT Enabled Service Centres in Salt Lake Electronics Complex.

INFOSYS, Satyam and Micro-Lab have not yet set up any Software Project in the State.

(b) 12 acres land was allotted to WIPRO in Sector V, Salt Lake. The Centre will provide employment to 2,500 software professionals of our State. The ground breaking ceremony was attended by the Hon'ble Chief Minister on 13.12.2002.

(c) 3% approximately.

Change of Madhyamik and H.S. Syllabus

23. (Admitted Question No. 72) **Shri Saugata Roy** : Will the Minister-in-Charge of the School Education Department be pleased to state—

(a) Whether the syllabus for Madhyamik and Higher Secondary Students is going to be changed from the next academic year and

(b) If so, details thereof ?

Minister in-Charge of the School Education Department :

(a) No decision in this regard has yet been taken.

(b) Does not arise.

Mckinsey Report

24. (Admitted Question No. 73) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) Whether the consulting firm Mckinsey has submitted a report on the development of Industry/Agriculture/ Food Processing/Fisheries in the State ;

(b) Whether different departments have given their opinions in the report ;

(c) If so, whether there has been agreement on the recommendations and

(d) Salient features of the recommendations ?

Minister in-Charge of the Commerce & Industries Deptt.

(a) Yes.

(b) No.

(c) Does not arise.

(d) Salient features of the recommendations are :

(i) Set up the state's vision to be the 'Food Bowl of India' by 2010.

(ii) Development of agribusiness along Agriculture.

(iii) Determination of focus areas for the State.

— international and domestic leadership in fruits and vegetables and also in fisheries ;

— creation of centres of excellence in rice, poultry, dairy and floriculture ;

(iv) Increase in productivity. Undergo crop diversification plan and creation of agrizones.

(v) Recommending an Implementation Plan and monitoring etc.

অসামাজিক কার্যকলাপ

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রীমতী সোনালী গুহ :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া স্টেশন সংলগ্ন হোটেলগুলিতে অসামাজিক কার্যকলাপ বন্ধ করতে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে ;

(খ) উক্ত হোটেলগুলি থেকে চোরাচালান বা নারী পাচার চক্রের সঙ্গে যুক্ত কোনও আসামীকে সরকার গ্রেপ্তার করেছেন কি না এবং

(গ) করে থাকলে, তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হাওড়া স্টেশন সংলগ্ন হোটেলগুলিতে অসামাজিক কার্যকলাপ রোধে লাগাতার হানা দেওয়া হচ্ছে। হানার সময় কোনও অসামাজিক কার্যকলাপ পরিলক্ষিত হলে আইনানুগ মামলা রুজু পূর্বক দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(খ) না, কাউকে গ্রেপ্তার করা হয়নি।

(গ) প্রশ্ন ওঠে না।

Tollygunge Poultry Farm

26. (Admitted Question No. 88) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the Animal Resource Development Department be pleased to state—

(a) Whether the Govt. has any development programme for the Tollygunge Poultry Farm and

(b) If so, the details thereof.

Minister in-Charge of the Animal Resource Development Department :

(a) At present Tollygunge Poultry Farm have multifavious development, activities on poultry development, the sphere of work

of which is within Kolkata, Howrah, South 24-Parganas, North 24-Parganas, Hooghly and Nadia district. The units maintained in the farm are RIR Poultry layer birds, Broiler Farm, farms of new varieties like Quail, Turkey and Guinea birds, feed mixing unit (for the farm only). Training Centre on poultry farming and hatchery management, sale counter for the produce of the farm etc. The farmers of the districts under operation area get the benefit of both the inputs in Govt. price and also scientific training on poultry farming, hatchery management etc. which is helpful towards their self-employment through poultry farming. During the current financial year, i.e. 2002-03, in the first year of 10th five year plan period a new scheme has been proposed to the Govt. of India for establishment of a poultry breeding unit with low input technology birds. The farm will be established at the vacant land of the farm area with a view to supply chicks of the low input birds to the rural farmers at reasonable rate. This type of birds has good egg laying capacity ranging from 150 to 200 eggs in a year and thus the farmers will get more economic benefit out of farming of these type of birds.

(b) The total cost of the new project has been estimated at Rs. 85.00 lakh out of which 80% i.e. Rs. 68.00 lakh will be assisted by the Govt. of India and the remaining Rs. 17.00 lakh i.e. 20% of the project cost will be the State share.

মদের দোকানের লাইসেন্স

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, সরকার নতুন করে দেশী ও বিলাতী মদের দোকানের লাইসেন্স ইস্যু করছেন ?

আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এখনও এ ধরনের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

তবে যে সব অঞ্চলে চোলাই মদের ব্যবসা চলছে সে সব অঞ্চলে এ ধরনের বে-আইনী ব্যবসা বন্ধ করার জন্য নতুন দেশি মদের দোকান খোলা সম্ভব কিনা এবং সম্ভব হলে সে সব ক্ষেত্রে আপত্তিহীন স্থান পাওয়া যায় কি না, তা খতিয়ে দেখে সরকারের বিবেচনার জন্য প্রতিবেদন পাঠাতে জেলাশাসকদের বলা হয়েছে।

প্রতিবেদন পাবার পর পরবর্তী পদক্ষেপ সম্পর্কে ভাবনাচিন্তা করা হবে।

Filling up of Water Lands / Ponds

28. (Admitted Question No. 94) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the Fisheries Deptt. be pleased to state—

(a) Whether it is a fact that a number of water ponds/ lands have been filled up by some people in the districts of South & North 24-Parganas during recent past ;

(b) If so, the number thereof and

(c) The Action taken by the Govt. against the offenders ?

Minister in-Charge of the Fisheries Department :

	South 24-Parganas	North 24-Parganas
(a)	Yes	Yes
(b)	116	192
(c)	Action taken by the Govt. as follows :	
	(1) No. of cases in which filling has been stopped	
	(2) No. of cases lodged FIR	
	(3) No. of cases subjudice	
	(4) No. of persons arrested	
(1)	80	146
(2)	18	55
(3)	18	11
(4)	8	4

Mackinsey Report on Agriculture

29. (Admitted Question No. 95) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the Agriculture Deptt. be pleased to state—

(a) Whether the State Government has accepted the Mackinsey Report on Agriculture and

(b) If so, what are the suggestions incorporated in the said report ?

Minister-in-Charge of the Agriculture Department :

(a) No such report has been commissioned or received by the Agriculture Department of this Government.

(b) Does not arise.

Supreme Court's Judgement regarding Electric tariff

30. (Admitted Question No. 97) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the Power Deptt. be pleased to state—

(a) Whether the Government has since received the copy of the Supreme Court Judgement regarding the proposed electric tariff in the State and

(b) If so, the steps taken by the Government in the matter ?

Minister in-Charge of the Power Department :

(a) Yes.

(b) State Government has already conveyed their specific views to WBERC.

Proposed V.R. Scheme in the W.B.S.E.B.

31. (Admitted Question No. 100) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-Charge of the Power Deptt. be pleased to state—

(a) Whether the West Bengal State Electricity Board is introducing a Voluntary Retirement Scheme for its officers and employees and

(b) If so, brief outlines thereof ?

Minister in-Charge of the Power Department :

(a) No decision has yet been taken.

(b) Not applicable.

আমেরিকান সেন্টারের সামনে জঙ্গি জমায়েত

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬) শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(a) Whether it is a fact that some terrorists assembled near the American Centre Office at Kolkata on 8th October midnight and

(b) If so, details thereof ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) কোনো প্রশ্ন ওঠে না।

রাইস ব্রান তেল উৎপাদন

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২) **শ্রী রামপদ সামন্ত** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে রাইস ব্রান তেল উৎপাদন বাড়ানোর জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) ওই ধরনের একটি শিল্প কারখানা গড়ে তোলার জন্য প্রয়োজনীয় শর্তগুলি কি কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটা সত্যি। পশ্চিমবঙ্গে রাইস ব্রান তেল উৎপাদনের জন্য রাইস ব্রান দরকার সেই ব্রান পাওয়ার জন্য পূর্বতন হাস্কিং রাইস মিলগুলিকে আধুনিকীকরণ করে নতুন মিনি রাইস মিলে পরিবর্তন করে দেওয়ার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। প্রথম ধাপে ভারত সরকারের আর্থিক সহায়তায় বর্ধমানে ৫০০টি হাস্কিং রাইস মিল আধুনিকীকরণের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। ৫০০টির মধ্যে ৪৬টি প্রকল্প ব্যাঙ্ক অনুমোদন করেছে। প্রকল্পটির একটি অনুলিপি মাননীয় সদস্যগণ আমাদের দপ্তর থেকে সংগ্রহ করতে পারবেন। এছাড়া এই দপ্তর থেকে মোট ১০টি রাইস ব্রান তেল উৎপাদন ও পরিশোধন প্রকল্প অনুমোদন করা হয়েছে। ৭টি প্রকল্প ভারত সরকারের নিকট অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। ৬টি ইতিমধ্যে উৎপাদন আরম্ভ করেছে।

(খ) রাইস ব্রান তেল উৎপাদন শিল্প স্থাপনের জন্য অন্যান্য শিল্প স্থাপনের জন্য যে যে নিয়মকানুন আছে সেগুলিই প্রযোজ্য। ভারত সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক থেকে এই শিল্প স্থাপনের জন্য যন্ত্রপাতি ও শেড বাবদ খরচার শতকরা ২৫ ভাগ এবং সর্বোচ্চ সীমা ৫০.০০ লক্ষ টাকা অনুদান পাওয়ার সুযোগ আছে।

তথ্য প্রযুক্তি শিক্ষা কেন্দ্র

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩) **শ্রী রামপদ সামন্ত** : তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রয়াত শিল্পপতি ধীরুভাই আম্বানীর নামে রাজ্যে একটি নতুন তথ্য প্রযুক্তি শিক্ষা কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটির রূপরেখা কিরূপ ;

(গ) বর্তমানে রাজ্যে মোট কতগুলি সরকারী/বেসরকারী তথ্য প্রযুক্তি শিক্ষা কেন্দ্র আছে এবং

(ঘ) উক্ত শিক্ষা কেন্দ্রগুলি কোথায় ও কতজন শিক্ষার্থী শিক্ষার সুযোগ পাচ্ছেন ?

তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পরিকল্পনাটি আলোচনার স্তরে আছে।

(খ) রূপরেখাটি চূড়ান্ত হয়নি।

(গ) রাজ্যে বর্তমানে মোট ৪৪টি (চুয়াল্লিশটি) সরকারী এবং বেসরকারী তথ্য প্রযুক্তি শিক্ষা কেন্দ্র আছে।

(ঘ) এই শিক্ষাকেন্দ্রগুলি কলকাতা, হাওড়া, মেদিনীপুর, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, বর্ধমান, কল্যাণী, বীরভূম, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় অবস্থিত।

বর্তমানে প্রায় ৬০০০ (ছ-হাজার) শিক্ষার্থী এই সুযোগ পাচ্ছেন।

বিদ্যুৎ চুরির অভিযোগ ও গৃহীত ব্যবস্থা

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫) **শ্রী রামপদ সামন্ত** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিদ্যুৎ চুরি প্রতিরোধে তৈরি 'নতুন আইন' অনুসারে নভেম্বর, ২০০২ পর্যন্ত মোট কতজনের বিরুদ্ধে কী ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে এবং

(খ) উক্ত সময়ে দোষী ব্যক্তিদের কাছ থেকে অনাদায়ী পাওনা ও জরিমানা বাবদ মোট কত টাকা আদায় করা হয়েছে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গত ১৫ই জুলাই, ২০০২-এ বিদ্যুৎ চুরি সংক্রান্ত নতুন আইন চালু হওয়ার পর নভেম্বর, ২০০২ পর্যন্ত বিদ্যুৎ পর্ষদ এবং সি.ই.এস.সি. এলাকায় বিদ্যুৎ চুরির দায়ে ৩৬৮৮টি অভিযোগ (এফ.আই.আর) দায়ের করা হয়েছে এবং ৫৬২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

(খ) ৭.৬৫ কোটি টাকা।

সুন্দরবনকে ঘিরে পর্যটন কেন্দ্র

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮) **শ্রী রামপদ সামন্ত** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুন্দরবনকে ঘিরে রাজ্যে একটি বৃহৎ পর্যটন কেন্দ্র (ইকো ট্যুরিজম) গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, উক্ত কেন্দ্রের সঙ্গে রাজ্যের অন্যান্য পর্যটন কেন্দ্রগুলির কী ধরনের মৌলিক পার্থক্য থাকবে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। তবে সুন্দরবনের মনোরম প্রাকৃতিক পরিবেশকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার জন্য ভারত সরকারের সহযোগিতায় এবং সাহারা ইন্ডিয়া পরিবারের সঙ্গে যৌথ উদ্যোগে বিভিন্ন পরিকল্পনার কথা ভাবা হচ্ছে। সব কিছুই এখনও আলোচনার স্তরে আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

অ্যাপারেল পার্ক

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১) **শ্রী রামপদ সামন্ত** : কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে একটি উন্নত প্রযুক্তির অ্যাপারেল পার্ক গড়ার পরিকল্পনা নেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, কোথায় এই পার্ক গড়া হবে ?

কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, একটি উন্নত প্রযুক্তির অ্যাপারেল পার্ক গড়ার নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) এই উদ্দেশ্যে কোনা এক্সপ্রেস হাইওয়ের পাশে জমি চিহ্নিত করা হয়েছে।

Govt. Tourist Lodge

38. (Admitted Question No. 165) **Shri Asit Mitra** : Will the Minister-in-Charge of the Tourism Deptt. be pleased to state—

(a) Number of Govt. Tourist Lodges given to private Agencies and

(b) The reason therefor ?

Minister in-Charge of the Tourism Department :

(a) Seven Govt. Tourist Lodges were handed over to Private Agencies on management contract basis.

(b) Out of seven nos. of Govt. Tourist Lodges, construction work in respect of four could not be completed due to non-availability of requisite fund with the Govt. Private Agencies were therefore entrusted with the work of completion of the incomplete buildings and subsequent commercial operation of the Tourist Lodges on

management contract basis so that the promotion of Tourism does not suffer. Other three Tourist Lodges were incurring huge losses over a long period of time.

In order to avoid losses in one hand and safeguard the interest of tourists, on the other, these 3 (three) lodges were also given to private agencies on management contract.

কাঁথিতে থানা স্থাপনের পরিকল্পনা

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯) **শ্রী জ্যোতির্ময় কর :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উন্নত পরিষেবার জন্য নতুন নতুন থানা/পুলিশ চৌকি গঠন করার পরিকল্পনা গৃহীত হয়েছে এবং

(খ) সত্যি হলে কাঁথি মহকুমার ২নং ব্লকে নতুন থানা/পুলিশ চৌকি স্থাপনের কোনো প্রস্তাব আছে কি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) কাঁথি থানা বিভাজন করে ২০০১ সালে 'মরিশদা' নামে ১টি নতুন থানা সৃষ্টি হয়েছে। কাঁথি মহকুমার ভূপতিনগর থানার মধ্যে ইটাবেরিয়া আউটপোস্ট স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে।

বর্ধমান জেলার নীলের চকে সেতু নির্মাণ

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলায় কুসুমগ্রাম-সমাসপুর রোডে নীলের চকে জলপথের উপর সেতু নির্মাণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

নক্শা ও প্রাক্কলন তৈরির কাজ চলছে।

বিগত দুটি শিক্ষাবর্ষে চালু হওয়া ম্যানেজমেন্ট কলেজের সংখ্যা

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০০-০১ ও ২০০১-০২ আর্থিক বছরে রাজ্যে কয়টি ম্যানেজমেন্ট কলেজ চালু হয়েছে এবং

(খ) সেগুলির নাম কি এবং কোথায় চালু হয়েছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত ২০০০-০১ শিক্ষাবর্ষে রাজ্যে একটি এবং ২০০১-০২ শিক্ষাবর্ষে একটি ম্যানেজমেন্ট কলেজ চালু হয়েছে (স্নাতকোত্তর)।

(খ) বিগত ২০০০-০১ শিক্ষাবর্ষে রাজ্যে চালু হওয়া ম্যানেজমেন্ট কলেজটির নাম—

ইনস্টিটিউট অফ্ ম্যানেজমেন্ট সায়েন্স, ভারতীয় বিদ্যাভবন, ব্লক-এফ এ, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ০৯১ এবং

২০০১-০২ শিক্ষাবর্ষে রাজ্যে চালু হওয়া ম্যানেজমেন্ট কলেজটির নাম—

ডিপার্টমেন্ট অফ্ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, কল্যাণী ইউনিভার্সিটি (বিশ্ববিদ্যালয়), কল্যাণী, নদীয়া।

বিদ্যালয় কৃত্যক আয়োগের পরীক্ষার পাঠক্রম পরিবর্তন

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা সত্যি যে, রাজ্যে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার সিলেবাস পরিবর্তন করা হচ্ছে এবং

(খ) সত্যি হলে, পরিবর্তনগুলি কি কি ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, করা হয়েছে।

(খ) রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাঠক্রম বিবেচনা করে বিষয় বিশেষজ্ঞদের দিয়ে বিদ্যালয় কৃত্যক আয়োগ অনধিক পনেরোটি বিষয়ের পাঠক্রম মূল্যায়নের পর চূড়ান্ত করেছে। বিষয়গুলি হল :

(১) দর্শনশাস্ত্র (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(২) শিক্ষা (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(৩) রাষ্ট্রবিজ্ঞান (সাম্মানিক/স্নাতকোত্তর)
(৪) সমাজবিজ্ঞান (সাম্মানিক/স্নাতকোত্তর)
(৫) রসায়ন (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)

(৬) পদার্থবিদ্যা (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(৭) অঙ্কশাস্ত্র (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(৮) প্রাণীবিজ্ঞান (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(৯) উদ্ভিদবিদ্যা (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(১০) ভূবিজ্ঞান (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(১১) পার্সিয়ান (সাম্মানিক/স্নাতকোত্তর)
(১২) বাণিজ্য (সাম্মানিক/স্নাতকোত্তর)
(১৩) উর্দু (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(১৪) শারীরবিদ্যা (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
(১৫) আরবী (সাম্মানিক/স্নাতকোত্তর ও পাশ)
আরবী (মাদ্রাসা), অ্যাডভান্স আরবী (মাদ্রাসা)।

এই পরিবর্তন ২০০২ বিজ্ঞাপিত পরীক্ষা থেকে কার্যকরী হবে।

যুবভারতী ক্রীড়াঙ্গন এলাকার ভিতরে হোটেল নির্মাণ

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যুবভারতী ক্রীড়াঙ্গন এলাকার ভিতরে হায়াত রিজেন্সি কর্তৃপক্ষকে হোটেল নির্মাণের জন্য কত বিঘা জমি দেওয়া হয়েছে এবং

(খ) যুবভারতী ক্রীড়াঙ্গন এলাকার ভিতর উক্ত হোটেল নির্মাণ করার অনুমতি দেওয়ার কারণ কী ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৬ (ছয়) একর (প্রায়)।

(খ) মাননীয় মুখ্যমন্ত্রীর ৩রা এপ্রিল ১৯৯৬ তারিখের আদেশানুযায়ী উক্ত হোটেল কর্তৃপক্ষকে জমি হস্তান্তরের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এবং জমি দেবার এই বিষয়টি হোটেল নির্মাণের জন্য পরিকল্পনার মধ্যে পূর্বেই রাখা ছিল।

ডানকুনিতে উড়ালপুল নির্মাণ

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫) **শ্রী ভক্তরাম পান** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া-বর্ধমান কর্ড লাইনে স্পেশাল গেট নং ৮-এর উপর উড়ালপুল নির্মাণের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে ;

(খ) এই উড়ালপুল নির্মাণের কাজে কে.এম.ডি.এ.-কে কি যুক্ত করা হয়েছে এবং

(গ) কবে নাগাদ উক্ত নির্মাণ কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জি.এ.ডি (জেনারেল অ্যারেঞ্জমেন্ট ড্রইং) তৈরির কাজ চলছে।

(খ) পূর্ত (সড়ক) বিভাগের সহিত কে.এম.ডি.এ.-কে যুক্ত করা হয়নি। বিদেশি ঋণ প্রকল্পে অন্তর্ভুক্তির জন্য কে.এম.ডি.এ. অন্যান্য প্রকল্পের সঙ্গে এই ডানকুনি উড়ালপুলের প্রোজেক্ট রিপোর্ট পূর্ত বিভাগকে পাঠাতে অনুরোধ করেছিল। সেইমত পূর্ত বিভাগ একটি প্রোজেক্ট রিপোর্ট কিছুদিন আগে কে.এম.ডি.এ-কে পাঠিয়ে দিয়েছে।

(গ) এখনই বলা সম্ভব নয়।

মালদহ জেলা পরিষদে বিভিন্ন খাতে বরাদ্দ ও খরচ

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬) **শ্রীমতী সাবিত্রী মিত্র :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-২০০২ ও ২০০২-২০০৩ আর্থিক বছরে মালদা জেলা পরিষদে কী কী খাতে কত টাকা বরাদ্দ হয়েছিল ;

(খ) কোন খাতে কত টাকা খরচা হয়েছে এবং

(গ) কোন কোন খাতে মঞ্জুরীকৃত টাকা খরচ হয়নি (কারণ সহ) ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০১-২০০২ বছরে মালদা জেলা পরিষদের জন্য যে যে খাতে অর্থ মঞ্জুর হয়েছিল তা নিম্নরূপ :

শিশু শিক্ষা কেন্দ্র	
কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প	১১০.৭৩৬ লক্ষ টাকা
জে.আর.ওয়াই	৬৩০.৮৫ লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (নব নির্মাণ)	৬০৪.০৯ লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (উন্নয়ন)	৩৯০.৮৮ লক্ষ টাকা
প্রধানমন্ত্রী গ্রামোদয় যোজনা (গ্রামীণ আবাস)	১১৮.৯৪ লক্ষ টাকা
জাতীয় প্রসূতি প্রকল্প	৫৩৭.০০ লক্ষ টাকা
জাতীয় পরিবার কল্যাণ প্রকল্প	৩.১৬ লক্ষ টাকা
	৩.৯১ লক্ষ টাকা
মোট	২৫ কোটি ১৪ লক্ষ টাকা

২০০২-২০০৩ আর্থিক বছরে যে যে খাতে অর্থ মঞ্জুর হয়েছিল তা নিম্নরূপ :

শিশু শিক্ষা কেন্দ্র	২৬.৩১	লক্ষ টাকা
সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনা	৫৭৪.৫৭	লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (নব নির্মাণ)	২৮৩.৭১	লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (উন্নয়ন)	৭০.৯৩	লক্ষ টাকা
প্রধানমন্ত্রী গ্রামোদয় যোজনা (গ্রামীণ আবাস)	৯.২৫	লক্ষ টাকা
জাতীয় প্রসূতি কল্যাণ প্রকল্প	৩.৭৮	লক্ষ টাকা

মোট ৯ কোটি ৬৮ লক্ষ ৫৫ হাজার টাকা

(খ) ২০০১-২০০২ আর্থিক বছরে যে যে খাতে যে পরিমাণ অর্থ ব্যয় হয়েছে তা নিম্নরূপ :

শিশু শিক্ষা কেন্দ্র	৮৯.৪৯৬	লক্ষ টাকা
কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প	২৬৪.০১	লক্ষ টাকা
জে.আর.ওয়াই	৩৯৯.৭০	লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (নব নির্মাণ)	৪৬০.৭৯	লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (উন্নয়ন)	৭১.১৯	লক্ষ টাকা
প্রধানমন্ত্রী গ্রামোদয় যোজনা (গ্রামীণ আবাস)	৪৮৫.০০	লক্ষ টাকা
জাতীয় বার্ধক্য পেনশন প্রকল্প	১৫৮.১৩	লক্ষ টাকা
জাতীয় প্রসূতি কল্যাণ প্রকল্প	৩.৭৮	লক্ষ টাকা
জাতীয় পরিবার কল্যাণ প্রকল্প	৩.৯১	লক্ষ টাকা
স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা	১১৫.১০	লক্ষ টাকা

মোট ২০ কোটি ৫১ লক্ষ ১০ হাজার টাকা

২০০২-২০০৩ আর্থিক বছরে যে যে খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় হয়েছে তা নিম্নরূপ :

সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনা	৩৩২.২১	লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (নব নির্মাণ)	১৭৭.৮০	লক্ষ টাকা
ইন্দিরা আবাস যোজনা (উন্নয়ন)	৫৬.২৪	লক্ষ টাকা
জাতীয় বার্ধক্য পেনশন প্রকল্প	৪১.৩৬	লক্ষ টাকা
জাতীয় প্রসূতি কল্যাণ প্রকল্প	৩.৭৮	লক্ষ টাকা
স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা	১১০.৩৮	লক্ষ টাকা

মোট ৭ কোটি ২১ লক্ষ ৭৭ হাজার টাকা

(গ) মঞ্জুরীকৃত টাকা সমস্ত খাতেই যথাসম্ভব খরচ হয়েছে।

মালদহ জেলা পরিষদের কর্মচারীদের বেতন

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭) **শ্রীমতী সাবিত্রী মিত্র** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদহ জেলা পরিষদের সরকারী কর্মচারীদের বেতন এম.পি. ল্যাড (লোকাল এরিয়া ডেভেলপমেন্ট) থেকে দেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, এম.পি. ল্যাড থেকে সরকারী কর্মীদের বেতন দেওয়া আইনসম্মত কি না ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, ওই ফান্ড থেকে সরকারী বা জেলা পরিষদের কোনো কর্মচারীর কোনো বেতন দেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

ইন্দিরা আবাস প্রকল্প

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯) **শ্রীমতী সাবিত্রী মিত্র** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আড়াইডাঙা বিধানসভা কেন্দ্রের জন্য ইন্দিরা আবাসন প্রকল্পের টাকা দেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে, উক্ত টাকায় প্রস্তাবিত ৭০টি বাড়ি তৈরির কাজ অদ্যাবধি শুরু না হওয়ার কারণ কী ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) উক্ত টাকায় প্রস্তাবিত বাড়ি তৈরির কাজ শুরু হয়েছে।

রতুয়া ২নং ব্লকে নতুন থানা

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১২) **শ্রীমতী সাবিত্রী মিত্র** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আড়াইডাঙ্গা বিধানসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত রতুয়া ২নং ব্লকে ১টি নতুন থানা স্থাপন করার পরিকল্পনা আছে কিনা এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে ওই কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, রতুয়া থানা বিভাজন করে পুকুরিয়াতে নতুন থানা স্থাপনের প্রস্তাব আছে।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

মালদহ জেলায় UNICEF-এর টাকা

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১০) **শ্রীমতী সাবিত্রী মিত্র :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মালদহ জেলা পরিষদ UNICEF-এর দেওয়া টাকা কী কী খাতে খরচ করেছেন ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

UNICEF-এর দেওয়া টাকা মালদা জেলা পরিষদ কর্তৃক নিম্নলিখিত খাতে খরচ হচ্ছে :

(১) প্রাথমিক বিদ্যালয় কর্মসূচিতে প্রত্যেক প্রাথমিক বিদ্যালয়ে শৌচাগার তৈরি বাবদ ;

(২) জনসাধারণের জন্য বারিন্দ এলাকার ৪টি ব্লকে যথা ওল্ড মালদা, গাজোল, হাবিবপুর ও বামনগোলাতে পানীয় জল সরবরাহ বাবদ ; ওই উদ্দেশ্যে ১৫৯২টি নলকূপের দ্রব্য সামগ্রী সরবরাহ, Water Committee-এর সভা ও প্রশিক্ষণ বাবদ ; বারিন্দ এলাকার ৪টি ব্লকে ১০টি করে নলকূপ বসানো, স্বাস্থ্য বিষয়ক আলোচনা, সচেতনতা শিবির বাবদ ;

(৩) কালিয়াচক-২ ও কালিয়াচক-৩নং ব্লকে আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহের জন্য প্রশিক্ষণ ভর্তুকি বাবদ ;

(৪) শিশু-শিক্ষা সহায়িকা, পরিচালন সমিতির সদস্যের প্রশিক্ষণ ও জেলা শিশু-শিক্ষা সেলের খরচ বাবদ।

তারাতলার ফ্লাইওভার নির্মাণ

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫) **শ্রী পার্থ চ্যাটার্জী :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তারাতলায় প্রস্তাবিত ফ্লাইওভার নির্মাণে বিলম্ব হওয়ার কারণ কী এবং

(খ) উক্ত ফ্লাইওভার নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) তারাতলায় প্রস্তাবিত ফ্লাইওভার নির্মাণ প্রকল্পটি কলকাতা কর্পোরেশনের ছাড়পত্র সাপেক্ষে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের ছাড়পত্র পেতে দেরি হওয়ায় বাস্তবায়নে বিলম্ব হচ্ছে।

(খ) উক্ত ছাড়পত্র (ক্লিয়ারেন্স) পেলেই প্রকল্পটির কাজ শুরু করার জন্য উপযুক্ত নির্মাণ সংস্থা নির্বাচন করার কাজ শুরু করা যাবে।

নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪) **শ্রী অতীশ চন্দ্র সিংহ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৭.১১.২০০২ পর্যন্ত বিভিন্ন জেলায় বিদ্যুৎ সংযোগের (চাষ ও বাড়ি) জন্য কতগুলি দরখাস্ত বিবেচনাধীন আছে এবং

(খ) তন্মধ্যে কতসংখ্যক দরখাস্তকারী কোটেশন অনুযায়ী টাকা জমা দিয়েছেন ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাপ্ত পরিসংখ্যান অনুযায়ী ৩১.১০.২০০২ পর্যন্ত বিভিন্ন জেলায় বিদ্যুৎ সংযোগের জন্য কৃষিক্ষেত্রে মোট ২২,৬৪১টি দরখাস্ত এবং গৃহস্থালীর ক্ষেত্রে মোট ৩,৭২,৪৭৬টি দরখাস্ত বিবেচনাধীন আছে।

(খ) উক্ত দরখাস্তকারীদের মধ্যে কোটেশন অনুযায়ী টাকা জমা দিয়েছেন কৃষিক্ষেত্রে ৮৯৫১ জন এবং গৃহস্থালীর ক্ষেত্রে ২,৩৭,০০৬ জন।

খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯) **শ্রী অতীশ চন্দ্র সিংহ** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে ধান/চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ;

(খ) ৩০.১০.২০০২ পর্যন্ত কত পরিমাণ সংগৃহীত হয়েছে এবং

(গ) সংগ্রহ করবার নীতি কীরূপ ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) খাদ্য ও সরবরাহ বিভাগ ধান সংগ্রহ করে না, কেবলমাত্র চাল সংগ্রহ করে। বর্তমান খারিপ বছরে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা সাড়ে ছয় লক্ষ মেট্রিক টন নির্ধারিত হয়েছে।

(খ) বর্তমান খারিপ বছরে চাল সংগ্রহ এখনও শুরু হয়নি। চাল সংগ্রহ ১৬.১২.২০০২ তারিখ থেকে শুরু হবে।

(গ) পশ্চিমবঙ্গ চালকল (লেভি ও নিয়ন্ত্রণ) আদেশনামার আইন অনুসারে চালকল মালিকরা ভারত সরকার কর্তৃক নির্ধারিত ন্যূনতম সহায়ক মূল্যে (Minimum Support Price) চাষীদের কাছ থেকে ধান সংগ্রহ করে এবং এইরূপ ধান থেকে সিদ্ধ চাল (Par-boiled Rice) তৈরি করে। খাদ্য ও সরবরাহ বিভাগ সেই চাল সংগ্রহ করে গণবন্টন (PDS) ব্যবস্থার মাধ্যমে দারিদ্রসীমার নীচের মানুষদের ভারত সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে সরবরাহ করে থাকে।

Closed Undertakings

53. (Admitted Question No. 232) **Shri Atish Chandra Sinha:** Will the Minister-in-Charge of the Public Enterprises Department be pleased to state—

(a) Number of undertaking closed during the year 2000-2001 and

(b) Number of employees affected thereby ?

Minister in-Charge of the Public Enterprises Department:

(a) No Undertaking of State Govt. under the administrative control of Public Enterprises Department was closed during the year, 2000-2001. Information in respect of undertakings under control of other administrative departments of Government is being collected and will be conveyed to the Hon'ble member.

(b) Does not arise.

কাকদ্বীপ মহকুমা আদালত চালুকরণ

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫) **শ্রী মন্টুরাম পাখিরা :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দঃ ২৪-পরগনা জেলার কাকদ্বীপ মহকুমা আদালত কবে নাগাদ চালু করা হবে এবং

(খ) সরকার এর জন্য বর্তমান ২০০২-০৩ আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করেছেন ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কাকদ্বীপে মহকুমা আদালত চালু করার জন্য একটি ভাড়া বাড়ির প্রস্তাব পাওয়া গেছে এবং এ ব্যাপারে মহামান্য হাইকোর্টের মতামত চাওয়া হয়েছে। তাই কাকদ্বীপ মহকুমা আদালত চালু করার বিষয়ে সঠিক কোনো তারিখ স্থির হয়নি। এ ব্যাপারে সরকারী সবরকম প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে।

(খ) বর্তমান ২০০২-০৩ আর্থিক বছরে কোনো টাকা এ পর্যন্ত বরাদ্দ করা হয়নি।

কাকদ্বীপে নিয়ন্ত্রিত বাজার নির্মাণ

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯) **শ্রী মন্টুরাম পাখিরা :** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কাকদ্বীপ মহকুমায় রাজ্য সরকারের পরিচালনাধীন একটি নিয়ন্ত্রিত বাজার নির্মাণ করার পরিকল্পনা আছে এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এটি চালু হবে বলে আশা করা যায় ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সম্প্রতি সরকারী বিজ্ঞপ্তিনামায় (সরকারী বিজ্ঞপ্তি নং ৩৬৯৫ থেকে ৩৬৯৮ এম.ডব্লু. অ্যান্ড সি. তাং ১৩ সেপ্টেম্বর, ২০০২) পূর্বতন আলিপুর সদর নিয়ন্ত্রিত বাজার সমিতি এলাকার প্রসারণ ঘটিয়ে সমগ্র দক্ষিণ ২৪-পরগনা জেলাকে কেন্দ্র করে একটি নতুন নিয়ন্ত্রিত বাজার সমিতি 'দক্ষিণ ২৪-পরগনা নিয়ন্ত্রিত বাজার সমিতি' নামে গঠিত হয়েছে এবং এর মধ্যে কাকদ্বীপ মহকুমাকেও অন্তর্ভুক্ত করা হয়েছে। এই নিয়ন্ত্রিত বাজার সমিতি কাকদ্বীপ তথা জেলার ও অন্যান্য বাজারগুলির উন্নয়নের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা যায় তা বিবেচনা করে দেখবেন।

(খ) যেহেতু সম্প্রতি সমগ্র দক্ষিণ ২৪-পরগনাকে নিয়ে একটি বাজার সমিতি গঠন করা হয়েছে তাই, কাকদ্বীপ বাজারের উন্নয়নের জন্য কী কী দরকার তা পর্যালোচনা করা হবে এবং যথাযথ সমীক্ষা করে এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। নতুনভাবে বাজার নির্মাণের জন্য প্রয়োজনীয় আর্থিক সংকুলান এবং উপযুক্ত জায়গাজমি পাওয়ার বিষয়টিও বিবেচনাযোগ্য।

পূজা প্যান্ডেলে বে-আইনি বিদ্যুৎ সংযোগ

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০) **শ্রী মন্টুরাম পাখিরা :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত অক্টোবর, ২০০২ সালে মোট কয়টি পূজা প্যান্ডেলে বে-আইনি বিদ্যুৎ সংযোগের ঘটনা ঘটেছে এবং

(খ) সরকার এর বিরুদ্ধে কী কী পদক্ষেপ নিয়েছেন ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গত পূজা মরশুমে রাজ্যে মোট ১৫২৯টি প্যান্ডেলে বে-আইনি বিদ্যুৎ সংযোগের ঘটনা নজরে এসেছে।

(খ) বিদ্যুৎ সংস্থাগুলি নিজ নিজ এলাকায় বিদ্যুৎ চুরির ক্ষেত্রে প্রচলিত বিদ্যুৎ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করেছে।

লালবাগ পর্যটন কেন্দ্র

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯) **শ্রী ঈদ মহম্মদ :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার লালবাগ পর্যটন কেন্দ্রটিতে পর্যটকদের আকর্ষণ বৃদ্ধি করার জন্য কী ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মুর্শিদাবাদ জেলার লালবাগ পশ্চিমবঙ্গের পর্যটকদের কাছে অত্যন্ত আকর্ষণীয়।

এই কেন্দ্রটি সম্বন্ধে পর্যটন বিভাগ অন্যান্য কেন্দ্রের মতো নিয়মিত প্রচার করে থাকে।

কেন্দ্রটির পরিকাঠামো উন্নয়নের জন্য একটি প্রস্তাব বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

নতুন রেশন কার্ড বণ্টন

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৩) **ডঃ আশীষ ব্যানার্জী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে চার ধরনের রেশন কার্ড বিলি করা হবে বলে স্থির করা হয়েছে এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বিলি করা শুরু হবে বলে আশা করা যায় ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) রেশন কার্ড বিলি করার কাজ সবেমাত্র শুরু হয়েছে। আশা করা যায় আগামী তিনমাসের মধ্যে বি.পি.এল., অন্নপূর্ণা ও অন্ত্যোদয় অন্ন যোজনা শ্রেণীভুক্ত মানুষদের মধ্যে নতুন রেশন কার্ড সম্পূর্ণভাবে বিলি করা সম্ভব হবে। উপরোক্ত শ্রেণীভুক্ত কার্ড বিতরণ সম্পন্ন হওয়ার পর বি.পি.এল.-দের জন্য নির্ধারিত কার্ড বিতরণ করার কাজ শুরু করা হবে।

থ্যালাসেমিয়া রোগী

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০) **শ্রী ব্রহ্মময় নন্দ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীর সংখ্যা কত এবং

(খ) ৩১ অক্টোবর, ২০০২ পর্যন্ত সময়ে পূর্ব মেদিনীপুর জেলায় ওই রোগে আক্রান্ত রোগীর সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আনুমানিক ২৫ হাজার আক্রান্ত।

(খ) এ পর্যন্ত প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী মোট ৩৮০ জন।

হিমঘর নির্মাণ

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৬) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে গাইঘাটা ব্লকের বাগনায়, জলেশ্বর ২নং গ্রাম পঞ্চায়েতে একটি মাত্র হিমঘর আছে ;

(খ) থাকলে, উক্ত ব্লকে নতুন কোনো হিমঘর নির্মাণ করার পরিকল্পনা সরকারের আছে কি এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, হিমঘরটির নাম উত্তর চব্বিশ পরগনা কৃষি সমবায় হিমঘর লিমিটেড এবং এর ধারণ ক্ষমতা ৯৯,৮৪৬ কুইন্টাল।

(খ) না, সরকারের কাছে উক্ত ব্লক থেকে হিমঘর নির্মাণের আর কোনো নতুন পরিকল্পনা (ব্যক্তিগত উদ্যোগে) জমা পড়েনি। উল্লেখ্য উত্তর চব্বিশ পরগনা জেলায় আমডাঙা ব্লকে পোল্‌বা অ্যাগ্রোজেনেটিক্‌স প্রাঃ লিঃ নামে একটি বহুমুখী হিমঘর প্রকল্পকে নির্মাণ অনুমতি দেওয়া হয়েছে এবং কাজও অগ্রগতির পথে। এছাড়া হাবড়া ও হেলেঞ্চায় সমবায় ভিত্তিতে দুটি হিমঘর নির্মাণের আবেদন জমা পড়েছে তবে প্রয়োজনীয় নকশাদি এখনও জমা পড়েনি।

(গ) প্রশ্ন ওঠে না।

পিকনিক স্পট

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৭) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গাইঘাটা বিধানসভা কেন্দ্র এলাকার মধ্যে ডুমা গ্রাম পঞ্চায়েত এলাকায় ডুমা বাওড়ের কাছে সরকার একটি পিকনিক স্পট তৈরি করার পরিকল্পনা গ্রহণ করেছেন, এবং

(খ) সত্যি হলে ওই পিকনিক স্পট নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

ইলিশ আমদানি

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩১) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত আর্থিক বছরে (২০০০-২০০১ সালে) রাজ্যে বাংলাদেশ থেকে ইলিশ আমদানি করা হয়েছিল ;

(খ) সত্যি হলে মোট কত পরিমাণ ইলিশ আমদানি করা হয়েছিল ;

(গ) আমদানি করা ইলিশ কিভাবে বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছিল ;

(ঘ) বাংলাদেশ ছাড়া অন্য কোনো দেশ থেকে কি ইলিশ আমদানি করা হয়েছিল ;

(ঙ) সত্যি হলে ওই দেশগুলির নাম কী এবং

(চ) বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩ সাল) বাংলাদেশ থেকে কত পরিমাণ ইলিশ আমদানি করা হবে বলে আশা করা যায় ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বাংলাদেশ-সহ অন্য কোনো দেশ থেকে ইলিশ আমদানি করা হয়নি।

(ঙ) প্রশ্ন ওঠে না।

(চ) এখনও কোনো পরিকল্পনা নেই।

জঙ্গিপুরে বিড়ি শ্রমিকদের জন্য যক্ষ্মা হাসপাতাল

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৫) **শ্রী জানে আলম মিঞা ও শ্রী আবুল হাসনাত** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জঙ্গিপুর মহকুমায় বিড়ি শ্রমিকদের যক্ষ্মা প্রতিরোধে সরকারী হাসপাতাল (আবাসিক) নির্মাণের পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় এবং

(গ) এর জন্য কী পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) এই প্রশ্ন ওঠে না।

(গ) এই প্রশ্ন ওঠে না।

মেডিক্যাল কলেজ স্থাপন

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৮) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের প্রতিটি জেলায় সরকারী মেডিক্যাল কলেজ হাসপাতাল স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে এবং

(গ) বর্তমান আর্থিক বছরে কোন কোন জেলায় উক্ত হাসপাতাল স্থাপন করা হতে পারে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, সত্যি নয়।

(খ) বাস্তবায়নের প্রশ্নও ওঠে না।

(গ) বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩) মেদিনীপুর জেলায় এ ধরনের হাসপাতাল স্থাপন করার সিদ্ধান্ত হয়েছে।

শিক্ষক-শিক্ষিকাদের বদলি

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৬) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাত** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিদ্যালয় শিক্ষা আয়োগ কর্তৃক নিযুক্ত শিক্ষক-শিক্ষিকাদের নির্দিষ্ট সময় অন্তর বদলি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং

(খ) সত্যি হলে, উক্ত সিদ্ধান্ত কবে থেকে কার্যকরী হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। আদৌ সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

ঝালদা হাটের মালিকানা

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৭) **শ্রী নেপাল মাহাত :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ঝালদা পৌরসভা এলাকার ঝালদা হাটটি ব্যক্তিগত মালিকানায় আছে ;

(খ) সত্যি হলে, সরকার তা অধিগ্রহণ করে পৌরসভার মাধ্যমে পরিচালনা করার কোনো পরিকল্পনা নিয়েছেন কি এবং

(গ) নিয়ে থাকলে, কবে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আদালতের অন্তর্বর্তী আদেশবলে দুই ব্যক্তি টোল আদায়ের ভারপ্রাপ্ত।

(খ) বিষয়টি বর্তমান আদালতের বিচারাধীন। আদালতে বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোনো সরকারী উদ্যোগ নেওয়া সম্ভব নয়।

(গ) প্রশ্ন ওঠে না।

কোটশীলায় থানা স্থাপনের পরিকল্পনা

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৮) **শ্রী নেপাল মাহাত :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কোটশীলায় থানা নির্মাণের পরিকল্পনাটি এখন কোন পর্যায়ে আছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বিষয়টি সরকারের বিবেচনাধীন।

গ্রামোন্নয়ন কর্মসূচি রূপায়ণে বরাদ্দকৃত অর্থ

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫১) **শ্রী নেপাল মাহাত :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৯ থেকে ২০০২ আর্থিক বছরগুলিতে গ্রামোন্নয়নের বিভিন্ন কর্মসূচিতে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত এবং

(খ) তন্মধ্যে কত পরিমাণ অর্থ খরচ করা যায়নি ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উল্লিখিত আর্থিক বছরগুলিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগে যে সকল গ্রামোন্নয়ন কর্মসূচি রূপায়িত হয়েছিল তাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নে লিপিবদ্ধ হল :

১৯৯৯-২০০০ টাঃ ৬৩৯,৭৪.৯৯ লক্ষ
২০০০-২০০১ টাঃ ৪৯৫,১৫.২২ লক্ষ
২০০১-২০০২ টাঃ ৬০৯,৭৯.৬৫ লক্ষ

(খ) ওই সকল কর্মসূচিতে যে পরিমাণ অর্থ খরচ করা যায়নি তা নিম্নরূপ :

১৯৯৯-২০০০ টাকা ১৭০,৩৮.৩০ লক্ষ

২০০০-২০০১ বরাদ্দ অর্থের তুলনায় টাকা ৫,৪৯.৯৭ লক্ষ বেশি খরচ হয়েছিল।

২০০১-২০০২ টাকা ২১৪,৭৭.২৫ লক্ষ

কোটশীলা রুরাল হাসপাতালে ডাক্তারের শূন্যপদ

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫২) **শ্রী নেপাল মাহাত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কোটশীলা রুরাল হাসপাতালে ডাক্তারের শূন্যপদের সংখ্যা কত ;

(খ) ডাক্তারের পদ শূন্য থাকার কারণ কী এবং

(গ) শূন্যপদগুলি কবে নাগাদ পূরণ করা হতে পারে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) শূন্যপদের সংখ্যা-২ (অনুমোদিত পদ-৫, বর্তমানে কর্মরত-৩)

(খ) পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগ কর্তৃক নির্বাচিত চিকিৎসকদের মধ্যে পর্যাপ্ত সংখ্যক চিকিৎসকের কাজে যোগদান না দেওয়া।

(গ) যথাশীঘ্র সম্ভব।

মুরি ইন্ডাল কারখানার দূষণ

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৮) **শ্রী নেপাল মাহাত** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ঝাড়খন্ড এলাকায় অবস্থিত মুরি ইন্ডাল কারখানার দূষণে এ রাজ্যের সীমান্তবর্তী তুলিন গ্রামের ধান ও লাক্ষা চাষীরা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন এবং

(খ) সত্যি হলে সরকার এই সমস্যা সমাধানকল্পে কী পদক্ষেপ নিয়েছেন ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পরিবেশ বিভাগে এরূপ কোনো তথ্য নেই।

(খ) প্রযোজ্য নয়।

মাঝপথে পড়াশোনা ছেড়ে দেওয়া ছাত্র-ছাত্রীর সংখ্যা

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৩) **শ্রী মলয় ঘটক এবং ডঃ রত্না দে** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত ১৯৯৯-২০০০, ২০০০-২০০১ ও ২০০১-২০০২ শিক্ষাবর্ষে রাজ্যে প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত মোট কতজন ছাত্রছাত্রী মাঝপথে পড়াশোনা ছেড়ে দিয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সমীক্ষা ব্যতীত এত বিস্তারিত তথ্য দেওয়া সম্ভব নয়।

রাজ্যের সমস্ত গ্রামে বৈদ্যুতিকরণ

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৮) **শ্রী মলয় ঘটক** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ৫ বছরে গ্রামীণ বৈদ্যুতিকরণে মোট কত পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে ;

(খ) তন্মধ্যে কেন্দ্রীয় সরকারের সাংসদ স্থানীয় এলাকা উন্নয়ন তহবিল হতে প্রাপ্ত অর্থের পরিমাণ কত এবং

(গ) রাজ্যের সমস্ত গ্রামে বৈদ্যুতিকরণের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৯৯৮-১৯৯৯ থেকে ২০০২-২০০৩ আর্থিক বছরে অক্টোবর মাস অবধি রাজ্যে গ্রামীণ বৈদ্যুতিকরণে মোট ২৬৬.৫৫২৬ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

(খ) উপরোক্ত অর্থের মধ্যে সাংসদ স্থানীয় উন্নয়ন তহবিল থেকে গ্রামীণ বৈদ্যুতিকরণ খাতে প্রাপ্ত অর্থের পরিমাণ ৪৪.৩৯৫৯ কোটি টাকা।

(গ) আগামী ২০০৭ সালের মধ্যে রাজ্যের সকল বসতিপূর্ণ মৌজায় বিদ্যুৎ সংযোগ দেওয়ার পরিকল্পনা আছে।

পানীয় জলের অবৈধ সংযোগ

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭২) **শ্রী অজয় দে :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে অবৈধভাবে পানীয় জলের লাইন সংযোগের ঘটনা ঘটছে কি এবং

(খ) ঘটে থাকলে, এই চুরি প্রতিরোধে সরকার কোনো আইন প্রয়োগের চিন্তা-ভাবনা করছেন কি না ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, কিছু কিছু ঘটছে।

(খ) হ্যাঁ, বিষয়টি চিন্তা ভাবনার স্তরে রয়েছে।

আদালতে আইনজীবীদের বসার ব্যবস্থা

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৬) **শ্রী অশোক দেব :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিভিন্ন আদালতে আইনজীবীদের বসার জন্য পর্যাপ্ত ব্যবস্থা নেই এবং

(খ) সত্যি হলে, এই অবস্থার প্রতিকারে সরকার কর্তৃক কী ব্যবস্থা গৃহীত হয়েছে ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারীভাবে এমন কোনো অভিযোগ আইনজীবীদের কাছ থেকে আসেনি।

(খ) প্রশ্ন ওঠে না।

বিদ্যালয়ের বর্ধিত ফি প্রত্যাহার

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৮) **শ্রী অশোক দেব :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিদ্যালয়সমূহের বর্ধিত ফি প্রত্যাহার করার জন্য সরকার কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি না ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বিদ্যালয়ের কোনো ফি সম্প্রতিকালে বৃদ্ধি করা হয়নি—সেজন্য প্রত্যাহার করার কোনো প্রশ্ন ওঠে না।

হাসপাতালগুলিতে চিকিৎসার সু-ব্যবস্থা

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৬) **শ্রী অশোক দেব :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের হাসপাতালগুলিতে চিকিৎসার সু-ব্যবস্থা না থাকায় রোগী মৃত্যুর হার ক্রমশই বাড়ছে ;

(খ) সত্যি হলে এর প্রতিকারকল্পে কোনো ব্যবস্থা গ্রহণ করা হবে কি এবং

(গ) হলে, গৃহীত পদক্ষেপগুলি কী কী ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

তপশিলি জাতি ও উপজাতিদের কল্যাণে নতুন পরিকল্পনা

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯২) **শ্রী অশোক দেব :** অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে সরকার তপশিলি জাতি ও উপজাতিদের কল্যাণে কিছু নতুন পদক্ষেপ গ্রহণ করেছেন ?

(খ) সত্যি হলে পদক্ষেপগুলি কীরূপ এবং

(গ) কতদিনে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) ছাত্রাবাসে অবস্থানরত প্রাক্ মাধ্যমিক ও মাধ্যমিকোত্তর ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসবৃত্তি বর্ধিত করা হয়েছে। অনুরূপভাবে যারা ঘরে থেকে পড়াশোনা করে তাদের জন্য মাসিক দেয় ভাতা বৃদ্ধি করা হয়েছে।

(২) ছাত্রীদের জন্য চালু (V-X) মেধাবৃত্তির প্রাপকের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে, ডাঃ আম্বেদকর জাতীয় বৃত্তির জন্য রাজ্যের তপশিলি জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের মেধাতালিকা পাঠানো হয়েছে।

(৩) আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য পাঁচটি আবাসিক বিদ্যালয় (VI-XII) চালু করা হয়েছে।

(৪) সাঁওতালি ভাষায় শিক্ষাদানের জন্য গঠিত সাঁওতালি ভাষা কমিটি রিপোর্ট দিয়েছে এবং তা সরকারের বিবেচনাধীন আছে।

(৫) আদিবাসীদের সমবায়গুলির (LAMPS) পুনরুজ্জীবনের জন্য বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে। এ ব্যাপারে গঠিত কমিটির রিপোর্ট পাওয়া গেছে। বিষয়টি সরকারের বিবেচনাধীন।

(৬) আদিবাসী মহিলাদের স্বনিযুক্তির জন্য 'আদিবাসী মহিলা স্বশক্তিকরণ যোজনা' এ রাজ্যে শুরু করা হয়েছে।

(৭) তপশিলিজাতির মানুষদের স্বনিযুক্তিতে সাহায্য করতে ক্ষুদ্র ঋণ প্রকল্পও (মাইক্রোক্রেডিট) চালু করা হয়েছে।

(৮) আদিবাসী সাহিত্য, সংস্কৃতি ও চারুকলায় আদানের জন্য তিনটি রাজ্যস্তরের পুরস্কারের ব্যবস্থা করা হয়েছে।

(গ) বর্তমানে আর্থিক বৎসরের মধ্যে কিছু প্রকল্প বাস্তবায়িত হয়েছে বা হবে, বাকি কিছু প্রকল্প আগামী বৎসরে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়। আদিবাসী নাট্যকর্মীদের মানোন্নয়নের জন্য প্রশিক্ষণের কর্মসূচি নেওয়া হয়েছে।

তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীকে আবাসিক খরচ প্রদান

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪০০) **শ্রী অতীশ চন্দ্র সিংহ** : অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধ্যমিক স্তরে ২০০১-২০০২ সালে কতজন তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীকে আবাসিক খরচ দেওয়া হয়েছিল ;

(খ) মাথাপিছু সাহায্যের পরিমাণ কত ছিল এবং

(গ) বর্তমানে উক্ত সাহায্য বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩২,০০০ জন তপশিলি জাতি এবং ২৮,০০০ জন তপশিলি উপজাতিভুক্ত ছাত্রছাত্রীকে স্কুল হোস্টেলে আবাসিক খরচ দেওয়া হয়েছিল। এছাড়া আশ্রম হোস্টেলে মাধ্যমিক স্তরে ২৪৮০ তপশিলি জাতি ও ২৬১০ আদিবাসী ছাত্রছাত্রীকে এবং প্রাথমিক স্তরে পঠনরত ২৭৭১ জন তপশিলি জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীকে পূর্বে আবাসিক খরচ দেওয়া হয়েছিল।

(খ) মাথাপিছু সাহায্যের পরিমাণ পূর্বে ছিল মাসিক ৩০০ টাকা। বছরে ১০ মাসের জন্য দেওয়া হত।

(গ) বর্তমান আর্থিক বছরের ১ এপ্রিল থেকে এই সাহায্যের পরিমাণ মাসিক ৪০০ টাকা করা হয়েছে। অর্থাৎ মাসিক ১০০ টাকা ২০০২-২০০৩ আর্থিক বছর থেকে বৃদ্ধি করা হয়েছে।

রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্র

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৮) **শ্রী অতীশ চন্দ্র সিংহ** : কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কর্মবিনিয়োগ কেন্দ্রের মোট সংখ্যা কত (জেলাওয়ারি)

(খ) ২০০১ থেকে ২০০২-এর অক্টোবর পর্যন্ত উক্ত কেন্দ্র থেকে কতজন বেকার যুবক-যুবতীর চাকুরি হয়েছে (জেলাওয়ারি) ?

কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা ৭১। জেলাওয়ারি কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা নিম্নরূপ :

	জেলা	কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা
১।	কলকাতা	৭
২।	উত্তর ২৪-পরগনা	৫
৩।	দক্ষিণ ২৪-পরগনা	৫
৪।	নদীয়া	৩
৫।	মুর্শিদাবাদ	৫
৬।	হাওড়া	২
৭।	হুগলী	৪
৮।	বর্ধমান	৭
৯।	বীরভূম	৩
১০।	বাঁকুড়া	৩
১১।	মেদিনীপুর (পূর্ব)	৪
১২।	মেদিনীপুর (পশ্চিম)	৫
১৩।	পুরুলিয়া	২
১৪।	দার্জিলিং	৪
১৫।	জলপাইগুড়ি	২

	জেলা	কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা
১৬।	কোচবিহার	৫
১৭।	মালদা	২
১৮।	উত্তর দিনাজপুর	২
১৯।	দক্ষিণ দিনাজপুর	১
	মোট	৭১

(খ) ২০০১ থেকে ২০০২-এর অক্টোবর পর্যন্ত কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরিপ্রাপ্ত প্রার্থীর জেলাওয়ারি সংখ্যা নিম্নরূপ :

	জেলা	২০০১-এর চাকুরিপ্রাপ্ত প্রার্থী সংখ্যা	২০০২-এ অক্টোবর পর্যন্ত চাকুরিপ্রাপ্ত প্রার্থী সংখ্যা
১।	কলকাতা	১৫৫০	৩০৮
২।	উত্তর ২৪-পরগনা	৩৮৭	১১৭
৩।	দক্ষিণ ২৪-পরগনা	৪৮৭	৯০
৪।	নদীয়া	৬৬৯	৮৮৭
৫।	মুর্শিদাবাদ	৮৭১	৮৯
৬।	হাওড়া	২৫২	৮২
৭।	হুগলী	৭৯৩	২০৫
৮।	বর্ধমান	১৬৪৪	১৮৬
৯।	বীরভূম	৬৩৮	১১৫
১০।	বাঁকুড়া	১০২৯	১৪৩
১১।	মেদিনীপুর (পূর্ব)	১৯২	১১২৭
১২।	মেদিনীপুর (পশ্চিম)	১৬৩	১৪৮৬
১৩।	পুরুলিয়া	৩৪৬	১০৮
১৪।	দার্জিলিং	৫৯৬	৮৪
১৫।	জলপাইগুড়ি	৪৬১	৭২
১৬।	কোচবিহার	১১২	৫৩১
১৭।	মালদা	১৮৭	২৬
১৮।	উত্তর দিনাজপুর	১২০	৮৭
১৯।	দক্ষিণ দিনাজপুর	৬৬০	৩১
	মোট	১১,১৫৭	৫৭৫৬

সার্বিক সাক্ষরতা কর্মসূচি

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৪১০) **শ্রী অতীশ চন্দ্র সিংহ :** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা সত্যি যে, রাজ্যে মোট কয়েকটি জেলায় সার্বিক সাক্ষরতা কর্মসূচির ফলাফল আশানুরূপ নয় এবং

(খ) সত্যি হলে সাক্ষরতার হার বৃদ্ধির জন্য সরকারের পরিকল্পনা কিরূপ ?

জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) সাক্ষরতার হারকে বাড়িয়ে তোলার জন্য প্রায় সমস্ত জেলায় নবসাক্ষর এবং অবশিষ্ট নিরক্ষর মানুষকে ধারাবাহিক শিক্ষা প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে এবং একই সঙ্গে তাঁদের অর্থনৈতিক স্বনির্ভর করার কথাও ভাবা হচ্ছে।

উলুবেড়িয়া স্টেডিয়াম সংস্কার

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৭) **শ্রী রবীন্দ্র ঘোষ :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলার উলুবেড়িয়া স্টেডিয়ামটি সংস্কার করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

আপাতত এই ধরনের কোনো পরিকল্পনা সরকারের নেই।

বেআইনি গরুর হাট

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৪২১) **শ্রী রবীন্দ্র ঘোষ :** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উলুবেড়িয়া থানার অন্তর্গত মহেশপুর ডি.পি.ও.টি. রোডের পাশে বেআইনিভাবে গরুর হাট চলছে এবং

(খ) সত্যি হলে উক্ত হাটটি অপসারণের পরিকল্পনা আছে কি না ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গরুর হাটের লাইসেন্স দেবার ব্যাপারে পঞ্চায়েত সমিতি আইনবলে দায়িত্ব প্রাপ্ত, প্রাণী সম্পদ বিকাশ বিভাগের কোনো ভূমিকা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

উলুবেড়িয়া গ্রামীণ বৈদ্যুতিকরণ

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৯) **শ্রী রবীন্দ্র ঘোষ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া থানার বাণীতপলা গ্রামে কবে নাগাদ বিদ্যুৎ সংযোগ করা হবে বলে আশা করা যায় এবং

(খ) উলুবেড়িয়া শহরে প্রত্যেক দিন লোডশেডিং হওয়ার কারণ কী ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই গ্রামটি বর্তমানে বিদ্যুতায়িত।

(খ) বাণীতপলা ৩৩/১১ কে.ভি. সাব-স্টেশন থেকে উলুবেড়িয়া শহরে বিদ্যুৎ সরবরাহ করা হয়। আমতা ও বাণীতপলা এই দুটি সাব-স্টেশনে কোলাঘাট ১৩২ কে.ভি. সাব-স্টেশন থেকে একই ফিডারের মাধ্যমে বিদ্যুৎ আসে।

দিনের সর্বোচ্চ চাহিদার সময় আমতা ও বানীতপলা এই দুটি সাব-স্টেশনে যে পরিমাণ বিদ্যুৎ প্রয়োজন হয়, তা কোলাঘাট ১৩২ কে.ভি. সাব-স্টেশন থেকে যে ফিডারের মাধ্যমে উপরোক্ত দুটি সাব-স্টেশনে পরিবাহিত হয়, তা সম্পূর্ণরূপে পরিবহন করার ক্ষমতা এই ফিডারের বর্তমানে নেই। সেই কারণে প্রত্যহ এলাকাভিত্তিক লোডশেডিং করতে হয়।

উলুবেড়িয়া ১৩২ কে.ভি সাব-স্টেশন নির্মাণের কাজ চলছে। প্রকল্পটি মার্চ ২০০৩-এ সম্পূর্ণ হওয়ার পরিকল্পনা আছে। সাব-স্টেশনটি চালু হলে এই অবস্থার উন্নতি ঘটবে।

বাস্তুহারা মানুষের পুনর্বাসন

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৭) **শ্রী রবীন্দ্র ঘোষ** : শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উলুবেড়িয়া থানার অন্তর্গত মহেশপুর ৪নং রিফিউজি কলোনির প্রায় এক হাজার বাস্তুহারা মানুষ পি.ডব্লু.ডি. রাস্তার দুই পাশে বাস করছে এবং

(খ) সত্যি হলে, এঁদের পুনর্বাসনের কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উলুবেড়িয়া থানার অন্তর্গত মহেশপুরে কোনো রিফিউজি কলোনি নেই।

(খ) যেহেতু মহেশপুরে কোনো কলোনি নেই তাই পুনর্বাসনের কোনো প্রস্তাবও নেই।

মালদহের চাঁচোলে এস.ডি.পি.ও. অফিস স্থাপন

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৮) **শ্রী মহবুবুল হক** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার চাঁচোল মহকুমায় এস.ডি.পি.ও. অফিস স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা রূপায়িত হবে বলে আশা করা যায় ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এই বিষয়টি পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন আছে।

পুরসভাগুলির স্থায়ী ও অস্থায়ী কর্মী সংখ্যা

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫১) **শ্রী অজয় দে** : পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ অক্টোবর, ২০০২ তারিখে রাজ্যে পুরসভাগুলিতে স্থায়ী ও অস্থায়ী কর্মীসংখ্যা কত (পুরসভাভিত্তিক) এবং

(খ) উক্ত কর্মীদের বেতনের জন্য রাজ্য সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের পুরসভাগুলিতে স্থায়ী কর্মীর সংখ্যা ৬৮,৭৩৮ জন। পুরসভাভিত্তিক বিস্তারিত তথ্যটি হল :

রাজ্য পুরসভাভিত্তিক স্থায়ী ও অস্থায়ী কর্মীর সংখ্যা

ক্রমিক নং	জেলার নাম	পুরসভার নাম	স্থায়ী কর্মী সংখ্যা	অস্থায়ী কর্মী সংখ্যা
১	হাওড়া	বালি	৭৫৬	১০২
২		উলুবেড়িয়া	৮০	৩
৩	মুর্শিদাবাদ	বহরমপুর	৬৩৬	১৬০
৪		ধুলিয়ান	৪৫	৫
৫		জিয়াগঞ্জ-আজিমগঞ্জ	১৮৪	৭৩
৬		মুর্শিদাবাদ	১০৬	
৭		কান্দি	১১২	১০০
৮		জঙ্গিপুর	১১১	১৪
৯		বেলডাঙা	৬৪	

ক্রমিক নং	জেলার নাম	পুরসভার নাম	স্থায়ী কর্মী সংখ্যা	অস্থায়ী কর্মী সংখ্যা
১০	নদীয়া	কৃষ্ণনগর	৪০৫	২৪৭
১১		নবদ্বীপ	৩৬৪	
১২		শান্তিপুর	২৬৪	
১৩		রানাঘাট	২৬৮	৭৫
১৪		ধীরনগর	৩৯	৫২
১৫		চাকদহ	৯৪	১১
১৬		কল্যাণী	২৫৮	
১৭		গয়েশপুর	১৪৮	
১৮		তাহেরপুর	৫৮	
১৯		কুপার্সক্যাম্প	১৬	
২০	উত্তর ২৪-পরগনা	কাঁচড়াপাড়া	২০৫	২৮
২১		হালিশহর	২৮৬	
২২		নৈহাটি	৪৭৪	
২৩		ভাটপাড়া	৭৪৩	
২৪		গাড়ুলিয়া	১৭০	
২৫		উত্তর ব্যারাকপুর	২৪৩	১১২
২৬		ব্যারাকপুর	৩২০	৮৮
২৭		টিটাগড়	২৯০	
২৮		খড়দহ	২২৩	
২৯		পানিহাটি	৪৫২	
৩০		কামারহাটি	৬৫৬	১৪৯
৩১		বরাহনগর	৭৬৩	১৮৬
৩২		উত্তর দমদম	৩০৫	৬৫
৩৩		দক্ষিণ দমদম	৫১০	
৩৪		দমদম	৩২৪	
৩৫		বনগাঁ	১৭৪	
৩৬		বারাসাত	১৮৫	
৩৭		মধ্যমগ্রাম	১৫২	
৩৮		রাজারহাট-গোপালপুর	৯৭	
৩৯		গোবরডাঙা	৭৫	
৪০		বাদুড়িয়া	৭৪	
৪১		বসিরহাট	১২২	
৪২		টাকি	৫৬	১
৪৩		নিউ ব্যারাকপুর	১২৪	
৪৪		অশোকনগর-কল্যাণগড়	১৭১	৪৫
৪৫		হাবড়া	২৫৩	
৪৬		বিধাননগর	১৪	

ক্রমিক নং	জেলার নাম	পুরসভার নাম	স্থায়ী কর্মী সংখ্যা	অস্থায়ী কর্মী সংখ্যা
৪৭	দক্ষিণ ২৪-পরগনা	বজবজ	৩৪৮	২৮
৪৮		রাজপুর-সোনারপুর	১২৮	
৪৯		বারুইপুর	৬৬	
৫০		পূজালী	৭২	
৫১		মহেশতলা	২৩৪	
৫২		জয়নগর-মজিলপুর	৬১	
৫৩		ডায়মন্ডহারবার	৫৬	
৫৪	জলপাইগুড়ি	জলপাইগুড়ি	৪৩০	
৫৫		আলিপুরদুয়ার	৬৫	
৫৬		মাল	১৭	৫
৫৭		ধূপগুড়ি	২	
৫৮	মালদহ	ইংলিশ বাজার	৪৭৭	৬২
৫৯		ওল্ড মালদহ	২৩	
৬০	দার্জিলিং	দার্জিলিং	৫০৯	৮৯
৬১		কার্সিয়াং	১২১	৩
৬২		কালিম্পং	১১৫	
৬৩		মিরিক নোটিঃ ফাঃ এঃ	১৫	
৬৪		শিলিগুড়ি পৌঃ নিঃ	৬১৩	৯৯
৬৫	দক্ষিণ দিনাজপুর	বালুরঘাট	২১২	
৬৬		গঙ্গারামপুর	৩৮	
৬৭	উত্তর দিনাজপুর	রায়গঞ্জ	১৮২	
৬৮		ইসলামপুর	৩৮	
৬৯		কালিয়াগঞ্জ	৬৮	
৭০	কোচবিহার	কোচবিহার	৩৯৬	
৭১		দিনহাটা	৫৫	
৭২		তুফানগঞ্জ	৪৭	
৭৩		মাথাভাঙা	৬০	
৭৪		মেখলিগঞ্জ	২৭	
৭৫		হলদিবাড়ি	৪৭	৬
৭৬	বর্ধমান	বর্ধমান	১১৩৩	১৬
৭৭		কালনা	১৪৬	
৭৮		কাটোয়া	১৪৯	
৭৯		দাঁইহাটা	৪৩	২২
৮০		রাণীগঞ্জ	২৬০	
৮১		গুসকাড়া	৪৭	
৮২		কুলটি	২০৩	

ক্রমিক নং	জেলার নাম	পুরসভার নাম	স্থায়ী কর্মী সংখ্যা	অস্থায়ী কর্মী সংখ্যা
৮৩		মেমারি	১৮	
৮৪		জামুরিয়া	২৮	
৮৫		আসানসোল	৫৩৯	
৮৬		দুর্গাপুর	৫৩৪	
৮৭		বাঁশবেড়িয়া	২৫৬	৫৯
৮৮	হুগলী	হুগলী-চিনসুরা	৪৬৭	১৫
৮৯		ভদ্রেশ্বর	৩০৮	
৯০		বৈদ্যবাটি	২০১	১৯১
৯১		চাঁপদানি	৩০৭	১০৭
৯২		শ্রীরামপুর	৫৪২	
৯৩		রিষড়া	৩৮৪	৮৬
৯৪		কোন্নগর	২২৮	
৯৫		উত্তরপাড়া-কোতরং	২৬৭	
৯৬		আরামবাগ	১৫৯	
৯৭		তারকেশ্বর	১৬৪	
৯৮		চন্দননগর	৬১৭	
৯৯	বীরভূম	সিউড়ি	২৪৩	৯
১০০		রামপুরহাট	৯৫	
১০১		বোলপুর	১৩৪	
১০২		দুবরাজপুর	৪৮	৬
১০৩		সাঁইথিয়া	৭৮	৯
১০৪		নলহাটি	১০	
১০৫	পশ্চিম মেদিনীপুর	মেদিনীপুর	৪৬৭	২
১০৬		ঘাটাল	৮১	
১০৭		চন্দ্রকোণা	৩৮	
১০৮		রামজীবনপুর	২৪	৩
১০৯		খিরপাই	১৮	
১১০		খারার	১৮	
১১১		খড়্গপুর	২৮৫	১৩৮
১১২		ঝাড়গ্রাম	৫২	১১
১১৩	পূর্ব মেদিনীপুর	কাঁথি	১১৯	৮৫
১১৪		তমলুক	২০৮	
১১৫		এগরা	৭	
১১৬		হলদিয়া	৮৬	
১১৭		পাঁশকুড়া	২	

ক্রমিক নং	জেলার নাম	পুরসভার নাম	স্থায়ী কর্মী সংখ্যা	অস্থায়ী কর্মী সংখ্যা
১১৮	বাঁকুড়া	বাঁকুড়া	৪৬৫	২১১
১১৯		বিষ্ণুপুর	১৩৭	১৩৮
১২০		সোনামুখী	৬০	
১২১	পুরুলিয়া	পুরুলিয়া	২৬৩	
১২২		ঝালদা	৭৭	
১২৩		রঘুনাথপুর	৬১	
১২৪	কলকাতা	কলকাতা	৩৯,১৪৮	
১২৫	হাওড়া	হাওড়া	৩৫২৩	

(খ) উক্ত কর্মীদের বেতনের জন্য রাজ্য সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ হল :

(বর্তমান আর্থিক বছরে)

৪৫৭,১৮,৫১,০০০ টাকা (চারশত সাতান্ন কোটি আঠারো লক্ষ একান্ন হাজার)।

ওই খাতে ১১/১২/২০০২ পর্যন্ত প্রদত্ত অর্থের পরিমান—

২৮৩,৮৩,৯৫,৮২২ টাকা (দুই শত তিরাশি কোটি তিরাশি লক্ষ পঁচানব্বই হাজার আটশত বাইশ টাকা)।

বিদ্যুতের চার্জ বৃদ্ধি

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৩) **শ্রী অজয় দে** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিদ্যুৎ পর্ষদ এলাকায় বিদ্যুতের মাশুল বৃদ্ধির কোনো পরিকল্পনা আছে কিনা এবং

(খ) থাকলে গৃহস্থ ও বাণিজ্যিক ক্ষেত্রে তার হার কী রূপ হবে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিদ্যুতের মাশুল নির্ধারণ বিষয়টি বর্তমানে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের নিয়ন্ত্রণাধীন। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের কাছে মার্চ, ২০০২-এ ২০০২-২০০৩ সালের জন্য বিদ্যুতের মাশুল নির্ধারণের প্রস্তাব পেশ করেছে।

(খ) বিষয়টি পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের বিবেচনাধীন।

ব্যক্তিগত দেহরক্ষী

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৫) **শ্রী অজয় দে :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় কতজনের ব্যক্তিগত দেহরক্ষী নিয়োগ করা হয়েছে ;

(খ) তন্মধ্যে, রাজনৈতিক ও সাধারণ ব্যক্তির সংখ্যা কত এবং

(গ) দেহরক্ষী নিয়োগের পদ্ধতিটি কিরূপ ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৯২ জন।

(খ) রাজনৈতিক ব্যক্তি-৪৮ জন এবং সাধারণ ব্যক্তি-০০ জন

(গ) কোনো ব্যক্তির ক্ষেত্রে বিপদের সম্ভাবনা কতটা তা যথাযথ মূল্যায়ন করার পর সেই জেলার আরক্ষাধ্যক্ষ সেই ব্যক্তির জন্য দেহরক্ষী নিয়োগ করার সিদ্ধান্ত নেন।

ক্রীড়াবিদদের সরকারী সহায়তা দান তথা সংবর্ধনা জ্ঞাপন

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৬) **শ্রী অজয় দে :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এশিয়াডে সোনাজয়ী সোমা বিশ্বাস, সরস্বতী সাহা এবং গ্র্যান্ড মাস্টার দাবাড়ু সূর্যশেখর গাঙ্গুলীকে আর্থিক সহায়তা বা সংবর্ধনা দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, তা কীরূপ ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এবং (খ) ইং ১৯.১১.২০০২ তারিখে যুবভারতী ক্রীড়াঙ্গনে আনুষ্ঠানিকভাবে সোনাজয়ী সোমা বিশ্বাস, সরস্বতী সাহা এবং গ্র্যান্ড মাস্টার দাবাড়ু সূর্যশেখর গাঙ্গুলীকে সরকারী তরফে সংবর্ধনা জ্ঞাপন করা হয় এবং তৎসঙ্গে প্রত্যেককে এক লাখ টাকা আর্থিক অনুদান ও স্মারক প্রদান করা হয়।

মাইথন যুব আবাস

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৮) **শ্রী মলয় ঘটক :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে মাইথন যুব আবাস পরিচালনার দায়িত্ব কোন সংস্থার উপর ন্যস্ত এবং

(খ) যুব আবাসটির বেসরকারীকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মাইথন যুব আবাস পরিচালনার দায়িত্ব যুব কল্যাণ অধিকারের উপর ন্যস্ত। কিন্তু ওই যুব আবাস পুনর্নির্মাণ ও পরিবর্ধনের দায়িত্ব বর্তমানে বর্ধমান জেলা পরিষদকে দেওয়া হয়েছে।

(খ) বর্তমানে যুব আবাসটির বেসরকারীকরণের কোনো পরিকল্পনা সরকারের নেই।

Asansol Rural ICDS Project

91. (Admitted Question No. 464) **Shri Malay Ghatak :** Will the Minister-in-Charge of the Social Welfare Deptt. be pleased to state—

(a) The year in which the Asansol Rural ICDS Project was sanctioned ;

(b) The reason for not starting the said project till date and

(c) The expected date of its functioning ?

Minister-in-Charge of the Social Welfare Department :

(a) Asansol Rural ICDS Project was sanctioned during the year 1993-94.

(b) The entire erstwhile area of the Asansol Development Block have already been incorporated into the Jurisdiction of Asansol Municipal Corpn. Hence, the territorial jurisdiction of the Asansol Rural ICDS Project is non-existent with the result that Asansol Rural ICDS Project cannot be operationalised.

(c) The expected date of its functioning cannot be apprised at this moment as the proposal for sanction of Asansol II Urban ICDS Project with 23 Additional Anganwadi Centres including 47 Anganwadi Centres of the erstwhile Asansol Rural ICDS Project is still pending with the Govt. of India.

Land for opening Coal Mine

92. (Admitted Question No. 472) **Shri Manik Upadhyay :** Will the Minister-in-Charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) Whether it is a fact that, 2162 acres of land under P.S. Jamuria & Barabani of Burdwan District is allotted to M/s. ICML for opening of Coal mines and

(b) If so, what happened to the land losers ?

Minister-in-Charge of the Commerce & Industries Deptt. :

(a) An area of approximately 2010.835 acres of land under P.S. Jamuria and Barabani in Burdwan district has been allotted to M/s. Integrated Coal Mining Ltd. (ICML).

(b) Out of 2010.835 acres, approximately 380 acres are forest land. So far about 852.24 acres of land has been acquired. The land losers are paid the land acquisition cost as determined by the L.A. Collector, Burdwan.

সরকারের হাতে উদ্বৃত্ত জমি

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮১) **শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে সরকারের হাতে উদ্বৃত্ত জমির পরিমাণ কত এবং

(খ) কতদিনের মধ্যে তা বিতরণ করা হবে ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০ সেপ্টেম্বর ২০০২ তারিখে সরকারের হাতে থাকা বিলিবন্টনযোগ্য উদ্বৃত্ত কৃষিজমির পরিমাণ ৪১,৯৫১ একর।

(খ) নির্দিষ্ট করে কোনো সময়সীমা ধার্য করা সম্ভব নয়। কারণ সরকারে ন্যস্ত উদ্বৃত্ত কৃষিজমি বিতরণ অনেকগুলি সম্পর্কিত বিষয়ের উপর নির্ভরশীল। যেমন জমিগুলি কতটা চাষের যোগ্য তার যৌথ সমীক্ষা করা, বেনিফিসিয়ারি তালিকা তৈরি, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতির সুপারিশ পাওয়া ইত্যাদি। তবে বিতরণযোগ্য উদ্বৃত্ত জমি অবিলম্বে বিলির জন্য সরকার সচেষ্ট।

গ্রন্থাগারে সরকারী অনুদান

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৪) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রাচীনতম গ্রন্থাগারটির নাম কী এবং

(খ) পশ্চিম মেদিনীপুর জেলায় কয়টি গ্রন্থাগার সরকারী অনুদান পেয়েছে ?

গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এশিয়াটিক সোসাইটি (১৭৮৪ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত)

(খ) পশ্চিম মেদিনীপুর জেলার সমস্ত সরকার-পোষিত গ্রন্থাগার নির্দিষ্ট হারে নিয়মিত অনুদান পেয়েছে। এছাড়া পশ্চিম মেদিনীপুরে রাজ্য সরকার কর্তৃক ৮টি সরকার-পোষিত গ্রন্থাগার গৃহ নির্মাণ খাতে গত আর্থিক বছরে (২০০১-০২) বিশেষ অনুদান পেয়েছে :

		টাকা
(১)	রাজনারায়ণ বসু স্মৃতি পাঠাগার	৪,৯৬,২৭৭
(২)	বোরাই সাধারণ পাঠাগার	৩,০৯,২০৮
(৩)	মোহনপুর রুরাল লাইব্রেরি	১,৫০,০০০
(৪)	পরিহাটি সাধারণ পাঠাগার	২,৯৪,১৬৯
(৫)	দুরবা অগ্রগামী ক্লাব অ্যান্ড পাঠাগার	১,৫০,০০০
(৬)	বোধোদয় পাঠাগার	২,৫৪,৬৫০
(৭)	পিংলা থানা গিরীন্দ্রনাথ বসু জাগরণী সংঘ রুরাল লাইব্রেরি	৩,৯৯,১৮৪
(৮)	বীরসিংহ বিদ্যাসাগর মেমোরিয়াল হল রুরাল লাইব্রেরী	২,০০,০০০

পশ্চিম মেদিনীপুরে রাজা রামমোহন রায় লাইব্রেরি ফাউন্ডেশন এবং রাজ্য সরকারের মিলিত প্রকল্প থেকে গত আর্থিক বছরে (২০০১-২০০২) ৪টি সরকার-পোষিত গ্রন্থাগার গৃহ নির্মাণ খাতে বিশেষ সাহায্য পেয়েছে।

(১)	বন্দাহী শিশির পাঠাগার	গৃহ নির্মাণ	১,৬৯,৫২৪
(২)	রত্নেশ্বরবাটি অগ্নিবীণা সাংস্কৃতিক সংসদ	ঐ	২,০০,০০০
(৩)	কেওটা খালিসা ব্রতচারী সংঘ ও পাঠাগার	ঐ	২,০০,০০০
(৪)	গগনেশ্বর উদয়ন ক্লাব ও পাঠাগার		১,৯৮,৯২২

যে সমস্ত বেসরকারী গ্রন্থাগার বিশেষ সাহায্য পাচ্ছে :

পশ্চিম মেদিনীপুর (২০০২-০৩ আর্থিক বছরে) ১০.১২.২০০২ পর্যন্ত

(১)	কানপুর হরিজন প্রগতি সংঘ অ্যান্ড মিলনী পাঠাগার— পো:-মেদিনীপুর, জেলা-পশ্চিম মেদিনীপুর	৬,০০০
(২)	দক্ষিণশোল জোনাকি পল্লী উন্নয়ন সমিতি পো:-আড়াঙ্গী, জেলা-পশ্চিম মেদিনীপুর	৬,০০০

কে.এল.ও. জঙ্গি

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯২) **শ্রী নির্মল দাস** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত দুই বছরে কে.এল.ও. জঙ্গিদের হাতে কতজন নিহত হয়েছেন এবং

(খ) কে.এল.ও. জঙ্গি ও তাদের লিংকম্যান হিসাবে রাজ্যের কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০০ এবং ২০০১ সালে মোট ১৭ (সতেরো) জন নিহত হয়েছেন।

(খ) ২০০০ সাল থেকে এ পর্যন্ত মোট ৫২ (বাহান্ন) জন কে.এল.ও. জঙ্গি এবং প্রায় ৯৫০ (নশো পঞ্চাশ) জনকে তাদের লিংকম্যান হিসাবে গ্রেপ্তার করা হয়েছে।

জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৪) **শ্রী নির্মল দাস** : শহর ও নগর পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষের কার্যকলাপ সম্প্রসারণ করে আলিপুরদুয়ার-জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ হিসাবে গড়ে তোলার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না এবং

(খ) থাকলে, পিছিয়ে-পড়া ডুয়ার্সের উন্নয়নে প্রস্তাবিত জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ কবে নাগাদ কাজ শুরু করতে পারবে ?

শহর ও নগর পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ রকম একটি প্রস্তাব সরকার পেয়েছে। বিষয়টি নিয়ে এখনও পর্যন্ত কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

আলিপুরদুয়ারে ইন্ডোর স্টেডিয়াম নির্মাণ

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৬) **শ্রী নির্মল দাস** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুরদুয়ারে ইন্ডোর স্টেডিয়াম নির্মাণ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, এর জন্য বর্তমান আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আপাতত এই ধরনের কোনো পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

প্রধানমন্ত্রী সড়ক যোজনা প্রকল্প

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৫) **শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পে রাজ্যের সড়ক উন্নয়নের জন্য জেলা পরিষদগুলিকে কী পরিমাণ অর্থ ২০০০-২০০১ ও ২০০১-২০০২ আর্থিক বছরে দেওয়া হয়েছিল এবং

(খ) তন্মধ্যে, কী পরিমাণ টাকা জেলা পরিষদগুলি খরচ করতে পারেনি ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ওই প্রকল্পে ২০০০-২০০১ আর্থিক বছরে বরাদ্দ ছিল ১২৯.০০ কোটি টাকা এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে গত ২৭.০৩.২০০১ তারিখে ওই টাকা পাওয়া গিয়েছিল। ফলে জেলা পরিষদগুলি পরবর্তী আর্থিক বছরে ওই বরাদ্দ প্রাপ্ত হয়েছিল। ২০০১-২০০২ আর্থিক বছরে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ছিল ১৪৯.৬৫ কোটি টাকা ও সেটিও মার্চ, ২০০২-তে পাওয়া গেছে এবং জেলা পরিষদে বরাদ্দ করা হয়েছে।

(খ) তন্মধ্যে জেলা পরিষদগুলি গত ৩০ নভেম্বর, ২০০২ তারিখ পর্যন্ত ১৯৪ কোটি ১৬ লক্ষ ২৪ হাজার টাকা খরচ করতে পারেনি।

এম.আর. বাঙ্গুর হাসপাতালের স্থানান্তরকরণ

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৬) **শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার জেলা হাসপাতাল এম. আর. বাঙ্গুর হাসপাতালকে কলকাতা থেকে স্থানান্তরিত করে জেলার মধ্যস্থলে নিয়ে যাবার কোনো পরিকল্পনা সরকারের আছে কি এবং

(খ) যদি থাকে, তাহলে, কবে নাগাদ এই স্থানান্তরকরণের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

রাজ্যের হাসপাতালগুলির জন্য ডাক্তার নিয়োগ

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৭) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে রাজ্যে হাসপাতালগুলিতে স্বাস্থ্য বিভাগ সম্প্রতি ৮০০ জন ডাক্তার নিয়োগ করেছেন, এবং

(খ) (১) সত্যি হলে উক্ত ডাক্তারদের নিয়োগ কী ভিত্তিতে করা হয়েছে,

(২) কবে থেকে তাঁরা শর্তানুযায়ী বেতন পাচ্ছেন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৬৭৩ জন ডাক্তার নিয়োগ করা হয়েছে।

(খ) (১) পশ্চিমবঙ্গ লোক সেবা আয়োগ কর্তৃক মনোনীত হওয়ার পর তাঁদের নিয়োগ করা হয়েছে।

(২) কাজে যোগদানের পরবর্তী মাসের প্রথম দিন থেকে।

সিস্টার নিবেদিতা সংগ্রহশালা

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩০) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর কলকাতার বাগবাজারে অবস্থিত সিস্টার নিবেদিতার বাসগৃহ অধিগ্রহণ করে সিস্টার নিবেদিতা সংগ্রহশালা গঠন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আপাতত পৌরবিষয়ক অথবা নগরোন্নয়ন দপ্তরের এমন কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

প্রাকৃতিক দুর্যোগে মৃত্যুর সংখ্যা

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৪) **শ্রী নির্মল দাস :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমান আর্থিক বছরে কতজন প্রাকৃতিক দুর্যোগে প্রাণ হারিয়েছেন ;

(খ) তাদের (পরিবারদের) কোনো আর্থিক সহযোগিতা করা হয়েছে কি এবং

(গ) হয়ে থাকলে তার পরিমাণ কত ?

ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই রাজ্যের বিভিন্ন জেলায় বর্তমান আর্থিক বছরে (১৬.১২.২০০২ পর্যন্ত) মোট ১৯৯ জন মানুষ প্রাকৃতিক দুর্যোগে প্রাণ হারিয়েছেন।

(খ) হ্যাঁ। এ পর্যন্ত ৩১ জন পরিবারের জন্য মৃত ব্যক্তির পরিবারপিছু ২০,০০০ (কুড়ি হাজার) টাকা করে সরাসরি ত্রাণ বিভাগ থেকে এককালীন অনুদান মঞ্জুর করা হয়েছে।

(গ) (১) 'খ' অংশে উল্লিখিত পরিবারগুলিকে এককালীন অনুদান বাবদ মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ৬,২০,০০০ (ছয় লক্ষ কুড়ি হাজার) টাকা।

(২) এছাড়া মৃত ব্যক্তিদের পরিবারগুলির জন্য এককালীন অনুদান বাবদ ত্রাণ বিভাগ থেকে বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩) মোট ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা সংশ্লিষ্ট জেলাশাসকদের অনুকূলে অর্থ বরাদ্দ মঞ্জুর করা হয়েছে।

(৩) অধিকন্তু, পুরনো আর্থিক বছরগুলিতে (১৯৯৮, ১৯৯৯, ২০০০ ও ২০০১ সালে) ২৮ জন মৃত ব্যক্তির পরিবারদের জন্য এককালীন অনুদান বাবদ মৃতব্যক্তি পিছু ২০,০০০ টাকা করে মোট ৫,৬০,০০০ টাকা বর্তমান আর্থিক বছরে (২০০২-২০০৩) ত্রাণ বিভাগ থেকে মঞ্জুর করা হয়েছে।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today, I have received three notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
(i)	Apprehended agitation of the kerosene oil dealers for enhancement of charges in renewal of licence	: Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira

Subject	Name
(ii) Steps taken by the State Government to ensure Fund for flood control scheme in North Bengal	: Shri Nirmal Das
(iii) Alleged murder of one Sudeb Halder at Mohishmari under Usthi P.S. of South 24-Parganas district	: Shri Gobinda Chandra Naskar

I have selected the notice of Shri Kashinath Mishra and Manturam Pakhira on the subject of apprehended agitation of the kerosene oil dealers for enhancement of charges in renewal of licence.

The Minister-in-Charge may please make a statement today, if possible or send the reply direct to the member concerned.

As today is the last day of the Session, the reply will be sent direct to the member concerned.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of Judicial Department to make a statement on the subject of implementation of the proposed scheme for Judicial Complex at Barrackpore, North 24-Parganas. (Attention called by Shri Ranjit Kundu on the 10th December, 2002).

[11.10–11.20 a.m.]

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, (১) ব্যারাকপুরে মহকুমা আদালত ভবন নির্মাণের জন্য ০.৯৭ একর জমি অধিগৃহীত হয়েছে।

(২) এরপর উক্ত ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রাক্কলন তৈরি করার জন্য মুখ্য বাস্তুকারকে অনুরোধ করা হয়েছিল।

(৩) পূর্ত দপ্তর থেকে ওই ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা ও ৩,৪৪,০৯,০০০ টাকার প্রাক্কলন ২০.৬.০১ তারিখে পাওয়া যায়।

(৪) এরপর ওই পরিকল্পনা ও প্রাক্‌কলন অনুমোদনের জন্য রাজ্য যোজনা পর্ষদের কাছে ২৬.৬.০১ তারিখে পাঠানো হয়। কিন্তু রাজ্য যোজনা পর্ষদ পরিকল্পনা ও প্রাক্‌কলনটি 'প্রমাণ মাপ' অনুযায়ী তৈরি হয়েছে কিনা তা জানতে চেয়ে ১৫.১০.০১ তারিখে নথিটি ফেরৎ পাঠায়। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, পশ্চিমবঙ্গে আদালত ভবন নির্মাণের জন্য 'প্রমাণ মাপ', কলকাতা মহামান্য উচ্চ ন্যায়ালয়ের অনুমোদনের জন্য মহামান্য উচ্চ ন্যায়ালয়ের কাছে প্রায় এক বছরের বেশি সময় পর্যন্ত পড়ে ছিল। অবশেষে সরকারীভাবে ওই 'প্রমাণ মাপ' ২১.১.০২ তারিখে অনুমোদিত হয়।

(৫) এরপর সরকারের মুখ্য স্থপতিকে নতুনভাবে পরিকল্পনা তৈরি করার জন্য ৮.২.০২ তারিখে অনুরোধ করা হয়েছিল।

(৬) এর মধ্যে মহামান্য জেলা বিচারক জানান যে আগের পরিকল্পনায় কিছু ত্রুটি থেকে গেছে। এজন্য মহামান্য কলকাতা উচ্চ ন্যায়ালয় আগের পরিকল্পনা বাতিল করেছেন। শেষে ৩.১২.০২ তারিখে জেলা বিচারক, মুখ্য স্থপতি ও বিচার বিভাগের মধ্যে একটি মিটিংয়ে ওই ত্রুটি সম্পর্কে আলোচনা হয়। এবং জেলা বিচারক, মহামান্য কলকাতা উচ্চ ন্যায়ালয়ের অনুমোদনক্রমে একটি খসড়া পরিকল্পনা ৭.১২.০২ তারিখে বিচার বিভাগে পাঠিয়েছেন।

(৭) খসড়া পরিকল্পনাটি দিয়ে মুখ্য সরকারী স্থপতিকে নতুন পরিকল্পনা দ্রুত রূপায়ণের জন্য বলা হয়েছে। আশা করা যাচ্ছে, আগামী বাজেটের মধ্যে আদালত ভবন নির্মাণের কাজ শুরু করা যাবে।

(গোলমাল)

(স্যার, ভয়েস ফ্রম তৃণমূল কংগ্রেস বেঞ্চ :—স্যার, রঞ্জিতবাবু কোথায় যিনি এই কলিং অ্যাটেনশান দিয়েছেন, যার উত্তর হল, তিনি তো প্রশ্ন করবেন।)

(গোলমাল)

মিঃ স্পীকার : আমি আগেও বলেছি, আবার বলছি, কলিং অ্যাটেনশান যারা দেন সেখানে আগে থেকে জানানো হয় যে কোন তারিখে তার রিপ্লাই আসবে। সেদিন কনসার্নড মেম্বার শুড বি প্রেজেন্ট। আনফরচুনেটলি প্রায় দেখি সংশ্লিষ্ট মেম্বার উপস্থিত থাকেন না রিপ্লাই-এর সময়। নেক্সট সেশান থেকে যিনি বা যারা কলিং অ্যাটেনশান দেবেন তিনি বা তারা উপস্থিত না থাকলে মন্ত্রিমহাশয়কে আমি উত্তর পড়তে দেব না।

LAYING OF RULES

The West Bengal Minor Minerals Rules, 2002

Shri Probodh Chandra Sinha : Sir with your kind permission, I beg to lay the West Bengal Minor Minerals Rules, 2002 published

in the Kolkata Gazette, Extraordinary of the 8th November, 2002 under Notification No. 422-CI/0/MINES-RULE/002/02/MI dated the 8th November, 2002.

The West Bengal Minerals (Prevention of Illegal Mining, Transportation and Storage) Rules, 2002

Shri Probodh Chandra Sinha : Sir with your kind permission, I beg to lay the West Bengal Minerals (Prevention of Illegal Mining, Transportation and Storage) Rules, 2002 published in the Kolkata Gazette, Extraordinary of the 8th November, 2002 under Notification No. 423/CI/0/MINES-RULE/001/02/MI dated the 8th November, 2002.

LAYING OF REPORTS

Annual Reports of the West Bengal Tourism Development Corporation Limited for the years 1988-89, 1989-90, 1990-91, 1991-92, 1992-93, 1993-94, 1994-95, 1995-96, 1996-97, 1997-98, 1998-99 and 1999-2000

Shri Probodh Chandra Sinha : Sir with your kind permission, I beg to lay the Annual Reports of the West Bengal Tourism Development Corporation Limited for the years 1988-89, 1989-90, 1990-91, 1991-92, 1992-93, 1993-94, 1994-95, 1995-96, 1996-97, 1997-98, 1998-99 and 1999-2000.

(NOISE)

Annual Reports of the West Bengal Agro-Industries Corporation Limited for the years 1983-84, 1984-85, 1985-86, 1986-87, 1987-88, 1988-89, 1989-90, 1990-91, 1991-92, 1992-93, 1993-94, 1994-95, 1995-96, 1996-97 and 1997-98

Shri Nanda Gopal Bhattacharjee : Sir, I beg to lay the Annual Reports of the West Bengal Agro-Industries Corporation Limited for the years 1983-84, 1984-85, 1985-86, 1986-87, 1987-88, 1988-89, 1989-90, 1990-91, 1991-92, 1992-93, 1993-94, 1994-95, 1995-96, 1996-97 and 1997-98.

PRESENTATION OF COMMITTEE REPORT

The First Report of the Committee on Reforms and Functioning of the Committee System, 2002-2003 :

(At this stage, the T.M.C. Members only walked-out of the Chamber)

Shri Gyan Singh Sohan Pal : Sir, I beg to present the First Report of the Committee on Reforms and Functioning of the Committee System, 2002-2003.

POINT OF INFORMATION

শ্রী মুস্তাফা বিন কাশেম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি পেয়ে একটি বিষয়ের কথা উল্লেখ করছি। সম্প্রতি উত্তর ২৪-পরগনা জেলার স্বরূপনগর এবং বাদুড়িয়ার মধ্যবর্তী স্থানে আমার নিজের বিধানসভা কেন্দ্রে স্বরূপনগরে তেঁতুলিয়া হাইস্কুলে আমাদের একটা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আমাদের জেলার সর্ববৃহৎ গণসংগঠন সারা ভারত কৃষক সভার উত্তর ২৪-পরগনার কৃষক সমিতির ২৪তম সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৩ই এবং ১৪ই ডিসেম্বর প্রতিনিধি সম্মেলন এবং ১৫ই ডিসেম্বর প্রকাশ্য সমাবেশ অনুষ্ঠিত হয়। ইতিহাস বিখ্যাত বীর তিতুমির এবং অমর শহিদ নুরুল ইসলামের রক্তভেজা মাটিতে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলন অনুষ্ঠিত করার ক্ষেত্রে এলাকার বহু মানুষ বহু প্রতিষ্ঠান সহযোগিতা করেছেন এবং তেঁতুলিয়া গার্লস হাইস্কুল সহযোগিতা করেছে। ১৫ই ডিসেম্বর প্রকাশ্য সমাবেশে সর্বজন শ্রদ্ধেয় নেতা মাননীয় জ্যোতি বসু মহাশয় উপস্থিত ছিলেন। সেই সমাবেশে ৬০ হাজার ৬৫ হাজার মানুষ সমবেত হন। আমাদের এই সম্মেলনের পর আমাদের সমস্ত স্বেচ্ছাসেবক স্বাস্থ্যবিধি মেনে ওই এলাকা পরিষ্কার করে দেয়, ব্লিচিং পাউডার ছড়িয়ে সমস্ত কিছু পরিষ্কার করে দেয়। রবিবার সকালে সমস্ত কাজ তারা শেষ করে ফেলে এবং সোমবার থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলির কাজ শুরু করে দিতে পারে, কোনোরকম অসুবিধা হয়নি। এর বাইরে কারো যদি কোনো কথা থাকে তাহলে সেটার বাস্তবের সঙ্গে মিল নেই, সর্বৈব বেঠিক কথা।

MOTION UNDER RULE 319

Mr. Speaker : Now discussion on the deterioration in law and order situation under Rule 319—Shri Somendra Nath Mitra to move his motion.

Shri Somendra Nath Mitra : Sir, I beg to move—"That the statement made on 12.12.2002 in the House by the Chief Minister

and Minister-in-Charge of Home (Police) Department on the subject of deterioration in law and order situation in the districts of Paschim Medinipur, Bankura, Purulia, Hooghly and Murshidabad in reply to Calling Attention Notice, be taken into consideration."

স্যার, গত ১২ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী যিনি পুলিশ ডিপার্টমেন্টের মন্ত্রী তিনি যে উত্তর দিয়েছিলেন, যে রিপোর্ট দিয়েছিলেন সেই রিপোর্টটাকে সম্পূর্ণভাবে মেনে না নিতে পেরে আজকের এই আলোচনার অবতারণা। ২৬.১০.২০০২ তারিখে দিবাকর মালাকার, কমিউনিস্ট পার্টির একজন কমরেড—সংবাদপত্রের সংবাদ অনুযায়ী—তাঁরা তিনজন মিলে যাচ্ছিলেন। তিন জনের মধ্যে ১ জন, দিবাকর মালাকার খুন হন। বাকি দুজন আই উইটনেস ছিলেন।

[11.20–11.30 a.m.]

সেখানে আই উইটনেসকে জেরা না করে, তাদের কাছ থেকে খুনের প্রকৃত তথ্য না জেনে দিবাকর মালাকার যেখানে খুন হয় তার থেকে প্রায় ৮ থেকে ১০ কি.মি. দূরে জামবনী ব্লক, দুবড়া গ্রামে ৩ জন নিরীহ মানুষকে খুন করা হয়। তাদের একজন হচ্ছে মোহিনীমোহন সরেঙ্গী, যার বয়স ৭৬ বছর। তিনি মাঠ থেকে বাড়িতে ফিরছিলেন তাকে পেছন থেকে তাক করে গুলি করা হয়। গুলি খেয়ে পড়ে যাবার পরে তার চোখ তীর দিয়ে উপড়ে নেওয়া হয় তারপরে তাকে আসবাবপত্র দিয়ে চাপা দিয়ে কেরোসিন তেল ঢেলে তাকে পুড়িয়ে মারা হয়। তার বাড়িও পোড়ানো হয়। তার থেকে আরেকটু দূরে শিশির সৎপতি, তাঁর বয়স ৮০ বছর, তিনি চোখে দেখতে পান না, লাঠি নিয়ে ঘোরাফেরা করেন, তাঁর স্ত্রী শিবানী সৎপতি, তাঁর বয়স ৬৫ বছর তাঁকেও একইভাবে খুন করা হল। এইভাবে একটার পর একটা খুন করা হল। ওই খুন হবার পরে পরে সেই ব্যাপারে কেউ কোনো মন্তব্য করতে পারেননি। এই যে কয়েকটি ক্ষেত্রে খুন হয়েছে, এই খুন হবার পরে তাকে রিটালিয়েশান হিসাবে খুন হয়েছে বলা হয়। কিন্তু পুলিশ সেখানে কোনো হস্তক্ষেপ না করে সেই খুনীদের খুন করার সুযোগ করে দিলেন। তারপরে আরো অবাক লাগল যে, কলকাতা শহর থেকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির হেড অফিস আলিমুদ্দিন স্ট্রিট থেকে অনিল বিশ্বাস স্টেটমেন্ট দিলেন যে, এরা সব গণরোষে খুন হয়েছে। আমার বক্তব্য যে, আমরা নির্বাচনের আগে শুনেছিলাম যে বামফ্রন্ট একটা বিকল্প উন্নত এবং উন্নততর বামফ্রন্ট তৈরি করছে। কিন্তু এর সঠিক অর্থটা কী সেটা পাওয়া যাচ্ছে না। বামফ্রন্ট আবার আরো উন্নততর হবে কেন এটা বুঝতে পারলাম না। কিন্তু এখন দেখা গেল যে, যেখানে ৭৬ বছরের মানুষকে গুলি করে খুন করা হল তখন পার্টির কেন্দ্রীয় নেতৃত্ব গণরোষ বলে আখ্যা দিচ্ছেন। সেই নেতৃত্বই আবার জনযোদ্ধাদের হাতে বেআইনি অস্ত্র আছে বলে আখ্যা দিচ্ছেন। জনগণের হাতে যদি অস্ত্র থাকে, তারা গুলি করে তাহলে জনযোদ্ধাদের হাতে অস্ত্র থাকা নিয়ে চিৎকার করার কোনো মানে হয় না। পশ্চিম মেদিনীপুর এমন একটা জায়গা হিসাবে তৈরি হয়েছে যেখানে জনযুদ্ধ, এম সি সি, নকশাল এরা সবাই মিলে একটা উত্তেজনাপ্রবণ জায়গা তৈরি করেছে। বহু সি পি এমের স্থানীয় নেতৃত্ব

এই জঙ্গীদের হাতে খুন হয়েছে। আমি তো এটাই দাবি করছি যে, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন খুন এবং খুনী কাউকেই স্পেয়ার করা হবে না। তাহলে এতগুলো যে মানুষের হাতে বেআইনী অস্ত্র আছে সেই অস্ত্র উদ্ধার হচ্ছে না কেন ? তাহলে কি ধরে নেব অস্ত্রের পাল্টা অস্ত্র দিয়ে লড়াই করবার জন্য স্থানীয় নেতা তারা তাদের কর্মীদের শিক্ষা দিচ্ছেন, দীক্ষা দিচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন ১৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে কিন্তু ঝাড়গ্রামের সাব ডিভিশান জামবনী ব্লকে নিশ্চয় জানা আছে যে, গত ১৫ বছর ধরে তিনটি নামে মানুষের আতঙ্ক সৃষ্টি হয়েছিল। হিন্দি সিনেমার গব্বরের নাম বলে যেমন বহু বাড়িতে শিশুদের ঘুম পাড়ানো হত তেমনি ওখানে ওই তিনজনের নামে সবার আতঙ্ক সৃষ্টি হয়। ওই তিনজন হলেন বাসুদেব ভকত, বুদ্ধ ভকত এবং তাঁদের সাকরেদরা। ওরা যখন এলাকায় ঘোরাফেরা করেন তখন সমস্ত ঝাড়গ্রাম মহকুমা ঘুমিয়ে পড়ে। সেই বাসু ভকতকে এক সময়ে কমিউনিস্ট পার্টি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছিল। ওই তিনজন খুন করা আসামীদের মধ্যে বাসু ভকত জামবনীর পার্টি অফিসে প্রকাশ্যে দিনের বেলা ওই এলাকায় তাণ্ডব করে বেড়াচ্ছেন। তাই আমার মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর কাছে আবেদন যে, পুলিশের অনেক রকম নিয়ম আছে। আপনি নিশ্চয় পুলিশ রিপোর্ট অনুযায়ী বলবেন যে রাম শ্যাম অ্যান্ড আদারস নেমড্, সেই আদারস নেমড্ যদি এফ.আই.আর-তে বলা হয়, সেখানে ভারতবর্ষের ১০৩ কোটি লোককে বলা যেতে পারে। কিন্তু আসল এফ.আই.আর মেন যারা, সেই মেন আসামীকে এখনো পর্যন্ত গ্রেপ্তার করা হল না কেন ? মাননীয় মুখ্যমন্ত্রী এটা বলবেন, তিনি হাউসকে এটা বলুন। দ্বিতীয়ত তারপরে দেখা গেল যে গোপীবল্লভপুরে প্রায় ৭৫ বছর বয়স্ক মানুষ রমেশ পট্টনায়ক তিনি তাঁর বাড়ি থেকে ইটভাটায় যাচ্ছিলেন, যাবার পথে তাঁকে খুন করা হল ২৯/১১ তারিখে। সেই খুনের আজ পর্যন্ত কোনো কিনারা হল না। সবং থানার পশ্চিম মেদিনীপুরে চুড়কা গ্রামে ২৫.১১.০২ তারিখে রমজান মাসে কংগ্রেস নেতা শেখ আসিফুদ্দিনকে নৃশংসভাবে খুন করা হল। সেই ব্যক্তিকে কোন অভিযোগে খুন করা হল, সি.পি.এম.-এর গুণ্ডাবাহিনী এই হত্যাকাণ্ড ঘটিয়েছে। চন্দন গুছাইত, লক্ষ্মী ঘড়াই এবং কার্তিক ঘড়াই ২৫.১১.০২ তারিখে খুন হওয়ার পরে আজও গ্রেপ্তার করা হল না। স্যার, সেদিন মুখ্যমন্ত্রী বলতে গিয়ে মুর্শিদাবাদের কথা বলেছিলেন, আমি তাই মুর্শিদাবাদের কয়েকটি ঘটনা মাননীয় মুখ্যমন্ত্রীর সামনে তথা পুলিশমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। ৩০.৮.২০০২ তারিখে নবগ্রাম থানার একটি আঞ্চলিক সম্মেলনের দেওয়ার লেখাকে কেন্দ্র করে একটা গণ্ডগোল হয়। সেই গণ্ডগোলের পরে স্থানীয় থানার ও.সি. তিনি উভয় দলের লোককে ডাকেন এবং ডেকে ঠিক করে দেন ওই দেওয়াল কারুর নয়। ওখানে কংগ্রেস লিখতে পারে। থানার ও.সি.-র আশ্বাস পাওয়ার পরে কংগ্রেসের ছেলেরা সেখানে দেওয়াল লিখতে যায় এবং ৩০.৮.২০০২ তারিখে তাদের উপর আক্রমণ করে এবং তারা এখনো চিকিৎসাধীন। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী আইনশৃঙ্খলার কথা বারবার করে বলেন, পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলার জন্য তিনি নিজেকে মুখ্যমন্ত্রী হিসাবে গর্ব অনুভব করেন। গর্ব করেন, কিন্তু তাতে আমার আপত্তি নেই। কিন্তু তার জেনে রাখা উচিত যে, রঘুনাথগঞ্জ থানার গিড়িয়া গ্রামে, এখানে গত কয়েক বছর ধরে কংগ্রেসের প্রায় ৪৩টি পরিবার তারা গ্রামে ঢুকতে পারছে না। পুলিশের কাছে বহু বলা সত্ত্বেও এবং ওখানে

অল পার্টি মিটিং করার পরেও সেখানে সিদ্ধান্ত হয়, যে যার ঘরে ফিরে আসবে। ঘরে ফিরে আসার পরে আবার তাঁদের মারধোর করে তাড়িয়ে দেওয়া হয়। আমি নাম বলে সময় নষ্ট করতে চাই না। স্যার, আর একটা কাজীর বিচার এখানে বলছি। আবেদ শেখ অফ আন্থুয়া ভিলেজ—এখানে তাঁকে ফাইন করে, ফাইনটা পুলিশ করেনি, কোর্ট করেনি, স্থানীয় সি.পি.এম.-এর লিডাররা তাঁকে ফাইন করে, ৩০ হাজার টাকা দিতে হবে। সে জানতে চায়, আমি যে টাকা দেব, কী অপরাধ আমার। তাঁকে অপরাধের কোনো কথা বলা হল না, তাঁকে নোটিশ দেওয়া হল—৩০ হাজার টাকা দাও, তাহলে ঘরে থাকতে পারবে। নাহলে পারবে না। এটা পুলিশকে ডাইরি করার পরেও এখন পর্যন্ত আবেদ শেখ, সে তাঁর ঘরে থাকতে পারছে না। উনি যেহেতু মুর্শিদাবাদের কথা বলেছিলেন, তাই বললাম।

[11.30–11.40 a.m.]

২৭.৭.২০০২ তারিখে আরেকটি ঘটনার কথা বলছি, সঞ্জয় ঘোষ, বাড়ি আলুগ্রাম জি.পি, আন্ডার ভরতপুর পি.এস। তাকে খুন করা হল এবং সন্দেহ করা হল তাকে সি.পি.এমের মিসক্রিয়েন্টসরা খুন করেছে। কিন্তু সেই খুন হবার পরে দেখা গেল খুনীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হল না। উপরন্তু সেই সঞ্জয় ঘোষের বাবাকে পুলিশ থানায় ডেকে নিয়ে গিয়ে তার স্টেটমেন্ট উইথ ড্র করার জন্য তার উপরে অত্যাচার করে এবং তাকে মেন্টাল টর্চার করা হয়।

১০.১০.২০০২ তারিখের ঘটনাটা আরও অদ্ভুত। এখানে অফিসার ইনচার্জ কাঁদি পুলিশ স্টেশান কলড্ ফর ওসমান শেখ, তাকে থানায় ডেকে নিয়ে গিয়ে তাকে ১৩.১০.২০০২ তারিখ পর্যন্ত পুলিশ লকআপে রাখা হয়। থানার লকআপ থেকে বেরিয়ে আসার পরে পুলিশ তাকে আবার গ্রেপ্তার করে। পুলিশ বলে উদয়চাঁদপুর, আন্ডার বহরমপুর পি.এস, সেখানে ১১.১০.২০০২ তারিখে একটা মার্ডার হয়, সে নাকি ওই মার্ডার কেসের আসামী। পুলিশ লকআপে যাকে ১৩.১০.২০০২ তারিখ পর্যন্ত রাখা হয়, সে কী করে ১১.১০.২০০২ তারিখের খুনের আসামী হিসাবে অভিযুক্ত হয় ? পুলিশ এইভাবে গ্রামে গ্রামে কাজীর বিচার শুরু করেছে। আরেকটা অদ্ভুত ঘটনার কথা আমি বলছি, মন্তেশ্বর থানার ভাগড়া গ্রামের পুলিশ কনস্টেবলের স্ত্রীকে খুন করা হয়। প্রথম পোস্ট মর্টেম রিপোর্টটাতে বলা হয়—ইট ইজ এ ন্যাচারাল ডেথ। তারপরে যখন লোকাল লোকেরা চাপ দেয় ও সাধারণ মানুষের বিশ্বাস হয় না প্রথম পোস্ট মর্টেম রিপোর্ট, তখন পুলিশ বাধ্য হয় সেকেন্ড পোস্ট মর্টেম করতে। সেকেন্ড পোস্ট মর্টেম রিপোর্টে দেখা গেল দেহে অনেকগুলো আঘাতের চিহ্ন রয়েছে এবং ইট ইজ এ কেস অফ ক্লিয়ার মার্ডার। এই মার্ডার কেসকে ন্যাচারাল ডেথ বলার কারণ কি সেটা নিশ্চয় মাননীয় পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বলতে পারবেন। কিন্তু এই ঘটনা রেকর্ডেড।

স্যার, এছাড়াও সেদিন কথা বলতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে পশ্চিমবাংলায় কিছু কিছু ঘটনার কথা উল্লেখ করেছিলাম। আমি তিনটি ঘটনা ওনার সামনে রাখতে চাই।

আমডাঙা থানার অরুণ ঘোষ বলে একজন কংগ্রেস কর্মীকে সকাল আটটায়, প্রকাশ্য দিনের বেলায় তার বাবা এবং স্ত্রীর সামনে খুন করা হল। খুন করার পরে খুনীরা এলাকা দিয়ে হাঁটতে হাঁটতে চলে গেল। ওখানে সবাই জানেন কারা খুনী। কিন্তু সেই খুনীদের আজও অবধি গ্রেপ্তার করা হল না। ২১.৮.২০০২ তারিখে ভাঙড় থানায় আজিবুর রহমান—যিনি ১৯৮৬ সালে ওই এলাকার কংগ্রেস প্রার্থী ছিলেন—তাকে খুন করা হল এবং তার স্ত্রী এবং বাচ্চারা দেখলেন। এই খুনের সংবাদ পাওয়ার পরে আমি যখন এস.পি., সাউথ ২৪-পরগনাকে ফোন করলাম, তখন তিনি বললেন, খুনীদের নাম আমি পেয়ে গেছি, খুনীদের গ্রেপ্তার করব। ২১.৮.২০০২ তারিখে খুন হবার পর আজ পর্যন্ত কিন্তু আজিবর রহমানের খুনীরা গ্রেপ্তার হল না। স্যার, আর একটি ঘটনার কথা আপনাকে বলছি। মুখ্যমন্ত্রী যতই বলুন না কেন, আমরা দেখছি খুন করেও খুনীরা গ্রেপ্তার হয় না—যদি তাদের পলিটিক্যাল অ্যাফিলিয়েশন রুলিং পার্টির সাথে থাকে। এটা শুধু আমার অভিযোগ নয়, এটা বামফ্রন্টের শরিক দল আর.এস.পি., ফরোয়ার্ড ব্লক, সি.পি.আই. অনেকবার বলেছে। তেমনি একটি ঘটনার কথা বলছি, মুখ্যমন্ত্রীর সঙ্গে ব্যক্তিগতভাবে দেখা করেও বলেছি। মন্দিরবাজারের নিকুঞ্জ পাইক, যে ৩০২-এর আসামী, মার্ডার কেসের আসামী, তাকে পুলিশ গ্রেপ্তার করতে সাহস পায়নি যেহেতু তিনি সি.পি.এম দলের প্রাক্তন এম.এল.এ.। মন্দিরবাজারে বসে সে বিচার করে। আর, মগরাহাটের আবুল বাশার লস্কর, কংগ্রেসের প্রাক্তন বিধায়ক, তাকে খুনের কেসে গ্রেপ্তার করা হল এবং কোমরে দড়ি বেঁধে, হাতে হ্যান্ডকাফ লাগিয়ে তার বিধানসভা কেন্দ্রে ঘোরানো হল। মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী যতই বলুন না কেন খুন এবং খুনী কারো সঙ্গে আপস করা হবে না, সেটা যে ভুল তা এইসব ঘটনা থেকেই বোঝা যায়। বর্তমান বিধায়ক অসিত মিত্র, গতকাল হাউসেও বলেছেন, তার বাড়িতে পুলিশ কনস্টেবল গিয়ে অশালীন ব্যবহার করেছে।

কলেজ নির্বাচন শুরু হয়েছে। সেখানে যাতে ছাত্র পরিষদের পক্ষ থেকে নমিনেশন জমা দিতে না পারে তার জন্য বহিরাগত সমাজবিরোধীদের দিয়ে ভয় দেখানো হচ্ছে। উলুবেড়িয়া কলেজে ছাত্র পরিষদের নমিনেশন উইথড্র করার জন্য ছাত্র পরিষদের কর্মীদের মারধোর করা হচ্ছে।

দক্ষিণবঙ্গে এম.সি.সি., জনযুদ্ধ এবং উত্তরবঙ্গে কে.এল.ও., কে.পি.পি.-র বিরুদ্ধে যে ব্যবস্থা নেওয়া হয়, সেখানে তাদের যদি চিহ্নিত করার চেষ্টা করা হত তাহলে আমাদের কোনো আপত্তি ছিল না। কারণ, আমরা খুনের রাজনীতিকে সমর্থন করি না, অস্ত্রের বিরুদ্ধে অস্ত্রের লড়াইকে সমর্থন করি না। দক্ষিণবঙ্গে যারা এম.সি.সি. বা জনযুদ্ধের হয়ে লড়াই করছে, তাদের চিহ্নিত করার ব্যবস্থা করুন। আমরা দেখছি এম.সি.সি., জনযুদ্ধ বা কে.এল.ও., কে.পি.পি.-র সুযোগ নিয়ে পুলিশ কংগ্রেসের কর্মীদের উপর অত্যাচার শুরু করেছে। স্যার, আমার বক্তব্য এখানে যে, যদি সত্যিই মুখ্যমন্ত্রী উন্নততর বামফ্রন্ট চান, তাহলে রাজনীতির ঊর্ধ্বে উঠে, তিনি যে বামফ্রন্টের প্রশাসনিক হেড এটা প্রমাণ করার জন্য সাধারণ মানুষের মধ্যে ভীতির বাতাবরণ কাটিয়ে আশ্বাস ফিরিয়ে আনবেন, একটু আস্থা ফিরিয়ে আনবেন পুলিশ প্রশাসনে। এটাই মাননীয় পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে আমার দাবি। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ইউনুস সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের সদস্য শ্রী সোমেন্দ্রনাথ মিত্র মহাশয়, ৩১৯ ধারায় যে নোটিশ দিয়েছেন, তাতে বলা হয়েছে যে, পশ্চিমবাংলার মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, হুগলী, মুর্শিদাবাদ জেলায় আইনশৃঙ্খলার অবনতি হয়েছে। এই কথা কেন বললেন আমি জানি না। আসলে, আইনশৃঙ্খলা বলতে গেলে, তাঁর দলের মধ্যে এমন অবস্থা হয়েছে যে, দলটা ঠিক রাখা সম্ভব হচ্ছে না, সেই কারণে দলে ঐক্য রাখার জন্য এই ধরনের নোটিশ তাঁকে দিতে হয়েছে।

স্যার, আমি প্রথমে একটা কথা বলতে চাই, যে ৫টি জেলার কথা বলছেন, তার মধ্যে যদি আমি মুর্শিদাবাদ জেলার কথা বলি, তাহলে মাননীয় সদস্য, যিনি সামনে বসে আছেন মাননীয় অতীশবাবু, তাঁকে বলতে হবে বিপদ একটা বাড়ছে। কোথাকার বিপদ, কোন দিক থেকে আসছে ? কিছুদিন আগে হাটপাড়ায় উনি মিটিং করতে গিয়েছিলেন। মাননীয় সোমেনবাবুর খুব ঘনিষ্ঠ একজন সাংসদ এবং কংগ্রেসের মুর্শিদাবাদ জেলার সভাপতি—তার ধুতি ধরে টানাটানি শুরু করেছে।

[11.40–11.50 a.m.]

যদিও তিনি এখন প্যান্ট পরছেন। এই ধরনের ব্যাপার আছে। এছাড়া বহরমপুরের পৌরসভার কথা আপনি জানেন। ইতিমধ্যে শুনেছেন যে, বহরমপুরের পৌরসভার চেয়ারম্যান তাদেরই। চেয়ারম্যান টাকা আত্মসাৎ করেছেন এই বলে কংগ্রেসেরই লোক তাকে খুন করার হুমকি দিচ্ছেন। খুন করার পরিবেশ তৈরি করছেন। আপনারা খুন খারাপির পরিসংখ্যান দিয়েছেন। আমি বলতে চাই মুর্শিদাবাদ জেলায় '৯৯ সালে ২০টা ডাকাতি হয়েছে। ২০০০ সালে ২০টা ডাকাতি হয়েছে, ২০০১ সালে ২০টা ডাকাতি হয়েছে। ২০০২ সালের নভেম্বরে ১৩টা ডাকাতি হয়েছে। মার্ডার কেস ১৯৯৯ সালে ১৯৩টা, ২০০০ সালে ১৩১টা, ২০০১ সালে ১৩০টা, ২০০২ সালের নভেম্বরে ১১১টা। এছাড়া মুর্শিদাবাদের নাদের হোসেন মোল্লা, রেজওয়ান এদের কে কারা খুন করেছে ? এখানে সোমেনবাবু বললেন নবগ্রামে তাদের দেওয়াল লিখনকে কেন্দ্র করে তাদের কর্মীকে মারধোর করা হয়েছে। আমি উল্লেখ করতে চাই যে, ওই দেওয়াল লিখনের পারমিশান থানার ওসির থেকে সি.পি.আই.এমকে দেওয়া হয়েছিল এবং সি.পি.এমের জোনাল কমিটির সদস্য সুনীল ঘোষ নিষেধ করতে গিয়েছিলেন, তখন তাকে প্রচণ্ড মারধোর করা হয়। ১০ দিন পি.জি. হসপিটালে তাকে ভর্তি হতে হয়েছিল। এখানে সোমেনবাবু অসত্য কথা বললেন। এছাড়া সুধীর সিং সরকার এল.সি.এম. শালবনী তাকে খুন করেছে কারা ? তৃণমূল এবং কংগ্রেস মিলিতভাবে খুন করে জনযুদ্ধ গোষ্ঠীর নাম করছেন। অনিল মাহাতো প্রাথমিক স্কুলের শিক্ষক তাকে স্কুল থেকে ডেকে নিয়ে খুন করা হয়েছে। গোয়ালতোড়ের অজিত ঘোষ, তিনি হাইস্কুলের মাস্টারমশায়, তিনি সিকিউরিটি নিয়ে বাড়ি ফিরছিল। তাকে খুন করে দেওয়া হল। বাঁকুড়ার জয়রামবাটির সিনেমা হলের কর্মী দিবাকর মালাকারকে সিনেমা হলেরই সামনে খুন করা হল। জলপাইগুড়িতে বহু ঘটনা ঘটেছে। কংগ্রেসের মদতে ধুপগুড়ির গোপাল চাকি পার্টি

কমিটির সদস্যসহ ৫ জনকে খুন করা হয়। এরপরেও এরা বলছেন আইনশৃঙ্খলার কথা। কিন্তু তারা নিজেদের লোককে রক্ষা করতে পারছে না। অথচ তারা বলছে আইন শৃঙ্খলা নেই এবং তারা নোটিশ এনেছেন। আমি মনে করি এই নোটিশ আনার অধিকার নেই। তাই নোটিশের বিরোধিতা করছি।

শ্রী আবদুল মান্নান : স্যার, এখানে একটা কথা জিজ্ঞাসা করছি আপনি দলের টিকিটে জিতে আসেন, কিন্তু যখন আপনি চেয়ারে বসেন তখন আপনি নিউট্রাল হয়ে যান। মাননীয় মুখ্যমন্ত্রী যখন বক্তব্য রাখবেন, তখন স্বাভাবিক কারণে আশা করব তিনি একজন মুখ্যমন্ত্রী হিসাবে বক্তব্য রাখবেন, তিনি দলের নেতা হিসাবে নয়। আপনি সেদিন বলেছিলেন যে, দলমত নির্বিশেষে দোষীদের গ্রেপ্তার করবেন। কিন্তু নারায়ণগড়ের পার্টি অফিস বোম্ব ব্লাস্টে উড়ে গিয়েছিল। আর একটু দূরে আপনাদের পার্টির লোক লোকাল কমিটির সেক্রেটারীর বাড়ি উড়ে গিয়েছিল। পার্টি অফিসে বোম্ব ব্লাস্টে ৫জন মারা গিয়েছিল। এরজন্য কারা দায়ী ? তদন্ত করে খুঁজে বার করতে পেরেছেন ? আপনার দলেরই লোক পার্টি অফিসে বোমা তৈরি করছে ? ওখানে তিনজন মন্ত্রী। নন্দবাবু, মহেশ্বর মুর্মু এবং সূর্যকান্ত মিশ্র, তাই আপনি ওখানে গেলেন না। আপনি বললেন কে.এল.ও.-র অত্যাচারে কমরেড খুন হয়েছে। ওটা দুঃখজনক ঘটনা। আপনি সেখানে গেলেন না। আর.এস.পি-র কর্মী খুন হল, আপনারই সহকর্মী গণেশ মণ্ডল সেখানে গেলেন। কিন্তু আপনি সেখানে গেলেন না কেন ? আজকে জনযুদ্ধের নাম করছেন। মেদিনীপুর জেলার কোনো বুথে একটার বেশি ভোট পায়নি। ২৫-৩০টার বুথ আপনার পার্টির লোক দখল করে রেখেছিল। আপনি সেখানে ভোট করতে দেননি। আপনি পুলিশ প্রশাসনকে ব্যবহার করে আপনার দলের বৈতরণী পার হওয়ার চেষ্টা করছেন পুলিশকে আপনি নিষ্ক্রিয় করে দিয়েছেন। পুলিশকে ব্যবহার করে আপনি গুণ্ডামি বন্ধ করতে পারেননি, আজকে গোটা পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা ভেঙে পড়েছে সেজন্য এই মোশন এনেছি। আমি আমার মোশনের স্বপক্ষে বক্তব্য রাখলাম।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী নেতা যে মোশন এনেছে আমি তার বিরোধিতা করছি। আমি দু-একটা কথা বলতে চাই, বেশি কথা বলব না, উনি একটা উলুবেড়িয়া কলেজের কথা এখানে বলছেন। আমি কালকে সেই জায়গায় ছিলাম। ছাত্র-পরিষদের নাম মুছে গেছে। কোনোরকমে তারা ১৭টা নমিনেশন ফাইল করতে পেরেছে। তারাই প্রিন্সিপালের টেবিল চাপড়ে অশান্তি সৃষ্টি করেছে। আমি সেখানে বসেছিলাম। উলুবেড়িয়া কলেজে ফেডারেশন, ব্লক কেউ পরিষদের ছাত্রদের অত্যাচার করেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, মুর্শিদাবাদে এইরকম ঘটনা ঘটছে। ক্রিমিনাল কোন দলের নয়। ক্রিমিনাল তৈরি হয়েছিল অনেকদিন আগে। আমি কেশপুরে গিয়েছিলাম অ্যাসেম্বলি টীম নিয়ে। আমি নিজে আলাদাভাবে খবর নিলাম। তারা বলল আমরা আগে কংগ্রেস করতাম মাঝখানে কিছুদিন বামপন্থী করতাম, এখন তৃণমূল করি। তারা সেই জমিদার, ল্যান্ডলর্ড কেশপুরে সব জায়গায় গণ্ডগোল সৃষ্টি করছে তৃণমূলের ছত্রছায়ায়। ঝাড়খণ্ডে

আমাদের কর্মী সুশান্ত ঘোষকে খুন করা হল। পশ্চিমবাংলায় শরিকী সংঘর্ষ আছে, রাজনৈতিক সংঘর্ষ আছে ঠিকই কিন্তু ক্রিমিনালের জন্ম দিয়েছে কারা। ৭৫ সালে কি ছিল, ৭৫ সালে মানুষের অধিকার কেড়ে নেওয়া হয়েছিল। পুলিশকে খুন করা হয়েছে, নকশাল বলে গুলি করা হয়েছে। আজকে ২৬ বছর ধরে আমরা আছি। ক্রিমিনাল একটা জাত, সমাজবিরোধী একটা জাত। তাদের রাজনীতিগতভাবে আমরা নিশ্চয়ই তার মোকাবিলা করার চেষ্টা করছি উইথ দি হেল্প অব পুলিশ। আজকে আমরা জানি যে কংগ্রেসের লোক কংগ্রেসকে খুন করছে। অন্যান্য রাজ্যের চেয়ে পশ্চিমবাংলা এখনও অনেক শান্ত আছে গণতান্ত্রিকভাবে প্রতিটি রাজনৈতিক দল এখানে সভাসমিতি করতে পারে, মিছিল করতে পারে। তাই যে কথাগুলো বলছেন সরষের মধ্যে ভূত আছে, সেই ভূতকে তাড়াতে হবে, দলমত নির্বিশেষে এইগুলো করা উচিত। তাই বলব যে আপনারা সজাগ হোন রাজনৈতিক নেতৃবৃন্দ যারা আছেন কর্মীদের সাবধান করার চেষ্টা করুন। কর্মীদের মানুষের সঙ্গে মিলেমিশে চলতে হবে। রাজনীতির ঊর্ধ্বে যেতে পারবে না এই কথা বলে এই নোটিশের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[11.50–12.00 noon]

শ্রী নির্মল চন্দ্র দাস : স্যার, এখানে সোমেন মিত্র এবং আবদুল মান্নান ৩১৯-এর ধারায় যে নোটিশ দিয়েছেন আমি জানি না এর প্রাসঙ্গিকতা কোথায়। ওঁরা অনাস্থা এনেছেন, ওরা যে কিছুটা ছত্রভঙ্গ বোঝা যাচ্ছে। আমাদের দেশে সামগ্রিক ভারতবর্ষের পরিস্থিতিতে সংঘাত আরো বেড়েছে, তার মধ্যে চেষ্টা করতে হবে সংঘর্ষ কি করে কমানো যায়। এখানে আমাদের যিনি প্রস্তাবক সোমেন্দ্রনাথ মিত্র তিনি তাঁর বক্তব্যে কে.এল.ও. জঙ্গির গল্প বললেন! এ ব্যাপারে আমাদের অভিজ্ঞতা করুণ। এঁরা এবং তৃণমূলের মদতে আজকে উত্তরবঙ্গে কে.এল.ও. জঙ্গিদের অ্যাকটিভিটিজের জন্য ২১ জন ছিল, কালকে ২২ জন মারা গেছেন। গত পরশু দিন ময়নাগুড়িতে একজনের মৃত্যু হয়েছে। স্যার, আপনি জানেন এর পিছনে ওঁদের প্রচ্ছন্ন মদত আছে। তৃণমূল যেভাবে তাদের মদত দিচ্ছে তাতে আমি তাদের আসামীর কাঠগড়ায় দাঁড় করাব। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব আপনি উন্নত বামফ্রন্ট উপহার দিতে চেয়েছেন, সেখানে পুলিশ যাতে পরিচ্ছন্নভাবে চলে সেটা আপনাকে দেখতে হবে। আর.এস.পি.-র সঙ্গে যুক্ত বহু মানুষ, বহু সমর্থক তাদেরকে পুলিশ হেক্‌ল করছে লিংক ম্যানের নাম করে এবং উত্তরবঙ্গের কিছু কিছু জায়গায় পুলিশ মারামারি করছে। আপনি বলেছেন নির্দিষ্টভাবে ধরতে হবে। আপনার নির্দেশে ওখানে কিছু লোক জামিন পেয়েছে, তাদেরকে জামিনে মুক্ত করার কোনো সুযোগ হচ্ছে না। আজকে বিধানসভা চলছে কিন্তু যারা বিধানসভার বাইরে নাটক করছে আইনজীবীদের আন্দোলনের নাম করে, কিন্তু বহু মানুষ আজকে জেলের অভ্যন্তরে রয়েছে এবং সেখানে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলবো আপনি যে কথা ঘোষণা করেছেন সেটা যাতে পুলিশ অফিসাররা কার্যকরী করেন সেটা দেখতে হবে, প্রয়োজন হলে সেখানে রিসাফলিং করা দরকার। আমাদের যে ঘোষিত নীতি বামফ্রন্ট সরকারের পুলিশমন্ত্রী হিসাবে আপনি যে কথা বলেছেন সেটা যাতে

কার্যকরী হয় সেটা দেখতে হবে। আজকে দায়িত্বশীল বিরোধীপক্ষ তাঁরা তাঁদের দায়িত্ব পালন করছেন না, তাঁরা পলিটিক্যাল রাইভ্যালরীর নাম করে নানান জায়গায় উসকানি দিচ্ছেন। পুলিশ যাতে দলমত নির্বিশেষে সবাইকে আইন পরিষেবা দিতে পারে সেটা সুনিশ্চিত করার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সোমেন্দ্রনাথ মিত্র এবং প্রমুখ আজকে ৩১৯ ধারায় যে প্রস্তাব এনেছেন আমি তার উপর আলোচনা করতে গিয়ে প্রথমেই বলতে চাই শাসক দল সি.পি.এম.-এর মদতপুষ্ট খুনে বাহিনীর খুনোখুনির রাজনীতি আজকে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে যেরকম অবস্থায় এনে দাঁড় করিয়েছে সেটা সত্যিই উদ্বেগজনক। আপনি জানেন গত ১লা অক্টোবর দক্ষিণ ২৪-পরগনার কুলতলির নলগড়ায় এস.ইউ.সি.-র আঞ্চলিক পার্টি অফিসে তারা যখন পড়াশোনা করছিল রাত্রি সাড়ে ৮টার সময় তখন সি.পি.এমের খুনে বাহিনী সশস্ত্র হয়ে অতর্কিতে তাদের উপর আক্রমণ করে। সেই আক্রমণে এস.ইউ.সি.আই. দলের দক্ষিণ ২৪-পরগনা জেলা কমিটির সদস্য অশোক হালদার, যুবনেতা মস্‌লেম মিস্ত্রী নৃসংশভাবে খুন হন। সুন্দরবন অঞ্চলের প্রবাদ প্রতীম নেতা ৮৩ বছরের ধীরেন ভাণ্ডারী তাদের হাতে আক্রান্ত হন। ওই অঞ্চলের গ্রামপঞ্চায়েতের উপপ্রধান সম্পাদক এস.ইউ.সি.আই দলের লোকাল কমিটির শঙ্কর ভাণ্ডারীর মাথায় গুলি লাগে এবং আমাদের দলের আরো অনেকে সেখানে আহত হন। আপনি জানেন ১৯৯৭ সালের ১১ই জানুয়ারী আমাদের দলের রাজ্য কমিটির সদস্য তেভাগা আন্দোলনের প্রবাদ প্রতীম নেতা এবং প্রবীণ সদস্য আমির আলি হালদার জয়নগরের বাইশহাটায় তাঁকে খুন করা হয়। এর দু'মাস পরে ১৯৯৭ সালের মার্চ মাসে কুলতলির দেবীপুরে আমাদের ৫ জন কর্মীকে সি.পি.এম. ঘাতকবাহিনী নৃশংসভাবে খুন করে বস্তার মধ্যে পুরে ঠাক্‌রা নদীতে ভাসিয়ে দেয়। এইভাবে ওদের হাতে আমাদের শতাধিক নেতা খুন হন। এই সমস্ত কেসে আসামীদের সাজা হচ্ছে না, কোনো কেসের বিচার হচ্ছে না। শুধু আমাদের দলের উপরেই আক্রমণ হচ্ছে তাই নয়, সমস্ত বিরোধী কণ্ঠকে স্তব্ধ করে দেওয়ার জন্য অন্যান্য বিরোধী দল এমনকি ফ্রন্টের শরিক দলগুলির উপরেও এই আক্রমণ চলছে। তাদের কেস দিচ্ছে। সরকারী দলের বিরুদ্ধে যারা তাদের উপর খুন হত্যার রাজনীতি চলছে। ঘটনার পর আজকে প্রায় পৌনে ৩ মাস অতিক্রান্ত হয়ে গেল নলগড়া হত্যাকাণ্ডের আসামীরা ধরা পড়ল না। নলগড়া হত্যাকাণ্ডের ব্যাপারে সদর্থক বিচার হয়নি, আসামীরা সাজা পায়নি। তাই আমার দাবি নলগড়া হত্যাকাণ্ডে দায়ী খুনীদের গ্রেপ্তার করতে হবে, রাজনৈতিক খুনোখুনি বন্ধ করতে হবে। পুলিশ প্রশাসনকে নিরপেক্ষ ও স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে, কোনো রাজনৈতিক হস্তক্ষেপ চলবে না। রং বিচার না করে ক্রিমিনাল মাত্রেই সাজা দিতে হবে। দক্ষিণ ২৪-পরগনায় একের পর এক খুন হত্যাকাণ্ড, সন্ত্রাসের নেপথ্য নায়ক মন্ত্রী সভার সদস্য মাননীয় কান্তি গাঙ্গুলীকে অপসারণ করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বলা হচ্ছে জনযুদ্ধ গোষ্ঠী, কামতাপুরিদের পেছনে নাকি আই.এস.আই.-এর মদত আছে। বি.জে.পি. আজকে সন্ত্রাসবাদ, আতঙ্কবাদকে দেশের

সামনে মূল সমস্যা বলে তুলে ধরে সুপরিকল্পিতভাবে মুসলিম জনগোষ্ঠীকে এর সাথে জড়িয়ে দিতে চাইছে। এবং এইভাবে তারা একদিকে সন্ত্রাসবাদ এবং অন্যদিকে সাম্প্রদায়িকতাকে হাতিয়ার করে গোটা দেশের জনগণের উপর আক্রমণ নামিয়ে আনছে। এই অবস্থায় যখন দেশের মানুষ গণ-আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে চাইছে তখন তাকে পর্যুদস্ত করার জন্য সন্ত্রাসবাদ সাম্প্রদায়িকতার ধুয়ো তুলে 'পোটা' আইন করা হয়েছে। মাননীয় বুদ্ধবাবু ও পশ্চিমবঙ্গের পরিপ্রেক্ষিতে এখানে 'পোকা' আইন করতে চাইছেন। আমরা আরো দেখতে পাচ্ছি আদবানিজী মুখ্যমন্ত্রীর প্রশংসা করছেন। আমাদের এখানে যে কোনো ধরনের সন্ত্রাসবাদী কার্যকলাপের পরিপ্রেক্ষিতে বলা হচ্ছে আই.এস.আই., আল কায়দা যুক্ত আছে। কিন্তু এখন আর সি.আই.এ.-র কথা কেউ বলছেন না। সি.আই.এ. কি বাণপ্রস্থ অবলম্বন করেছে। সি.আই.এ.-কে কিছু না বলার কারণ হচ্ছে আজকে মার্কিন পুঁজির কৃপায় তাদের গদিতে টিকে থাকতে হচ্ছে। সেইজন্য তারা সি.আই.এ.-র কথা মুখে আনছেন না। বি.জে.পি. গণ-আন্দোলনের কবর সৃষ্টি করছে। এতে বামপন্থারও কবর সৃষ্টি হবে। সেইজন্য মাননীয় বুদ্ধদেববাবুকে বলব এগুলো চিন্তা-ভাবনা করে সিদ্ধান্ত নেবেন। যাই হোক, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী দলের নেতা শ্রী সোমেন মিত্র এবং শ্রী মান্নান সাহেব যে প্রস্তাব এখানে দিয়েছেন আমি তার সম্পর্কে কয়েকটা কথা বলছি।

মাননীয় সোমেনবাবু জামবনির ব্যাপারে আগের দিন আলোচনার সময় যা বলেছিলেন আজকেও তাই বললেন, পুনরাবৃত্তি করলেন, নতুন বক্তব্য কিছু নেই। তাই আমাকে বলতে হচ্ছে, প্রথম খুন হয়েছিলেন আমাদের-কর্মী দিবাকর মালাকার। তারপর পাল্টা খুন হয়েছেন মোহিনি সারেঙ্গী। এই খুন সম্পূর্ণভাবে নিন্দনীয়, আগের দিনও বলেছি আজও বলছি। এটা কল্পনা করা যায় না। প্রথমে খুন হল এবং পাল্টা গিয়ে খুন করে আসল। নিশ্চিতভাবে এটা হওয়া উচিত নয়। এটা আমাদের কর্মীরা ভয়ঙ্কর অন্যায় করেছেন। গণরোষের ব্যাপার এটা নয়। আগের দিনও বলেছি, আবার বলছি, ১৩ জন সি.পি.এম. কর্মীকে নির্দিষ্ট করা হয়েছিল যে তারা খুন করেছে। তাদের গ্রেপ্তার করা হয়েছে। যে একজন নেতার নাম বলেছেন, ওই নেতা জড়িত কি না সেটা খোঁজ নিতে হবে। কিন্তু ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের গ্রেপ্তার করা হয়।

(At this stage, Shri Abdul Mannan rose to speak.)

[12.00–12.10 p.m.]

তাদের মাথা ধরতে গেলে তো অনেক জায়গায় যেতে হয়। জামবনির ঘটনার আমি আগের দিনও নিন্দা করেছি, আজকেও নিন্দা করছি। মাননীয় সোমেনবাবু আরো যেটা করলেন—এমন নির্দিষ্ট ঘটনা বলতে আরম্ভ করলেন—এটাও ওঁনার মনে থাকে আমি দেখেছি, কাগজ

ছাড়াও বলতে পারেন। উনি গোপিবল্লভপুর, সবং, নবগ্রাম, রঘুনাথগঞ্জ, খড়্গপুর, কান্দি, তারপর জেলা ছাড়িয়ে চলে এলেন মন্তেশ্বর, ভাঙড়। মাননীয় মান্নান সাহেব চলে গেলেন মেদিনীপুরের নারায়ণগড়, প্রস্তাবের মধ্যে তা ছিল না। প্রস্তাবের মধ্যে যা ছিল তার মধ্যে আমি শুধু ২-৩টির উত্তর দিচ্ছি। প্রথমত হচ্ছে, সবং-এ শেখ আসারউদ্দিন খুনের মামলায় সি.পি.আই.এমের ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার হয়নি, তা নয়, ঠিক বলেননি। গোপিবল্লভপুরে রমেশ পট্টনায়কের খুনে মূল অভিযুক্ত লক্ষ্মণ মূর্মূকে গ্রেপ্তার করা হয়েছে। যারা খুন করেছে, আপনারা বলেছেন তারা আমাদের দলের। এই যে গ্রেপ্তার করা হয়েছে, এতেই প্রমাণ হয় যে, আপনারা যেটা বললেন, 'আপনি রাজনীতির ঊর্ধ্বে উঠুন'—আমি রাজনীতির ঊর্ধ্বে উঠেছি বলেই আমার পার্টির লোকরা খুন করলে আমি গ্রেপ্তার করি। এই হচ্ছে আমাদের নিয়ম, যেটা আপনারা কোনোদিন ভাবতেও পারেননি, কল্পনাও করতে পারেননি। নারায়ণগড় নিয়ে যেটা আপনি বললেন—সেক্ষেত্রে আমরা গ্রেপ্তার করেছিলাম। সেটা ভুলে গেছেন। রাজনীতির ঊর্ধ্বে আছি বলেই, এই দায়িত্বে আছি বলেই বলছি—কোন দলে আছেন, কোন দলে নেই—এটা আমাদের দেখার প্রশ্ন নয়, খুন হলে গ্রেপ্তার হবে, এই হচ্ছে সরকারের নীতি। দ্বিতীয়ত মাননীয় সোমেনবাবু আরেকটা কথা বলেছেন, রাজনৈতিক মদত। রাজনৈতিক মদত—দু'পক্ষই, সরকারী দলগুলো যারা আমরা বামফ্রন্টে আছি, আমরাও যেমন দেখছি, আপনারাও রাজনৈতিক মদত বন্ধ করুন, না হলে খুব মুশকিল। আপনার বাল্মীকি যদি অতীশদার কাছা খুলে টানেন, তাহলে কি হবে ? অতীশদার কাছা ধরে টানছে আপনার বাল্মীকি, এটা হচ্ছে আপনাদের ওখানে কংগ্রেসের প্রধান শক্তি। মদতটা একটু বুঝে নিয়ে বলবেন। আরেকটা কথা বলেছেন সেটা হচ্ছে কে.এল.ও., পিপল্‌স্ ওয়ার গ্রুপ সম্পর্কে। তার আগে আরেকটা কথা বলে নিই—মাননীয় অসিত মিত্র মহাশয়, আমি যতদূর খবর জানি যে, মলয় দত্ত সরকার নামে একটা লোক, বিহারে তার একটা মামলা হয়েছে আর্মস কেসে, তিনি আপনার প্রতিবেশী, পুলিশ তার বাড়িতে গিয়েছিল, কিন্তু আপনার বাড়িতে তদন্ত করতে যায়নি, এটা হচ্ছে আমার কাছে রিপোর্ট।

(এই সময় মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্র মহাশয় কিছু বলতে থাকেন।)

আপনি যদি হাউসে বলেন যে, আপনার বাড়িতে গিয়েছিল, আমি এক্ষুনি মেনে নিচ্ছি, কিন্তু আমার রিপোর্ট হচ্ছে, এই লোকটি আপনার প্রতিবেশী। আপনি যখন কথাটা বলেছেন তখন নিশ্চয়ই তার গুরুত্ব আছে। এই আলোচনা শেষ হলে আপনি আমার ঘরে আসুন, আপনার সঙ্গে আমি বসে কথা বলব। আরেকটা কথা বলি, সেটা হল, আমি বিরোধী দল কংগ্রেসকে বলব যে, আপনাদের সর্বভারতীয় যে দৃষ্টিভঙ্গী আছে, কে.এল.ও., এবং পিপল্‌স্ ওয়ার গ্রুপকে আপনারা একটু লঘু করে দেখছেন। কে.এল.ও. সমস্যাটা—উত্তর-পূর্ব ভারতের অন্যান্য টেরোরিস্ট আউটফিট্ যারা নাগাল্যান্ড থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় কে.এল.ও., বোড়ো, আল্‌ফা, এরা সব ভুটানের মধ্যে ঘাঁটি করেছে, অথচ চার দফা ট্রেনিং নিয়েছে। আই.এস.আই. সেই ট্রেনিং-এর সঙ্গে যুক্ত। এটাকে এত ছোট করে দেখবেন না। রাজবংশী সম্প্রদায়ের বৃহত্তর অংশের মানুষ আমাদের সঙ্গে আছেন। কুচবিহার জেলার ৪৮ ভাগ

রাজবংশী মানুষ। গত বিধানসভা নির্বাচনে কে.পি.পি. ভোট পেয়েছিল ২ পারসেন্ট। রাজবংশীরা, তারা মূল স্রোতে আছে। এই যে একটা অংশ উগ্র—তাদেরকে বিপথে নিয়ে যাচ্ছে, এর পিছনে আই.এস.আই. আছে। সুতরাং এটা ছোট করে দেখার ব্যাপার নয়। আপনি কে.এল.ও.-র কথা বললেন। আমি গতকাল মিটিং করেছি—কেউ অন্যায় অভিযোগ করলে স্ক্রিনিং করুন, যদি প্রত্যক্ষভাবে কে.এল.ও-র লিংক না থাকে, শুধু কে.পি.পি. করার জন্য গ্রেপ্তার করবেন না। আপনি একটা নাম বলুন যে, কে.এল.ও. ধরার নামে কংগ্রেসকে ধরেছি, কে.এল.ও.-র নাম করে কংগ্রেসের একজন কর্মীকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। কোথাও এরকম হয়নি। পিপলস্ ওয়ার গ্রুপের নাম করেও—দক্ষিণবঙ্গে সেখানে আমি স্ক্রিনিং করছি, কিছু গরীব মানুষ প্রথম প্রথম ভয় পেয়ে মিটিং করতে দিয়েছেন তার বাড়িতে। বা কিছু খাবার খেতে দিয়েছে, এই অপরাধে গ্রেপ্তার হয়ে আছে : তাদের আমরা স্ক্রিনিং করে ছেড়ে দিচ্ছি। কিন্তু আমি আপনাদের বলছি কে.এল.ও. এবং পিপলস্ ওয়ার গ্রুপ, বিশেষ করে পিপলস্ ওয়ার গ্রুপ একটা নতুন ফেনোমেনান আমাদের রাজ্যে। আমাদের রাজ্যে নকশালবাড়ি আন্দোলনে যাঁরা ছিলেন তাঁরা কেউ এখানে নেই। এটা এসেছে অন্ধ্র থেকে। অন্ধ্র, ওড়িশা, ঝাড়খণ্ড করে এখানে ঢুকে পড়েছে। এদের টিম লিডাররা তেলুগু ভাষাভাষি। এদের শক্তিকে ছোট করে দেখবেন না। আমরা কি এই সুযোগ নিয়ে কংগ্রেসকে আক্রমণ করছি,তা করছি না। একজন কংগ্রেস কর্মীর নাম বলুন যাঁকে কে.এল.ও. বা পিপলস্ ওয়ার গ্রুপের নাম করে গ্রেপ্তার করা হয়েছে ? বলতে পারলে আমি খুশি হব। ওইভাবে আমরা কাউকে গ্রেপ্তার করব না। আমি আর আমার বক্তব্য দীর্ঘ করব না। সোমেনবাবু যেগুলো বললেন তার ২/৩-টে আমি বলেছি, সব বলতে পারলাম না—গোপীবল্লভপুর, সবং ইত্যাদির যেসব ঘটনাগুলি বললেন। তবে বাসার সম্বন্ধে যা বললেন তাতে তাঁকে বলি, আমি এস.পি.-র সঙ্গে কথা বলেছি এবং কথা বলে জেনেছি—আবদুল লতিফ খুন হয়েছেন, সেই খুনের ঘটনার সঙ্গে তিনি প্রত্যক্ষভাবে জড়িত তাই গ্রেপ্তার হয়েছেন। আর ভাঙড়, মন্তেশ্বর প্রভৃতি জায়গায় যে ঘটনাগুলির কথা উনি বললেন সেগুলি সম্বন্ধে আমি এখনই তৈরি নই, তৈরি হয়ে উত্তর দেব। সাধারণভাবে আমরা বুঝতে পারছি, আপনারাও জানেন, আমরাও জানি যে, এ রাজ্যে অপরাধ আছে ; সারা দেশের মধ্যে সবচেয়ে কম আছে। তবুও আপনারা এই বিষয়টা বার বার তুলে ধরতে চান। তবে আজকে তোলার একটা বিশেষ কারণ আছে, সেটা আমি বুঝতে পারছি—আপনাদের এই রাগ অনুরাগ কবে মিটবে আমি জানি না। স্যার, ওঁদের ওই কারণের জন্য আপনি আমাদের বাড়তি পরিশ্রম করাচ্ছেন। আপনাদের কাছে আমি শুধু এই কথাই বলতে চাইছি যে, আমরা আত্মসন্তুষ্ট নই, অপরাধ ঘটলে, বিশেষ করে রাজনৈতিক স্তরে অপরাধ ঘটলে আমরা নিজেদের সর্বশক্তি প্রয়োগ করব, রাজনীতির ঊর্ধ্বে থেকে প্রশাসনকে চালাবার চেষ্টা করব।

(At this stage Hon'ble SUCI Members walked out of the House.)

Mr. Speaker : There is a Substantive Motion under rule 319 of Shri Abdul mannan and Shri Somendra Nath Mitra. Hon'ble member may now move his motion.

Shri Somendra Nath Mitra : Sir, I beg to move—"This House notes with serious concern that there has been deterioration in the law and order situation in the districts of Paschim Medinipur, Bankura, Purulia, Hooghly and Murshidabad where several cases of murders, murderous attacks, arson and looting have been reported.

This House is inclined to believe that the situation in these districts is going from bad to worse day by day owing to partisan attitude of the police and the utter failure of the Government to deal with the situation impartially.

This House, therefore, urges upon the Government to rise above political consideration and deal with the situation firmly and effectively to restore confidence in the mind of the public."

স্যার, আমি শুধু মাননীয় মুখ্যমন্ত্রীর জবাবে একটা কথা ওঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে, মাননীয় মুখ্যমন্ত্রী প্রশাসনিক হেড। তাই উনি মিথ্যা কথা বলেছেন, এ কথা আমি বলতে পারি না। কিন্তু উনি সত্যের অপলাপ করেছেন, এ ব্যাপারে কোনো সন্দেহ নেই। উনি বাসারের কথা বললেন, কিন্তু নিকুঞ্জ পাইকের কথা বললেন না। উনি জামবনির ডুবরায় ১৩ জন গ্রেপ্তার হয়েছে বললেন, কিন্তু এফ.আই.আর. নেমড অ্যান্ড আদার্স হিসাবে যাদের নাম আছে তাদের ধরা হয়েছে, তাদের কথাই বললেন। আমি স্পেসিফিক বলছি, বাসু ভগত্ জামবনি থানার জামবনি পার্টি অফিসে ঘুরছে, তাকে গ্রেপ্তার করা হয়নি। আর একটা জিনিস হচ্ছে, সরকারী দলের বিধায়করা একটা জিনিস স্বীকার করে নিয়েছেন যে, খুন হচ্ছে পুলিশ ধরতে পারছে না। খুন কারা করছে তা নিয়ে বিতর্ক থাকতে পারে—কংগ্রেস কর্মী, না সি পি. এম কর্মী, এটা নিয়ে বিতর্ক থাকতে পারে। আমার মূল অভিযোগ খুন হচ্ছে পুলিশ গ্রেপ্তার করতে পারছে না। তার ফলেই আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে, এটাই আমার বক্তব্য।

The motion of Shri Somendra Nath Mitra that this House notes with serious concern that there has been deterioration in the law and order situation in the districts of Paschim Midnapore, Bankura, Purulia, Hooghly and Murshidabad where several cases of murders, murderous attacks, arson and looting have been reported.

This House is inclined to believe that the situation in these districts is going from bad to worse day by day owing to partisan attitude of the police and the utter failure of the Government to deal with the situation impartially.

This House, therefore, urges upon the Government to rise above political consideration and deal with the situation firmly and effectively to restore confidence in the mind of the public, was then put and a division was taken with the following results :

Ayes–27, Noes–140 & Abts.–02.

The motion was lost.

[12.10–12.20 p.m.]

MOTION OF NO-CONFIDENCE IN THE COUNCIL OF MINISTERS UNDER RULE 199.

Mr. Speakers : Now I call upon Shri Pankaj Banerjee to move his motion.

Shri Pankaj Banerjee : Sir, I beg to move that—"This House expresses its want of confidence in the Council of ministers."

শ্রী পঙ্কজ ব্যানার্জী : স্যার, আমি এই সভায় রাজ্য মন্ত্রীসভার বিরুদ্ধে আনীত অনাস্থা জ্ঞাপন করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বর্তমান মন্ত্রীসভার বিরুদ্ধে আনীত আমাদের অনাস্থা প্রস্তাব এ শুধু আমাদের বিরোধী রাজনৈতিক দলের আনীত অনাস্থা প্রস্তাব নয়, গোটা পশ্চিমবাংলার সমস্ত মানুষ আজকে এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করেছেন। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, আজকে মন্ত্রীসভার ভিতরে এক মন্ত্রী আর এক মন্ত্রীর বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করছেন। মন্ত্রীসভার ভিতরে আজকে একটা চরম অবিশ্বাসের বাতাবরণ চলছে। মুখ্যমন্ত্রী বলেছেন ফরওয়ার্ড ব্লকের মন্ত্রী, শ্রীমতী ছায়া ঘোষ, তিনি গায়ের জোরে আজকে নিয়ন্ত্রিত বাজার সমিতির নামে রাস্তায়-রাস্তায় চাঁদা তুলছেন। মুখ্যমন্ত্রী বলেছেন নিয়ন্ত্রিত বাজার সমিতি অর্থাৎ ছায়া ঘোষের যে দপ্তর টাকা তুলছেন সেই টাকা কোনো ট্রেজারিতে জমা পড়ছে না, সেই টাকা নয়-ছয় করা হচ্ছে। কিন্তু শ্রীমতী ছায়া ঘোষ দৃপ্তভাবে বলে দিচ্ছেন, মুখ্যমন্ত্রী কি বলেছেন তা আমি জানি না, মানি না, নিয়ন্ত্রিত বাজার সমিতি আমার অধিকারে, অতএব নিয়ন্ত্রিত বাজার সমিতি আমার মতো চলবে। যদি ক্ষমতা থাকে তাহলে আমার বিরুদ্ধে ব্যবস্থা নিন। মাননীয় মুখ্যমন্ত্রীর ব্যবস্থা নেবার ক্ষমতা নেই, চুপ-চাপ বসে আছেন। আজকে নন্দদুলাল ভট্টাচার্য ও সেচমন্ত্রীর সঙ্গে জলের অধিকারের লড়াই চলছে। উনি বলছেন এটা আমার অধিকারে, যদি কেউ হস্তক্ষেপ করে তা মেনে নেব না। সেক্ষেত্রে মুখ্যমন্ত্রীর কোনো ভূমিকা দেখতে পাচ্ছি না। অপরদিকে সুভাষ চক্রবর্তী ও কিরণ্ময় নন্দের সঙ্গে জলাশয়ের দায় এবং দায়িত্ব এবং বাতাসে আদ্রতা থাকা উচিত কি

উচিত নয় তা নিয়ে দিনের পর দিন লড়াই চলছে। মাঝখান থেকে গোটা পশ্চিমবাংলার অর্থনৈতিক মেরুদণ্ড আজকে ন্যুব্জ হয়ে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, নাট্যকার দুঃসময় নাটক লিখেছিলেন। আজকে গোটা দেশ সেই দুঃসময়ের ভিতর দিয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, দুঃসময়ের মহড়া সমাজে বিশেষ কোনো শ্রেণি বা গোষ্ঠীর মধ্যে আবদ্ধ থাকছে না। তাই আজকে শ্রেণি সমাজের বিভিন্ন আঙ্গিক এবং সমাজ গোষ্ঠীর কথা চিন্তা করে আলোচনা করলে আমরা দেখতে পাব, আজকে সমাজের সমস্ত শ্রেণির সমস্ত মানুষ আজকে কোন জায়গায় এসে দাঁড়িয়েছে। আজকে ছাত্রদের স্কুল-কলেজের মাহিনা ৫ থেকে ১০ গুণ বাড়িয়ে দেওয়া হয়েছে। এর ফলে ছাত্ররা স্কুলে যেতে পারছে না। ছাত্ররা আজকে উচ্চশিক্ষা থেকেও বঞ্চিত হচ্ছে। এইভাবে ছাত্ররা আজকে অন্ধকারে হারিয়ে যেতে বাধ্য হচ্ছে। আজকে ছাত্রদের নিয়ে এই মুখ্যমন্ত্রী গত ১½ বছর ধরে তার শিক্ষা দপ্তরের মাধ্যমে এমন একটা অবস্থার সৃষ্টি করছেন যে ছাত্রদের ভবিষ্যত এখানে অন্ধকার হয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর শিক্ষা দপ্তরের মাধ্যমে এমন একটা বাতাবরণ সৃষ্টি করেছেন, এমন একটা পরিবেশের সৃষ্টি করেছেন যে শিক্ষার বাতি এখানে নিভে গিয়েছে এবং ঘৃণ্য রাজনীতির যূপকাষ্ঠে তিনি শিক্ষাকে বলি দিচ্ছেন। পশ্চিমবঙ্গে যে শিক্ষা ব্যবস্থা চলেছে তাতে এখানকার ছাত্ররা তো বঞ্চিত হচ্ছেই তার উপর শিক্ষক মহাশয়দের বলা হচ্ছে যে তোমাদের মুচলেকা দিতে হবে। শিক্ষক মহাশয়দের বলা হচ্ছে যে তোমরা মুচলেকা দাও। যদি মুচলেকা না দাও তাহলে তোমাদের মাহিনা দেওয়া হবে না, তোমাদের স্কুলের অনুমোদন কেড়ে নেওয়া হবে। এর ফলে এখানে শিক্ষক মহাশয়রা অপমানিত বোধ করছেন। এখানে আজকে ছাত্ররা দিশেহারা, শিক্ষক মহাশয়রা অপমানিত, অভিভাবকরা দিনের পর দিন অস্বস্তিতে ভুগছেন এই ভেবে যে পশ্চিমবাংলায় শিক্ষাব্যবস্থায় যে নৈরাজ্য চলছে তাতে তাদের ভবিষ্যত প্রজন্মরা কোথায় গিয়ে দাঁড়াবে। তারপর স্যার, দুস্থ রোগী যারা সরকারী হাসপাতালগুলিতে বিনা পয়সায় চিকিৎসা পেত এই মুখ্যমন্ত্রীর নির্দেশে তার মন্ত্রীসভার সদস্য স্বাস্থ্যমন্ত্রী প্রতিটি সরকারী হাসপাতালে চিকিৎসার চার্জ ৫ থেকে ১০ গুণ বাড়িয়ে দিয়েছেন। আগে একজন টি.বি. রোগীর যদি থুতু পরীক্ষা করার প্রয়োজন হত তাহলে সরকারী হাসপাতালে বিনা পয়সায় সে সেই পরীক্ষাটা করিয়ে নিরূপণ করতে পারত যে সত্যিই তার টি.বি. হয়েছে কিনা। আজকে সেখানে ন্যূনতম ১০ টাকা দিয়ে তবে তাকে হাসপাতালের করিডোর পেরুতে হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গে সরকারী চিকিৎসা ব্যবস্থাটা একেবারে ভেঙে পড়ছে। যতবেশি হাসপাতালগুলি তাদের দায়িত্ব পালনে ব্যর্থ হচ্ছে ততবেশি স্বাস্থ্য পরিষেবা এখানে মানুষকে আকাশচুম্বী দাম দিয়ে কিনতে হচ্ছে। সরকারী হাসপাতালগুলি তো আজকে নরককুণ্ডে পরিণত হয়েছে। সেখানে নার্সদের মন্ত্রীর স্ত্রীকে অপমান করেছে এই অজুহাতে ট্রান্সফার করে দেওয়া হচ্ছে। হাসপাতালগুলির যে বুনিয়াদ, ইনফ্রাস্ট্রাকচার, সেখানকার যে সেবামূলক মনোভাব, সেবার পরিস্থিতি তা আজকে লুপ্ত হয়ে গিয়েছে। তাই বাংলার মানুষ এই সরকারের বিরুদ্ধে অনাস্থা জ্ঞাপন করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে কোর্ট ফিজ এমনভাবে বৃদ্ধি করা হয়েছে যাতে মধ্যবিত্ত, নিম্নবিত্ত ঘরের মানুষরা বিচারালয়ে গিয়ে যেন বিচার প্রার্থনা করতে না পারে। আজকে কোর্ট ফি বাড়িয়ে দেওয়া হয়েছে একটাই কারণে যে বিচার বিচারকরা দেবেন না, বিচার নিতে হবে

সি.পি.এম-এর লোকাল কমিটির মাতব্বরদের কাছ থেকে। আজকে তাই বিচারালয়ে যাবার রাস্তা এইভাবে বন্ধ করে দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলার ব্যবহারজীবীরা সামগ্রিকভাবে আজকে এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন। তাঁরা যখন প্রতিবাদ করছেন তখন আমরা দেখছি আলিমুদ্দিন স্ট্রিট থেকে তাঁদের হুমকি দেওয়া হচ্ছে এই বলে যে হয় তোমরা আন্দোলন প্রত্যাহার করো তা না হলে তোমাদের বিরুদ্ধে ক্যাডারদের লেলিয়ে দেওয়া হবে। আজকে এইভাবে এখানে ব্যবহারজীবী এবং আইনজীবীদের ক্যাডারদের মুখোমুখি দাঁড় করিয়ে দেওয়া হচ্ছে। এইভাবে মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তদের বিচার পাওয়ার ব্যবস্থাটা কেড়ে নেওয়া হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে বারবার বলা হয়েছে যে নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে এটা নিয়ে আলোচনা করুন এবং এই যে নতুন করে কোর্ট ফিজ ধার্য করেছেন তার খুঁটিনাটি বিষয়গুলি বোঝার চেষ্টা করুন কিন্তু না মুখ্যমন্ত্রী, না নিশীথবাবু কেউ-ই আলোচনার মাধ্যমে তাঁদের দায়িত্ব পালন করার চেষ্টা করছেন না। তাই বাংলার মানুষ এই সরকারের বিরুদ্ধে তাদের অনাস্থা জ্ঞাপন করছে। তারপর আমরা দেখছি একটার পর একটা কারখানার দরজা মালিকরা শ্রমিকদের মুখের উপর বন্ধ করে দিচ্ছে। শ্রমিকরা যখন তার বিরুদ্ধে আন্দোলন করতে চাইছেন তখন মুখ্যমন্ত্রী পাঁচতারা হোটেলে বসে হুমকি দিয়ে বলছেন যে হয় মালিকদের কাছে বশ্যতা স্বীকার কর, তা না হলে তোমাদের ডান্ডা পেটা করে কাজের পরিবেশের ভেতরে নিয়ে যাব। তোমাদের বাধ্য করব সেখানে যেতে। স্যার, এই সরকার যখন ক্ষমতায় এসেছিলেন তখন তাঁরা বলেছিলেন যে এই সরকার হচ্ছে শ্রমিকদের সরকার আর সেই সরকারের মুখ্যমন্ত্রী আজকে শ্রমিকদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন। শ্রমিকদের তিনি ডান্ডা পেটা করার হুমকি দিচ্ছেন। তাই এই ভুখা শ্রমিকরা, বেকার হয়ে যাওয়া শ্রমিকরা, রুটি-রুজি হারানো শ্রমিকরা এই সরকারের বিরুদ্ধে তাঁদের অনাস্থা জ্ঞাপন করছে। স্যার, গত জুন মাসে আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর সাথে দেখা করতে গিয়েছিলাম বিরোধীদলের তরফ থেকে। সেই সময় তাকে আমরা বি.পি.এলের তালিকা প্রকাশ করার জন্য অনুরোধ করেছিলাম। আমরা বলেছিলাম সারা ভারতবর্ষে বি.পি.এলের তালিকা প্রকাশ হয়ে গিয়েছে এবং তারা নানান সামাজিক ও আর্থিক সুযোগ-সুবিধা পাচ্ছে কাজেই আপনিও দ্রুত এই বি.পি.এল. তালিকা প্রকাশ করার ব্যবস্থা করুন। উনি বলেছিলেন ১৫ই আগস্টের মধ্যে বি.পি.এল. তালিকা প্রকাশ করবেন কিন্তু ডিসেম্বর মাস শেষ হতে চলল এখনও রাজ্য সরকার বি.পি.এল. তালিকা তৈরি করতে পারলেন না। খাদ্যমন্ত্রী বলছেন ৬৭ শতাংশ মানুষ বি.পি.এল.-এর তলায় আর অর্থমন্ত্রী বলছেন ২৩ শতাংশ মানুষ বি.পি.এলের আওতায় আছে। আমরা জানি না পশ্চিমবাংলায় বি.পি.এলের সংখ্যাটা কত।

[12.20–12.30 p.m.]

স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত বিনা পয়সায় পঠন-পাঠন করতে পারবে। কিন্তু সেই তালিকাই তৈরি হল না। সুপ্রিম কোর্ট নির্দেশ দিল, সব রাজ্য বি.পি.এল. লিস্ট তৈরি করে ফেলল, আপনারা কথা দিলেন আগস্ট মাসের মধ্যে বি.পি.এল. তালিকা তৈরি করবেন। কিন্তু সেটা তৈরি না করে মানুষকে ধাপ্পা দিচ্ছেন, মিথ্যা আশ্বাস দিচ্ছেন। মাঠে-ঘাটে বাজারে বলে

বেড়াচ্ছেন যে এই এই দেব. এই এই সাহায্য পাবে। কিন্তু সেই তালিকাই তৈরি হল না। আজকে মানুষকে এই ধাপ্পা দেওয়ার প্রবণতার বিরুদ্ধে, মানুষকে অন্ধকারের মধ্যে নিয়ে যাওয়ার প্রবণতার বিরুদ্ধে এই সরকারের বিরুদ্ধে অনাস্থা জ্ঞাপন। চাষীরা উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পাচ্ছে না। আমরা বলেছিলাম ভর্তুকি দিয়ে চাল কেনার ব্যবস্থা করুন। আপনারা ক্ষুদ্র চাষী এবং প্রান্তিক চাষীদের কাছ থেকে ভর্তুকি দিয়ে তাদের উৎপন্ন করা চাল কিনে নিন। মাননীয় মুখ্যমন্ত্রী যখন বিরোধী দলের সঙ্গে আলোচনা করেছিলেন তখন তিনি বলেছিলেন জুন মাসে যে তিনি ৬ লক্ষ মেট্রিক টন চাল ক্রয় করবেন গরীব চাষীদের কাছ থেকে ভর্তুকি দিয়ে, তিনি এই চাল প্রোকিয়োর করবেন। আজ পর্যন্ত ১ লক্ষ মেট্রিক টনও চাল ভর্তুকি দিয়ে গরীব চাষীদের থেকে ক্রয় করলেন না, প্রান্তিক চাষীদের থেকে গ্রহণ করলেন না। আজকে উত্তরবাংলার কুচবিহারের চাষীরা মাথার ঘাম পায়ে ফেলে যে ফসল উৎপন্ন করেছে তার ন্যায্য মূল্য না পাওয়ার জন্য ফলিডল খেয়ে আত্মহত্যা করেছে। মুখ্যমন্ত্রী বারে বারে বলছেন ৬ লক্ষ মেট্রিক টন চাল ভর্তুকি দিয়ে চাষীদের থেকে গ্রহণ করবেন। কিন্তু তা করতে সরকার ব্যর্থ হওয়ায় চাষীদের প্রতি তিনি বেইমানী করেছেন। সেই জন্য চাষীরা বিপদে পড়েছে, বিপদজনক পন্থা গ্রহণ করেছে। সেই জন্য পশ্চিমবাংলার ভাগচাষীদের তরফ থেকে, পশ্চিমবাংলার প্রান্তিক চাষীদের তরফ থেকে সরকারের প্রতি এই অনাস্থা প্রকাশ করছি। তারপর একটা সাংঘাতিক কান্ড ঘটে গিয়েছে। মুখ্যমন্ত্রী বললেন বেশিরভাগ মাদ্রাসা আই.এস.আই.-এর দ্বারা পরিচালিত হচ্ছে, আই.এস.আই.-এর টাকায় পরিচালিত হচ্ছে। আজকে পেট্রো-ডলারের মদতে মাদ্রাসা পরিচালিত হচ্ছে। আজকে সেখানে সংখ্যালঘুদের তরফ থেকে বিরোধিতা করা হল। তখন সি.পি.এম.এর একজন পলিটব্যুরোর সদস্যের কথায় জামাত-ই-উলেমা-র মতো কট্টর সংগঠন, যারা তালিবান সংগঠনের সঙ্গে যুক্ত বলে পরিচিত, সেখানে তাঁকে পাঠিয়ে দেওয়া হয়। সেখানে তিনি ভোজন করে এলেন। শুধু তাই নয় স্যার, ১৪ই ডিসেম্বর কলকাতা শহরে দাঁড়িয়ে বললেন মুসলিম বেকার ছেলেদের বেশি করে চাকরি দেওয়া হবে। তিনি বলতে পারতেন বাংলার সক্ষম বেকার ছেলেদের চাকরি দেওয়া হবে। তা তিনি বললেন না। তিনি কি নরেন্দ্র মোদী হতে চাইছেন, তিনি কি নিজেকে নরেন্দ্র ভট্টাচার্য হিসাবে পরিচিত করবার চেষ্টা করছেন ? আজকে এই মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলাকে এমন একটা জায়গায় নিয়ে গিয়েছেন, পশ্চিমবাংলাকে একটা ঘৃণ্য প্রাদেশিকতাবাদ, জাতপাত এবং সাম্প্রদায়িক চিন্তাধারা দেবার চেষ্টা করছেন। মুখ্যমন্ত্রী ব্যর্থ হয়েছেন এর থেকে পশ্চিমবাংলাকে রক্ষা করতে। এবারে দেড় বছর, আগে ৬ মাস মোট ২ বছর তিনি মুখ্যমন্ত্রী আছেন, এই ২ বছরের ভেতর গোটা পশ্চিমবাংলায় আই.এস.আই.-এর জাল বিস্তার করেছে, গোটা পশ্চিমবাংলায় উগ্রপন্থীরা চলাচল করছে। ২ বছর আগে আমরা মুখ্যমন্ত্রীকে বলছিলাম যে আইন-শৃঙ্খলার উপর নজর দিন, পশ্চিমবাংলায় উগ্রপন্থীদের কার্যকলাপ বাড়ছে। সেই দিন আমাদের কথা উনি শোনেননি। অপরদিকে কি করছেন ? যারা আজকে আপনার পার্টির শাসনে আপনাদের পার্টির বিচার পায়নি যারা আজকে প্রশাসনের বিচার পায়নি, যারা আজকে সরকারের বিরুদ্ধে কথা বলতে গিয়েছে আজকে তাদের আপনি উগ্রপন্থী হিসাবে চিহ্নিত করছেন। সেখানে তাদের জনযুদ্ধ গোষ্ঠী হিসাবে চিহ্নিত করে দিচ্ছেন। মাননীয়

মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করব জনযুদ্ধ গোষ্ঠী কি রাষ্ট্রবিরোধী সংগ্রাম করছে ? আপনি অন্ধ্রপ্রদেশে দেখুন জনযুদ্ধ গোষ্ঠী পুলিশের থানা উড়িয়ে দিচ্ছে, থানা লুট করছে, সেখানে পুলিশের রাইফেল ছিনতাই করছে। আপনি বলুন জনযুদ্ধ গোষ্ঠী বলে যাদের আপনি চিহ্নিত করছেন তারা একজনও কনস্টেবলের গায়ে হাত দিয়েছে ? তারা কোন থানা আক্রমণ করেছে ? তারা জনযুদ্ধ গোষ্ঠী নয়, প্রতিটি মানুষ আপনাদের সরকারের প্রবঞ্চনার শিকার হয়ে আপনাদের সরকারের ব্যর্থতার ফলে, আপনাদের পার্টির শাসনের ফলে আজকে তারা কর্ম থেকে চ্যুত হচ্ছে। আজকে তারাই প্রতিবাদ করার চেষ্টা করছে। উত্তরবঙ্গ উন্নয়নের আজকে কোনো রূপরেখা তৈরি করা হয়নি। গত ২৬ বছর ধরে উত্তরবঙ্গ উন্নয়ন নিয়ে কোনো মাস্টার প্ল্যান আপনার দলের পরিচালিত সরকার তৈরি করতে পারেনি। উন্নয়নের কোনো ব্যবস্থাই সেখানে করেননি। শিল্পায়নের কোনো চিন্তা-ভাবনা করেননি। আপনি সেখানকার যুবকদের পথ দেখাবার চেষ্টা করেননি। তাই আজকে সেখানকার বেকার যুবকরা ব্যর্থতার বিরুদ্ধে কথা বলতে যাওয়া নয়, এখানে ব্যর্থতার বিরুদ্ধে কথা বলতে যাওয়া মানেই সরকারের বিরুদ্ধে কথা বলতে যাওয়া নয়, মন্ত্রীসভার ব্যর্থতার বিরুদ্ধে কথা বলতে যাওয়া মানেই রাষ্ট্রের বিরুদ্ধে কার্যকলাপে জড়িয়ে যাওয়া নয়। কিন্তু আজকে সেই অভিযোগ এনে হাজার হাজার তরুণ যুবককে ধরার জন্য ঢালাও অর্ডার পুলিশকে দিয়ে দিয়েছেন। যাকে পার গ্রেপ্তার করে আন এই অর্ডার দিয়ে দিয়েছেন। যার ফলে কলকাতায় কেউ ইন্টারভিউ দিতে এসেছে ৭ দিন পরে গ্রামে ফিরে যাচ্ছে, তাঁকে অভিযোগ করা হচ্ছে যে তুমি ভূটানে ট্রেনিং নিতে গিয়েছিলে সুতরাং তোমাকে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হল। আজকে এইভাবে গোটা পশ্চিমবঙ্গে একটা সন্ত্রাসের বাতাবরণ, একটা প্রশাসনিক সন্ত্রাস এবং একটা সরকারী মদতে সন্ত্রাস আপনারা সৃষ্টি করে দিয়েছেন। তাই আজকে পশ্চিমবঙ্গের যৌবন, তাই আজকে পশ্চিমবঙ্গের তারুণ্য আপনাদের বিরুদ্ধে সরাসরি অভিযোগ করে বলতে চাইছে আপনারা তরুণদের পথ দেখাতে পারেননি। আপনারা যৌবনকে অভিষেক করতে পারেননি। তাই আজকে বেকার যুবকদের তালিকা ৭০ লক্ষ ছাড়িয়ে ৭৬ লক্ষতে তালিকা পৌঁছে দিয়েছেন। পশ্চিমবঙ্গের এই ব্যর্থতার জন্য পশ্চিমবঙ্গের যৌবন, পশ্চিমবঙ্গের জাগ্রত তারুণ্য আপনাদের বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী বারেবারে বলেছেন তাঁরা নাকি একটা অস্টারিটি ড্রাইভ দিচ্ছেন। কি রকম অস্টারিটি ড্রাইভ দিচ্ছেন তার একটা উদাহরণ আমি দিচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন আমার কোনো মিটিংয়ে বা সরকারী কাজে ফুল আনবেন না। তার কারণ সরকারী টাকা বাঁচান। গত ১৫ই ডিসেম্বর মাননীয় মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদের বহরমপুর শহরে গেছিলেন। কত রকমের রাজকীয় ব্যবস্থায় সেখানে হয়েছে তার একটা উদাহরণ আমি দিচ্ছি, এটাই হচ্ছে অস্টারিটি ড্রাইভের তাঁদের একটা নমুনা। ভি আই পি রোড থেকে জাঙুলিয়া মোড়—নদীয়া জেলায় তাঁর কনভয় ঢুকল—৫০টি গাড়ি এই ৫০ কি.মি. রাস্তায় তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানাল। তাঁর দু'পাশে দাঁড়িয়ে তাঁকে রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিল। পুলিশ মোতায়েন করা হল প্রায় ১২০০। তারপরে জাঙুলিয়া থেকে পলাশী ১০০ কি.মি. রাস্তায় পুলিশ নামানো হল ১৮০০। গাড়ি নামানো হল ২৮টি, যেখানে মুখ্যমন্ত্রী যাবেন তাঁকে সেখানে লাল কার্পেট দিয়ে অভ্যর্থনা জানানো হল পুলিশি

ব্যবস্থাপনায়। তারপরে পলাশী থেকে বহরমপুর ৫০ কি.মি. রাস্তায় দু হাজার পুলিশ এবং ৩২টি গাড়ি নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বহরমপুরে গেছিলেন এবং সেখান থেকে একটা পাবলিক মিটিংয়ে দু হাজার পুলিশ তাঁকে ঘিরে রেখেছিল এবং তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছিলেন। এতে কত টাকা খরচ হল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ? আজকে প্রাইমারি স্কুলের বাড়িগুলো ভেঙে পড়েছে। আজকে মিড-ডে মিল চালু করতে পারেননি। আজকে জনজাতি কল্যাণে আপনাদের টাকা নেই। আজকে পিছিয়ে পড়া মানুষদের জন্য কোনো পরিকল্পনা নেই। আজকে বাংলা ঘিরে আপনাদের এগিয়ে যাবার স্বপ্ন নেই। গোটা পশ্চিমবঙ্গের প্রতিবাদী সমাজ আজকে ক্ষিপ্ত। আজকে ছাত্ররা বঞ্চিত, শিক্ষকরা অপমানিত, অভিভাবকরা দুশ্চিন্তিত, শ্রমিকরা লুণ্ঠিত, কৃষকরা আজকে রাস্তায়, বি.পি.এলের তালিকা নেই, গরীব মানুষরা মরে যাচ্ছে। বিদ্যুতের দাম বাড়িয়ে দিয়ে বিদ্যুৎ ভোক্তাদের উপরে চাপ সৃষ্টি করেছেন। চাষীরা আজকে আত্মহত্যা করছে। হিন্দু-মুসলমানের মধ্যে বিরোধ লাগিয়ে দিয়েছেন। স্বাতী পাল নাচ করবে, সেখানে তার গ্রীণ রুম পাহারা দেবার জন্য পুলিশ পাঠিয়ে দিচ্ছেন। আর দিনের পর দিন ডাকাতিতে মানুষ সর্বস্ব হারাচ্ছে। আর সমাজে আজকে দুষ্কৃতায়ণ, দুর্বৃত্তায়ণে ভরে গেছে। তাই আজকে দুলাল ব্যানার্জি এবং বুল্টনদের হাতে ছেড়ে দিয়ে রাইটার্স বিল্ডিংসের তক্‌ত হাউসে এ.সি. কামরায় বসে আপনারা শাসক হবার যে দুর্লভ সম্মান, সেই সম্মান ভোগ করছেন। তাই বাংলার সাড়ে ৭ কোটি মানুষ আপনাদের বিরুদ্ধে ক্ষোভ, আপনাদের বিরুদ্ধে অনাস্থা এবং আপনাদের সরকারের ব্যর্থতার বিরুদ্ধে আঙুল তুলে বলতে চাইছে তুমি নাটের রাজা, তুমি ন্যাংটা, তুমি উলঙ্গ হয়ে গেছ, তোমার লজ্জা ঢাকবার আজকে প্রয়োজন আছে। এই বলে আমি আমাদের আনা অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[12.30–12:40 p.m.]

শ্রী মুস্তফা বীন কাশেম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা শ্রী পঙ্কজ ব্যানার্জি রাজ্য মন্ত্রিসভার বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। স্যার, আমরা সবাই জানি সংসদীয় ব্যবস্থায় জনপ্রতিনিধিমূলক কক্ষে অনাস্থা প্রস্তাব আনা বিরোধীদের হাতে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার। সেই হাতিয়ারকে ব্যবহার করে বিরোধীপক্ষ সরকারকে আসামীর কাঠগোড়ায়ও দাঁড় করাতে পারে, জবাবদিহিও চাইতে পারে, আবার সরকার তারা ফেলেও দিতে পারে। যদিও বর্তমানকালে সংখ্যাগরিষ্ঠ কোনো মন্ত্রিসভার বিরুদ্ধে এই অনাস্থা প্রস্তাব পাশ করা বাস্তবত সম্ভব নয়। তবুও অনাস্থা প্রস্তাবের গুরুত্ব আছে। কিন্তু স্যার, অত্যন্ত দুঃখের বিষয় বিরোধীদের এই অত্যন্ত শক্ত হাতিয়ারকে তারা অপব্যবহার করে, বিরোধীরা নিজেরাই একে গুরুত্বহীন করে ফেলেছেন। কেন অনাস্থা প্রস্তাব, তার মূল কথাটা, এটা বোঝা মুশকিল। মাননীয় বিরোধীদলের নেতা পঙ্কজবাবু যে কথা বলছিলেন, এ তো রোজই বলছেন। নূতন ঘটনা নয়। এখানে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীরা—তাঁদের কথা তাঁরা বলছেন—আছেন, সরকারপক্ষ জবাবও দিচ্ছেন। কিন্তু অনাস্থা প্রস্তাবের মতো এই গুরুত্বপূর্ণ যে উপায়, এই উপায়-এর আশ্রয় কেন নিতে হল। স্যার, কথাটা বলতে খারাপ লাগে—নেই কাজ তো খই ভাজার মতো, অনাস্থা প্রস্তাব আনলেন। এনেছেন যখন,

যেসব বিষয়ে বললেন, আমি সরকারপক্ষের একজন সাধারণ সদস্য, সব বিষয়ে আমার জানারও কথা নয়, আমার পারারও কথা নয়, এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আছেন, তিনি তাঁর জবাবে বলবেন, কিন্তু যেহেতু এই আলোচনায় আমি অংশগ্রহণ করছি, তাই আমি আপনাদের কাছে বলতে চাই, পঙ্কজবাবু বলার সময় বলছিলেন, এই মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার কারণটা কি। মন্ত্রিসভার সদস্যদের মধ্যে সঙ্গতি নেই। এবং বলতে গিয়ে উনি এখানে উল্লেখ করলেন, মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে ফরোয়ার্ড ব্লকের বামফ্রন্টের শরিক দলের একজন মন্ত্রীর সঙ্গে কি বিরোধ না মতভেদ আছে। এটাই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার ব্যাপারে তাদের দেখানো প্রথম কারণ হিসাবে দেখাতে চাইছিলেন। যেখানে কোনো একটি দলেরও সরকার থাকে, সেখানে কোনো একটি নির্দিষ্ট বিষয়ে সেই মন্ত্রিসভার সদস্যদের মধ্যে অন্য মত থাকতে পারে, কিন্তু আলোচনার মধ্যেই ঠিক করা হয়। মন্ত্রিসভাও যৌথভাবে সিদ্ধান্ত ঘোষণা করে, এমন ঘটনাও আছে। তার মধ্যে বিস্তারিতভাবে আমি যেতে চাইছি না। আমরা জানি, ভারতবর্ষের প্রধানমন্ত্রীর সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী একমত হতে পারেননি বলে ভারতবর্ষের কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে অনেক মন্ত্রীকে মন্ত্রিত্ব ছেড়ে চলে যেতে হয়েছিল। এইসব বিস্তারিত ব্যাখ্যার মধ্যে আমি যাচ্ছি না। যাবার দরকারও নেই। আমি এই কথা বলব, বামফ্রন্ট সরকার, বামফ্রন্টের নেতারা যখন বারে বারে এই কথা বলছেন কোনো সময়ে সরকার পরিচালনা করতে গিয়ে কোনো একটি বিষয়ে একাধিক মতামত হলে তারা নিজেরা বসে ঠিক করবেন, সরকারী পর্যায়ে মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিয়ে সেই সমস্ত বিষয়ে নিষ্পত্তি করেন এবং সেইভাবে বামফ্রন্ট এবং বামফ্রন্ট সরকার চলছে, এক-আধদিন নয়, পৃথিবীর ইতিহাসে বিরল ঘটনা—একটানা ২৫/২৬ বছর ; কথাটা শুনতে আপনাদের একটু খারাপ লাগে, আপনাদের যেহেতু এখনও কিছু অবশিষ্ট আছে, খারাপ লাগারই কথা। আপনাদের এই দুর্দশা, বিরোধী দলের এই অবস্থা, এই রাজ্যের মানুষ এমন করে দেবেন, এটা আপনাদের ভাবা সম্ভব ছিল না। বামফ্রন্ট একটি দল নিয়ে নয়, ৯টি দল নিয়ে বামফ্রন্ট, এই বামফ্রন্ট সরকার চলছে। ৬, ৬ বার নির্বাচনে জিতেছে, '৭৭ সালের পরে এবং '৭৭ সালের পর থেকে একটানা জিতেছে। আমি এই কথা বলতে চাই, বারবার এই কথা অনেকেই বলেছেন, তাই এই কথা বলতে হয়, একটানা ২৫ বছর পার করে ২৬ বছর একটা বামপন্থীদের সরকার চলছে যা পৃথিবীর রাজনৈতিক ইতিহাসে বিরল ঘটনা। আপনারা অনাস্থা প্রস্তাব তুলেছেন, কিন্তু বামফ্রন্টকে পশ্চিমবাংলার বেশিরভাগ মানুষ তাদের আস্থা জানিয়েছে, এই বামফ্রন্ট সরকারের প্রতি বারবার নির্বাচনের মধ্যে দিয়ে। আপনারা অনাস্থা আনলেন, শুধু আনার জন্য এনে কি বললেন না বললেন তাতে বাস্তবিক কিছু দেখা যায় না। আমার বিনীত প্রশ্ন, নয় দলের এই বামফ্রন্ট সরকার যে এতদিন ধরে চলছে, ইস্পাত কঠিন তাদের ঐক্য, ২৫ বছর ধরে চলছে, আপনাদের একটা দল—তৃণমূল কংগ্রেস, তাদের সম্বন্ধে প্রায় প্রত্যেকদিন কাগজের পাতা খুললেই একটা দলের মধ্যে এত মারপিটের ঘটনা আমাদের কেন শুনতে হয়, আর পশ্চিমবাংলার মানুষকে কেন শুনতে হয় ? আমি পঙ্কজবাবুর বক্তৃতার মধ্যে বোঝার চেষ্টা করছিলাম, আমি আপনাদের কাছে খোলাখুলি বলতে চাই, আমরা সরকার পক্ষ, আমাদের চিন্তা-ভাবনা আছে, আমাদের সরকারী নীতির সঙ্গে অবশ্যই আমরা একমত, একমত বলেই এক জায়গায় আছি।

বিরোধীরা যখন বলেন এবং বিশেষ করে যখন কোনো নেতৃস্থানীয় কেউ বলেন—আমি কোনো সদস্যকেই ছোট করতে চাই না, নিজ নিজভাবে তাদের প্রত্যেকেরই একটা ভূমিকা আছে—সবার বক্তব্যই আমি মন দিয়ে শুনি। এমনও হতে পারে যে কথা তিনি বললেন যে কথার মধ্যে গুরুত্ব আছে, যে পরামর্শ গ্রহণ করা যেতে পারে বা যে সমালোচনাকে নিজের মনে জায়গা দেওয়া যেতে পারে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, বিরোধীদলের নেতা পঙ্কজবাবু যা বললেন, তার থেকে বুঝলাম এই অনাস্থা প্রস্তাব আনার কারণ হচ্ছে, এই সরকারের আমলে রাজ্যের কলকারখানা বন্ধ হচ্ছে, কৃষকরা ফসলের ন্যায্য দাম পাচ্ছে না ইত্যাদি। কিন্তু আরেকটা কথা তিনি কেন বললেন সেটা আমি পঙ্কজবাবুকে জিজ্ঞাসা করব—যদি তিনি নিজের মতো করে ঠান্ডা মাথায় চিন্তা করেন তাহলেই বুঝতে পারবেন। তিনি কি করে বলতে পারলেন এই সরকারের নেতা বুদ্ধদেব ভট্টাচার্যের আমলে হিন্দু-মুসলমানের মধ্যে বিরোধ বাঁধিয়ে দেওয়া হচ্ছে। পঙ্কজবাবু আপনি কি করে এই কথা বললেন ? আমি মনেকরি এবং আমি বিশ্বাস করি ব্যক্তি হিসাবে আপনারা অনেকেই সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে। কিন্তু সবটাই গুলিয়ে ফেলবেন না, মিলিয়ে ফেলবেন না। আপনারা কি করে বলছেন মুখ্যমন্ত্রী হিন্দু-মুসলমানের মধ্যে দাঙ্গা বাধিয়ে দিচ্ছেন। আজকে ভারতবর্ষের পশ্চিম আকাশে ঘন মেঘের ঘনঘটা, মানুষকে অন্যরকম ভাবানোর চেষ্টা করছে। সাম্প্রদায়িক মেরুকরণের উপরে দাঁড়িয়ে, তাকে ভিত্তি করে আজকে একটা শক্তি ভারতবর্ষের রাজনীতিতে স্থান করে নিতে চাইছে। দুঃখের বিষয় হল পশ্চিমবাংলার একজন কন্যা, পশ্চিমবাংলার একজন মহিলা, যিনি পশ্চিমবাংলার মাটিতে লালিত-পালিত, পশ্চিমবাংলার সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক পরিবেশে যার জীবন গড়ে উঠেছে, তিনি কি করে নিজেকে ওদের সঙ্গে যুক্ত করলেন। সারা ভারতবর্ষ জুড়ে তিনি আতঙ্ক সৃষ্টি করেছেন। তিনি অসুস্থ হয়ে নার্সিংহোমে আছেন, তাই মৌখিকভাবে নয়, লিখিতভাবে তিনি সেই শক্তির নেতৃত্বকে অভিনন্দন জানিয়েছেন, সেই সাম্প্রদায়িক মেরুকরণের নেতৃত্বকে অভিনন্দন জানিয়েছেন। মন্ত্রী হওয়ার ব্যক্তিগত লালসা থেকে তিনি এটা করেছেন। পশ্চিমবাংলার ঐতিহ্যকে অতিক্রম করে সাম্প্রদায়িক শক্তির সঙ্গে জোট বাধার জন্য তিনি লিখিতভাবে অভিনন্দন জানিয়েছেন। তিনি এন.ডি.এ.-র সঙ্গে যুক্ত হতে চাইছেন। অন্যান্য শরিকদলের নেতারাও অভিনন্দন জানিয়েছে, কিন্তু লিখিতভাবে অভিনন্দন জানানোয় অনেকেই চমকে উঠেছে। অনেকেই চমকে উঠেছে এইজন্য একটা সাম্প্রদায়িক শক্তির জয়কে অভিনন্দন জানানোর জন্য। সাম্প্রদায়িক সম্প্রীতি আমাদের পশ্চিমবাংলার মানুষের গর্ব। একজন দায়িত্বশীল বিরোধীদলের নেতা হিসাবে এই ব্যাপারটা আপনি অনুগ্রহ করে ভেবে দেখবেন। পশ্চিমবাংলায় বিধানসভায় দাঁড়িয়ে এই ধরনের কথা বলা কতটা দায়িত্বশীল নেতার পরিচয় আমি জানি না। সেদিন তাপসবাবু বক্তৃতা দেওয়ার সময় বলছিলেন, এটা শুধু সি.পি.এমের গর্ব নয়, পশ্চিমবাংলার মানুষ হিসাবে বিশ্ববাসীর কাছে আমাদের গর্ব। আমাদের অহঙ্কার হচ্ছে আমাদের সাম্প্রদায়িক সম্প্রীতি। এই ঐতিহ্য আমাদের এমনি এমনি গড়ে ওঠেনি, বহু মনীষীর এর পিছনে অবদান রয়েছে, গণতান্ত্রিক আন্দোলনের অবদান আছে এবং আপনাদের অনেকের অবদান আছে। আজকে এই ধরনের হাল্কা কথা বলে উল্লসিত করার মানে হচ্ছে পশ্চিমবাংলার ঐতিহ্যকে খানিকটা কটাক্ষ করা।

[12.40–12.50 p.m.]

যে কথা বলার মনে হয় বলুন, না হয় না বলুন। তাও বলছি, বিরোধীদলের দায়িত্বশীল যে ভূমিকা তা আপনারা পালন করলেন না। বিরোধীদলের একজন হিসাবে বলছেন, খুব একটা আপত্তি করার কিছু নেই, সয়ে গেছে। কিন্তু এই ধরনের কথা বলবেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর কয়েকটি কথার মধ্যে বললেন—কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এটাই তো কথা। কেন বন্ধ হয়ে যাচ্ছে জানেন না ? অশোকবাবু, আপনি তো বোঝেন, কিন্তু মুখে বলেন না। এটা নিয়ে এখানেও বারবার আলোচনা হয়েছে। এটা শুধু পশ্চিমবাংলার নয়, সারা ভারতবর্ষের অর্থনীতি আজকে কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। আর পশ্চিমবাংলা ভারতের বাইরে আলাদা কোনো স্বর্গরাজ্য নয়। আপনারা তো বুঝতেও চান না, কোনো দায়-দায়িত্ব তো নেই। ১০ অক্টোবর দিল্লীতে প্রধানমন্ত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীদের নিয়ে রাজ্যের আর্থিক অবস্থা বিচার-বিবেচনার জন্য যে বৈঠক করেন, সেখানে পশ্চিমবাংলার প্রতিনিধিত্ব করেছিলেন আমাদের অর্থমন্ত্রী মাননীয় অসীম দাশগুপ্ত মহাশয়। আপনারা সংবাদ মাধ্যমে পড়েছেন, অন্য মাধ্যম থেকেও জেনেছেন। সব রাজ্যের মুখ্যমন্ত্রী—রাজনৈতিক রং যাই হোক না কেন—তারা সবাই এক বাক্যে স্বীকার করেছেন, বলেছেন ভারতবর্ষ ভীষণ অবস্থার মধ্যে, সার্বিক মন্দার মধ্যে পড়েছে। আপনারা এটা বুঝতে পারবেন না। সাম্রাজ্যবাদী বিশ্বায়ন আমাদের দেশে কি সর্বনাশ ডেকে এনেছে। আর যারা নির্লজ্জভাবে এর কাছে নতিস্বীকার করেছে, তাদেরই সঙ্গে আপনারা জোট বেঁধেছেন। তারা অতি দ্রুত এই উদারীকরণ কার্যকর করছে আর বিদেশী পণ্য নির্বিচারে আমাদের দেশে ঢুকছে। আপনারা বুঝতে চান না। কতবার বলব। আর বুঝতে চান না বলে একটা অনাস্থা প্রস্তাব এনে দেবেন আর আমাদের কালক্ষেপ করতে হবে। আমার বলার মধ্যে যদি কোনো ভুল হয়ে থাকে বলবেন। সেখানে নির্বিচারে বিদেশী পণ্য আনা হচ্ছে আর আমাদের পণ্য অসম প্রতিযোগিতার মধ্যে পড়ে যাচ্ছে, কৃষক ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। কি কৃষক প্রীতিতে আপনারা ভেসে যাচ্ছেন। আর সেটা আমাদের দেখতে হচ্ছে। আজকে বিশ্বায়নের নীতির ফলে, নির্বিচারে উদারীকরণের ফলে শুধু আমাদের শিল্পক্ষেত্রই আক্রান্ত হচ্ছে না, কৃষিক্ষেত্রও সমানভাবে আক্রান্ত। যে ১৪২৯টি পণ্য আনা হচ্ছে তার মধ্যে ৮৫০টি-ই কৃষিপণ্য। আমাকে যদি জিজ্ঞেস করেন, আমি হয়তো একটানা ৩০/৪০টি কৃষিপণ্যের নাম করতে পারব, আর পারব না। আপনাদের কেউ হয়তো ৪০/৫০টির নাম করতে পারবেন। আর ৮৫০। কোনটা বাদ যাচ্ছে ? হয়তো বিশেষ ধরনের তুলোও আনা হচ্ছে, যা হয়তো এখানে কোনো কাজে লাগবে। বিদেশী রাষ্ট্রগুলো বিদেশী বাজার দখল করার জন্য তাদের কৃষিপণ্যের উপর ৩৫/৫০ ভাগ ভর্তুকি দিচ্ছে আর বলছে আমাদের এখানে ভর্তুকি বন্ধ কর। ভর্তুকি তুলে দেওয়ার জন্য আমাদের এখানের পণ্য অসম প্রতিযোগিতার মধ্যে পড়ছে। পঙ্কজবাবু থাকলে বলতাম—হয়তো কোনো বড় কাজে গিয়েছেন, নাহলে এখানে থাকতেন—এখানে থাকাটা তো সংসদীয় রীতিনীতির মধ্যে পড়ে। আমি চ্যালেঞ্জ জানিয়ে বলছি, ঋণগ্রস্ত হয়ে, সর্বস্বান্ত হয়ে অন্ধ্রপ্রদেশের তুলো চাষীরা বা পাঞ্জাবের কৃষকরা আত্মহত্যার পথ বেছে

নিয়েছে। কিন্তু পশ্চিমবাংলার একজন কৃষকও ঋণ নিয়ে আত্মহত্যার পথ বেছে নিয়েছে, এই দৃষ্টান্ত দেখাতে পারবেন না। সুতরাং বলার জন্য বলতে পারেন। আপনারা এই সবের বাইরে। জবাব দেওয়ার আপনাদের কোনো দায়িত্ব নেই। এমন একটা দল শুধু বলার কথা বলেন, বাইরে শান্ত পশ্চিমবাংলাকে অশান্ত করার চেষ্টা করেন, এই জন্য আপনাদের অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলনেতা এবং অন্যান্যদের আনা যে অনাস্থা প্রস্তাব সেই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। গণতন্ত্রের শর্ত হচ্ছে গভর্নমেন্ট অব দি পিপল, ফর দি পিপল অ্যান্ড বাই দি পিপল, আর আপনাদের বিরুদ্ধে অনাস্থা এই কারণের জন্য যে আপনারা গভর্নমেন্ট অব সি.পি.এম, ফর সি.পি.এম., বাই সি.পি.এম., আর কোনো কারণের জন্য আপনাদের বিরুদ্ধে অনাস্থা নয়। একটু আগে গণতন্ত্রের কথা বলছিলেন মাননীয় সদস্য মোস্তাফা বিন কাশেম। গণতন্ত্রের দোহাই দিয়ে আপনারা সারা পৃথিবীতে প্রচার করেন। আপনাদের একটুও কুণ্ঠা হল না, পশ্চিম ভারতে যেখানে নির্বাচন হয়ে গেল সেখানে নির্বাচনে জনসাধারণের ভোটে যারা জিতেছেন, সেটা আপনার মনঃপুত না হতেও পারে, হতেও পারে, কি করে সেটাকে কনডেম করে—আপনারা জনগণের রায়কে এতবড় কনডেমনেশন করলেন, আর পশ্চিমবাংলায় বসে গণতন্ত্রের ধ্বজা ওড়াবেন—এই দ্বিচারিতা, আপনাদের সি.পি.এম পরিচালিত সরকারের সবচেয়ে বড় অপরাধ। আইন-শৃঙ্খলার প্রশ্নে দেখুন—কাল এখানে আমি একটা মোশন দিয়ে ছিলাম, একটা মেনশন করেছিলাম। সেই মেনশনে বলেছিলাম যে বেহালায় খুন-খারাপি বাড়ছে। আজকে সকালবেলা বেহালায় একজন সি.পি.এম কর্মী খুন হয়েছে, কিন্তু থানায় যে এফ.আই.আর করেছে সেখানে কারো নাম দেওয়া হয়নি, খুঁজে বেড়াচ্ছে পুলিশ সি.পি.এমেরই একজন কর্মী। একটু আগে বলছিলাম আপনাদের এই স্ববিরোধিতার জন্য আপনারা লড়াই করেন, আর খেসারত দিতে হয় আমাদের। একটা কথা আপনাদের বলতে চাই ১৭ই অক্টোবর সি.পি.এম ফরওয়ার্ড ব্লক লড়াই হয়নি ? কোথায় গেলেন সুব্রতবাবু ? শীতলকুচিতে কতগুলো বাড়ী জ্বালিয়ে দেওয়া হয়েছে, কতগুলো বাড়ি সি.পি.এম জ্বালিয়ে দিয়েছে, ২০শে অক্টোবর ফরওয়ার্ড ব্লকের সঙ্গে মারামারি হয়নি, শৈলেন বর্মন মারা যায়নি সি.পি.এমের ? ১৪ই নভেম্বর আরেকজন ফরওয়ার্ড ব্লক সাপোর্টার সি.পি.এম.-এর দ্বারা গুলিবিদ্ধ হল, এই ঘটনা ঘটেনি ? আজকে আপনারা আমাদের ঐক্য নিয়ে কথা বলছেন। কি ঐক্য আপনাদের আছে বাসন্তীতে মার খেয়ে খেয়ে আর.এস.পি.-র কর্মীরা মারা গেল, গোসাবায় কি ঘটনা ঘটছে ? আসল কথা যেটা সেটা শুনুন, আপনাদের দলের মধ্যে অনেক সমাজবিরোধী ঘাঁটি গেড়ে আছে। কাদের আশ্রয়ে, প্রশ্রয়ে তারা আছে, গত দেড় বছর ধরে তাদের চিহ্নিত করা হয়েছে। বললে আপনারা বলবেন আমাদের দলের লোককে আমরাই ধরেছি। বি.ডি. সিংকে ধরেছেন, দুলাল ব্যানার্জিকে ধরেছেন, সেলিমকে ধরেছেন, প্রভাস ঢালিকে ধরেছেন। কিন্তু এই যে এদের ধরেছেন তার জন্য সেই সব এলাকার গণ্ডগোল বন্ধ করতে পেরেছেন কি ? দমদমে দুলাল ব্যানার্জির সাবস্টিটিউট তৈরি হয়নি ? এর যে উৎসমুখ তাদের আপনারা

ধরতে পারবেন না। ধরতে পারবেন কি করে ? এই সমাজবিরোধীদের উৎসমুখ-এর অনেকেই তো এই হাউসে বসে আছেন, তাদের ধরবার ক্ষমতা আপনাদের নেই। এই সরকারের প্রশ্রয়ে সারা পশ্চিমবাংলা এরকম করেই চলবে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার সংস্কৃতির কথা বলেন। সত্যিই আমরা এক সময়ে পশ্চিমবাংলার সংস্কৃতি নিয়ে বড়াই করতাম। পশ্চিমবাংলার সংস্কৃতি কয়েকশো বছরের ঐতিহ্য, সেই সংস্কৃতির অবস্থা আজকে কোথায় এসে দাঁড়িয়েছে। গাইঘাটা, শুঁটিয়াতে আমি গিয়েছিলাম, শুঁটিয়াতে একজন দুজন নয়, কয়েকশো তফসিলিভুক্ত মহিলা যারা তৃণমূল কংগ্রেস বা বি জে পি করে না, বা কংগ্রেসও করে না, তারা সাধারণ মানুষ, তাদের অপরাধ কি ? তাদের বাড়ীর লোক সি.পি.আই.এম আশ্রিত সমাজবিরোধীদের ৫০ হাজার টাকা দিতে পারলেন না। বাড়ীর মহিলাদের দেখতে সুশ্রী, তাই দিনের পর দিন, মাসের পর মাস তাঁদের স্বামীরা সমস্ত নরপশু নরখাদকদের হাতে তাঁদের পৌঁছে দিতে বাধ্য হয়েছে। ওই সমস্ত মানুষদের বুকভরা কান্না মুখ্যমন্ত্রীকে একবারও তো বিচলিত করেনি। আপনারা সব খবর রাখেন। ৮ মাস ধরে এই ঘটনা ঘটে চলেছিল। তখন তো আপনারা খবর পেলেন না ? খবর পেলেন যখন সংবাদপত্রে খবর বেরোল প্রসাদ ঢালি এবং বীরেশ্বর ঢালিদের। কিন্তু এই ক্ষমতার উৎসমুখ হচ্ছে তরুণ মহাপাত্র। তাকে তো ধরতে পারলেন না ? এদের ধরার জন্য যখন পুলিশ অ্যাকটিভ হল তখন আপনারই দলের একজন টেলিভিশনের সামনে, মিডিয়ার সামনে পুলিশের বিরুদ্ধে বিষোদগার করলেন। আজ পর্যন্ত সেই নেতার নেতৃত্ব বন্ধ করতে পারলেন না। এইভাবে চললে উত্তর ২৪-পরগনা কোনোদিন শান্ত হয়নি, হবেও না। আপনারা নিজেদের মধ্যে লড়াই করবেন—"রাজায় রাজায় যুদ্ধ হবে, উলুখাগড়ার প্রাণ যাবে", আর সাধারণ মানুষ মরবে। আইন-শৃঙ্খলার এই পরিস্থিতি। এক একটা জায়গায়, এই হচ্ছে অবস্থা। আমি কিছুদিন আগে পুরুলিয়ায় গিয়েছিলাম। মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন পুলিশের হিউম্যান বেস থাকা দরকার। এমন অবস্থা করেছেন পুলিশের সেই হিউম্যান বেসের কথা বলতে গিয়ে পুরুলিয়া জেলার এস.পি-র ব্যাপারে প্রিভিলেজ নোটিশ দিতে বাধ্য হয়েছি। নিশ্চয় সেই নোটিশ মুখ্যমন্ত্রীর দপ্তরে নিশ্চয় পৌঁছেছে। সেই পুলিশ আজ পর্যন্ত এত প্রচেষ্টা সত্ত্বেও কলোনিয়ান পুলিশ হয়ে গেছে। সেই কারণে ১৩ বছরের মেয়েকে, ৬৮ বছরের বৃদ্ধাকে ৩০৭ ধারায় জেল করে দেয়। কোনো বিবেকসম্পন্ন মানুষ এ জিনিস কল্পনা করতে পারে না। সি.পি.আই.এমের সঙ্গে আর.এস.পি.র লড়াই লেগে যাচ্ছে। সি.পি.আই.এমের সঙ্গে ফরোয়ার্ড ব্লকের লড়াই লেগে যাচ্ছে। এমন কি সি.পি.আই.এমের দলের ভিতরের মানুষের সঙ্গে লড়াই লেগে যাচ্ছে। অর্থনৈতিক দিক থেকে সরকার দেউলিয়া হয়ে গেছে। এই দেউলিয়া হওয়ার মূল কারণ হচ্ছে, পঞ্চম বেতন কমিশন যা যা সুপারিশ করেছিল, পকেটে পয়সা নেই, তবু সেই সুপারিশগুলি কার্যকরী করা হয়েছিল, ওয়ান ম্যান শোশিপ করার জন্য। এমনই অবস্থা যে, ঘরে চাল বাড়ন্ত, কর্তা গেছেন বিরিয়ানির মশলা খুঁজতে। আপনার ঘরে টাকা নেই, অন্য প্রদেশকে দেখানোর জন্য ধার করে পঞ্চম বেতন কমিশন ইমপ্লিমেন্ট করে দিলেন। আজকে আপনার প্রত্যেক দিন তোলা তোলবার ব্যবস্থা হয়েছে। পেট্রোল ডিজেল আপনারা দেন না। আপনারা বিক্রি করেন না। মার্কেটিং করেন না। অথচ তারজন্য সেস দিতে হবে। এই হচ্ছে তো আপনার অবস্থা। গত

৯ দিন ধরে একটা একটা বিল নিয়ে এসেছেন, আর জনগণের উপর আর্থিক বোঝা চাপিয়ে দিয়েছেন। এর ফলে পশ্চিমবঙ্গের জনগণের আর আপনাদের প্রতি আস্থা নেই। পশ্চিমবঙ্গের পুলিশের এবং কিছু সমাজবিরোধীদের আপনাদের প্রতি আস্থা আছে। তাদের আস্থা নিয়ে আপনারা বারবার ফিরে আসবেন। এই কারণে এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ ইয়াকুব : স্যার, বিরোধী দলনেতা পঙ্কজ ব্যানার্জি এখানে যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন, তার বিরোধিতা করে আমি দু-একটা কথা উল্লেখ করতে চাই। এখানে অনেকগুলি বিষয় আছে। বিশেষ করে বিরোধীদলের নেতা আইন-শৃঙ্খলার প্রশ্ন বারবার উল্লেখ করছেন। আমি তাদের কাছে প্রশ্ন করতে চাই নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে বিরোধী দলের নেতা এবং তাঁর সদস্যরা বিধানসভার মধ্যে কি শৃঙ্খলা বজায় রাখছেন ? জনগণের প্রতিনিধি তাঁরা বিধানসভায় এসে বিধানসভার একটা নিয়ম আছে সেটাকে মেনে এখানে যেভাবে বিষয়গুলির আলোচনা করার প্রয়োজন যদি মনে করেন তাহলে সেটা আলোচনা করতে পারেন, কিন্তু সেই বিধানসভায় তাঁরা বিশৃঙ্খলা সৃষ্টি করছেন। তাঁরা নিজেরা প্রায়ই আমাদের রাজ্যে কোনো আইন-শৃঙ্খলা নেই এই কথা বলে থাকেন। অর্থাৎ ভূতের মুখে রামনাম। আরেকটা কথা হলো আমাদের এখানে বিরোধীবন্ধুরা উল্লেখ করলেন যে মাননীয় মুখ্যমন্ত্রী তিনি নাকি এখানে হিন্দু-মুসলমান বিরোধ সৃষ্টি করছেন। আমি এই কথার প্রচণ্ড বিরোধিতা করে বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী তিনি বিভিন্ন আন্দোলনের মধ্যে দিয়ে বিভিন্ন অভিজ্ঞতার মধ্যে দিয়ে আজকে মুখ্যমন্ত্রীত্বে তিনি উপলব্ধি করেছেন যে সংখ্যালঘু মুসলিম অনেকেই পিছিয়ে আছেন, তাঁদের যোগ্যতা যাঁর আছে সে যাতে সুযোগ-সুবিধা পায় সে কথা তিনি উল্লেখ করেছেন। স্বাভাবিকভাবেই যেখানে পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আমরা সংঘবদ্ধ সেইদিক থেকে সরকার চেষ্টা করছেন। এ কথা বলার কোনো অর্থই হয় না। বরং বিরোধী বন্ধুদের দল এতে ইন্ধন যোগাবার চেষ্টা করছেন। তার উদাহরণস্বরূপ আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, ওনাদের নেত্রী তিনি এখানে উল্লেখ করেছেন আমরা সংবাদপত্রে দেখলাম তিনি বলেছেন গুজরাটে যে নির্বাচন হয়েছে তাতে সেখানে গুজরাটের জনগণকে তিনি স্বাগত জানিয়েছেন। পশ্চিমবঙ্গে নির্বাচনে কারচুপি হয়েছে, নানা কায়দায় চুরি করে আমরা নাকি ক্ষমতা দখল করেছি। অদ্ভুত কথা। এখানে পশ্চিমবাংলার জনগণের রায়কে উনি মানতে পারছেন না। এটা তো অদ্ভুত ব্যাপার, দু-রকম কথা, ওখানকার জনগণ রায় দিয়েছেন কি অবস্থায় নির্বাচন হয়েছে সে কথার উল্লেখ আমি করতে চাই না, কিন্তু সেখানকার জনগণের রায়কে তিনি স্বাগত জানাচ্ছেন, অভিনন্দন জানাচ্ছেন, আর এখানকার জনগণ বামফ্রন্টকে সমর্থন করেছেন তাই তিনি সেটাকে স্বাগত জানাতে বা অভিনন্দন জানাতে পারছেন না। আমাদের বিরোধী বন্ধুরা এখানে কয়েকটি বিষয় এনেছেন, যেমন কোর্ট ফি সম্পর্কে। কোর্ট ফি সম্পর্কে নিশ্চয়ই অনেক বিবেচনা করেই আজকে বিধানসভায় গৃহীত হয়েছে এবং যাঁরা আইনজীবী আছেন তাঁদের এটা মেনে নেওয়া উচিত। কিন্তু সুপ্রিম কোর্টের রায় বেরোবার পরেও তাঁরা মানছেন না। কিন্তু সাধারণ মানুষের কথা বিবেচনা করেই সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

[1.00–1.10 p.m.]

রাজ্যে যারা নিরন্ন গরীব মানুষ, তাদের আইনী সাহায্য করার জন্য সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু কই বার অ্যাসোসিয়েশন, বার কাউন্সিল তো কখনও এ কথা বলেনি বা এ ব্যাপারে কোনো আন্দোলন করেনি যে গরীব মানুষের জন্য আমরা কোনো ফি নেব না, বিনা পয়সায় তাদের জন্য মামলা করব, ওকালতি করব। এ কথা তো তাঁরা বলেননি। অথচ দুঃখের কথা গত এক মাসের বেশি, প্রায় ৫ সপ্তাহ ধরে বহু লোক যারা পুলিশের হেফাজতে, জেল কাস্টডিতে রয়েছে তাঁদের কি অসুবিধা হচ্ছে তা তাঁরা উপলব্ধি করছেন না। তারা দোষী কি নির্দোষ সেটা বিচার্য বিষয়। কিন্তু আদালতের মাধ্যমে তাদের জমানত হবে কিনা সেটা আদালতের বিচারের বিষয়। কিন্তু সেইদিকে তাঁরা একবারও চিন্তা করছেন না। অথচ আমরা লক্ষ্য করছি তারা আন্দোলন করছেন। কিন্তু এই আন্দোলনে জনগণের সমর্থন নেই। তবুও তাঁরা করছেন।

দ্বিতীয় বিষয় হচ্ছে, আমাদের বিরোধী বন্ধুরা উল্লেখ করেছেন স্বাস্থ্য পরিষেবার কথা। নানা প্রতিকূল অবস্থার মধ্যেও পশ্চিমবঙ্গে স্বাস্থ্য পরিষেবাকে ভালো থেকে আরো ভালো করার একটা চেষ্টা চলেছে। এটা ঠিক যে বাধ্য হয়ে এবং নানা অসুবিধার সম্মুখীন হয়ে, রাজ্য সরকারের যে আর্থিক অবস্থা চলছে তার ফলে বেড ফি এবং অন্যান্য কিছু খরচ বেড়েছে। কিন্তু সাথে সাথে স্বাস্থ্য পরিষেবাকে রাজ্য সরকার ভালো থেকে ভালোতর করার চেষ্টা করে যাচ্ছে।

এখানে বি.পি.এল.-র কথা উল্লেখ করা হয়েছে। ব্লকে ব্লকে বি.পি.এল লিস্ট হয়েছে। কেউ যদি এক্ষেত্রে বঞ্চিত হন তাহলে তিনি ব্লকের এস.ডি.ও.-র কাছে গিয়ে অভিযোগ জানাতে পারেন। সেই সুযোগ আছে। শুধু এখানে অভিযোগ করলে হবে না। যদিও কংগ্রেস পশ্চিমবঙ্গে বহু বছর ক্ষমতায় ছিল কিন্তু তারা এটা নিয়ে ভাবেনি।

আজকে পশ্চিমবঙ্গে অসংগঠিত শ্রমিকদের জন্য পি.এফ.-এর ব্যবস্থা করা হয়েছে। কৃষি-শ্রমিকদের জন্য এই পি.এফ চালু করার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু কই কেন্দ্রীয় সরকার তো এমন ব্যবস্থার কথা ভাবেননি, চিন্তা করেননি। আজকে কৃষকরা ফসলের দাম পাচ্ছে না। কৃষকরা বঞ্চিত হচ্ছে কেন ? কেন্দ্রীয় সরকার ভর্তুকি তুলে দিয়েছেন। বিদেশ থেকে চাল এবং অন্যান্য খাদ্যশস্য আমদানি শুরু করেছেন। কিন্তু তার জন্য তো আপনারা প্রতিবাদ করছেন না। কেন্দ্রীয় সরকারের নীতির বিরোধিতা করে কি কোনো আন্দোলন করছেন ? করছেন না। শুধু এখানে অনাস্থা আনছেন। এই সরকারের প্রতি নাকি জনগণের আস্থা নেই। পঞ্চায়েত নির্বাচন, বিধানসভা নির্বাচনে তো আপনারা ফল পেয়েছেন আস্থা আছে কিনা জনগণের। আপনারা এই বিধানসভায় বার বার অনাস্থা এনেছেন কিন্তু তা ধোপে টেকেনি। আপনারা জনসাধারণকে নানাদিক থেকে ভুল বোঝাবার চেষ্টা করেছেন, ভুল পথে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। কিন্তু পশ্চিমবঙ্গের জনগণ দীর্ঘদিনের অভিজ্ঞতার মধ্যে দিয়ে এ ব্যাপারে সজাগ সচেতন আছেন আপনারা যতই বোঝার চেষ্টা করুন। মাদ্রাসার মাধ্যমে যাতে উন্নতমানের শিক্ষা ছড়িয়ে দেওয়া যায় সরকার তার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তাকে কার্যকর করার চেষ্টা করছেন। যাই হোক, অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত কুমার মাল : স্যার, অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেসের অনাস্থা প্রস্তাবে আমার বক্তব্য পেশ করছি। স্যার, আপনি জানেন, দীর্ঘ ২৬ বছর ধরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকায় আইন-শৃঙ্খলার অবনতি চরম পর্যায়ে এসেছে, রাজ্য সরকারের অর্থ সংকট ভয়াবহ রূপ নিয়েছে এবং সরকার দুর্নীতিতে ভরে গিয়েছে। সার্বিক দিক থেকে বামফ্রন্ট সরকারের ব্যর্থতার প্রকাশ দিনে দিনে ফুটে উঠেছে। সঠিক সময়ে অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস, সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছে। এই প্রস্তাবকে আমরা সমর্থন করছি। স্যার, মাননীয় বিধায়ক শ্রী সোমেন্দ্রনাথ মিত্র মহাশয় কিছুক্ষণ আগে এই হাউসে খুব পরিষ্কার ভাষায় বলেছেন যে, কোনো কোনো জায়গায় রাজনৈতিকভাবে খুন করা হয়েছে, কোনো কোনো জায়গায় রাজনৈতিক সাহায্যে খুন করার পরেও পুলিশ সেখানে নীরব দর্শকের ভূমিকা পালন করেছে। আজকে তামাম উত্তরবঙ্গে জনযুদ্ধ এবং কে.এল.ও. যেভাবে মাথাচাড়া দিয়ে উঠেছে তাতে রাজ্যের মানুষ আতঙ্কিত। আমাদের প্রশ্ন খুবই পরিষ্কার। মাননীয় মুখ্যমন্ত্রী একটু আগে বললেন যে, 'জনযুদ্ধের নাম করে কোনো কংগ্রেস কর্মীকে কোথাও যদি অ্যারেস্ট করা হয় তাহলে সেটা বলুন।' তা নিশ্চয়ই নয়। আমাদের বক্তব্য, কংগ্রেস কর্মী নয়। কেন জনযুদ্ধের উৎপত্তি, কেন কে.এল.ও-র এই আন্দোলন, সংগ্রাম করছে বাজে লাইনে—এটা সরকারকে জানতে হবে। এরা কাদের লোক ? এতদিন কিন্তু তাদেরকে ব্যবহার করা হয়েছে। তাদের অর্থনৈতিক সংকট খুব কঠিন, তাই তারা বাজে পথ গ্রহণ করেছে। আমরা তার প্রতিবাদ করি। আজকে অনেক সাধারণ ছেলে আছেন যাদের নাম সি.পি.এম. পার্টির নির্দেশমতো জনযুদ্ধের কর্মী বলে থানায় বলা হয়। আমাদেরকে মাঝে মাঝে টেলিফোন করে থানায় গিয়ে প্রশাসনের সঙ্গে কথা বলতে হয়। তাদের অর্থ সংকট একটা ভয়াবহ রূপ নিয়েছে। শুধু তাই নয় এই রাজ্যে আইন-শৃঙ্খলার চরম অবনতি হয়েছে—এটা প্রতিদিন বিভিন্ন খবরের কাগজ এবং কোনো মিডিয়ার সংবাদ শুনলে বোঝা যাবে। খবরের কাগজ খুললেই দেখা যাবে যে, সারা বাংলায় প্রতিদিন খুন, ডাকাতি, রাহাজানি, ধর্ষণ বাড়ছে। আজকে এই রাজ্যে প্রচণ্ড অর্থ সংকট রয়েছে। ২৬ বছর ধরে বামফ্রন্ট সরকার এখানে ক্ষমতায় থাকলেন, মাননীয় অর্থমন্ত্রী রাজ্যের মানুষকে ধোঁকা দিলেন, প্রতি বছর বাজেট পেশ করতে গিয়ে তিনি ডেফিসিট বাজেট প্লেস করলেন। আজকে রাজ্যে অর্থনৈতিক সংকট আসবেই তো। রাজ্য সরকারকে ধার করে রাজ্যের সমস্ত কর্মচারীদেরকে বেতন দিতে হয়। এই ধারের বোঝা ৭০ হাজার কোটি টাকায় পৌঁছেছে। বিভিন্ন দিক থেকে সরকারের যে রেভিনিউ আসে সেই রেভেনিউ তুলতে সরকার ব্যর্থ হয়েছে, আর রেভেনিউ যেগুলো তুলছেন সেটাও সঠিকভাবে সরকার ব্যবহার করতে পারেন না। সরকার দুর্নীতিতে ভরে গেছে। বিভিন্ন উন্নয়নখাতে টাকা নিয়ে উন্নয়ন না করে পার্টি বাজী করা হচ্ছে। আজকে বর্তমান, প্রতিদিন খবরের কাগজে বেরিয়েছে, গতকাল লোকসভায় মাননীয় জলসম্পদ উন্নয়ন মন্ত্রী মহাশয় বলেছেন যে, 'গঙ্গা-পদ্মা ভাঙন রোধে পশ্চিমবঙ্গকে আর টাকা দেওয়া যাবে না। কারণ এরজন্য পশ্চিমবঙ্গ সরকার যে ১৮ কোটি টাকা নিয়েছেন সেই ১৮ কোটি টাকার খরচের কোনো হিসেব এই রাজ্য সরকার দেননি। রাজ্য সরকার বিভিন্ন স্কিমে কেন্দ্রের কাছ থেকে যে সমস্ত কোটি কোটি টাকা নিয়েছেন তার খরচের কোনো হিসেব কেন্দ্রের কাছে নেই, কোনো ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা পড়ছে না।'

[1.10–2.00 p.m. including recess.]

এইভাবে রাজ্য সরকার দুর্নীতিতে জড়িয়ে পড়ছে। আজকে তফসিলি জাতি, উপজাতি কল্যাণ খাতের টাকা অন্য খাতে ব্যবহার করা হচ্ছে। তফসিলি জাতি, উপজাতিদের বিভিন্ন রকম উন্নয়ন কর্মসূচিকে স্তব্ধ করে রাখা হয়েছে। তামাম উত্তরবঙ্গে আমরা এই জিনিস লক্ষ্য করছি। কোন জায়গায় আজকে সরকার পৌঁছেছে। এখনো কি করে এই সরকার টিকে আছে, এটা সমীক্ষা করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। দিনের পর দিন অর্থনৈতিক সংকটের ফলে আজকে সরকারের বেহাল অবস্থা। দীর্ঘ ২৫ বছরে মাননীয় আইনজীবীরা এখন এখানে সবচেয়ে বড় আন্দোলন করছেন কোর্ট ফি বৃদ্ধির প্রতিবাদে। এই সরকার সেই আন্দোলনকে কোনো মূল্য দিলেন না। প্রথমে অর্ডিনান্স করলেন, তারপর বিধানসভায় বিল পাশ করলেন। আমরা বিরোধীপক্ষ থেকেই শুধু নই, তামাম বাংলার মানুষের স্বার্থে বিভিন্ন পক্ষ থেকে এ ব্যাপারে সরকারের কাছে অ্যাপিল করা হয়েছিল। কিন্তু সরকার তাতে কর্ণপাত করলেন না। সরকারের মেজোরিটি আছে, ক্ষমতা আছে যে কোনো সময় যে কোনো বিল এখানে পাশ করাতে পারেন। আমরা বলেছিলাম অন্তত গণতন্ত্রকে একটু মূল্য দিয়ে মানুষের বোঝা লাঘবের জন্য দু'এক মাস এটা পিছিয়ে দেওয়া হোক। পুনরায় বিষয়টা রিভিউ করে আগামী বাজেট সেসনে বিল আনা হোক। সরকার আমাদের বক্তব্য কোনোরকম গুরুত্ব দিলেন না। দিনের পর দিন দেখছি একের পর এক ক্ষেত্রে চার্জ বৃদ্ধি ঘটিয়ে জনগণের ওপর আর্থিক বোঝা বাড়ানো হচ্ছে—শিক্ষায় ফি বৃদ্ধি করা হয়েছে, বিদ্যুতের চার্জ বৃদ্ধি করা হয়েছে, হাসপাতালের চার্জ পর্যন্ত বাড়ানো হয়েছে। কারণ একটাই, রাজ্য সরকারের দারুণ আর্থিক সংকট চলছে। এই জায়গায় দাঁড়িয়ে আমি আজকে এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করছি। স্যার, আপনি নিশ্চয়ই জানেন পশ্চিমবঙ্গ সরকার কেন এই আর্থিক সংকটে ভুগছে। কেন রাজ্যে আইন-শৃঙ্খলার এত অবনতি হয়েছে ? কেন রাজ্যের বেকার যুবক-যুবতীদের এত যন্ত্রণা ? কেন নতুন করে রাজ্যে কোনো শিল্প স্থাপিত হচ্ছে না ? এই সবের একটাই কারণ মাননীয় অর্থমন্ত্রী দীর্ঘদিন ধরে রাজ্যের মানুষকে ধোঁকা দিয়ে এসেছেন তাঁর ডেফিসিট বাজেটের মধ্যে দিয়ে। বিগত ২৫ বছর ধরে ধোঁকা খেতে খেতে আজকে আমরা এমন একটা জায়গায় এসে পৌঁছেছি। ওঁরা বলেন, 'গরীব মানুষের সরকার, বামফ্রন্ট সরকার। বামফ্রন্ট জিন্দাবাদ।' আজকে সেই গরীব মানুষদের শোষণ করার পথ বেছে নিয়েছেন সরকার চালাবার জন্য। মাননীয় অর্থমন্ত্রী এই হাউসে দাঁড়িয়ে মাননীয় বিধায়কদের এলাকা উন্নয়নের যে প্রকল্প ঘোষণা করেছিলেন। সেই ঘোষিত প্রকল্পের বরাদ্দকৃত অর্থ এখন আর মাননীয় অর্থমন্ত্রী সঠিক সময় দিতে পারছেন না। মাননীয় শিক্ষক মহাশয়রা, বিশেষ করে অবসরপ্রাপ্ত মানুষরা তাঁদের অবসরকালীন বেতন ভাতা তাঁরা পাচ্ছেন না। আজকে রাজ্য সরকার সম্পূর্ণ দেউলিয়া হয়ে গেছে। রাজ্য সরকারের এই অবস্থার এবং জনবিরোধী কার্যকলাপের প্রতিবাদে এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : এখন বিরতি। আমরা আবার মিলিত হব দুটোর সময়। বিরতির পর প্রথম বক্তা শ্রী সুভাষ নস্কর।

(এই সময় সভা দুপুর ২-টো পর্যন্ত মূলতবি ঘোষিত হয়।)

[At this Stage, the House was adjourned at 1.13 p.m. for recess till 2.00 p.m.]

[2.00–2.10 p.m. after recess]

শ্রী সুভাষ লস্কর : মাননীয় অধ্যক্ষমহোদয়, আজকে এই সভায় মাননীয় বিরোধীদলের নেতা শ্রী পঙ্কজ ব্যানার্জী মহাশয় রাজ্য মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন এবং তিনি তাঁর বক্তব্যও কিছুটা বলেছেন। আমার প্রথমেই বলতে ইচ্ছা করে যে, আমাদের বিরোধীদল নেতা তাঁর নিজের আস্থা নেত্রীর প্রতি আছে কিনা সে বিষয়ে মাঝে মাঝে আমরা সংবাদপত্রগুলিতে দেখি। তবে এখানে তিনি তাঁর বক্তব্য উথাপন করেছেন যখন, তখন আমাদের বলতেই হবে। আমাদের দলের পক্ষ থেকে মাননীয় সদস্য শ্রী তপন হোড় মহাশয় পরবর্তীকালে বলবেন। তবে ওঁরা যে বিষয়ে এখানে বারে বারে বলতে চান সেটা হচ্ছে এই রাজ্যে আইন-শৃঙ্খলার পরিণতি খুবই ভেঙে পড়েছে এবং বারে বারে সেই কথা উল্লেখ করে সরকারের বিরুদ্ধে অনাস্থার প্রথম প্রশ্ন তাঁরা বেশি করে উথাপিত করতে চান। হ্যাঁ, একথা সত্য, এলাকার বহু মানুষ খুন হচ্ছে নানা কারণে, নানাভাবে। হয়তো প্রায় সময়ে ওঁরা দেখিয়ে বলেন এবং বিশেষ করে আমরা যারা বামফ্রন্টের শরিক হিসাবে আছি, ওরা সেগুলিকে চিহ্নিত করার চেষ্টা করেন যে, শরিকদলের মধ্যে সংঘর্ষ, শরিকদলের মধ্যে বিরোধ, শরিকদলের মধ্যে খুন। মাননীয় অধ্যক্ষমহোদয়, গতকাল সন্ধ্যা ৭টার সময়ে সন্দেশখালি ১ নম্বর পঞ্চায়েত সমিতির সহকারী সভাপতি, হরিপদ ঘোষ তাঁর নিজস্ব কাজকর্ম করে যখন বাড়িতে ফিরছিলেন, সন্দেশখালি থানা এলাকায় বয়েরমারি স্ট্যান্ডে এসে দাঁড়িয়েছেন বাড়িতে ঢুকবেন বলে, তখন অতর্কিতে—২ জন লোক ওখানে ওৎ পেতে দাঁড়িয়েছিলেন—তাঁর মুখের নিচে চোয়ালে রিভলভার ঠেকিয়ে সঙ্গে সঙ্গে গুলি করল। হরিপদ ঘোষকে হাসপাতাল পর্যন্ত পৌঁছানো গেল না। এই খুনের পিছনে যারা তাদের ১ জনকেও এখনো পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি আমি সকাল পর্যন্ত যা খবর পেয়েছি। আমি জানি, আমাদের দলের ৫০ থেকে ৫২ জন কর্মী বিভিন্ন সময়ে খুন হয়েছে। কিন্তু খবরের কাগজে ফলাও করে লেখা হয়ে থাকে, এইসব খুন প্রায়ই শরিকদলের মধ্যে হয়, হয়তো কোথাও জমি নিয়ে বিরোধ, হয়তো কোথাও ফসল কাটা নিয়ে বিরোধ। একথা একেবারে অস্বীকার করা যায় না, কিন্তু কয়েক বছর ধরে খুনের খতিয়ান যদি বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে বামফ্রন্টের নেতৃত্বকেই খুন করা হচ্ছে এবং তার প্রত্যেকটির পিছনে হয় কংগ্রেস-আই, নতুবা টি.এম.সি. নতুবা বি.জে.পি বা আর.এস.এস.। ১৯৭৮ সালের পঞ্চায়েত সভাপতি ধনঞ্জয় নায়েক ১৯৮১ সালের ৯ ফেব্রুয়ারী তিনি যখন বাড়ি ফিরছিলেন তখন দুর্বৃত্তরা তাঁর বাড়িতে ঢুকে তাকে খুন করে। ধনঞ্জয় নায়েক বেঁচে নেই, তিনি পঞ্চায়েত সমিতির সভাপতি ছিলেন। তুলসী দাস গায়েন গোসাবা পঞ্চায়েত সমিতির সদস্য, সে খুন হয়েছিল। যদি আইডেনটিফাই করেন, চিহ্নিতকরণ করেন তাহলে দেখা যাবে তুলসী দাস গায়েন, ধনঞ্জয় নায়েককে যারা খুন করেছিল কংগ্রেস

(আই) দলের খাতায় খুনীদের নাম আছে। খগেন্দ্রনাথ সানা, বাসন্তী ব্লকের ঝড়খালি গ্রাম পঞ্চায়েতের প্রধান, তাকে ঠিক একইভাবে সন্ধ্যার সময় সে যখন বাড়ী ফিরছিল ঝড়, বৃষ্টির সময় বাড়ীতে ঢুকতে না দিয়ে বাড়ীর সামনেই তাকে খুন করা হয়। অন্ধকারে তার গলা কেটে দেওয়া হয়েছিল। সেখানে শরিকি সংঘর্ষ ছিল না ওই ঝড়খালিতে এবং সেখানে ওই খুনের প্রতিটি আসামি কংগ্রেস (আই) এর সঙ্গে যুক্ত ছিল, পরবর্তীকালে দল পাল্টে কেউ কেউ অন্য দল, এস.ইউ.সি.আই.-এ চলে গিয়েছে। মনসুর নাইয়া, ক্যানিং পঞ্চায়েত সমিতির সদস্য ছিলেন, পঞ্চায়েত প্রধান ছিলেন, সেখানে ওই দাড়িয়া গ্রাম পঞ্চায়েতের অফিসের মধ্যে ঢুকে মিটিং চলাকালীন অবস্থায় তাকে খুন করা হয়। বিরোধীদলকে আজকে বলতে হবে তার খুনীরা কোন দলের আশ্রয়ে আছেন এবং এফ.আই.আর-এ কাদের কাদের নাম আছে। গোসাবা পঞ্চায়েত এলাকায় মনোরঞ্জন মণ্ডল সহ আরও দুজন যাঁরা আমাদের সমর্থক তাঁরা পুলিশকে খবর দিতেন যে কারা জঙ্গলে ঢুকে বেআইনীভাবে গাছ কাটছে, হরিণ মারছে, বাঘের চামড়া জোগাড় করছে। পুলিশকে খবর দিলেও পুলিশ কিন্তু সময়মতো যেত না। মনোরঞ্জন মণ্ডলরা সেখানে পাহারার ব্যবস্থা করেছিলেন, সেই মনোরঞ্জন মণ্ডল সহ আরও দুজনকে খুন করা হয়েছিল। এই খুনীরা টি.এম.সি. দলের লোক। হরষিত মণ্ডল, গোসাবার পাশের এলাকায়, এক্স প্রধান, তিনি খুন হয়েছেন কিন্তু একজন আসামীকেও সেখানে ধরা হয়নি। আপনারা শুধু আঙুল তুলে বামফ্রন্টের দিকে তাকিয়ে বলছেন যে এগুলি সব শরিকি সংঘর্ষ কিন্তু হরষিতের খুনীরা কোন দলের আশ্রিত সেই প্রকৃত ঘটনাটা তুলে ধরুন এবং বলুন যে আপনাদের দলের লোক নয়। সবাই জানেন যে তারা আপনাদের দলের লোক। তারপর মোকলেস খানকে যারা খুন করেছিল তারাও কংগ্রেসের ঝাণ্ডা নিয়ে মিছিল করে। খুনের পর বডিটাও তারা আটকে রেখেছিল, আমাদের নিতে দেয়নি। সেই খুনের আসামিরা প্রকাশ্যে টি.এম.সি.-র হয়ে কাজ করছে, নির্বাচনের সময় বুথ দখল করেছে টি.এম.সি. দলের পক্ষে। সেখানে এমনই অবস্থা তারা করেছিল যে এক-একটি বুথে মাত্র ৫/৭ করে ভোট বামফ্রন্টের প্রার্থীর অনুকূলে পড়েছিল। নির্বাচনের পর ৬ মাসে ৪টে খুন হল বাসন্তী এলাকাতে, সেই খুনের নায়ক আপনাদের দলের নেতা এবং ওই এলাকার একজন প্রাক্তন প্রধান, বিধানসভা নির্বাচনে টি.এম.সি. দলের প্রার্থী হয়েছিলেন। খুনের আসামিদের খাতায় তার নাম আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, বিরোধীদল তাঁরা হয়তো চিৎকার করবেন এই বলে যে আমরা আশ্রয় দিচ্ছি কিন্তু এই খুনীদের কোনো রাজনীতি নেই, কোনো জাত নেই, যে কোনো একটা রাজনৈতিক দলে তারা ঢুকে পড়ে রেহাই পাওয়ার জন্য। দ্বিতীয়ত, আমরা দেখছি প্রকৃত খুনীদের আড়াল করার জন্য অনেক সময় পুলিশ তদন্ত না করেই আসামি হিসাবে যাদের নাম থাকে তাদের সকলকে গ্রেপ্তার করে ফলে অনেক নিরীহ মানুষও অযথা তাতে জড়িত হয়ে পড়েন। আমি বলব, প্রকৃত তদন্ত প্রথমেই করে সঠিক আসামিদের গ্রেপ্তার করা হোক।

[2.10–2.20 p.m.]

অন্য নিরীহ মানুষ রেহাই পেয়ে যাবে। একটা কথা বলা দরকার, খুন হচ্ছে, মানুষ মারা

যাচ্ছে, তারা ক্ষতিপূরণ পায় কিন্তু সুন্দরবনে নৌকাডুবিতে শতাধিক মানুষ মারা যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করব নৌকাডুবিতে যারা মারা যায় তাদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য এখনও পর্যন্ত কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি, বহু পরিবার কোনো আর্থিক সাহায্য পায়নি, এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করব। প্রকৃত ঘটনাগুলো তুলে ধরে ধানের দাম যেভাবে পড়ে যাচ্ছে যৌথভাবে আন্দোলন করার ব্যাপারে আপনাদের কিছু বলার থাকতে পারত। এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমাদের দলের আনা অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটা কথা বলতে চাই। এতক্ষণ ধরে প্রত্যেকে যে মতামত এখানে প্রকাশ করলেন সেটা আমি শুনলাম। সরকারী পক্ষের সদস্যদের কথা আমি ধৈর্য্য ধরে শোনবার চেষ্টা করেছি। আমি বুঝতে পারছি না চামড়া ২৬ বছরে এত মোটা হয়ে যায়। না হলে হয়তো কিছু আলোর দিক থাকত। সেই আলোর দিকগুলো নিয়ে আলোচনা না করে শুধুমাত্র ব্যক্তিগত আক্রমণের পথ বেছে নিয়েছেন। আমি অর্থনৈতিক অব্যবস্থার কথা ভাবছিলাম, তখন আমার কবিতাপ্রিয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যর কথা মনে পড়ে গেল, তিনি বোধহয় চাইছেন 'ফুলগুলো সরিয়ে নাও, আমার লাগছে।" আমি আপনার কাছে জানতে চাই, এখানে মাননীয় অর্থমন্ত্রী আছেন, বিকল্প অর্থনীতির প্রবক্তা, মনে হয় গিনেজ বুকে নাম উঠবে, এত বড় বিকল্প অর্থনীতি ভারতবর্ষে কেন সারা বিশ্বে কেউ শোনেনি। আপনি এমন এক অর্থনীতির কথা বলেছেন যা আপনার দলের লোকেরাই আপনার অর্থনীতি নিয়ে অসন্তুষ্ট, বুঝতে পারছে না। তা নাহলে আপনাকে অবিশ্বাস করতে শিখেছে। আপনার অর্থনৈতিক অবস্থার দুটি মাত্র নজির আপনার সামনে রাখছি। আমার সামনে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্কের একটা ডি.ও. লেটার আছে। সেখানে চিফ জেনারেল ম্যানেজার লিখেছেন—এটা তৃণমূলের নয়—তাতে লিখছে যে ফিনানসিয়াল ইরেগুলারেটিজের জন্য তারা খরিপ মরশুমে খাদ্যশস্য প্রোকিয়োর করবার ক্রেডিট দিতে পারছে না। আপনার ফিনানসিয়াল অ্যাকাউন্ট এতটাই করুণ। কিছুদিন আগে সংবাদপত্রে দেখলাম—আপনারা এতদিন যে সমস্ত সংবাদপত্রকে বুর্জুয়া বলে এসেছেন আপনাদের মুখে কোটেশান শুনছি সেই সংবাদপত্রের। আপনারা গণশক্তিকেই মনে করতেন মূল মন্দির, এখন অনেকগুলো সংবাদপত্র মূল মন্দির হয়েছে। সেখানে দেখলাম আপনার দপ্তর ৬৫ কোটি টাকা একটা রাষ্ট্রায়ত্ত ব্যাংকে রেখেছিল সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবদের জন্য। আমি জানি না কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন নিয়েছিলেন কিনা, সেই টাকা আপনি অন্য জায়গায় নিয়ে চলে গেলেন যেটা আপনি ডিপোজিট করেছিলেন। আমরা দেখতে পাচ্ছি একটার পর একটা কাগজে যে সি.এ.জি. নানা রকম অর্থনৈতিক বেনিয়মের কথা বলছে, কখনও ইংরাজি কাগজে কখনও বাংলা কাগজে। সরকারী ঘোষিত নীতির বিরুদ্ধে যদি বলা হয় তাহলে আমরা দেখতাম তথ্য সংস্কৃতি ডিপার্টমেন্টে আধিকারিক মাঝে মাঝে বেনিয়মী লেখার প্রতিবাদ করতেন। আজকে অতবড় অর্থনৈতিক বেনিয়মের প্রতিবাদের ব্যাপারে সংবাদপত্রে বা ইলেক্ট্রনিক্স মিডিয়ায় ঘোষিত হচ্ছে না। আপনার কোনো স্টাড থাকতে পারে সেই কথা আপনি বলছেন না।

সেখানে এটা এই এই কারণে সত্য নয়, আর এই এই কারণে সত্য—এই এই কারণগুলো আপনাদের রেকটিফাই করতে হবে। দ্বিতীয়ত, এফ সি আইয়ের ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীকে বলছি কোথাও তো এর অডিট নেই। ওখানে যে অডিট নেই, কেন নেই এর কারণ কি সেটা তো দেখাতে হবে। এখানো তো শিল্পমন্ত্রী নেই, আপনারা তো খুব শিল্পের কথা বলেন। আসলে তথ্যকে যেমন গিলোটিন করে বাজেটে পাশ করিয়েছিলেন তেমনি এটাকেও তাই করবেন। আমাদের এখানের একজন প্রবীণ সদস্য খুব সৌজন্যতার কথা বলেন, তাঁকে বলি এখানে তো শিল্পমন্ত্রী নেই, অথচ আপনারা শিল্পকে তো পেট জিনিস বলে আপনারা মনে করেন। আপনার তথ্য প্রযুক্তি ব্যবস্থাও তো শিল্পের মতো একটা সেনসেটিভ বিষয়। সেখানেও তো মন্ত্রী নেই। শিল্পমন্ত্রী অনুপস্থিত থাকাতে হয়তো কবিতা দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী ঠিক করে দেবেন, কেননা শিল্পও তো একটা কবিতা হয়ে যেতে পারে। শিল্পে যদি আপনারা এগিয়ে থাকেন তাহলে কেন শ্বেতপত্র বার করছেন না ? আপনারা ২৭১৯টি প্রোপোজালের অ্যাপ্রুভাল দিয়েছিলেন ৫৪৫টির নামমাত্র বইতে দিয়েছেন। এই ২৭১৯টি প্রোপোজাল খারিজ হয়ে গেছে, তারা চলে গেছে, তারা চাইছে না, তাদের এখানে করার কথা ছিল কিন্তু করল না কেন সেটা জানান। শিল্পমন্ত্রীকে বারে বারে শ্বেতপত্র প্রকাশ করতে বলেছি। আমি মাননীয় মন্ত্রীকে দেড় বছর ধরে বলে আসছি এখানে সম্মানিত সদস্যদের সামনে যে, আপনারা জানান আমরা কি করতে চাইছি, আমরা কি করতে পারিনি, কি করতে চেয়েছিলাম করতে পারিনি এবং পারেননি তার রেকটিফিকেশান করুন—কি কারণে পারেননি। এইসব বিষয়গুলো আমাদের জানাতে বলেছিলাম, আজকে আমাদের জানাবেন। শুধু ফিতে কাটা—কখনো বিল গেটস্‌কে ডাকছেন, কখনো আজিম প্রেমজীকে নিয়ে হাসছেন, কখনো সি.ই.এস.সি.র মালিককে নিয়ে হাসছেন। কিন্তু বাংলার যুবক, বাংলার মানুষকে আপনারা হাসাতে পারছেন না। একজন প্রবীণ সদস্য বসে আছেন, শুনেছি তিনি আবার শিক্ষক, তিনি তাঁর ললিত কণ্ঠে বলবার চেষ্টা করেছেন এবং সেটাই আমি বলছি—আপনারা একটু ভাল করে শুনুন—সারা ভারতবর্ষে মুক্ত অর্থনীতি চলছে, পশ্চিমবঙ্গ সরকার তার বাইরে নয়। আমরা মুক্ত অর্থনীতি অনুসরণ করছি তাই মুক্ত অর্থনীতির আইন-কানুন এই রাজ্যে প্রযোজ্য হবে এটাই স্বাভাবিক। এই প্রসঙ্গে আমার একটা কথা বাঙাল ভাষায় প্রযোজ্য আছে সেটা মনে পড়ছে যেমন কথাটা হচ্ছে যে—'তোর ভাল করসে কে—ভগবান, তোর খারাপ করসে কে—আমি' আজকে দীর্ঘ ২৫ বছর হয়ে গেল কি ব্যবস্থা নিতে পেরেছেন। আপনাদের পারফরমেন্স অ্যাপ্রিজালের দরকার আছে। আপনারা কর্মীদের ক্ষেত্রে নতুন নতুন নিয়ম করে পারফরমেন্ট অ্যাপ্রিজাল চালু করেছেন মুখ্যমন্ত্রী পারফরমেন্স অ্যাপ্রিজাল চালু করুন মন্ত্রীদের জন্য। আবার একটা নতুন কথা বলতে শুরু করেছেন যে ২০ বছর আমরা ছিলাম না, এখন নতুন করে আমরা এসেছি। আমরা দেড় বছর এসেছি। আগে ছিলেন না তো কি চু কিত কিত খেলছিলেন ? এখন মুখ্যমন্ত্রী এসেছেন তো আগে কি আপনাদের মুখ্যমন্ত্রী ছিলেন না ? তাহলে ওই লোকগুলো কোথায় ছিল, এই লোকগুলোকে নতুন করে পেলেন কোথার থেকে, এ যেন একই তরল অন্য বোতলে এনে তার ব্যাখ্যা করছেন। একদিকে বলছেন আমরা উন্নততর বামফ্রন্ট চাই, উন্নততর। আগে যদি উন্নতি না করেন তাহলে এখন উন্নততর এল কি করে ? আজকে

শিল্পে যদি পিছিয়ে পড়েন তার কারণ জানান। সুতরাং দেওয়ার ওয়াজ নো ট্রান্সপারেন্সি। আপনার শিল্পপতিরা চলে যাচ্ছে কেন, তারা কেন ইনভেস্ট করতে চাইছে না, আগ্রহ দেখাচ্ছে না সেটা আমাদের জানান। আপনাদেরই বন্ধু চীনের দিকে তাকান—সেখানে কিভাবে কর্মকাণ্ড চলছে সেটা দেখুন। সেটা নিয়ে একটু আলোচনা করুন। কেবলমাত্র কেন্দ্রের বিরোধিতা করে কেন্দ্র দিচ্ছে না বলে তো লাভ নেই। একটা আর্থিক সংকটে পড়েছেন তার থেকে কিভাবে বেরুনো যাবে এবং শিল্প ব্যবস্থাকে কিভাবে উন্নত করা যায় তার চেষ্টা করুন। কেবলমাত্র কেন্দ্রের দোষারোপ করে, কেন্দ্রের উদার ইকোনমির বিরোধিতা করলে তো অর্থ সংকট কাটিয়ে ওঠা যাবে না। মাননীয় অর্থমন্ত্রী বুদ্ধবাবুর লেখা বই ন্যাশানাল বুক এজেন্সিতে লেখা বইগুলো পড়ুন।

[2.20–2.30 p.m.]

আপনাদের মধ্যে পড়াশুনাটা একটু কমেছে, তাই এখন অনিলবাবু খাতা কলম নিয়ে, রবীনবাবুদের ক্লাস নিচ্ছেন। কুড়ি বছর পরে খেয়াল হয়েছে, তাই পড়াশুনা করাচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী আপনাদের ভালোমতন টাইট করে দিয়েছেন। আমি আপনাদের যে কথা বলতে চাই, আমরা অনাস্থা এনেছি এই কারণে, যে সরকার ঘুষখোরের সরকার—বলব না এটা ট্যাক্স বাবুর সরকার। ট্যাক্সবাবু আছেন জানেন তো, এরা হচ্ছে আমাদের ট্যাক্স বাবু সরকার। জানি না, এর পরে হয়তো শুনব পাড়ার মোড়ে বসে যারা আড্ডা দিচ্ছেন, তাদেরও ট্যাক্স দিতে হবে। এর পরে কবিতা পাঠ করলেও হয়তো সেস বসিয়ে দিতে পারেন—সাবধান। যদি এই অবস্থা আসে, আমরা শুধুমাত্র ট্যাক্স সংগ্রহ করব সাধারণ মানুষের কাছ থেকে, আর মানুষের মিছিলে গিয়ে বলব, আমরা আছি তোমাদের পাশে ; এতে আনন্দিত হবার কারণ নেই, আপনারা ২৬ বছর ধরে আছেন, আমরা জানি, আপনারা আরো থাকবেন, আপনাদের আশা, আপনাদের নাম গিনেজ বুকেও উঠবে। কিন্তু যে মানুষগুলিকে নিয়ে, আপনার মতো শিক্ষকরা ভোটের সময় বলেছিলেন, অনেক কিছু করবেন, উন্নয়নের পথ দেখাবেন, তারা কিন্তু আপনাদেরকে আর মিছিলে খুঁজে পাচ্ছে না। আপনাদের আর একজন মন্ত্রী, তথ্য প্রযুক্তির মন্ত্রী, তিনি তো এতদিন তথ্যপ্রযুক্তি নিয়ে কিছু ভাবলেন না। ওই ডালহৌসি কর্নারে বসে যতীনবাবুদের নিয়ে আন্দোলন করে গেলেন, দেড় বছর আগে একজন কচিকাঁচা মন্ত্রীকে দায়িত্ব দিয়ে দিলেন। বললেন তথ্য প্রযুক্তি তুমি নাও। তার কাজ করবার ইচ্ছা থাকলেও কি করবে, তার বাজেটও গিলোটিনে দিয়েছেন। আমরা চাই তথ্য প্রযুক্তিতে বড় হতে, আমরা চাই তথ্য প্রযুক্তি ব্যবসায় বড় হতে—আপনারা কি তাকে গুরুত্ব দিয়েছেন ? মন্ত্রী অনেক কিছু চিন্তা-ভাবনার কথা বলছিলেন, আই.টি. নিয়েও বলছিলেন, কিন্তু যে আই.টি. পলিসি ২০০০ সালে করার দরকার ছিল, সেটা ২০০২ সালের আগস্ট মাসে ঘোষিত হয়েছে, সেটা নিয়ে আই.টি.ই.এস করবে। আমরা জানতে চাইছি এর সাথে আপনাদের লক্ষ্য কি—ট্রান্সপারেন্ট ? ই-গভর্নেন্স-এর কথা বলেছেন, তা কি সত্যি হচ্ছে ? আপনারা তো অনেকের ঘরেই কম্পিউটার বসিয়েছেন, কিন্তু সেখান থেকে আপনাদের কেউ কিছু শেখার চেষ্টা করেনি। কি কাজ হচ্ছে কম্পিউটারে ? ওই সচিবের ঘরে বা তার নীচে কম্পিউটার বসিয়ে রেখেছেন,

কয়েকজন তার ব্যবহারও করছে। মাননীয় মন্ত্রীরা কয়েকজন দেখছেন। আপনি যা ব্যবস্থা করেছেন তার ইমপ্লিমেন্টেশান কোথায় ? যদি তা না হয় তাহলে কম্পিউটার কম্পিউটার করে আই.টি. করে চেঁচাবেন না। আপনারা ম্যাকেনসি বা ন্যাসকম-এর রিপোর্ট পড়ুন। এর আগে একদিন মন্ত্রীকে বলেছিলাম, আপনারা যা করছেন তা প্রকাশ করুন। আমরা নতুন কিছু বলতে চাইছি, আপনারা কি এইভাবে কাটিয়ে যাবেন দিনটা। তাই আপনাদের এই দিন হচ্ছে কুম্ভকর্ণের ঘুম ভাঙাবার জন্য। আমি আপনাদের কাছে আবেদন করছি, আসুন পশ্চিমবঙ্গকে বাঁচাবার জন্য কর্মে ফিরুন, কর্মটা দেখুন। শুধু ব্যক্তিগত কুৎসাতে দেশ চালানো সম্ভব নয়। সেইজন্য আপনাদের বিরুদ্ধে যে অনাস্থা এসেছে, তা আমরা সমর্থন করি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি। অনাস্থা প্রস্তাব উত্থাপন করে বিরোধীদলের নেতা অনেক বিষয়ে উত্থাপন করেছেন। তার মধ্যে অন্যতম একটা বিষয় ছিল আইন-শৃঙ্খলা। ওরা কিরকম আইন-শৃঙ্খলা রক্ষা করেন তার নমুনা আজকে খবরের কাগজে পড়ছিলাম। কয়েকদিন আগে বাঁকুড়া জেলার খাতরা মহকুমায় এস.ডি.ও শতদল দত্ত-র কাছে ওরা ডেপুটেশান দিতে গিয়েছিল, সেখানে ডেপুটেশান দিতে গিয়ে চেয়ার, টেবিল ভাঙচুর করেছিলেন এবং এস.ডি.ও.-কে ২/৪ ঘা লাগিয়েছিলেন। সুতরাং বিরোধীদলের নেতার পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা সম্পর্কে তার মুখ দিয়ে ব্যর্থতার কথা যা বলছেন, এটা ওদের মুখে শোভা পায় না। আমরা '৭২-'৭৭ সালে কংগ্রেস জামানায় দেখেছি বড় বড় চুল, লম্বাদাড়িরা পশ্চিমবঙ্গের মানুষকে ব্যতিব্যস্ত করেছিল। তাই আইন ও সন্ত্রাস সম্পর্কে আমরা ওদের মুখের ঝাল খেতে রাজি নই। ওরা তো দেশটাকেই বিক্রি করে দিয়েছেন। যখন আইন-শৃঙ্খলা নিয়ে কংগ্রেসের তরফ থেকে প্রস্তাব তোলা হল তখন তৃণমূলের কুশীলবরা বাইরের লবিতে নাটক করছিল। অথচ এই কংগ্রেসের সাথেই গত বিধানসভা নির্বাচনে তারা জোট বেঁধেছিল। তারা জোট বাঁধতেই পারেন, আবার তা ছিন্ন করতেও পারেন। কিন্তু আমার খারাপ লাগছে যে, ওরা কখন কি বলেন, কখন কি করেন ঠিক নেই। গুজরাটে যখন দাঙ্গা হল তখন প্রধানমন্ত্রী বললেন আমি বিদেশে গিয়ে কি করে মুখ দেখাব। তারপরে তিনি যখন বিদেশে গেলেন তার হাসি মুখটা আমরা টি.ভি-র পর্দায় দেখতে পেলাম। গোয়ায় যখন ওদের পার্টির সম্মেলন হল তখন প্রধানমন্ত্রী বললেন, সংখ্যালঘুরা—তোমরা সংখ্যাগরিষ্ঠদের মতামতের প্রতি আনুগত্য প্রকাশ কর। তাদের রাজকর্ম সম্পর্কে আর কি বলব ? গুজরাটে নারকীয় হত্যাকাণ্ডের পর—তখন বোধহয় তৃণমূল কংগ্রেসের সঙ্গে বি.জে.পি.-র মনোমালিন্য চলছিল—ওদের নেত্রী খুব খেপে গিয়েছিল। পশ্চিমবাংলায় বিধানসভা ভোটের আগের দিন ওদের নেত্রী 'ভি' দেখালেন, মেদিনীপুরে সাংবাদিকদের বললেন রাইটার্স বিল্ডিংয়ে আবার দেখা হবে, কিন্তু কলকাতায় এসে বললেন কারচুপি হয়েছে। পশ্চিমবাংলায় নির্বাচন হলেই কারচুপি হয়, আর গুজরাটের নির্বাচনে কি হয়েছে ? সেই নেত্রী নার্সিংহোমে শুয়ে দেখলেন, সেই নির্বাচন শান্তিপূর্ণ এবং অবাধে হয়েছে। সেইজন্য তিনি নির্বাচনকে শুধু স্বাগত নয়, তাকে অভিনন্দনও জানিয়েছেন এবং প্রধানমন্ত্রী ও উপ-প্রধানমন্ত্রীকে চিঠি লিখে অভিনন্দন জানিয়েছেন। এই বৈচিত্র্য আমরা

করতে পারব না। আমাদের বামপন্থীদের একটা নীতি আছে এবং সেই নীতির উপরে ভিত্তি করেই আমরা চলাফেরা করি। আপনারা দেশটাকে তো মার্কিন সাম্রাজ্যবাদের কাছে বিকিয়ে দিয়েছেন। বিশ্বায়ন ও উদারনীতির নাম করে এই দেশটার আর অবশিষ্ট কিছু রেখেছেন ! আজকে বিলগ্নীকরণ মন্ত্রী অরুণ শৌরী বলছেন আমাকে ২৫ হাজার কোটি টাকা তুলতে হবে। দেশের যে কটা কারখানা আছে সব আপনারা বিক্রি করে দিচ্ছেন—সে লাভজনক হোক বা অলাভজনক হোক। সেই বিক্রি করার মাঝে দুর্নীতিরও অনুপ্রবেশ ঘটে যাচ্ছে। কংগ্রেসি জমানায় দুর্নীতি হত, কিন্তু আপনাদের জমানায় এত দুর্নীতি হচ্ছে যে রাখঢাক করার জায়গা নেই। আপনাদের শাক দিয়ে মাছ ঢাকার কোনো জায়গা নেই। মুম্বাইতে সেন্টুর হোটেল আপনারা বিক্রি করলেন ৮৩ কোটি টাকায়, পরে আবার ১৫০ কোটি টাকায় বিক্রি করলেন। এই ধরনের জঘন্য কাজ বামপন্থীরা করে না। ইউ.টি.আই এবং শেয়ার কেলেঙ্কারী করে লক্ষ লক্ষ মানুষকে আপনারা বঞ্চিত করেছেন।

[2.30–2.40 p.m.]

ইউ.টি.আই. কেলেঙ্কারীর কথা আমরা জানি। সেই কেলেঙ্কারীতে তাবড় তাবড় নেতারা, প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী যশোবন্ত সিনহা পর্যন্ত জে.পি.সি.-র আসামীর কাঠগড়ায় দাঁড়িয়েছে—আজকে তার ফল বের হবে। প্রতিরক্ষা মন্ত্রী তহলকা ডট কম এবং কফিন কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত। কত বলব। দুর্নীতি আপনাদের রন্ধ্রে রন্ধ্রে বাসা বেঁধেছে। অপরকে নিন্দা করা আপনাদের শোভা পায় না। দেশটাকে আপনারা কোথায় নিয়ে যাচ্ছেন বলুন তো ? বলছেন—চাষে ভর্তুকি দেওয়া চলবে না। মার্কিন চাচা আপনাদের কান মুলে বলে দিয়েছে—তোমাদের ওখানে সব ভর্তুকি তুলে দাও, গরীব মাঝারি এসব আমরা বুঝি না। কৃষিতে ভর্তুকি হ্রাস করতে হবে, তুলে দিতে হবে। অথচ আমেরিকা, জার্মানি, ফ্রান্স, ইটালি, তারা তো ভর্তুকি দিচ্ছে। সরকার তাদের কথা মাথা পেতে নিয়ে বলছে—জো হুজুর এবং বিদেশ থেকে ৮৫০টি কৃষি পণ্যসামগ্রী অবাধে বিদেশ থেকে আনার দরজা খুলে দিয়েছে। তার ফলে কি হল ? আমাদের দেশের কৃষকরা মার খাচ্ছে। অন্ধ্রপ্রদেশ নিয়ে এত লাফালাফি করেন, সেই রাজ্যের তুলা চাষীরা আত্মহত্যা করছে। পাঞ্জাব নিয়ে এত গর্ব করেন, সেখানকার চাষীরা পর্যন্ত আত্মহত্যা করছে। কর্ণাটকে টমেটো চাষীরা আত্মহত্যা করছে। এই অবাধ আমদানি নীতির ফলে আমাদের কৃষকরা মার খাচ্ছে, ফসলের দাম পাচ্ছে না। আজকে বিদেশ থেকে চাল আমদানি হচ্ছে। আর এখানে চাল উৎপাদনের যে খরচ, সেই দামও পাচ্ছে না চাষীরা। তারা অভাবের তাড়নায় ভুগছে। অভাবি বিক্রি বন্ধ। কিন্তু পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এই গরীব, গুরবোদের রক্ষা করার দায়িত্ব নিয়েছে, তারা ঘোষণা করেছে অভাবি বিক্রি শুরু হবে, তারা ৫৩০ টাকা কুইন্টাল প্রতি কিনবে। এই নীতি আপনারা ঘোষণা করেননি।

আপনারা ঘোষণা করেছেন, প্রতি বছর ২ শতাংশ করে কেন্দ্রীয় সরকারী কর্মচারী হ্রাস হবে অর্থাৎ আগামী ৫ বছরে ১০ শতাংশ কর্মী সংকোচন হবে। তাহলে কত লক্ষ-কোটি লোক বেকার হবে আমি জানি না। আর আমাদের প্রধানমন্ত্রী গর্ব করে বলছে—আমি দেশের এক

কোটি বেকার লোককে চাকরি দেব। এদিকে দেখছি কর্মী সংকোচন করছেন। এরকম করে চললে আমাদের দেশটা থাকবে তো ? এই যে দেশের মধ্যে হানাহানি চলছে, এতে আন্তর্জাতিক বিশ্বে আমাদের মর্যাদা ভেঙে খান খান হয়ে গেছে, আজকে আমাদের সম্মান ধুলোয় মিশে যাচ্ছে। আজকে আমেরিকা যা বলে, তাই শুনছেন। আফগানিস্তান, বাংলাদেশকে শায়েস্তা করবার জন্য যে জঘন্য কাজ করছে আমেরিকা, তার বিরুদ্ধে ভারত সরকারের বলিষ্ঠ কণ্ঠ আমরা শুনতে পাই না। পাকিস্তান সন্ত্রাসবাদী রাষ্ট্র হওয়া সত্ত্বেও সেই পাকিস্তানের সাথে আমেরিকার বন্ধুত্ব প্রতিদিন প্রতি মুহূর্তে। এরা কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলা চালায়। এরাই আমাদের সংসদ ভবনে হামলা চালায়। সর্বত্রই তারা দাদাগিরি ফলাচ্ছে। রাষ্ট্রপতি বুশ যে হুঙ্কার আফগানিস্তানের জন্য দেখাচ্ছে, সেই হুঙ্কার পাকিস্তানের বিরুদ্ধে দেখাচ্ছে না। সেই মার্কিন সাম্রাজ্যবাদীদের কোলে আপনারা দোল খাচ্ছেন। এখন আপনাদের নেত্রীর ইচ্ছা হয়েছে বাসনা হয়েছে মন্ত্রী হবেন। তিনি এক সময় বলেছিলেন ৪৫ টাকার হাওয়াই চপ্পল আর মন্ত্রিত্ব দুটোকেই তিনি ত্যাগ করতে পারেন। কিন্তু এখন তিনি সেই মন্ত্রিত্ব পাওয়ার জন্য প্রধানমন্ত্রীকে উপ-প্রধানমন্ত্রীকে তোষামোদ করছেন। আজকে তৃণমূল কংগ্রেসের নিজেদের মধ্যে কোন্দল বিভিন্নভাবে ছড়িয়ে পড়বে। ওদের মধ্যে বিদ্রোহ দেখা দেবে। আপনারা বলছেন বামফ্রন্ট সরকার কিছু করতে পারছে না। কিন্তু আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমাদের এখানে অসংগঠিত শ্রমিক সংখ্যা অনেক বেশি। এই অসংগঠিত শ্রমিকদের জন্য বামফ্রন্ট সরকার পি.এফ চালু করেছেন। অসংগঠিত শ্রমিকদের রক্ষার জন্য আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে যতটুকু করা দরকার তা আমরা চেষ্টা করছি। পশ্চিমবঙ্গের সুস্থ সংস্কৃতিসম্পন্ন চেতনার মান প্রথম সারিতে দাঁড়িয়ে আছে। গত ২৫ বছরে আপনারা জ্বলে-পুড়ে মরছেন। তাই চিৎকার চেঁচামেচি করছেন। ১৪ বার অনাস্থা এনেছেন। একবারও পাশ করতে পারেননি। এবারও আপনারা যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবের ভরাডুবি হবে বলে আশা করি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : ডঃ আশীষ ব্যানার্জী আপনার কি টিফিন আওয়ারে খাওয়া হয়নি। হাউসের মধ্যে খাওয়া নিয়ম নয়। এটা একটা সিরিয়াস ব্রিচ অফ কনডাক্ট।

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : আমাদের বিরোধীর দলের পক্ষ থেকে মন্ত্রিসভার উপর যে প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আজকে বুদ্ধদেব ভট্টাচার্য এবং অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তের অপদার্থতায় পশ্চিমবঙ্গের আর্থিক ক্ষেত্রে একটা চরম দুর্দশা, দেউলিয়াপনা, দৈন্যপনা দেখা দিয়েছে। পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা বলতে কিছু নেই। পশ্চিমবঙ্গের উন্নয়ন সর্বদিক থেকেই স্তব্ধ। বিভিন্ন কারণের জন্য আমরা এই অনাস্থা প্রস্তাব এনেছি। স্যার, আপনি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গে বর্তমান বছরে যে পরিকল্পনা খাতে ব্যয় ধরা হয়েছে, আগামী আর্থিক বছরে তার ৭৫ পারসেন্ট কমে যাবে। স্যার, বর্তমান বছরে ১৯৯০ কোটি টাকার পরিকল্পনা খাতে ব্যয় ধরা আছে, সেটা কমে গিয়ে ২ হাজার দুই-তিনে চারে ৫১২ কোটি টাকায় গিয়ে দাঁড়াবে। আজকে মাননীয় অর্থমন্ত্রীর নুন আনতে পান্তা ফুরোনোর মতো অবস্থা।

[2.40–2.50 p.m.]

আজকে তাই অর্থনৈতিক দেউলিয়াপনা, আর্থিক সংকট জিরো আওয়ারে পরিণত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি স্বরাষ্ট্রমন্ত্রীও কিন্তু আজকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা সবদিক থেকে ভেঙে পড়েছে। কয়েকমাস আগে তিনি উস্তিতে গিয়েছিলেন, উস্তি থানায় গিয়েছিলেন ২০ জন সমাজবিরোধী মোটর বাইকে তাকে রিসেপশন করে, উস্তিতে রাস্তা উদ্বোধন করতে গিয়েছিলেন গত পরশুদিন, সেখানে দুশো জন সমাজবিরোধী উপস্থিত ছিল। আজকে মিটিং উপলক্ষে গোটা দক্ষিণ ২৪-পরগনায়, অন্যান্য জায়গায় চরম বিশৃঙ্খলা এবং নৈরাজ্যের সৃষ্টি হয়েছে। দু বছর ধরে ৫৫০ জন তৃণমূল কংগ্রেস কর্মী খুন হয়েছে সি.পি.এমের হাতে। আজকে আপনারা বলছেন যে আপনারা বামফ্রন্ট আছেন। নামেই আপনাদের বামফ্রন্ট সরকার। ফরওয়ার্ড ব্লক কি বলছে, আর.এস.পি. কি বলছে ? আজকে এখানে সুভাষবাবু বলে গেলেন কিন্তু বললেন না তো গোসাবায় সি.পি.এমের গুন্ডাবাহিনীর হাতে তিনজন আর.এস.পি.-র কর্মী খুন হয়েছে। ১০ জনকে হাসপাতালে ভর্তি হতে হল। গোলাবাড়িতে আর.এস.পি. আর সি.পি.এমের মধ্যে তিন দিন ধরে গুলির লড়াই চলছে। সুভাষবাবু বাইরে বলেন সি.পি.এমের অত্যাচারে আমরা থাকতে পারছি না। কৃষিমন্ত্রী কমল গুহ বলেছিলেন পশ্চিমবাংলায় সবদিক থেকে নৈরাজ্য চলছে এবং আর্থিক ক্ষেত্রে দেউলিয়াপনার মূল কারণ হচ্ছে ক্যাডার পুষতে গিয়ে কোটি কোটি টাকা চলে গেছে। তাই আজকে মুখ্যমন্ত্রীর প্রতি অনাস্থা জ্ঞাপন করছি। মুখ্যমন্ত্রীত্ব চালাতে গিয়ে তিনি বললেন ডু ইট নাউ। আমরা তো অনেকদিন আগেই বলেছিলাম, তখন কেন বুঝতে পারেননি। এতদিন তাহলে কি হচ্ছিল, আপনারা তো ২৫ বছর ধরে আছেন, এতদিন কেন হয়নি ? আজকে বলছেন ডু ইট নাউ। আজকে শিল্পক্ষেত্রকে আপনারা শেষ করে দিয়েছেন। আপনারা শ্রমিক দরদী, সর্বহারার নেতা শ্রমিক আন্দেলনে নেতৃত্ব দিতেন। এখন মুখ্যমন্ত্রী বলছেন যে শ্রমিকরা আন্দালন করলে তাদের লাঠৌষধি চলবে। লাঠি দিয়ে পেটাবেন। আজকে পশ্চিমবাংলার শিল্প আপনারা ধ্বংস করে দিয়েছেন। যৌথ উদ্যোগে হলদিয়া পেট্রোকেমিকেল হয়েছিল, সেখানে আজকে কোটি কোটি টাকা লোকসান হয়েছে। কি করেছেন আজকে শিল্পের বিষয়ে। হাজার হাজার মৌ সই করেছেন, পশ্চিমবাংলার শিল্প কি গড়ে তুলতে পেরেছেন ? স্কুল শিক্ষা দপ্তরের মন্ত্রী আজকে এখানে নেই। কয়েক বছর ধরে ক্লাস নাইন, ক্লাস সিক্সের ভূগোল, ইতিহাস ভুল পড়ানো হচ্ছে, ভুল তথ্য ক্লাসের ছেলেদের দেওয়া হয়েছে, আর এখন আমাদের শিক্ষামন্ত্রী বলছেন যে আমাকে ক্ষমা করে দিন। কেন ক্ষমা করা হবে, কেন সেই বইটাকে বাতিল করে দেওয়া হল না, সেই বইকে সংশোধন করা হল না যখন কেন্দ্রীয় সরকার এই ভুলটাকে ধরে দিলেন। গোটা শিক্ষা ব্যবস্থার মধ্যে একটা নৈরাজ্য চলছে। ৩০ হাজার শিক্ষকের ১২ কোটি টাকা গ্র্যাচুইটি, পেনশনের টাকা পাচ্ছেন না প্রাইভেট টিউশন বন্ধ করে দিয়েছেন, মুচলেকা দিতে হবে, কেন তারা মুচলেকা দেবেন। আজকে গোটা শিক্ষক সমাজকে আপনারা শেষ করে দিয়েছেন। আজকে কাগজে দেখুন শিক্ষক ছাত্রের মধ্যে মারামারি চলছে। কেন কোনো সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না। যখন ২১শে জানুয়ারী আমেরিকান

সেন্টারের সামনে দুজন পুলিশকে জঙ্গিরা গুলি করে মারল তখন কেন পাল্টা গুলি চালিয়ে একটা জঙ্গিকেও আপনার পুলিশ মারতে পারল না। তাই আজকে সবদিক থেকে আপনারা ব্যর্থ হয়েছেন। আজকে স্বাস্থ্য দপ্তরের কি হাল। ৭২ সালে হাসপাতালের শয্যা সংখ্যা ছিল ৩০ হাজার, '৭৭ সালে সেটা হয়েছিল ৩২ হাজার আর ২৫ বছরে আপনারা সেটা করেছেন ৭০ হাজার। কত বেড়েছে, ২৫ বছরে ৪০ হাজার। আজকে হাসপাতালে এক্স-রে করতে যান আপনাকে দিতে হবে ৪০ টাকা, ই.সি.জি., ইউ.এস.জি. করতে যান আপনাকে দিতে হবে ৪০০ টাকা, ডেলিভারি করতে লাগে ৩শো টাকা। গোটা স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে। ক্যান্সার রোগী, টি.বি. রোগীর চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। আজকে এমন একজনকে আপনারা ভূমি রাজস্ব মন্ত্রী করেছেন যিনি ভূমি নিয়ে ভাইয়ে ভাইয়ে, খুনোখুনি মারামারি বাধিয়ে দিয়েছেন। আমাদের সময় ১০ লক্ষ বর্গা রেকর্ড হয়েছে, চাষীরা তাদের অধিকার পেয়েছে, ১০ লক্ষ একর খাস জমিকে উদ্বৃত্ত ঘোষণা করে গরীব মানুষকে দিয়েছি, তার মধ্যে সাড়ে ৭ লক্ষ রায়তি পাট্টা দিয়েছি। ক্যানিং-এর ঘুটিয়ারি শরীফ সেখানে ১২০০ বিঘা চড় জমিতে ঝাণ্ডা পুঁতে, বোমাবাজি করে প্রকৃত যারা ভাগচাষী তাদেরকে সেখান থেকে উচ্ছেদ করেছেন। দিলীপ মণ্ডল বিষ্ণুপুর (পূর্ব) কেন্দ্র থেকে এখানে নির্বাচিত সদস্য, তিনি থাকেন বিষ্ণুপুরে, সেখানে বিষ্ণুপুর থানার ও.সি. অত্যাচার করে চলেছে। সেখানে একটা সন্ত্রাসের বাতাবরণ তৈরি করেছেন। তাই আপনার মাধ্যমে এই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই না, মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর অপদার্থতার জন্য, তাঁর অর্থমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রী যাঁরা আছেন তাঁরা পশ্চিমমঙ্গের ভরাডুবি করে দিয়েছেন, নগ্ন করে দিয়েছেন। তাই এই অনাস্থা প্রস্তাবকে সাপোর্ট করে এই মন্ত্রিসভাকে বরখাস্ত করার জন্য অনুরোধ করছি।

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব এনেছেন এটা অবান্তর, অপ্রাসঙ্গিক। মাননীয় বিরোধী দলের নেতা তাঁর নিজের প্রতি যে অনাস্থা, তার দলের নেত্রীর তাঁর প্রতি অনাস্থা বেড়েছে এবং তার পরিণতিতে এই অনাস্থা প্রস্তাব আনা হয়েছে, তাই এই প্রস্তাবের বিরোধিতা করছি। স্যার, গত ১১ই জুলাই, আজ থেকে ১৬১ দিন আগে আরেকটা অনাস্থা প্রস্তাব এসেছিল। এই ১৬১ দিনের মধ্যে আমাদের রাজ্যে জনগণের মত প্রকাশের একটা সুযোগ এসেছিল সেই ১১ই জুলাইয়ের থেকে ১১ দিন পরেই হলদিয়া পৌরসভা নির্বাচন ছিল। ২২শে জুলাই এবং ওই ২২শে জুলাই কলকাতা পৌরসভার ৩৬ নম্বর ওয়ার্ডের উপনির্বাচন ছিল এবং আসানসোলের একটি ওয়ার্ডে উপনির্বাচন ছিল এবং হাওড়াতেও উপনির্বাচন ছিল। কিন্তু কি ফল লভিনু হায়। তৃণমূলের ২৫টি আসনের মধ্যে একটি আসনও পেল না এবং শুধু তাই নয় শিশিরবাবুর সাথে আজকে অখিল গিরির ঝগড়া, বিবাদ চলছে, সেখানে জামানত জব্দ হয়েছে তৃণমূলের ১৩ জনের। কলকাতা পৌরসভার ৩৬ নম্বর ওয়ার্ডে কংগ্রেস ছিল দ্বিতীয় স্থানে এবং ওদের একজন নেতাকে বদল করে সেখানে একজন ছাত্র নেতাকে দাঁড় করিয়ে ছিলেন তৃণমূল। সেখানে আমাদের সি.পি.আই. প্রার্থী চঞ্চল ঘোষের কন্যা তাদের মুখে ঝামা ঘষে দিয়েছে। আসানসোলেও তাই হয়েছে এবং হাওড়াতেও তাই হয়েছে। তাহলে জনগণ যাঁদের উপরে

আস্থা প্রকাশ করেছেন আপনারা তার উপরে অনাস্থা আনছেন। শুধু ৬টা বিধানসভা নির্বাচনই নয়, পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি নির্বাচন হয়েছে, সাধারণ এবং উপনির্বাচন হয়েছে আর প্রত্যেকটি ক্ষেত্রেই বামফ্রন্টের প্রার্থীর উপরে জনগণ আস্থা দেখিয়েছেন আর তাই পশ্চিমবঙ্গে ৯৩১২ দিন বামফ্রন্ট সরকার বিরাজ করছে শত্রুর মুখে ছাই দিয়ে। এই রকম অনাস্থা প্রস্তাব আনার জন্য দেশী-বিদেশী কত সাহায্যই আপনারা গ্রহণ করেছেন এবং সেই সমস্ত সাহায্যকে চূর্ণ-বিচূর্ণ করে দিয়ে রাজ্যের জাগ্রত জনগণ বামফ্রন্টের প্রতি আস্থা জ্ঞাপন করেছেন। একটু আগেই বিরোধী দলের নেতা সহ ৫ জন সদস্যর বক্তৃতা শুনলাম এবং আরো অনেকেই বলবেন। কিন্তু এখানে বিরোধী দলের নেতার জোলো বক্তৃতা শুনলাম। আর ওই পার্থ চ্যাটার্জি, তাঁর খুব দুঃখ হয়, তিনি জেনারেল ম্যানেজার ছিলেন, তাঁকে দিদি স্বপ্ন দেখিয়ে ছিলেন শিল্পমন্ত্রী করবেন বলে, কিন্তু হতে পারেননি তাই এখানে তিনি কবিতার লাইন উদ্ধৃত করছেন। বামফ্রন্টের কর্মীরা শিক্ষা গ্রহণ করছে তাতেও তাঁর আপত্তি। আপনারা ১৯৭২-৭৭ সাল শিক্ষার কি সর্বনাশ করেছিলেন, শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য এনেছিলেন। আমরা বামপন্থীরা মনে করি যে প্রতি দিনই শিক্ষা নেওয়ার আছে। শিক্ষা নিতে হয় পুঁথি থেকে, শিক্ষা নিতে হয় অভিজ্ঞতা থেকে, শিক্ষা নিতে হয় দেশ-বিদেশের কাছ থেকে। প্রত্যেক দিনই শিক্ষা নেওয়ার আছে।

[2.50–3.00 p.m.]

কিন্তু আপনারা শিক্ষা নিচ্ছেন না বলে খারাপ ভালো বুঝতে পারছেন না। মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে গোটা দুনিয়ার সামনে একটা নজীর সৃষ্টি হয়েছে। ৬ পার্টি, ৮ পার্টি, ৯ পার্টির একটা জোট মিলে এই রাজ্যে যে সরকার চালাচ্ছে সেটা ৯,৩১২ দিন ধরে চলছে। সেই সরকারের বিরুদ্ধে অনাস্থা আনবার জন্য আপনারা হুড়োহুড়ি করছেন এবং প্রত্যেক সেশনে আপনারা একবার করে অনাস্থা নিয়ে আসছেন। একটু আগে মাননীয় সদস্য মুস্তাফা সাহেব ঠিকই বলেছেন, আপনাদের অবস্থা হচ্ছে 'নেই কাজ তো খৈ ভাজ।' আপনারা কোর্ট ফি নিয়ে, বিদ্যুতের রেগুলেটরি কমিশন নিয়ে বলেছেন, আমি তার মধ্যে যাচ্ছি না। আমি শুধু বলছি কোন দিক থেকে আপনারা এটা এনেছেন ? মাননীয় সদস্য পার্থবাবু শিল্পের কথা বললেন। আমরা বিরোধিতা করছি ? আপনারা এ ব্যাপারে কোনো কৈফিয়ত দেবেন না ? হলদিয়া প্রকল্পে ১৯৭৭ সালে যে খরচ ৮০০ কোটি টাকা ছিল সেটা ২০০২ সালের ২রা এপ্রিলে ৫,১৩০ কোটি টাকায় গিয়ে দাঁড়াল। যখন রেল বিভাজন চলছিল ৯ই জুন সিদ্ধান্ত হল যে ২৭শে জুন বিধানসভার সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লী যাবে। কিন্তু মন্ত্রিসভা পুনর্গঠন হল ১লা জুলাই। তাই কি ক্ষমতা পাওয়ার জন্য ডেপুটেশনে গেলেন না ? মাননীয় সৌগতবাবু কিন্তু ডেপুটেশনে যাওয়ার জন্য দিল্লী পৌঁছে গিয়েছিলেন। কিন্তু খারিজ করে দিলেন। কি কারণে মন্ত্রীত্ব পাওয়ার জন্য ? আপনারা তো একবারও বললেন না শিল্পের ক্ষেত্রে বাধা কে দিয়েছিল। ১৯৯৩ সালের ১৩ই মে সল্টলেকে প্রাক্তন শিল্পমন্ত্রী নির্মল বসুর উপস্থিতিতে মাননীয় জ্যোতি বসু মহাশয় শিলান্যাস করেছিলেন। আপনারা সেই গর্বে গর্বিত হবেন না ? শুধু বিরোধিতা করার জন্য বিরোধিতা করবেন ? পার্থবাবু সল্টলেকে

ইলেকট্রোনিক্সের যে কার্যক্রম হচ্ছে তা ব্যাঙ্গালোর, চেন্নাই, হায়দ্রাবাদের সঙ্গে কমপিট করছে কি না ? ১৯৭৭-৭৮ সালের আপনারা যে মূলদল থেকে বেরিয়ে এসেছিলেন সেই দলের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আমাদের এই রাজ্যে এটা করতে দেননি সীমান্তবর্তী রাজ্যের অজুহাতে। কিন্তু দেখুন ১৯৯৩ সাল থেকে ২০০২ সালের মধ্যে আমরা মাথা উঁচু করে দাঁড়িয়েছি। তাই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেন, আমাদের পা থাকবে মাটিতে আর মাথা থাকবে আকাশে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আপনাদের পা হড়কে যাচ্ছে বিশ্ব-বাণিজ্য সংস্থার কাছে। দেখুন কোন চ্যালেঞ্জের সামনে আমরা আছি ? গুজরাট, দিল্লী, কাশ্মীর প্রভৃতি রাজ্যের একের পর এক জঙ্গি কার্যকলাপ হচ্ছে। আমাদের রাজ্যেও হামলা হচ্ছে। পৃথিবীর বিভিন্ন রাজ্যে আজকে সন্ত্রাসবাদী কার্যকলাপ চলছে। মার্কিন সাম্রাজ্যবাদও পরিকল্পিতভাবে আমাদের চত্বরকে চিন্তিত করছে। এই নর্থ-ইস্ট টেরিটোরিকে। নেপালের মাওইস্টদের হাতে ৭,৩৩২ জন এখনও পর্যন্ত খুন হয়েছে। পশ্চিমবঙ্গেকেও টার্গেট করা হচ্ছে। ওদের ম্যাপে আছে। এটা কমিউনিস্ট পরিচালিত বলে এটাও ওদের আক্রমণের কেন্দ্রবিন্দু। পশ্চিমবঙ্গ গোটা দেশের সামনে একটা দৃষ্টান্তস্বরূপ। এই রাজ্যে ৯ পার্টির বামফ্রন্ট জনস্বার্থবাহী নীতি অনুসরণ করার মধ্যে দিয়ে স্থিরতা এনেছে। কিন্তু এই রাজ্যকে ওরা আঘাত করার চেষ্টা করছে। আপনারা সেই সরকারের বিরুদ্ধে অনাস্থা এনে ওদের সাহায্য করছেন না তো ? মার্কিন সাম্রাজ্যবাদের ডিজাইনের সাথে আপনারা জড়িয়ে পড়ছেন কি না সেটা ভাবার জন্য আমি আপনাদের অনুরোধ করছি বিনীতভাবে। এ ব্যাপারে পরবর্তী বক্তারা নিশ্চয় বলবেন। আজকে ১৯ তারিখ। আর ৯ দিন পরে কংগ্রেস ১১৭ থেকে ১১৮ বছরে পা দেবে। তারা নিজেরা বলতে পারছেন না আন্দোলন কোন পথে, কিভাবে চালাবেন। রামপুরহাটে একটা মিউনিসিপ্যালিটি ছিল—অনাস্থা চলছে, সেই মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন সিরাজ সাহেব, আবার বাদল মিত্র ফিরে এলেন, কিভাবে ফিরে এলেন ? কি করে ? আপনারা তৃণমূল, বি.জে.পি., কংগ্রেস এই ৩ শক্তি মিলে সিরাজ সাহেবকে ওখানে বসিয়ে ছিলেন, সেখান থেকে আপনাদের সরে যেতে হল। একটা মিউনিসিপ্যালিটিও চালাতে পারছেন না একভাবে। কার হাতে খেলছেন ? একটু ভাবুন, কার হাতে খেলছেন ? একটু আগে এখানে মাননীয় পরশবাবু গুজরাট নিয়ে বলছিলেন। এই রাজ্যের সামনে দাঁড়িয়ে আপনি নির্বাচন তুলনা করছেন ? আপনি বুকে হাত দিয়ে বলতে পারেন ? গুজরাটের সাথে আপনার নেত্রী তুলনা করছেন, একটু ভাববেন সেই জায়গায় দাঁড়িয়ে, গুজরাটের ঘটনাবলী একটু ভাবুন। আপনার নেত্রী নরেন্দ্র মোদীর পদত্যাগ চেয়েছিলেন। আপনি ছিলেন বি.জে.পি.-তে, হয়তো আর.এস.এস.-এর গন্ধটা রয়ে গেছে, এইজন্য আপনি সেটা ভুলতে পারেন না, আর.এস.এস. থেকে আপনার পরিচয়টা অক্ষুণ্ণ রেখে বলতে পারেন—কিন্তু আমি আপনাকে বলছি, আমাদের রাজ্যকে এই গুজরাটের সাথে তুলনা করায়, এই রাজ্যবাসী এবং দেশের প্রত্যেকটি গণতন্ত্র, ধর্মনিরপেক্ষ মানুষের বিপক্ষে আপনার এই উক্তি যাচ্ছে। এই উক্তি আপনাকে ক্ষমা করবে না। এই রাজ্যের মানুষকে—গুজরাটের যারা লাশের উপর দাঁড়িয়ে নির্বাচন করেছে—গোধরার ঘটনা সবাই জানেন—গোধরার ঘটনা ২৭শে ফেব্রুয়ারী, ওই আপনার রেলমন্ত্রী নীতিশকুমার তিনি ফরেনসিক রিপোর্ট প্লেস করে গোধরার ঘটনা বলেছেন যে, বাইরে থেকে

ওখানে কোনো আক্রমণ ঘটানো হয়নি। পরে রেল দপ্তর থেকে তদন্ত করে এস.সি. কামরার ৫৮ জন যাত্রীকে জীবিত পেয়েছেন, ১১ জনকে খুঁজে পাননি, দেখা গেল যারা যাত্রী ওখানে মারা গেছেন ৫৮ জন তারা যারা যাত্রী হিসেবে টিকিট কেটেছিলেন তারা কেউ না, তারা সবাই বেঁচে আছেন, যারা যাত্রী তারা কেউ ক্ষতিপূরণ পাননি। তৃতীয়টা হচ্ছে, যাকে প্রত্যক্ষদর্শী সাক্ষী হিসেবে বজরং দলের থেকে উপস্থিত করেছিলেন সেই শিক্ষক তিনি বললেন যে, 'আমি তো শিক্ষকতা করছিলাম, আমি তো কোনো প্রত্যক্ষ দর্শন করিনি, আমি তো এরকম কোনো ঘটনা দেখিনি'। তিনি স্বয়ং বজরং দলের, তিনি এই কথা বলেছেন। আপনি সেই গুজরাটের সাথে পশ্চিমবঙ্গের তুলনা করছেন ? আমার অবাক লাগছে, পারবেনই, কারণ আপনি কখনও বি.জে.পি., কখনও তৃণমূল, কখনও আর.এস.এস.। আপনিই পারেন, আপনার পক্ষে শোভা পায়, কিন্তু আমাদের পক্ষে নয়। আমাদের রাজ্যে আইন-শৃঙ্খলার কথা একটু আগে মাননীয় গোবিন্দবাবু বলছিলেন। ১৭ই আগস্টে এই যে উগ্রপন্থীরা জলপাইগুড়ি, ধূপগুড়িতে গোপাল চাকীসহ ৫ জনকে খুন করলেন; ওখানে আর.এস.পি. সহ গত কয়েক মাসে আমাদের ১৩ জন খুন হয়েছেন। ওই উত্তরে কামতা, দক্ষিণে মমতা—কারা বলেছিল ? কারা গত মার্চ মাসে, ২০০০ সালের ১৩ই মার্চ, ৭ই মার্চ যখন নির্বাচনের প্রার্থী তালিকা ঘোষণা করেছিলেন তখন আপনাদের নেত্রী কলকাতায় বসে ওই কামতাপুরীদের জন্য ৭টা আসন ছেড়ে দেয়নি ? এই দায়িত্ব আপনারা অস্বীকার করতে পারেন ? এই কামতাপুরীরা, এই কে.এল.ও.-রা তারা আজকে বামপন্থীদের আক্রমণ করে খুন করছে। আর যখন আপনারা দক্ষিণপন্থীরা মানুষ থেকে বিচ্ছিন্ন হচ্ছেন তখন সেই আবার পুরনো খেলা—যখন দক্ষিণ, অতি দক্ষিণপন্থীরা পারছে না, তখন আলট্রা-লেফ্‌ট্, অতি উগ্রপন্থীদের আপনারা জুড়ে দিচ্ছেন, ওই পি.ডব্লু.জি., এম.এম.সি., আপনাদের ভরসা। আমাদের অজিত ঘোষকে, মাস্টারমশাইকে খুন করা হয়েছে মেদিনীপুরে, একটার পর একটা আক্রমণ করা হচ্ছে। এইগুলো একটু গভীরভাবে ভাবুন। প্রাণেশ রায়কে খুন করা হয়েছে জলপাইগুড়িতে, তিনিও মাস্টারমশাই। এ রকমভাবে একটার পর একটা শিক্ষকদের খুন করা হচ্ছে। যারা খুনের পরিকল্পনার সাথে জড়িত তারা যদি শিক্ষক হয় এবং তাদের বিরুদ্ধে যদি কোনো ব্যবস্থা নেওয়া হয় তখন আপনারা লাফিয়ে ওঠেন। শিক্ষককে খুন করতে পারবে, তখন আপনার কোনো কন্‌সাস্‌নেস্ অ্যাক্ট করে না ? আপনার বিবেকে কোনো দংশন হয় না ? যখন খুনীকে তার বিরুদ্ধে আপনার ষড়যন্ত্রকারীর সাথে যদি কোনো সম্পর্ক থাকে তার ষড়যন্ত্রের সাথে তার বিরুদ্ধে যখন কোনো ব্যবস্থা নেওয়া হয় তখন আপনারা লাফিয়ে উঠছেন। তাহলে আপনারা কারা ? এটা আপনি একটু জবাব দিন। আপনারা খুনীর পক্ষে তো ? এই ষড়যন্ত্রকারীর পক্ষে ? আপনারা এই রাজ্যের অগ্রগতি চান। মাননীয় সদস্য শ্রী নৃপেন চৌধুরী মহাশয় গত কয়েকদিন আগে বিধানসভায় একটা প্রস্তাব উত্থাপন করেছিলেন—গঙ্গা-পদ্মা ভাঙন রোধের প্রশ্নে। এটা নিয়ে কালকেই সংসদে আলোচনা হয়েছে যে, এই রাজ্যে গঙ্গা-পদ্মা ভাঙন রোধে যোজনা কমিশন বলেছেন ১ হাজার কোটি টাকা লাগবে।

[3.00–3.10 p.m.]

কালকেই কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন শেঠী বলেছেন, 'আমরা ১৭ কোটি ৮২ লক্ষ টাকা দিয়েছি।' মাত্র ১৭ কোটি ৮২ লক্ষ টাকা, যা প্রয়োজনের ১.৭৮%। স্বাভাবিকভাবে আমাদের প্রশ্ন আপনাদের কাছে, আপনারা কেন এসবের বিরুদ্ধে মুখ খুলছেন না ? তাই আমি আপনাদের বলছি, আপনাদের দ্বিচারিতা কোথায় গিয়েছে দেখুন ! গত বিধানসভা নির্বাচনের আগে আপনাদের নেত্রী প্রচারে বলেছিলেন, 'আমি রেলমন্ত্রী হিসাবে রাজ্যের জন্য অনেক কিছু করে এসেছি ; বালিগঞ্জ স্টেশন এরিয়ায় একটা হার্ট ট্রান্সপ্লানটেশন সেন্টারের অনুমোদন দিয়েছি।' গত. ২৯শে নভেম্বর রাজ্যসভার সদস্য মাননীয় প্রশান্ত চ্যাটার্জির প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী বাংগারু দত্তাত্রেয় বলেছেন, 'দেয়ার ইজ নো সাচ প্রোপোজাল আন্ডার একজামিনেশন।' তিনি পরিষ্কার বলে দিয়েছেন অনুমোদন তো দূরের কথা, এ রকম কোনো প্রস্তাবই নেই। তাহলেই দেখুন কিভাবে আপনারা মানুষকে বিভ্রান্ত করেছেন। সত্য প্রচার করতে আপনারা ভয় পান। তাই আপনারা অসত্য প্রচারের উপর নির্ভরশীল। আর বামফ্রন্ট সরকার প্রকৃত সত্যের উপর, সঠিক তথ্যের উপর দাঁড়িয়ে মানুষকে রক্ষা করার চেষ্টা করছেন। মানুষের স্বার্থকে রক্ষা করার জন্য তাঁরা যে ব্যবস্থাগুলি গ্রহণ করছেন সেগুলিকে ধ্বংস করার কাজে আপনারা লিপ্ত। তার জন্যই আপনারা মানুষের আস্থা পাচ্ছেন না, মানুষ আপনাদের প্রতি অনাস্থা প্রকাশ করছে। যাদের প্রতি মানুষের আস্থা আছে তাদেরই বিরুদ্ধে আপনারা অনাস্থা আনছেন। তাই আমি আপনাদের আনা এই অনাস্থা প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু হেনা : মাননীয় স্পীকার স্যার, তৃণমূল কংগ্রেসের শ্রী পঙ্কজ ব্যানার্জী এবং অন্যান্য সদস্যরা যে অনাস্থা প্রস্তাব এই সরকারের বিরুদ্ধে এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। স্যার, আমার সময় খুবই অল্প, তাই আমি কয়েকটা মাত্র বিষয়ের উপর আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের অনেক সদস্যই তাঁদের বক্তব্য রেখেছেন। আজকে এই নো-কনফিডেন্স মোশান উত্থাপনের ঠিক আগে মাননীয় সদস্য শ্রী সোমেন মিত্র এবং মাননীয় সদস্য আবদুল মান্নান রুল ৩১৯ অনুযায়ী ল' অ্যান্ড অর্ডারের উপর একটা মোশান এনেছিলেন, তার উপর ডিসকাশন হয়েছে। সোমেন মিত্র যে সব অভিযোগগুলি করেছিলেন ল' অ্যান্ড অর্ডার বা আইন-শৃঙ্খলার ডিটারিওরেশনের ব্যাপারে, মাননীয় মুখ্যমন্ত্রী তার বেশিরভাগই খণ্ডন করতে পারেননি। বেশিরভাগেরই কোনো উত্তর উনি দেননি। আমি মুর্শিদাবাদ জেলার বিধায়ক। আমি দেখছি গত কয়েক বছর ধরে মুর্শিদাবাদ জেলায় আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে। সেখানে সি.পি.এম. পার্টি এবং এস.পি.-র নেতৃত্বে পুলিশের থানাগুলি একতরফাভাবে কাজ করছে। মুর্শিদাবাদের নবগ্রাম থেকে শুরু করে হরিহরপাড়া, দেবীপুর, ভগবানগোলা, হাটখোলা, দৌলতাবাদ প্রভৃতি প্রতিটি জায়গায় সি.পি.এম. এবং পুলিশ প্রশাসন ন্যক্কারজনকভাবে কাজ করছে। সেই কাজের বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে ওই সমস্ত এলাকার আইন-শৃঙ্খলা রক্ষায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক। ইতিপূর্বে ৩১৯ নং রুল অনুযায়ী যে মোশান এখানে

আনা হয়েছিল তাতে মুর্শিদাবাদ জেলার ব্যাপারে যে প্রশ্নগুলো উত্থাপিত হয়েছিল সেগুলোর মাননীয় মুখ্যমন্ত্রী কোনো উত্তর দেননি। এর আগে গত ১২ তারিখ তিনি মুর্শিদাবাদ জেলার জেলা-কংগ্রেস সম্পর্কে যে বক্তব্য পেশ করেছিলেন তার আমি তীব্র প্রতিবাদ করছি। আজকে আমাদের রাজ্যের বিভিন্ন জায়গায় কে.এল.ও., এম.সি.সি. এবং পি.ডাবলিউ.জি মাথা চাড়া দিয়ে উঠছে। এ বিষয়ে এখানে ইতিপূর্বে আলোচনা হয়েছে। আমি আর ও নিয়ে আলোচনা করছি না। আমি যে কথা মূলত বলতে চাই সেটা হচ্ছে মুর্শিদাবাদ জেলার গঙ্গা-পদ্মার ভাঙন। এখানে গত শুক্রবার মাননীয় সদস্য নৃপেন চৌধুরী এবং আরো কয়েক জন ১৮৫ ধারায় একটা মোশান এনেছিলেন। আমি সেদিন সভায় উপস্থিত ছিলাম না, ফলে সেই আলোচনায় পার্টিসিপেট করতে পারিনি। কিন্তু স্যার, আমাদের মুর্শিদাবাদ জেলায় গত ২০/২৫ বছর ধরে নদী ভাঙন চলছে—ফারাক্কা থেকে জলঙ্গি পর্যন্ত ক্রমাগত ভেঙে চলেছে। প্রত্যেক বছর আমরা দেখছি হাজার হাজার বিঘা জমির ফসল এবং অন্যান্য সম্পত্তি ধ্বংস হচ্ছে। হাজার হাজার বিঘা জমি পদ্মা এবং ভাগীরথীর গর্ভে চলে যাচ্ছে। ভাগীরথী নদীতে চলে যাচ্ছে। প্রত্যেক বছর কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাইছেন এবং প্রত্যেক বছর আমরা দেখতে পাচ্ছি, ১৮৫ রেজোলিউশনের মাধ্যমে একটা কমিটি তৈরি করে দিল্লী যাওয়া হচ্ছে টাকা আনার জন্য। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি ? আমরা দেখতে পাচ্ছি, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে, ২০০১-২০০২ সালে কেন্দ্রীয় সরকার ৩০ কোটি টাকা এই সরকারকে দিয়েছে। কিন্তু এই সরকার ওই ৩০ কোটি টাকার মধ্যে ১৮ কোটি টাকার হিসাব দিতে পারছে না। তাই গতকাল জিরো আওয়ারে পার্লামেন্টে শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সী এই প্রসঙ্গ যখন উত্থাপন করেছিলেন তখন কেন্দ্রীয় সেচমন্ত্রী শ্রী অর্জুন শেঠী তাঁকে বলেছিলেন, আমরা রাজ্য সরকারকে টাকা দিচ্ছি, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সেই টাকার হিসাব দিচ্ছে না। এর আগে আমরা দেখেছি, সেচ দপ্তর ভাঙন প্রতিরোধের জন্য ব্যবস্থা নিত, কিন্তু গত ৩/৪ বছর ধরে মাননীয় অর্থমন্ত্রী জেলা-পরিষদকে এর সঙ্গে নিয়ে এসেছেন। এর ফলে আমরা কি দেখতে পাচ্ছি, আমার এলাকার ময়া, চিন্তামনি এবং বয়রা এই ৩টি জায়গার জন্য ১ কোটি ৭২ লক্ষ টাকা অ্যালট করা হয়েছে। কিন্তু ওখানে কি ধরনের বোল্ডার ফেলা হচ্ছে সেটা কি আপনি জানেন ? বোল্ডারের মিনিমাম ওয়েট হতে হবে ২৫ কেজি অ্যাজ পার সিডিউল স্পেসিফিকেশন। কিন্তু গত এপ্রিল মাসে আমি স্পটে গিয়ে দেখেছি, কোথাও ৫ কেজির বোল্ডার, কোথাও ১০ কেজির বোল্ডার আবার কোথাও ১৫ কেজির বোল্ডার স্ট্যাপ্ করা হয়েছে। আমি এই ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর কাছে ফ্যাক্স পাঠিয়েছি এবং ব্যক্তিগতভাবে দেখাও করেছি। কিন্তু ওনার কাছ থেকে আমি কোনো সদুত্তর পাইনি। উনি ওখানে গিয়েছিলেন এবং ডিপার্টমেন্টে বলেও ছিলেন। ওখানে বদরুদ্দিন নামে একটি লোক যিনি বোল্ডার ফেলার কাজ করেন তার নাম এখন হয়ে গেছে বোল্ডারউদ্দিন। তার স্ত্রী কন্ট্রাক্টর হিসাবে ওখানে আছে। এই বিষয়টি আপনারা একটু দেখবেন যাতে করে পদ্মা-গঙ্গার ভাঙন প্রতিরোধের ক্ষেত্রে দুর্নীতি না আসে। কিন্তু সেটা আমরা দেখতে পাচ্ছি না। সরকারের আর্থিক অবস্থা সম্বন্ধে এর আগেও আমরা বলেছি যে কোন অবস্থায় দাঁড়িয়েছে। পশ্চিমবঙ্গ এখন দেউলিয়া অর্থনীতিতে পরিণত হয়েছে। সেইজন্য এই সেশনটা বলতে পারি টাকা

কালেকশনের সেশন হিসাবে পরিণত হয়েছে। আজকে কোর্ট-ফিজ বৃদ্ধি পেয়েছে যে হারে তারজন্য বার-কাউন্সিল প্রতিবাদ করেছে এবং এখনো করছে। প্রতিটি ক্ষেত্রে এই সরকারের আর্থিক অবস্থা দেউলিয়া অবস্থায় পরিণত হয়েছে। আজকে মাস্টারমশাইদের বেতন দিতে পারছে না, সরকারী কর্মচারীদের বেতন দিতে পারছে না, পেনশন দিতে পারছে না। গত বছর পুজোর সময়ে অর্ধেক বোনাস দিয়েছে। প্রতিটি ক্ষেত্রে সে কোর্ট-ফি থেকে আরম্ভ করে ট্যাক্স বৃদ্ধি করেছে। তাই আমি এই কোর্ট-ফিজ এবং ট্যাক্স বৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ করছি। এই সরকারের অর্থনৈতিক অবস্থা যদি এতই দেউলিয়া হয়ে যায় তাহলে আপনারা বলুন, কিভাবে কি করতে হবে, না হবে এবং এরজন্য একটা হোয়াইট পেপার জমা দিন। আমরা সেটা দেখে বলব, কি করতে হবে, না হবে। কিন্তু আপনারা সেটা করছেন না। আপনারা গত ২৬ বছর ধরে রিগিং করে পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছেন। যেমন, গুজরাটের একটা মৌলবাদী সরকার এসেছে রিগিং করে এবং ধর্মের নামে। আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ করছি। ঠিক তেমনি এই সরকারও সেইভাবে রিগিং করে সরকারী মদতে বিরোধীপক্ষদের যাতে একেবারে নিশ্চিহ্ন করে দেওয়া হয়—সেইভাবে এসেছে এবং আগামী যে পঞ্চায়েত নির্বাচন হতে যাচ্ছে সেক্ষেত্রেও দেখতে পাচ্ছি, পুলিশ প্রশাসনের সাহায্যে একতরফাভাবে কংগ্রেস কর্মীদের উপর, বিরোধীদের উপর আক্রমণ করছে। আমি এর প্রতিবাদ করি। আজকে এই যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে সেই প্রসঙ্গে বলতে চাই, প্রতিটি ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, কি শিল্পের ক্ষেত্রে, কি স্বাস্থ্যের ক্ষেত্রে, প্রতিটি ক্ষেত্রে এই সরকার ব্যর্থতায় পরিণত হয়েছে। ওয়ার্ক-কালচার বলে একটা জিনিস আছে, কিন্তু এখনো পর্যন্ত এই সরকার সেই ওয়ার্ক-কালচার ঠিকমত প্রতিষ্ঠিত করতে পারেনি। আমরা দেখছি, পশ্চিমবাংলায় ৬০ লক্ষ বেকার। এই সরকার সেই বেকার সমস্যার সমাধানের কথা বলতে পারছেন না।

[3.10–3.20 p.m.]

৬০ লক্ষ বেকার, বলা হচ্ছে যে তোমরা সেল্ফ এমপ্লয়মেন্টের ব্যবস্থা কর কিন্তু তাদের জন্য সঠিকভাবে ঋণের ব্যবস্থা করা হচ্ছে না। মিডিয়ার মাধ্যমে অনেক রকম প্রচার করা হচ্ছে কিন্তু গ্রামের গরীব মানুষদের কাছে সঠিক তথ্যগুলি পৌঁছে দেওয়া হচ্ছে না। আমাদের মুর্শিদাবাদ জেলাতে কোনও শিল্প স্থাপন হচ্ছে না। কেন হচ্ছে না, কিসের জন্য হচ্ছে না—তার আমরা জবাব চাই। তারপর গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র, গ্রামীণ হাসপাতাল সেখানে ডাক্তার এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীরা কিভাবে কাজ করছেন তা সঠিকভাবে দেখা হচ্ছে না। তারা সময়মতো যাচ্ছেন না এবং ৯টা থেকে ৫টা পর্যন্ত তাদের যে ডিউটি আওয়ার্স সেটা তারা সঠিকভাবে পালন করছে না। ডিউটি আওয়ার্সে তারা প্রাইভেট প্র্যাকটিস করছে। এটা কেন হচ্ছে তার জবাব মাননীয় মুখ্যমন্ত্রীকে দিতে হবে। স্যার, আজকে এই সভায় সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। আমি মনে করি এই সরকারের আর এক মুহূর্ত গদিতে থাকার অধিকার নেই। সাধারণ মানুষের যেসব সমস্যা আছে তার সমাধান এরা করতে পারেননি এবং ভবিষ্যতেও পারবেন না। আমরা দেখছি আগামীদিনে যে পঞ্চায়েত নির্বাচন আসছে তার জন্য এখন থেকে বিরোধীদের বিরুদ্ধে

পুলিশকে লেলিয়ে দেওয়া হচ্ছে, পুলিশের সাহায্য নিয়ে বিরোধীদের উপর অত্যাচার চালানো হচ্ছে। এই বলে অনাস্থা প্রস্তাবকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

শ্রী শৈলেন মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষের তরফ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, সারা পৃথিবীব্যাপী সাম্রাজ্যবাদীদের যে আগ্রাসন চলছে আমাদের দেশের উপরও তা প্রসারিত। আজকে সন্ত্রাসবাদ, মৌলবাদ আমাদের দেশের ঐতিহ্যকে নষ্ট করছে। তার সঙ্গে সঙ্গে আমাদের দেশের কেন্দ্রীয় সরকার অনুসৃত কৃষি ও শিল্প নীতি গোটা দেশের কৃষক ও শ্রমিকদের শেষ করে দিচ্ছে। দেশে কর্মসংস্থানের সুযোগ সংকুচিত হচ্ছে ফলে বেকারদের কর্মসংস্থান হচ্ছে না। এই রকম একটা সংকটময় মুহূর্তে নানান প্রতিবন্ধকার মধ্যে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার বিগত ২৫ বছর ধরে একটা নীতি ও আদর্শকে সামনে রেখে মানুষের রায় নিয়ে লড়াই ও সংগ্রামের মধ্যে দিয়ে রাজ্যকে পরিচালনা করছেন। কেন্দ্রীয় সরকার নানানভাবে প্রতিবন্ধকতা সৃষ্টি করা সত্ত্বেও বামফ্রন্ট সরকার তার ঘোষিত শিল্প ও কৃষিনীতি ও কর্মসূচী নিয়ে মানুষকে যতটা সম্ভব পরিষেবা দেওয়ার চেষ্টা করছেন। আমাদের রাজ্যে আইন-শৃঙ্খলা স্থাপনের ক্ষেত্রে একটা নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করা গিয়েছে এবং মানুষের আস্থা নিয়ে আমরা চলার চেষ্টা করছি। দুঃখের হলেও একটা অংশের মানুষের সমর্থন বিরোধীরা নিশ্চয় পেয়েছেন কিন্তু মানুষের সেই রায়কে শ্রদ্ধা ও সম্মান জানিয়ে সঠিকভাবে বিরোধীদলের ভূমিকা তারা পালন করতে পারছেন না। আমাদের রাজ্যের উন্নয়নের স্বার্থে যেভাবে তাদের কাজ করা উচিত ছিল তারা তা করতে পারছেন না। প্রতি অধিবেশনেই দেখছি সরকারের নীতি ও কর্মসূচিগুলির বিরোধিতা করার নামে ওরা একটা করে অনাস্থা প্রস্তাব আনেন এবং বিভিন্ন নির্বাচনে যেভাবে ওরা বিপর্যস্ত হন, মানুষের রায় ওদের পক্ষে পান না এই অনাস্থা প্রস্তাবের ক্ষেত্রেও দেখি সেইভাবে ওরা বিপর্যস্ত হন। তা সত্ত্বেও অনাস্থা প্রস্তাব আনেন এবং আলোচনা করতে চান। এখানে আমাদের রাজ্যের আইন-শৃঙ্খলার কথা বলা হয়েছে। সারা রাজ্যের আইন-শৃঙ্খলার নিরিখে আমাদের রাজ্যের আইন-শৃঙ্খলার অবস্থার কথা বলতে আমাদের কোনো দ্বিধা নেই কিন্তু ওরা সঠিক তথ্য তুলে না ধরে উল্টো-পাল্টা সব কথা বলেন। এই বিধানসভা কক্ষেই গতকাল যে নজিরবিহীন ঘটনা ওরা ঘটিয়েছেন তা সব মাননীয় সদস্যই দেখেছেন। সেখানে ওদের সদস্যরাই এটা ঘটিয়েছেন একটা শান্তিপূর্ণ অবস্থানকে বিঘ্নিত করার জন্য, যে চেষ্টা পশ্চিমবাংলার গ্রাম থেকে গ্রামান্তরে বারে বারে করা হয়েছে। কখনও নির্বাচনকে কেন্দ্র করে সে পঞ্চায়েত নির্বাচন হোক, বিধানসভা নির্বাচন হোক, সে লোকসভা নির্বাচন হোক, সে পৌরসভা নির্বাচন হোক, সেই নির্বাচনকে অবলম্বন করে মানুষের মধ্যে একটা অনৈক্য সৃষ্টি করে মানুষকে ভয়ের মধ্যে রেখে নির্বাচনে জয়লাভ করার চেষ্টা করেছেন। আমাদের রাজ্যের মানুষ তা বারে বারে প্রতিহত করেছে। গত বিধানসভা নির্বাচনে সন্ত্রাসের হাওয়া এনে এই রাজ্যে ফিরে আসার চেষ্টা করেছিলেন। আমাদের বিরোধী দলের সদস্যদের বিভিন্ন সময় দেখি বলতে আইন-শৃঙ্খলার প্রশ্ন নিয়ে। আজকে আমরা অস্বীকার করি না যে সন্ত্রাসবাদ, সাম্প্রদায়িক চিন্তা-ভাবনার নানা শক্তি এবং সাম্রাজ্যবাদী মদতপুষ্ট গোষ্ঠী জনযুদ্ধের নাম করে,

উত্তরবঙ্গে কে.এল.ও.-র নাম করে, কামতাপুরীর নাম করে আমাদের রাজ্যে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। মানুষের মধ্যে ঐক্য বিনষ্ট করার চেষ্টা করছে। লজ্জার সঙ্গে আমরা লক্ষ্য করেছি যখন সরকারের আইন-শৃঙ্খলা নিয়ে বিরোধীরা কথা বলেন তখন এই কে.এল.ও. এবং কামতাপুরী আন্দোলনকে তাঁরা সমর্থন করছেন, তাদের মদত দিচ্ছেন। উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকাকে অস্বাস্থ্যকর অশান্তকর পরিস্থিতির মধ্যে ঠেলে দিচ্ছেন। আমাদের সরকার তাকে দৃঢ়তার সঙ্গে মোকাবিলা করছে। আমরা এলাকার মানুষকে সঙ্গে নিয়ে তাকে প্রতিহত করবার চেষ্টা করছি। কিন্তু তাঁরা প্রতিনিয়ত সেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। নিশ্চয়ই আমরা আশা করব মানুষ আমাদের সঙ্গে আছে, আমরা তাদের মোকাবিলা করতে পারব। আইন-শৃঙ্খলার প্রশ্নে আমরা লক্ষ্য করছি এই রাজ্যে একটা সামান্যতম ঘটনাকে সামনে রেখে রাজ্যের গোটা ব্যবস্থাটাকে বিপর্যস্ত করার চেষ্টা করছেন। এই দলের নেত্রী এবং এই দলকে দেখি সারাদেশের ক্ষেত্রে এক ধরনের রাজনীতি করছেন আর পশ্চিমবাংলার ক্ষেত্রে অন্য রাজনীতি করছেন। সম্প্রতি গুজরাটের নির্বাচন হয়ে গেল। সেই রাজ্যের মানুষের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বিঘ্নিত করে, মানুষের মধ্যে সন্ত্রাসবাদ সৃষ্টি করে যেভাবে নির্বাচনে জয়লাভ করল, ভারতবর্ষের ধর্মনিরপেক্ষ মানুষ, শান্তিকামী মানুষ সেই রায়ের বিরুদ্ধে সোচ্চার হয়েছে। আজকে অনাস্থা এনে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার বিরুদ্ধে কথা বলছেন আর সেই দল এবং তার নেত্রী এই জয়লাভকে সমর্থন জানিয়েছেন, সাধুবাদ জানিয়েছেন, সেখানকার মানুষকে সমর্থন জানিয়েছেন। সেই কারণে বলি বিরোধী দলের সদস্যরা পশ্চিমবাংলার মানুষের প্রতি দ্বিচারিতা ভূমিকা পালন করছেন। কথায় এক রকম বলছেন আর কাজে এক রকম করছেন। পশ্চিমবাংলায় বসে ধর্ম-নিরপেক্ষতার কথা বলছেন আর কেন্দ্রীয় সরকারে যাঁরা আসীন তার সঙ্গে ঐক্যবদ্ধ থেকে তাদের নীতির সামিল হয়ে তাদের কর্মকাণ্ডের মদত দিচ্ছেন। স্বাভাবিকভাবেই পশ্চিমবাংলার মানুষ বারে বারে আপনাদের সমর্থন করেননি। আপনাদের হটিয়ে দিয়েছেন। আপনাদের কাছে আমি আবেদন করব, আপনাদের ভাবতে অনুরোধ করব সারা পৃথিবীতে আজকে সন্ত্রাসবাদ ছড়িয়ে পড়ছে, সাম্রাজ্যবাদী শক্তি মৌলবাদী শক্তি সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। ভারতবর্ষে তারা পরিকল্পিতভাবে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। ধর্মনিরপেক্ষ শান্তিকামী মানুষের পীঠস্থান পশ্চিমবাংলা, পশ্চিমবাংলার একটা ঐতিহ্য আছে। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে পশ্চিমবাংলার সকল ধর্মের মানুষ ঐক্যবদ্ধভাবে লড়াই করেছে। সেই পশ্চিমবাংলাকে আপনারা বিঘ্নিত করবেন না। আজকে সেই দায়িত্ব পালন করে বামফ্রন্ট সরকার তার একটা নির্দিষ্ট নীতি নিয়ে নির্দিষ্ট কর্মসূচিকে সামনে রেখে এগিয়ে চলেছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে এই কথা বলেন যে সমস্যাগুলো বুঝতে চাই। সমস্যাগুলো বুঝে নিয়ে বিরোধী দলের সদস্যদের মতামত গ্রহণ করে, তাঁরা যদি সঠিক সমালোচনা করে সেই সমালোচনাকে মর্যাদা দিয়ে আমাদের রাজ্যের মানুষের উন্নতি করতে চাই। আমরা রাজ্যের মানুষের মধ্যে শান্তি বজায় রাখতে চাই, সম্প্রীতি বজায় রাখতে চাই। আমাদের বিরোধী দলের সদস্যরা সেই জায়গায় অবস্থান করেন না। স্বাভাবিকভাবেই আইন-শৃঙ্খলার প্রশ্ন এই বিধানসভায় অনাস্থা প্রস্তাব এনেছেন। আমরা বৃহত্তরভাবে তার প্রতিবাদ করব এবং এই অনাস্থা প্রস্তাবকে খারিজ

করে দেব। আগামীদিনে পশ্চিমবাংলার মানুষ আবার ওনাদের খারিজ করে দেবে। কারণ আর কয়েক মাস পরেই পঞ্চায়েত নির্বাচন আসছে। সেই নির্বাচনের জন্য একটা ভয় তাদের তাড়া করে বেড়াচ্ছে। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে আপনাদের যতই শক্তি থাকুক না কেন, কংগ্রেস বি.জে.পি. তৃণমূল যুক্ত হয়ে যে শক্তিই তৈরি করুন না কেন, যে কোনো সন্ত্রাসের আবহাওয়া তৈরি করুন না কেন বৃহত্তর মানুষ পশ্চিমবাংলার গ্রামে আবার বামফ্রন্ট সরকারের শাসন কায়েম করবে।

[3.20–3.30 p.m.]

আজকে অধিকাংশ গ্রাম পঞ্চায়েত, অধিকাংশ পঞ্চায়েত সমিতি এবং সারা রাজ্যের জেলা পরিষদ বামফ্রন্টের দখলে এবং আগামীদিনেও তারা থাকবে দখলে। আপনারা যতই চেষ্টা করুন না কেন মানুষ আপনাদের ভালো চোখে দেখবেন না, আগামীদিনেও ভালো চোখে দেখবে না। এখানে শিল্পমন্ত্রী বলেছেন এখানে নাকি তাঁরা নতুন নতুন শিল্প নিয়ে আসবেন কিন্তু বিরোধীরা বলেছেন কোথায় শিল্পের অগ্রগতি—শিল্পের অগ্রগতি তো থেমে গেছে। আজকে নতুন নতুন শিল্প আসবে কি করে—আমরা কি ভারতবর্ষের বাইরের রাষ্ট্র নাকি যে সারাদেশে শিল্পের অগ্রগতি কমে যাচ্ছে আর আমাদের বেড়ে যাবে। আমাদের তো ভারত সরকারের একটা নির্দিষ্ট নীতির মধ্যে চলতে হয়। এই যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় আমরা একটা ছোট রাজ্য, আমাদের কতটা ক্ষমতা আছে ? কেন সঠিকভাবে বলতে পারলেন না যে ভারতবর্ষের রাষ্ট্রীয় ক্ষমতায় যাঁরা আছেন, তাঁদের সেই উদারীকরণ, বেসরকারীকরণ নীতির ফলে এবং বিলগ্নীকরণ নীতির মধ্যে দিয়ে বিশ্ব বাণিজ্য সংস্থা, আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার যেভাবে ভারতবর্ষের অর্থনীতিতে ঢুকে পড়েছে তাতে শিল্পের অগ্রগতি বেশি করে হওয়া কি করে সম্ভব ? এই সর্বনাশা নীতির ফলে কর্মী সংকোচন এবং কর্মী সংকোচনের জন্য নতুন নতুন পদগুলোকে বিলোপ করা এবং বেসরকারীকরণ করা এবং পুঁজিপতিদের হাতে শিল্পকে তুলে দেওয়া হচ্ছে। আমরা তারই প্রতিবাদ করছি এবং সব সময়ে তার প্রতিবাদ করার চেষ্টা করছি, রাস্তাঘাটে আমরা এরজন্য লড়াই, সংগ্রাম করছি। আমাদের সরকারেরও সেই চেষ্টা করা দরকার এবং তার জন্য আমাদের সব রকমের চেষ্টা চালাতে হবে। কিন্তু তবুও সব কিছু তো পরিবর্তন করতে পারব না। তবে আমরা আশাবাদী, আমরা নিশ্চয় পারব। এবং সেই লড়াইয়ে আপনাদের সহযোগিতা চাই। আজকে গরীব মানুষরা, কৃষক তাদের চাষের ন্যায্য মূল্য পাচ্ছে না। বেকার যুবকরা চাকুরি পাচ্ছে না। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে এমন অবস্থা যে কারখানার শ্রমিকদের কাজের কোনো স্থিরতা নেই, হয়তো দেখা যাবে কালকেই ওদের চাকুরি থাকবে না। আজকে এই অবস্থায় কেন্দ্রীয় সরকার দেশকে দাঁড় করিয়ে দিয়েছে আর আপনারা বলছেন যে বুদ্ধদেববাবু কিছুই করতে পারেননি। জ্যোতিবাবু নাকি ২৫ বছর ধরেও কিছু করতে পারেননি এই কথা আপনারা বলেছেন। কিন্তু আপনাদের ভূমিকা কি সেটা দেখুন। বামফ্রন্ট সরকার আসার পরই, শুরুতেই বক্রেশ্বর, হলদিয়া পেট্রোকেমিক্যালস করার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি চেয়েছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের অনুমতি না পাওয়ার জন্য পরিকল্পনাটি আটকে ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের ওই নীতি এখন উঠে গেছে। আগে

যে নীতি ছিল তাতে কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাগত নতুন শিল্প স্থাপনের ক্ষেত্রে। বামফ্রন্ট সরকার প্রথম থেকেই বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র এবং হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য কম লড়াই করেনি। এরজন্য প্রাক্তন শিল্পমন্ত্রী ড: কানাই ভট্টাচার্যকে কম লড়াই করতে হয়নি। এই অনুমোদন পেতে অনেক দেরি হয়েছে এবং তার ফলে যে কাজ অনেক আগে করতে পারতাম সেটা অনেক দেরিতে শুরু হয়েছে। আজকে আপনারা এখানে অনাস্থা প্রস্তাব মন্ত্রী পরিষদ এবং মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এনেছেন কিন্তু কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়ে চলছে তার জন্য তাদেরকে তো আপনারা দোষারোপ করছেন না। আসলে আপনারা তাদের বিরুদ্ধে বলবেন কি করে—আপনারা তো ওঁদের শরিক দল, অবশ্যি কতদিন শরিক থাকবেন জানি না কারণ আপনারা তো দিনের বেলা এক আর রাতের বেলা অন্য। দিনের বেলা শরিকে আছেন আর রাতের বেলা অন্য দলে, আবার সকালে অন্য দলে। অর্থাৎ আপনারা এই আছেন, এই নেই, এই তো আপনাদের অবস্থা। আগে আপনাদের অবস্থান ঠিক করুন, তা না হলে মানুষ বিগত দিনেও আসেনি এবং আগামীদিনেও আসবে না। সাম্প্রদায়িক মৌলবাদীদের আগ্রাসনের হাত যেভাবে এগোচ্ছে এবং সন্ত্রাসবাদী শক্তি যেভাবে বিভ্রান্তির সৃষ্টি করছে এর বিরুদ্ধে সক্রিয়ভাবে প্রতিবাদ করতে হবে এবং একে প্রতিহত করতে হবে। এই কথা বলে বিরোধীদের আনা অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তৃণমূল কংগ্রেসের আনা অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে কতগুলো তথ্যভিত্তিক বক্তব্য রাখতে চাই। সকাল থেকেই আস্থার পক্ষে এবং বিপক্ষের আলোচনা শুনেছি। আমরা যারা বিরোধীদলের আছি, আমরা অনাস্থা মন্ত্রিসভা এবং মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এনেছি এবং সেই কারণেই কতগুলো সার্বিক ব্যর্থতার পয়েন্ট তুলে বলার চেষ্টা করছি। সরকারী বেঞ্চে যাঁরা বসে আছেন তাঁরা বক্তব্য রাখতে গিয়ে বারেবারেই বলেছেন এই অনাস্থা প্রস্তাব এনে যেন আমরা অপরাধ করেছি। এই যে অনাস্থা প্রস্তাব এনেছি এতে যৌক্তিকতা, বাস্তবতা আছে কিনা সেটা তাঁরা দেখেননি।

স্যার, আমি এখানে দেখলাম একজন প্রবীণ সদস্য ২/৩ বার জিতে আসা সদস্য তিনি অনেক কথা বলে গেলেন। মনে হচ্ছে, অনাস্থাটা ওরা এনেছেন মমতা ব্যানার্জীর বিরুদ্ধে। এই হাউসের উনি সদস্য নন, কথায় কথায় মমতা ব্যানার্জীকে টেনে আনছেন। আমরা আর একটা জিনিস দেখছি, আমাদের দলের যে প্রতীক চিহ্ন 'জোড়া ফুল' তার প্রতি মুখ্যমন্ত্রী থেকে কোনো কোনো সদস্যের অ্যালার্জি আছে। কথায় কথায় সেটা প্রকাশ পাচ্ছে। এত ভয় ওই ফুলটাকে যে, পশ্চিমবাংলা থেকে এটা উঠে গেলে ভাল হয়। আমরা তো এত সহজে যাব না। আমি বলি, আমাদের বিরোধী দলের বাঁদিকে বসে আছে আর.এস.পি., ফরোয়ার্ড ব্লক, সি.পি.আই. ; '৬৭ সাল থেকে যারা মাঠে ময়দানে লড়াই করে এসেছেন, বর্তমানে এরা বিরল প্রজাতির বলে গর্ববোধ করেন, আর মাঝে মাঝে আমরা দেখি এরা জনবিরোধী নীতিগুলিকে সমর্থন করে যাচ্ছেন, তখন আমরা হতবাক হয়ে যাই। একটা জিনিস লক্ষ্য করে দেখেছি, এই যে সদন চলছে ৯ দিন, এর মধ্যে ১৪টি বিল এসেছে। তার মধ্যে ১০টি বিল হচ্ছে

জনবিরোধী বিল, মানুষের পকেট কেটে কিভাবে পয়সা কেড়ে নেবে। এটাই চলছে। আমরা তার প্রতিবাদ করছি। আমাদের ডানদিকে মুখ্যমন্ত্রী বসে আছেন। এরা ২৫ বছর ধরে ক্ষমতায় আছেন বলে গর্ব অনুভবের কথা বলছেন। তিনি এক সময় এই বামফ্রন্ট সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন, আজকে মুখ্যমন্ত্রী। আমার প্রশ্ন, আপনারা সরকার চালাতে গিয়ে কতবার ক্ষমা চেয়েছেন ? আজকেই সংবাদপত্রে দেখেছি, আপনাদের একজন মন্ত্রী কান্তি বিশ্বাস, ভুল ইতিহাস ছাপার জন্য ক্ষমা চেয়েছেন, এই রকম মাঝে মাঝে আপনারা ক্ষমা চাইছেন ভুল করার জন্য। এই যে ক্ষমা চাওয়া ভুল করার জন্য, তার জন্যই আমরা অনাস্থা এনেছি। এইটা আপনারা সদনে বলবেন না, আমরা এই ভুলগুলি করেছি। সেইগুলি তুলে ধরলেই, মমতা ব্যানার্জীর কথা আপনাদের মুখে আসে। আপনারা উন্নয়নের জন্য কেউ বলেছেন ? আমি একটা পেপার কোট করে বলছি, সূর্যকান্ত মিশ্র বলেছেন, 'বর্তমান' ও 'আনন্দবাজারে বেরিয়েছে, ৮ই মার্চ, উন্নয়নের টাকা খরচ হয়নি। এটা কে বললেন, রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী, সূর্যকান্ত মিশ্র। আমি সূর্যবাবুর সঙ্গে একমত, তার জন্যই তো অনাস্থা এনেছি। তার প্রমাণ দেখুন, গতকাল সংবাদপত্রে দেখলাম ১৬৭৬ কোটি টাকা উন্নয়ন বাবদ ১৯টি জেলায় বরাদ্দ করা হয়েছিল, খরচ হয়েছে ৭৩৯.৫৯ লক্ষ ৬৬ হাজার টাকা। আর খরচ করতে পারেননি ৯৩৬ কোটি ৫৯ লক্ষ ৬৬ হাজার। আমি যে জেলা থেকে নির্বাচিত, সেই দক্ষিণ ২৪-পরগনা জেলার জেলা পরিষদ একটা বাস্তুঘুঘুর আখড়ায় পরিণত হয়ে গেছে। এখানে যিনি সভাধিপতি আছেন, সেই ভদ্রমহিলাকে যে তহবিল দেওয়া হয়েছিল ১০৩ কোটি টাকার, সেই ১০৩ কোটি টাকার মধ্যে মাত্র খরচ করেছেন ৪২ কোটি ৮৮ লক্ষ টাকা। মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন, আমরা পশ্চিমবাংলার উন্নয়ন করব। শিকারী বিড়ালের গোঁফ দেখলে চেনা যায়। আজকে ২৫ বছর অতিক্রান্ত হয়ে গেল। যে ছেলেটি জন্ম নিয়েছিল '৭৭ সালে, যেদিনকে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু শপথ নিয়েছিলেন, আজকে সেই ছেলেটির বয়স ২৬ বছর হয়ে গেল, কাশেম সাহেব আপনি ভাল বক্তা বলে দলে আপনাকে কোণঠাসা করে রেখেছে। কিন্তু আপনার মতো একজন সিনিয়র মানুষ, যখন এই হাউসে দাঁড়িয়ে কথা বলেন, আপনি ভাল বক্তা, আপনার কাছে আমার জিজ্ঞাস্য, আপনার বাড়ীর পাশের যুবকটি যার বয়স ২৬ বছর, সেই ছেলেটি বেকারির জ্বালায় যখন চাকরি চাইছে, সেই কথা তো আপনি সংসদে বলতে পারেন না। আমরা এটা বলি, তার জন্যই আমরা অনাস্থা আনি। আপনাদের চোখ খুলিয়ে দেখাতে চাই। আমরা জানি, আপনাদের প্রতি এই যে অনাস্থা, এটা সন্ধ্যা ৬টার পরে আপনাদের সরকার অনাস্থার জন্য পড়ে যাবে না। আপনারা যেমন জালিয়াতি করে সংখ্যাগরিষ্ঠতা নিয়ে বসে আছেন কপাল চাপড়াবার মতো টেবিল চাপড়ে এখানেই বসে থাকবেন, আপনারা ভোটাভুটিতে জিতেও যাবেন, কিন্তু এইভাবে আমরা আপনাদের ফেলতে চাই না।

[3.30–3.40 p.m.]

আমরা ক্ষমতায় আসব আপনাদের মাঠে-ময়দানে বুঝে নিয়ে। আজকে ন্যাবার্ড বলে একটা সংস্থা আছে, সেই সংস্থা থেকে আপনারা লোন নিচ্ছেন এবং সদস্যদের জেনে রাখা উচিত

আজকে যে টাকা লোন নিচ্ছেন, সেদিন থেকেই আপনাকে লোন শোধ করতে হবে। আমরা যারা এই হাউসের সদস্য তারাই শুধু এই ঋণ বহন করে না, পশ্চিমবাংলার কোটি কোটি মানুষকে এই ঋণ বহন করতে হয়। সেই টাকা যখন জেলা পরিষদে যাচ্ছে এবং কাজ হচ্ছে, সেই কাজটাকে কিছুটা এগিয়ে নিয়ে গিয়ে কাজ বন্ধ করা হচ্ছে। যারা কাজ করছেন তারা টাকা পাচ্ছে না। আজকে জেলা পরিষদগুলো সি.পি.এমের আখড়া হয়ে গেছে, সেই টাকা ফেরত পাঠিয়ে দেওয়া হচ্ছে। উন্নয়ন না হয়ে সেই টাকা ফেরত পাঠানো হচ্ছে। আজকে আমরা যে অনাস্থা এনেছি, সেটা তো আপনাদের তরফ থেকেই আনা উচিত ছিল। যেদিন বরানগর জুট মিলে গুলি চলল, পার্সোনাল ম্যানেজার মারা গেল, শ্রমিক অশান্তি হল, তারপরে সিটু সেখানে শোকসভা করল। মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সেই শোকসভায় হাজির ছিল। জ্যোতি বসু সেই শোকসভায় বললেন, আমার জমানায় কল-কারখানায় এই জিনিস কখনো হয়নি। সেদিন সেকথা আপনাকে হজম করতে হয়েছে। তার মানে এই মন্ত্রীসভা যেভাবে চলছে তাতে তিনি ব্যর্থ। তাই আপনার দিকে আঙুল তুললেন। আপনি তার প্রতিশোধ নিলেন হাওড়ায় অম্বুজাদের সিমেন্ট ফ্যাক্টরির উদ্বোধন করতে গিয়ে। আপনি সেখানে বললেন, কুড়ি বছরে শিল্পের কোনো উন্নয়ন হয়নি, আমি মুখ্যমন্ত্রী হওয়ার পরে, এই সিমেন্ট ফ্যাক্টারি উদ্বোধনের মধ্যে দিয়ে এই রাজ্যে শিল্পের উন্নয়ন শুরু করলাম। আপনি জ্যোতিবাবুর বক্তব্য কনডেম করলেন। আপনাদের নিজেদের প্রতি আপনাদেরই কোনো আস্থা নেই। পশ্চিমবাংলার রাজনীতি এবং অর্থনীতি, এই দুটোতেই আপনারা দেউলিয়া হয়ে গেছেন। এই বিধানসভায় যেদিন আমি প্রথম প্রবেশ করলাম, সেদিন আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেটের একটা পাল্টা বাজেট উল্লেখ করেছিলাম। কিন্তু সেদিন মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে তির্যক করেছিলেন। আমি সেদিন বলেছিলাম এই ঘাটতি শূন্য বাজেট ভাঁওতা এবং এর মাধ্যমে তিনি টাকা তছরূপ করছেন। আজকে প্রমাণ হয়ে গেল সেদিন আমি সত্যি কথাই বলেছিলাম। আজকে পশ্চিমবাংলার ভাঁড়ার শূন্য। তাই আমাদের দলের তরফ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

POINT OF INFORMATION

শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ও এই সভার মাধ্যমে মন্ত্রীসভার সদস্যদের একটা খবর দিতে চাই। আজকে সকালে শ্রীরামপুর কোর্টে আন্দোলনরত আইনজীবীদের উপরে পুলিশ বহিরাগত সি.পি.এমের লোকেদের সাহায্যে হামলা চালায়। সি.পি.আই. (এম) পলিটব্যুরোর সদস্য ইয়াচুরি বলেছেন আইনজীবীদের এই আন্দোলনের যৌক্তিকতা আছে। এবং তিনি এও বলেছেন কখনোও এই আন্দোলনকে বে-আইনি বলা যাবে না। সেই উক্তিকে সামনে রেখে বলি, বহিরাগত সি.পি.এমের এক অংশ এবং পুলিশ আন্দোলনরত আইনজীবীদের উপরে হামলা চালায়। আজকে পশ্চিমবাংলায় গণতান্ত্রিক আন্দোলনের উপরে হামলা চালানো হচ্ছে, আবার প্রমাণিত

হল আমরা যে অনাস্থা এনেছি সেটা সঠিক। এই সরকারের প্রতি মানুষের কোনো আস্থা নেই। এই হামলায় কুড়ি জন আইনজীবী আহত হয়েছে এবং সাতজন গুরুতরভাবে জখম হয়েছে ও হাসপাতালে গেছে। আমি এই ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পঙ্কজবাবু যে ঘটনার কথা এখানে বললেন আমি সেই ঘটনার কথা কিছুক্ষণ আগেই পেয়েছি। শ্রীরামপুর কোর্টে একদল আইনজীবী ঢুকতে যাচ্ছেন, আরেকদল বিরোধিতা করছেন। এই নিয়ে ধাক্কাধাক্কি চলে। তারপর ম্যাজিস্ট্রেট পুলিশ ডাকেন এবং পুলিশ তাদের লাঠিচার্জ করে বার করে দেয়। সিরিয়াসলি ইনজিওর্ড কেউ হয়নি। দুজনকে ফার্স্ট এইড দিতে হয়েছে। এখনও পর্যন্ত কিন্তু কেউ হাসপাতালে যায়নি—আমার খবর। আমার ঘরে গিয়ে আবার জেনে নেব। একজন গোপাল নন্দী, আর একজন এস.বি. তিওয়ারী। গুরুতর জখম কেউ হয়নি। আমরাও সেটা চাইছি না। আমরা চাই এই অচল অবস্থা দূর হোক। আমরা আবেদন করছি—দয়া করে আইনজীবীরা কাজে যোগ দিন। আর, আপনি সীতারাম ইয়েচুরির ভক্ত কবে হলেন জানি না।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তৃণমূল কংগ্রেসের আনা অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি বিষয় আমি নিবেদন করতে চাই।

স্যার, সাধারণ মানুষের দুটো চারিত্রিক বৈশিষ্ট্য থাকে—একটা ন্যাশানালিটি, আর একটা অ্যানিম্যালিটি। আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের ন্যাশানালিটির তো প্রশ্নই নেই, সমস্তই হচ্ছে অ্যানিম্যালিটি। ওরা এখানে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি ওদের বলতে চাই, ওদের নিজেদের প্রতি কতটা অনাস্থা আছে তা রাজ্যবাসী এবং ভারতবাসী জেনে গেছে। আজকে অজিত পাঁজা, সুদীপ বন্দ্যোপাধ্যায়ের অবস্থা কি ? দিল্লীতে অজয় দের ভবনে পঙ্কজ ব্যানার্জী যে কথা বলেছিলেন, সেটাই আজকে হচ্ছে। শুধু তাই নয়, টি.ভি.তে শোভনদেববাবুর মুখ দেখা গেছে, তিনি মদন ঘোষ সম্পর্কে যা খুশী বলেছেন এবং মদন ঘোষও শোভনদেববাবু সম্পর্কে যা খুশী বলেছেন। শোভনদেববাবু বলেছেন—বামফ্রন্টের আমলে সি.পি.এম. বা কেউ আমার বাড়ির সামনে খিস্তি বা কিছু করেনি। অথচ মদন ঘোষের দল-বল সেই অশালীন মন্তব্য করেছিল। কাজেই অনাস্থা আপনাদের বিরুদ্ধে, আমাদের বিরুদ্ধে নয়। যদি আমাদের বিরুদ্ধে হত, তাহলে ছয়, ছয়বার আমরা এখানে আসতে পারতাম না। আমি একটা প্রশ্ন করি—আপনাদের বেঙ্গল প্যাকেজের কি হল ? সেটা নিয়ে তো আর একটাও শব্দ শুনি না। মানুষকে কিভাবে বিভ্রান্ত করছেন। গোধরা-কাণ্ড নিয়ে অটলবিহারী বাজপেয়ী কি বলেছিলেন ? কাগজে দেখলাম নরেন্দ্র মোদির কাজকে তিনি সমর্থন করছেন না। তারপরই দেখলাম মুখোশ বেরিয়ে এল এবং সেই মুখোশ ফিরে এল ওই বিরোধী দলের নেতার মুখে। নাহলে ওই কথা বলতেন না। আমাদের রবীন্দ্রনাথের দেশ। আমিও এসেছি শান্তিনিকেতন থেকে। এখানে একটা শিক্ষা, সংস্কৃতি, রুচির প্রশ্ন আছে। যেখানে 'ভারততীর্থ' কবিতা লেখা হয়, সেখানে দাঁড়িয়ে, যে সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য, সেই ঐতিহ্যের মধ্যে দাঁড়িয়ে তৃণমূল কংগ্রেস নরেন্দ্র মোদিকে সমর্থন করতে যাচ্ছে। এবং, কিছুক্ষণ আগে আবু হেনা মহাশয়

বলেছেন—নরেন্দ্র মোদি একটা মৌলবাদী সরকার। কি যে আপনাদের মহাজোট সেটা ভেবে পাই না। আবার ওই তৃণমূল কংগ্রেসের আনা অনাস্থা প্রস্তাব কংগ্রেস সমর্থন করছে। বিষয়টা ভাবুন। গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা একটা ঐতিহ্যমণ্ডিত, সংস্কৃতিসম্পন্ন, রুচিসম্মত রাজ্য। এখানে একটা পরিবেশ আছে। সেখানে দাঁড়িয়ে হিন্দুত্বের ডাক দিচ্ছে। ওই পঙ্কজ ব্যানার্জী মহাশয় বলেছেন একটা কথা—হার্ড হিন্দু না সফ্‌ট হিন্দু। কংগ্রেস সফ্‌ট হিন্দু, বি.জে.পি. হার্ড হিন্দু। তাহলে সফ্‌ট হিন্দুকে কেন লোকে গ্রহণ করবে, হার্ড হিন্দুকেই গ্রহণ করব। তাহলে, আপনারা হার্ড হিন্দু না সফ্‌ট হিন্দু সেটা আগে দেখতে হবে।

[3.40–3.50 p.m.]

কাজেই সেখানে দাঁড়িয়ে আজকে আমাদের এই পরিবেশ কলুষিত করার চেষ্টা করবেন না। যদি কলুষিত করার চেষ্টা করেন, তার উপযুক্ত জবাব আমরা আপনাদের কায়দায় দেব না, আমরা সাধারণ মানুষের কাছে যাব, আমরা বলব—এই হচ্ছে ওদের চরিত্র, তোমরা জান যে, একটা পুঁজিবাদী শাসন, শোষণের একটা ধারক-বাহক ওরা, ওদের এই চরিত্রই হয় এবং তারপরে আর ১০০ বছর আপনাদের এখানে টিকি পাওয়া যাবে না। আপনারা এখানে কোন লাইন নেবেন। আপনারা কি হিন্দুত্ববাদের পক্ষ নেবেন ? বলুন আপনারা কি কেন্দ্রীয় সরকারের উপর অনাস্থা প্রস্তাব আনবেন ? আজকে এডুকেশান মিনিস্টারদের যখন কনফারেন্স হয়, সেই কনফারেন্সে শিক্ষাকে গৈরিকীকরণ এর সমস্ত রকম প্রচেষ্টা নেওয়া হয়েছে। সিলেবাসের মধ্যে তারা জোর করে গৈরিকীকরণ ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করছে এবং ১৩ জন শিক্ষামন্ত্রী সেখান থেকে বেরিয়ে গিয়েছিলেন। আমাদের কান্তিবাবু সবার আগে বেরিয়ে এসেছেন। তাঁকে সবাই ফলো করেছিলেন। আপনারা বলুন আপনারা সফ্‌ট হিন্দু, না হার্ড হিন্দু। এটা আগে জানা দরকার। কারণ পশ্চিমবঙ্গের মানুষ মেনে নেবে না। আমার দৃঢ় বিশ্বাস ভারতের মানুষও মেনে নেবে না। আপনারা ইলেকট্রিসিটি নিয়ে বলছেন। হ্যাঁ, আজকে বামফ্রন্ট থেকেই প্রতিবাদ হয়েছে। মিছিল হয়েছে। হ্যাঁ, আমরাই এর বিরুদ্ধে জনমত গঠন করার চেষ্টা করেছি। আপনারা কি করছেন। রাজ্য সরকারের ওপর দোষ চাপাচ্ছেন ? সংসদে তখন কি করছিলেন ? যখন দু হাজার এক পাওয়ার বিল পেশ হল, তখন বলা হল বিলের মধ্য দিয়ে প্রাইভেটাইজেশান করে দেওয়া হবে। সমস্ত রকম ব্যবস্থা নেওয়া হবে। তখন একটা কথাও বলেননি। আজকে এখানে ঘটনা ঘটে যাচ্ছে। অঙ্গ রাজ্য হিসাবে সমস্ত ঘটনায় সুপ্রিম কোর্ট নির্দেশ দিচ্ছেন। আর দোষ চাপাবেন পশ্চিমবঙ্গের সরকারের উপর। অনাস্থা কাদের বিরুদ্ধে আসবে, আপনাদের বিরুদ্ধে, না আমাদের বিরুদ্ধে ? আপনাদের জনগণ ক্ষমা করবে না। আপনারা বলেন ধানের দাম কমে গেল। কেন রাজ্য সরকার ধান কিনছে না। কত কথা আপনারা বলেন। এগ্রিকালচার পলিসির কি হল ? কেন আজকে হিন্দুস্থান ফার্টিলাইজার উঠে যাচ্ছে ? দুর্গাপুরে সার কারখানা কেন উঠে যাচ্ছে ? আপনাদের সাংসদরা আন্দোলন করেননি কেন ? আজকে যেভাবে ধানের কস্ট অফ প্রোডাকশান বেড়ে যাচ্ছে, ধান উৎপাদন করতে গিয়ে চাষীদের ঘাম ছুটে যাচ্ছে, সেখানে মায়ের চেয়ে মাসির দরদ বেশি। আমরাই যন্ত্রণা বুঝি। আপনারা যন্ত্রণা যদি বুঝতেন, তাহলে যে এগ্রিকালচার পলিসি হয়েছে, সাম্রাজ্যবাদীদের

অঙ্গুলী হেলনে, ডবলু টি ওর অঙ্গুলী হেলনে যে পলিসি তৈরি হয়েছে, তার বিরুদ্ধে আপনারা বলতেন। কিন্তু আপনারা তার বিপক্ষে থাকেননি। কাজেই ধানের দর কমুক, বা বাড়ুক, এর কোনো নৈতিক অধিকার আপনাদের নেই। ইন্ডাস্ট্রিয়াল ব্যাপারে বলুন তো ? জি কে ডবলু বন্ধ হল কেন ? ইসকো কারখানা জানুয়ারী মাস থেকে বন্ধ হয়ে যাচ্ছে। মার্টিন বার্ন কোম্পানির এই অবস্থা কেন ? আজকের কাগজে দেখবেন ইসকো কারখানা জানুয়ারী মাস থেকে বন্ধ হয়ে যাচ্ছে। এখানে তো কল্যাণ ব্যানার্জি আছেন, তিনি বলুন কুলটি নগরী থাকবে কিনা, আজকে এইরকম পরিস্থিতি হয়েছে, কই এই নিয়ে তো একটা কথাও বললেন না। শোভনদেববাবু আপনি তো ট্রেড ইউনিয়ন লিডার, বললেন না তো কুলটি শহরটা থাকবে না। জেশপ কারখানা, যে কারখানার একটা বহুদিনের ঐতিহ্য রয়েছে, সেই জেশপকে তুলে দিচ্ছেন কই তা নিয়ে তো একটা কথাও বললেন না। কাজেই কি হচ্ছে। ডব্লু.টি.ও. মার্কিনী সাম্রাজ্যবাদের অঙ্গুলি হেলনে একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, কেন এখান থেকে বিভিন্ন কলকারখানা উঠে যাচ্ছে, বন্ধ হয়ে যাচ্ছে এই পাল্টা প্রশ্ন আপনাদের করতে চাই। আজকে বি.জে.পি. নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার যে ইন্ডাস্ট্রিয়াল পলিসি নিয়েছেন সেই পলিসি ভয়ঙ্কর, কি নির্মম, কত মানুষকে বেকার করে দিচ্ছে, হাহাকার পড়ে যাচ্ছে। এই কথার জবাব আপনাদের দিতে হবে। আমরা ফেস করব, আমরা প্রতিরোধ করব কিন্তু জবাব দিতে হবে আপনাদের। ন্যাশনাল টেক্সটাইল নিয়ে কি করেছেন আপনারা। ১২টা মিলের মধ্যে ৯টা মিলকে তুলে দিচ্ছে। ৯টা মিলে ভি.আর.এস. দেওয়া হবে, কর্মচারীরা বেকার হয়ে যাবে। তার জন্য তো একটা শব্দ আপনারা খরচ করলেন না। কেন করেননি কারণ তাহলে কেন্দ্রীয় সরকারের পলিসির বিরুদ্ধে আপনাদের চলে যেতে হবে, তাহলে আপনাদের নেত্রীর মন্ত্রিত্বে যাওয়া হবে না। সেজন্য আপনাদের বলছি যে আপনাদের লোভ লালসা এবং সেই জন্যই বলছি যে মানুষের মধ্যে র‍্যাশনালিটি থাকে, মানুষের মধ্যে অ্যানিম্যালিটি থাকে কিন্তু আপনাদের মধ্যে র‍্যাশনালিটির একটুকুও চিহ্ন নেই সমস্তটাই অ্যানিম্যালিটি থাকে নাহলে আপনারা নিশীথ অধিকারীকে ওইভাবে নিগৃহীত করতেন না। আজকে ইউ.বি.আই. সম্পর্কে কি বেরিয়েছে, জয়েন্ট পার্লামেন্টারি যে কমিটি সেই কমিটি রিপোর্টে কি বেরিয়েছে তিনশো পৃষ্ঠায়, শেয়ার কেলেঙ্কারি, ১৭৫ পৃষ্ঠায় ইউ.এস. ৬৪ কেলেঙ্কারি বেরিয়েছে। প্রধান অভিযুক্ত কে, যশবন্ত সিংহ যিনি বিদেশমন্ত্রী। এই নিয়ে তো আপনারা একটা কথাও বললেন না। ইউ.এস. ৬৪এ বহু সাধারণ মানুষ পয়সা রেখেছেন, শেয়ারে পয়সা রেখেছেন। কেতন মেহতা যোগসাজশ করে কোটি কোটি টাকা দালালি করেছেন, কোটি কোটি টাকা নয়-ছয় করেছেন। কংগ্রেসী আমলে যে দুর্নীতি শুরু হয়েছিল, আপনারা সেই দুর্নীতিকে ছাপিয়ে গেছেন। এর বিরুদ্ধে আপনারা একটা শব্দও খরচ করলেন না। আপনারা বলবেন সাধারণ মানুষের কথা ? ছয় ছয়বার মানুষ প্রমাণ করে দিয়েছে সে কথা। গঙ্গা, পদ্মা নিয়ে কথা হয়েছিল, প্রোজেক্টের কথা হয়েছিল। আপনারা জানেন যে এটা এমন একটা জায়গা আন্তর্জাতিক ব্যাপার, দেবগৌড়ার আমলে তদানীন্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, আমাদের এখনকার প্রিয় মুখ্যমন্ত্রী এবং তখনকার সেচমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ছিলেন, গঙ্গা, পদ্মা নিয়ে এক বিভীষিকা মালদহ থাকবে কি থাকবে না, আজকে এই প্রশ্ন দাঁড়িয়েছিল, পশ্চিমবঙ্গ এবং আরেকদিকে

বাংলাদেশ, তখন দেবগৌড়া এসেছিলেন, ৯শো কোটি টাকার প্রোজেক্ট দেওয়া হয়। ৬শো কোটি এবং ৩শো কোটি টাকা। তখন আপনারা কোথায় ছিলেন। গৌড় যেমন ধ্বংস হয়ে গিয়েছিল ঠিক তেমনভাবে আপনারা চাইছেন পশ্চিমবাংলা ধ্বংস হয়ে যাক।

মানুষ আপনাদের সমর্থন করবে ? আপনারা জবাব দেবেন, আমরা জবাব দেব না। বার কাউন্সিল সম্পর্কে একটা কথা বলতে চাই এবং একথা বলে আমি আমার বক্তব্য শেষ করব, সেটা হচ্ছে আমাদের মাননীয় স্পীকার বলেছেন, আইনমন্ত্রী বলেছেন এবং সর্বোপরি আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী বলেছেন একটা এমিকেবল সেটেলমেন্ট করুন, আপনারা উইথড্র করুন। আপনারা বলুন আজকে এই শত শত বন্দীদের কি দুর্দশা, কি যন্ত্রণা। তারা হয়তো সামান্য কারণে জেলে আছে, তাদের জামিন হচ্ছে না। আপনারা আলিপুর কোর্টে মারামারি করছেন। সুপ্রীম কোর্ট বলেছে কোনো রকম কর্মবিরতি চলবে না, স্ট্রাইক চলবে না তার পরেও কেন ধাক্কাধাক্কি হচ্ছে। এর জবাব আপনারা দেবেন, আপনাদের বিরুদ্ধেই অনাস্থা, সেই জন্য আপনাদের প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.50–4.00 p.m.]

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি তৃণমূলের আনা এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এখানে আমাদের ক্ষমাসুন্দর মুখ্যমন্ত্রী বসে আছেন, যিনি বারেবারেই ভুল করেন আর বাংলার মানুষের থেকে ক্ষমা চেয়ে নেন। তাই বাংলার মানুষ বলেন ক্ষমাসুন্দর মুখ্যমন্ত্রী। ২০০০ সালের নভেম্বর মাসে প্রাক্তন মুখ্যমন্ত্রীকে সরিয়ে তাঁর দল তাঁকে মুখ্যমন্ত্রী করেছেন। নির্বাচনের আগে তাঁর এলাকায় দেখলাম কৌস্তব যখন ডাকাতের গুলিতে মারা গেল তখন তার মায়ের কোলে গিয়ে ৫৮ বছরের বুদ্ধদেব বললেন তোমার ১৮ বছরের কৌস্তব চলে গেছে তো কি হয়েছে, তুমি আমার নির্বাচনটা উতরে দাও। তারপরে উস্তিতে ১৪টি গ্রামে ডাকাতি হল, বুদ্ধদেববাবু ভ্যানে করে সেখানে গেলেন। কিন্তু নির্বাচনের পরে এতগুলি ডাকাতি হল, খুন হল, রাইটার্স বিল্ডিংয়ের পিছনের বিল্ডিংয়ে সবচেয়ে বড় ডাকাতি হল কিন্তু সেখানে বুদ্ধবাবু গেলেন না কেন ? আমরা স্পেসিফিকভাবে এর জবাব চাইছি। আপনারা বিরোধীদলের নেত্রীর কথা বলেন, যে বিরোধী দলের নেত্রীর নাম না করলে আপনাদের পেটের ভাত হজম হয় না, আজকে বুদ্ধবাবু তাঁকেই নকল করে মেকী ভূমিকা গ্রহণ করেন এটা তাঁকে স্বীকার করতেই হবে। তিনি নাটক লেখেন, নাটক করতে ভালোবাসেন, কিন্তু তিনি এত সুন্দর নাটক করতে পারেন সেটা বাংলার মানুষের জানা ছিল না। হাওড়া ডোমজুড়ে কর্মীসভায় তিনি গেলেন, সেখানে তিনি বললেন খুন-খারাপী, অরাজকতা বরদাস্ত করব না। ৮.১২.২০০২ তারিখে তিনি একথা বললেন তখন একটা নক্-আউট ফুটবল খেলা হল আর.এস.পি. বনাম সি.পি.এম.-এর মধ্যে সকাল থেকে বিকাল পর্যন্ত। সেখানে লুঠপাট হল এবং নির্বিচারে গুলি চলল। আর.এস.পি. ক্যানিং লোকাল অফিসের সম্পাদক মিলনবাবু বললেন ১৫ই সেপ্টেম্বর আর.এস.পি.র সইদুল ঘড়ামিকে হত্যা করেছে। ৮.১২.২০০২ তারিখে সইদুলের স্ত্রী ছাদুড়া

বিবিকে হত্যা করেছে। এখন পঞ্চায়েত নির্বাচনের আগে তৃণমূলকে সরিয়ে দেওয়ার জন্যই এই সব করছেন। এটা কি কংগ্রেস বা বি. জে.পি. বা তৃণমূল করেছে ? এটাতো আপনারাই করেছেন। তারপরে ১১ তারিখের পেপারে বেরলো ডি.ওয়াই.এফ.আই-এর নেতা খুন হলেন, খুনী ধরা পড়ল গোসাবার হাকিম মোল্লা। তৃণমূলের কেউ ডি.ওয়াই.এফের নেতাকে খুন করতে চায় না। আপনারা নিজেদের রক্ত নিজেদের গায়ে মেখে ঘুরছেন। কতজনকে আপনি গ্রেপ্তার করলেন ? এই সি.পি.এমের অত্যাচারে উত্তর ২৪-পরগনার আদিবাসীদের সমর্থন পার্টি হারাচ্ছে। আদিবাসী এলাকায় পঞ্চায়েত লেভেলে কোনো কাজ হয়নি। তাই পার্টি আদিবাসীদের সমর্থন হারাচ্ছে। আদিবাসীদের উপর একের পর এক অত্যাচার করে তাদের ঘর ছাড়া করছে, এমনকি আদিবাসী নারীদের শ্লীলতাহানিও করছে।

স্যার, জ্যোতিবাবুর আমলে আমরা জানি একজন মূক-বধির মেয়েকে সি.পি.এম-এর কমরেড সৌভাগ্য সরকার ধর্ষণ করেছিল। আবার, এই বুদ্ধদেববাবুর আমলে লিলুয়া হোমে অসহায় মূক-বধির মেয়েদের সি.পি.এম-এর আশ্রিত সমাজবিরোধী, তারা অত্যাচার করে, ধর্ষণ করে তাদেরকে অন্তঃসত্ত্বা করে, তাদেরকে আত্মহত্যার পথ বেছে নিতে বাধ্য করেছে। তাই আজকে আমরা এই অনাস্থা প্রস্তাব এনেছি। বুদ্ধদেববাবু আপনি জানেন না বারাসাতে সি.পি.এম-এর দুই গোষ্ঠীর মধ্যে কি হচ্ছে ? 'ধানকাটা' মানে তোলাবাজি। কে কত তোলা পাবে, অমিতাভ নন্দী না অমিতাভ বসু, জ্যোতিবাবুর গোষ্ঠী না আপনার গোষ্ঠী, সুভাষবাবুর গোষ্ঠী না বিমানবাবুর গোষ্ঠী, এই নিয়ে বারাসাতের সাধারণের জনজীবন উত্তাল হয়ে উঠেছে। কার জন্য ? কারা অরাজকতা করছে ? আর, আপনি নিজে বণিক সভায় গিয়ে বলছেন, আন্দোলন করলে আমরা শ্রমিকদের উপর লাঠি-পেটা করব। যে রাজ্যের মুখ্যমন্ত্রী খোদ অরাজকতার জন্য উস্কানি দেয় সেই রাজ্যে সি.পি.এম. নেতা তো অরাজকতা করবেই। .... (গোলমাল)..... আর, এই দালালগুলো এখানে বসে থাকে শুধুমাত্র মন্ত্রীত্বের লোভে। তারা সি.পি.এম.-এর পদলেহন করে। যখন ফরোয়ার্ড ব্লককে মারে, যখন আর.এস.পি.-কে মারে, বুদ্ধদেববাবু ভুলে গেছেন, আপনার মন্ত্রীসভায় আমার পরে বলবেন, এমন একজন মন্ত্রী আছেন, যাঁর হাতে কেশপুরে আমাদের অনেক পার্টি কর্মীর রক্ত লাগানো আছে। আপনার ওই একজন মন্ত্রী ৯টা খুনের মামলায় বালুরঘাট কোর্টে লালবাতি জ্বালিয়ে কাঠগড়ায় কেন দাঁড়িয়ে আছেন বুদ্ধদেববাবু জবাব দিয়ে যান। আবার, আপনাদের এই মন্ত্রীসভার একজন মন্ত্রী আছেন ১৯ জন আনন্দমার্গীকে বিজন সেতুর উপর জ্যান্ত পুড়িয়ে মেরেছিলেন। বুদ্ধদেববাবু কি ভুলে গেলেন ? মনে পড়ছে ভগবান বুদ্ধের কথা। একজন বলেছিলেন মৃত মানুষকে বাঁচিয়ে দাও। তখন ভগবান বুদ্ধ বলেছিলেন, এমন একটা ঘর থেকে দু'চারটে সর্ষে নিয়ে আসুন যে ঘরে কেউ কোনোদিন মারা যায়নি। আনতে পারেননি। আপনি যদি ঠগ বাঁছতে যান আপনার গা উজাড় হয়ে যাবে। যারা এসেছে নানুর থেকে শুরু করে কুলতলি পর্যন্ত, সবার হাতে রক্তের দাগ আপনাদের। আর, আপনি বণিক সভায় গিয়ে বড় বড় কথা বলছেন, বণিকদের তুষ্ট করছেন। কারণ, বণিকদের যদি তুষ্ট না করেন তাহলে পার্টির লেভি আসবে কোথা থেকে ? আপনি হিসাব নিয়েছেন গত ২৫ বছর ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন গভর্নমেন্টের ডিউটির নামে যে টাকা সাধারণ মানুষের কাছ থেকে ইলেকট্রিক বিলের মাধ্যমে

তুলেছে সেগুলো আদৌ গভর্নমেন্ট ফান্ডে জমা পড়েছে কিনা ? তার পরিমাণ কত ? বুদ্ধদেববাবু জবাব নেননি। প্রাক্তন মুখ্যমন্ত্রীর স্নেহধন্য সাধন দত্তের একটা কোম্পানি আছে। আমি কারও ব্যক্তিগত জীবনে আঘাত করতে চাই না। আর, এটা আঘাতও নয়। সবাই জানেন যে বুদ্ধবাবুর স্ত্রী ওই কোম্পানিতে লাইব্রেরিয়ানের চাকরি করেন। ভালো কথা। যে যার যোগ্যতা অনুসারে কাজ করে। সেই কোম্পানিকে ৪৬০ কাঠা জমি সল্টলেকে কেন দিয়েছেন ? বুদ্ধবাবু এটার জবাব দেবেন। সল্টলেকে নিয়ম আছে যে তিন বছরের বেশি সময় যদি কোনো জমি পড়ে থাকে সেই জমি গভর্নমেন্ট একোয়ার করে। কিন্তু ওই জমিটার মূল্য এখন প্রায় ১০ কোটি টাকা। বুদ্ধবাবু বলুন ১০ বছর জমিটা পড়ে আছে কেন এখনও পর্যন্ত সরকার ওই জমিটাতে হাত লাগায়নি ? বুদ্ধবাবু জবাব দিন। কেন যে জমির দাম প্রতি কাঠা ২ লক্ষ টাকা মাত্র ১৮ হাজার টাকা মূল্যে আপনি হর্য-নেওটিয়াকে প্রায় ৩৫ একর জমি দিয়েছেন। এবং সেই প্রকল্পের উদ্বোধনে কে গিয়েছিলেন ? আপনি গিয়েছিলেন, আপনারা যাকে অপদার্থ বলে সরিয়ে দিয়েছিলেন সেই বৃদ্ধ জ্যোতিবাবু গিয়েছিলেন, আর আপনার শিল্প নিগমের চেয়ারম্যান সোমনাথ চট্টোপাধ্যায় গিয়েছিলেন, আর আপনাদের মন্ত্রী অশোক ভট্টাচার্য, তার নিজস্ব লোক, তার নাম সূর্যপ্রকাশ বাঘেলা, তাকে আপনারা জমি দিয়েছেন 'হাভেলি' নামে একটা রেস্টোরেন্ট করার জন্য। সেই সূর্যপ্রকাশ বাঘেলার কি কাজ ? সে 'সানরাইজ কনস্ট্রাকশন'এর মালিক। সল্টলেকের যত বাড়ী আছে হস্তান্তরিত জমিতে তাতে বে-আইনি প্রোমোটিং করেন এই সূর্যপ্রকাশ বাঘেলা। আমরা তাই মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে আপনি আর্থিক দুরাবস্থার কথা তুলছেন, সরকারী কর্মচারীরা মাইনে পাচ্ছে না, কোর্ট ফি বৃদ্ধি করে দিয়েছেন, বিদ্যুতের দাম বৃদ্ধি করে দিয়েছেন কিন্তু বুদ্ধবাবু বলতে পারেন কেন আজও জ্যোতিবাবুর যে তৃতীয় গাড়িটা, যে জ্যোতিবাবুকে শারীরিক অসুস্থতার জন্য অবসর নিতে আপনারা বাধ্য করেছিলেন, সেই জ্যোতিবাবুর তৃতীয় গাড়িটার জন্য, ৫০ হাজার কি.মি. চলার কথা, তার জন্য কেন দেড় লক্ষ টাকা খরচ হয়েছে। তার কোনো হিসাব আপনারা দিতে পারবেন না। কারণ, আপনারা আজ সাধু সব। 'তুমি মহারাজ সাধু হলে আজ আমরা চোর বটে'। তাই চোরেদের মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা এনে এবং অবিলম্বে এই মন্ত্রীসভাকে পদত্যাগ করার দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[4.00–4.10 p.m.]

শ্রী সুশান্ত ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় বিরোধী দল নেতা বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন, তা করতে গিয়ে তিনি 'জুতো সেলাই থেকে চণ্ডী পাঠ' পর্যন্ত ১৩ দফা বক্তব্য পেশ করেছেন। ১৩ দফা বক্তব্যের মধ্যে নতুনত্ব কিছুই ছিল না। ইতিমধ্যে এই বিষয়ের উপর আমাদের সরকার পক্ষের এবং বিরোধীপক্ষের মোট ১৫ জন সদস্য আলোচনা করেছেন এবং ৮ জন বিরোধীপক্ষের সদস্য আলোচনা করতে গিয়ে যা বলেছেন সেই বক্তব্য সম্পর্কে সবটা আমি বলব না। আমাদের পক্ষে সরকার পক্ষের সদস্যরা কিছু কথা বলেছেন। যাঁরা অনাস্থা উত্থাপন করেছেন—আদর্শহীন, নীতিহীন একটা দল, যাদের বিরুদ্ধে পশ্চিমবাংলার মানুষ অনেকদিন

আগে অনাস্থা জানিয়েছেন, যাঁরা বিগত বিধানসভার নির্বাচনের আগে 'হয় এবার, নয় নেভার' স্লোগান তুলে বাজিমাৎ করতে চেয়েছিলেন—পশ্চিমবাংলার জনগণ তাদেরকে নেভার করে খরচের খাতায় অনেকদিন আগেই তুলে দিয়েছেন। তাঁরা অনাস্থা আনতে চেয়েছেন পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে। কেন ওঁদের দলকে আদর্শহীন, নীতিহীন বলা হয় সেটা আমাদের পক্ষে মাননীয় মুখ্যমন্ত্রী সেই কথা অনেকবার বলেছেন, আমি সেই সম্পর্কে বেশি কিছু বলব না। শুধু একটা কথা যোগ করব তা হচ্ছে, আদর্শহীন, নীতিহীন শুধু নয়, মেরুদণ্ডহীন একটা দল তৃণমূল কংগ্রেস। মেরুদণ্ড বলে কোনো বস্তু ওঁদের নেই। যাঁরা বক্তব্য রেখেছেন—তাঁরা বক্তব্য রাখতে গিয়ে—আমাদের পক্ষের মাননীয় মুস্তাফা বিন কাশিম সাহেব বলেছেন যে, অনাস্থা এনে কাদের বিরুদ্ধে অনাস্থা জ্ঞাপন করতে চেয়েছেন ? বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে ? এর কোনো নৈতিক অধিকার নেই। যে বিষয়গুলো উল্লেখ করেছেন তাতে চোখের জল ফেলেছেন কাদের জন্য ? কৃষকের জন্য চোখের জল ফেলেছেন আপনারা ? আপনাদের লজ্জা হওয়া উচিত। ২০০০ সালের বন্যার সময় যখন পশ্চিমবাংলার সর্বনাশ হয়েছিল তখন আপনারা বন্যার্ত মানুষের পাশে না দাঁড়িয়ে কি করে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে উৎখাত করা যায় তার জন্য ৩৫৬ ধারা জারি করার জন্য আপনারা দিল্লীতে গিয়ে ধর্না দিয়ে বসেছিলেন। আপনাদের বিরুদ্ধে মানুষ অনাস্থা জ্ঞাপন করেছেন এই জন্য। মানুষ দেখেছে বামফ্রন্ট সরকার জনগণের সঙ্গে থাকে, সুখে থাকে, দুঃখে থাকে, বিপদে থাকে, আপদে থাকে, আর এই সরকারের বৈশিষ্ট্য হচ্ছে এই—যা পারব তা আমরা বলি, যা পারব না তাও আমরা বলি, আপনাদের মতো মিথ্যা প্রতিশ্রুতি, তঞ্চকতার পথ আমরা গ্রহণ করিনি। আপনাদের মতো একথা আমরা বলিনি, বামফ্রন্ট সরকারকে সরাতে না পারলে মাথায় তেলও দেব না, চুলও বাঁধব না। কোথায় এখন তিনি ? তেলও দেবেন না, চুলও বাঁধবেন না। বক্তৃতা দিয়ে কি বলেছিলেন ? বলেছিলেন, বামফ্রন্ট সরকারকে সরানো না পর্যন্ত আমি মারা গেলেও আমার মৃতদেহ যেন সৎকার করা না হয়। এখন এসব বলবেন, আসলে আপনারা যাঁরা এতক্ষণ ধরে বক্তৃতা করেছেন—২০০১ সালের ১০ই মে বিধানসভার ভোট হল, ১১ তারিখে একটা সান্ধ্য পত্রিকায় তালিকা বেরিয়েছিল কে কোন দলের মন্ত্রী হবেন, কে হবেন স্বাস্থ্যমন্ত্রী, কে হবেন শিক্ষামন্ত্রী—আপনাদের যাঁরা যাঁরা আজকে বক্তৃতা করেছেন তাঁদের সবার নাম ছিল। গায়ের জ্বালা এখানে, মন্ত্রী হওয়া হয়নি। তালিকায় নাম দেখার পরে ঘুমের ঘোরে স্বপ্ন দেখতে দেখতে উঠে বসেছিলেন এই ভেবে যে, মন্ত্রী হয়ে গেছি। আর যায় কোথায় ? কারা শিল্প নিয়ে বক্তৃতা করছিলেন, আইন-শৃঙ্খলা নিয়ে বক্তৃতা করছিলেন ? এমন একজন মাননীয় সদস্য আইন-শৃঙ্খলা নিয়ে বক্তৃতা করছিলেন, আমি নাম বলব না, ছিলেন পদ্মফুলে, পদ্মফুলের পোকার কামড় খেয়ে জ্বালায় ছটফট করতে করতে এলেন ঘাসফুলের কোলে, ভেবেছিলেন মন্ত্রী হয়ে যাব, হতে পারলেন না। আইন-শৃঙ্খলার বক্তৃতা ! তিনি যখন পদ্মফুলে ছিলেন আমি চিনতাম, গেছেন আমার ওখানে, গিয়ে স্লোগান তুলেছিলেন—

হাত কাটা গব্‌লা, কান কাটা ন্যাব্‌লা,
শুকুল, ছোটে ওস্‌মান, ঝাপাতের উপর ভর করে—

পথ দেখাবে গড়বেতা, গিয়ে পিঠ চাপড়ে এসেছিলেন। এবার আর যায় কোথায় ? পশ্চিমবাংলার জনগণ আপনাদের সে সুযোগ দেয়নি। কেন দেয়নি জানেন ? যে, আপনাদের মতো একটা মেরুদণ্ডহীন দল পশ্চিমবাংলায় ক্ষমতায় আসতে পারে না, সে সুযোগ পশ্চিমবাংলার মানুষ কখনই আপনাদের দেবে না। শিল্প নিয়ে কান্নাকাটি করছেন ? আপনাদের নেত্রী দুর্গাপুরে এম.এম.সি. কারখানার গেটে মিটিং করে বক্তৃতা করে বলেছিলেন—কি বলেছিলেন ? বলেছিলেন যে, এম.এম.সি. কারখানার গেট যদি দিল্লীর সরকার তালাবন্ধ করে দেয়, তাহলে কারখানার দরজায় আমি শুয়ে থাকব'। আমার দেহের ওপর দিয়ে পা দিয়ে গিয়ে তালা বন্ধ করতে হবে।' সেই এম.এম.সি কারখানার তালা বন্ধ হয়েছে। হাজার হাজার শ্রমিকের চোখের জল পড়েছে ; আপনাদের নেত্রী বা নেতারা কেউ এক দিনও ওই কারখানার গেটে গিয়ে শুতে পারলেন না। তার পরিণতিতে বিধানসভা নির্বাচনের কয়েক মাস পরে দুর্গাপুরের পৌর নির্বাচনে মানুষ আপনাদের ধুয়ে মুছে সাফ করে দিয়েছেন। বংশে বাতি দেওয়ার জন্য আপনাদের একজন মাত্র জিতেছেন। কৃষকদের জন্য আপনারা চোখের জল ফেলছেন ! ফসলের দামের প্রসঙ্গে আমার আগের বক্তা বলেছেন, আমি আর ও প্রসঙ্গে বলব না। কৃষকদের জন্য যদি সত্যিই আপনাদের কোনো দরদ থাকে তাহলে এই মুহূর্তে দিল্লীর সরকারের বিরুদ্ধে অনাস্থা আনুন। তা আনার কি আপনাদের ক্ষমতা আছে ? আমি জানি আপনাদের সে ক্ষমতা নেই। আমাদের রাজ্যের কৃষকরা ফসলের দাম পাচ্ছে না। উৎপাদন খরচ অনেক বেড়ে গেছে। আমরা এটা বুঝি, আমরা তাদের বাঁচাবার জন্য আন্দোলন করছি। দিল্লীর সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে এফ.সি.আই.-এর মাধ্যমে পশ্চিমবাংলার কৃষকদের কাছ থেকে মাত্র ২ লক্ষ মেট্রিক টন চাল কিনবেন। বাকি চাল কোথা থেকে কিনবেন ? পাঞ্জাব থেকে ৫০ লক্ষ মেট্রিক টন, অন্ধ্রপ্রদেশ থেকে ৩০ লক্ষ মেট্রিক টন। কেন ? পশ্চিমবাংলার কৃষক কি বানের জলে ভেসে এসেছে ? পশ্চিমবাংলার কৃষকদের প্রতি যদি আপনাদের কোনো দরদ থাকে, ন্যূনতম দায়বদ্ধতা থাকে তাহলে একবার দিল্লীর সরকারের বিরুদ্ধে অনাস্থা জ্ঞাপন করুন, তাহলে পশ্চিমবাংলার মানুষ আপনাদের করুণা করবেন। কিন্তু সে ক্ষমতা আপনাদের নেই, আপনারা তা করতে পারবেন না। গোটা দেশটাকে দিল্লীর সরকার তার নীতির মধ্যে দিয়ে সর্বনাশের চরম জায়গায় পৌঁছে দিয়েছে। ওই নীতির বিরুদ্ধে আন্দোলনে সংগঠিত হওয়ার প্রয়োজন আজকে মানুষ বুঝতে পারছে। যে সময় মানুষ এটা বুঝতে পারছে সে সময়ে আপনারা তাদের দৃষ্টিকে ঘুরিয়ে দেওয়ার জন্য নানারকম ছল-চাতুরির আশ্রয় গ্রহণ করছেন। এখানে এম.সি.সি. জনযুদ্ধ ইত্যাদির কথা বলা হচ্ছে। আসলে ওসব আপনাদের তৈরি। ওদের নিয়ে আপনারা এখানে ক্ষমতায় আসার চক্রান্ত করেছিলেন। আনন্দবাজার পত্রিকা, বর্তমান পত্রিকা আপনাদের জ্যাঠামশাই, খুড়োমশাই। ওঁরা আপনাদের পরামর্শ দেন, ওঁদের পরামর্শ নিয়ে আপনাদের চলতে হয়। সেই আনন্দবাজার পত্রিকা সমীক্ষা করে, অন্তর্তদন্ত করে রিপোর্ট করলেন যে, পশ্চিমবাংলার জনযুদ্ধের সাথে তৃণমূল কংগ্রেসের অশুভ আঁতাত রাজনীতির একটা খারাপ দিক। তাঁরাও এই কথা বলেছেন। তাঁদের কথা এখানে বিস্তারিতভাবে আলোচনা করার কোনো সুযোগ নেই। এখন ঘটনা সি.বি.আই.-র তদন্তের মধ্যে রয়েছে। তাঁরা বলেছিলেন, আপনারা

সম্মিলিতভাবে একটা বাহিনী তৈরি করে তিন জায়গা থেকে আক্রমণ করার চেষ্টা করেছিলেন। কিন্তু আপনারা তা পারেননি। আমরা ওখানে কি দেখলাম ? পশ্চিম মেদিনীপুর এবং বাঁকুড়ায় একের পর এক খুন হয়েছে। কারা খুন করেছে ? দিনের বেলা তৃণমূল, রাতের বেলা জনযুদ্ধ। কারা ওইসব খুনের ঘটনায় গ্রেপ্তার হয়েছে ? কেশপুরের তৃণমূল নেতা নেপাল ঘোষ কেন গ্রেপ্তার হলেন ? আপনাদের নেতা অরুণ ঘোষ কয়েকদিন আগে গ্রেপ্তার হয়েছে। কেশপুরের শক্তি মণ্ডল গ্রেপ্তার হয়েছে। তার ডাক নাম তোতা, সে বন্দুক চালাতে পারত বলে তার আপনারা নাম দিয়েছিলেন 'টোটা'। সে কেন গ্রেপ্তার হল ? আমাদের দলের অজিত ঘোষ, একজন মাধ্যমিক শিক্ষক ; আমনা মাহাতো একজন প্রাথমিক শিক্ষক, আমাদের পার্টি সদস্য সুধীর সিং সর্দার ; এদের পরিকল্পনামাফিক চক্রান্ত করে কারা খুন করেছে ? শালবনীতে আমাদের পার্টি নেতা সৃষ্টিধর মাহাতোকে তাঁর বাড়িতে আপনাদের লোকেরা খুন করতে গিয়েছিল জনযুদ্ধকে সঙ্গে নিয়ে। সৃষ্টিধর মাহাতোর বাড়িতে ঢুকে তাঁর নাম ধরে ডেকেছিল, বাড়ির লোকেরা খুনীদের চিনতে পেরেছিল, ফলে তার তিন বছরের শিশু কন্যাকে, ৬০ বছরের বৃদ্ধা মাকে এবং তাঁর স্ত্রীকে খুন করল। আপনাদের জনযুদ্ধ এবং তৃণমূলের ঘাতক বাহিনী এই কাজ করেছে। সে জন্য আজকে আপনারা মানুষের কাছ থেকে অনেক দূরে সরে গিয়েছেন। আপনাদের কাছে আমার বক্তব্য, নিজেদের প্রতি নিজেরা আস্থা ফিরিয়ে আনুন, মানুষের প্রতি আস্থাশীল হয়ে সর্বনাশের পথ ত্যাগ করে রাজনীতির পথে আসুন। তা নাহলে বাংলার মানুষ কোনোদিনই আপনাদের ক্ষমা করবে না। এই কথা বলে অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.10–4.20 p.m.]

শ্রী নেপাল মাহাতো : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে বিরোধীদলের নেতার আনীত যে অনাস্থা প্রস্তাব সেই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটি কথা এই সভায় উল্লেখ করতে চাই। একটা সরকারের দক্ষতা বা একটা সরকারের এফিসিয়েন্সির যে মাপকাঠি সেটা ৪টি স্তম্ভের উপর নির্ভর করে। একটা সরকারকে বিচার করা যায়, তার অর্থনৈতিক পরিস্থিতি, আইন-শৃঙ্খলা, উন্নয়নমূলক কাজ এবং প্রশাসনিক দক্ষতা। আজকে আমরা যখন আলোচনা করছি তখন এই ৪টি স্তম্ভের মধ্যে অর্থনৈতিক পরিস্থিতিতে এই সরকার যে দেউলিয়া হয়ে গেছে সেটা আমরা জানি। কারণ, পশ্চিমবঙ্গ সরকারের অর্থনৈতিক পরিস্থিতি যে খুবই খারাপ সেটা সরকার নিজেই ঘোষণা করেছেন। সুতরাং সেই সম্বন্ধে উল্লেখ করার প্রয়োজনীয়তা নেই। আইন-শৃঙ্খলা সম্বন্ধে এই সভাতে কিছুক্ষণ আগে যে আলোচনা হয়ে গেল সেই আলোচনাতে মাননীয় মুখ্যমন্ত্রী খুব সুন্দরভাবে জবাব দিয়েছেন। তিনি বলেছেন, পশ্চিমবাংলাতে খুন যথারীতি চলবে এবং খুনের পর যারা আসামি তাদেরকে ধরা হবে। অর্থাৎ খুন বন্ধ হবে একথা তিনি বলেননি। আজকে উন্নয়নের কথা এবং প্রশাসনিক দক্ষতা নিয়ে যদি একটু পর্যালোচনা করি তাহলে দেখতে পাব, এই সরকার ওই দুটি বিষয়ের উপর মানুষের আস্থা হারিয়ে ফেলেছে, কোনো কাজ করতে পারছেন না। এই সভায় আপনাদের সংখ্যাধিক্য আছে, তাই আপনারা সব সময়ে সংখ্যাধিক্যের জোরে অনাস্থা প্রস্তাব বাতিল

করাবেন। কিন্তু কিছু বিষয় আছে যেগুলির সম্বন্ধে সবাই স্বীকার করতে বাধ্য হবে। আজকে পশ্চিমবঙ্গ সরকারের যে মেশিনারি সেই মেশিনারির মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী চাইছেন পশ্চিমবাংলার উন্নয়ন করবেন। যদি সেই মেশিনারি ধরে নেওয়া যায় জেলা পরিষদ এবং পঞ্চায়েত সিসটেম তাহলে বলব, ১৯৯৯ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত ১৯টি জেলায় ১৬৭৬ কোটি ৩ লক্ষ ৩৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল। কিন্তু খরচ হয়েছে ৭৩৯ কোটি ৮৩ লক্ষ ৭২ হাজার টাকা আর খরচ হয়নি ৯৩৬ কোটি ৫৯ লক্ষ ৬৬ হাজার টাকা। এখানে একটাই প্রশ্ন, এই যে উন্নয়নের জন্য টাকা খরচ হয়নি তার জন্য দায়িত্ব কাদের ? তাহলে কোথায় আপনাদের মেশিনারি ? আর এই টাকা খরচ না হওয়ার মানে হচ্ছে গরীব লোকেদের বঞ্চিত করা। অবশ্য পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় উন্নয়ন যে হবে না সেটা ধরে নেওয়াই যায়। মাননীয় অর্থমন্ত্রী আমাদের কাছে প্রায়ই পরিসংখ্যান দেখাতেন। কিন্তু সেই পরিসংখ্যানে দেখতে পাচ্ছি, পঞ্চায়েত সিসটেমে টাকা-পয়সা দেওয়া সত্ত্বেও তারা ৫০ পারসেন্ট টাকা খরচ করতে পারছেন না, ফেরত যাচ্ছে। সুতরাং এর গলদটা কোথায়, কিভাবে তার সংশোধন করা যায় তা নিয়ে চিন্তা-ভাবনা করা দরকার। আপনারা বিপুল ভোটে জিতে এসেছেন। সুতরাং আপনাদের বিরুদ্ধে অনাস্থা আনলেও তা টিকবে না। কিন্তু এই বিষয়ে যে পর্যালোচনা করা দরকার সেটা আমি মনে করি।

আমি আপনাদের সামনে কয়েকটি ছোট-ছোট স্কিমের কথা বলতে চাই। অ্যালটেড ফান্ডে সারা পশ্চিমবাংলার যে হিসাব আছে তাতে দেখতে পাচ্ছি, ই.এ.এসে ইউটিলাইজড করতে পেরেছেন মাত্র ৪৪.৯৭ পারসেন্ট। ইন্দিরা আবাস যোজনায় ৬৫.৫৮ পারসেন্ট। এস.জি.এস.ওয়াইতে মাত্র ২৬.১৭ পারসেন্ট আর জে.জি.এস.ওয়াইতে ৫৭.২৬ পারসেন্ট। সুতরাং কোথায় আপনাদের দক্ষতা ? আপনাদের গলদ কোথায় সেটা মুখ্যমন্ত্রীকে ভেবে দেখতে হবে এই অনাস্থা প্রস্তাবের মাধ্যমে এবং সেগুলি সংশোধন করবেন। এবার আমি যে কথাটি বলছি সেটি খুবই গুরুত্বপূর্ণ কথা। অন্নপূর্ণা যোজনায় ২ টাকা কেজি চাল দেওয়া হয়েছিল। ২০০১-২০০২ সালে টারগেটেড লিস্ট ছিল ৮০ হাজার। কিন্তু শুধুমাত্র লিস্ট জমা দেওয়ার অভাবে ৫৬ হাজার ৩২৯ জনকে চাল দিতে পারেননি। এটা কি কল্পনা করা যায় ? এটা কি কল্পনা করা যায় যে গরীব মানুষরা দু টাকা কেজি দরে চাল পাবেন সেই লিস্টটাই আপনারা দিতে পারলেন না ? কি নেটওয়ার্ক এই সরকারের ? মেশিনারিতে কোথায় গোলমাল সেটা আজকে পর্যালোচনা করার দিন। ২০০০-২০০১ সালে কেন্দ্রীয় সরকার অন্নপূর্ণা যোজনাতে যে চাল বরাদ্দ করলেন সেই চাল হয় ২৫ পারসেন্ট টাকা জমা দিতে না পারার জন্য অথবা লিস্ট সাবমিট করতে না পারার জন্য আপনারা তুলতে পারলেন না। এর পর দেখুন এস.সি., এস.টি., ও.বি.সি.-দের চাকরি ক্ষেত্রে ২০০১ সালে কি অবস্থা। সেই সময় রেজিস্টার্ড এস.সি. কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৩০ হাজার ৮৮৮, নাম স্পনসর্ড হয়েছিল ২০৬, এমপ্লয়মেন্ট হয়েছে মাত্র ৬। এস.টি.-র ক্ষেত্রে রেজিস্টার্ড ১৮ হাজার ৯, স্পনসর্ড হয়েছে নাম ২৬৭, চাকরি হয়েছে মাত্র ৯ জনের। মাননীয় সদস্য রবীন্দ্রনাথ হেমব্রম তার অনুমোদিত প্রশ্ন নং ২৫২২-এর মাধ্যমে জানতে চেয়েছিলেন মন্ত্রীমহাশয়ের কাছে যে এম.বি.বি.এস. এবং

বি.ডি.এস. কোর্সে এস.সি., এস.টি., কত সংখ্যক ভর্তি হয়েছে। উত্তরে আমরা দেখতে পাচ্ছি সারা পশ্চিমবাংলায় এস.টি.-দের জন্য সিট ৪০, ভর্তি হয়েছে ৪০, এস.সি.-দের ক্ষেত্রে সিট হচ্ছে ১৫০, ভর্তি হয়েছে ১৫০। বি.ডি.এসে—এস.টি.-দের সিট-৩, ভর্তি ৩, এস.সি—সিট ১৩, ভর্তিও ১৩। এটা তো সাধারণ মানুষরা বিশ্বাস করবেন না। একজন এস.সি., এস.টি. কি তাহলে মেরিট লিস্ট এমনিতে আসতে পারেননি ? তা যদি হয় তাহলে এখানে রিজারভেসনের যে কনসেপ্ট সেটা ভুল ভাবে দেখানো হয়েছে। আপনারা তালিকাটা বার করে দেখুন দেখতে পাবেন রিজারভেসানের কনসেপ্টটা ভুল হয়ে গিয়েছে। পরিশেষে একটি কথা বলব—বিভিন্ন ষ্টেটে মানুষ না খেতে পেয়ে মারা যাচ্ছে, এখানে পশ্চিমবাংলার অবস্থাটা কি ? সাব ডিভিশন্যাল ম্যাজিস্ট্রেট ৮ই নভেম্বর লিখছেন,

Being the SDO, Alipurduar, I have been experiencing critical and unnatural situation arising out of the unhappy incident of "Suspension of Work" at your Rahimabad garden wherein 22 nos. of residents of different age group from 1 year to 75 years have expired up to 11.10.02 since the date of the said "Suspension of Work" due to under nutrition, as mentioned by the Assistant Medical officer of Health, Alipurduar. The other reason for loss of such human life is non-availability of safe drinking water and medical facilities.

অর্থাৎ না খেতে পেয়ে মারা গিয়েছে এবং পশ্চিমবাংলায় এই অবস্থাটা তৈরি হয়েছে। তারপর ও.বি.সি.-দের রিজারভেসানের দাবিটি দীর্ঘদিনের হলেও মাত্র ৭ পারসেন্ট রিজারভেসান দেওয়া হয়েছে ১২ ক্লাসে ভর্তির ব্যাপারে। তাছাড়া অন্যান্য ব্যাকওয়ার্ড ক্লাসেসের ক্ষেত্রে বলা হচ্ছে ১৬ বছর না হওয়া পর্যন্ত সার্টিফিকেট দেওয়া যাবে না। মন্ত্রীসভা তাহলে কি আইন পাশ করেছেন ? কেরালাতে ২৫ পারসেন্ট রিজারভেসানের ব্যবস্থা আছে। পশ্চিমবাংলার সরকার বার বার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও এ ক্ষেত্রে কিছুই করেননি। এই বলে অনাস্থা প্রস্তাবকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

POINT OF INFORMATION

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব ইনফরমেশান, আজকে আলিপুর মহকুমা বিচারালয়ে যারা কাজে যোগ দিতে গিয়েছিলেন ধর্মঘটী আইনজীবীরা তাদের উপর হামলা চালায় এবং তাতে এস.ডি.জে.এম. শ্রী দেবব্রত সিনহা গুরুতররূপে আহত হন। এ ছাড়া 'আজকের সংবাদে'র সাংবাদিক রাজীব দত্ত ও অঞ্জন বিশ্বাসও গুরুতররূপে আহত হন। তারা আলিপুর থানাতে এফ.আই.আর. করেছেন, তার নম্বর ১৭০৬। ১৩ই নভেম্বর থেকে ধর্মঘটের নামে ওরা বিভিন্ন জায়গায় হামলাবাজী করছে।

[4.20–4.30 p.m.]

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের নেতা শ্রী পঙ্কজ

বন্দ্যোপাধ্যায় যে অনাস্থা প্রস্তাব এনেছেন এই সরকারের বিরুদ্ধে আমি তার তীব্র বিরোধিতা করছি। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর এবার নিয়ে বিরোধী দল ১৪ বার অনাস্থা প্রস্তাব এনেছেন এবং তা ভোটাভুটিতে প্রতিবার খারিজ হয়ে গেছে। এই দেড় বছরের মধ্যে আমরা দেখলাম ৪ বার অনাস্থা প্রস্তাব এনেছেন। আপনারা সরকারের বিরুদ্ধে অনাস্থা এনেছেন, এই ব্যাপারে আমার মনে একটা প্রশ্ন জাগে। আপনাদের নিজেদের প্রতি নিজেদের আস্থা আছে তো ? যদি আস্থা থাকত তাহলে বারে বারে অনাস্থা এনে এইভাবে ছবি তুলে ধরতেন না। আপনারা মূল্যবোধের কথা বলেন ! মূল্যবোধের আপনাদের মূল্যও নেই এবং বোধও উবে গেছে। তাই এই অসত্য ভাষণে আপনারা নিজেদের দক্ষ করছেন। উন্নয়নে আপনাদের গাত্রদাহ দেখতে পাচ্ছি। পশ্চিমবাংলার কৃষিতে উন্নতি, বনসৃজনে উন্নতি, মৎস্য চাষে উন্নতি, কুটির শিল্পে উন্নতি এবং সেই সঙ্গে ক্ষুদ্র সঞ্চয়ে উন্নতি। এর কোনো উন্নতি আপনাদের চোখে পড়েনি ? তাহলে কি করা যাবে ? উন্নতি তো চেপে রাখা যায় না। উন্নতি হবেই। আমাদের শিক্ষা ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে হাজার হাজার ছেলেমেয়ে পড়াশোনা করতে এগিয়ে আসছে। তার জন্য স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় পড়াশোনার বাতাবরণ রাখতে চাই। কিন্তু আপনারা সেখানে গিয়ে নানা রকম উত্তেজনার সৃষ্টি করছেন। ছাত্রদের মধ্যে বিভেদ তৈরি করছেন। একটু আগে আপনারা কি বললেন ? আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রীও বটে। এটা আমাদের দেশের গৌরব, একটা রাজ্যের যিনি মুখ্যমন্ত্রী তিনিই আবার তথ্য এবং সংস্কৃতি মন্ত্রী। তিনি আমাদের দেশের সংস্কৃতির ধারক এবং বাহক। তাঁর সম্পর্কে আপনারা কি উক্তি করলেন ? তিনি সাম্প্রদায়িক আবহাওয়ার সৃষ্টি করছেন ? এই অসত্য কথাটা বলতে একটু মুখে বাঁধল না। এই প্রশ্ন আপনাদের কাছে করতে চাই। আমাদের পশ্চিমবাংলা ধর্ম নিরপেক্ষতার পীঠস্থান। আমরা গুজরাটে গিয়েছি, সেখানে গিয়ে হত্যাকাণ্ড দেখে এসেছি। সেখানে ভোটে যারা জয়লাভ করল তাদের আপনারা সাধুবাদ জানালেন। হাজার হাজার মানুষের হত্যালীলায় যাদের হাত লাল হয়ে গিয়েছে তাদের আপনারা মদত দিলেন। এটা আমার কাছে প্রশ্ন বাংলার মানুষ আপনারা, বাংলার সংস্কৃতি নিয়ে ভাবা উচিত। রবীন্দ্রনাথকে নিয়ে ভাবা উচিত, নজরুলকে নিয়ে ভাবা উচিত, বিবেকানন্দ নিয়ে ভাবা উচিত। এই দায়-দায়িত্ব শুধু সরকারের নয় বিরোধী দলের একটা দায়-দায়িত্ব আছে এই পরিমণ্ডল থেকে আমাদের রক্ষা করা। আমার একটা সংস্কৃত শ্লোক মনে পড়ে গেল।' শর্করা ঘৃত যোগেন নিম্ববীজক প্রতিষ্ঠিতম্। দধি দুগ্ধ সেচনেন নিম্বঃ কিং মধুরায়তে ?' নিম গাছের ফল তেতো হয়, সেই নিম গাছে যতই দই দুধ চিনি ঢালা হোক না কেন নিমের তেতো নষ্ট হয় না। আপনাদের দলের জন্মলগ্ন থেকেই তিক্ত পরিবেশ, এই তেতো যতদিন থাকবে মানুষ বারে বারে আপনাদের প্রত্যাখ্যান করবে এই বিষয়ে কোনো সন্দেহ নেই। আমাদের বামফ্রন্ট সরকারের গৌরব, আমরা বারে বারে জয়ী হয়ে এসেছি। আগামী ২৫ বছরেও মানুষ আমাদের রাখবে। আপনাদের ৫০ বছর দেখতে হবে। মানুষ আপনাদের পরিত্যাগ করেছে, আবার পরিত্যাগ করবে। বিরোধীপক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে আমি সেই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শিশির অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পঙ্কজ ব্যানার্জী যে অনাস্থা প্রস্তাব এনেছেন মুখ্যমন্ত্রীসহ মন্ত্রী পরিষদের বিরুদ্ধে সেই প্রস্তাবকে সমর্থন করে অল্প কিছু বলতে চাই। আপনি নিশ্চয় জানেন এই হাউসে এই প্রস্তাবের পক্ষে এবং বিপক্ষে অনেক কথা হয়েছে। আমি এই প্রস্তাবের পক্ষে কিছু কথা বলতে চাই। আমার মনে হয় বামফ্রন্ট বন্ধুরা মহাকাশ থেকে আমেরিকা এবং আমেরিকা থেকে গুজরাট, গুজরাট থেকে লোকসভা পরিভ্রমণ করছেন এবং এটা যে পশ্চিমবঙ্গ বিধানসভাতে তাঁরা আছেন সেটা ভুলে গেছেন। সুতরাং পশ্চিমবঙ্গ বিধানসভায় ওঁনাদের বিরুদ্ধে যে অভিযোগগুলো আমরা দিয়েছি তার পক্ষে বলার চেষ্টা করছি। আজকে এটা স্পষ্ট প্রমাণিত যে জনগণের ঠিকা, পশ্চিমবঙ্গবাসীর ঠিকা এই বামফ্রন্ট সরকার নিয়েছে। আজকে বিদ্যুতের ক্ষেত্রে দেখা যাচ্ছে ফুয়েল চার্জ, সার চার্জ বেড়েছে, ডিজেলের দাম বেড়েছে এবং লাফিয়ে লাফিয়ে উঠছে। অসীমবাবু, অর্থমন্ত্রী প্রতি সেসনে জিরো জিরো বাজেট উপস্থাপিত করে বাহবা নেবার চেষ্টা করেছেন। উনি পি ট্যাক্স থেকে চলে গেছেন স্ট্যাম্প ডিউটিতে, সর্বত্র কর বাড়িয়েছেন। অথচ কোন দপ্তরে কি রকম কি বাড়ছে তার কোনো খবর তাঁর কাছে নেই। দপ্তর তাঁদের খরচের টাকা পাচ্ছে না, অথচ তিনি করের বোঝা সর্বত্র বাড়িয়ে যাচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী সহৃদয় ব্যক্তি, কিন্তু তাঁর মন্ত্রিসভার সদস্যরা তাঁরা তাদের কাজ ঠিকমতো করছেন না। আজকে সি.পি.এমের তাণ্ডবে গ্রামের মানুষেরা ঘর ছাড়া। তাদের ঘরে ফিরিয়ে আনার ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু সেই প্রতিশ্রুতি এখনো রাখা হয়নি। আজকে সর্বক্ষেত্রে আইন-শৃঙ্খলার অভাব লক্ষিত হচ্ছে। কোর্টে সিজ ওয়ার্ক আইনজীবীদের চলছে—কোর্ট ফি বাড়ানোর ব্যাপারে। মাননীয় স্পীকার স্যার, আপনি নিশ্চয় জানেন ১৯৬৯ সালে যখন প্রমোদ দাশগুপ্ত জীবিত ছিলেন। সেই সময়ে কোর্ট ফি নিয়ে এই সি.পি.এম. কি কাণ্ডটাই না করেছিল, আজকে ভাবতে সেগুলো লজ্জা করে। আজকে এমন অবস্থা মানুষকে আইনের আশ্রয় নিতে গেলে প্রচুর কোর্ট ফি দিয়ে কেস চালু করতে হবে। ১৯৭৭ সালে যখন আপনারা ক্ষমতায় এলেন তখন বললেন সমস্ত খাজনা বাদ দিয়ে দেবেন কৃষকদের। প্রথম দিকে সত্যিই কৃষকদের খাজনা দিতে হত না, কিন্তু ক্রমে ক্রমে খাজনা বাড়াতে লাগলেন। প্রথমে সেচ এলাকায় ২৮.৪৯ পয়সা খাজনা চালু করলেন এবং অ-সেচ এলাকায় ১৭.৬৪ পয়সা খাজনা চালু করলেন। তারপরে ২০০১ সালে সেটা বেড়ে ৩৭.২০ পয়সা করলেন। এইবার ২০০২ সালে কি ঘটনা ঘটল—একেবারে ৪৫০, ৪৬০ টাকা খাজনা হয়ে গেল। সেখানেই শুধু দাঁড়িয়ে থাকলেন না—বিগত ২২ বছরের সাড়ে ৬ পারসেন্ট হিসাবে খাজনা দিতে হবে বললেন। যেখানে চাষীরা ধানের দাম পাচ্ছে না, পাটের দাম পাচ্ছে না সেখানে এইভাবে ধানচাষীদের উপরে বেশি করে খাজনা চাপিয়ে দিলেন। মৎস্যজীবীদের জন্য কেন্দ্রীয় সরকারের মাধ্যমে নাবার্ডের টাকা এসেছে। সেই টাকাও সমুদ্রে যারা মাছ ধরতে যায় তাদের জন্য ঠিকমতো খরচ করতে পারেননি। মৎস্যজীবীরা সমুদ্রের খাঁড়িতে ঢুকতে পারছে না, সেই খাঁড়িতে ঢুকতে না পারার জন্য তারা গভীর সমুদ্র চলে যাচ্ছে। এইরকম ঘটনা কিছুদিন আগেই ঘটেছে সমুদ্রের খাঁড়িতে ঢুকতে না পেরে গভীর সমুদ্রে চলে গেছিল এবং সেখানে কি ঘটেছিল তা আপনারা সকলেই জানেন। আপনারা উত্তরবঙ্গের ডেভেলপ করছেন বলেছেন কিন্তু কোথায়

ডেভেলপমেন্ট দেখতে পাচ্ছি না। আমাদের পশ্চিমবঙ্গে মেদিনীপুর অঞ্চলে লালমাটি, সেখানে দীর্ঘ ৫৫ বছর ধরে এই মৎস্যজীবী সম্প্রদায় যারা রয়েছে, তাদের উন্নতিসাধনের কথা চিন্তাই করা হয়নি। অসীমবাবু, অর্থমন্ত্রীর বাজেটেও এই সমুদ্র, খাঁড়ি এবং সমুদ্র অঞ্চলের কোনো কথাই নেই। আমাদের যে নদী, বাঁধ, সমুদ্র আছে এবং সমুদ্র এলাকায় যে মৎস্যজীবীরা আছে তাদের কথা স্বীকার করতেই চান না। মেদিনীপুরের পশ্চিম এলাকায় প্রচুর মৎস্যজীবী আছে তাদের কথা তো চিন্তাই করা হয় না। এখানে মন্ত্রিসভার সেচমন্ত্রী রয়েছেন, তাঁকে জানাই চব্বিশ পরগনার বিস্তীর্ণ অঞ্চল জুড়ে মৎস্যজীবীদের বাস, মৎস্য চাষই তাদের জীবন-জীবিকা হিসাবে রয়েছে। সেখানে আজকে তারা ঠিকমতো খাবার জোগাতে পারছে না। তারা অর্ধাহার, অনাহারে দিন কাটাচ্ছে। কেন্দ্রীয় সরকার থেকে কোটি কোটি টাকা আসছে সেচের ব্যাপারে। প্রচুর টাকা সেচের ক্ষেত্রে অ্যালট হচ্ছে কিন্তু সেই টাকা মন্ত্রী পাচ্ছেন না এবং এই ব্যাপারে কিছু জানেনও না। আসলে ওঁনারা সমুদ্র অঞ্চল বলে যে একটা অঞ্চল আছে সেটা ভেবেও দেখেন না।

শিক্ষায় পয়সা নিলেন, স্বাস্থ্যয় পয়সা নিলেন, স্ট্যাম্প ডিউটি, কোর্ট ফিজে লক্ষ লক্ষ টাকা আদায় করার পরিকল্পনা করলেন। এই অর্থ কোন দপ্তরকে কত শতাংশ বিলি বণ্টন করবেন তার কোনো হিসাব নেই। এখানে বলছেন, বিদ্যুতে উন্নতি হচ্ছে, বিদ্যুৎমন্ত্রী বসে আছেন, কোথাও খুঁটি পোঁতা হয়নি। কোথাও খুঁটি নেই। এম.এল.এ., এম.পি.-র টাকা নাহলে বিদ্যুৎ-এর খুঁটি পোঁতা হয় না। এই শীতকালে লোডশেডিং হচ্ছে। এই জিনিস ভাবা যায় না, আজকে এই কথা ভাবতে লজ্জা লাগে। আজকে পশ্চিমবাংলায় একটা মন্ত্রিসভা চলছে। যে মন্ত্রিসভায় অসীমবাবু অর্থমন্ত্রী, সেই অসীমবাবুকে বলি, এই কাবুলিওয়ালারা আগে টাকা ধার দিত, সুদ নিত, এটা কি কাবুলিওয়ালার সরকার ? প্রতিদিন যে কোনো মন্ত্রী, যে কোনো জায়গায় ফতোয়া জারি করে যে কত শতাংশ বাড়াচ্ছেন তার ইয়ত্তা নেই। শতাংশর হিসাব নেই। প্রধানমন্ত্রী সড়ক যোজনা, এখানে গৌতমবাবু বসে আছে, সেচমন্ত্রী বসে আছে, ইঞ্জিনীয়ারদের বাদ দিয়ে জেলা পরিষদকে দিয়ে করান। জেলা পরিষদ কি করবে, পূর্ত দপ্তর, ইরিগেশান দপ্তর, পি.এইচ.ই. দপ্তর এমন এমন দপ্তর আছে, যেখানে ভালো কাজের লোক আছে, কিন্তু কাজ হচ্ছে না, টাকা ফেরত যাচ্ছে। বার্ধক্যভাতার টাকা ফেরত গেল, মিড-ডে মিল-এর টাকা ফেরত গেল। আজকে অসংগঠিত শ্রমিকদের জন্য কোথায় টাকা রেখেছেন ? '৬৯ সালে যখন প্রমোদবাবু ছিলেন, তারা যে কথা বলতেন, সেই কথা আজকে মিথ্যা প্রমাণিত হয়েছে। সেই প্রমোদবাবু আজকে নেই। সেই জায়গায় যিনিই থাকুন না কেন, তিনি বাংলাকে ভিখারী করেছেন। বাংলার সর্বস্ব হরণ করেছেন, মিথ্যা প্রবঞ্চনা দিয়ে বাংলার মানুষকে ঠকিয়েছেন। তাই এই অনাস্থা প্রস্তাবের পক্ষে অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[4.30–4.40 p.m.]

শ্রী নিয়ামত শেখ : মাননীয় স্পীকার স্যার, আজকে হাউসে যে অনাস্থা প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে মুখ্যমন্ত্রী এবং পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে

পুলিশমন্ত্রী প্রশাসনকে যে গুরু দায়িত্ব দিয়েছেন, আমরা দেখছি সেখানে প্রশাসনের আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে। প্রশাসনকে বলা হয়েছে, যে থানাতে জনসাধারণ গেলে তার সঙ্গে যেন ভাল ব্যবহার করা হয়, তাঁদের যে বক্তব্য সেই বক্তব্য যেন ভাল করে শোনা হয়। আমি হরিহরপাড়ার বিধায়ক, হরিহরপাড়ার থানার ও.সি. এবং সেখান যে সি.আই তার সঙ্গে দেখা করতে যাই অ্যাপয়েন্টমেন্ট করে। তিনি যে বাজে ব্যবহার করেছেন, সেটা বলছি। আমাকে থানায় দেখেও না দেখার ভান করে চুপ করে বসেছিলেন, ফাইল দেখছিলেন। আমি নিজে বসে সি.আই.-কে বলেছিলাম, আমি একজন বিধায়ক, আমি এসেছি, আমার অ্যাপয়েন্টমেন্ট করা সত্ত্বেও আমার দিকে দেখলেন না। কোনো কথা বললেন না। কোনো মর্যাদা দিলেন না। সি.আই সাহেব কোনো কথার উত্তর দিলেন না। সাধারণ মানুষের জন্য আজকে পুলিশমন্ত্রী যখন পুলিশকে বলেন ভাল ব্যবহার করতে মানুষের সঙ্গে, তখন আমরা দেখছি, হরিহরপাড়ার থানার দৌলতবাজারের অধীন সেখানে সি.পি.এম.-এর বিরুদ্ধে কোনো মানুষ গেলে তাঁকে জিজ্ঞাসা করা হয়, তুমি কোন দলের লোক, যদি সি.পি.এম. করে, তাকে তোয়াজ করা হয়, বসিয়ে কথাবার্তা বলে। যদি সি.পি.এম. বিরোধী হয় তাহলে তার সঙ্গে ব্যবহার বাজে করা হয়, অকথ্য ভাষায় কথা বলা হয়। কোনো কারণে কোনো মানুষ অভিযোগ করতে গেলে থানায় ডাকা হলে তাকে প্রথমে বলা হয় তুমি কোন দলের ? দলের বিরুদ্ধে সি.পি.এম.-এর বিরুদ্ধে থানায় কিছু বলতে গেলে তাকে ভয় দেখিয়ে বলা হয়, লাঠি দিয়ে ঠ্যাং ভেঙে হাড় গুঁড়ো করে দেব। মানুষকে ভয়ে দেখিয়ে আজকে পুলিশ কেস উইথড্র করাচ্ছে। যদি কেউ কেস উইথড্র না করে, তাহলে তাকেই জেলখানায় ঢুকিয়ে দেওয়া হচ্ছে মিথ্যা কেস দিয়ে। আজকে সে বিরোধী যে কোনো দলের সদস্যই হোক না কেন, জামিন নিয়ে জেলখানার গেট থেকে বেরোনোর সঙ্গে সঙ্গে পুলিশ মিথ্যা কেস দিয়ে আবার তাকে জেলে ঢুকিয়ে দিচ্ছে। এইভাবে সাধারণ মানুষের উপরে, বিরোধীদলের যে কোনো সদস্যর উপরে পুলিশ অত্যাচার করছে। আমার হরিহরপাড়া কেন্দ্রের জগন্নাথপুরে একটা শিশু নিকেতনকে কেন্দ্র করে একটা ঝামেলার সৃষ্টি হয়। বাদীপক্ষের হয়ে সি.পি.এম. আমাদের দলের ৩০-৩১ জনের নামে থানায় এফ.আই.আর করে। কিন্তু তারা কোর্ট থেকে আগাম জামিন নিয়ে নেয়। আজকে এই সরকারের পুলিশ মেয়েদের উপরে অকথ্য অত্যাচার করছে, মারধোর করছে। সেই অত্যাচারিত মহিলাদের নিয়ে আমি এস.পি.-র কাছে যাই এবং সেই মহিলারা এস.পি.-র সামনে বলেন থানার ও.সি. আমাদেরকে এইভাবে মারধোর করেছে। ওই ঘটনায় পুলিশের কয়েকজনের নামে কোর্ট কেস করা হয়। যে পুলিশ মহিলাদের উপরে অত্যাচার করেছিল, সেই পুলিশই আবার ওই ৩০-৩১ জন আসামীর নামের সঙ্গে ওই পাঁচজন অত্যাচারিত মহিলার নামও চার্জশীটে ঢুকিয়ে দেয়। আজকে তারা ঘরছাড়া, পুলিশ তাদের খুঁজে বেড়াচ্ছে ওয়ারেন্ট নিয়ে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই ব্যাপারে ফাইল দেব, যাতে সেই মহিলারা ঘরে ফিরে আসতে পারে এবং তাদের প্রতি যাতে সুবিচার করা হয় সেটা দেখবেন। আজকে বিভিন্ন জায়গায় সি.পি.এম. এইভাবে অত্যাচার করছে। গত ২২শে জুন ইসলামপুরের ছাতরায় সি.পি.এমের দশজন আসামীকে পুলিশ ধরে নিয়ে আসার সময়ে জেলা পরিষদের সদস্য মদন রায়ের নেতৃত্বে আসামীদের ছিনিয়ে নেওয়া হয় পুলিশি হেফাজত থেকে। সেই

মদন রায়ের নামে এফ.আই.আর. করা হয়, কেস নম্বর ৬৪। হাজারীলাল হালদার সেই এফ.আই.আর করেছিল। সেই আসামীকে তো ধরা হলই না। উপরন্তু ওই কেসটা তাকে উইথড্র করতে বাধ্য করা হল। তাই আজকে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40–4.50 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঙ্কজ বন্দ্যোপাধ্যায় এবং অন্যান্যরা যে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাবের উপরে আমার বক্তব্য রাখছি। আজকে এই রাজ্য সরকার গোটা রাজ্যের জনগণের উপরে যে সর্বাত্মক আক্রমণ নামিয়ে এনেছে, সেই আক্রমণে পশ্চিমবাংলার মানুষ জর্জরিত।

এই সরকারের জনবিরোধী নীতিগুলোর বিরুদ্ধে ব্যাপকভাবে জনগণের আন্দোলন সংগঠিত হচ্ছে এবং এটাই প্রমাণ করছে এই রাজ্য সরকারের বিরুদ্ধে তার অনাস্থা কতটা। আজকে এই সরকারের অর্থভাণ্ডার শূন্য। এর জন্য তাদের দেউলিয়া অর্থনীতিই দায়ী। লাগামছাড়া দুর্নীতি, চুরি, সরকারী অর্থের অপচয়, শিল্পপতিদের কর ছাড়, তাদের কাছ থেকে প্রাপ্ত কর অনাদায়ী থাকা, এসব কারণেই এই অবস্থা, একটা দেউলিয়া অবস্থার সৃষ্টি। অপরদিকে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের উপর একের পর এক আক্রমণ নামিয়ে আনছেন। হাসপাতালের চার্জ বৃদ্ধি, ডায়েট চার্জ বৃদ্ধি, বিদ্যালয়ের ফি বৃদ্ধি করেছেন, বিদ্যুতের মাশুল আড়াইগুণ বেড়ে গেল। আবার মারাত্মকভাবে কোর্ট ফি বাড়িয়ে সুবিচার পাওয়ার রাস্তাটাও সাধারণ মানুষের কাছে বন্ধ করে দিলেন। আজকে আইনজীবীরা তাঁদের জীবিকার স্বার্থ, আর্থিক স্বার্থ ক্ষুণ্ণ করেও জনগণের জন্য আন্দোলন করে যাচ্ছেন। অথচ কি দুর্ভাগ্য দেখুন, এই সরকার এই আন্দোলনকে ভাঙার কাজে লিপ্ত। শিল্পক্ষেত্রে মালিকরা যখন শ্রমিকদের গ্র্যাচুইটি, পি.এফ-এর টাকা আত্মসাৎ করছে, একের পর এক লক-আউট, লে-অফ হচ্ছে, তখন এই সব অসহায় শ্রমিকদের আন্দোলনের অধিকার কেড়ে নিতে চাইছে এই সরকার। আমাদের মুখ্যমন্ত্রী শিল্পপতিদের খুশি করার জন্য বলছেন—পশ্চিমবাংলার শ্রমিকরা যদি আন্দোলন করে, সেই আন্দোলন ডাণ্ডা মেরে ঠাণ্ডা করে দেব।

আপনারা বলছেন—বিরোধীপক্ষ আমাদের সমালোচনা করছে, কিন্তু কেন্দ্রীয় সরকারের আমাদের প্রতি বৈরী আচরণের সমালোচনা করছেন না, বিশ্বায়নের কথা বলছেন না কেন ? নিশ্চয়। আমি বলছি, কেন্দ্রীয় সরকারের যে নীতি, সেটা জনবিরোধী নীতি। সাথে সাথে বলতে চাই, আজকে যারা পশ্চিমবাংলায় ক্ষমতায় আসীন, তারা কি বিশ্বায়নের পথে চলছেন না ? আপনারা কি কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলনে সামিল হয়েছেন ? তা তো হচ্ছেন না। অথচ দেখছি বি.জে.পি.-র নেতৃত্বে পরিচালিত সরকারের নীতির ফলে এই যে অর্থনৈতিক সঙ্কট বাড়ছে, তার ফলে জনজীবনে সঙ্কট যেভাবে বাড়ছে, তার ফলে সর্বত্র সাম্প্রদায়িক ভাব, সন্ত্রাসবাদ মাথাচাড়া দিচ্ছে। ইতিহাসের ছাত্র হিসাবে যদি প্রশ্ন আসে মনে—এইগুলো কেন হচ্ছে ?

এগুলি কেন হচ্ছে। এর কার্যকরণ সম্পর্ক কি। ইতিহাস এবং বিজ্ঞানের ছাত্র হিসাবে যদি আমরা তার উত্তর পেতে চাই, আমরা জানি গোটা বিশ্বে আজকে সাম্প্রদায়িক পুঁজিবাদ তাদের যে সঙ্কট, অর্থনৈতিক ক্ষেত্রে, রাজনৈতিক ক্ষেত্রে তাদের যে সঙ্কট, সেই সঙ্কটের সম্মুখীন হয়ে আজকে তারা সমস্ত জনসাধারণের বিক্ষোভকে গণ-আন্দালনকে দমন করবার জন্য এই সন্ত্রাসবাদ এবং বিচ্ছিন্নতাবাদীদের ব্যবহার করতে চাইছেন গণ-আন্দোলনকে ধ্বংস করার জন্য। তাদের মধ্যে বিভেদ সৃষ্টি করছে। বি.জে.পি. তার আজকে এদের হাতিয়ার করে গোটা দেশে আতঙ্কবাদ পরিবেশ সৃষ্টি করছে। এইভাবে তারা সংখ্যালঘুদের সন্ত্রাসবাদীর সঙ্গে জড়িয়ে দিচ্ছে। এইভাবে তারা তাদের হিন্দুত্ববাদ রাজনীতিতে ব্যবহার করতে চাইছে। এখানেও একই জিনিস ঘটানো হচ্ছে। তাই এই প্রস্তাবের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.50–5.00 p.m.]

শ্রী আব্দুল করিম চৌধুরী : স্যার, আজকে আমাদের দলের পক্ষ থেকে যে নো কনফিডেন্স প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে দু-একটা কথা বলছি। একটা কথা বলব আজকে এখানে যে অর্থনৈতিক সঙ্কট চলছে তা এমনি হয়নি, it is a deliberate creation of the Minister of Finance or by the C.P.M. office, কারণ বামফ্রন্ট মনে করেছিল যে, এবারের মন্ত্রিসভায় মমতা ব্যানার্জীর দল আসবে এবং কংগ্রেস আসবে। এই মনে করে তারা আগেই এই সঙ্কট সৃষ্টি করেছিল এবং এটা লুকিয়ে রেখেছিলেন। ওরা বুঝতেই পারেননি যে, আবার ওরাই আসবেন। মমতা ব্যানার্জী মন্ত্রী হলে এক বছর দু বছরের মধ্যে আর্থিক সমস্যার সৃষ্টি হবে এবং এই পরিস্থিতিতে ওরা তখন মমতা ব্যানার্জীর রিজাইন চাইত। এই সরকারী পরস্থিতির আরো একটা কারণ আছে। সেটা হচ্ছে অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর সম্পর্ক ভালো নয়। বুদ্ধদেব ভট্টাচার্যের বদনাম করার জন্যই হয়ত উনি এই সমস্যার সৃষ্টি করছেন। ভিতরে কি আছে সেটা আমি জানি না। এইভাবে deliberate creation of this situaiton of economic condition in our state. একটা কথা বলি—আমার উত্তর দিনাজপুর জেলার মন্ত্রী এখানে বসে আছেন। ওখানে পার্শিয়ালিটি হচ্ছে। ওখানে কাউন্সিল আছে, সেখানে ১৫শো ছেলের চাকরিতে নিয়োগ করা হবে। সেখানে সাড়ে ১৩শো নাম পাঠানো হয়েছিল।

আমি এখানে একজন মেম্বার, গোকুল রায় একজন মেম্বার, চিত্তবাবুও ওখানে একজন মেম্বার। কিন্তু আমি বুঝতে পারলাম না কি পদ্ধতিতে এই ১৩শো ছেলেকে নিয়োগ করা হল। একটা লিস্ট দেখিয়ে আমাকে বলা হল যে মার্কসের ভিত্তিতে এদের নিয়োগ করা হয়েছে। কিন্তু কে কত মার্কস পেয়েছে আমি জানি না। আমি জানি না এস.সি., এস.টি., ও.বি.সি., একজেম্পটেড ক্যাটেগরি কে কতজন পেয়েছে আমি জানি না কিন্তু যারা মাইনরিটি, মুসলমান—উত্তর দিনাজপুরে মুসলমানের সংখ্যা হচ্ছে ৬০ পারসেন্ট সেখানে যা পেয়েছে ৫ থেকে ৭ পারসেন্টের বেশি হবে না। সাড়ে ১৩শো ছেলের মধ্যে ১শো জনও হবে না

যেখানে ৩শো থেকে ৪শো জন হওয়া উচিত ছিল। এই বিচারটা মুখ্যমন্ত্রী করুন. এখানে কান্তিবাবু আছেন তিনি করুন। আমি শুধু একটা কথা বলতে চাই স্যার, এখানে সিলেকশনে দুর্নীতি হয়েছে। পশ্চিমবাংলায় যে অর্গানাইজড টীচার আছে যারা স্কুল তৈরি করে ছিল, আশা করেছিল যে স্কুলে চাকরি পাবে কিন্তু পায়নি, এদের একটা ইউনিয়ন আছে, আন্দোলন চালিয়েছিল। হাইকোর্ট থেকে অর্ডার হয় এদের প্রোভাইড করা হোক যে স্কুলগুলো মঞ্জুর হয়েছে সেই স্কুলগুলোতে কিন্তু সরকার সেটা করছেন না। উত্তর দিনাজপুরে ৬৫ জন অর্গানাইজড টীচার আছে, এই সাড়ে তেরোশো ছেলের মধ্যে সেই ৬৫ জনের একজনও চাকরি পায়নি। হাইকোর্টের অর্ডারকে মানছেন না। এডুকেশন ডিপার্টমেন্টের একটা গাইডলাইন আছে সেই গাইডলাইনকেও গুরুত্ব দেওয়া হয়নি। স্যার, আপনাকে আমি আরেকটা কথা বলতে চাই যে আমাদের মুখ্যমন্ত্রী যে কথা দেন সেই কথা রাখেন না। তাঁর অ্যাপয়েন্টমেন্ট নিতে গেলে অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যায় না। বিধানসভা ছাড়া তাঁকে পাওয়া যায় না। আমি যখন জেলে ছিলাম তখন মুখ্যমন্ত্রী আমাকে ফোন করে বলেছিলেন যে আপনি বেরিয়ে আসুন আপনার সমস্যাটা মিটিয়ে দেব। আমি দেখব কিভাবে কি করা যায়। আজ পর্যন্ত ইসলামপুরের কোনো বিচার তিনি করলেন না। এনকোয়ারির কি অর্ডার হল না হল তিনি আমাকে একবারও ডাকলেন না। আজকে ইসলামপুর জেলে ৫ জন সিমির নাম করে ছেলেকে আটকে রেখেছে, একজন ইতালিয়ান মার্টিন থমাস ডিপোর্টেশনের জন্য দেড় বছর ধরে জেলে পড়ে আছে, এই ছেলেগুলো বলছে সিমি সম্পর্কে আমরা কিছুই জানি না অথচ পুলিশ এদের বন্ধ করে রাখলেন, এদের ট্রায়াল হচ্ছে না দেড় বছর ধরে। এরা জেলের মধ্যে হাঙ্গার স্ট্রাইক করছে, মারা যাবে। মুখ্যমন্ত্রীকে বললাম যে ইনভেস্টিগেশন অফিসারকে পাঠান, পুলিশের রিপোর্টের উপর ভিত্তি করে মানুষকে হ্যারাস করবেন না। তারপর যে কথাটা বলতে চাই কে.পি.পি. আর কে.এল.ও.-কে এক করবেন না। আপনারা কামতাপুরী পার্টির লোকদের সঙ্গে বসে ব্যাখ্যা করুন কিভাবে কি করতে হবে। কামতাপুরী লীডারদের সঙ্গে বসলে একটা সমাধান হতে পারবে। নেক্সট আমি যে কথাটা বলতে চাই যে উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদের মধ্যে কামতাপুরী লীডারদের প্রোভাইড করলে তাদের সমস্যাগুলো জানা যেতে পারে এইটা আপনাদের ভাবতে অনুরোধ করছি। এই কথা বলে এই প্রস্তাবের সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মি: স্পীকার স্যার, বিরোধী দলের নেতা এবং অন্যান্য তৃণমূল কংগ্রেসের সদস্যদের আনা অনাস্থা প্রস্তাবকে আমি বিরোধিতা করছি। বিরোধী দলের বক্তা শ্রদ্ধেয় পার্থ চ্যাটার্জী তাঁর বক্তৃতার শেষে দুঃখে, রাগে এবং ক্ষোভে একটা মন্তব্য করেছেন যে পরপর ৬ বার জেতার জন্য গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডের বইতে আমাদের নাম উঠবে। আমি আপনাকে বলব আপনি হতাশ হবেন না, পরপর ৬ বার জেতার জন্য গিনেস বুকে যদি আমাদের নাম ওঠে তাহলে পরপর ৬ বার হারার জন্য আপনাদের নামও গিনেস বুক উঠবে। এখানে সব বক্তার একটাই কথা রাজ্যের আর্থিক অবস্থা খারাপ। আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে একটা প্রশ্ন বিনয়ের সঙ্গে রাখতে চাই যে ভারতবর্ষের মধ্যে

এমন একটা রাজ্য সরকারের নাম বলুন যেখানে এখন কোনো আর্থিক সমস্যা নেই ? পার্লামেন্টেও এই আর্থিক দিক নিয়ে উত্তেজক আলোচনা হচ্ছে। কংগ্রেস শাসিত রাজ্য থেকে, বি.জে.পি. শাসিত রাজ্য থেকেও সমস্যা আসছে। আমাদের রাজ্যের আর্থিক সমস্যা নিয়ে সমালোচনা করার অধিকার নিশ্চয়ই আপনাদের আছে এবং আপনারা করবেন। কিন্তু এখানে কমন ফ্যাক্টর কি ? যার জন্য সবকটা রাজ্য সরকারকে এই রকম একটা সঙ্কটের মধ্যে পড়তে হচ্ছে ? আমার সাথে বিরোধী সদস্যরা একমত হবেন যে গত ১০, ১১ বছর ধরে যে অর্থনীতির আমলে আমরা আছি যাকে আমরা বিশ্বায়ন বলছি, গ্লোবালাইজেশান বলছি। সেই অর্থনীতিতে সরকারের ভূমিকা সম্পর্কে পরিষ্কার করে নির্দিষ্ট করে বলা আছে উইথড্রয়াল অফ দা গভর্নমেন্ট, মানে অর্থনীতি এবং মার্কেটিংয়ে সরকার কোনো ভূমিকা পালন করতে পারবে না। গ্লোবালাইজেশানের ডিকশনারীতে সবচেয়ে ঘৃণিত কথাটা হচ্ছে ভরতুকি। এ কথা বলে দেওয়া হচ্ছে পৃথিবীর মানুষের বেঁচে থাকা তার অস্তিত্ব সব কিছু নির্ভর করবে একটা শক্তির উপরে, সেটা হচ্ছে মার্কেট। অথচ আমাদের দেশে দীর্ঘদিন ধরে যে নীতি নিয়ে চলা হচ্ছে যেমন একটা সভ্য দেশে যে নীতি নিয়ে চলা উচিত আমরাও তাই দেশের গরীব মানুষকে প্রোটেকশান দেওয়ার চেষ্টা করছি। গত ১০, ১১ বছর ধরে এই কাজ চলছে, কিন্তু এই সরকারী প্রোটেকশানকে উইথড্র করে নেওয়ার একটা চেষ্টা হচ্ছে দিল্লী থেকে। এই কাজ কংগ্রেস করছে, বি.জে.পি. করছে এবং আদার্স সহযোগী দল করছে। তৃণমূলের নাম বললাম না ওঁদের গুরুত্ব বাড়তি হয়ে যাবে বলে। এই সাধারণ সমস্যার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকার আমরা গ্লোবালাইজেশানের এই নীতির বিরুদ্ধে এবং বিরোধিতা করার সঙ্গে সঙ্গে এই গ্লোবালাইজেশানের সাধারণ প্রভাব যা দেশের সবকটি রাজ্যের ক্ষেত্রেই পড়েছে তার বিরুদ্ধে আমরা মোকাবিলা করার চেষ্টা করছি। ধরুন কতগুলি ফ্যাক্টর, পাবলিক সেক্টর ইউনিটগুলি বন্ধ হবে। আপনি বলতে পারেন আপনার রাজ্যের এতে কিছু যায় আসে। যায়, আমাদের রাজ্যে পাবলিক সেক্টর ইউনিটগুলি বন্ধ হলে আমাদের রেভিনিউ লস যে কত হবে এবং গ্লোবালাইজেশান ফোর্সের সামনে মার্কেট ওপেন করে দেওয়ার জন্য একসাইজ কমে যাচ্ছে। যেখানে ৪৫ পারসেন্ট আমাদের রাজ্য সরকারের পাওয়ার কথা সেখানে কি করে রাজ্য সরকার অস্তিত্ব রক্ষা করবে। এর মধ্যে বলা হচ্ছে ইনকাম ট্যাক্স কমিয়ে আনতে হবে, যেখানে ৮০ পারসেন্ট শেয়ার রাজ্য সরকার পায়। সাধারণ মানুষকে প্রোটেক্ট করার দায়িত্ব থাকবে রাজ্য সরকারের আর রাজ্য সরকারের রিসোর্স আদায় করার প্রত্যেকটি ক্ষেত্রে এই গ্লোবালাইজেশানের রথের সামনে গুঁড়িয়ে দেওয়া হবে। আপনারা আমাদের সঙ্গে এসে আমাদের পাশে দাঁড়ান রাজ্যের মানুষকে প্রোটেক্ট করার জন্য। আমরা লড়ছি, এগ্রিকালচারে, ইন্ডাস্ট্রিতে, শেয়ার বাজার ডিপ্রেসড। আমরা লড়াই করছি, কিন্তু গোটা দেশে অর্থনীতিতে ৫, ৬ বছর ধরে একটা ডামাডোল চলছে। তার ফলে এগ্রিকালচারাল প্রোডাকশান বাড়ছে না, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশান বাড়ছে না, শেয়ার বাজার ডিপ্রেসড হয়ে গেছে। একটা সঙ্কটময় অর্থনীতি যেখানে সেখানে কি সোনার পাথর বাটি, যে আর্থিক সঙ্কট থাকবে আর রেভিনিউ বাড়বে। কোনো ম্যাজিশিয়ান স্টেট গভর্নমেন্ট আছে যে এই আর্থিক সঙ্কটের মধ্যে দাঁড়িয়ে তাদের নিজস্ব রেভিনিউ বাড়াতে পারে ?

[5.00–5.10 p.m.]

আমাদের মোদ্দা কথাটা হচ্ছে এই যে, এটা আমাদের দায়বদ্ধতা। আপনারা আপত্তি করতে পারেন, আপনারা গালাগাল করতে পারেন কিন্তু এটা আমাদের দায়বদ্ধতা। গোটা রাজ্যের সাড়ে ৮ কোটি মানুষের মাথার উপর আর্থিক সঙ্কটের বৃষ্টি ঠেকানোর জন্য ছাতা ধরতে পারলে আমরা খুশি হতাম। কিন্তু গ্লোবালাইজেশনের আক্রমণে যদি সেই ছাতা ছোটও হয়ে আসে তাহলেও আমরা তা আমাদের রাজ্যে গরীব মানুষের মাথায় ধরব এবং এটা বলতে আমাদের দ্বিধা নেই যে, যে মানুষের কিছু নেই তাদের অস্তিত্ব রক্ষার ক্ষেত্রে আমাদের সরকার সব রকম সাহায্য দেবে। কিন্তু যারা আমাদের কিছুটা দিতে পারেন আমরা বলছি তাদের কাছ থেকে কিছু আমরা চাইব। প্রশ্নটা তো এই মূলগতভাবে। গোটা রাজ্যের গোটা দেশের অর্থনীতি চালানোর ক্ষেত্রে মূল কথাটা কে বলবে ? দেশের ভবিষ্যৎ দেশের মানুষের ভবিষ্যৎ কে ঠিক করবে ? ওরা বলছেন, উইথড্রয়াল অফ গভর্নমেন্ট। আমরা বলছি এইরকম কোনো সংস্থার হাতে দেশের ভবিষ্যৎ তুলে দেওয়া যায় না, মানুষের ভবিষ্যৎ তুলে দেওয়া যায় না যারা জনগণের কাছে জবাবদিহি করতে বাধ্য নয়। আমি দেবপ্রসাদবাবুকে জিজ্ঞাসা করছি, আমাদের ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন অ্যাক্টে যেখানে বলা হল নির্বাচিত সরকার তাদের দায়িত্ব নেবে, নির্বাচিত জনপ্রতিনিধি নয়, উপর থেকে বসিয়ে দেওয়া একটা কমিশন তারা ঠিক করে দেবে, কই তখন বিরোধিতা করেছিলেন ? সেদিন বিরোধিতা করেছিলেন ? এই ১৯৯৮ সালের আইন কংগ্রেস তৈরি করেছিল। উনি হাত তুলে পাশ করে দিয়েছিলেন।

(এস.ইউ.সি.আই. বেঞ্চ থেকে ভয়েস : ৩৯ এপ্লাই করুন)

আমি অবশ্যই ৩৯ এপ্লাই করব। তার আগে আপনাদের অসততা হাউজের সবার সামনে খুলে দিয়ে যাব। দেবপ্রসাদবাবুকে বলি না এই কারণে যে বললেই উনি চিৎকার করবেন। ভারতবর্ষের কোথায় ক্রশ সাবসিডি আছে ? সি.ই.এস.সি.-তে হল কেন ? ওই যে কালপ্রীট বসে আছেন। 'এবেকা' ওদের সংগঠন। ওরা গিয়েছিলেন সুপ্রিম কোর্টে। গোটা ভারতবর্ষে ক্রশ সাবসিডি নেই। একমাত্র সি.ই.এস.সি.-তে রয়েছে ওদের সংগঠন ওখানে গিয়েছিল বলে। এরা আবার বলছেন ২৭ তারিখে বাংলা বন্ধ ডাকবেন। দেবপ্রসাদবাবু আপনাকে হাউজে চ্যালেঞ্জ করছি এবং বলছি 'এবেকা'র যারা উকিল ছিলেন তারা ক্রশ সাবসিডির বিরোধিতা করে একটা লাইনও বলেছেন দেখান আমাদের হাউজে। অসততার একটা সীমা থাকে। একটা এত ছোট দল কিন্তু তাতে বড় বড় মিথ্যাবাদী রয়েছেন। আগের বারেও রায়ের সময়ও তারা গিয়ে দাঁড়িয়েছিলেন। কিন্তু ক্রশ সাবসিডাইজেশন উইথড্র করতে বলেননি। হাইকোর্টের রায় ছিল কিন্তু সেখানেও তারা কোনো কথা বলেননি। কিন্তু রাজনীতি করার জন্য সুপ্রিম কোর্টে গিয়েছিলেন এবং ক্রশ সাবসিডির কথা, তারজন্য হাজির হল। এক্ষেত্রে সব থেকে বড় অসুবিধা হচ্ছে আমাদের রেগুলেটরি কমিশন সুপ্রিম কোর্টের আইনের একটা চূড়ান্ত অপব্যাখ্যা তারা করলেন। সুপ্রিম কোর্ট ক্রশ সাবসিডি তুলে দিতে বলেননি। আমাদের সমস্যা যেটা আছে সেটা আমরা কোর্টে দেখব। কিন্তু সুপ্রিম কোর্টে সেটা বলেছি। এটা টেকনিক্যালি ইমপসিব্যল ব্যাপার। গোটা রাজ্যে যে কোনো ব্যাপারে বিদ্যুৎ আইনের

ব্যাখ্যায় উৎপাদন হয় না, ফিজিকসের ব্যাখ্যায় উৎপাদন হয়। দিস ইজ দি সিস্টেম অফ পাওয়ার জেনারেশন। আজকে আপনারা অপরাধী হয়ে গেছেন বলে বন্ধ ডাকছেন। আমি বলছি, আসুন শুধু বক্তৃতা না করে জনগণের কাছে অনেষ্ট থাকি। সত্যি কথা বলি। থাকবেন অনেষ্ট ? আইনজীবীদের আন্দোলন, ইত্যাদি বিষয়ে আমি বিতর্কে না গিয়ে শুধু একটা প্রশ্ন রেখে যেতে চাই। যারা আইনজীবীদের পক্ষে আন্দোলন করছেন প্রেস কনফারেন্স করে, গোটা তথ্য আমাদের জানা। আমি জিজ্ঞাসা করছি ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত তাদের পার্সোনাল ফি কত শতাংশ বেড়েছে আর আমাদের রাজ্য সরকারের তরফে কত শতাংশ বেড়েছে অনেষ্ট থাকলে সেটা বলুন। জনগণের জন্য চোখের জল ফেলছেন ? কোর্টে কেস করতে গেলে শুধু কোর্ট ফি দিতে হয় উকিলবাবুদের ফি দিতে হয় না ? ১৯৭২ সালের পর থেকে আজ পর্যন্ত আপনাদের ফি কত বেড়েছে একটু বলুন যদি জনগণের প্রতি সৎ থাকেন ? শুধু অন্ধকারের দিকে না তাকিয়ে আসুন না, আমরা কখনও বলি না আইডেল একটা সিস্টেম চলতে পারে। আপনাদের গঠনমূলক সমালোচনা নিয়ে আমরা এগোতে চাই, অনেকগুলো সঙ্কটের কথা বললেন। আমি শুধু আপনাদের জানানোর জন্য বলে দিই—আমি জানি আপনারা কখনও জেনে অন্তত বক্তৃতায় একথা বলবেন না, রাজ্যের ভাঙাচোরা অর্থনীতি, চারিদিক মরুভূমি—গলা কাঁপিয়ে এসব বক্তৃতা দেন—কিন্তু যদি বাংলার প্রতি মায়াদয়া থাকে তাহলে জেনে অন্তত আশ্বস্ত হবেন যে, ১৯৯৮ সাল থেকে ২০০২ সাল এই ৪ বছরে রাজ্যে প্রোজেক্ট কমপ্লিটেড হয়েছে, ইমপ্লিমেন্টেশন স্টেজ বলছি না, শুধু প্রোজেক্ট কমপ্লিটেড হয়েছে ১৮৯৩ কোটি টাকার। আমি রাজ্যের ইনফরমেশন টেকনোলজির মন্ত্রিত্বের দায়িত্বে আছি, আপনাদেরকে আশ্বস্ত করার জন্য জানাই যে, শুধু ইনফরমেশন টেকনোলজি ইনফ্রাস্ট্রাকচারের জন্য একটা ১২০০ কোটি টাকার ইনভেস্টমেন্ট প্রায় কমপ্লিশনের মুখে। রিলায়েন্স আরেকটা ভারতির সাড়ে তিনশো কোটি টাকার ফাইবার অপটিক কেবল্ পাতার কাজ শুরু হয়েছে। শুধু ইনফরমেশন টেকনোলজি ইনফ্রাস্ট্রাকচারে গত দেড় বছরের মধ্যে সাড়ে ১৫০০ কোটি টাকা আমাদের রাজ্যে ইমপ্লিমেন্টেড হয়েছে—এ যদি মরুভূমির চিত্র হয়, তাহলে বাংলা যেন আরেকটু ভাল মরুভূমি হতে পারে। এখানে মাননীয় পার্থবাবু বলে গেলেন, 'আই.টি.ই.এস. পলিসি ২ বছর পিছিয়ে দিলেন'। এখন মাননীয় পার্থবাবু নেই, থাকলে জিজ্ঞাসা করতাম, একবার ন্যাসকোমের ওয়েবসাইটে গিয়ে দেখুন, আমরা ওয়েস্ট বেঙ্গল হচ্ছি ৩য় রাজ্য, যারা আমাদের আই.টি.ই.এস. পলিসি ঘোষণা করেছেন তাতে দেখা যাচ্ছে যে, প্রথমে অন্ধ্রপ্রদেশ, দ্বিতীয় স্থানে কেরালা, তারপর হচ্ছে পশ্চিমবঙ্গ। বক্তৃতা করে দিয়ে চলে গেলেন। আমি আশা করি যে, আপনারা প্রকাশ্যে স্বীকার করেন বা না করেন, এটা জেনে আপনাদের ভাল লাগবে যে, এই মুহূর্তে ভারতবর্ষের বিগ আই.টি. প্লেয়ার্স যারা, তারা মাননীয় দেবপ্রসাদবাবুর অভিশাপের মুখে ছাই দিয়ে এখানে আসছেন এবং এখানে শিল্প বিনিয়োগ করছেন। আমি আপনাদের কাছে সরাসরি, অনেস্টলি আপনাদের কাছে আমি সমস্যার কথা জানাতে চাই। মাননীয় সৌগতবাবু আমি আপনার হেল্প চাইছি, আমরা যখন বিনিয়োগ আনার জন্য চেষ্টা করছি—একটা কথা আমাদেরকে মাঝে মাঝে শুনতে হয়, 'না, ঠিকই, আপনাদের এখানে হিউম্যান রিসোর্স বেসড্, আগের তুলনায় ইনফ্রাস্ট্রাকচার বেড়েছে, সোশাল ইনফ্রাস্ট্রাকচারও

বেড়েছে, কিন্তু একটাই আপনাদের সমস্যা, সেটা হল আপনাদের সম্পর্কে পারসেপ্শন, ধারণা'। আমি শুধু আপনাদেরকে জিজ্ঞাসা করি, কালকে এটা কি করলেন ? আন্দোলন ঠিক আছে, কিন্তু গোটা ভারতবর্ষে সবকটা খবরের কাগজে হেডলাইন হল যে, আমাদের বিধানসভার একজন মন্ত্রীকে মারা হল, আমাদের প্রতিবেশী রাজ্যসহ গোটা ভারতবর্ষের লোক যেভাবে অবজ্ঞা করে, আমাদের প্রতি সে অবজ্ঞা আসে। আমি রাজনীতির উর্ধ্বে উঠে ভাবতে বলছি, পারসেপ্শন্ অ্যাবাউট ওয়েস্ট বেঙ্গল—আমাদের সম্পর্কে কি ধারণা হবে ? সৌগতবাবু জানেন, আপনার পাশে বসা দেবপ্রসাদবাবুকে একটু বুঝিয়ে বলবেন, প্রতি বছর আমাদের এখানে আমাদের আই.টি.ই.এস. এক্সপোর্ট হয় এক হাজার কোটি টাকার—আই.টি. এবং সার্ভিস ১ হাজার কোটি টাকা। তারা প্র্যাকটিক্যালি গোটা পৃথিবীর কাজ করে, আপনারা জেনে খুশি হবেন যে, এই কলকাতায় বসে ওয়াশিংটন পোস্টের মত আর্কিভের কাজটা কলকাতায় বসে হয়, স্ট্যান্ডার্ড ব্যাঙ্কের গোটা দেশের অ্যাকাউন্টটা হয় আমাদের কলকাতায়। ফিলিপস্ ইন্ডিয়ার গোটা অ্যাকাউন্টের কাজ হয়—কলকাতার কম্পিউটার ফার্মগুলো করে, এমনকি আমেরিকার ব্যুরো অফ শিপিং-এর কাজটাও আমরা কলকাতায় শুরু করেছি, বিভিন্ন প্রাইভেট ক্ষেত্র করছে। কিন্তু সমস্যা হচ্ছে এই গ্লোবাল বিজনেস, নেটওয়ার্কের কানেক্টেড্—আমেরিকায় যখন দিন, আমার এখানে তখন রাত, জাপানে যখন ভোর হল আমার এখানে তখন মধ্য রাত এবং গোটা পৃথিবীর মানুষের দাবি মিটিয়ে এই আই.টি. এবং আই.টি.ই.এস. সেক্টর চলে। দোহাই অপ্রয়োজনে বন্ধ করবেন না, আমি কি জবাব দেব ? আমার জাপানী কাস্টমারের কাছে কি জবাব দেবে আমার কলকাতার আই.টি. কোম্পানি ? যে আমাদের এখানে মুখ রক্ষা করার জন্য এস.ইউ.সি.আই. ২৭ তারিখ বন্ধ ডেকেছে, অতএব সরি, আপনাদের সার্ভিস দিতে পারলাম না। তাহলে কি আসবে কলকাতার আই.টি. ইনভেস্টমেন্ট ? আসবে আই.টি.ই.এস. ইনভেস্টমেন্ট ? আপনারা রাজ্যের বেকার ছেলেদের জন্য উৎকণ্ঠা প্রকাশ করছেন, আমি আশা করি আপনারা সৎ, যদি সত্যি আপনারা সৎ হন, তাহলে এরকম কোনো কাজ আমাদের করা উচিত নয় যাতে আমাদের কনটিনিউয়িটি অফ ওয়ার্ক এবং আমাদের পারসেপ্শন্ নেগেটিভ হয়। গুজরাট প্রসঙ্গে অনেক আলাপ-আলোচনা চলে আসে। মাননীয় সৌগতবাবু নিশ্চয়ই জানেন যে, গুজরাটের দাঙ্গায় কি এফেক্ট হয়েছে না হয়েছে। গত ৬ মাসে গুজরাট থেকে ক্যাপিটাল কত উঠে এসেছে। পারসেপ্শন্ একটা ব্যাপার, ধারণা একটা ব্যাপার।

[5.10–5.20 p.m.]

গত ৬ মাসে গুজরাট থেকে কত ক্যাপিটল উঠে এসেছে ? পারস্পেকটিভ একটা ব্যাপার, ধারণা একটা ব্যাপার। আমাদের মাঝে মাঝে দুঃখ হয় যে, আপনারা পশ্চিমবাংলায় দাঁড়িয়ে—হতে পারেন বিরোধী দলে আছেন—কি বলছেন ! আমাদের বিরোধীদলের নেতা পঙ্কজ ব্যানার্জী বললেন—আমাদের সম্পর্কে বলছেন, বলুন—কংগ্রেস সম্পর্কে বললেন, 'মেকি ধর্মনিরপেক্ষ দল'। উনি বি.জে.পি.-র ভোকাবিউল্যারি কোট করে এবং তা নিজের মুখে বসিয়ে বি.জে.পি.-র দালালি করে গেলেন। পঙ্কজবাবুকে বলব এত মেরুদণ্ড হেলাবেন না,

এত হেলালে আপনাকে ট্রাকশন নিতে হবে। স্যার, বি.জে.পি.-র হার্ড লাইনাররা যা বলে বলুন, কিন্তু আমাদের দেশের দুর্ভাগ্য স্বাধীনতার ৫৫ বছর পরে আমাদের দেশের একজন প্রধানমন্ত্রী একটা গোটা কমিউনিটিকে প্রকাশ্য সভায় দাঁড়িয়ে দায়ী করলেন। আজকে দেশে কে মন্ত্রী হবেন, না হবেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরশবাবু এখানে দাঁড়িয়ে তাঁর পুরনো দলের কথা ভুলতে পারলেন না, পুরনো স্বভাব লুকোতে পারলেন না। অবশ্য তাঁর নতুন দলও ওই একই পথের পথিক। তিনি বললেন, 'গুজরাটের জনগণ ভোট দিয়েছে, আমরা কখনো বলতে পারি না জনগণ ভুল করেছে।' আমি তাঁকে বলি,—হ্যাঁ, আমরা বলি জনগণ ভুল করতে পারেন। হ্যাঁ জনগণ ভুল করেছেন, গুজরাটের জনগণ ভুল করেছেন। ১৯৩৩ সালে জার্মানিতে জনগণ হিটলারকে ভোট দিয়ে ভুল করেছিল। আজকেও গুজরাটের জনগণ ভুল করেছেন। আপনারা হয়তো ভাবছেন ডামাডোলের বাজারে ক্ষমতার ভাগ মারবেন—ছেঁড়া চটি তুলে নিয়ে কোনো না কোনো মন্ত্রিত্ব নিশ্চয়ই আমার জুটবে—পরে যখন বিপদ আসবে কেটে পড়বেন। না, সে চান্স নেই, ইতিহাস সে চান্স দেয় না। হিটলারের মৃত্যু কিভাবে হয়েছিল ? বিচার এড়াতে হিটলার আত্মহত্যা করেছিল। ওটা তো বি.জে.পি.-র হবে। কিন্তু তার দোসরদের কি হবে ? হিটলারের দোসর মুসোলিনির কি হয়েছিল ? মিলানের রাস্তায় জনতা তাকে মেরে ল্যাম্প পোস্টে ঝুলিয়ে দিয়েছিল। কোথায় পালাবেন ? বি.জে.পি.-র দোসরদের জনগণ ল্যাম্প পোস্টে ঝোলাবে। অনাস্থা কে এনেছে ? যাঁদের নিজেদের প্রতিই নিজেদের আস্থা নেই তাঁদের অনাস্থার কি দাম আছে ! এ বছরের এটা সেকেন্ড অনাস্থা। এরপর আবার মার্চ মাসে বাজেট অধিবেশন বসার পরে আবার তো অনাস্থা আনবেন। প্রতি ৬ মাস অন্তর অনাস্থা আনাটা নিয়মে দাঁড়িয়েছে। সুতরাং আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে, আপনাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্বেদ রায় : স্পীকার মহাশয়, তৃণমূল কংগ্রেসের আনা অনাস্থা প্রস্তাবের সপক্ষে আমি আমার বক্তব্য শুরু করছি। প্রথমেই বলি যে, মাননীয় মুখ্যমন্ত্রীর কয়েকদিন আগে বলা একটা কথার প্রতি সম্মান জানিয়েই আজকের এই অনাস্থা প্রস্তাব। তিনি বলেছিলেন, 'ক্ষুধার্ত মানুষও গান গায়।' এই অনাস্থা প্রস্তাবও বাংলার ক্ষুধার্ত মানুষের গান। সত্যিই দীর্ঘ ৬ ঘণ্টা ধরে এই বিধানসভায় গান গাওয়া হচ্ছে। মানববাবুর খারাপ লাগতে পারে, কিন্তু অনেকের ভাল লাগতে পারে। আজকে কেন এই গান শুনতে হচ্ছে ? বছরে মাত্র ৩৩ দিন বিধানসভা বসালে ৬ মাস অন্তর অন্তর তো গান শুনতেই হবে ; আমাদের কিছু করার নেই। মানববাবু হাজার হাজার কোটি টাকার আই.টি. শিল্পের বিবরণ দিয়ে বললেন কি অসাধারণই না আই.টি. শিল্পের অগ্রগতি ঘটেছে ; গোটা ভারতবর্ষের আই.টি. বাজারের সামনের সারিতে এগিয়ে আসছে পশ্চিমবঙ্গ। কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন, 'ডু ইট নাউ'। এখন মানববাবু বললেন, 'ডু আই.টি. নাউ'। খুব ভাল বলেছেন। কিন্তু এই প্রসঙ্গে একটা কথা ওঁকে বলতে বাধ্য হচ্ছি—আমাদের রাজ্যের এই সর্বোচ্চ আইন সভায় বা আইন পরিষদে মাত্র ৩৯টা কম্পিউটার গত দেড় বছরে বসাবার সুযোগ মানববাবু করে দিলেন না। তাই এই সভার ২৯৪ জন সদস্যের কাছে মানববাবুর কথা দৃকসিদ্ধ নয়। তাই পশ্চিমবাংলার আই.টি. শিল্প কোথায় যাচ্ছে তা উনি জানাবার পরেও আমরা দুঃখিত।

মানববাবু বলেছেন ৬ বার আমাদের হারার জন্য নাকি গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডে আমাদের নাম উঠেছে। উনি খুব সুন্দর ব্যঙ্গের মাধ্যমে বলেছেন। আমি শুধু ওনাকে একটি কথা বলি, যেদিন ছাত্র জীবনে রাজনীতি করতেন ওই সবুজ এবং সাদা রঙের লেনিনের কালেকটেড ওয়ার্কস বইটি বার করে দেখুন, অবশ্য বেশি দেখবেন না তাহলে বিল গেট্‌স আপনাদের সঙ্গে দেখা করবেন না, ওই লেনিনের বইটা পড়ুন, পড়লে দেখবেন, পার্লামেন্টারি ডেমোক্রাসি সম্বন্ধে আপনাদের নেতা বলেছিলেন, রাষ্ট্র হচ্ছে শোষণের যন্ত্র, যারা শোষণ করে সেই মানুষের দালালি করেই আপনারা ৬ বার জিতে এসেছেন। আমরা কিন্তু তাদের দালাল হিসাবে চিহ্নিত হতে পারিনি বলে নিজেদের গর্বিত বোধ করছি। আপনাদের বিরুদ্ধে অনাস্থা আনা মানে গোটা বামফ্রন্টের বিরুদ্ধে আনা অনাস্থা প্রস্তাব নয়, এর মানে হচ্ছে, সি.পি.আই.এমের বিরুদ্ধে অনাস্থা এনেছি। আপনারা অনেক কথা বললেন, আমেরিকার সরকারের বিরুদ্ধে পর্যন্ত অনাস্থা নিয়ে আসলেন, কেউ কেউ আবার আফগানিস্থানের বিরুদ্ধে অনাস্থা নিয়ে এলেন, কেউ কেউ এক ভদ্রমহিলা যিনি অসুস্থ হয়ে হাসপাতালে আছেন তার বিরুদ্ধে অনাস্থা এনে একটু আনন্দ নিশ্চয়ই পেলেন। কিন্তু একথা ঠিক, আপনাদের নিজেদের প্রতি যদি সম্মান এবং আস্থা থাকে তাহলে এই অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে যে ৪ জন মন্ত্রী বক্তব্য রাখলেন সেই ৪ জন মন্ত্রী সি.পি.আই.এম. দলের কেন বলতে পারেন ? কেন আর.এস.পি-র মন্ত্রী হয় না, কেন ফরওয়ার্ড ব্লকের মন্ত্রী হয় না, কেন সি.পি.আই. দলের মন্ত্রী হয় না ? যদি সত্যি নিজেদের প্রতি আস্থা থাকে তাহলে কেবলমাত্র সি.পি.আই.এমের ৪ জন মন্ত্রী বক্তব্য রাখতেন ? তাই বলছি, অন্ধ হলেও প্রলয় বন্ধ থাকে না। মাননীয় মুখ্যমন্ত্রী একদিন এই হাউসে দাঁড়িয়ে—আমি যখন আমনেস্টি ইন্টারন্যাশানালের রিপোর্ট প্লেস করেছিলাম—তখন তিনি বলেছিলেন, আপনি এই ন্যাস্টি রিপোর্ট প্লেস করবেন না। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ১৯৯৫ সালে ধুপগুড়ি পুলিশ স্টেশনের ও.সি. পিন্টার যাদব বলে একজন আসামীর উপর যে ঘৃণ্য অত্যাচার করেছিলেন, সাধারণ মানুষের উপর দিনেরপর দিন যে অত্যাচার চালিয়েছিলেন ধুপগুড়ির পুলিশ স্টেশন এবং শিলিগুড়ির পুলিশ স্টেশনের ও.সি.রা, তখন এর বিরুদ্ধে ১ জন কনস্টেবল পুলিশ অ্যাসোসিয়েশনের কাছে অভিযোগ করে। পুলিশ অ্যাসোসিয়েশন তখন বলেন, ওই ও.সি.কে সরিয়ে দেওয়া উচিত। কেন না এত বড় অমানবিক কাজ পশ্চিমবাংলায় হয়নি। ফল কি হল ? সেই পুলিশ কনস্টেবলকে সাসপেন্ড করা হয়েছিল পরের দিন। তারপর হাইকোর্ট ওই কনস্টেবলকে রি-ইনস্টেড অর্ডার দেবার পরেও যেদিন আমি এই তথ্য পেশ করি সেদিন পর্যন্ত তাকে রি-ইনস্টেড করেনি। তারপর কে.এল.ও.-র ঘটনা ঘটল। আজকে হঠাৎ আপনারা উঠে দাঁড়িয়ে উগ্রপন্থীর কথা, বিচ্ছিন্নতাবাদের কথা বললে কি হবে ? যেখানে সাধারণ মানুষের উপর এই অমানবিক, বর্বরোচিত ও ভয়ঙ্কর আক্রমণ চলেছে, সেই সমস্ত প্রত্যন্ত গ্রামে যে একটার পর একটা ঘটনা ঘটে যাচ্ছে সেগুলির সম্পর্কে এখানে দাঁড়িয়ে আপনি অস্বীকার করে গেছেন আর সেখানে কার্যত বিক্ষোভ দানা বেঁধেছে। আমরা তৃণমূল কংগ্রেস সেখানে পৌঁছতে পারিনি, কিন্তু যারা পৌঁছেছেন তারা বাংলায় গান করে না, তারা কিন্তু ইংরাজি গান (জি ইউ এন) হাতে তুলে নিয়েছেন। সুতরাং এই দোষের জন্য দায়িত্ব

আপনাদের উপর বর্তায়। আজকে অর্থনৈতিক সমস্যার মুখোমুখি হয়ে দাঁড়িয়েছেন। মাননীয় অসীমবাবুকে আমি আজকে বিনয়ের সঙ্গে বলছি,—আপনি অন্য প্রফেশনালের লোক, আপনি বিদগ্ধ শিক্ষক, আপনি আপনার বিষয়ে বিশিষ্ট শিক্ষক—এ বিষয়ে কোনো সন্দেহ নেই। সুতরাং আপনি কেন ফিরে যাচ্ছেন না বাংলার মানুষের কাছ থেকে বিদায় নিয়ে ? বাংলার মানুষ আপনাকে আর অর্থমন্ত্রী হিসাবে চায় না। বুদ্ধদেববাবুরা এখানে ক্ষমতায় আসার পর তাঁদের আমলের পুরানো দোষগুলি আপনার উপর চাপিয়ে দিয়েছে। কারণ, রোম ওয়াজ নট্ বিল্ট ইন এ ডে, অর্থাৎ রোম একদিনে তৈরি হয়নি। একটু আগে মানববাবু ক্রস সাবসিডি দেবার কথা বললেন। আমি এই প্রসঙ্গে দুটি উদাহরণ দিতে চাই, ডব্লু.বি.এস.ই.বি. শুধু সি.ই.এস.সি.-কে সাবসিডি দিয়েছে ২৬৬ কোটি টাকা ২০০০ সালে। ডব্লু.বি.এস.ই.বি. সি.ই.এস.সি.-কে বিক্রি করেছে, তারা যে দামে উৎপাদন করে তার থেকে কম দামে। আর রিলায়েন্স এক রাতের অন্ধকারে ১৫০ কোটি টাকা বুদ্ধদেববাবুর ঘর থেকে অনিল আম্বানী ওয়েভ করে নিয়ে চলে গেল। কোথায় ছিল মানববাবুর বিপ্লব গরীব মানুষদের প্রতি ? আপনারা তো গরীব মানুষদের একটা ছোট্ট ছাতার তলায় রাখবেন বলেছিলেন, কিন্তু সেই ছাতা আম্বানীর কাছে বিক্রি করে দিয়ে দিলেন। সেটা তো ফিরিয়ে আনতে পারবেন না ?

তাই এই ২৬৬ কোটি এবং ওই ১৫০ কোটি এটা মিলিয়ে যে ৪০০ কোটির বেশি হয় সেই ৪০০ কোটি টাকাটা মৃণালবাবুরা দয়া করে সাবসিডি হিসাবে দিন। তাহলে কলকাতার মানুষকে ১.৫০ বা ১.৯০ থেকে ৩.৯০ টাকা ইউনিট প্রতি দিতে হবে না, তাদের জন্য ২ টাকা থেকে ২.২৫ টাকা ইউনিট প্রাইসটা রাখা যাবে। সেটাতে আপনারা জানি রাজী হবেন না। সুপ্রিম কোর্টের কোনো রুলিংও এ ব্যাপারে নেই। আমার সময় কম, অনেক কথা বলার থাকলেও বলা যাচ্ছে না, অন্য বক্তারা অবশ্য বলেছেন, শেষে আমি বুদ্ধদেববাবুকে কৃতজ্ঞতা জানাই তার বন্ধুর প্রতি তিনি কৃতজ্ঞতা রেখেছেন বলে। তিনি রবীন্দ্রপ্রেমী মানুষ, 'যে তোমায় ছাড়ে ছাড়ুক, আমি তোমায় ছাড়ব না' সে গানটির কথা মনে রেখে অসীমবাবুকে তিনি ছাড়ছেন না, বাংলার মানুষ তাকে ছাড়লেও। এই বলে অনাস্থা প্রস্তাবের প্রতি আবার সমর্থন জানিয়ে, আপনাদের সকলের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5.20–5.30 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তার প্রতি আমার সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। কিছুক্ষণ আগে এই সভার সদস্য শ্রী তপন হোড় কংগ্রেস বেঞ্চের দিকে আঙুল দেখিয়ে বললেন যে আমরা তৃণমূলের এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে মৌলবাদকেই সমর্থন করছি। তপনবাবুরা বামফ্রন্টের অংশীদার, তার জানা উচিত কংগ্রেস এমন একটা রাজনৈতিক দল যে দল শুধু গুজরাটে নরেন্দ্র মোদীর সঙ্গে লড়াই করছে তাই নয়—যদিও সেখানে আমরা নির্বাচনে পরাজিত হয়েছি—এই দল অটলবিহারী বাজপেয়ী, এল.কে. আদবানী, আর.এস.এস., বিশ্ব হিন্দু পরিষদ এদের সকলের সঙ্গে লড়াই করার ক্ষমতা রাখে এবং সেই লড়াই করছে।

বামফ্রন্টের সেই ক্ষমতা নেই কিন্তু জাতীয় কংগ্রেসের সেই ক্ষমতা আছে, আমরা লড়াই করছি। নরেন্দ্র মোদীর পথ আমাদের পথ নয়, সঙ্গে সঙ্গে একথাও আপনার জানা উচিত যে বামফ্রন্টের পথও আমাদের পথ নয়। এই অত্যাচারী, অনাচারী, শোষণকারী বামফ্রন্ট সরকার যারা গত ২৫ বছর ধরে এ রাজ্যে অত্যাচার চালাচ্ছে আমরা কখনও তাদের পথে হাঁটতে পারি না। তাই নরেন্দ্র মোদীর পথ এবং বামফ্রন্টের পথ এই দুটি পথই আমাদের পথ নয়, ভারতবর্ষের গণতান্ত্রিক মূল্যবোধকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার যে পথ সেই পথকে অবলম্বন করেই আমরা এগিয়ে যেতে চাই। তাতে কংগ্রেস এখানে ১২ বছর বনবাসে থাকলে আমরা তাই থাকব কিন্তু কখনই সাম্রাজ্যবাদী, মৌলবাদী এবং আপনাদের মতো অত্যাচারীদের সঙ্গে সহাবস্থান করতে পারব না, আপনাদের পথে আমরা হাঁটতে পারব না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনারা হাসপাতালের চার্জ বৃদ্ধি করেছেন, টিউশান ফিস বৃদ্ধি করেছেন, পেট্রোল, ডিজেলের উপর সেস বসিয়ে বাড়তি টাকা তুলছেন, আপনারা অনেক কিছুই বৃদ্ধি করছেন। এই প্রসঙ্গে অর্থাৎ বৃদ্ধির প্রসঙ্গে বলতে গিয়ে রবীন্দ্রনাথের একটি গানের কথা আমার মনে পড়ে গেল। যেদিন বুদ্ধদেববাবু কলকাতার রাজপথে হাঁটতেন তার সঙ্গী-সাথীদের নিয়ে সেদিন তারা বলতেন যে 'বৃদ্ধি করা চলবে না' 'বৃদ্ধির বিরুদ্ধে লড়ছি, লড়ব' সেই একই সি.পি.এম. দল এবং কমিউনিস্ট পার্টি আমরা দেখছি তারা একের পর এক বৃদ্ধি করে চলেছেন। রবীন্দ্রনাথের গান 'তুই ফেলে এসেছিস কারে মন মন রে আমার' তাতে একটা কলি আছে—'যে পথ দিয়ে চলে গেলি সে পথ এখন ভুলে গেলি রে'—বামফ্রন্টের কর্মীরা একদিন যে শ্লোগান দিতেন আজকে সেটা ভুলে গিয়ে প্রতিটি ক্ষেত্রে তারা বৃদ্ধি করে চলেছেন। এবারে আমি অর্থনৈতিক অবস্থার কথা বলব। আমাদের ঘাটতি হচ্ছে রাজস্বের। উনি অন্য রাজ্যের কথা বলেন। অন্ধ্রপ্রদেশে ৯৯/২০০০ সালে রাজস্ব আদায় ৯ হাজার ৮.৬ কোটি টাকা। ২০০০-০১ সালে ১০৪৫৭.৬ কোটি টাকা। গুজরাট ১৯৯৯-২০০০ সালে ৮১৬১.৭ কোটি টাকা, ২০০০-০১ সালে ৯১৬০ কোটি টাকা। মহারাষ্ট্র ১৭২৬৫ কোটি টাকা ১৯৯৯-২০০০ সালে, ২০০০-০১ সালে ২০,৭৬৮.৬ কোটি টাকা। তামিলনাড়ু ১৯৯৯-২০০০ সালে ১০৯১৮.৯ কোটি টাকা, ২০০০-০১ সালে ১২৫৬৫ কোটি টাকা। আর সেখানে ওয়েস্ট বেঙ্গল ১৯৯৯-২০০০ সালে ৫১০০.৮ কোটি টাকা এবং ২০০০-০১ সালে ৬৫১২.৯ কোটি টাকা। এই যদি আদায়ের নমুনা হয় তাহলে অবস্থা কি হবে বুঝুন। ফলে ঘাটতি বাজেট হচ্ছে। ঘাটতি বাজেটের কি নমুনা সেটা দেখুন। ঘাটতি বাজেট ১৯৯৮-৯৯ সালে ৪৮৫৬ কোটি টাকা, ১৯৯৯-২০০০ সালে ৯২৮৭ কোটি টাকা, ২০০০-০১ সালে ৭৫৮১ কোটি টাকা। এই বছর বন্দোবস্ত হয়েছে ৬৫৪৮ কোটি টাকা, এটা আনুমানিক গিয়ে দাঁড়াবে ৮৫৪৮ কোটি টাকা। এর পর কি মানববাবু গ্লোবালাইজেশানের কথা বলবেন ? আজকে যা কিছু হচ্ছে গ্লোবালাইজেশানের ফলে হচ্ছে, এটাও কি গ্লোবালাইজেশানের ফলে হচ্ছে ? জ্যোতিবাবুর জামানার পর বুদ্ধদেববাবু এই আসনে বসার পর আই.ডি.এ.-এর সঙ্গে চুক্তি হয়েছিল। আই.ডি.-র সঙ্গে চুক্তি হয়েছিল প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র পরিষেবার উন্নতি করবেন। ৭০০ কোটি টাকা চুক্তি হয়েছিল, ১৯৯৬ সালের জুন মাসে শুরু হয়েছিল, এই বছর মার্চ মাসের মধ্যে শেষ করার কথা। উন্নততর বামফ্রন্টের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় এটাকে

বাড়িয়ে করেছেন ২০০৪ সালের ৩১শে মার্চ। চুক্তি হয়েছিল আই.ডি.এ. দেবে ৮৮.৭ পারসেন্ট এবং আপনারা দেবেন ১১.৩ পারসেন্ট। তাতে আপনারা কাজ করতে পারেননি। সি.এ.জি. রিপোর্টে বলছে ৫ বছরে বরাদ্দের পরিমাণ হল ৬৮৯.৪১ লক্ষ টাকা। রাজ্য খরচ করতে পেরেছে মাত্র ৩৩৫.৩৪ লক্ষ টাকা। এটা আমার কথা নয়, সি.এ.জি. রিপোর্টে এটা বলছে। গ্রাম উন্নয়নের টাকা খরচ করতে পারেনি রাজ্য সরকার। সুবর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা, এস.জি.এস.ওয়াই, গত আর্থিক বছরে জেলা পরিষদগুলি খরচ করতে পেরেছে মোট বরাদ্দের ২২.৬ শতাংশ যেখানে সর্বভারতীয় গড় হচ্ছে ৭৩.৩১ শতাংশ। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক রোজগার যোজনায় জেলা পরিষদগুলি ব্যর্থ। কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছিল ১৩৫ কোটি টাকা তার মধ্যে এই বছরের মার্চ মাস পর্যন্ত খরচ করেছেন মাত্র ৭৩ কোটি টাকা। নভেম্বরের মধ্যে কি করেছেন সেটা আমি জানি না, এই কথা নিশ্চয়ই বলবেন। সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনা, ফুড ফর ওয়ার্কে দরিদ্র পরিবারগুলোকে ৫ কেজি করে চাল দেওয়ার জন্য ২ লক্ষ ১৪ হাজার ১১৬ মেট্রিক টন চাল দিয়েছিল। গত আর্থিক বছরে মাত্র ১ লক্ষ ৭৫ হাজার ৪৬৪ মেট্রিক টন চাল এফ.সি.আই. থেকে তুলেছেন, তারপর আর তুলতে পারেনি। স্যার, আমরা অনেক দুর্নীতির কথা বলেছি। দুর্নীতির কথা কি শুধু আমরা বলি ? আপনাদের দলের সংস্থা, রাজ্য কো-অর্ডিনেশান কমিটি, তাদের সংবাদপত্রে বার হয়েছিল সেই খবর, তাতে বলছে যে প্রচণ্ড দুর্নীতি হচ্ছে। ২০.৮.২০০২ তারিখে কাগজে বেরিয়েছে, সেখানে বলছে, 'প্রশাসনে দুর্নীতি আছে, সরকার কোনো ব্যবস্থা নিচ্ছে না, দুর্নীতিগ্রস্ত অফিসার এবং কর্মচারীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। মটর ভেহিকেল থেকে আরম্ভ করে রেশন অফিসার পর্যন্ত ঘুস না দিলে কাজ হয় না।' এটাও কি গ্লোবালাইজেশানের দোষ ? কো-অর্ডিনেশান কমিটির নেতা স্মরজিৎবাবু বলেছেন, 'নদীয়ায় ৪০ কোটি টাকা তছরুপের ঘটনায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে এফ.আই.আর পর্যন্ত করা হয়নি'। তিনি এই কথাও বলেছেন যে অর্থের অপচয় হচ্ছে। বুদ্ধদেববাবু সরকারের অর্থের অপচয় বন্ধ করার কথা বলেছেন। তিনি আরো বলেছেন 'রাইটার্স বিল্ডিং-এর সামনের গ্যারাজে এই গাড়িগুলো থাকত। সেই গাড়িগুলো এখন এত বেশি সংখ্যায় হয়ে গিয়েছে ট্রাম লাইন পর্যন্ত ছাড়িয়ে চলে আসছে, টেলিফোন ভবন পর্যন্ত গাড়িগুলো পার্ক করে রাখা থাকে। খরচ এইভাবে কমিয়েছেন, টেলিফোনের খরচ এইভাবে কমিয়েছেন ! আপনারা চিন্তা করে দেখুন কোন অবস্থায় আপনারা নিয়ে গেছেন।

যারা আজকে শিল্পের কথা বলছেন, গ্লোবালাইজেশানের দোষ দিচ্ছেন তারা আজকে এখানে কি করছেন সেটা দেখুন। আমি গত মঙ্গলবার মহঃ আমিনকে একটা প্রশ্ন করেছিলাম ২০০০-২০০১ সালে কতগুলো কারখানা বন্ধ হয়েছে, তার উত্তরে তিনি বলেছিলেন ২০০১ সালে ৯৭টি কারখানা বন্ধ হয়েছে। আজকে শুনলে লজ্জা হয় বামফ্রন্ট সরকারের রাজত্বে এই ঘটনা ঘটছে। তিনি উত্তরে বলেছিলেন যে, স্ট্রাইক করে ১০টির মতো কারখানা বন্ধ হয়েছে, আর লক আউটে ৮৭টি কারখানা বন্ধ হয়েছে। আর ২০০১-০২ সালে স্ট্রাইকের জন. ১৬টি কারখানা বন্ধ হয়েছে। লক-আউটের জন্য ৭৫টি কারখানা বন্ধ হয়েছে। লক-আউট তো মালিকরা করেন আর সেই মালিকদের আপনারা তোষণ করে এই বামফ্রন্ট সরকার। আজকে

যাদের বিরুদ্ধে এই অনাস্থা প্রস্তাব এসেছে সেখানে একথা বলতে অন্যায় নেই যে, আপনারা সমস্ত দিক দিয়ে কর বৃদ্ধি করেছেন, সমস্ত কিছুতে কর বৃদ্ধি করেছেন। তাকে কিন্তু কোনো আমাদের আপত্তি নেই—আপনারা আরো কর বৃদ্ধি করুন, আরো হাসপাতালের চার্জ বৃদ্ধি করুন, স্কুল কলেজের ফিজ বৃদ্ধি করুন আপত্তি নেই। কিন্তু তার সঙ্গে সঙ্গে আপনাদের যেন বুদ্ধিরও বৃত্তি ঘটে এবং মানুষের স্বার্থের কথা চিন্তা করেন এই কথা বলে এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.30–5.40 p.m.]

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে বিরোধী দলনেতা শ্রী পঙ্কজ ব্যানার্জী যে অনাস্থা প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে কিছু বলতে চাই। আমাদের রাজ্যের মানুষের আস্থা অনেকদিন আগেই এই সরকারের থেকে চলে গেছে। কিন্তু চলে গেলেও এই সরকার ছাপ্পা মেরে জিতে এসে এই গদিতে বসেছেন। ওপক্ষের সদস্যরা যাঁরা বসে আছেন আমি তাঁদের সামনে কিছু পরিসংখ্যান তুলে ধরতে চাই, যে পরিসংখ্যান শুনলে পরে তারা এই সরকারে আর থাকতে চাইবেন না। এই রাজ্য সরকার দুটি বিষয়ে বিশেষভাবে পিছিয়ে আছে—তার একটা হচ্ছে শিল্প এবং আরেকটা হচ্ছে শিক্ষা। সেনসাসের যে রিপোর্ট সেই রিপোর্ট, সেই রিপোর্ট মাননীয় মুখ্যমন্ত্রী পড়েন কি না জানি না। গত ২০০১ সালের রিপোর্ট অনুযায়ী শিক্ষাক্ষেত্রে এই রাজ্য ১৯৭৭ সালে, বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় আসে তখন এই রাজ্য দ্বিতীয় স্থানে ছিল। শিক্ষাক্ষেত্রে দেখা গেছে ক্লাস ওয়ান কে.জি. ওয়ানে যে পরিমাণে ভর্তি হচ্ছে, সেই তুলনায় দশম শ্রেণি বা দ্বাদশ শ্রেণিতে ছাত্রছাত্রী থাকছে না। এর উত্তর মাননীয় মুখ্যমন্ত্রী দেবেন কেন এরা থাকছে না ? তারপরে শিল্পের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান ১৯৭৭ সালে সবচেয়ে আগে ছিল, পশ্চিমবঙ্গে শ্রমিক সবচেয়ে বেশি ছিল—এখন সেখানে ৪ লক্ষ ২৮ হাজার শ্রমিক এসে দাঁড়িয়েছে। আমাদের রাজ্যের স্থান সপ্তমে ছিল আজকে সেখানে নবম স্থানে চলে এসেছে। শিল্প নিয়ে তো বড় বড় মুখ করে কথা বলেন কিন্তু আজকে বামফ্রন্ট নেতৃত্ব এই শিল্প ব্যবস্থাকে কোথায় নিয়ে এসেছেন—বড় বড় কারখানাগুলো আজকে বন্ধের মুখে। তারপরে আপনারা সমবায় আন্দোলনের কথা বলেন। রাজ্যের মন্ত্রী এখানে রয়েছেন। এখানে সরকার পক্ষের সদস্যরা রয়েছেন তারা হয়ত জানেনই না যে পশ্চিমবঙ্গের স্থান সমবায়ের ক্ষেত্রে দশম স্থানে চলে এসেছে। এখানে যে সমবায়ের সংস্থার সঙ্গে যুক্ত আছে ২০৪৪ জন, সেখানে অন্ধ্রপ্রদেশে ৫০ হাজার, কর্ণাটকে ৩৪ হাজার এবং রাজস্থানে ২২ হাজার, আর কেরলে তার আড়াই গুণ বেশি লোক এর সঙ্গে যুক্ত। আপনারা এখনও মানুষকে কুয়োর ব্যাঙ করে রেখে দিয়েছেন। কুয়ো থেকে বাইরে নিয়ে আসুন ভারতবর্ষের অন্য সব রাজ্যগুলোর দিকে তাদের তাকাতে দিন। যেখানে সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলো এগিয়ে যাচ্ছে তখন আমাদের রাজ্য কেন পিছিয়ে চলবে, কে এর জবাব দেবে। মাননীয় মুখ্যমন্ত্রী এর জবাব দেবেন। আজকে কৃষিক্ষেত্রে বলুন সর্বক্ষেত্রে দিনের পর দিন পিছিয়ে যাচ্ছে। ১৯৮৫-৮৬ সালের সূচক ধরে ১৯৯৮-৯৯ সালে ৩০৮ সূচক ছিল, ১৯৯৯-২০০০ সালে সেটা পাঁচ কমে ৩০২ সূচক হল, আর ২০০১-০২ সেটা আরো

কমে ২৯২ হল। আপনাদের রুর‍্যাল লেবার দিনের পর দিন কমছে। ১৯৯৮ সালে সূচক ছিল ৩০৯, ১৯৯৯-২০০০ সালে সেটা কমে ৩০৪ এসে দাঁড়াল। ২০০১-০২ সালে আরো নেমে এসেছে এবং নেমে ২৯৩ সূচকে দাঁড়িয়েছে। আজকে শিক্ষার ক্ষেত্রেও দিনের পর দিন পেছতে শুরু করেছে। ২৫ বছর এই সরকার রাজত্ব করার পরেও আজকে শিক্ষাক্ষেত্রে পিছিয়ে যেতে শুরু করেছে। মুখ্যমন্ত্রী কয়েকটি ব্যাপারে রাজ্যকে এক নম্বর জায়গায় নিয়ে এসেছেন। আজকে যে কথাগুলি বললাম, সরকারের বিরুদ্ধে, সেইগুলিতে তারা প্রথম হয়েছেন। এর কতকগুলি পরিসংখ্যান আমি দিচ্ছি। তাঁরা প্রথম হয়েছেন রাজ্যে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যায়। সারা ভারতবর্ষে ৪ কোটি রেজিস্ট্রিকৃত বেকার, তার মধ্যে ৬১ লক্ষ হচ্ছে আমাদের রাজ্যে। রেজিস্ট্রিকৃত বেকারের হিসাবে সারা ভারতবর্ষের মধ্যে এক নম্বর জায়গায়। আগামীদিনে এই জায়গা তারা দখল করে রাখবেন যদি এই রাজ্যে তারাই রাজত্ব চালায় তাহলে প্রথম স্থানে নিশ্চয় থাকবে। তারা প্রথম হয়েছেন বি.পি.এল. তালিকায়, সারা ভারতবর্ষে বি.পি.এল. তালিকায় যত মানুষ বাস করে সেখানে সরকারী হিসাব অনুযায়ী ৩৬ শতাংশ, বি.পি.এল.-এর হিসাব নিয়ে মুখ্যমন্ত্রী বলছেন ৫০ শতাংশের বেশি। মাননীয় মুখ্যমন্ত্রীকে আবেদন করব বি.পি.এল. তালিকায় বহু মানুষের নাম তোলা হয়নি। আমাদের রাজ্যে ভোট দানের হার, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের ভোট দানের হারের হিসাবে আমাদের রাজ্য প্রথম স্থান অধিকার করেছে। এখানে ৭৫.৫ ভাগ ভোট দান আমাদের রাজ্যে হয়েছে। এর মধ্যে আছে ছাপ্পা ভোট, জোর করে অন্য মানুষের ভোট নিজেদের পকেটে ফেলে আপনারা ক্ষমতায় বসে থাকতে পারেন। কিন্তু রাজ্যের মানুষের হৃদয় থেকে আপনাদের সরকারকে অনেকদিন আগেই ফিরিয়ে দিয়েছে। আজকে এই জিনিস স্বীকার করা ভাল, আজকে পাঞ্জাবে ২ জন মানুষ আত্মহত্যা করেছেন, অন্য রাজ্যে একজন মানুষ আত্মহত্যা করেছেন—এই কথা পূর্ণেন্দুবাবু বলেছেন। আমাদের রাজ্য সুইসাইডে অর্থাৎ আত্মহত্যায় প্রথম স্থান অধিকার করেছে। ১৩ হাজার ৮৮৯ জন মানুষ আত্মহত্যা করেছে। রাজ্যের মুখ্যমন্ত্রী যদি এই পরিসংখ্যান দেখেন তাহলে তিনি আঁতকে উঠবেন। ১ থেকে ১৪ বছর এবং ১৪ থেকে ২৯ বছর এর যুবক-যুবতীদের মধ্যে আত্মহত্যার প্রবণতা দেখা যাচ্ছে। যে সমস্ত যুবক-যুবতী জন্মের পরে স্কুল কলেজে যাচ্ছে, তারা একের পর এক স্কুল কলেজ ছেড়ে দিচ্ছে। যখন দেখছে চাকরির সুযোগ নেই। তাই বাংলায় দেখা যাচ্ছে ১৩ হাজার ৮৮৯ জন আত্মহত্যা করে আমাদের রাজ্যে প্রথম স্থান অধিকার করেছে। সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে কারণ এখানকার যুবক-যুবতীরা তারা ফ্রাশটেশানে ভুগছে, জন্মের পর থেকে তারা চারিদিকে অন্ধকার দেখছে। আপনারা আসার পরে বলেছিলেন, উন্নততর বামফ্রন্ট করবেন। ২৫ বছর পরে বলছেন উন্নততর বামফ্রন্ট হবে। ২৫ বছর ধরে বাংলার মানুষকে আপনারা বোকা বানিয়ে রেখেছিলেন, সেই বাংলার মানুষ আজকে যখন আন্দোলনে নামছে তখন সেই আন্দোলনকে ভাঙার জন্য পুলিশকে ব্যবহার করছেন। ল-ইয়ারদের আন্দোলনকে পুলিশ দিয়ে ভেঙে দেবার চেষ্টা করছেন, ২৪ জন ল-ইয়ার আহত হয়েছেন। এই জিনিস পশ্চিমবাংলায় শুরু হয়েছে। তাই এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.40–5.50 p.m.]

শ্রী মইনুল হক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিরোধী দলের আনা অনাস্থা প্রস্তাবকে সমর্থন জানিয়ে আজকে যে আলোচনা আমরা শুনলাম, কয়েকজন বন্ধু অনাস্থা নিয়ে আমাদেরকে কটাক্ষ করেছেন। আজকে আমরা জানি, আপনাদের যে ২৬ বছরের কুকীর্তি এই রাজ্যে করেছেন শুধু বক্তৃতার ফুলঝুরি ঝরিয়ে মাননীয় মন্ত্রী মানববাবু যে কথাটা বলছিলেন, আমরা জানি আজকে সারা পশ্চিমবাংলায় বিশেষ করে যে সমস্ত চাষীরা আছেন, যাদের চাষ ছাড়া আর অন্য কোনো উপায় নেই। চাষী বন্ধুদের জন্য আপনারা বহুবার বুকফাটা কান্না কেঁদেছেন। কুড়ি, পঁচিশ বছর আগে একজন চাষী চাষ করে ধানের, পাটের যা দাম পেত আজকেও সেই একই দাম পাচ্ছে। আমরা লক্ষ্য করছি পঁচিশ বছর পরেও সেই দাম বাড়ছে না। পাটের দাম কুইন্টাল প্রতি ৭০০ টাকা তখনও ছিল, এখনও তাই-ই আছে। ধানের দাম তখন ৪০০ থেকে ৪৫০ টাকা ছিল, এখনও সেই একই আছে। আজকে লেবারের দাম বেড়েছে, ফসল উৎপন্ন করতে গিয়ে যে সার লাগে তার দাম বেড়েছে, কিন্তু চাষীরা ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। এদিকে সরকারের কোনো নজর নেই। আপনারা তো গ্রাম বাংলার ওই সমস্ত মানুষের কথা বলে, ওই সমস্ত চাষীদের কথা বলে, ক্ষমতায় এসেছিলেন। অনেকদিন আগে ৩৫টি সেচ প্রকল্প শুরু হয়েছিল, কিন্তু সেগুলো শেষ হওয়ার নাম নেই। জানি না সেচমন্ত্রী কি বলবেন। নির্ধারিত সময়ের মধ্যে এই সমস্ত সেচ প্রকল্পগুলো শেষ হল না এবং চাষীরা তার সুফল পেল না। প্রাক্তন মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেছিলেন ভুটানের সঙ্কোশ নদীকে গঙ্গার সঙ্গে মিশিয়ে দেওয়া হবে। তার কাজ কি শুরু হয়েছে, না হবে সেটা আমরা জানতে চাই ? আজকে অর্থনৈতিক দেউলিয়াপনা ঢাকবার জন্য মাননীয় অর্থমন্ত্রী বিভিন্ন জায়গায় ট্যাক্স বসাচ্ছেন। কিন্তু পঞ্চায়েত সমিতি থেকে জেলা পরিষদ পর্যন্ত যে দুর্নীতি আছে সেটা বন্ধ করতে পারবেন কি ? সেটা বন্ধ করতে পারলে অনেক টাকার সাশ্রয় হতে পারত। আজকে কন্ট্রাক্ট কে পাবে সেটা পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ ঠিক করে দিচ্ছে। কিসের বিনিময়ে ঠিক হচ্ছে জানেন ? যারা কাজ করবেন তাদের ফাইভ পারসেন্ট ঘুষ ওদের দিতে হবে। আর বি.ডি.ও. এবং সভাপতির জন্য আলাদা পারসেন্টেজ ঠিক করা হয়। আজকে এইভাবে সারা রাজ্যে দুর্নীতি ছেয়ে গেছে। এইসব জিনিসগুলো আপনারা দেখতে পান না। গ্রাম পঞ্চায়েত যে সমস্ত সহায়িকা নিয়োগ হচ্ছে, সেখানে লক্ষ লক্ষ টাকা দিয়ে সহায়িকা নিয়োগ করা হচ্ছে। আজকে পুলিশের চাকরির জন্য ঘুষ দিতে হচ্ছে। ঘুষ না দিলে কোথাও আপনার চাকরি হবে না। এই হাউসে মুখ্যমন্ত্রী বার বার বলেছেন পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করতে হবে। পুলিশ নাকি মানুষের কাছাকাছি যাবে। কিন্তু আমরা লক্ষ্য করছি, থানায় ঘুষ না দিলে কোনো কাজ হবে না। যারা ব্যবসা করেন তাদের প্রত্যেককে মাসে দু'হাজার টাকা করে থানায় দিতে হবে। এইভাবে আজকে গোটা রাজ্যে দুর্নীতি ছেয়ে গেছে। এই দুর্নীতি যদি বন্ধ না করতে পারেন তাহলে পশ্চিমবাংলার অবস্থা ভালো হবে না। পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করতে হবে। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আজকে আমাদের দল থেকে যে নো কনফিডেন্স মোশন নিয়ে আসা হয়েছে, তাকে সমর্থন করে এখানে বক্তব্য রাখছি।

একটু আগে এখানে মানববাবু বলে গেলেন যে, ১৯৯২ সালের পর থেকে, আমাদের ২৬ বছর পর কোর্ট ফি বাড়ানো হয়েছে, আইনজীবীরা কি পারবেন এই কোর্ট ফি বাড়ানো বন্ধ করতে ? আমি মানববাবুকে অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে, বিনয়ের সঙ্গে বলি, গত বছর ডিসেম্বর মাসে যখন আপনারা ল ইয়ার্স ওয়েলফেয়ার ফান্ডে টাকা তোলার জন্য স্ট্যাম্প ডিউটি, কোর্ট ফি-র টাকা বর্ধিত করলেন, আমরা তার প্রতিবাদ করেছিলাম। আপনাদের তখন বক্তব্য ছিল, পশ্চিমবাংলার আইনজীবীরা দুস্থ, তাই তাদের জন্য ল ইয়ার্স ফান্ডে টাকা দিতে হবে। আর আইনমন্ত্রী সেইজন্য এসে সেই বিল পাশ করিয়ে নিয়ে গেল। ৫২ হাজার আইনজীবী আছেন পশ্চিমবাংলায়। সেই ৫২ হাজার আইনজীবীর অবস্থা আমার মতো বা অরুণাভ ঘোষের মতো বা আপনাদের সোমনাথ চট্টোপাধ্যায় বা বিকাশ ভট্টাচার্যের মতো নয়, তাঁরা এত রোজগার করেন না। ওদের ৯০ শতাংশ এমন একটা জায়গায় রোজগার করে যে, সেইসব আইনজীবীদের দেখার জন্য ল' ইয়ার্স ফান্ডের প্রয়োজন। পশ্চিমবাংলার আইনজীবীদের এরকম দুরবস্থা। আমার বিনীত প্রশ্ন মানববাবু এবং বুদ্ধদেব ভট্টাচার্যের কাছে—১৯৭৭ সালে পঞ্চায়েত প্রধানরা সাইকেলে করে ঘুরে বেড়াত, আজকে ২৫ বছর পর ইনফরমেশন টেকনোলজির যুগে, ক'টা সি.পি.এম.-এর পঞ্চায়েত প্রধান সাইকেলে করে ঘুরে বেড়ায় ? পশ্চিমবাংলার সি.পি.এম. পঞ্চায়েত প্রধানরা কতগুলো বাড়ি বানিয়েছে ? এর উত্তরটা দিলে খুশি হই। আমাদের ল' ইয়ার্স ফান্ড কমিয়ে দিয়েছেন। ১৯৭৭ সালে যখন আপনারা এলেন, কো-অর্ডিনেশন কমিটি নাম দিয়ে সরকারী কর্মচারীদের সংগঠন করলেন। সেই সময় গ্রুপ ডি স্টাফদের মাইনে ছিল ৩৭৫ টাকা। আমি জানতে চাই কাদের খুশি করার জন্য এই ২৬ বছরে তাদের মাইনে সাড়ে ৫ হাজার টাকা করা হ'ল, পশ্চিমবঙ্গের আমজনতাকে বেকার করে ? এর উত্তর পেলে খুশি হব। বিগত ১২ই ডিসেম্বর মাননীয় মুখ্যমন্ত্রী আমাকে এবং অরুণাভ ঘোষকে ডেকেছিলেন। বলেছিলেন—আসুন, আমরা একটা আলোচনা করব। আমাদের তিনি দেড় ঘণ্টা সময় দিয়েছিলেন। আমাদের খুবই ভালো লেগেছিল। আমাদের কথা তিনি শুনলেন। আমাদের মনে হয়েছিল তিনি কনভিন্সড হয়েছিলেন। হয়তো মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের বিবেকটা নড়েছে, মাইন্ড অ্যাপ্লাই করে আমাদের সমস্যাটা অনুধাবন করার চেষ্টা করেছেন। আমাদের বলেছিলেন, আড়াই ঘণ্টা পরে আসছি। কিন্তু সন্ধেবেলা টি.ভি.-তে আমরা দেখতে পেলাম সি.পি.এম.-এর সেক্রেটারি অনিল বিশ্বাস বললেন—এই আন্দোলনকে ভেঙে দিতে হবে। বুঝুন। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের সঙ্গে দেড় ঘণ্টা কথা বলার পর মনে হয়েছিল ওনার বিবেকের তাড়না আছে, অ্যাপ্লিকেশন অফ মাইন্ড আছে, মনে করেছিলাম তিনি বিবেচনা করবেন, কিন্তু কেন তাঁকে অনিল বিশ্বাসের কাছে মাথা নুইয়ে বলতে হল—এই কোর্ট ফি বাড়ানো বন্ধ করা চলবে না ? পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী কি বুদ্ধদেব ভট্টাচার্য না সি.পি.এম.-এর জেনারেল সেক্রেটারি অনিল বিশ্বাস ? এই প্রশ্ন এসেই যায়। আমাদের নো-কনফিডেন্স এইজন্যই। অদ্ভুত অদ্ভুত ব্যাপার,

একস্ট্রা কনস্টিটিউশনাল ব্যাপার। আমরা টি.ভি.তে দেখতে পেলাম অনিলবাবু দুজন আইনজীবীকে নিয়ে স্টেটমেন্ট করলেন, আইনমন্ত্রী নিশীথরঞ্জন অধিকারী আগামীকাল স্টেটমেন্ট করবেন। আমরা মনে করেছিলাম নিশীথবাবু এটা হ্রাস করবেন। আইনজীবীরা বাংলার মানুষের স্বার্থে আন্দোলন করছে, এইগুলো দেখে নিশ্চয় একটা ভালো প্রপোজাল নিয়ে আসবেন। দেখলাম পরের দিন একটা স্ট্যাটিসটিক্স নিয়ে এসে জাস্টিফাই করার চেষ্টা করলেন কোন্ কোন্ স্টেটে কত কত বেশি রয়েছে। ২৬ বছর ধরে কোনো ফি বাড়ানো হয়নি। উনি যে স্টেটমেন্ট করেছেন, তার মধ্যে তিনটি স্টেটের সঙ্গে কম্পেয়ার করেছেন।

[5.50–6.00 p.m.]

একটা হচ্ছে উত্তরপ্রদেশ, একটা হচ্ছে অন্ধ্রপ্রদেশ, আর একটা হচ্ছে মধ্যপ্রদেশ। তিনটি মাত্র স্টেট দেখতে পেলেন ? আর কোনো স্টেট দেখতে পেলেন না ? আমাদের ভারতে তো অনেক স্টেট রয়েছে। নিশীথবাবু দয়া করে একটা একটা করে স্টেট নিয়ে আসুন না আজকের আলোচনার মধ্যে ? সেই স্টেটগুলির কোর্ট ফি কত সেটা আজকে পশ্চিমবঙ্গের মানুষকে জানিয়ে দিন না। বিহার, দিল্লী, হিমাচলপ্রদেশ, ঝাড়খণ্ড, তামিলনাড়ু, গুজরাট, রাজস্থান, আসাম, ত্রিপুরা, কেরালা, এই সমস্ত কোর্টের ফি কোথায় দাঁড়িয়ে আছে ? দয়া করে জানাবেন কি ? এগুলি এত নীচের দিকে রয়েছে যে, আমাদের কোর্ট ফি তুলনা করতে গেলে নিশীথবাবুকে লজ্জা পেতে হবে। তাই তিনি এই জায়গায় নেই। কেন ৭০ সাল থেকে ৩২ বছর হয়ে গেল, কোর্ট ফি বাড়াননি কেন ? কেন এইরকম একটা অপদার্থতা ? এই অপদার্থ ল মিনিস্টারের জন্য আমজনতার কাছে অপদার্থ মুখ্যমন্ত্রী হিসাবে উনি চিহ্নিত হয়ে গেছেন। উনি মুখ্যমন্ত্রী হয়ে পশ্চিমবঙ্গের ল ইয়ারদের স্ট্রাইক মেটানোর জন্য অন্তর থেকে ওনার ইচ্ছা থাকলেও সেখান থেকে বেরিয়ে এসে ল ইয়ারদের স্ট্রাইক মেটাতে পারছেন না। আজকে ওনার এই অবস্থা। আপনার ডিশিসান নেওয়ার ইচ্ছা আছে, কিন্তু আপনি ডিশিসান নিতে পারেন না। আপনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী প্রিজনার অফ ইনডিশিসান হয়ে আজকে একটা স্ট্রাইক ৩৭ দিন ধরে এগিয়ে নিয়ে যাচ্ছেন। কারণ অনিল বিশ্বাস-এর কথা আপনাকে শুনতে হচ্ছে। ছোট আঙারিয়ার ঘটনার কথা বলি। ছোট আঙারিয়ায় যখন সি.বি.আই. এনকোয়ারি করতে গেল, তখন এফ.আই.আরে যাদের নাম রয়েছে, তাদের অ্যারেস্ট করতে পারলেন না। তাদের পানিশমেন্ট দিতে পারছেন না। তাদের মধ্যে একজন লোক রয়েছে পিনাকী ঘোষ, যে আপনার মন্ত্রী সুশান্ত ঘোষের ভাই। কার জন্য আপনি ওনাকে আড়াল করতে চাইছেন ? আপনার কমরেডকে সাহায্য করার জন্য ? নাকি মন্ত্রীর সুশান্ত ঘোষের ভাইকে অ্যারেস্ট করতে না পেরে এইরকম একটা বাধা দিচ্ছেন ? সি.বি.আইয়ের লোককে তাকে অ্যারেস্ট করতে দিচ্ছেন না। তাই এই সব বক্তব্য বলে এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে, শুধু মুখ্যমন্ত্রীকে এই কথা বলি আপনি ইন্টারভেন করে আজকে এই স্ট্রাইক সেটেল করার কাজে আপনি নিজে এগিয়ে আসুন। নিজের মাইন্ড অ্যাপ্লাই করে, নিজে অ্যাপিল করে এটা সেটেল করুন। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Ms. Gillian Rosemary D'Costa Hart: Hon'ble Speaker Sir, I rise this afternoon to speak on the no confidence motion that has been brought up today. To me it seems to be an exercise in futility. First of all, there are many reasons why we do have confidence in our Government. First of all, if we look at the law and order situation in the State, we find that it is much better here than any other States. We find that we, women can walk quite safely in the streets of Calcutta. If we look at the tourism we find that all the time many people from other countries, from other States are coming here to visit. In fact this time is our festive season and many of my friends and relatives who want to come have spoken to me that it is not possible for them to get seats in the planes because those are totally booked. This is the place where they can be safe and where they can enjoy themselves, where everything is in their possession. As far as tourism is concerned, we are also doing well. So far as education is concerned, information & technology is concerned, our State is making good by leaps and bound there and also examinations are held in time and results are also coming out on time. I represent a minority community in the West Bengal Legislative Assembly and am speaking for my community. I can say that compared to the conditions of the minorities in all other States throughout the country, we are the safest here and we feel most secured. If we look at the minorities of the other States then we can see the conditions of the minorities, they are shaky. They are absolutely insecured there. We are here in West Bengal secured and we know that the State Government always help us. Whenever we have any problem, we can go and see either the Chief Minister or the Minister concerned and we know that we will get redressal for our problems. So, I do not agree with the no confidence motion this afternoon. Thank you.

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনাস্থা প্রস্তাবের সমর্থনে আমার বক্তব্য উপস্থাপিত করছি। অনাস্থা প্রস্তাবের বিপক্ষে বলতে উঠে আমাদের বর্ষীয়ান বিধায়ক কাশিম সাহেব বলেছেন নেহাত অভ্যাসের দাসে আমরা অনাস্থা প্রস্তাব আনছি, যার যৌক্তিকতা তিনি দেখছেন না। সারা ভারতবর্ষে বিধানসভায় গেলে যাদের অস্তিত্ব মাইক্রোস্কোপ দিয়ে খুঁজে পাওয়া যাবে না সেই তাঁকে বিরোধীপক্ষকে তির্যক বাণে ব্যঙ্গ করে, দম্ভোক্তি করতে দেখে আমি ব্যথিত। তিনি বলেছেন 'নেই কাজ তো খই ভাজ'। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে রত্নাকরকে বাল্মীকি করতে কত বছর সময় লেগেছিল। সুতরাং

এইভাবে অনাস্থা প্রস্তাবের মাধ্যমে আমরা জনসাধারণের মূল বক্তব্যকে উপস্থাপিত করব কিন্তু আমরা ব্যর্থ হলাম যে সরকারপক্ষের একজন বিধায়কও এদের ব্যর্থতার দিকটা না এনে, অঙ্গুলি সংকেত করে সবগুলো কাটিয়ে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনাস্থা প্রস্তাব এনেছি এই জন্য যে, এই সরকার চলে যৌথভাবে, যৌথ নেতৃত্বে। মাননীয় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন দক্ষিণ ২৪-পরগনায়, পুলিশের সভা করে বলে এলেন পুলিশ কোনো অ্যান্টি সোশ্যালের সঙ্গে সম্পর্ক রাখবে না, দুর্জনদের দমন করতে হবে। মাত্র তিনদিন আগে অন্য আরেকজন মন্ত্রী—পরিবহন মন্ত্রী বললেন যে পুলিশ ক্রিমিন্যালের সঙ্গে সম্পর্ক রাখবে না তো ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলরের সঙ্গে সম্পর্ক রাখবে ? এই সরকারের মুখ্যমন্ত্রীর কথা সত্যি না পরিবহন মন্ত্রীর কথা সত্যি ? কয়েক মাস আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে বাঁশ টাঙিয়ে টাকা আনা বন্ধ করতে হবে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী বললেন যে এটা মানতে পারছি না। এই সরকারের যৌথ নেতৃত্ব ব্যর্থ হয়েছে। মানুষকে যে বিভ্রান্ত করার চেষ্টা করা হচ্ছে সেই সত্যকে উদ্‌ঘাটন করার জন্যই আমাদের এই অনাস্থা প্রস্তাব। কাশিম সাহেব বলেছেন যে একটা দলের মধ্যে বিরোধিতা থাকতেই পারে তাতে কি আছে, আমরা যৌথভাবে চালাচ্ছি। আমার মনে পড়ে যাচ্ছে রবীন্দ্রনাথের দেবতার গ্রাস কবিতার কথা, সেখানে শেষে বলা হয়েছে "তুমি শুনলে আমার মুখের কথা, আমার অন্তরের বারতা জানলে না" এখানে শরিকি দলের সদস্যরা সমর্থন করে বক্তৃতা করে গেলেন কিন্তু দলীয় পার্টি অফিসে যখন মিটিং হয়, পার্টির মুখপত্রে ফরওয়ার্ড ব্লক বলল যে অ্যান্টি পিপল গভর্নমেন্ট, আর.এস.পি. এখানে সমর্থন করলেন অথচ বাইরে বলেন সি.পি.এমের অত্যাচারে আমরা উৎপীড়িত। মাননীয় মুখ্যমন্ত্রী আমরা সরাসরি বিরোধিতা করি, এইরকম দ্বিচারিতার মধ্যে আমরা নেই, তাই এই অনাস্থা প্রস্তাব। শ্রদ্ধেয় মানববাবু বলেছেন যে তাঁরা ৬, ৬ বার জিতে এসেছেন, তাতে কি হয়েছে ব্রিটিশও তো দুশো বছর আমাদের দেশের ক্ষমতায় অধিষ্ঠিত ছিল। এ ম্যান লিভস ইন ডিডস, নট ইন ইয়ারস।

বামফ্রন্ট সরকারের অগ্রগতির যে খতিয়ান তাতে বললেন ১৫০০ হাজার কোটি টাকা বিনিয়োগ হয়েছে। কিন্তু তার মধ্যে মাল্টিন্যাশানালদের কত টাকা আছে সেটা আপনারা বললেন না। ইতিমধ্যেই কতগুলি শিল্প ক্লোজার হয়ে গেছে, বন্ধ হয়ে গেছে। একটা সমান্তরাল অঙ্ক আপনি উপস্থিত করতে পারলেন না। মাননীয় অর্থমন্ত্রী এখানে আছেন, নয় মাস অতিক্রান্ত হল আপনি বললেন বেকারদের জন্য মিউনিসিপ্যালিটিতে টাকা দেওয়া হয় সেখানে ৩০ পার্সেন্ট সাবসিডি বেকারদের দেবেন। দয়া করে জানাবেন কি বাজেটে কত পার্সেন্ট সাবসিডি দিয়েছেন। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে আছেন, আমার এলাকায় হায়ার সেকেন্ডারি স্কুলে ফোর্থ গ্রেডের স্টাফ নেই, সেখানে ঘণ্টা পেটানোর জন্য লোক নেই। আপনি বলেছিলেন এমবারগো আছে, বিদ্যার কৌলীন্যে নয় আপনি একজন অধ্যাপক হিসাবে সত্যি কথাটা এখানে বলুন। তাই আপনাদের কাছে আবেদন এই অনাস্থা প্রস্তাবের মাধ্যমে যে যে মুখ্যবিষয়গুলির দাবি উঠেছে সেগুলিকে শুধরে নিয়ে আগামী দিনে চলার চেষ্টা করুন।

[6.00–6.10 p.m.]

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের মাননীয় নেতা পঙ্কজবাবু এবং অন্যান্যরা যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করে মূলত আর্থিক প্রসঙ্গেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি। অন্য রাজ্যের সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারও আর্থিক সঙ্কটের মধ্যে দিয়ে চলেছে। এই আর্থিক সঙ্কটের কারণগুলি কি আমি প্রথমে সেটাই বলার চেষ্টা করব, সেই কারণগুলি বিশ্লেষণের পরে আমরা এর থেকে কি করে বেরিয়ে আসতে পারি তার আশু কর্তব্য হিসাবে এই আর্থিক বছরে আমরা কি কি করতে পারি, আমাদের রাজ্যের আর্থিক ক্ষেত্রের গতি প্রকৃতপক্ষে কোনদিকে যাচ্ছে এবং তৃতীয় অংশটায় আলোচনা করব যে এই বছরের জন্যই নয় আগামী ৩ বছর কি কি পদক্ষেপ নেব যাতে যে সঙ্কট হয়েছে সেটার পুনরাবৃত্তি না হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫ বছর আগে কোনো রাজ্যেই এই আর্থিক সঙ্কট ছিল না। কিন্তু আজকে প্রত্যেকটি রাজ্যেই আর্থিক সঙ্কট দেখা দিয়েছে। তাহলে ৫ বছরে কি এমন হল যার জন্য এই সঙ্কট প্রত্যেকটি রাজ্যে আসছে, আলাদা করে পশ্চিমবঙ্গে নয়। এর কতগুলি কারণ আগে বলা হয়েছে, তার পুনরাবৃত্তি করতেই হচ্ছে কিন্তু সংক্ষেপে করব। প্রথম বিষয় হচ্ছে কেন্দ্রের পঞ্চম বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার তার কর্মচারীদের বেতন বৃদ্ধি করেছেন এবং তার প্রভাব প্রত্যেকটি রাজ্যের উপরেই পড়েছে। শুধু পশ্চিমবঙ্গই নয় যে রাজ্যে কংগ্রেস সরকার আছে, যে রাজ্যে বি.জে.পি. সরকার আছে, যেখানে এন.ডি.এ.-র বন্ধু সরকার আছে বা অন্য দল আছে—সে রকম প্রত্যেকটি রাজ্যের উপরেই সমানভাবে পড়েছে। প্রায় দ্বিগুণ বৃদ্ধি হয়েছে বেতন এবং অবসরকালীন ভাতাজনিত ব্যয়। আমাদের রাজ্যে ১৯৯৭-৯৮ সালে এই ব্যয় ছিল ৬১৭৭ কোটি টাকা। এ বছরে সেটা হয়েছে ১২২৩৯ কোটি টাকা বৃদ্ধি পেয়ে। আমাদের রাজ্যে একটা বৈশিষ্ট্য আছে, প্রথম বামফ্রন্ট সরকারের আমল থেকেই সরকারী কর্মচারী ছাড়াও মাননীয় শিক্ষক ও শিক্ষা কর্মচারী—৯৮ পার্সেন্ট প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাদের দায়িত্ব এবং পৌরসভার একটা বড় অংশের দায়িত্ব এবং তারপরে পঞ্চায়েতের দায়িত্ব গ্রহণ করা হয়। ঠিক এইভাবে অন্য রাজ্যগুলিতে সেটা হয়নি। এই যে প্রভাব যখন পড়ছে—আমি আগেও বলেছি এখন আবার বলছি—১৯৯৯ সালের ফেব্রুয়ারি মাসে জাতীয় উন্নয়ন পর্ষদের বৈঠকে আলোচনা হয় যে আগামী ৫ বছরে কি উদ্যোগ আমরা নিতে চলেছি, তার অঙ্কটা কষে বলি। সেই সভায় প্রত্যেকটি রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী তাঁরা বিভিন্ন রাজনৈতিক দলের, তাঁরা একটা কথাই শুধু বললেন—কেন্দ্রীয় সরকার দ্বিগুণ বৃদ্ধি করেছেন তাঁদেরও সামাল দিতে হচ্ছে, কিন্তু তাঁরা পারছেন, কারণ রিজার্ভ ব্যাঙ্ক থেকে সহজ শর্তে ঋণ পাচ্ছেন,—আমাদের এত ঋণ দরকার নেই, কিন্তু করও দ্বিগুণ বাড়ছে না, তাই বর্ধিত বেতনের অন্তত অর্ধেক অর্থও দিন,—কেন্দ্রীয় বাজেট থেকে নয়, রিজার্ভ ব্যাঙ্ক বাজার থেকে সহজ শর্তে ঋণ তুলতে দিন এবং আমাদের বলা হয়েছিল যে একটা শর্ত যদি আপনারা মানেন আমরা এটা বিবেচনা করব। শর্ত ছিল এই, লাগাম ছাড়া কোনো ঋণ নয় এবং রাজ্য চেষ্টা করবে রাজস্ব ঘাটতি এবং রাজস্ব আদায়ের অনুপাতকে ৫ শতাংশ হারে কমানো। মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রতিটি রাজ্য কমায়। আমরা বোধ হয় প্রথম বছর ৩৮ শতাংশ কমাতে পারি। কিন্তু এই যে

ঋণের কথা বলা হয়েছিল, আর্থিক বর্ধিত বেতনের, সেই অর্থ কোনো রাজ্য কিন্তু এখনও পায়নি। আমি এটা বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয় তার কারণ ২৮টা রাজ্যের যে সম্মিলিত বাজেট, রিজার্ভ ব্যাঙ্কের তথ্য অনুযায়ী প্রায় ৪ লক্ষ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের যে বাজেট সেটা ৩ লক্ষ ৮০ হাজার কোটি টাকা। রাজ্যগুলোর বাজেটের চেয়ে কম। কেন্দ্রীয় সরকার বাজার থেকে ঋণ তোলার অনুমতি নিয়েছেন ৯০ হাজার কোটি টাকা গত বছর। আর, ২৮টা রাজ্যকে দেওয়া হয়েছে মাত্র ১৩ হাজার কোটি টাকা। আমরা বলেছিলাম, এটা একটু বাড়িয়ে দিন, আমরা সামলে নেব কর বৃদ্ধি করে, কর আদায় করে, কর আদায় ঠিকমতো করে সামলে দেব। আমি এটা বলছি তার কারণ সমস্ত রাজ্যের অর্থমন্ত্রী মিলে আমরা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে যখন যাই তখন উনি একটা জিনিস মেনে নেন এবং মেনে একটা কমিটি হয়েছে। তার সভাপতি হয়েছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী আর ৬টা অঞ্চলের, পশ্চিমবঙ্গ সমেত, রাজ্যের অর্থমন্ত্রীদের নিয়ে। ২৬শে জুলাই উনি সঙ্গে সঙ্গে একটা কমিটি গঠন করে তার বিচার্য বিষয় বলে দেন। কেউ কেউ এখানে বলছিলেন—পশ্চিমবাংলার দায়িত্বজ্ঞানহীনতা, ইত্যাদি। কিন্তু কমিটি তার প্রথম বিচার্য বিষয়ে বলেছেন পঞ্চম বেতন কমিশনের সুপারিশের প্রভাব এই রাজ্যগুলোর উপর যা পড়েছে সেখানে রাজ্যগুলোকে কি করে সহায়তা করা যায় এই কমিটি দেখবে। মানে যাঁরা তৃণমূল কংগ্রেসে আছেন, যাঁরা এন.ডি.এ.-র সঙ্গে যুক্ত আছেন, সেই জোটের কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রথমেই স্বীকার করলেন যে এর জন্য মূল সঙ্কটটা হয়েছে। শুধু তাই নয়, পার্লামেন্টের কথা আমরা বলি না, কিন্তু পার্লামেন্টেও একই কথা বলেছে।

দ্বিতীয় বিষয়টা হচ্ছে, কেন্দ্রীয় ঋণের হার বৃদ্ধি পাওয়া। আমরা বাজার থেকে বেশি ঋণ তুলি না, ঋণটা মূলত কেন্দ্রীয় ঋণ। এই ঋণগুলো,—আপনারাও কিছু কিছু কথা বলেছেন, সেগুলো একত্রিত করে নিচ্ছি। এই ঋণের মূল অংশটা এইভাবে বেড়েছে। আগে ছিল, আমরা বলতাম, কেন্দ্রীয় পরিকল্পনা সহায়তা ৭০ ভাগ ঋণ। এখন কিন্তু এই সমস্ত প্রকল্পগুলো, গুরুত্বপূর্ণ আর.আই.ডি.এফ. হতে পারে, এ.আই.বি.পি. হতে পারে, এগুলো সবই ১০০ ভাগ ঋণ এবং সবই চড়া সুদের হারে। আর.আই.ডি.এফ-র কথা যখন বলছি, সকলকে এটা দিতে হচ্ছে ১৩ শতাংশ। এই সুদের হার আমাদেরও দিতে হচ্ছে। আর, কেন্দ্রীয় সরকার তুলতে পারছেন ৭ শতাংশ হারে। তাই আমরা বলেছি ওই ১৩টা একটু কমিয়ে দিন, ৭-ও করতে হবে না, ৮ শতাংশ করে দিন। আমরা কিছুটা রেহাই পাব। এর সঙ্গে কিন্তু অন্য একটা কারণে আমাদের ঋণ বেশি হয়েছে। স্বল্প সঞ্চয়ে আমরা প্রথম থেকে, সেই প্রথম বামফ্রন্টের আমল থেকে, বস্তুত আপনাদের আমলের শেষ সময় থেকে, স্বল্প সঞ্চয়টা জাতীয় স্তরের প্রোজেক্ট, এটার খুব গুরুত্ব পশ্চিমবাংলা চিরকাল দিয়েছে। কারণ, চিট ফান্ড, ইত্যাদির হাত থেকে মানুষকে রক্ষা করার জন্য। কিন্তু কেন্দ্রীয় পদ্ধতিটা এমনই সব রাজ্যের ক্ষেত্রে যে যা স্বল্প সঞ্চয় খাতে জমা পড়ল তার থেকে ফেরত দেওয়ার অর্থ রাজ্য থেকে কেটে নেওয়া হয়, তারপরে নিট সঞ্চয়টাও আবার ঋণ হিসাবে রাজ্যের উপর চাপানো হয়। এক সময় ১৪ শতাংশ ছিল, বেশি হারে চাপানো হয়েছিল। এটাই কিন্তু আমাদের মূল ঋণ-ভার।

আর, বন্যার বছরে, ২০০২ সালে সত্যিই আমাদের ১,৪৮৭ কোটি টাকার প্রয়োজন ছিল, আমরা ১০৩ কোটি টাকা পাই। তাই প্রায় ১,২০০ কোটি টাকা 'হাডকো' থেকে চড়া সুদের হারে ঋণ নিতে হয়। এর জন্য ঋণের বোঝা বাড়ে, ৭০ হাজার কোটি টাকায় পৌঁছায়। সর্বভারতীয় স্তরের তুলনাটা কি ? রিজার্ভ ব্যাঙ্কের ২০০২ সালের জানুয়ারীতে প্রকাশিত তথ্য, সমস্ত রাজ্যগুলোর ঋণের, তার আয়ের অনুপাত হিসাবে গড় হচ্ছে ৩২ শতাংশ, পশ্চিমবাংলার ২৮ শতাংশ, সমস্ত রাজ্যগুলোর গড়ের চেয়ে কম। কেন্দ্রীয় সরকারের ৫২ শতাংশ, সবচেয়ে বেশি। এখানে দাঁড়িয়ে আমরা বলেছি, ঋণ তো আপনারা সৃষ্টি করেছেন। ঋণ আপনারা যদি একটু কমাতে পারেন, তবে একটা জিনিসে আমরা আনন্দিত যে কেন্দ্রীয় অর্থমন্ত্রী তার কমিটির যে বিচার্য বিষয়, ২ এবং ৩ যে ধারা তাতে বলেছেন, কি করে ঋণের ভার কমানো যায়, এই কমিটি সেটা দেখবে। এটা মেনে নিয়েছেন ঋণের ভার আরেকটা বিষয়। আপনারা যদি দয়া করে সেটা একটু দেখেন, আমি পরে দিয়ে দেব।

আর, দুটো বিচার্য বিষয় আসছে। সারা দেশ জুড়ে যে মন্দা আমি তার মধ্যে যাচ্ছি না। আমরা মনে করছি এর সঙ্গে আন্তর্জাতিক অর্থ ভান্ডারের শর্ত ইত্যাদি যুক্ত আছে। তার মধ্যে যাচ্ছি না, মাননীয় মানব মুখার্জি বলেছেন। কেন্দ্রীয় সরকারেরও করের ঘাটতি হয়। গত বছর প্রায় ৭৩৬ কোটি টাকা আমরা কম পাই। আমাদেরও করের ঘাটতি হয় ৬০০ কোটি টাকা। তার মধ্যে যে কথাগুলো আপনারা বলেছেন,—শিল্পোৎপাদনে ঝাড়। এগুলো সমস্ত রাজ্য দিচ্ছিল আমরাও দিচ্ছিলাম। আমরা থামিয়ে দিয়েছি, এখন ওই ঘাটতি যাতে ওর থেকে না হয়; তার জন্য।

[6.10–6.20 p.m.]

যদি যোগ করেন এই ১৩০০ কোটি টাকার মতো বেশি। আমরা শেষ মাসটায়, মার্চ মাসের ৭ তারিখে বাজেট উপস্থাপন করেছিলাম, শেষ মাসটায় আমরা আশা করি যে যাই ঘাটতি থাকুক ছাপিয়ে উঠবে। কিন্তু গতবছর সেটা হয়নি। এই ১৩০০ কোটি টাকা শুরু হয়েছে এই বছরে অতিরিক্ত একটা প্রয়োজন নিয়ে যেটা আগের বছরে হয়নি। আগে কখনই এরকম অবস্থার মধ্যে দাঁড়াতে হয়নি, যখন এই রকম আঘাতগুলি আসছে সমস্ত রাজ্যগুলোর উপর, এটা আমি আগেরবার অন্য একটি আলোচনায় বলেছি আপনাদের, আমাদের বিভিন্ন খাতের অর্থ ডিপোজিট অ্যাকাউন্টে জেলায় জেলায় আটকে রাখতে হয়েছে। সেখানে প্রায় ২৫০০ কোটি টাকার মতো আটকে আছে। সুতরাং আমাদের এই ১৩০০ কোটি টাকার জোগাড় করতে হবে এবং ২৫০০ কোটি টাকা ডিপোজিট অ্যাকাউন্টে রাখা ঠিক হচ্ছে না। কিন্তু ২০০০ কোটি টাকার কাছাকাছি বার করে দিতে হবে। অনেকগুলো গুরুত্বপূর্ণ দপ্তরের অর্থ এতে আটকে আছে। এছাড়াও এগুলো বাজেটের আলোচনায় কিছুটা আছে, ২টি ঘটনা ঘটে যেটা বাজেট ইত্যাদি আলোচনার পরে ঘটে, যেটা আমি ইতিমধ্যে বলেছি, তার একটি এভাবে ঘটে—কেন্দ্রীয় অর্থমন্ত্রী তাঁর এই বর্তমান আর্থিক বছরের বাজেটে একটা কথা বলেছিলেন, খুবই গুরুত্বপূর্ণ কথা—স্বল্প সঞ্চয় থেকে যে নিট আদায় হবে তার ১০০ ভাগ রাজ্যগুলো ফেরত পাবে এই বছর এবং কেন্দ্রীয় যোজনা কমিশন তার ভিত্তিতে আমাদের

চিঠিও লিখে দিয়েছিলেন, কিন্তু বছরের মাঝামাঝি আমাদের জানানো হল, '১০০ ভাগ পাবেন না, ৮০ ভাগ পাবেন এবং এই ২০ পার্সেন্ট ব্যবহার করা হবে আপনাদের ঋণের ক্ষেত্রে কি কি রিলিফ দেওয়া যায় ইত্যাদি'। সমস্ত রাজ্যই ক্ষতিগ্রস্ত হয়েছে। যেহেতু স্বল্প সঞ্চয়ে আমরা প্রথম, আমাদের প্রায় ১৫০০ কোটি টাকার একটু বেশি, যেটা আগে বলার কোনো সুযোগ ছিল না, এটা ঠিক বছরের মাঝামাঝি আমরা আঘাতটা পেলাম। আরেকটা কথা, এটা আমাদের রাজ্যের জন্য নয়, পশ্চিমাঞ্চলের দুটি রাজ্য—বোধহয় তারা কোনো একটা নিয়মের বাইরে গিয়েছিল বলে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া প্রত্যেকটি রাজ্যের উপর নেগোশিয়েটেড লোনটা যেটা কেন্দ্রীয় যোজনা কমিশনের সঙ্গে স্থির হয়ে আছে ১৫০০ কোটি টাকা আমাদের তুলতেই হবে, তার উপর যে বাধা নিষেধ আছে সেই টাকা তোলা ভয়ানক অসুবিধা, এখনও পর্যন্ত তোলা যায়নি। বাড়তি এই ৩০০০ কোটি টাকার অতিরিক্ত একটা প্রয়োজন এল, আরও এই সুযোগ পাচ্ছি। পুস্তিকাতে আমরা বলব, আমাদের আরও একটা সমস্যা হয়েছে। বিদ্যুৎ দপ্তর খুব ভাল একটা উদ্যোগ নিয়েছেন যে, বিদ্যুৎ পরিবহন এবং অন্যান্য খাতে তাদের যে অপচয় সেটা কমানো, আইন পাশ করেছেন ইত্যাদি। এতদ্‌সত্ত্বেও বাস্তবতা এই যে, সেস্ থেকে যে টাকা আমরা তুলছি তার একটা বড় অংশ বিদ্যুৎ পর্ষদের কয়লার বিল মেটাতে দিয়ে দেওয়া হবে, আমরা মূল রাজস্বে পাব না। এখানে দাঁড়িয়ে প্রশ্ন হচ্ছে এই যে, এর প্রভাব, পরিকল্পনা ব্যয় কি পড়েছে, কি হতে পারে। গত বছর ছিল নবম যোজনা পরিকল্পনার শেষ বছর। আপনারা কিছু কিছু অন্য রাজ্যের সঙ্গে তুলনা করেছেন। মাননীয় অসিতবাবু তিনি বলেছিলেন, আমাদের গোটা নবম যোজনায় আমরা পরিকল্পনা ব্যয়ে লক্ষ্যমাত্রা রেখেছিলাম ২০৬৫৫ কোটি টাকা, অষ্টম যোজনায় অনেক কম ছিল ৮৩০০ কোটি টাকা। তার থেকে এতটা বৃদ্ধি করে রেখেছিলাম। এ.জি. বাস্তব তথ্যটা প্রকাশ করে দিয়েছেন, সেটা আমরা পাবলিক অ্যাকাউন্টস কমিটির কাছে পৌঁছে দেব। তাতে দেখা যাচ্ছে যে, নবম যোজনায় ২০৬৫৫ কোটি টাকা অতিক্রম করে পরিকল্পনা ব্যয় ২০৬৮৬ কোটি টাকাতে যাওয়া সম্ভব হয়েছে। আপনারা জিজ্ঞাসা করেছেন বিকল্প নীতির কি হল ? বিকল্প নীতির মূল ২টি কথা—সমান প্রতিযোগিতার দিকে পদক্ষেপ এবং বিকেন্দ্রীকরণ উৎপাদন বাড়ানোর জন্য। মাননীয় পঙ্কজবাবু জিজ্ঞাসা করছিলেন যে, 'আপনি ৮ পারসেন্টের বেশি বৃদ্ধির হার বলেছিলেন। সেটার কি হল ? নবম যোজনার কাল শেষ হয়েছে, সমস্ত রাজ্যে তাদের গড় মোট উৎপাদন বৃদ্ধির হার হয়েছে ৫.৩, পশ্চিমবঙ্গে হয়েছে ৭.৩, গত বছরে আমাদের শেষ হয়েছে, এখন পাকা হয়ে গেছে হিসেব। ৮ পারসেন্ট হারে মোট উৎপাদন পশ্চিমবঙ্গে বৃদ্ধি হয়েছে, ভারতবর্ষের খুব বেশি রাজ্যে সেটা হয়নি। শুধু তাই নয়, এবছরও সারা দেশে যেখানে চালের উৎপাদনের ঘাটতি হতে চলেছে—আমাদের খারিফ মরসুমের হিসেব বলা উচিত—৫ পারসেন্ট বেশি উৎপাদন হয়েছে, গত বছরের চেয়ে বেশি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লক্ষণীয় যে, ডালের উৎপাদন এ বছর ২৬ পারসেন্ট বেড়েছে, গমে ৯ পারসেন্ট, সর্ষের ক্ষেত্রে প্রায় ১২ পারসেন্ট বৃদ্ধি এর মধ্যে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে মাননীয় পঙ্কজবাবু এবং আরও একজন মাননীয় সদস্য জিজ্ঞাসা করলেন যে, 'আপনাদের কর্মসংস্থানের কি হল ? শেষকালেও মাননীয় জ্যোতির্ময়বাবু জিজ্ঞাসা করেছিলেন

যে, 'আমরা বাজেটে বলেছি যে, স্বনিযুক্তি প্রকল্পে ২ লক্ষ বেকার যুবক-যুবতীর পাশে আমরা দাঁড়ানোর চেষ্টা করেছি'। নভেম্বর মাসের মাঝামাঝি রিভিউয়ে দেখছি ১ লক্ষ ৩০ হাজারের পাশে দাঁড়ানো গিয়েছে। আপনাদের সহযোগিতা নিয়ে লক্ষ্যমাত্রায় পৌঁছতে চাই। শিল্প ক্ষেত্রে গত বছর মোট ২,১৯৫ কোটি টাকার বিনিয়োগ হয়েছিল। শিল্প দপ্তর বলছেন এবারে ওরা ওটা অতিক্রম করতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সমস্যার মধ্যে আমরা এ বছর প্রথম ৬ মাস পরিকল্পনা ব্যয় বেশি করতে পারিনি ; ৭০০ কোটি টাকা করেছি। কিন্তু গত বছরের চেয়ে একটা জিনিস বাড়াতে পেরেছি—যে টাকা জেলার বিভিন্ন ডিপোজিটে জমা ছিল তার থেকে ৯০০ কোটি টাকা বের করে দেওয়া গিয়েছে। এটা আমরা বের করে যাব। এই দুটো মিলিয়ে পরিকল্পনা ব্যয়ের মূলটা রক্ষা করতে চাই এবং পরিকল্পনা বহির্ভূত যে ব্যয়গুলো আমাদের করতেই হবে, সেটা রক্ষা করাই আমাদের আশু কাজ। আমি যে তথ্যগুলি দিচ্ছি এগুলি আমাদের বইতে আরও ডিটেলে থাকবে। আমাদের ৫,৪০০ কোটি টাকা অতিরিক্ত অর্থের জোগান দরকার। সর্বভারতীয় স্তরে যে আলোচনা হয়েছে সেই পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার ৮৭৮ কোটি টাকা দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই আর্থিক বছরে ৮৭৮ কোটি টাকা পাব। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে আমার যে আলোচনা হয়েছে তার ভিত্তিতে আমি হাউসকে এটা বলতে পারছি। কিন্তু একটু লক্ষ্য করবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৮৭৮ কোটি টাকা পাব, কিন্তু স্বল্প সঞ্চয় বাবদ কাটা যাবে ১৫০০ কোটি টাকা। তাই নিট পাওনাটা বড় নয়, কমেই যাচ্ছে। এই অবস্থায় আমাদের নিজের পায়ে দাঁড়াতেই হবে। একটা কথা অসিতবাবু আজকে নয়, আগে বলেছিলেন। আমি তাঁকে বলি, আমরা আমাদের মোট কর বহির্ভূত আদায় এরপরেও ১০,০০০ কোটি টাকা স্থির করেছি। এটা অন্য সব রাজ্যের কাছাকাছি নিয়ে যাবার জন্য আমাদের কিছু কিছু ক্ষেত্রে অতিরিক্ত কিছু বৃদ্ধি করতে হচ্ছে। তার মাধ্যমে আমরা ৪৫০ কোটি টাকা—কর বহির্ভূত আদায়—আয় করতে চাইছি এবং লাইসেন্স ফিস ইত্যাদির মাধ্যমে ৫০ কোটি টাকার অতিরিক্ত অর্থ সংগ্রহ করতে চাইছি। মোট ৫০০ কোটি টাকা অতিরিক্ত অর্থ সংগ্রহ করছি। কোন্ কোন্ ক্ষেত্রে এই বৃদ্ধি হচ্ছে ; পেট্রোল, ডিজেলের ওপর ১ টাকা সেস্ ধার্য করা হয়েছে। এর থেকে বছরে ১৩০ কোটি টাকা পাব। এক্ষেত্রে আপনারা অন্য রাজ্যের কথা তুলছেন। এই সেস চালু করার পরেও ডিজেলের ক্ষেত্রে—পেট্রোলের ক্ষেত্রেও একই—আমাদের রাজ্যে লিটার প্রতি দাম থাকছে ১৯ টাকা ৪৩ পয়সা। মহারাষ্ট্রের সেলস্ ট্যাক্সের কথাটা পরশবাবু ঠিক বলেননি। মহারাষ্ট্রে লিটার প্রতি ডিজেলের মূল্য ২২ টাকা ৯৩ পয়সা। কর্ণাটকে ২০ টাকা ৪৩ পয়সা, আমাদের চেয়ে অনেক বেশি। ওদের সেলস্ ট্যাক্স আমাদের চেয়ে অনেক বেশি এবং এরপরেও বেশি থাকবে। অন্ধ্রপ্রদেশেরও আমাদের চেয়ে বেশি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পেট্রোল ডিজেলের পরে অতিরিক্ত বেশি আদায় হবে মোটরযানের ওপর যে কর বসানো হচ্ছে, সেখান থেকে। গণ-পরিবহনের মোটরযান বাদ দিয়ে অন্যান্য মোটরযান থেকে অতিরিক্ত অর্থ আদায় হবে। স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি শহরাঞ্চলে ৮ শতাংশ করা হয়েছে। তথাপি অন্য রাজ্যের তুলনায় আমাদের কম। আমাদের ৮ শতাংশ, অন্য সবাই ১০ শতাংশে চলে গেছে। যে সমস্ত ক্ষেত্রে কর এবং ফিস দীর্ঘকাল বৃদ্ধি করা

হয়নি, সে সমস্ত ক্ষেত্রে কিছু বৃদ্ধি ঘটিয়ে তার মাধ্যমে আমরা ৫০০ কোটি টাকা আদায় করতে পারছি। অপ্রয়োজনীয় খরচের বিষয়ে আমাদের সতর্ক হয়ে চলতে হচ্ছে। অর্থ দপ্তর থেকে আমরা সেই নির্দেশ দিয়ে দিয়েছি, প্রয়োজনে জাস্ট বাজেট থেকে কাটা যাবে। ৫০০ কোটি টাকা আমরা সেখান থেকে বাঁচাব। তাহলে দুটো মিলিয়ে আমাদের ১০০০ কোটি টাকার সংস্থান হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে নেগোসিয়েটেড লোন তোলার অধিকার কেন্দ্রীয় সরকার দিয়েছে, যোজনা কমিশন দিয়েছে সেই অধিকারে আমরা ১৫০০ কোটি টাকার নেগোসিয়েটেড লোন তুলব। ১৫০০ কোটি টাকার ঋণ আমাদের তুলতে হবে, প্রত্যেকটা রাজ্যকেই তুলতে হবে। এর জন্য আমরা রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সঙ্গে আলোচনা করছি, কেন্দ্রীয় অর্থমন্ত্রকের সঙ্গে আলোচনা করছি। ৩১শে মার্চের মধ্যে আমরা এই ১৫০০ কোটি টাকার লোন তুলব। তাহলে ১০০০ কোটি, ১৫০০ কোটি এবং ৮৭৮ কোটি টাকা যোগ করার পরেও আমাদের বাকি থাকছে ২০০০ কোটি টাকা। প্রত্যেক রাজ্যই ঘাটতি টাকাটা চাইছে। তামিলনাড়ু আমাদের চেয়ে একটু বেশিই চাইছে। মহারাষ্ট্রেও বেশি চাইছে। আমরা প্রতিটি রাজ্য কেন্দ্রীয় সরকারকে বলছি,—যে বাড়তি ১৩/১৪ হাজার কোটি টাকা পেলেন তা সমস্ত রাজ্যের মধ্যে বন্টন করে দিন—বাজার থেকে সস্তায় ঋণ পাওয়া যাচ্ছে—আমরা তাই দিয়ে আমাদের পরিকল্পনাটা বাঁচাই। এটা নিয়ে আলোচনা চলছে। আমরা বইটা প্রকাশ করতে পারলাম না, কারণ আমাদের আলোচনাটা শেষ হয়নি বলে। যদি এটা হয়ে যায় আমার মনে হয় আমরা একটা ভাল জায়গায় যেতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিকল্পনা বহির্ভূত খাতের শিক্ষক মহাশয় ইত্যাদির কথা মাঝে মাঝেই এখানে উত্থাপিত হয়, বিশেষ করে বেতন, অবসরকালীন ভাতা ইত্যাদি সম্বন্ধে। অনেক বাধা-নিষেধ সত্ত্বেও গত বছর প্রথম ৬ মাসে এই বাবদ খরচ হয়েছিল ৪,৫২৯ কোটি টাকা ; এ বছর খরচ হয়েছে ৪,৫৫২ কোটি টাকা। এ বছর একটু বেশিই খরচ হয়েছে।

[6.20–6.30 p.m.]

বেশিই খরচ হবে। আপনারা শিক্ষক মহাশয়দের অপমানের কথা বলেছেন। আমি বলতে চাইছি না সত্যিই তো আপনাদের সময়ে ২০০ টাকাও পেতেন না, তাও ৬ মাস ছাড়া-ছাড়া পেতেন। (নয়েজ) আমি চালের দাম ধরেই বলছি, ১০ গুণ বৃদ্ধি পেয়েছে। মাননীয় শিক্ষক মহাশয়দের বেতন আমরা এক্ষেত্রে ৪০ গুণ বৃদ্ধি করেছি, দাম বৃদ্ধি করেও এই সম্মান আমরা দিয়েছি। এখানে বলি, ঠিকই, আপনাদের নৈতিক অধিকার একটু কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কিন্তু ১ বছরের ব্যাপার নয়, আগামী ৩ বছরে আমরা কতকগুলি পদক্ষেপ নিতে যাব, সেটা আপনাদের সঙ্গে আমি আলোচনা করেই, আমি শুধু রূপরেখাটা দিচ্ছি। দেখুন, ১৯৯৯-২০০০ সালে আমাদের ঘাটতি রাজস্ব আদায়ের অনুপাত ৫১ শতাংশ ছিল, কমতে কমতে এ বছর আমরা ৫৮ শতাংশে নামিয়ে এনেছি। আগামী বছর ৫১ শতাংশ এবং তার সামনের বছরে ৪৪ শতাংশ আরো নামিয়ে নেব। এই নামানোর সঙ্গে সঙ্গে ঋণের ক্ষেত্রে নেগোসিয়েটেড লোন প্রতি বছর ৫০০ কোটি টাকা করে আমরা কমাবো। স্বল্প সঞ্চয়ে আমাদের বাড়লেও আমরা ফ্রিজ করে দিচ্ছি। স্বল্প সঞ্চয় থেকে ঋণ গ্রহণটা আমরা বাড়াব না। কারণ, জাতীয় প্রকল্প হলেও আমাদের ঋণের ভার কেন্দ্রীয় সরকার যদি নিয়ম না

বদলায়—সাধারণ মানুষ বুঝতে পারে না, আপনারাও মনে করেন ঋণের বোঝা বাড়ছে কেন—কেন ? ওই নীতির জন্যই বাড়ছে—তাই এই ডেট বার্ডেন আমরা কমাবো। তিন হচ্ছে, কর আদায় এ বছর ১৫ শতাংশ হারে বৃদ্ধি পাবে। আগামী বছরগুলিও ১৫ শতাংশ হারে বৃদ্ধি পাবে। কর বহির্ভূত আদায়েও ঠিক ২০ শতাংশ হারে আমরা বৃদ্ধি করব। বেতন বৃদ্ধি ৫ শতাংশ হারে বৃদ্ধির মধ্যে আমরা রাখব। হ্যাঁ, ভরতুকি থাকবে। কিন্তু ভরতুকির ঊর্ধ্বসীমা সর্বত্র বেঁধে দেওয়া হবে এবং সরকারী সংস্থাগুলি লাভজনকভাবে চলুক আমরা চাই। কিন্তু যেখানে লাভজনকভাবে চলছে না, সেখানে শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী যে বক্তব্য রেখেছেন আমি তার সঙ্গে কোনো বক্তব্য যুক্ত করতে চাই না, সেখানে নির্দিষ্ট ক্ষেত্র ধরে-ধরে যৌথ উদ্যোগে আমাদের যেতে হতে পারে। সর্বশেষ বিদ্যুতের ক্ষেত্রে আমাদের যে ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন লস সেটা ৫ শতাংশ হারে কমাতে হবে। কমিয়ে আমরা কিন্তু ওই বিকল্প নীতি, মূল হচ্ছে, সমান প্রতিযোগিতা এবং বিকেন্দ্রীকরণের উপর দাঁড়িয়ে ৮ শতাংশ হারে উৎপাদন বৃদ্ধি এবং কর্মসংস্থানে অবিচল থাকব। এটা বলতে আমার ভাল লাগছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বশেষ অধ্যাপক জোশেফ টিক্‌লিসের যে বই বেরিয়েছে, গ্লোবালাইজেশন অ্যান্ড ইট্‌স ডিসকনটেন্ট, এ বছরের নোবেল লরিয়েট—তিনি বলেছেন, ওই আই.এম.এফ. মডেল কাজ করছে না, ভিন্ন মডেলের কথা ভাবতে হবে, সেটা সমান প্রতিযোগিতার কথা উল্লেখ করা হয়েছে সেটাই আমরা বলছি। কিন্তু সরকারকে বিকেন্দ্রীকৃত করতে হয়। না, আমরা একা নই, আপনারা তো মাঝে মাঝে সমালোচনা, তাচ্ছিল্য করে আনন্দ পান, আনন্দ পেলে পাবেন, কিন্তু যে কথাটা এখন বলছি, হ্যাঁ, সরকারের আর্থিক পরিচালনায় একটা সঙ্কট হয়েছে এই এই কারণে, সেটা আমরা কাটিয়ে উঠব এবং কাটিয়ে উঠে মূল নীতিতে আমরা অটুট থাকব সাধারণ মানুষের পাশে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পুস্তিকা সম্বন্ধে আমি গত শুক্রবার বলেছিলাম যে ১ মাসের মধ্যে পূর্ণ প্রকাশনা করব সমস্ত বিবৃতি দিয়ে। ৬ দিনের মতো হয়ে গেছে। সেই বিবৃতি মাননীয় প্রত্যেক বিধায়কের কাছে পৌঁছে দেব সরকারী প্রকাশনা। আমরা সকলের সময় সুযোগ বুঝে—আমি বিরোধীদলের নেতৃত্বকেও বলছি, আপনাদের সঙ্গেও আলোচনা করতে চাই, আপনাদের পরামর্শ নিতে চাই, নিয়ে ঐকমত্যের ভিত্তিতে যে সঙ্কট হয়েছে, আশু যেভাবে কাটছে আগামীদিনেও সেইভাবে কাটাব। আপনাদের সকলের পরামর্শ ও ঐকমত্যের ভিত্তিতে এগুবো। এই কয়েকটি কথা বলে অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, অনাস্থা প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখছি। সংক্ষিপ্ত বক্তব্য। এই রাজ্যের অবস্থা কী, যার জন্য অনাস্থা প্রস্তাব দিতে হল ? সুব্রত মুখার্জী এখনই বললেন, এই রাজ্যের অবস্থা এমন যে মাস্টাররা ভুল ইতিহাস পড়ায় এবং অর্থমন্ত্রী ভুল তথ্য দেয়। রাজ্যের অবস্থাটা হচ্ছে এই রকম। কান্তিবাবু স্বীকার করেছেন, কিছু ভুল-ভাল আছে। এর পরে রাজ্যের অবস্থাটা কি, তা বলতে গেলে বলতে হয় 'টেল অব টু সিটিস'-এর কথা : It was the best of times, it was the worst of times, it was the age of reason, it was the epoch of darkness, it was the spring of hope, it

was the winter of despair. এই রাজ্যের অবস্থা এইরকম যে, মানুষের কাছে একটা আশার আলো তৈরি করতে গিয়ে আসলে মানুষকে হতাশায় ডুবিয়ে দিচ্ছে। এর মূল কারণ কী ? মূল কারণ, রাজ্যে নীতির সঙ্কট এবং সেই নীতির সঙ্কটটাই প্রতিফলিত হয় মুখ্যমন্ত্রীর পরস্পরবিরোধী বক্তব্যের মধ্যে দিয়ে। আমরা শুনি মুখ্যমন্ত্রী বলেন যে খরচ কমাও, ফুল দিও না, ফুলে আমার আঘাত লাগে অথচ ৫০ লক্ষ টাকা খরচ করে ফিল্ম ফেসটিভ্যাল করেন। পাঠভবনে ওর মেয়ে সেই স্কুলে পড়ত বলে আড়াই কোটি টাকা দিয়ে পাঠভবনের—সরকারী টাকায়—জমি কেনা হয়। প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর জন্য সরকারী খরচে তার গাড়ি এবং বাড়ী দেওয়া হয়। অথচ মুখ্যমন্ত্রী বলছেন যে সরকারী খরচ কমাও। সি.পি.এমের লোকরা বলছেন যে মমতা ব্যানার্জি আদবানীকে চিঠি লিখেছেন এটা খুব খারাপ। বুদ্ধদেববাবু সব দাঁত বার করে ওর সঙ্গে ছবি তুললে কোনো ক্ষতি নেই। রেল বিভাজন নিয়ে আন্দোলন করব না বলে কেন্দ্র থেকে ৮৭৮ কোটি টাকা ধার নিয়ে এলে ক্ষতি নেই কিন্তু মমতা ব্যানার্জি চিঠি লিখলে খুব খারাপ। মুখ্যমন্ত্রী কখনও বলছেন যে মাদ্রাসাগুলিতে বেআইনী কার্যকলাপ চলছে এটা খুব অন্যায়, বন্ধ করতে হবে। সংখ্যালঘুরা ক্ষেপে গেল সঙ্গে সঙ্গে উনি বললেন যে পুলিশে মুসলমানদের চাকরি দেব। দুটোই সমান অপ্রয়োজনীয় উক্তি। এটা করা তার পক্ষে খুব দায়িত্বশীল কাজ হয়নি। তারপর ওকে দেখি যে জাপানী কমিউনিস্ট পার্টির নেতারা এলে উনি খুব খুশি হয়ে যান আবার কখনও আজিম প্রেমজী—উইপ্রোর মালিক—তিনি এলে মুখ্যমন্ত্রী একেবারে উচ্ছ্বসিত হয়ে যান। এই স্ববিরোধিতায় মুখ্যমন্ত্রী ভুগছেন। তারপর আমরা দেখলাম যে বামফ্রন্ট একেবারে ১৮০ ডিগ্রি ঘুরে গেল। বুদ্ধদেববাবুর নাম বুদ্ধদেব না হয়ে গর্বাচেভ হতে পারত। উনি নতুন করে সব কিছু ভাবছেন। কিন্তু একটা ব্যাপারে উনি খুব সচেতন গর্বাচেভের চেয়ে, ক্ষমতার আসল জায়গাটা উনি ছাড়েননি। বলছেন সব নতুন করে তৈরি করতে হবে কিন্তু গ্রামে-গঞ্জে লাঠি আর টাঙ্গিওয়ালা ক্যাডারদের নিয়ে ক্ষমতা দখল করার ব্যাপারে ঠিক আছেন। উনি মুখে বলছেন সমাজবিরোধীদের নিয়ন্ত্রণ করতে হবে কিন্তু পার্টিতে দীর্ঘদিন ধরে বুল্টন, বি.ডি. সিং, সেলিম, দুলাল ব্যানার্জি এবং সুশান্ত ঘোষদের পুষে রেখে বলছেন যে সমাজবিরোধীদের দূর করব। ফলে উনি গর্বাচভের মতন পাল্টাচ্ছেন কিন্তু চীনাদের মতন ক্ষমতাটা দখলে রাখছেন—রাজনৈতিক ক্ষমতা—লাঠি, টাঙ্গি দিয়ে গ্রামাঞ্চলে ক্ষমতা দখলে রাখছেন। চীন পুঁজিপতিদের নিচ্ছে পার্টিতে আর বুদ্ধদেববাবু পুঁজিপতিদের নিয়ে আলিমুদ্দিন স্ট্রিটে মিটিং করছেন তাতে ওর কোনো অসুবিধা নেই। কিন্তু ওদের মতন হুঁশিয়ারি দিয়ে বলছেন যে দরকার হলে তিয়েন আন মেন স্কোয়ার করে দেব এটা মনে রেখো। আইনজীবীদের ওর পার্টির সেক্রেটারিকে দিয়ে ধমকাচ্ছেন এই বলে যে বেশি ধর্মঘট কর না, ধর্মঘট ভেঙে দেব। তারপর বুদ্ধদেববাবু কখনও বলছেন যে আমরা শ্রমিকদের সঙ্গে আছি আবার কখনও বলছেন যে শ্রমিকদের আন্দোলনে হিংসা হলে চলবে লাঠি। কি ভয়ের কথা। কখনও উনি নরম, কখনও উনি গরম—এই বৃত্তের মধ্যে পুরো সি.পি.এম. রয়েছে। স্যার, আপনি দেখুন একটার পর একটা সিদ্ধান্ত ওরা নিচ্ছেন এবং তারপর কি হচ্চে। ওরা বলছেন এটা কল্যাণকর রাজ্য, এখানে শিক্ষা, স্বাস্থ্য-এর ব্যাপারে আমরা মানুষকে সাহায্য করব। আবার উল্টোদিকে দেখুন সরকারী হাসপাতালগুলিতে চার্জ ৮ থেকে ১০ গুণ বাড়িয়ে

দিলেন। বলছেন যে ১২ ক্লাস পর্যন্ত বিনা বেতনে শিক্ষা দেওয়া হবে অথচ কলেজগুলিতে ফিস বাড়াচ্ছেন ৫ গুণ। ইঞ্জিনিয়ারিং কলেজে ৪ হাজার টাকা মাহিনা—প্রাইভেট কলেজে। এমনকি বর্ধমান ইউনিভার্সিটিতে পোস্ট গ্র্যাজুয়েট পড়তে গেলে আড়াই হাজার টাকা মাসে মাহিনা। অনেক লোকের মাস মাহিনাই এটা নয়। ওরা বলছেন যে আমরা বিলগ্নীকরণের বিরুদ্ধে আবার ওরাই সুন্দরবন সুগার বিট এবং ইন্ডিয়ান পেপার পাল্প বন্ধ করে দিচ্ছেন। বলছেন ১২টা সংস্থাকে ওরা বিলগ্নীকরণ করবেন। কিন্তু একথা বলছেন না যে প্রাক্তন মুখ্যমন্ত্রীর ঘনিষ্ঠ আত্মীয়কে ২০ বছর ধরে পুষে রেখে ইন্ডিয়ান পেপার পাল্প লোকসান বাড়িয়েছেন। তারা বলছেন যে বিলগ্নীকরণের রাস্তায় যাব না অথচ এই কাজ করছেন। বলছেন যে সরকারী কর্মচারীদের এবং শিক্ষকদের চাকরির অধিকারের জন্য আমরা লড়ব আবার বলছেন যে কনট্রাক্ট প্রসেসে সরকারী কর্মচারী, শিক্ষক এবং হাসপাতালের সিকিউরিটি স্টাফ নিযুক্ত করা হবে।

[6.30–6.40 p.m.]

বলছেন, আমরা সাধারণ মানুষের পক্ষে। আর টালিনালায় বেলেঘাটা খালের ধারে নির্মমভাবে পুলিশ দিয়ে গরীব মানুষগুলোকে উচ্ছেদ করছেন। ইংরাজিতে বলতে হয় ইউ দি রিয়াল বুদ্ধদেব স্টান্ডআপ। আসল বুদ্ধদেব বোঝা দায়। রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয় 'অনেক কথা যাও গো বলে কোনো কথা না বলি, তোমার ভাষা বোঝার আশা দিয়েছি জলাঞ্জলি'। ওনার কথা বোঝা যাচ্ছে না। ওনারা ক্ষমতায় এসে ইথোরের মাস্টারমশাইকে ছেড়ে দিয়েছেন। নকশাল আন্দোলনের নেত্রী ভারতী তরফদারকে ছেড়ে দিয়েছেন। আজকে ৫ জন কলেজের ছেলে মেদিনীপুরের গ্রামে গিয়েছিল দেখতে কিভাবে পিপলস ওয়ার গ্রুপের অত্যাচার হচ্ছে। তাদের জেলে ঢুকিয়ে দিয়েছেন। কে.এল.ও.-র নামে নির্বেদ রায় বলেছেন কি নির্মম অত্যাচার হচ্ছে। পেট্রোলিয়াম ইনজেকশান দেওয়া হয়েছে অপরাধীদের গোপন স্থানে। এই-ই বুদ্ধদেববাবু বলছেন কৃষকদের জমি দিতে হবে আবার ম্যাকেনসিকে বলছে কনট্রাক্ট প্রথায় চাষ করতে। বামফ্রন্ট সরকারের কি নীতি আমি জানি না। আজকে খুব গলা ফুলিয়ে বলছেন ইলেকট্রিসিটি রেগুলেটরী কমিশন সিদ্ধান্ত নিয়েছে ক্রস সাবসিডি বন্ধ করে দেবে। বলছেন যে তার বিরুদ্ধে আন্দোলন করতে হবে। অনিল বিশ্বাস মহাশয় তো রাস্তায় নেবে গেলেন। ১৯৯৮ সাল থেকে ২০০২ সাল, এই ৪ বছর কি আপনারা ঘুমোচ্ছিলেন ? এতদিন আন্দোলনের কথা মনে হয় নি ? আপনার সরকার ইলেকট্রিসিটি রেগুলেটরী কমিশনের ক্রস সাবসিডি তুলে দেবার কথা বলছেন, সেই জন্য আজকে আপনারা মামলা করতে যাচ্ছেন ২৯.৫ ধারা বাতিল করতে হবে বলে। আগে কেন বলেননি ? সুপ্রিম কোর্টের মামলার ব্যাপারে মানববাবু দেবপ্রসাদবাবুকে অনেক কথা বললেন, আমরা তো বলেছিলাম স্টেট গভর্নমেন্টে সুপ্রিম কোর্টের ওই মামলায় পার্টি হতে। পার্টি হল না কেন ? আজকে সুপ্রিম কোর্ট ক্রস সাবসিডি তুলে দেবার কথা বলছেন, আপনাদেরই নিয়োগ করা বিচারপতি ক্রস সাবসিডি তুলে দেবার কথা বলছেন। আজকে আপনারাই এই অবস্থায় নিয়ে গিয়েছেন। আপনাদের বিচিত্র নীতি। সরকারী কর্মচারীদের রিটায়ারমেন্ট এজ বাড়িয়ে দিলেন আর

শিক্ষকদের রিটায়ারমেন্ট এজ কমিয়ে দিলেন। কোনটা আপনাদের নীতি আজ পর্যন্ত বুঝতে পারলাম না। আপনারা বলছেন অধীর চৌধুরী খুব খারাপ, আজকে সকালে এখানে বিধানসভায় বলছেন কংগ্রেস খুব খারাপ, কংগ্রেসের বিরুদ্ধে আপনারা কথা তুলেছেন। কিন্তু আপনাদের সুরজিতবাবু সোনিয়া গান্ধি এবং মুলায়েম সিং-এর ঘটকালি করছেন। ভাবনগরে ভাব করে জামানত জব্দ করছেন। Which is the real CPM ? Will it stand up ? আমি জানি বুদ্ধদেববাবু, আপনার এই সঙ্কোচ কেন। কেন আপনি দুটো গলায় কথা বলছেন আই নো। তার কারণ রাজ্যে অভূতপূর্ব অর্থনৈতিক সঙ্কট। ২৫ বছর ধরে বিকল্প অর্থনীতির কথা বলার সময় আপনারা থপথপ করে হাততালি দিয়েছেন, আজকে সেই বিকল্প অর্থনীতির কি অবস্থা নিশ্চয়ই বুঝতে পারছেন। আজকে ৭৫ হাজার কোটি টাকা ঋণ এবং ৪৩ হাজার কোটি টাকা রেভিনিউ ডেফিসিট। আগে কোনোদিন হয়নি। আপনারা শুরু করেছিলেন ১৮১ কোটি টাকা দিয়ে, আপনারা সেটাকে নিয়ে গিয়েছেন ৮১৪২ কোটি টাকা ডেফিসিট। সরকারী কর্মচারী শুধু ১৯৭৭ সাল থেকে ১৯৭৯ সাল পর্যন্ত নিয়োগ করেছেন ৬৩ হাজার। আজকে তার বোঝা বইতে হচ্ছে আপনাদের। অসীমবাবু বড় গলা করে মাস্টারদের কথা বললেন। আপনার সম্প্রতি রিপোর্ট বেরিয়েছে প্রাথমিক শিক্ষার কি অবস্থা। According to the Education Department, 14,350 Schools in DPEP. ৫টি জেলায় ব্রিটিশ গভর্নমেন্টের টাকা দিয়ে এই প্রোজেক্ট করেছেন। আপনার রেজাল্ট কি জানেন ? ১৪৩৫০টি স্কুলের মধ্যে ৪২০০ স্কুলে ড্রিংকিং ওয়াটার ফেসিলিটি নেই, কোনো পানীয় জলের ব্যবস্থা নেই। ১৪৩৫০টি স্কুলের মধ্যে ১০৫০০টি স্কুলে টয়লেট ফেসিলিটি নেই। আপনারা মাস্টারদের মাইনে বাড়িয়েছেন। আপনারা বিদেশী ঋণের বিরুদ্ধে বলেন। ভারতবর্ষে আজকে ৬৭ বিলিয়ান ডলার ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ আছে। ফরেন এক্সচেঞ্জের কোনো অভাব সারা ভারতবর্ষে নেই। কিন্তু আপনারা যেখানেই বিদেশী ঋণ পাচ্ছেন সেখানেই নিচ্ছেন। নিরুপমবাবু ডি.এফ.আই.ডি.-র কাছ থেকে কারখানা বন্ধ করার জন্য লোন নিচ্ছেন। প্রাইমারি স্কুলের ক্ষেত্রেও ব্রিটিশ সংস্থা ডি.এফ.আই.ডি.-র কাছ থেকে লোন নিয়ে চালাচ্ছেন। ব্রিটিশ গভর্নমেন্টের কাছ থেকে টাকা নিয়ে রাজ্যের প্রোজেক্ট করছেন। আর এদিকে মানুষের কাছ থেকে অর্থ নিচ্ছেন আপনারা বিদেশী ঋণ নেবেন আর বলবেন বিদেশী ঋণের বিরোধী এটা তো হতে পারে না। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কাছ থেকেও টাকা নিচ্ছেন। আজকে অর্থনীতিটাকে আপনারা এমন জায়গায় নিয়ে এসেছেন যে এই রাজ্য আর এগোতে পারবে না। হলদিয়ার মিৎসুবিশি ছাড়া আর কোন শিল্প এখানে এসেছে। খালি তো শুনছি আসছে— রিলায়েন্স আসছে আর কত সব আসছে, কবে তারা আসবে জানি না। তারা এসে কি আপনাদের খালি ভাঁড় ভরিয়ে দেবে। আজকে পশ্চিমবঙ্গে গত দেড় বছরে বুদ্ধদেববাবু এই মুখ্যমন্ত্রীত্ব টেক ওভার করার পরে মানুষের উপরে এক অভূতপূর্ব আর্থিক সঙ্কটের জন্য করের বোঝা চাপিয়ে দিয়েছে। সর্বত্র কর—পেট্রোল-ডিজেলের দাম বেড়েছে, তার ওপরে আবার সেস বসানো হয়েছে। কোর্ট ফি বাড়ানো হয়েছে, মোটর ভেহিক্যালস্ ট্যাক্স বেড়েছে, হসপিটালের চার্জ বেড়েছে, আরো কি আসবে জানি না। অসীমবাবু তো ঋণের জালে জড়িয়ে আছেন, বছরে ৭ হাজার কোটি টাকার ঋণ শোধ করতে হয়। রাজ্যের ইনফ্রাস্ট্রাকচার তৈরি

করার জন্য রিলায়েন্সের কাছে যাবেন, ওঁরা কি ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে দেবে ? রাজ্যের যা অবস্থা তা হচ্ছে তো ভাঁড়ে মা ভবানী, আপনাদের এখন ঢাকের দায়ে মনসা বিকিয়ে যাচ্ছে। এই অবস্থাতে কিছু লোকের উপরে করের বোঝা চাপিয়ে দিলেন। তার প্রতিবাদ করতে গেলে আপনাদের ঠেঙারে বাহিনী আছে যথা দুলাল, বুল্টন এবং সুশান্ত ঘোষের মতো লোকেরা, যারা মানুষের প্রতিবাদ স্তব্ধ করে দেয়। আজকেই কোর্ট ফিয়ের ব্যাপারে আইনজীবীদের যে আন্দোলন ছিল তাতে শ্রীরামপুরে আইনজীবীদের আন্দোলনে পুলিশ লাঠিচার্জ করেন এবং ২৫ জন আইনজীবী আহত হন। আপনারা স্টাইফেল দি ডিসেন্ট মানুষের প্রতিবাদ করার অধিকার স্তব্ধ করে দেন। মানববাবু খুব বড়াই করে হিটলারের কথা, মুসোলিনির কথা বলে গেলেন। আমি আপনাকে ওই পুরনো হিটলার, মুসোলিনির কথা বলছি না, আমি আপনাকে মনে করিয়ে দিচ্ছি যাঁদের নাম, তাঁরা খুব পুরনো নয়, হোনেকার, চেসেস কু এঁরা হচ্ছে কমিউনিস্টের দুর্নীতির ব্যর্থ নেতা—কি অবস্থা এঁদের হয়েছে। তাই আজকে আমরা আপনাদের বিরুদ্ধে নো কনফিডেন্স এনেছি আপনাদের বিরুদ্ধে কারণ আপনারা তো সহজে ছাড়বেন না, আপনারা ছাড়তে জানেন না। কিন্তু আপনাদেরও একদিন ওই নেতাদের মতো অবস্থা হবেই। আর বুদ্ধবাবু তো অসীমবাবুকে ছাড়বেন না, তাই তিনি বলছেন যে তোমায় ছাড়ে ছাড়ুক আমি তোমায় ছাড়ব না। কিন্তু আমরা আপনাদের ছাড়িয়েই ছাড়ব এই কথা বলে নো কনফিডেন্সের পক্ষে বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের আনা অনাস্থা প্রস্তাবের আলোচনা শেষ হয়ে আসছে, আমিই শেষ বক্তা। এটা একটা অদ্ভুত ব্যাপার বিধানসভা খুললেই একটা করে অনাস্থা প্রস্তাব তৃণমূলের নেতা নিয়ে আসবেন। শ্রী নির্বেদ রায়ের আমার কথাটা বোধহয় পছন্দ হয়েছে এবং সেটাই তিনি পুনরোক্তি করে বলেছেন ক্ষুধার্ত মানুষের গান, এইভাবে তিনি বোঝাতে চেয়েছেন। কিন্তু আপনাদের ভাঙা রেকর্ড, ভাঙা গান আর কতবার শুনব। বারেবারেই তো ভাঙা রেকর্ড শুনতে হচ্ছে। আপনাদের তো ক্ষুধার্ত মানুষের গান নয়, আপনারা ক্ষুধার্ত মানুষের গান তো শোনেননি, শুনে থাকলে এই ভাঙা রেকর্ড এখানে চালাতেন না। আপনাদের প্রতিবারই তো একই কথা শুনছি। তারপরে আজকে হাউসে বিরোধীদলের শেষ বক্তা মাননীয় সদস্য সৌগত রায় আজকে ঠিক পারেননি, সেইভাবে ঠিক বলতে পারেননি। আজকে এই অনাস্থা প্রস্তাবের উপরে সাধারণভাবে যে বিষয়গুলো আলোচনায় এসেছে আমি তারই কয়েকটি বলতে চাই। খারিফ মরশুমে এবার আমন ধান এসেছে। আমাদের আমন ধান ৫ পারসেন্ট বেড়েছে, সেখানে সারা ভারতবর্ষে ১০ পারসেন্ট কমেছে। আশা করছি আমরা ১৪০ মেট্রিক টন অবশ্যই ছাড়াতে পারব। সারা ভারতবর্ষে যেটা বিস্ময়ের বিষয় যে, ধানের দাম পড়ে যাচ্ছে, সেখানে আমরা কি করে তার থেকে বেরিয়ে আসব। কিন্তু তাও আমরা চেষ্টা করছি যাতে খানিকটা বেরিয়ে আসতে পারি এবং সেইজন্য বাজার থেকে কিনে নিতে চাই ধান, চাল। সেই ধান, চাল সংগ্রহ করে পিডিএস-পাবলিক ডিস্ট্রিবিউশান সিস্টেমের মাধ্যমে অন্তত বি.পি.এল.-এ যাতে চালু রাখা যায় তার চেষ্টা করছি। এরজন্য সবরকম যা করার দরকার আমরা করব। এরজন্য এফ.সি.আই. থেকে অন্তত ৪ লক্ষ টন কলেকশান করব।

[6.40–6.50 p.m.]

এখানে বলছে, আমাদের এফ.সি.আই. কিনবে। আর আর.বি.আই. সম্বন্ধে যেটা বলা হল সম্ভবত পরশবাবু বলেছেন, আমাদের গত দুই বছরের হিসাবের গোলমাল ছিল, আমরা আর.বি.আই.-এর গভর্নরকে কথা দিয়েছিলাম, ৭ দিনের মধ্যে তার উত্তর দেব এবং গোলমাল যেটা আছে তার সমাধান করে দেব। আমাদের দপ্তর থেকে চিঠি গিয়েছে, আমরা যে কোনো সময় আর.বি.আই. থেকে টাকা পাব। সেই টাকায় ফুড ডিপার্টমেন্ট তারা ধান তুলবেন। আর একটা দিকে আমরা চেষ্টা করছি, কো-অপারেটিভ ব্যাঙ্ক যেটা আমাদের বেনফেড, আমাদের নরেনবাবু সমবায় দপ্তর, সেই বেনফেড ধান কিনবে, আমাদের কো-অপারেটিভ ব্যাঙ্কের টাকা নিয়ে। এই তিনটি ভাগ। একদিকে এফ.সি.আই., একদিকে গভর্নমেন্ট আর একটা কো-অপারেটিভ ; এই করে আমরা টার্গেট করেছি অন্তত ৫ থেকে ৬ লক্ষ টন ধান তোলার চেষ্টা করব। গত বছরে সাড়ে চার লক্ষ তুলেছিলাম। যাতে অন্তত বাজারের মার্কেট প্রাইস যেটা ওনারা অ্যানাউন্স করেছেন, সেটা উঠছে না, খানিকটা আমরা যদি নামাতে পারি তাহলে ধানের দাম থাকবে। বি.পি.এল-এর ব্যাপারে মাননীয় সদস্যরা বলেছেন, তাঁদের জানা উচিত, আমাদের বি.পি.এল.-এর চূড়ান্ত তালিকা হয়ে গেছে, কিন্তু তালিকা কখনই চূড়ান্ত হয় না। সব সময় অ্যাকিউরেট এটা করা যায় না। এটা সব সময়, একটা অংশ বি.পি.এল.-এ যাদের থাকা উচিত নয়, তারা ঢুকে আসতে চান, আবার এটাও হয়, সত্যি গরীব মানুষ, তাঁর নামটা উঠল না। এখানে আমাদের রাজ্যে নবম পরিকল্পনার শেষে ছিল ৪৪ শতাংশ, দশম পরিকল্পনায় শুরুতে দাঁড়িয়েছে, ওয়ার্ল্ড ব্যাঙ্ক—ন্যাশনাল স্যাম্পেল সার্ভের রিপোর্টের উপর বলছে ২৬ শতাংশ। কিন্তু আমাদের তালিকাও সম্পূর্ণ নয়। সেখানে বেশ কিছু নাম আছে, এটা থাকা উচিত নয়, এইসব সত্ত্বেও নবম পরিকল্পনার শুরুতে ছিল ৪৪ শতাংশ। এই বছরে আমরা যখন শুরু করছি, দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, তখন ৩৬ শতাংশয় নেমেছে। বি.পি.এল. কার্ড সব ছাপা হয়ে গেছে, সদস্যদের স্মরণ করা উচিত যে কলকাতায় একটা কেন্দ্রীয় অনুষ্ঠান করে আমি সেটা শুরু করি এবং তিন মাসের মধ্যে বি.পি.এল. কার্ড পৌঁছে যাবে। এটা হচ্ছে মাল্টিপারপাস কার্ড। যে কার্ডে সাবসিডাইসড রেশন পাবে, স্কুল এডুকেশান, কলেজ এডুকেশান, গভর্নমেন্ট হাসপাতালে ফ্রি মেডিকেল ট্রিটমেন্ট পাবে। এইগুলি পাবে বি.পি.এল. হিসাবে। তিন মাসের মধ্যে আমরা এই মাল্টিপারপাস কার্ড দেব, কার্ড ডিস্ট্রিবিউশান শুরু হয়ে গেছে। শিক্ষা এবং বিদ্যালয়ের ব্যাপারে যে কথা উঠেছে, এখানে অর্থমন্ত্রী বলেছেন, আমি বলছি, এইসব কথাবার্তা আপনাদের মুখে মানায় না। আপনাদের সময় শিক্ষকদের মাহিনা ছিল না ; সম্মানও ছিল না। আমরা দুটোই ফিরিয়ে এনেছি। আমাদের রাজ্যে শিক্ষকদের ৯৮ ভাগের দায়িত্ব আমরা নিয়েছি, কোনো রাজ্য আমাদের ধারে কাছে নেই। ৯৮ ভাগ শিক্ষক এবং শিক্ষাকর্মীদের দায়িত্ব আমাদের। এই যে, এই সমালোচনাটা, এটার মানে হয় না। এই যে কথাগুলি বলা হচ্ছে, 'মুচলেকা'—এই ভাষাটা আমরা কোনোদিন ব্যবহার করিনি। আমরা কোনোদিন এই কাজ করিনি। যেটা সাধারণ নিয়ম আছে, ইউনিভার্সিটি স্ট্যাটিউটগুলি পড়ে নিন। ইউনিভার্সিটি

স্ট্যাটিউটে কি আছে, যদি কেউ স্কুলে বা কলেজে বা ইউনিভার্সিটিতে শিক্ষা দেয়, সে অন্য কোথাও শিক্ষা দিতে পারে কিনা। 'মুচলেখা' বলে কোনো কথা নেই, বোঝার চেষ্টা করুন। আমরা চাই সংখ্যাগরিষ্ঠ শিক্ষক তাঁরা দায়বদ্ধ, তাঁরা মানুষ গড়ার কারিগর, কিন্তু একটা অংশের শিক্ষক তাঁরা দায়িত্ব পালন করছেন না, স্কুলে না গিয়ে, কলেজে না গিয়ে, তারা বাড়ীতে টিউশানি করছেন। সংখ্যাগরিষ্ঠ শিক্ষক হচ্ছেন দায়বদ্ধ। কিন্তু একটা অংশ আছে, তাঁরা দায়িত্ব পালন করছেন না। তাঁদের আমরা চাই, তাঁদের দায়বদ্ধতা নিশ্চিত করতে, তারজন্যই আমাদের এই কাজ করতে হচ্ছে। এর বাইরে কিছু নেই। হাসপাতালের ব্যাপারে এখানে বলা হয়েছে। হ্যাঁ, এই ব্যাপারে আমরা চিন্তা-ভাবনা রেখেছি। সারা ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্যই হচ্ছে একমাত্র রাজ্য, যেখানে গ্রাম শহর মিলিয়ে প্রায় সত্তর ভাগ মানুষ সরকারী হাসপাতালে চিকিৎসার সেবা পায়। আর কোনো রাজ্য আমাদের ধারে কাছে নেই। হ্যাঁ, আমাদের স্বাস্থ্য প্রশাসনে সমস্যা আছে, শৃঙ্খলায় সমস্যা আছে, পরিবেশের সমস্যা আছে। কিন্তু সত্তর ভাগ মানুষকে আমরা স্বাস্থ্য পরিষেবা দিই এটা কম কথা নয়। আর আমাদের রাজ্যে বেশিরভাগ হাসপাতালই হচ্ছে ফ্রি বেডের।

(গোলমাল)

উপরতলার কিছু ক্ষেত্র ছাড়া, যাদের পয়সা দেওয়ার ক্ষমতা আছে তাদের কাছ থেকে পয়সা নেওয়া হয়। আমি হাসপাতাল ধরে ধরে আপনাদের দেখিয়ে দেব, কতগুলো হাসপাতালে ফ্রি বেড আছে এবং কতগুলোতে পয়সা দিতে হয়। আর চার্জ যেটা আমরা বাড়িয়েছি সেটা কলকাতা শহর এবং প্রাইভেট নার্সিং হোমগুলোতে যে টাকা নেয়, তার থেকে ৩৬ ভাগ কম নিই আমরা সরকারী হাসপাতালগুলোতে।

এরপরে আমি কোর্ট ফি নিয়ে আসছি। কোর্ট ফি নিয়ে এখানে দু-তিন দিন আলোচনা হয়েছে। কল্যাণ ব্যানার্জী এটা ঠিকই বলেছেন যে অর্ডিন্যান্স করার সময় আমাদের কিছু সমস্যা ছিল। মাইন্ড অ্যাপ্লাই করে এটা করা হয়নি। আমরা বার কাউন্সিলের সঙ্গে দুবার বসেছি এবং আইনমন্ত্রীকে নিয়ে বসেছি। এই ব্যাপারে আমরা অন্যান্যদের মত নিয়েছি, বিরোধীদের মত নিয়েছি, শরিক দলের মত নিয়েছি এবং যতটা সম্ভব আমরা নতুন করে আইনটাকে করেছি। যেদিন এই ব্যাপার নিয়ে হাউসে আলোচনা হবে, তার একঘণ্টা আগে, একেবারে শেষ মুহূর্তে অরুণাভ ঘোষ ও কল্যাণ ব্যানার্জী এবং নিশীথবাবুকে নিয়ে বসেছিলাম। দুটো ব্যাপারে আমরা একমত হয়েছিলাম—ক্রিমিনাল কেসের ক্ষেত্রে কোর্ট ফি লাগবে না। এছাড়া কিছু গ্রে এরিয়া আছে যেখানে কিছু বিভ্রান্তি আছে। আর ওনারা বলেছিলেন গরীবদের হাজিরা ফি তুলে নিন। এই দুটো জিনিস নিয়ে আমাদের আলোচনা হয়েছিল এবং আমরা বলেছিলাম এর বাইরে আমরা যেতে পারব না। কারণ আমাদের কোর্ট ফি বাড়াতে হবে। একজন এখানে বক্তৃতা করার সময় বললেন, ৩২ বছর কি আপনারা ঘুমোচ্ছিলেন ? আমি মেনে নিচ্ছি। বাকি যেটা করেছি সেটা পাল্টানোর অবস্থা আমাদের নেই। আরেকজন এখানে বললেন এতে নাকি বিচার-ব্যবস্থা ভেঙে পড়বে ? আমাদের গণতন্ত্র এত দুর্বল নয় যে ভেঙে পড়বে।

বিদ্যুতের দামের ব্যাপারে এখানে অনেকে বলেছেন। এই ব্যাপারে আমাদের অবস্থান খুবই পরিষ্কার। রেগুলেটারি কমিশন হচ্ছে একটা কোয়াশি জুডিশিয়াল বডি এবং এটা এমন একটা সংস্থা যার বিরুদ্ধে সরকার কিছু করতে পারে না।

(গোলমাল)

তারা যা বলছে সেই ব্যাপারে আমরা তাদের সঙ্গে একমত নই। আমাদের চিন্তা যারা ছোট কনজিউমার, যারা ডোমেস্টিক কনজিউমার এবং গ্রামে বিদ্যুৎ ব্যবহার করে যে চাষীরা তাদের ব্যাপারে। কারণ এরা সবচেয়ে বেশি আঘাত পাবে। আমরা এটার জন্য হাইকোর্টে যাব, এই হচ্ছে আমাদের সিদ্ধান্ত। ১৯৯৮ সালের অ্যাক্টকে পরিবর্তন করার জন্য আমরা চিঠি লিখেছি প্রধানমন্ত্রীকে এবং গতকালই সেই চিঠি পাঠিয়ে দেওয়া হয়েছে।

(গোলমাল)

চিৎকার করবেন না, শুনুন। তাদের রায় পাবার পরে তো আমরা চিঠি দেব। এখন এই ব্যাপারে আমরা আইনের পথে যা আছে সেই পথে যাব এবং রাজনৈতিক স্তরে আমরা আন্দোলন করব।

আরও দু-একটা কথা এখানে বলা হয়েছে। সৌগতবাবু খুব লুসলি বলেছেন ম্যাকিনসের ব্যাপারে। আই.টি. অ্যাগ্রো বেসড্ ইন্ডাস্ট্রি ও অ্যাগ্রো বিজনেসের কিন্তু কোনো জায়গায় তারা বলেনি কন্ট্রাক্ট ফার্মিঙের ব্যাপারে। ম্যাকিনসের রিপোর্ট তো বেরিয়েছে। মুশকিল হচ্ছে আপনারা খবরের কাগজ পড়ে বক্তৃতা করেন। ওই রিপোর্টের অ্যাগ্রো বিজনেসের পার্টটা আপনারা দেখে নেবেন।

(ভয়েস : ম্যাকিনসের রিপোর্ট তো আপনারা হাউসে প্লেস করেননি। আমরা জানব কি করে সেখানে কি লেখা আছে।)

ম্যাকিনসের রিপোর্ট হাউসে সবাইকে দিতে গেলে আবার খরচ অনেক হবে। ম্যাকিনসের রিপোর্ট বিরোধী নেতাদের একজনকে দিতে পারি, যদি আপনারা চান।

[6.50–7.00 p.m.]

একটা জিনিস মনে হচ্ছে, আইন-শৃঙ্খলার প্রশ্নে—আমি অন্য বিষয়ে যাচ্ছি না, সকালে এক ঘণ্টা আলোচনা হয়েছে। সব দলকেই আমার অনুরোধ, কে.এল.ও.-র ব্যাপার এবং পিপ্‌লস ওয়ার গ্রুপের ফেনমেনান এই দুটোকে ছোট করে দেখবেন না। কে.এল.ও. একটা আন্তর্জাতিক ব্যাপার। (নয়েজ)। শুনুন পঙ্কজবাবু। ...এরকম করলে বক্তৃতা করা যায় না। চিৎকার করবেন না। ....কে.এল.ও.-এরা আলফা, বোড়ো, নাগা, এসব টেরোরিস্ট আউটফিটদের সঙ্গে ভুটানে ট্রেনিং নিচ্ছে এবং পেছনে আছে আই.এস.আই। এই ডাইমেনশন বা মাত্রাটা বোঝার চেষ্টা করুন। আই.এস.আই. তাদের পেছনে আছে এবং জয়েন্টলি অপারেট করছে। আমি কোনো দেশের নাম বলছি না, আমাদের প্রতিবেশী দেশে হচ্ছে। পিপ্‌লস ওয়ার

গ্রুপ, এরা আমাদের দেশের নকশালবাড়ি আন্দোলনের ধ্বংসাবশেষ নয়, এটা অন্য ফেনোমেনান এটা অন্ধ্রের। বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড হয়ে আমাদের এখানে এসেছে। আমাদের এখানে তাদের দুজন নেতা আছে, তেলুগু। (নয়েজ) রাষ্ট্রের বিরুদ্ধে যখন, তখন রাষ্ট্রদ্রোহী। পঙ্কজবাবু, আপনি আগ্রহী থাকলে পিপ্‌লস ওয়ার গ্রুপের প্রোগ্রাম পাঠিয়ে দেব। এই ধরনের দলগুলো সম্পর্কে এরকম মনোভাব দেখাবেন না। আর, এদের নাম করে কংগ্রেস বা তৃণমূল কংগ্রেসের উপর অত্যাচার করার কোনো ইচ্ছা আমাদের নেই, সময়ও নেই।

আর একটি বিষয় আমাকে বলতে হবে। এখানে, বোধহয় পরশবাবু না বলেছেন—পরিষ্কারভাবে বলুন ইন্ডাস্ট্রিতে কি হচ্ছে ? ইন্ডাস্ট্রির ব্যাপারে কয়েকটি তথ্য বলছি। প্রথমত, এখানে বলার চেষ্টা হ'ল যে, আমি বলেছি আগে নাকি কিছুই হয়নি, এখন হচ্ছে। ১৯৯৪ সালে, যখন জ্যোতি বসু মুখ্যমন্ত্রী, তখন আমাদের শিল্পনীতি প্রথম প্রকাশ করা হয়। ১৯৯১ সাল পর্যন্ত জটিলতা ছিল, লাইসেন্স রাজ ছিল। লাইসেন্স রাজ উঠে যাবার পর আমরা পুরো সুযোগ নিয়েছি। ১৯৯১ সালের মনমোহন সিং-এর সিদ্ধান্ত—নিজে করেননি, ওয়ার্ল্ড ব্যাঙ্কের চাপে পড়ে করতে হয়েছে, এটা একটা শাপে বর হয়েছে—লাইসেন্স উঠে যাবার পর আমরা ১৯৯৪ সালে শিল্পনীতি ঠিক করি। ঠিক করার পর রাজ্যের একটা সমস্যা দেখা যায়। অনেকে বলেছেন, আমিও মানছি, একদিকে কারখানা বন্ধ হওয়া একটা ব্যাপার, এটা সারাদেশেরই, শুধু আমাদের দেশেই নয়, সব দেশেই হচ্ছে। আর একটা হচ্ছে, ম্যানুফ্যাকচারিং ইউনিটের উপর বেশি আঘাত আসছে। ম্যানুফ্যাকচারিং ইউনিট বেশি থাকবে না, আস্তে আস্তে সার্ভিস সেক্টর বেড়ে যাচ্ছে।

অশোক বলছিল, চা বাগানের অবস্থা ভালো নয়, এক্সপোর্ট মার খাচ্ছে। এদিকে ১৪টি জুট মিল বন্ধ হয়ে গেছে। ৫৬টির মধ্যে ১৪টি কেন্দ্রীয় সরকার বন্ধ করেছে। বাকিগুলিতে নৈরাজ্য চলছে। সবচেয়ে মার খাচ্ছে ইঞ্জিনিয়ারিং শিল্প। বার্ন, ব্রেথওয়েট, জেশপ ইত্যাদি সব চলে যাচ্ছে। এইগুলো একটা দিক। এই বাস্তবতা মাথায় রেখেই বলছি, যতটা পারা যায় ঠেকানো।

আমাদের ইনভেস্টমেন্ট নিয়ে বলছি। আমি একটা দশক বলছি, ১৯৯১ থেকে ২০০২ পর্যন্ত। প্রপোজাল এসেছিল ২৯৩৬, আমরা করতে পেরেছি ৬৩৫। এই ১০ বছরে এই রাজ্যে ইনভেস্টমেন্ট হয়েছে ২১,৬২৫ কোটি টাকা।

আমি তিনটি জায়গায় শুধু বলব—সেটা এনকারেজিং হচ্ছে। আয়রন এবং ইস্পাত এটা ঘুরে এসেছে। দুর্গাপুর আসানসোলে আবার নতুন করে বান এসেছে। ফ্রেট রেগুলেশান চলে যাবার পরে ১৩৫টি কারখানা হয়েছে। ৬ হাজার ৫৭৯ কোটি টাকা কেমিক্যালস এবং পেট্রোকেমিক্যালসে বিশেষ করে এইচ.পি.এল. হওয়ার পরে ৪৭টি ইউনিট হয়েছে। কেমিক্যালসে ৯ হাজার ১৪৪ কোটি টাকা। প্লাস্টিক্স-এ বড় ছোট মাঝারি মিলিয়ে ৫৫০টি হয়েছে। বড় হয়েছে ৩৪টি, নীলকমলের মতো। ৩৭৬ কোটি টাকার। সিমেন্ট গ্লাস সেরামিকস একসঙ্গে বলা হয়, ৪২টি ইউনিট হয়েছে। গ্লাস সেরামিক মিলিয়ে ৮৪২ কোটি টাকা।

ইলেকট্রিক, ইলেকট্রোনিক্স গুড্‌সে ৩৬টি কারখানা হয়েছে, ৮১১ কোটি টাকার। আই.টি.-র ব্যাপারে মানব বলেছে। আমি বলতে চাই কেন আই.বি.এম. ছুটে আসছে। আই.টি.-তে যেটা মানব বলেনি, আসছে তো। মাইক্রোসফ্‌ট আসছে। এসেছে তো ? প্রাইস ওয়াটার হাউস এসেছে। এসেছে তো ? সৌগতবাবু বললেন "প্রেমজী দেখাচ্ছেন ?" আমি প্রেমজী দেখাচ্ছি না। উনি প্রোগ্রাম করে গেছেন। ১৫ মাসের মধ্যে বাড়ী তৈরি হয়ে যাবে। ১৮ মাসের মধ্যে কাজ শুরু হয়ে যাবে। ৫০ কোটি টাকার। উনি সত্যি পারছিলেন না। ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে আঘাত হানার পরে উনি পারছিলেন না। সেই কাজ শুরু হচ্ছে। রিলিজ যেটা করছে ১২০০ কোটি টাকা। নির্বেদবাবু কোথা থেকে শুনলেন ? না জেনে বলবেন না। আমাদের অপটিক্যাল নেটওয়ার্কে যেটা করছে ১২০০ কোটি টাকার বিরাট ইনভেস্টমেন্ট। সেল ফোনের জন্য ওরা একটা ছাড় চাইছে। সারা দেশে কেউ ছাড় দেয়নি। সেই টাকার পরিমাণ আমি জানি না। অসীমবাবু জানতে পারবেন। আমরা রাজি হইনি। কোনো স্টেটে তারা পাননি।

(ভয়েজ : অর্থমন্ত্রী স্বীকার করেছেন যে, এটা আমরা চাই না। ব্ল্যাক মেল করে রিলিফ নিয়ে গেছেন। অর্থমন্ত্রী নিজে বলেছেন।)

এখন যেটা এসেছে সেল ফোন এসেছে। আমরা ছাড়িনি। সৌগতবাবুকে বলি সি.এম.আই.ই. হচ্ছে। এটা নির্ভরযোগ্য।

(ভয়েজ : সি.এম.আই.ই. নয়, সি.আই.আই. বলুন।)

সি.এম.আই.ই তাদের রিপোর্ট হচ্ছে ১৯৯৮—দু হাজার একে কনস্ট্যান্ট আমরা যা করেছি, একবার ৩-এ হয়ে গিয়েছিলাম। এখন আমাদের অবস্থা ইনভেস্টমেন্টে হচ্ছে পঞ্চম। ইনভেস্টমেন্টে হচ্ছে পঞ্চম। একটা কথা বলি ১৬৫টা সফ্‌ট ওয়ার। একটা আই.টি. এনাবেল সার্ভিস আমাদের এখানে চালু হয়েছে। হার্ডওয়ার একটা হয়েছে। সামসং সবে এসেছে। ওরা পারসোনাল কম্পিউটার ইউনিট অ্যাসেম্বলিং করেছে। সফ্‌টওয়ারে যা হয়েছে, তাতে এখন এই মুহূর্তে কাজ করছে ১৪ হাজার ছেলেমেয়ে প্রফেশনালস্, শুধু আই.টি. সেকশানে রাজ্যে দ্বিগুণ হয়ে যাবে। আপনারা সল্টলেকে নিজে একবার ঘুরে বেড়ান নিজের মতো করে। তাহলে দেখবেন কি হয়েছে। এটা একটা রাজনৈতিক প্রশ্ন। সৌগতবাবু কি বলতে গেলেন আমি জানি না। আপনাদের এই অনাস্থা আপনাদের দিক থেকে সঠিক। কিন্তু গুজরাটে এই কাণ্ডের পর যখন নরেন্দ্র মোদী সরকারের প্রতি আপনারা আস্থা জানাচ্ছেন, তখন এখানে অনাস্থা জানাতে বাধ্য এটাই হচ্ছে আপনাদের অবস্থান।

[*7.00–7.10 p.m.*]

এই হচ্ছে আপনাদের অবস্থান। আপনারা এই সরকারের প্রতি অনাস্থা জানালে, আপনাদের এই অনাস্থা আমাদের সম্মান। তাই আপনাদের এই অনাস্থার প্রতি অনাস্থা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ সকালে আমরা যে অনাস্থা প্রস্তাব এনেছিলাম এই সরকারের বিরুদ্ধে তার বিপক্ষে স্বয়ং বুদ্ধদেব ভট্টাচার্য এবং বাছা বাছা তিনজন মন্ত্রীকে দিয়ে, আর সি.পি.এমের সঙ্গে থেকে কিছু পাওয়ার আশায় যে সমস্ত সঙ্গী-সাথী তাদের দিয়ে অনেক কথা বলিয়ে নেওয়ার চেষ্টা করেছেন। আমাদের আনীত অভিযোগ নম্বর এক পশ্চিমবাংলার অর্থনৈতিক মেরুদণ্ড আপনাদের পরিচালিত সরকার ন্যুজ করে দিয়েছে, অভিযোগ নম্বর দুই পশ্চিমবাংলার উন্নয়ন স্তব্ধ করে দিয়ে উন্নয়নের উল্টোদিকে হাঁটছেন, অভিযোগ নম্বর তিন আপনি ইচ্ছে করে নতুন করে এখানকার হিন্দু-মুসলমানের ভেতর একটা বিভাজন রেখা তৈরি করে দিয়ে ঘোলা জলে মাছ ধরার চেষ্টা করছেন। অভিযোগ নম্বর চার একের পর এক কর চাপিয়ে দিয়ে মানুষের উপর ভার চাপাচ্ছেন, অভিযোগ নম্বর পাঁচ পশ্চিমবঙ্গে আই.এস.আই.-এর মুক্তাঞ্চল এবং দুর্নীতিবাজদের আখড়া গড়ে তুলেছেন। আপনার সঙ্গে আপনার মন্ত্রিসভার তিনজন এবং সাহায্যকারী ফরওয়ার্ড ব্লক, আর.এস.পি. শাসক রাজনৈতিক দলের প্রতিনিধিদের একটাও কোনো উত্তর, কোনো যথাযোগ্য জবাব দিতে পারেননি। কারণ আপনার জবাব নেই। আজকে পশ্চিমবঙ্গে অর্থনৈতিক অরাজকতা সৃষ্টি করার জন্য আপনাদের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া দরকার যেভাবে রাজ্য সরকার কোষাগার তছরূপ করছে, যেমন করে পশ্চিমবাংলাকে পিছিয়ে দিচ্ছে, তার থেকে রক্ষা পাওয়ার জন্য কোনো দায়িত্ব পালন করতে পারেননি, দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন। তাই সামগ্রিকভাবে পশ্চিমবাংলার মানুষ নতুন করে অনাস্থা অনাস্থা করবেন না, সংখ্যাগরিষ্ঠতার জোরে আপনারা অস্বীকার করতে পারেন কিন্তু বাংলার মানুষের রায়কে অস্বীকার করতে পারবেন না।

The motion of Shri Pankaj Banerjee that—"This House expresses its want of confidence in the Council of Ministers,"

was then put and a division taken with the following results :

Ayes being 60,Noes being 175,

The motion was lost.

RESUME OF BUSINESS

Mr. Speaker : Today, the 19th December, 2002 is the last day of the Fourth Session of the Thirteenth Assembly. Before I adjourn the House Sine-die. I would like to narrate in brief the business transacted during the Fourth Session of the Thirteenth Assembly.

1. Questions :

1. (A)	Total number of Notices of Questions received		539
	(i) Short Notice	...	NIL
	(ii) Starred	...	387
	(iii) Un-Starred	...	152
(B)	Total number of Questions admitted		347
	(i) Short Notice	...	NIL
	(ii) Starred	...	221
	(iii) Un-Starred	...	126
(C)	Total number of Questions disallowed		44
(D)	Total number of Questions replied		101
	(i) Short Notice	...	NIL
	(ii) Starred	...	80
	(iii) Un-Starred	...	21
(E)	(i) Total number of replies to Questions received from the Department but not yet placed in the order paper (Starred & Un-Starred)	...	55
	(ii) Number of Questions pending with the Departments	...	148

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not answered in the House would be treated as un-starred ones and replies thererto would be circulated to the members.

2. Government Bills :

(i)	No. of Bills introduced	...	14
(ii)	No. of Bills passed	...	14

3. Adjournment Motion :

(i)	Notices received	...	42
(ii)	Consent withheld	...	34
(iii)	Out of Order	...	8

4.	**Calling Attention Notice :**		
	(i) Notices received	...	44
	(ii) Notices admitted	...	7
	(iii) Statement made	...	6
	(iv) Statement to be sent direct to the member concerned	...	1
5.	**Motion under rule 185 :**		
	(i) Notices received	...	10
	(ii) Admitted	...	9
	(iii) Discussed and carried	...	5
	(iv) Discussed and lost	...	2
	(v) Admitted but not discussed	...	2
6.	**No-Confidence motion under rule 199 :**		
	(i) Notices received	...	1
	(ii) Leave granted, discussed and lost	...	1
7.	**Statement by the Ministers' under rule 346 :**		
	Statements made	...	2
8.	**Discussion on Statement, etc. under rule 319 :**		
	(i) Notices received	...	6
	(ii) Notices disallowed	...	5
	(iii) Notice admitted & discussed	...	1
	(iv) Notice of Substantive Motion received	...	1
	(v) Notice of Substantive Motion admitted, moved and lost	...	1
9.	**Laying of Ordinances :**		
	(i) Notices received	...	4
	(ii) Ordinances laid	...	4
10.	**Laying of Rules, Notification, etc.**		
	(i) Notices received	...	3
	(ii) Rules laid	...	3

11.	**Laying of Annual Reports and Accounts of Government Companies and undertakings, etc.**		
	Reports laid	...	32
12.	**Privilege Issues :**		
	(i) Notices received	...	3
	(ii) Under examination	...	3
13.	**Mention Cases**	...	185
14.	**Zero Hour**	...	80
15.	**Numbr of Sittings**	...	9
16.	**Total Hour of Sittings**	...	53 hours 39 minutes (upto 6 p.m.)

[7.10–7.20 p.m.]

FELICITATION

Mr. Speaker : Hon'ble Members, this was a very very busy session. Lots of business have been transacted in this short span of time.

I am grateful to the Hon'ble Chief Minister, his cabinet colleagues, the Parliamentary Affairs Minister, Leader of the Opposition, the Deputy Speaker, Shri Atish Chandra Sinha and other group leaders, Chief Government Whip, Opposition Whip and each and every member for their cooperation and participation in this session. Though it was very short but it was very important, one of the remarkable sessions, no question was held over. Every question was ready for answer. One or two members were not present. But the Minister was all present and all the questions were ready for answer. That has been a remarkable change and very healthy change.

And I hope this trend will continue. The performances have been better in this Session. Unfortunately, at the fag end, one or two incidents have taken place. This should not have taken place but probably things do not happen sometime, in spite of our best attempts but we should try to avoid it. We work for the interest

of the people and our endeavour should be maintained with dignity and decorum of the Parliament. It is through this process we work here. Unless we do that nothing will be fruitful whatever social change we are bringing. I personally believe that people's revolution is the best method for but till that time I do not know when that time comes or whether it comes or not, will come at all. This is the best available system we have to make use and everybody should cooperate and serve people through.

We will meet again in the Budget Session. There will be long interregnum. I might be going to Trinidad and Tabago. I have been invited to address the members of Trinidad and Tobago and to Bahama for post election orientation camp for newly elected members of Parliament. This is the golden jubilee year of Parliament all over India. Lok Sabha is celebrating the golden jubilee year. We will celebrate later on. We will have our programmes but I look forward to all these programmes. We will be meeting in the presiding officers' conference in the first week of February, in Maharashtra this year. In 2004, the conference will be held in Calcutta as it was held in 1984. This time I will call upon the Chief Minister the Leader of the Opposition and Deputy Speaker to reply. Thank you.

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্প সময়ের বিধানসভার অধিবেশন আজকে শেষ হচ্ছে। গত ৯ তারিখ থেকে শুরু করেছিলাম আজ তার সমাপ্তি। আপনি যে দক্ষতা এবং বিচার-বুদ্ধি নিয়ে এই সভা পরিচালনা করেছেন তার জন্য আমি প্রথমে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এবং আপনার অনুপস্থিতিতে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যেভাবে সভার কাজ পরিচালনা করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি মাননীয় বিরোধী দলনেতা, তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস-সহ সমস্ত নেতাদের ধন্যবাদ জানাচ্ছি। এই স্বল্প সময়ের মধ্যেও আমরা গুরুত্বপূর্ণ কাজ করেছি এবং বিরোধীদের কাছ থেকে সহযোগিতা পেয়েছি। তাই সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। বিধানসভার সচিবালয় এবং অন্যান্য কর্মচারীদের ধন্যবাদ জানাচ্ছি। আপনাদের এই কয়েকদিনের মধ্যে অনেক পরিশ্রম করতে হয়েছে। আমি প্রচার মাধ্যমের কর্মীদের ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে তারা সঠিকভাবে এখানকার আলোচনাগুলো বাইরে নিয়ে গেছেন। আমাদের পরবর্তী অধিবেশন হয়তো বাজেট অধিবেশন হবে কিন্তু তার মাঝেও আমরা মিলিত হব, কথাবার্তা হবে। আর, সবশেষে দুটো আবেদন জানাচ্ছি। আইনজীবীদের কাছে এই সভা থেকে আবেদন করছি যে, এই অচলাবস্থা কাটাতে আপনারা কর্ম-বিরতি তুলে নিন, কাজে যোগ দিন, দেশের ক্ষতি

হচ্ছে। এছাড়া, তৃণমূল দলের কাছে আবেদন, আমি তো বলেছি, কিন্তু কেন জানি না— আপনারা, বিরোধীদল যদি রাইটার্সে না আসেন তাহলে গোটা দেশের গণতন্ত্রে সুস্থ অবস্থা থাকে না। মাননীয় মেয়র মাঝে মাঝে আসেন, আসতে হয়, আমারও তাঁকে দরকার হয়। কিন্তু বাকি সদস্যরা কেন আসেন না ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, আপনারা রাইটার্স বিল্ডিংসে আসুন এবং সুস্থ, গণতান্ত্রিক সম্পর্ক প্রতিষ্ঠিত হোক।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শীতকালীন এই স্বল্পদিনের অধিবেশনের আজকে শেষ দিন। আমি আবার মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, যেভাবে বিধানসভার অধিবেশনের দিন কমে যাচ্ছে, আমার মনে হয় সেই বিষয়টা সরকারের একটু লক্ষ্য করা উচিত। এই অধিবেশন আগামীকাল পর্যন্ত হওয়ার কথা ছিল। কিন্তু সরকারের কার্যবিধি কমে যাওয়ায় একদিন আগে শীতকালীন অধিবেশনের সমাপ্তি টানতে হয়েছে। যত বেশি আলোচনা করা যাবে তত বেশি সমস্যাগুলোকে পরিপূরক দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার-বিশ্লেষণ করা যাবে এবং আলোচনার মাধ্যমে সমাধানের দিকে এগোতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে বিচক্ষণতার সাথে, ধৈর্য্য নিয়ে, অভিজ্ঞতা নিয়ে সভা পরিচালনা করেছেন তা ধন্যবাদের অপেক্ষা রাখে না। মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই, তিনি প্রায় প্রতিদিন সভায় হাজির থেকেছেন এবং আজ সকাল থেকে তাঁর মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি, তিনি ধৈর্য্য সহকারে আমাদের বক্তব্য শুনেছেন এবং আমাদের প্রশ্নগুলোর উত্তর দেওয়ার চেষ্টা করেছেন, এজন্য ওনাকে ধন্যবাদ জানাই। বিধানসভার সেক্রেটারিয়েট, সচিবালয়ের সদস্যরা তাঁদের দায়িত্ব পালন করেছেন, তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীরা প্রাণপাত পরিশ্রম করেছেন, সকলের সহযোগিতায় শীতকালীন অধিবেশন বাংলার মানুষের কাছে অনেক কিছু পৌঁছে দিতে পেরেছে এবং যাঁরা পৌঁছে দেওয়ার হাতিয়ার হিসেবে কাজ করেছেন সেই মিডিয়ার সকলকে ধন্যবাদ জানাই। সামনের ফেব্রুয়ারী মাসের শেষে আবার অধিবেশন বসবে, আবার আমরা আলোচনা করব, ঝগড়া করব, আবার সিদ্ধান্ত গ্রহণ করব এবং সেই সিদ্ধান্ত বাংলার মানুষের কাছে পৌঁছে দেব। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অতীশ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয় এই স্বল্পকালীন অধিবেশনে আমরা অনেকগুলো বিষয় নিয়ে আলোচনা করেছি এবং এ ব্যাপারে আপনার সহযোগিতা আমরা সর্বক্ষণ পেয়েছি। সেজন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। আপনার সুযোগ্য পরিচালনা ছাড়া এই স্বল্পকালীন অধিবেশনে এতগুলো বিষয় নিয়ে আলোচনা করা হয়তো সম্ভব হত না। তার জন্য আপনি আমাদের সঙ্গে যে সহযোগিতা করেছেন সেজন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনার অবর্তমানে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় খুব যোগ্যতা সহকারে এই বিধানসভা পরিচালনা করেছেন, সেজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাই। তাঁকে ছাড়া অন্যান্য সভাপতি যাঁরা আছেন তাঁরা অনেক সময় এই সভা পরিচালনা করেছেন, এজন্য তাঁদেরকেও ধন্যবাদ জানাই। আমি সরকারী দলের চীফ হুইপ, পার্লামেন্টারি অ্যাফেয়ার্স

মিনিস্টার, বিরোধী দলের নেতা এবং সরকারী দলের সদস্যদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। তাঁরা অত্যন্ত দক্ষতার সঙ্গে বিষয়গুলো এখানে তুলে ধরেছেন। অনেক সময় বাদানুবাদ হয়েছে—আমাদের বক্তব্য হয়তো আপনাদের ভাল লাগেনি, আপনাদেরও অনেক বক্তব্য আমাদের ভাল লাগেনি, কিন্তু শেষ পর্যন্ত আমরা একটা মীমাংসায় আসতে পেরেছি। আরেকটি বিষয় আমি উল্লেখ করতে চাই যে—আমরা এটা রিফর্মস কমিটিতেও আলোচনা করব—সেটা হল যে, প্রশ্ন-উত্তরের সময় দেখা যায় অনেক সময় ১০টা, ১২টা, ১৫টা বা ২০টা প্রশ্ন থাকে, কিন্তু আলোচনা হয় মাত্র ২-৩টি প্রশ্ন। ওই ২-৩টি প্রশ্ন আলোচনা করতে ১ ঘণ্টা নির্ধারিত সময় চলে যায়, কিন্তু অনেক ইমপরট্যান্ট প্রশ্ন আলোচিত হতে পারে না। এই বিষয়টা আপনি নিশ্চয়ই ইমপরট্যান্স দিয়ে বিবেচনা করবেন যাতে এই প্রশ্নগুলো আলোচিত হতে পারে।

তাছাড়া এখানে সাংবাদিক যাঁরা আছেন, আলোকচিত্রী যাঁরা আছেন তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি। এই সচিবালয়ের সকল কর্মীবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমি যে ব্যাপারটা তুললাম সেটার বিষয়ে আমি জানি অনেক সদস্যই আমার সঙ্গে একমত। রিফর্মস কমিটি বিষয়টা নিয়ে আলোচনা করছে বলে শুনেছি। প্রশ্নোত্তর পর্বে যে নিয়মটা চালু আছে তা পরিবর্তনের প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি আর আমার বক্তব্যকে দীর্ঘ করব না, আজকে দীর্ঘ সময় ধরে হাউস চলছে। এই কটা দিন আমরা সকলে একসঙ্গে কাটাতে পারলাম, এর একটা মূল্য আছে বলে আমি মনে করি। আমি সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

[7.20–7.30 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, রোজই এই সভায় আসার চেষ্টা করেও নানা কারণে রোজ ঠিকমতো আসতে পারিনি। তবে আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি, আজকে যখন ভারতবর্ষের অন্যান্য রাজ্যে হাউস চালানোই একটা বিড়ম্বনা হয়ে দাঁড়িয়েছে—যখন সংসদীয় গণতন্ত্র বিপন্ন—তখন আপনি যথেষ্ট দৃঢ়তার সঙ্গে আমাদের এই হাউসকে যথেষ্ট সুনামের সঙ্গে পরিচালনা করছেন ; এ বিষয়ে কোনো সন্দেহ নেই। আমরা জানি অনেক সময় অপারগ হয়ে, অনেকটা আন্ডার কম্পালশন রুলিং পার্টিকে সাহায্য করেন, ওঁদের বাঁচিয়ে দেন। অবশ্য সেটা আপনার দায়িত্বের মধ্যেও পড়ে অ্যাজ হাউস টু রান, হাউস টু টেক ডিসিশন, হাউস টু পাস। ইদানীং পার্লামেন্টে পর্যন্ত দেখছি ওয়েলে চার জন মেম্বার নেমে গেলেন, ১ মাস ২ মাস পার্লামেন্ট অচল হয়ে রইল, কোটি কোটি টাকা খরচ হয়ে গেল। আপনি সে জিনিস এখানে হতে দেননি। আপনি এখানে সকলের সহযোগিতা নিয়ে সুষ্ঠুভাবে হাউস পরিচালনা করছেন। আমার ভাল লাগল, আপনি বললেন, 'পারফরমেন্স অনেক বেটার হয়েছে।' আপনি বলে থাকেন, 'হাউসের মর্যাদা রক্ষার দায়িত্ব বিরোধীদলের, হাউস প্রধানত বিরোধীদলের জন্য।' তাহলে এক্ষেত্রে পারফরমেন্স মিনস অপোজিশনের পারফরমেন্স। অতএব অপোজিশনের পারফরমেন্স নিশ্চয়ই ভাল হয়েছে। আশা করব আপনার যোগ্য নেতৃত্বে এই হাউসের মর্যাদা আরো বৃদ্ধি পাবে।

মিঃ ডেপুটি স্পীকার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি প্রথমেই বলেছেন এই শীতকালীন তথা স্বল্পকালীন অত্যন্ত গুরুত্বপূর্ণ অধিবেশনের আজকেই সমাপ্তি ঘটছে। এই গুরুত্বপূর্ণ সভা যেভাবে আপনি পরিচালনা করেছেন তারজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি এই সভার সচিব এবং সচিবালয়ের সমস্ত কর্মচারীদের। আমি ধন্যবাদ জানাচ্ছি সরকারের অন্যান্য দপ্তরের কর্মচারীদের যাঁরা এই সভা পরিচালনায় বিভিন্নভাবে সাহায্য করেছেন। ধন্যবাদ জানাচ্ছি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীসহ মন্ত্রিসভার সমস্ত সদস্যদের। মুখ্য সচেতক, পরিষদীয় মন্ত্রী, বিরোধীদলের নেতা, বিরোধীদলের চীফ হুইপকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তাঁরা সকলেই আমাদের এই সভা পরিচালনায় সাহায্য করেছেন। এই সভার সব দলের সব সদস্যই আমাদের এই সভা পরিচালনায় সাহায্য করেছেন, তাই আমি সকলকেই ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করব আগামীদিনেও তাঁরা আমাদের এইভাবে সাহায্য-সহযোগিতা করবেন।

Mr. Speaker: I would like to thank you once more and Members have been informed earlier that new Joint Secretary has joined us and a new Marshal. Our earlier Marshal has retired and new Marshal is now functioning. We are also taking up a training programme for our security staff and Watch & Ward staff and we hope that in the years to come the performance will be better. I take this opportunity again to thank the Deputy Speaker, Panel Chairman, leader of the Opposition, media and once again to all the members and wish all of them well till we meet next time. The House is adjourned sine die.

Adjournment

At this stage the House was adjourned sine die at 7-25 p.m. in the Assembly House, Kolkata.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

Vol. : 121 (Hundred and Twenty First Session)
(December Session 2002)

(The 9th, 10th, 11th, 12th, 13th, 16th, 17th, 18th and the 19th December, 2002)

ADJOURNMENT MOTION (NOTICE)

—raised by **Shri Ajoy Dey** on the Subject of Financial Crisis of the State Government. / PP-110-111

—raised by **Dr. Asish Banerjee** and **Shri Jyotipriya Mallik** on the Subject of Selling few slums at Beliaghata Canal side / PP-110-111

—raised by **Shri Asit Kumar Mal** on the subject of lack of infrastructural works of Nalhati Municipality. / PP-110-111

—raised by **Shri Asit Kumar Mal,** on the subject of non-utilisation of fund allotted for development of SC and ST Communities in the State. / P-180-181

—raised by **Shri Asit Kumar Mal** on the subject of non plying of Buses in all the routes under Rampurhat Sub-division. P/480

—raised by **Shri Asit Kumar Mal** on the subject of alleged negligence in the developmental work for the SC and STs. / PP-583-584

—raised by **Shri Asit Mitra** on the subject of enhancement of Court Fees in the state. / PP-583-584

—raised by **Shri Atish Chandra Sinha, Shri Asit Mitra** and **Shri Abu Taher Khan** on the subject of enhancement of Court Fees and its consequence / PP-40-41

—raised by **Shri Debaprasad Sarkar** on the same subject. / PP-40-41

—raised by **Shri Debaprasad Sarkar** and the Fourth one is from **Shri Ashok Deb** on the same subject of enhancement of Electricity Charges by CESC. / P-481

—raised by **Shri Gobinda Chandra Naskar** /. P-273

—raised by **Shri Gobinda Chandra Naskar** on the subject of alleged delay in renovation work of Tolly Nallah. / P-481

—raised by **Shri Gobinda Chandra Naskar** on the subject of alleged forcible close down of Mrinal Nagar Rakhal Vidya Mandir at Kakdwip by some supporters of major ruling party. / PP-583-584

—raised by **Shri Jyotipriya Mallik, Shri Ashok Kumar Deb, Shri Kalyan Banerjee** and **Shri Arunava Ghosh** on the above mentioned subject. / PP-40-41

—raised by **Shri Kashinath Mishra** and **Shri Manturam Pakhira** on the subject of proposal for enhancement of electricity charges in the State. / PP-110-111

—raised by **Shri Kashinath Mishra, Shri Tapas Roy** and **Shri Manturam Pakhira** on the above mentioned subject. / PP-583-584

—raised by **Shri Moloy Ghatak, Dr. Ashish Banerjee, Shri Kashinath Mishra** and **Dr. Ratna De (Nag)** and the Sixth motion is from **Shri Saugata Roy** on the same subject of prolonged strike by the lawyers in all the courts in the State. / PP-480-481

—raised by **Shri Moloy Ghatak** on the subject of enhancement of electricity charges in the CESC area. / PP-583-584

—raised by **Shri Nirmal Ghosh** on the same subject. / PP-40-41

—raised by **Shri Nirmal Ghosh** on the subject of failure of the Government to continue the Public Distribution System in Rationing and non-rationing areas in the State. / PP-110-11

—raised by **Shri Nirmal Ghosh** on the subject of Developmental work of Bagjola, Nowai, Vidyadhari, Fatesha and Sonai Khal. / PP-180-182

—raised by **Shri Parash Dutta** on the subject of alleged assault on the striking lawyers by the caders of major ruling party./ PP-583-584

—raised by **Dr. Ratna De (Nag)** on the subject of non-sanctioning of loan to the Standard Pharmaceuticals Ltd. at Srirampore, Hooghly as per Tripartite agreement./PP-583-584

—raised by **Shri Saugata Roy** on the same subject./PP-40-41

—raised by **Shri Saugata Roy** on the subject of eviction of slum-dwellers along Canal East Road and Canal West Road of Beliaghata on 10.12.2002. /PP-110-111

—raised by **Shri Saugata Roy** on the subject of reported strike called by the Bar Council of India over proposed Legal Services Authorities (Amendment) Act, 2002. /PP-583-584

—raised by **Smt. Sonali Guha** on the subject of holding of conference of Krishak Samiti of major ruling party at Tentulia Girls School, Swaroopnagar and consequential situation arisen. / PP-583-584

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-394-395

CALLING ATTENTION (NOTICE / STATEMENT)

The First Report of the Standing Committee on Power, Non-conventional Energy Sources, Science and Technology and Information Technology, 2002-2003

—by **Shri Abu Ayes Mondal** / P-188

—raised by **Dr. Asish Banerjee, Shri Saugata Roy** and **Shri Ajoy Dey** regarding reported agitation by doctors over the Clinical Establishment Act. / P-585

—raised by **Shri Asit Kumar Mal** and **Shri Abdul Mannan** on the subject of deplorable condition of jails in the State due to increase in number of prisoners. / P-41

—raised by **Shri Asit Kumar Mal** and **Shri Ashok Kumar Deb** regarding alleged number of one Ujjal Dey at Jagachha, Howrah. / P-585

—raised by **Shri Debaprasad Sarkar** and **Shri Probodh Purkait** regarding reported death of two S.U.C.I. workers in an attack on S.U.C.I. party office on 01.10.2002 at Nalgora under Kultali P.S. of South 24 Parganas. / P-111

—regarding Deterioration of law and order situation in the Districts of Paschim Midnapore, Bankura, Purulia, Hooghly and Murshidabad.

—by **Shri Buddhadeb Bhattacharjee.** / PP-182-187

—raised by **Shri Gobinda Chandra Naskar** regarding reported dacoity at Piali and Ghutiarisharif on 29.11.2002 and 05.12.2002 respectively and other places under Canning P.S. / P-112

—raised by **Shri Gobinda Chandra Naskar** and **Shri Kalipada Mondal** on the subject of reported murder of one Sudhangshu Maity at Gosaba, South 24 Parganas District. / P-182

—raised by **Shri Gobinda Chandra Naskar** on the subject of alleged murder of one Sudeb Halder at Mohishmaris under Usthi P.S. South 24 Parganas District. / P-710

—raised by **Shri Jyoti Priya Mallick** and **Dr. Asish Banerjee** on the subject of alleged suicide committed by one Rameswar Barman, former of Baladanga village of Dinhata, Coochbehar District. / P-182

—raised by **Shri Kashinath Mishra, Shri Asish Banerjee, Shri Moloy Ghatak** and **Shri Manturam Pakhira** on the subject of reported missing of 63 trawlers and 630 fishermen in the coastal areas of East Midnapore and South 24 Parganas District on 12.11.2002 / P-41

—raised by **Shri Kashinath Mishra** and **Shri Manturam Pakhira** regarding Hindusthan Fertilizer Factories at Haldia and Durgapur. / P-111

—raised by **Shri Kashinath Mishra** and **Shri Manturam Pakhira** regarding apprehended agitation of the kerosene oil dealers for enhancement of renewal charges of licence. / P-709

—raised by **Shri Kashinath Mishra** and **Shri Manturam Pakhira** on the subject of apprehended agitation of the kerosene oil dealers for enhancement of renewal charges. /P-709

—regarding violation of Minimum Wages Act in Hooghly Jute Mill at Mangalpur of Raniganj on 17.12.2002

—by **Shri Mohammad Amin** / PP-483-485

—raised by **Shri Mrinal Banerjee** of Power Department to make a statement on the subject of imposition of uniform Tariff in the C.E.S.C. areas. / PP-529-536

—raised by **Shri Nepal Mahato** regarding reservation for the candidates of other Backward Classes in the Educational Institutes. / P-42

—raised by **Shri Nepal Mahato** regarding non-functioning of West Bengal Mineral Development Corporation. / P-585

—raised by **Shri Nirmal Das** regarding reported closure of 19 Tea Gardens in Darjeeling dsitrict. / P-112

—raised by **Shri Nirmal Das** on the subject of alleged escape of two prisoners from Alipurduar Sub-Jail on 09.12.2002. / P-182

—raised by **Shri Nirmal Das** regarding steps taken by the State Government to ensure fund for flood control scheme in North Bengal. / P-710

—regarding the subject of progress of developmental works of Bantala Leather Complex—Attention called by **Shri Tapan Hore** on the 11th December, 2002.

—raised by **Shri Nirupam Sen** / PP-585-590

—raised by **Shri Nisith Adhikary** / PP-542-548

—raised by **Shri Paban Kumar Lakra** regarding alleged death of workers from starvation in Tea Garden in the state./P-585

—raised by **Shri Ranjit Kundu** on the subject of Present Position of the India Paper Pulp Ltd. / P-182

—raised by **Shri Ranjit Kundu** regarding implementation of the proposed Judicial Complex at Barrackpore, North 24 Parganas. / P-585

—raised by **Shri Ranjit Kundu** on the subject of implementation of the proposed scheme for Judicial Complex at Barrackpur, North 24 Parganas and reply made by **Shri Nisith Adhikari.** / PP-710-711

—raised by **Shri Santiram Mahato** regarding reported non-supply of drinking water at Joypur. / P-41

—raised by **Shri Sobhandeb Chattopadhyay** regarding reported murder of one Sudhangshu Maity on 9.11.2002 at Gosaba of South 24 Parganas. / P-112

—raised by **Shri Somendra Nath Mitra, Shri Abdul Mannan, Shri Ajoy Dey** and **Shri Asit Mal** on the subject of Deterioration Law and Order situation. / P-182

—regarding the subject of closure of most of the fertilizer factories in the State.

—Attention called by Dr. Asim Bala on the 16th December, 2002. by **Shri Nirupam Sen.** / PP-591-594

—raised by **Shri Tapan Hore** regarding Progress of infrastructure development of Leather Complex and shifting of tanneries at Bantala. / P-42

—raised by **Shri Tapan Hore** on the subject of alleged factual mistakes in the text book of History for Class VI. / P-182

—raised by **Shri Tapan Hore, Shri Nirmal Das, Shri Saugata Roy** and **Shri Sobhandeb Chattopadhyay** on the subject of imposition of uniform tariff in C.E.S.C. areas. / P-482-483

—raised by **Shri Tapan Hore** regarding purchase of paddy from the cultivators by the State Government. / P-585

CALLING ATTENTION TO MATTER OF URGENT PUBLIC IMPORTANCE / PP-395-396

CALLING ATTENTION (NOTICE / STATEMENT)

—ডঃ আশীষ ব্যানার্জী / P-270

—ডঃ আশীষ ব্যানার্জী / PP-277-278

—শ্রী কাশীনাথ মিশ্র / P-277

CALLING ATTENTION TO THE MATTER OF URGENT PUBLIC IMPORTANCE

—শ্রী কিরণময় নন্দ / PP-276-277

—শ্রী কিরণময় নন্দ / P-278

—শ্রী কিরণময় নন্দ / P-278

DIRECTION FROM THE CHAIR

(to maintain the decorum of the House) / pp-614-617

FELICITATION

—Mr. Speaker. / PP-S16-S17

—শ্রী অতীশচন্দ্র সিনহা / PP-S18-S19

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-S18

—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য / PP-S17-S18

—শ্রী সুব্রত মুখার্জী / P-S19

—মি. ডেপুটি স্পীকার / P-S20

GOVERNMENT BUSINESS
LAYING OF REPORTS

—Annual Report of the West Bengal Surface Transport Coporation Limited for the year 2001-2002. / P-396

LAYING OF BILLS

—The West Bengal Water Resources Conservation, Protection and Development (Management, Control and Regulation) Bill, 2000. / P-43

LAYING OF ORDINANCES

The West Bengal Transport Infrastructure Development Fund Ordinance, 2002.

—Laid by **Dr. Asim Kumar Dasgupta** / P-43

The Indian Stamp (West Bengal Amendment) Ordinance, 2002.

—Laid by **Dr. Asim Kumar Dasgupta** / P-43

The West Bengal Court Fees (Amendment) Ordinance, 2002.

—Laid by **Shri Nisith Adhikary** / P-42

The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Ordinance, 2002.

—Laid by **Shri Prabodh Chandra Sinha** / P-42

LAYING OF REPORT

—Laid by **Shri Prabodh Chandra Sinha** / P-279

Annual statement of Accounts together with Audit Report of the West Bengal State Electricity Board for the year 2000-2001.

—Laid by **Shri Prabodh Chandra Sinha** / PP-594-595

Annual Reports of the West Bengal Tourism Development Corporation Limited for the year 1988-89, 1989-90, 1990-91, 1991-92, 1992-93, 1993-94, 1994-95, 1995-96, 1996-97, 1997-98, 1998-99, 1999-2000.

—Laid by **Shri Prabodh Chandra Sinha** / P-712

The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Salaries, Allowances and other conditions of service of the Chairman and other Members) Rules, 2002

—Laid by **Shri Prabodh Chandra Sinha** / P-43

The West Bengal Minor Minerals Rules, 2002.

—Laid by **Shri Prabodh Chandra Sinha** / PP-711-712

COMMITTEE REPORT

—Presentation of the third report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation, 2002-2003. / P-485

LEGISLATION

—Discussed by **Shri Abdul Mannan** / P-209

—**Shri Abdul Mannan** / P-411

THE WEST BENGAL LAND REFORMS AND TENANCY TRIBUNAL (Second Amemdment) BILL 2002

—by **Shri Abdur Razzak Molla** / PP-144-145

—Discussed by **Shri Arunava Ghosh** / P-209

The Howrah Improvement (Amendment) Bill, 2002

—Laid by **Shri Ashok Bhattacharya**

—Discussed by **Shri Kashinath Mishra** / PP-63-65

—**Shri Ashok Bhattacharya** / PP-64-65

—**Shri Pankaj Banerjee** / P-65

The Kolkata Improvement (Amendment) Bill, 2002

—Laid by **Shri Ashok Bhattacharjee** / PP-65-89

—**Dr. Asim Kumar Dasgupta** / PP-649-656

—**Shri Asit Mitra** / PP-626-628

—**Shri Abu Hena** / PP-647-648

The West Bengal Transport Infrastructure Development Fund Bill, 2002

—Introduced by **Dr. Asim Kumar Dasgupta** / PP-617-622

—**Dr. Asim Kumar Dasgupta** / PP-632-639

The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2002

—Introduced by **Dr. Asim Kumar Dasgupta** / PP-639-644

STATEMENT UNDER RULE 346

—by **Shri Biswanath Chowdhury** / PP-485-486

—Discussed by **Shri Choudhury Mohan Jatua** / PP-645-646

The West Bengal Building (Regulation of promotion of construction and Transfer by Promoters) (Amendment) Bill, 2002

—Discussed by **Shri Goutam Deb** / P-255

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2002

—by **Shri Kanti Biswas** / P-134

—**Shri Kashinath Mishra** / P-412

—Discussed by—

—**Shri Kashinath Mishra** / PP-65-67

—**Shri Ashok Bhattacharjee** / P-67

—**Shri Pankaj Banerjee** / P-67

—**Shri Jatu Lahiri** / PP-67-69

—**Shri Lagan Deo Singh** / PP-69-70

—**Shri Sital Kumar Sardar** / PP-70-71

—**Shri Sudhangshu Seal** / PP-71-73

—**Shri Kalyan Banerjee** / PP-73-74

—**Shri Tarak Bandyopadhyay** / PP-74-76

—**Shri Nirbed Ray** / PP-76-78

—**Shri Khara Soren** / PP-628-629

—**Shri Lagan Deo Singh** / PP-624-626

—**Shri Nirmal Ghosh** / P-411

LEGISLATION

The West Bengal Court Fees (Amendment) Bill, 2002

—raised by Shri Nisith Adhikary / P-203

—Discussed by Shri Pankaj Banerjee / PP-622-624

—Shri Pratim Chatterjee / P-411

—Shri Saugata Roy / P-412

—Shri Saugata Roy / PP-629-632

—Shri Shamsul Islam Mollah / P-646

—Shri Sobhandeb Chattopadhyay / P-209

—Shri Sobhandeb Chattopadhyay / PP-412-413

The West Bengal Homoeopathy system of Medicine (Amendment) Bill, 2002

—by Dr. Surjya Kanta Mishra / PP-505-521

The West Bengal State Ayurvedic Health Service(Amendment) Bill, 2002

—by Dr. Surjya Kanta Mishra / PP-521-528

The West Bengal Acupuncture system of Therapy (Amendment) Bill, 2002 and The West Bengal State Homeopathic Health Service (Amendment) Bill, 2002

—by Dr. Surjya Kanta Mishra / PP-536-542

—Shri Subrata Basu / PP-648-649

—Shri Sunil Kumar Ghosh / PP-416-418

—raised by Shri Tapan Hore regarding reported progress of Developmental Works of Bantala Leather Complex / P-112

—Discussed by Shri Tapas Roy / P-207

—শ্রী অসিত মাল / PP-239-240

—শ্রী অসিত মাল / PP-539-540

—ডাঃ অসীম বালা / PP-537-538

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP-149-151

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / P-209

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP-226-230

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP-418-421

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP-446-448

—শ্রী অরুণাভ ঘোষ / PP-222-225

—শ্রী অশোক কুমার দেব / PP-211-214

—শ্রী আব্দুল মান্নান / PP-147-148

—শ্রী আব্দুল মান্নান / PP-205-206

—শ্রী আব্দুল মান্নান / PP-409-410

—শ্রী আবু হাসেম খানচৌধুরী / PP-538-539

—শ্রী আবু হেনা / PP-217-218

—ডঃ আশীষ ব্যানার্জী / PP-423-425

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP-261-262

—শ্রী কল্যাণ ব্যানার্জী / PP-207-208

—শ্রী কল্যাণ ব্যানার্জী / PP-244-249

—শ্রী কল্যাণ ব্যানার্জী / PP-449-452

—শ্রী কান্তি বিশ্বাস / PP-143-144

—শ্রী কালীপদ মণ্ডল / PP-140-141

STATUTORY RESOLUTION BY

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-145-146

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-152-153

—শ্রী কাশীনাথ মিশ্র / P-208

LEGISLATION

The West Bengal Fire Services (Amendment) Bill, 2002

—শ্রী কাশীনাথ মিশ্র / P-410

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-426-428

—শ্রী কাশীনাথ মিশ্র / P-437

—শ্রী কাশীনাথ মিশ্র / P-438, 439, 440

—শ্রী কাশীনাথ মিশ্র / P-443

—শ্রী কাশীনাথ মিশ্র / P-462
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-505-506
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-513-515
—শ্রী গৌতম দেব / PP-264-269,270-271
—শ্রী জানে আলম মিঞা / PP-153-154
—শ্রী জানে আলম মিঞা / PP-454-455
—শ্রী জানে আলম মিঞা / PP-512-513
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-231-236
—শ্রী তাপস চ্যাটার্জী / PP-448-449
—শ্রী তাপস রায় / PP-240-242-243
—শ্রী তাপস রায় / PP-414-416
—শ্রী তাপস রায় / PP-438-439
—শ্রী তাপস রায় / P-442
—শ্রী তাপস রায় / P-461
—শ্রী তুষার কান্তি লারা / PP-509-510
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-206-207
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-236-237
—শ্রী ধনঞ্জয় মোদক / PP-260-261
—শ্রী নির্মল ঘোষ / PP-455-456
—শ্রী নির্মল ঘোষ / P-459
—শ্রী নির্মল ঘোষ / PP-459-461
—শ্রী নির্মল দাস / PP-225-226
—শ্রী নির্মল দাস / PP-425-426
—শ্রী নির্মল দাস / P-527
—শ্রী নির্মল ঘোষ / P-444
—শ্রী নির্মল দাস / PP-139-140
—শ্রী নির্বেদ রায় / PP-134-136
—শ্রী নিশীথ অধিকারী / PP-208-209

—শ্রী নিশীথ অধিকারী / PP-249-254
—শ্রী নেপাল মাহাতো / PP-510-512
—শ্রী পঙ্কজ ব্যানার্জী / PP-262-264
—শ্রী পরশ দত্ত / PP-141-143
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP-230-231
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-413
—শ্রী প্রতীম চ্যাটার্জী / PP-431-436
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-437
—শ্রী প্রতীম চ্যাটার্জী / PP-439, 440, 442
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-443
—ডাঃ পরভীন কুমার সাউ / P-540
—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য / PP-254-255
—শ্রী বিনয় দত্ত / PP-151-152
—শ্রী মলয় ঘটক / PP-237-239
—শ্রী মলয় ঘটক / PP-536-537
—শ্রী মহবুবুল হক / PP-137-138
—শ্রী মহবুবুল হক / PP-525-526
—শ্রী মুরসালিন মোল্লা / PP-136-137
—শ্রী রঞ্জিত কুণ্ডু / PP-258-260
—ডাঃ রত্না দে (নাগ) / PP-453-454
—ডাঃ রত্না দে (নাগ) / PP-507-508
—ডাঃ রত্না দে (নাগ) / P-540
—শ্রী রবীন্দ্র ঘোষ / PP-421-423
—শ্রী রবীন দেব / PP-214-216-217
—ডাঃ শম্ভুনাথ মান্ডি / P-525
—শ্রীমতী শান্তা ছেত্রী / PP-243-244
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-406-407
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-444-445

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-527-528
—শ্রী সুব্রত বোস / PP-452-453
—শ্রী সুভাষ চক্রবর্তী / PP-445-446
—শ্রী সুভাষ চক্রবর্তী / PP-457-459
—শ্রী সুভাষ চক্রবর্তী / PP-459-461
—শ্রী সুভাষ চক্রবর্তী / P-462
—শ্রী সুব্রত মুখার্জী / P-208
—শ্রী সৌগত রায় / PP-428-431
—শ্রী সৌগত রায় / P-445
—শ্রী সৌগত রায় / P-459
—শ্রী সৌগত রায় / PP-146-147
—শ্রী সৌগত রায় / P-204
—শ্রী সৌগত রায় / PP-255-258
—শ্রী সৌগত রায় / PP-436-437
—শ্রী সৌগত রায় / P-410
—শ্রী সৌগত রায় / P-445
—শ্রী সৌগত রায় / P-506
—ডাঃ সূর্যকান্ত মিশ্র / PP-515-517
—শ্রীমতী সোনালী গুহ / PP-521-524
—শ্রী হরিপদ বিশ্বাস / PP-218-219

MENTION CASES

কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজে ছাত্র ভর্তি
—শ্রী অজয় দে / P-116
তাঁত-এর জন্য বিদ্যুৎ ব্যবহারে কমার্শিয়ালের পরিবর্তে ডোমেস্টিক হিসাবে ব্যবহার করার দাবি
—শ্রী অজয় দে / P-190
বিদ্যুতে ভরতুকি
—শ্রী অজয় দে / P-596
জমিদারি বাঁধগুলি মেরামত
—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / P-492

দুর্নীতির অভিযোগ
—শ্রী অরুণাভ ঘোষ / P-607
ট্রেনে খুন, ডাকাতির ফলে নিরাপত্তাহীনতা
—শ্রী অশোক দেব / PP-48-49
তারাতলা থেকে অছিমোড় পর্যন্ত রাস্তা মেরামতি
—শ্রী অশোক দেব / P-123
বিভিন্ন আদালতে সিজ ওয়ার্ক
—শ্রী অশোক দেব / P-495
হাসপাতাল অধিগ্রহণ
—শ্রী অশোক দেব / P-400
আইনজীবীদের কর্মবিরতি
—শ্রী অশোক দেব / PP-608-609
বিষ্ণুপুর রামপুরহাট রুটে বাস বন্ধ
—শ্রী অসিতকুমার মাল / PP-112-113
ভুয়ো রেশন কার্ডের সমস্যা
—শ্রী অসিত মাল / PP-191-192
রাজ্য বিদ্যুৎ-এ ভরতুকি তুলে দেওয়া
—শ্রী অসিত মাল / PP-487-488
বিশ্বভারতীতে ছাত্রীদের শ্লীলতাহানি
—শ্রী অসিত কুমার মাল / PP-596-597
৬নং জাতীয় সড়ক-এ নিত্য দুর্ঘটনা
—শ্রী অসিত মিত্র / P-491
পুলিশি হ্যারাস্‌মেন্ট
—শ্রী অসিত মিত্র / PP-603-604
গঙ্গা ভাঙন-এ উদ্বাস্তুদের পুনর্বাসন
—শ্রীমতী অসীমা চৌধুরী / P-432
ফুলহার নদীতে ভাঙন
—শ্রীমতী অসীমা চৌধুরী / P-604

স্বাস্থ্যকেন্দ্রের সংস্কার

—শ্রী অক্ষয় ঠাকুর / P-46

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কাজ ত্বরান্বিত করার জন্য দ্রুত সভা করার অনুরোধ

—শ্রী অক্ষয় ঠাকুর / P-190

ক্ষতিপূরণের টাকা বেহাত

—শ্রী অক্ষয় ঠাকুর / PP-599-600

কৃষকদের ধানের দাম

—শ্রী আনন্দ গোপাল দাস / P-115

অবিলম্বে নানুরে বিদ্যুৎ সাপ্লাই কেন্দ্র অথবা বিদ্যুতের সাব-স্টেশন তৈরি করার দাবি

—শ্রী আনন্দ গোপাল দাস / P-197

রাস্তা মেরামত

—শ্রী আনন্দ গোপাল দাস / P-603

বৈদ্যবাটি পৌরসভার কর্মচারীদের ধর্মঘট

—শ্রী আবদুল মান্নান / P-191

সভায় বিশৃঙ্খলা

—শ্রী আব্দুল মান্নান / P-613

বি.এস.এফ-এর অত্যাচার

—শ্রী আবুল হাসনাৎ / P-44

রামনগর আজিমগঞ্জ রাস্তাটি পাকা করার

—শ্রী আবুল হাসনাৎ / P-488

তারাপীঠ-এর সাধারণ মানুষের উচ্ছেদ

—ডঃ আশীষ ব্যানার্জী / P-48

ন্যায্য দামে চাষিদের ধান বিক্রি

—ডঃ আশীষ ব্যানার্জী / P-117

রামপুরহাটে অবিলম্বে যানজট নিরসনে বাইপাস নির্মাণ

—ডঃ আশীষ ব্যানার্জী / P-190

বিদ্যালয় পরিচালন সমিতির নির্বাচনের ব্যয়ভার

—ডঃ আশীষ ব্যানার্জী / P-489

ম্যালেরিয়ার প্রকোপ বৃদ্ধি

—ডঃ আশীষ ব্যানার্জী / P-398

দ্বারকা নদীর উপর সেতু নির্মাণ

—ডঃ আশীষ ব্যানার্জী / PP-600-601

ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-48

নন্দীগ্রামে কল সেন্টার স্থাপন

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-125

বনসৃজনে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-189

রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির বে-সরকারিকরণ

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-201

বৈঠকের নাম করে অস্ত্র দিয়ে আক্রমণ

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-494

ধান কেনার বিকল্প ব্যবস্থা

—শ্রী ইউনুস সরকার / P-123

স্পেশাল ট্রেন চালানো

—শ্রী ইউনুস সরকার / P-398

পথ সংস্কার

—শ্রীমতী উমারানী বাউরী / PP-604-605

নাকাশীপাড়া কেন্দ্রের বেথুয়াডহরীর ১ নং এবং ২নং ব্লককে পৌরসভার অন্তর্ভুক্ত করে নোটিফায়েড এরিয়া হিসাবে ঘোষণা করা হোক

—শ্রী কল্লোল খান / P-89

প্রধানমন্ত্রী সড়ক যোজনা

—শ্রী কল্লোল খান / P-122

নাকাশীপাড়া ব্লকে গঙ্গানদীর ভাঙন

—শ্রী কল্লোল খান / PP-606-607

পাইকার পুলিশ ফাঁড়িকে পূর্ণাঙ্গ থানায় রূপান্তরিত করা
—ডঃ কামরে ইলাহি / P-115
বীরভূম জেলার জেলা স্বাস্থ্য বিভাগের জরাজীর্ণ প্রশাসনিক ভবনের সংস্কার
—ডঃ কামরে ইলাহি / P-198
শ্যামপুরে সাব-স্টেশন স্থাপন
—শ্রী কালীপদ মণ্ডল / P-115
প্রত্যেক পঞ্চায়েত সমিতিতে ভিজিলেন্স ও মনিটরিং কমিটি
—শ্রী কালীপদ মণ্ডল / P-192
এফ.সি.আই.-কে ধান ক্রয়
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-46-47
কংসাবতী ডিভিশনের সেচ দপ্তর
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-114-115
বাঁকুড়া জেলা জল প্রকল্পের টাকা তছরুপ
—শ্রী কাশীনাথ মিশ্র / P-195
কলকাতার আশপাশে ডাকাতি
—শ্রী কাশীনাথ মিশ্র / P-201
মিড-ডে মিল-এ অব্যবস্থা
—শ্রী কাশীনাথ মিশ্র / P-399
বিদ্যুৎ মাসুলের হার
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-489-490
নতুন মডেলের রিকশা প্রচলন
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-602-603
ইঁদপুরে বাসের স্টপেজ
—শ্রী কিরীটি বাগদী / P-488
শিশুবিকাশ প্রকল্প চালু
—শ্রী কিরীটি বাগদী / P-600
প্রসাদ খেয়ে জলাতঙ্ক রোগে আক্রান্ত
—শ্রীমতী কুমারী কুজুর / P-124

প্রতিটি ব্লকে খাদ্য প্রক্রিয়াকরণের উদ্যোগ
—শ্রী গুরুপদ দত্ত / P-493
ক্যানিং (পশ্চিম)-এ নিয়মিত ডাকাতি
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-50
ক্যানিং-১ ব্লকে কেরোসিন সাপ্লাই
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-124
প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অব্যবস্থা
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-400
ক্যান্সার হাসপাতালে কেমোথেরাপির অভাব
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-496
জলপাইগুড়িতে হাইকোর্টের স্থায়ী বেঞ্চ গঠনের উদ্যোগ
—শ্রী গোবিন্দ রায় / P-190
কৃষি উন্নয়ন ব্যাংকের দুর্নীতি
—শ্রী চিত্তরঞ্জন রায় / P-195
জমি মালিকদের ক্ষতিপূরণের টাকা
—শ্রী চিত্তরঞ্জন রায় / P-491
সাউথ বিষ্ণুপুর মহাশ্মশানে ইলেকট্রিক চুল্লি বন্ধ
—শ্রী চৌধুরীমোহন জাটুয়া / P-197
গ্রামবাসীদের ওপর বি.এস.এফ. তাণ্ডব
—শ্রী জানে আলম মিঞা / P-48
মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন
—শ্রী জানে আলম মিঞা / P-122
রাজ্যের প্রতিটি মানুষের জন্য রেশন কার্ডের ব্যবস্থা
—শ্রী জানে আলম মিঞা / P-191
ফারাক্কা ফিডার ক্যানেল
—শ্রী জানে আলম মিঞা / P-488
জুনিয়ার স্কুলকে হাইস্কুলে উন্নীত করা
—শ্রী জানে আলম মিঞা / P-597

রাজারহাট-গোপালপুর পৌরসভায় দু-হাজারের বেশি কর্মী নিয়োগ
—শ্রী তন্ময় মণ্ডল / P-125
বন্ধ সাব-সেন্টার ৩টি পুনরায় চালু করা
—শ্রী তন্ময় মণ্ডল / PP-494-495
কোর্ট ফিজ বৃদ্ধি ও বিশৃঙ্খলা
—শ্রী তপন হোড় / P-44
সভাকে বিভ্রান্ত করার চেষ্টা
—শ্রী তপন হোড় / P-609
আইনমন্ত্রীর আক্রান্ত হওয়া
—শ্রী তপন হোড় / P-611
গুজরাট বিধানসভার ভোট
—শ্রী তপন হোড় / P-118
সেচের খালগুলোর সংস্কার
—শ্রী তমোনাশ ঘোষ / P-188
ইলেক্ট্রো-হোমিওপ্যাথির চিকিৎসার স্বীকৃতি
—শ্রী তারাপদ চক্রবর্তী / P-194
খালপাড়বাসীদের বিনা পুনর্বাসনে উচ্ছেদ
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-46
দক্ষিণ বিষ্ণুপুর শ্মশানের বৈদ্যুতিক চুল্লি
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-113-114
বিদ্যুতে মাশুল বৃদ্ধি
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-600
হাউসের ডিগনিটি
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-613-614
পারমানেন্ট রেসিডেন্সিয়াল সার্টিফিকেট
—শ্রী ধনঞ্জয় মোদক / PP-123-124
আখ চাষের জমি অধিগ্রহণ
—শ্রী ধনঞ্জয় মোদক / PP-598-599

রাস্তা সংস্কার

—শ্রী নন্দদুলাল মাঝি / P-602

রাজ্যে বার কাউন্সিল-এর স্টাইক

—শ্রী তপন হোড় / P-487

মূল্যবৃদ্ধির বিরোধিতা

—শ্রী তপন হোড় / P-599

মেমারীতে অগ্নি নির্বাপণের উপযুক্ত ব্যবস্থাগ্রহণ

—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-49

গ্রামীণ হাসপাতালকে স্টেট জেনারেল হাসপাতালে রূপান্তর

—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-605

ইমপারসিয়াল এনকোয়ারির দাবি

—শ্রী তাপস রায় / P-612

রেলের আলিপুরদুয়ার ডিভিশন ভাগ

—শ্রী দীপক সরকার / PP-45-46

কোচবিহার সহ সমস্ত উত্তরবঙ্গের বিভিন্ন এলাকায় তরিতরকারির নিম্ন দাম

—শ্রী দীপকচন্দ্র সরকার / P-189

উন্নয়নের টাকার আত্মসাৎ

—শ্রী দীপক ঘোষ / P-47

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা

—শ্রী দীপককুমার ঘোষ / P-122

মহিষাদল, নন্দকুমার ব্লকের সড়ক নির্মাণ প্রকল্প

—শ্রী দীপক ঘোষ / P-194

হলদিয়া সার কারখানা বন্ধ করার সিদ্ধান্ত

—শ্রী নিত্যানন্দ বেরা / P-119

হলদিয়াতে কোর্ট স্থাপন

—শ্রী নিত্যানন্দ বেরা / P-595

বিদ্যুৎ গ্রাহকদের চার্জ নির্ধারণের ভুল নীতি

—শ্রী নির্মল ঘোষ / P-51

আলিপুরদুয়ার মহকুমার জেলায় পরিণতকরণ
—শ্রী নির্মল দাস / P-400
রাজ্যে বন্দীদের বেল সংক্রান্ত
—শ্রী নির্মল দাস / PP-486-487
স্কুলে হেডমাস্টার নিয়োগ
—শ্রী নিয়ামত শেখ / P-599
পুরুলিয়া জেলার শিক্ষক নিয়োগ
—শ্রী নেপাল মাহাতো / P-116
ঝালদাতে দুটি থানার প্রয়োজনীয়তা
—শ্রী নেপাল মাহাতো / P-192
ঝালদাতে লাক্ষাশিল্প
—শ্রী নেপাল মাহাতো / P-487
সীমান্তে কাঁটা তারের বেড়া
—শ্রী নৃপেন্দ্রনাথ রায় / P-596
সীমান্তবর্তী এলাকায় বি.এস.এফ.-এর অত্যাচার
—শ্রী নৃপেন্দ্রনাথ রায় / P-47
চা-বাগানের শ্রমিকদের ভাতা প্রদান
—শ্রী পবনকুমার লাকড়া / P-599
আলিপুরদুয়ার বিধানসভা কেন্দ্রে শিশুধর্ষণ
—শ্রী পরশ দত্ত / PP-198-199
বেহালায় অরাজকতা
—শ্রী পরশ দত্ত / P-605
তারাতলা উড়াল পুল
—শ্রী পার্থ চ্যাটার্জী / P-486
নবদ্বীপে ফায়ার স্টেশন নির্মাণ
—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা / PP-117-118
নবদ্বীপ সরকারি আদালতের জরাজীর্ণ অবস্থা
—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা / P-193

হাসপাতালে শয্যা সংখ্যা বৃদ্ধি

—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা / P-398

প্রধানমন্ত্রী গ্রাম শহর সড়ক রোজগার যোজনায় রাস্তা সংস্কার

—শ্রী পণ্ডরীকাক্ষ সাহা / P-486

নবদ্বীপে বিদ্যুতের বেহাল অবস্থা

—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা / P-598

কাঁথি এবং ঝাড়গ্রাম শহরে বিপর্যস্ত বিদ্যুৎ ব্যবস্থা

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-121

বিরোধী সদস্যদের শাস্তির দাবী

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-614

জামুরিয়ায় বাহাদুরপুর গ্রামের উচ্চবিদ্যালয়টি আবাসিক বিদ্যালয় হিসাবে গড়ে তোলার অনুরোধ

—শ্রী পেলব কবি / P-196

জ্যোতীন্দ্রমোহন বাগচীর বসতবাটির ভগ্নাবস্থা

—শ্রী প্রফুল্লকুমার ভৌমিক / P-195

অবিলম্বে নামখানা-বকখালি রাস্তাটা মেরামত করার দাবী

—শ্রী বঙ্কিম হাজরা / P-196

নলমুড়ি-শাঁখ শহর রাস্তা মেরামত

—শ্রী বাদল জমাদার / P-606

পঞ্চায়েতে বে-আইনি কার্যকলাপ

—শ্রী বিপ্লব রায়চৌধুরী / PP-601-602

লোকাল এরিয়ার ন্যাশনালাইজ ব্যাংক থেকে শিক্ষকদের পেনশনের ব্যবস্থা

—শ্রী বিমান চক্রবর্তী / P-53

ক্যানেলের মাধ্যমে কৃষকদের জলের ব্যবস্থা

—শ্রী বিশ্বনাথ মণ্ডল / PP-195-196

সাব-মার্সিবল পাম্প বসানো

—শ্রী বিশ্বনাথ মণ্ডল / P-489

অন্নদাশঙ্কর রায়ের জন্মশতবার্ষিকী

—শ্রী ব্রহ্মময় নন্দ / P-120

গ্রাম উন্নয়ন

—শ্রী ব্রন্নাময় নন্দ / P-188

হাউসে বিশৃঙ্খলার জন্য দুঃখপ্রকাশ

—শ্রী ব্রন্নাময় নন্দ / P-614

টি. এন. মুখার্জী রোড এবং ওল্ড বেনারস রোড ৭ মিটার প্রশস্ত করা

—শ্রী ভক্তরাম পান / P-116

চণ্ডীতলায় নতুন সাব-স্টেশনের কাজ ত্বরান্বিত করা

—শ্রী ভক্তরাম পান / P-192

দেশীয় পোলট্রি ব্যবসায় সঙ্কট

—শ্রী ভক্তরাম পান / P-397

সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প

—শ্রী ভূতনাথ সোরেন / P-126

এস.সি., এস.টি. সাবপ্লানের অর্থ

—শ্রী ভূতনাথ সোরেন / P-492

দি রাহুতা ইউনিয়ন কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর দুর্দশা

—শ্রীমতী মঞ্জু বসু / PP-496-497

কাকদ্বীপ-গঙ্গাধরপুর বাস রাস্তা সংস্কার

—শ্রী মন্টুরাম পাখিরা / P-50

কাকদ্বীপে ফৌজদারী ও দেওয়ানি আদালত স্থাপন

—শ্রী মন্টুরাম পাখিরা / P-121

কাকদ্বীপ মহকুমা হাসপাতাল গঠন

—শ্রী মন্টুরাম পাখিরা / P-198

মৎস্যজীবীদের অসহায় অবস্থা

—শ্রী মন্টুরাম পাখিরা / PP-493-494

উচ্চমাধ্যমিক স্কুল খোলার দাবি

—শ্রী মন্টুরাম পাখিরা / P-604

প্রতিবন্ধীদের পরিচয় পত্র

—শ্রী মদন বাউড়ী / PP-490-491

লোহা পাচার ও খুনের উপযুক্ত তদন্তের দাবি

—শ্রী মলয় ঘটক / P-49

পানীয় জলের সঙ্কট। দ্রুত পানীয় জলের ব্যবস্থা না করতে পারলে প্রতি বছরের ন্যায় এ বছর প্রচুর মানুষ রোগে আক্রান্ত হবে

—শ্রী মলয় ঘটক / P-193

জি.টি. রোডটি সারানো

—শ্রী মলয় ঘটক / P-488

আসানসোলে রুর‍্যাল আই.সি.ডি.এস. প্রোজেক্ট চালু

—শ্রী মলয় ঘটক / P-608

গল্পের গরু গাছে ওঠে

—শ্রী মহবুবুল হক / PP-118-119

শিক্ষক ও শিক্ষাকর্মীর বেতন বন্ধ

—শ্রী মহবুবুল হক / P-493

রাজ্যে চট শিল্পের সঙ্কটাবস্থা

—শ্রী মানস মুখার্জী / P-114

সুলেখা মইকে নৃশংসভাবে খুন

—শ্রীমতী মানসী ঘোষ / P-113

কোতুলপুর-জয়পুর সরকারি বাস চালানোর ব্যবস্থা

—শ্রীমতী মানসী ঘোষ / P-199

বাঁকুড়া মেডিকেল কলেজের পরিকাঠামোর উন্নতির ব্যবস্থা

—শ্রীমতী মানসী ঘোষ / P-606

সকলকে রেশন কার্ড দেওয়ার ব্যবস্থা

—শ্রী মুজিবুর রহমান / P-192

গ্রামীণ হাসপাতালে সুষ্ঠু পরিষেবার অভাব

—শ্রী মুজিবুর রহমান / P-598

কুলপি ব্লকে রামকৃষ্ণ হাইস্কুলে নির্বাচন

—শ্রী যোগরঞ্জন হালদার / P-123

অম্বিকা-কালনায় জনশতাব্দী এক্সপ্রেসের স্টপেজ
—শ্রী রতন দাস / PP-121-122
জুট ইন্ডাস্ট্রিতে ব্যাপক অব্যবস্থা
—ডাঃ রত্না দে নাগ / PP-119-120
কমপিউটার এবং ইনফরমেশান টেকনোলজি নিয়ে সরকারের চিন্তাভাবনা
—ডাঃ রত্না দে নাগ / PP-196-197
শ্রীরামপুরে স্টেডিয়াম সম্পূর্ণ করার উদ্যোগ
—ডাঃ রত্না দে নাগ / P-490
বিলগ্নীকরণের সর্বদলীয় প্রস্তাব
—শ্রী রবীন দেব / P-193
বিধায়কের সঙ্গে অশালীন আচরণ
—শ্রী রবীন দেব / P-610
গড়চুমুক ৫৮ গেট রাস্তার সংস্কার
—শ্রী রবীন ঘোষ / P-117
শ্রমিক আন্দোলন
—শ্রী রবীন ঘোষ / P-400
হাসপাতালে তদন্তের দাবি
—শ্রী রবীন ঘোষ / P-601
কলেজের পার্ট টাইমার প্রফেসারের বৃদ্ধি
—শ্রী রবীন ঘোষ / PP-197-198
পিংলায় শিল্প বিকাশ কেন্দ্র
—শ্রী রামপদ সামন্ত / P-194
রাইস বার্ন তেল উৎপাদন শিল্প
—শ্রী রামপদ সামন্ত / P-490
হাউসে বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের শাস্তির দাবি
—শ্রী রামপদ সামন্ত / P-614
দার্জিলিং গোর্খা অটোনমাস কাউন্সিলের দপ্তরে অর্থ সরবরাহ
—শ্রীমতী শান্তা ছেত্রী / P-53

হিন্দুস্তান ফাটিলাইজারের কর্মীদের পুনর্বাসন
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-51-52
পাঠভবন স্কুলকে আড়াই কোটি টাকা স্যাংশন
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-120-121
যুগান্তর পত্রিকা চালু করার উদ্যোগ
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-399
শ্রমিক-কর্মচারীদের হাহাকার
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-495-496
বিদ্যুৎ মাসুল বৃদ্ধির প্রতিবাদ
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-605-606
বিধানসভার মর্যাদাহানির অভিযোগের বিরোধিতা
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-610-611
বিদ্যুৎ সমবায় দ্রুত গঠন করে সমস্যাগুলি সমাধান করা হোক
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-193
এফ.সি.আই.-এর মাধ্যমে ধান কেনার ব্যবস্থা
—শ্রী সমর হাজরা / PP-122-123
বর্ধমান মেডিকেল কলেজে ডায়ালিসিস-এর ব্যবস্থা
—শ্রী সমর হাজরা / P-399
কাঁকসায় গার্লস স্কুল স্থাপন
—শ্রী সরেশ আকুড়ে / P-491
সেতু সংস্কারে বাধাপ্রদান
—শ্রীমতী সাম্যপিয়ারী মাহাতো / P-602
তিস্তা সেচ প্রকল্পের জল ময়নাগুড়ির জলঢাকা পর্যন্ত দেওয়ার ব্যবস্থা
—শ্রী সুধন রাহা / PP-116-117
নতুন বাস রুট চালুকরণ
—শ্রীমতী সোনালী গুহ / P-397
বিশ্বভারতীতে দোষীদের শাস্তির দাবি
—শ্রীমতী সোনালী গুহ / PP-597-598

সুন্দরবনে যুব নেতা হত্যা

—শ্রী সৌগত রায় / PP-125-126

টালিনালায় উচ্ছেদ

—শ্রী সৌগত রায় / PP-199-200

রাজ্যে জনযুদ্ধ গোষ্ঠী

—শ্রী সৌগত রায় / P-497

আইনজীবীদের ধর্মঘট

—শ্রী সৌগত রায় / PP-607-608

বিরোধী বিধায়কদের ক্ষমা প্রার্থনার দাবি

—শ্রী সুব্রত বসু / PP-612-613

ঝুপড়িবাসী মানুষদের উচ্ছেদ

—শ্রী সৌগত রায় / PP-52-53

উচ্ছেদ হওয়া মানুষদের উপযুক্ত পুনর্বাসন

—শ্রী সাধন পাণ্ডে / P-45

শিল্প ও কৃষির স্বার্থে উপযুক্ত বিদ্যুতায়ন

—শ্রী সুভাষ মণ্ডল / P-49

MOTIONS UNDER RULE 296

—Regarding the West Bengal Lokayukta Bill, 2001 / P-62

—Regarding the West Bengal Municipal Corporation Bill, 2002 /P-63

MOTIONS UNDER RULE 185

—Shri Abu Hasem Khan Choudhury / PP-360-362

—Shri Atish Chandra Sinha / PP-343-345

—Shri Nripen Choudhuri / PP-279-281

—Shri Tapas Roy / P-341

—শ্রী অসিত কুমার মাল / PP-335-336

—শ্রী অসিত মিত্র / PP-298-301

—ডঃ অসীমকুমার দাশগুপ্ত / PP-306-310

—শ্রী অমলেন্দ্রলাল রায় / PP-290-291

—শ্রী অমলেন্দ্রলাল রায় / PP-292-295

—শ্রী আনন্দগোপাল দাস / PP-341-342

—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-313-314

—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-315

—শ্রী আব্দুল করিম চৌধুরী / PP-328-329

—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-324-326

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP-322-324

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-315-318

—শ্রী গোবিন্দ রায় / PP-329-331

—শ্রী জানে আলম মিঞা / PP-284-286

—শ্রী তপন হোড় / PP-345-347

—শ্রী তাপস রায় / P-354

—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-301-302

—শ্রী নির্মল ঘোষ / PP-362-364

—শ্রী নির্মল দাস / P-327

—শ্রী নির্মল দাস / PP-332-334

—শ্রী নিরুপম সেন / PP-351-354

—শ্রী নৃপেন চৌধুরী / PP-281-282

—শ্রী নৃপেন চৌধুরী / PP-294-295

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-281

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-292

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-310

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / PP-314-315

—শ্রী পবন কুমার লাকড়া / P-327

—শ্রী পবন কুমার লাকড়া / PP-340-341

—শ্রী পবন কুমার লাকড়া / PP-318-339

—শ্রী পরশ দত্ত / PP-282-284

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP-302-304

—শ্রী মলয় ঘটক / PP-358-359

—শ্রী মহম্মদ আমিন / PP-336-338

—শ্রী মহঃ আমিন / PP-364-366

—শ্রী মানস মুখার্জী / PP-366-368

—শ্রী মানস মুখার্জী / PP-357-358

—শ্রী মুরসালিন মোল্লা / PP-296-298

—শ্রী সুব্রত বসু / PP-359-360

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-348-351

—শ্রীমতী সাবিত্রী মিত্র / PP-286-288

—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-318-322

—শ্রী সৌগত রায় / PP-281-282

—শ্রী সৌগত রায় / PP-288-290

—শ্রী সৌগত রায় / PP-295-296

—শ্রী সৌগত রায় / PP-304-306

—শ্রী সৌগত রায় / P-315

MOTION UNDER RULE 319

—Moved by **Shri Somendra Nath Mitra**

—Discussed by **Shri Somendra Nath Mitra, Shri Unus Sarkar, Shri Abdul Mannan, Shri Rabindra Ghosh, Shri Nirmal Chandra Das, Shri Debaprasad Sarkar and Shri Buddhadeb Bhattacharjee.** / PP-713-726

—**Ms, Gillian Rosemary D'costa Hart, Shri Jyotirmoy Kar, Dr. Asim Kumar Dasgupta, Shri Saugata Roy and Shri Buddhadeb Bhattacharjee.** / PP-726-813

MOTION OF NO CONFIDENCE IN THE COUNCIL OF MINISTERS UNDER RULE 199

—Moved by **Shri Pankaj Banerjee** / PP-726-813

OBITUARY REFERENCES

—by **Mr. Speaker** / PP-1-13, 657-659

PERSONAL EXPLANATION

—শ্রী প্রত্যুষ মুখার্জী / P-505

আনপার্লামেন্টারি কথা

—শ্রী বিনয় দত্ত / P-504

—শ্রী সৌগত রায় / P-505

POINT OF INFORMATION

—Shri Ananda Gopal Das,

—Shri Subrata Mukherjee / P-62

—শ্রী অজয় দে / PP-273-274

—শ্রী আব্দুল মান্নান / P-313

—শ্রী কল্যাণ ব্যানার্জী / P-313

—শ্রী কাশীনাথ মিশ্র / P-274

—শ্রী তপন হোড় / P-274

—শ্রী নির্মল দাস / P-274

হাউসের নিয়ম ভঙ্গ

—শ্রী রবীন দেব / P-56

—শ্রী রবীন দেব / P-274

—শ্রী রবীন দেব / P-409

—শ্রী সৌগত রায় / P-310

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / PP-762-763

তেঁতুলিয়া হাইস্কুলে কৃষক সমিতির সম্মেলন

—শ্রী মুস্তাফা বিন কাশেম / P-713

POINT OF ORDER

—শ্রী অশোক দেব / P-397

PRESENTATION OF COMMITTEE REPORT

27th Report of the Business advisory Committee

—by **Mr. Speaker** / P-15

The First Report of the committee on Reforms and Functioning of the committee system, 2002-2003

—**Shri Gyan Singh Sohan Pal** / P-713

The Sixty First Report of the Committee on Public Undertakings, 2002-2003

—by **Shri Ranjit Kundu** / P-187

QUESTION OF PRIVILEGE

—শ্রী সুব্রত মুখ্যার্জী / PP-384-390

RESUME OF BUSINESS

—by **Mr. Speaker** / PP-813-816

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Scale of fees in undergraduate Colleges

—Shri Atish Chandra Sinha / P-376

Number of Fire Incidents

—Shri Chittaranjan Roy/ P-385

Scale of fees in undergraduate Colleges

—Shri Nirmal Das / P-375

Principals in 6 Medical Colleges (Q)

—Shri Pankaj Banerjee / P-106

Occupants of Tolly Nallah (Q)

—Shri Pankaj Banerjee / PP-109-110

Development of Refugee Colonies (Q)

—Shri Pankaj Banerjee / P-480

Scale of fees in undergratuate Colleges

—Shri Satya Sadhan Chakraborty / P-370

—Shri Satya Sadhan Chakraborty / P-371

—Shri Satya Sadhan Chakraborty / PP-372-373

—Shri Satya Sadhan Chakraborty / P-374

—Shri Satya Sadhan Chakraborty / PP-373-374

—Shri Satya Sadhan Chakraborty / PP-374-375

—Shri Satya Sadhan Chakraborty / PP-375-376

—Shri Satya Sadhan Chakraborty / P-376

Ganguly Bagan Housing Estate (Q)

—Shri Saugata Roy / PP-16-20

Film Festival (Q)

—Shri Saugata Roy / PP-168-174

Scale of fees in undergraduate College

—Shri Saugata Roy / P-369

—Shri Saugata Roy / P-370

—Shri Saugata Roy / P-370-371

—Shri Saugata Roy / P-371-372

—Shri Saugata Roy / P-373

—Shri Saugata Roy / P-374

নতুন অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন

—শ্রী অজয় দে / P-387

আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা (Q)

—শ্রী অসিত মিত্র / PP-106-107

—শ্রী অসিত মিত্র (Q) / PP-469-478

গ্রে এলাকা চিহ্নিতকরণ

—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP-33-37

বর্ধমান উত্তরবঙ্গ ও কলকাতা বিশ্ববিদ্যালয়কে সরকারি অনুদানের পরিমাণ

—শ্রী অতীশচন্দ্র সিংহ / P-387

বন্যায় কৃষির ক্ষতি (Q)

—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP-479-480

Scale of fees in undergraduate Colleges

—শ্রী অরুণাভ ঘোষ / P-376

সুন্দরবনকে ঘিরে পর্যটন কেন্দ্র (Q)

—শ্রী আবু আয়েস মণ্ডল / P-106

সালিশি বোর্ড গঠন
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-382-383
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-384
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-383-384
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-384
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-383
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-383
মার্কেট ফী আদায় (Q)
—শ্রী আব্দুল মান্নান / P-479
বাজারের সঙ্গে যোগাযোগের রাস্তা
—শ্রী ইউনুস সরকার / PP-20-30
মুর্শিদাবাদ জেলায় নদী ভাঙন
—শ্রী ইউনুস সরকার / PP-97-101
দখলবাটি গ্রামে বিস্ফোরণ (Q)
—শ্রী ইউনুস সরকার / PP-165-168
গ্রামীণ সড়ক যোজনা (Q)
—শ্রী ঈদ মহম্মদ / P-108
অধ্যাপকের শূন্য পদের সংখ্যা
—শ্রী ঈদ মহম্মদ / P-382
সালিশি বোর্ড গঠন
—শ্রী কল্যাণ ব্যানার্জী / P-384
সরকারি কর্মীদের মহার্ঘ ভাতা (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-91-97
দাঁতাল হাতির উপদ্রব (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-161-164
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রী জানে আলম মিঞা / P-380
প্রাণী খামার
—শ্রী শেখ জাহাঙ্গীর করিম / PP-30-32

উন্নতমানের বীজ উৎপাদন
—শ্রী জ্যোতির্ময় কর / P-37
বন্ধ চা বাগান
—শ্রী নির্মল দাস / P-39
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রী নির্মল দাস / P-379
সালিশি বোর্ড গঠন
—শ্রী নিশীথ অধিকারী / P-383
—শ্রী নিশীথ অধিকারী / P-383
—শ্রী নিশীথ অধিকারী / P-383
—শ্রী নিশীথ অধিকারী / P-384
—শ্রী নিশীথ অধিকারী / P-384
—শ্রী নিশীথ অধিকারী / P-384
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-377
—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-378
—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-378
Labour officers death (Q)
—শ্রী পঙ্কজ ব্যানার্জী / PP-463-469
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রী পার্থ চ্যাটার্জী / P-382
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা / P-381
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-379
অগ্নি নির্বাপণ সার্ভিস চার্জ
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-378
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-378
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-378
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-379
—শ্রী প্রতীম চ্যাটার্জী / PP-379-380

—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-380
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-380
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-381
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-381
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-381
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-382
—শ্রী প্রতীম চ্যাটার্জী / P-382
সরস্বতী নদী সংস্কার (Q)
—শ্রী ভক্তরাম পান / P-107
মুর্শিদাবাদ জেলায় ভাঙন রোধে ব্যবস্থা (Q)
—শ্রী মইনুল হক / PP-108-109
সাহারা গোষ্ঠীর উদ্যোগে সুন্দরবন পর্যটন কেন্দ্র (Q)
—শ্রী মন্টুরাম পাখিরা / P-109
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রীমতী রত্না দে / P-381
প্রাণীসম্পদের পরিপূর্ণ ব্যবহার
—শ্রী রামপদ সামন্ত / PP-37-38
মাসরুম চাষ (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-105
ভ্রাম্যমাণ বইমেলা (Q)
—শ্রী রামপদ সামন্ত / PP-174-175
অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-380
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-380
বাংলাভাষায় আদালতের কাজকর্ম
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / PP-387-388
আঞ্চলিক শিক্ষাকেন্দ্র স্থাপন (Q)
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / PP-478-479
Scale of fees in undergraduate Colleges
—শ্রী সত্যসাধন চক্রবর্তী / PP-376-377

অগ্নি নির্বাপণে সার্ভিস চার্জ

—শ্রী সুনির্মল পাইক / P-382

STARRED QUESTIONS
(to which answers laid on the table)

রাজ্যে জঙ্গি হামলা (Q)

—শ্রী অজয় দে / P-179

মহিলা সাব ইন্সপেক্টর ও কনস্টেবলের পদ

—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-177

জনযুদ্ধ গোষ্ঠীর কার্যকলাপ বন্ধে সরকারি উদ্যোগ (Q)

—শ্রী আব্দুল মান্নান / P-177

কেশপুরে বে-আইনি অস্ত্র (Q)

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-179-180

মুক্তমঞ্চ স্থাপন

—শ্রী জানে আলম মিঞা এবং আবুল হাসনাৎ / P-176

রাজ্যে সক্রিয় গেরিলা গোষ্ঠী (Q)

—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রীমতী সোনালী গুহ / P-176

বেহালায় জল নিকাশি প্রকল্প (Q)

—শ্রী পার্থ চ্যাটার্জী / P-176

কে. এল. ও. জঙ্গি (Q)

—শ্রী মন্টুরাম পাখিরা / P-178

পুলিশ কর্মীদের রেশন (Q)

—শ্রী শংকর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান / P-177

STARRED QUESTIONS (Held Over)
(to which oral answers were given)

মধ্যবঙ্গ উন্নয়ন পর্ষদ

—শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ / PP-578-579

চোপড়ায় বিমান থেকে বস্তু নিক্ষেপ

—শ্রী শংকর সিংহ এবং আব্দুল মান্নান / P-577

চন্দননগরে পর্যটক আবাস

—শ্রী কমল মুখার্জী / P-578

ডানবার ও অন্নপূর্ণা কটন মিলস
—শ্রী নির্মল ঘোষ / PP-577-578
ম্যালেরিয়া প্রবণ জেলা
—শ্রী নির্মল দাস / PP-581-582
ক্ষুদ্র শিল্পের অনুমোদন
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-576-577
ও. বি. সি. ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষণ
—শ্রী নেপাল মাহাতো / P-579
লালন চর্চায় গৃহীত পদক্ষেপ
—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা / P-580
দলমা পাহাড়ের হাতির উৎপাত
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-581
রাজ্যে রুগ্‌ণ ও কুটির শিল্পে বকেয়া ঋণের পরিমাণ
—শ্রী মলয় ঘটক এবং শ্রীমতী রত্না দে / PP-579-580
বামফ্রন্টের পঞ্চায়েত নীতি (Q)
—শ্রী রবীন্দ্র ঘোষ / PP-549-554

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Allotment of land for establishment of new Industries
—Shri Arunava Ghosh / P-564
Eye-Examination of the Rural School Children
—Shri Ashok Deb / P-572
Closed Undertakings (Q)
—by Shri Atish Chandra Sinha / P-681
Govt. Tourist Lodge (Q)
—by Shri Asit Mitra / PP-672-673
Asansol Rural ICDS Project (Q)
—by Shri Maloy Ghatak / P-703
Land for opening Coal Mine (Q)
—by Shri Manik Upadhyay / P-704

Private Entrepreneur in Jadavpur T. B. Hospital
—Shri Pankaj Banerjee / PP-568-569
Tollygunge Poultry Farm (Q)
—by Shri Pankaj Banerjee / PP-666-667
Mackinsey Report on Agriculture (Q)
—by Shri Pankaj Banerjee / P-668
Supreme Court's Judgement Regarding Electric tariff (Q)
—by Shri Pankaj Banerjee / P-669
আমেরিকান সেন্টারের সামনে জঙ্গি জমায়েত (Q)
—by Shri Pankaj Banerjee / P-669
Proposed V. R. Scheme in the W.B.S.E.B. (Q)
—by Shri Pankaj Banerjee / P-669
Change of Madhyamik and H. S. Syllabus (Q)
—by Shri Saugata Roy / PP-664-665
Minister in-charge of the Commerce and Industries Deptt. (Q)
—by Shri Saugata Roy / PP-665-666
Mckinsey Report (Q)
—by Shri Saugata Roy / P-665
T. B. Hospitals in the State (Q)
—Shri Subrata Bakshi / PP-107-108
Death of Malaria (Malignant) Patients (Q)
—Shri Subrata Bakshi / P-574
পানীয় জলের অবৈধ সংযোগ (Q)
—শ্রী অজয় দে / P-690
Bonus to the Government Employees (Q)
—Shri Saugata Roy / PP-101-105
Reopen of Dunlop Factory in Sahagunj (Q)
—Shri Saugata Roy / PP-563-564
Death of Children in B. C. Roy Children Hospital (Q)
—Shri Saugata Roy / PP-572-573

Primary and Block Health Centres in Health System Development Project

—Shri Subrata Bakshi / P-570

Minister in-charge of Information & Technology Department (Q)

—Shri Saugata Roy / P-664

Software Projects (Q)

—Shri Saugata Roy / P-664

বিদ্যুতের চার্জ বৃদ্ধি (Q)

—শ্রী অজয় দে / P-701

ব্যক্তিগত দেহরক্ষী (Q)

—শ্রী অজয় দে / P-702

ক্রীড়াবিদদের সরকারি সহায়তা দান তথা সংবর্ধনা জ্ঞাপন (Q)

—শ্রী অজয় দে / P-702

পুরসভাগুলির স্থায়ী ও অস্থায়ী কর্মীসংখ্যা (Q)

—শ্রী অজয় দে / PP-697-701

নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (Q)

—শ্রী অতীশচন্দ্র সিংহ / P-680

খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা (Q)

—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP-680-681

তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীকে আবাসিক খরচ প্রদান (Q)

—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP-692-693

সার্বিক সাক্ষরতা কর্মসূচি (Q)

—শ্রী অতীশচন্দ্র সিংহ / P-695

রাজ্যের বিনিয়োগ কেন্দ্র (Q)

—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP-693-694

বিদ্যালয়ের বর্ধিত ফি প্রত্যাহার (Q)

—শ্রী অশোক দেব / PP-690-691

আদালত আইনজীবীদের বসার ব্যবস্থা (Q)

—শ্রী অশোক দেব / P-690

হাসপাতালগুলিতে চিকিৎসার সুব্যবস্থা (Q)

—শ্রী অশোক দেব / P-691

তপশিলি জাতি ও উপজাতিদের কল্যাণে নতুন পরিকল্পনা (Q)
—শ্রী অশোক দেব / PP-691-621
উন্নয়নমূলক খাতে রাজ্যের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণদানের পরিমাণ (Q)
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-565
বিদ্যালয় কৃত্যক আয়োগের পরীক্ষার পাঠক্রম পরিবর্তন (Q)
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-674-675
বর্ধমান জেলার নীলের চকে সেতু নির্মাণ (Q)
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-673
বিগত দুটি শিক্ষাবর্ষে চালু হওয়া ম্যানেজমেন্ট কলেজের সংখ্যা (Q)
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-673-674
রাজ্যে নতুন মানসিক হাসপাতাল (Q)
—শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ / PP-574-575
নতুন রেশন কার্ড বণ্টন (Q)
—ডঃ আশীষ ব্যানার্জী / P-583
স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কমিউনিটি হেল্‌থ ভলেন্টিয়ার (Q)
—শ্রী ইউনুস সরকার / P-564
মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ব্লকে নতুন সাব-স্টেশন (Q)
—শ্রী ইউনুস সরকার / P-575
বি. পি. এল. তালিকা
—শ্রী ইউনুস সরকার / PP-660-661
মুর্শিদাবাদ জেলায় পোলিও রোগাক্রান্ত শিশু
—শ্রী ঈদ মহম্মদ / P-570
লালবাগ পর্যটন কেন্দ্র (Q)
—শ্রী ঈদ মহম্মদ / P-683
নার্স, স্বাস্থ্যকর্মী ও ধাত্রীদের রেজিস্ট্রেশন পুনর্নবীকরণ (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-555-558
কুকুর ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওষুধ (Q)
—শ্রী কমল মুখার্জী / P-571
উগ্রপন্থীদের চেতনা পরিবর্তনে সরকারি উদ্যোগ (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-661-662

গ্রামীণ বৈদ্যুতিকরণ (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / P-662
কর্পোরেশন/পুরসভায় ব্যয় সংকোচ (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-662-663
হাওড়া জেলায় কলেরা ও আন্ত্রিক (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / P-663
ডি. পি. এল.-এ উৎপাদিত বিদ্যুতের অপচয় রোধ (Q)
—শ্রী কাশীনাথ মিশ্র / P-664
প্রধানমন্ত্রী সড়ক যোজনা প্রকল্প (Q)
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-707
এম. আর. বাঙ্গুর হাসপাতালের স্থানান্তরকরণ (Q)
—শ্রী গোবিন্দ্রচন্দ্র নস্কর / PP-707-708
গঙ্গা, পদ্মা ও ভাগীরথীর ভাঙন কবলিত এলাকা (Q)
—শ্রী জানে আলম মিঞা / PP-567-568
জঙ্গীপুরে বিড়ি শ্রমিকদের জন্য যক্ষ্মা হাসপাতাল (Q)
—শ্রী জানে আলম মিঞা ও শ্রী আবুল হাসনাত / P-686
শিক্ষক-শিক্ষিকাদের বদলি (Q)
—শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাত / PP-686-687
দুগ্ধ প্রকল্প (Q)
—শ্রী শেখ জাহাঙ্গীর করিম / P-661
গ্রামীণ হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির বর্তমান অবস্থা (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রীমতী সোনালী গুহ / PP-565-566
স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রীমতী সোনালী গুহ / P-666
অসামাজিক কার্যকলাপ (Q)
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রীমতী সোনালী গুহ / P-666
কাঁথিতে থানা স্থাপনের পরিকল্পনা (Q)
—শ্রী জ্যোতির্ময় কর / P-673
যুবভারতী ক্রীড়াঙ্গন এলাকার ভিতরে হোটেল নির্মাণ (Q)
—শ্রী জ্যোতির্ময় কর / P-675

হিমঘর নির্মাণ (Q)
—শ্রী জ্যোতির্ময় কর / P-684
ইলিশ আমদানি (Q)
—শ্রী জ্যোতির্ময় কর / P-685
পিকনিক স্পট (Q)
—শ্রী জ্যোতির্ময় কর / P-685
সিস্টার নিবেদিতা সংগ্রহশালা (Q)
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / P-708
রাজ্যের হাসপাতালগুলির জন্য ডাক্তার নিয়োগ (Q)
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / P-708
ঝালদা হাটের মালিকানা (Q)
—শ্রী নেপাল মাহাত / P-687
কোটশীলায় থানা স্থাপনের পরিকল্পনা (Q)
—শ্রী নেপাল মাহাত / P-687
গ্রামোন্নয়ন কর্মসূচি রূপায়ণে বরাদ্দকৃত অর্থ (Q)
—শ্রী নেপাল মাহাত / PP-687-688
কোটশীলা রুরাল হাসপাতালে ডাক্তারের শূন্যপদ (Q)
—শ্রী নেপাল মাহাত / P-688
মুরি ইন্ডাল কারখানা দূষণ (Q)
—শ্রী নেপাল মাহাত / P-689
কে. এল. ও. জঙ্গী (Q)
—শ্রী নির্মল দাস / P-706
জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ (Q)
—শ্রী নির্মল দাস / P-706
আলিপুরদুয়ারে ইন্ডোর স্টেডিয়াম নির্মাণ (Q)
—শ্রী নির্মল দাস / PP-706-707
প্রাকৃতিক দুর্যোগে মৃত্যুর সংখ্যা (Q)
—শ্রী নির্মল দাস / P-709
রায়দিঘি এলাকায় ফেরিঘাটে নৌকোডুবি (Q)
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / PP-575-576

মদের দোকানের লাইসেন্স (Q)
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / P-667
ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের শিল্পসমূহের ট্রেড লাইসেন্স (Q)
—শ্রী পার্থ চ্যাটার্জী / P-567
তারাতলার ফ্লাইওভার নির্মাণ (Q)
—শ্রী পার্থ চ্যাটার্জী / PP-679-680
গ্রন্থাগারে সরকারি অনুদান (Q)
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP-704-705
থ্যালাসেমিয়া রোগী (Q)
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-684
ডানকুনিতে উড়ালপুল নির্মাণ (Q)
—শ্রী ভক্তরাম পান / P-675
কাকদ্বীপ মহকুমা আদালত চালুকরণ (Q)
—শ্রী মন্টুরাম পাখিরা / PP-681-682
কাকদ্বীপে নিয়ন্ত্রিত বাজার নির্মাণ (Q)
—শ্রী মন্টুরাম পাখিরা / P-682
পূজা প্যান্ডেলে বে-আইনি বিদ্যুৎ সংযোগ (Q)
—শ্রী মন্টুরাম পাখিরা / PP-682-683
মাঝপথে পড়াশোনা ছেড়ে দেওয়া ছাত্রছাত্রীর সংখ্যা (Q)
—শ্রী মলয় ঘটক এবং ডাঃ রত্না দে / P-689
রাজ্যের সমস্ত গ্রামে বৈদ্যুতিকরণ (Q)
—শ্রী মলয় ঘটক / PP-689-690
মাইথন যুব আবাস (Q)
—শ্রী মলয় ঘটক / PP-702-703
মালদহের চাঁচোলে এস.ডি.পি. ও অফিস স্থাপন (Q)
—শ্রী মহবুবুল হক / P-697
হুগলি নদীর সংযোগস্থলে স্লুইস গেট নির্মাণ (Q)
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-566
বে-আইনি গরুর হাট (Q)
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-695

উলুবেড়িয়া স্টেডিয়াম সংস্করণ (Q)
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-595
উলুবেড়িয়া গ্রামীণ বৈদ্যুতিকরণ (Q)
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-596
বাস্তুহারা মানুষের পুনর্বাসন (Q)
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-596
মহকুমা হাসপাতালগুলিতে সি. টি. স্ক্যান যন্ত্র (Q)
—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / P-571
চিকিৎসকদের বিরুদ্ধে ক্রেতা সুরক্ষা আদালতে অভিযোগ (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-573
পর্যটন শিল্পকে উন্নত করার লক্ষ্যে উড়ান যোগাযোগ (Q)
—শ্রী রামপদ সামন্ত / PP-558-562
রাইস ব্রান তেল উৎপাদন (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-670
তথ্য প্রযুক্তি শিক্ষাকেন্দ্র (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-670
বিদ্যুৎ চুরির অভিযোগ ও গৃহীত ব্যবস্থা (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-67
সুন্দরবনকে ঘিরে পর্যটন কেন্দ্র (Q)
—শ্রী রামপদ সামন্ত / PP-671-672
অ্যাপারেল পার্ক (Q)
—শ্রী রামপদ সামন্ত / P-672
মালদহ জেলা পরিষদে বিভিন্ন খাতে বরাদ্দ ও খরচ (Q)
—শ্রীমতী সাবিত্রী মিত্র / PP-676-677
মালদহ জেলা পরিষদের কর্মচারীদের বেতন (Q)
—শ্রীমতী সাবিত্রী মিত্র / P-678
ইন্দিরা আবাস প্রকল্প (Q)
—শ্রীমতী সাবিত্রী মিত্র / P-678
রতুয়া ২ নং ব্লকে নতুন থানা (Q)
—শ্রীমতী সাবিত্রী মিত্র / PP-678-679

মালদহ জেলায় ইউনিসেফের টাকা (Q)
—শ্রীমতী সাবিত্রী মিত্র / P-679
দুর্গাপুর ব্যারেজ-সহ অন্যান্য জলাধারগুলির জলধারণ ক্ষমতা (Q)
—শ্রী শ্যামাপদ পাল / PP-669-570

ZERO HOUR

স্কুল সার্ভিস কমিশনে দুর্নীতি
—শ্রী অজয় দে / P-131
নিউক্লিয়ার পাওয়ার স্টেশন স্থাপনের প্রয়োজনীয়তা
—শ্রী অতীশচন্দ্র সিংহ / P-403
বারুইপুর সাব-ডিভিশন ক্রিমিনাল কোর্ট চালুকরণ
—শ্রী অরূপ ভদ্র / P-409
স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে চাকরি
—শ্রী অশোককুমার দেব / P-130
বজবজ কলেজে অনার্স পাঠক্রম চালুকরণ
—শ্রী অশোককুমার দেব / P-407
পে-কমিশনের রিভিউ-এর টাকা
—শ্রী অশোককুমার দেব / P-503
বস্তিবাসীদের পুনর্বাসনের ব্যবস্থা
—শ্রী অসিত মিত্র / P-126
আখ চাষিদের সমস্যা
—ডঃ আশীষ ব্যানার্জী / PP-407-408
ডানলপ এস্টেট-এর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন
—শ্রী আশুতোষ মুখোপাধ্যায় / PP-60-61
বীরাপ্পন দমনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-60
গুজরাটের নির্বাচন
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-133
সাব-রেজিস্ট্রি অফিসের ভাড়া বাড়ি
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-501

মহাবিদ্যালয়ে ছাত্র ভর্তির সমস্যা
—শ্রী কল্লোল খান / P-61
প্রাকৃতিক দুর্যোগে সরকারি পদক্ষেপ
—শ্রী কাশীনাথ মিশ্র / P-58
ম্যালেরিয়া ও কালাজ্বরে আক্রান্ত
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-131-132
আই. সি. ডি. এস. প্রকল্পে দুর্নীতি
—শ্রী কাশীনাথ মিশ্র / P-405
বিড়ি শ্রমিকদের দুর্দশা
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-501-502
ওল্ড এজ হোম বনানা
—শ্রীমতী কুমারী কুজুর / P-500
গোলাবাড়িতে গোলাবর্ষণ
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-60
সুন্দরবন এলাকায় সন্ত্রাস
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-133
বৃন্দাখালি গ্রামে বর্গাদারদের উচ্ছেদ ও গ্রামছাড়া
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-202
সমাজবিরোধী কার্যকলাপ বৃদ্ধি
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-406
ও. সি.-র অত্যাচারে অতিষ্ঠ
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-502
জলপাইগুড়ি সাংস্কৃতিক কলাকেন্দ্র বেসরকারিকরণ
—শ্রী গোবিন্দ রায় / P-203
সাম্প্রদায়িকতা ও রাষ্ট্রায়ত্ত কোম্পানি বিক্রি
—শ্রী জানে আলম মিঞা / P-57
সদ্য স্থাপিত আর. এম. সি.
—শ্রী জানে আলম মিঞা / P-128
বাসলোই এবং পাগলা নদীর জলাধার নির্মাণ
—শ্রী জানে আলম মিঞা / PP-202-203

জেলা হাসপাতালে চিকিৎসা পরিষেবা বৃদ্ধি
—শ্রী জানে আলম মিঞা / P-408
বিড়ি শ্রমিকদের জন্যে টি. বি. হাসপাতাল
—শ্রী জানে আলম মিঞা / P-502
আইনজীবীদের মধ্যকার সংঘাত
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-408-409
ফ্লাইওভার নির্মাণ
—শ্রী তন্ময় মণ্ডল / P-402
বেআইনি নিয়োগ
—শ্রীমতী তপতী দত্ত / PP-502-503
সাম্প্রদায়িক সম্প্রীতি
—শ্রী তপন হোড় / PP-56-57
এক্সপাঞ্জ-এর আবেদন
—শ্রী তপন হোড় / P-132
শিক্ষামন্ত্রীদের নিয়ে সম্মেলন
—শ্রী তপন হোড় / PP-498-499
ছাত্র সমাবেশে বিধায়কের ভাষণ
—শ্রী তাপস রায় / P-54
নার্সিং হোমে রোগীদের প্রতি দুর্ব্যবহার
—শ্রী দীপক সরকার / P-57
খালপাড়ের বাসিন্দাদের উচ্ছেদ
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-132-133
কেন্দ্রীয় সরকারের বিলগ্নীকরণ নীতি
—শ্রী নির্মল ঘোষ / P-59
রাজ্যের প্রাইভেট স্কুল
—শ্রী নির্মল ঘোষ / PP-130-131
বন্ধ কারখানা খোলা হোক
—শ্রী নির্মল ঘোষ / P-202

ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম বন্ধ আছে

—শ্রী নির্মল ঘোষ / P-504

তরাই ও দার্জিলিং-এর বন্ধ চা-বাগান

—শ্রী নির্মল দাস / P-128

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে স্ট্যাটুটরি এবং আলিপুরদুয়ারে নতুন জেলা গঠন

—শ্রী নির্মল দাস / PP-201-202

আলিপুরদুয়ারে রেলওয়ে ডিভিশন ভাগ

—শ্রী নির্মল দাস / P-404

উত্তরবঙ্গে ভূমি সমস্যা

—শ্রী নির্মল দাস / PP-497-498

ঝাড়খণ্ড-রাঁচি রোডের মেরামত

—শ্রী নেপাল মাহাতো / P-131

দোষী শিক্ষকদের শাস্তি

—শ্রী নেপাল মাহাতো / P-503

ক্রশ সাব-সিডির বিরুদ্ধে আন্দোলন

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P-504

মুর্শিদাবাদ শহরের বারপাথর ক্যান্টনমেন্ট

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP-127-128

হেলথ সেন্টারগুলির দুরাবস্থা

—শ্রী পুর্ণেন্দু সেনগুপ্ত / P-200

করিমপুরে গ্রামীণ হসপিটাল

—শ্রী প্রফুল্লকুমার ভৌমিক / P-130

ZERO HOUR (REPLY)

—শ্রী বিশ্বনাথ চৌধুরী / P-499

অবিলম্বে কেলোরাম বেসিক ট্রেনিক কলেজের সংস্কার

—শ্রী ব্রহ্মময় নন্দ / P-201

প্রোজেক্ট রূপায়ণ

—শ্রী মানিক উপাধ্যায় / PP-55-56

W.B. Legislature Library

খুনের অভিযোগে গ্রেপ্তার
—শ্রী মুরসালিন মোল্লা / P-134
মালদা কারা হাজতে দু'জনের মৃত্যু
—শ্রী মুস্তাক আলম / PP-129-130
ইউথ ওয়েলফেয়ার অফিসার নিয়োগ
—শ্রী মুস্তাক আলম / P-200
খালপাড়ে উচ্ছেদ
—শ্রী রবীন দেব / P-55
দেশের ধর্মনিরপেক্ষতার বিরুদ্ধে সোচ্চার
—শ্রী রবীন দেব / P-127
সাম্প্রদায়িকতার হুমকি
—শ্রী রবীন দেব / P-403
বিদ্যুতের মাশুল নির্ধারণ
—শ্রী রবীন দেব / PP-503-504
কলেজে ভাঙচুর
—শ্রী লক্ষ্মীকান্ত দে / PP-53-54
Upgradation of Darjeeling District Hospital
—Smt. Shanta Chhetri / P-402
এন. এইচ.-৫৫ রাস্তার সংস্কার
—শ্রীমতী শান্তা ছেত্রী / PP-54-55
পশ্চিমবঙ্গের অ্যাংলো-ইন্ডিয়ান স্কুল
—শ্রীমতী শান্তা ছেত্রী / P-127
ডি. জি. এইচ. সি.-র আওতায় স্কুল সার্ভিস কমিশনকে আনয়ন
—শ্রীমতী শান্তা ছেত্রী / P-404
খালপাড়ে উচ্ছেদ ও উপযুক্ত পুনর্বাসন
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-59
পানীয় জল সরবরাহ বন্ধের সুরাহা
—শ্রী শান্তিরাম মাহাতো / P-126
সমাজবিরোধী কার্যকলাপ বৃদ্ধি
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-405-406

প্রাক্তন মুখ্যমন্ত্রীর সুযোগ-সুবিধার পাওয়ার ব্যাপারে অনিয়ম
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-132
নতুন করে শিক্ষক নিয়োগ
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-500-501
উইদাউট টেন্ডার আসবাবপত্র, ওষুধ ইত্যাদি ক্রয়
—শ্রীমতী সাবিত্রী মিত্র / PP-128-129
চুপি-পূর্বস্থলী রাস্তাটি সংস্কার
—শ্রী সুব্রত ভাওয়াল / P-126
কলকাতা বিশ্ববিদ্যালয়ে বেআইনি নিয়োগ
—শ্রীমতী সোনালী গুহ / P-498
রাজ্যে জল সম্পদের উপর নিয়ন্ত্রণ
—শ্রী সৌগত রায় / P-129
অবিলম্বে সিমি সংগঠনের কাজকর্ম বন্ধ করা হোক
—শ্রী সৌগত রায় / P-200
বেআইনিভাবে পুকুর ভরাট
—শ্রী সৌগত রায় / P-401
আইনজীবী ধর্মঘট
—শ্রী সৌগত রায় / P-404
বাগুইপাড়ায় অমানুষিক অত্যাচারের ঘটনা
—শ্রী সৌগত রায় / PP-499-500
কলেজের লাইব্রেরি জ্বালানো
—শ্রী সুধাংশু শীল / P-61
সিটি কলেজে এস. এফ. আই.-এর তাণ্ডব
—শ্রী সৌগত রায় / P-58

W. B. Legislature Library